Vol. 138, No. II

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

August to September Session, 2011

(From the 24th August to 2nd September, 2011)

(The 24th, 25th, 26th, 29th August, 1st and 2nd September)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

Price : Rs. 310/-

Vol. 138, No. II

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

August to September Session, 2011

(From the 24th August to 2nd September, 2011)

(The 24th, 25th, 26th, 29th August, 1st and 2nd September)

Published by authority of the Assembly under Rule 353
of the Rules of Procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SHRI M. K. NARAYANAN

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Smt. Mamata Banerjee,** Chief Minister and Minister-in-Charge of Home Department, Department of Land and Land Reforms, Department of Health & Family Welfare, Department of Information and Cultural Affairs, Department of Hill Affairs, Minority Affairs and Madrasah Education Department and Department of Personnel and Administrative Reforms.

2. **Shri Subrata Bakshi,** Minister-in-Charge, Department of Public Works and Department of Transport.

3. **Shri Partha Chatterjee,** Minister-in-Charge, Department of Commerce and Industries, Department of Public Enterprises, Department of Industrial Reconstruction, Department of Parliamentary Affairs and Department of Information Technology.

4. **Dr. Amit Mitra,** Minister-in-Charge, Department of Finance and Department of Excise.

5. **Shri Manish Gupta,** Minister-in-charge, Department of Development and Planning and Department of Power.

6. **Shri Subrata Mukherjee,** Minister-in-Charge, Department of Public Health Engineering.

7. **Shri Abdul Karim Chowdhary,** Minister-in-Charge, Department of Mass Education Extention and Library Services.

8. **Shri Sadhan Pande,** Minister-in-charge, Department of Consumer Affairs.

9. **Shri Upendra Nath Biswas,** Minister-in-Charge, Department of Backward Classes Welfare.

10. **Shri Javed Ahmed Khan,** Minister-in-Charge, Department of Disaster Management, Department of Fire and Emergency Services and Department of Civil Defence.

11. **Shri Rabindranath Bhattacharya,** Minister-in-Charge, Department of Agriculture.

12. **Smt. Sabitri Mitra,** Minister-in-Charge, Department of Women and Child Development and Social Welfare.

13. **Shri Jyotipriya Mallick,** Minister-in-Charge, Department of Food and Supplies.

14. **Shri Shantiram Mahato,** Minister-in-Charge, Department of Self Help Group and Self Employment.

15. **Shri Haider Aziz Safwi,** Minister-in-Charge, Department of Co-operation and Department of Inland Water Transport.

16. **Shri Moloy Ghatak,** Minister-in-Charge, Department of Law and Department of Judicial.

17. **Shri Purnendu Basu,** Minister-in-Charge, Department of Labour.

18. **Shri Bratya Basu,** Minister-in-Charge, Department of Higher Education and Department of School Education.

19. **Shri Rachpal Singh,** Minister-in-Charge, Department of Tourism.

20. **Shri Hiten Barman,** Minister-in-Charge, Department of Forests.

21. **Shri Gautam Deb,** Minister-in-Charge, Department of North Bengal Development.

22. **Shri Nure Alam Chowdhury,** Minister-in-Charge, Department of Animal Resources Development.

23. **Shri Shankar Chakraborty,** Minister-in-Charge, Department of Non-Conventional Energy Sources and Department of Correctional Administration.

24. **Dr. Rabiranjan Chattopadhyay,** Minister-in-Charge, Department of Technical Education and Training, Department of Science and Technology and Department of Bio-Technology.

25. **Dr. Sudarsan Ghosh Dastidar,** Minister-in-Charge, Department of Environment.

26. **Shri Ujjal Biswas,** Minister-in-Charge, Department of Youth Services.

27. **Shri Shyama Prasad Mukherjee,** Minister-in-Charge, Department of Housing.

28. **Shri Firhad Hakim,** Minister-in-Charge, Department of Municipal Affairs and Department of Urban Development.

29. **Dr. Sukumar Hansda,** Minister-in-Charge, Department of Paschimanchal Unnayan Affairs.

30. **Dr. Saumen Kumar Mahapatra,** Minister-in-Charge, Department of Water Resources Investigation and Development.

31. **Shri Arup Roy,** Minister-in-Charge, Department of Agricultural Marketing.

32. **Shri Chandra Nath Sinha,** Minister-in-Charge, Department of Panchayats and Rural Development.

33. **Dr. Manas Ranjan Bhunia,** Minister-in-Charge, Department of Irrigation and Waterways and Department of Micro and Small Scale Enterprises and Textile.

34. **Shri Abu Hena,** Minister-in-Charge, Department of Fisheries and Department of Food Processing Industries and Horticulture.

35. **Shri Manjul Krishna Thakur,** Minister-of-State, Department of Refugee, Relief and Rehabilitation (Independent Charge) and Department of Micro and Small Scale Enterprises and Textile.

36. **Shri Madan Mitra,** Minister-of-State, Department of Sports (Independent Charge) and Department of Fisheries.

37. **Shri Subrata Saha,** Minister-of-State, Department of Public Works and Department of Food Processing Industries & Horticulture.

38. **Shri Shyamal Mondal,** Minister-of-State, Department of Sundarban Affairs (Independent Charge) and Department of Irrigation and Waterways.

39. **Shri Pramatha Nath Roy,** Minister-of-State, Department of Development of Planning.

40. **Dr. Abu Naser Khan Choudhury,** Minister-of-State, Department of Science & Technology.

41. **Shri Manoj Chakraborty,** Minister-of-State, Department of Parliamentary Affairs.

42. **Shri Sunil Chandra Tirkey,** Minister-of-State, Department of Consumer Affairs.

43. **Smt. Sabina Yeasmin,** Minister-of-State, Department of Labour.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS & OFFICIAL

Speaker : **Shri Biman Banerjee**

Deputy Speaker : **Smt. Sonali Guha (Bose)**

Secretary : **Shri J. L. Chakraborty**

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

Note : Number shown within brackets against the name of each Member is the "Constituency Number".

A

*1. Abdul Karim Choudhary, Shri (29-Islampur, Uttar Dinajpur)
2. Abdur Rahim Boxi, Shri (47–Malatipur, Malda)
3. Abdur Razzak, Shri (76–Jalangi, Murshidabad)
4. Abdur Razzak Molla, Shri (139–Canning Purba, South 24-Parganas)
*5. Abu Hena, Shri (61–Lalgola, Murshidabad)
**6. Abu Nasar Khan Choudhury, Shri (53–Sujapur, Malda)
7. Abu Taher Khan, Shri (74–Nowda, Murshidabad)
8. Abul Hasem Mondal, Shri (265–Memari, Burdwan)
9. Abul Kasem Molla, Dr. (183–Jagatballavpur, Howrah)
10. Acharjee, Shri Amal (36–Itahar, Uttar Dinajpur)
11. Adhikari, Shri Anil (13–Falakata (SC), Jalpaiguri)
12. Adhikari, Shri Dibyendu (216–Kanthi Dakshin, Purba Medinipur)
13. Adhikari, Shri Ananta Deb (16–Maynaguri, (SC), Jalpaiguri)
14. Adhikary, Shri Paresh Chandra (1–Mekhliganj (SC), Cooch Behar)
15. Akhruzzaman, Shri (59–Raghunathganj, Murshidabad)
16. Ali Imran Ramz, Shri (31–Chakulia, Uttar Dinajpur)
17. Anisur Rahaman, Shri (75–Domkal, Murshidabad)
18. Asif Mehbub, Shri (45–Chanchal, Malda)

B

19. Badal Jamadar, Shri (148-Bhangar, South 24-Parganas)
20. Bag, Shri Nabin Chandra (259–Khandaghosh (SC), Burdwan)
21. Bagdi, Shri Bijoy (284–Dubrajpur (SC), Birbhum)
22. Bagdi, Dhiren Shri (289–Sainthia, Birbhum)
23. Bakshi, Smt. Smita (165–Jorasanko, Kolkata)
*24. Bakshi, Shri Subrata (159–Bhabanipur, Kolkata)
25. Banerjee, Dr. Asish (291–Rampurhat, Birbhum)
+26. Banerjee, Shri Biman (140–Baruipur Paschim, South 24-Parganas)
27. Banerjee, Dr. Nikhil Kumar (276–Durgapur Purba, Burdwan)
28. Banerjee, Shri Rajib (184–Domjur, Howrah)
29. Banerjee, Shri Tapas (280–Asansol Dakshin, Burdwan)
30. Baraik, Shri Bulu Chik (20–Mal (ST), Jalpaiguri)
31. Barma, Shri Dr. Sukhbilas (17–Jalpaiguri (SC), Jalpaiguri)
32. Barman, Shri Binay Krishna (2–Mathabhanga (SC), Cooch Behar)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

*33. Barman, Shri Hiten (5–Sitalkuchi (SC), Cooch Behar)
*34. Basu, Shri Bratya (114–Dum Dum, North 24-Parganas)
35. Basu, Smt. Manju (107–Noapara, North 24 Parganas)
*36. Basu, Shri Purnendu (117–Rajarhat, Gopalpur, North 24-Parganas)
37. Batabyal, Shri Subhasis (248–Chhatna, Bankura)
38. Bauri, Shri Purna Chandra (246–Raghunathpur (SC), Purulia
39. Bauri, Shri Umapada (245–Para (SC), Purulia)
40. Belthariya, Shri Swapan Kumar (244–Kashipur, Purulia)
41. Besra, Shri Susanta (238–Bandwan (ST), Purulia)
42. Bhattacharjee, Shri Amiya Kanti (211–Chandipur, Purba Medinipur)
43. Bhattacharya, Smt. Chandrima (110–Dum Dum (Uttar), North 24-Parganas)
44. Bhattacharya, Shri Rabindranath (188–Singur, Hooghly)
45. Bhattacharya, Dr. Rudra Nath (26–Siliguri, Darjeeling)
46. Bhowmick, Shri Partha (104–Naihati, North 24-Parganas)
47. Bhunia, Shri Ajit (230–Daspur, Paschim Medinipur)
*48. Bhunia, Dr. Manas Ranjan (226–Sabang, Paschim Medinipur)
49. Biswas, Shri Abir Ranjan (90–Ranaghat Dakshin (SC), Nadia)
50. Biswas, Shri Aroop (152–Tollyganj, South 24-Parganas)
51. Biswas, Shri Emani (57–Suti, Murshidabad)
52. Biswas, Dr. Ramendra Nath (92–Kalyani (SC), Nadia)
53. Biswas, Shri Surajit Kumar (96–Bongaon Dakshin (SC), North 24-Parganas)
54. Biswas, Shri Sushil (88–Krishnaganj (SC), Nadia)
*55. Biswas, Shri Ujjal (85–Krishnanagar Dakshin, Nadia)
*56. Biswas, Dr. Upendra Nath (94–Bagda (SC), North 24-Parganas)
57. Bose, Shri Sujit (116–Bidhannagar, North 24-Parganas)
58. Bouri, Shri Swapan (247–Saltora (SC), Bankura)

C

59. Chaki, Shri Naresh Chandra (91–Chakdaha, Nadia)
60. Chakrabarti, Shri Chiranjeet (119–Barasat, North 24-Parganas)
**61. Chakraborty, Shri Manoj (72–Baharampur, Murshidabad)
62. Chakraborty, Shri Snehasis (195–Jangipara, Hooghly)
*63. Chakravorti, Shri Shankar (39–Balurghat, Dakshin Dinajpur)
64. Champramary, Shri Wilson (11–Kalchini (ST), Jalpaiguri)
65. Chand Mohammad, Shri (62–Bhagabangola, Murshidabad)
66. Chatterjee, Shri Gouranga (275–Pandabeswar, Burdwan)
*67. Chatterjee, Shri Partha (154–Behala Paschim, South 24-Parganas)
68. Chatterjee, Shri Partha Sarathi (87–Ranaghat Uttar Paschim, Nadia)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

69. Chatterjee, Shri Rabindranath (270–Katwa, Burdwan)
70. Chatterjee, Shri Sovan (153–Behala Purba, South 24-Parganas)
71. Chatterjee, Shri Tapan (269–Purbasthali Uttar, Burdwan)
72. Chatterjee, Shri Ujjal (282–Kulti, Burdwan)
*73. Chattopadhyay, Dr. Rabiranjan (260–Bardhaman Dakshin, Burdwan)
***74. Chattopadhyay, Shri Sobhandeb (160–Rashbehari, Kolkata)
75. Chowdhury Md. Hedayatullah, Shri (263–Monteswar, Burdwan)
76. Chhettri, Dr. Harka Bahadur (22–Kalimpong, Darjeeling)
77. Choudhury, Shri Krishnendu Narayan (51–English Bazar, Malda)
78. Choudhury (Mitra), Smt. Sikha (162–Chowrangee, Kolkata)

D

79. Das, Shri Biswajit (95–Bongaon Uttar (SC), North 24-Parganas)
80. Das, Smt. Kasturi (155–Maheshtala, South 24-Parganas)
81. Das, Shri Samares (218–Egra, Purba Medinipur)
82. Dasgupta, Shri Tapan (193–Saptagram, Hooghly)
83. Datta, Shri Silbhadra (108–Barrackpur, North 24-Parganas)
84. De, Shri Sukumar (207–Nandakumar, Purba Medinipur)
85. Deb, Shri Ashok Kumar (156–Budge Budge, South 24-Parganas)
*86. Deb, Shri Gautam (19–Dabgram-Phulbari, Jalpaiguri)
87. Debnath, Shri Swapan (268–Purbasthali Dakshin, Burdwan)
88. Dewan, Shri Trilok Kumar (23–Darjeeling, Darjeeling)
89. Dey, Shri Ajoy (86–Santipur, Nadia)
90. Dolai, Shri Bhushan Chandra (206–Moyna, Purba Medinipur)
91. Dolai, Smt. Chhaya (232–Chandrakona (SC), Paschim Medinipur)
92. Doloi, Shri Rameswar (235–Keshpur (SC), Paschim Medinipur)
93. Dolai, Shri Shankar (231–Ghatal (SC), Paschim Medinipur)
94. Dutta, Shri Parash (106– Jagatdal, North 24-Parganas)
95. Dutta, Shri Sabyasachi (115–Rajarhat-New Town, North 24-Parganas)

F

96. Firdousi Begum, Smt. (151–Sonarpur Uttar, South 24-Parganas)
*97. Firhad Hakim, Shri (158–Kolkata Port, Kolkata)
98. Firoza Begam, Smt. (63–Raninagar, Murshidabad)

G

*99. Ghatak, Shri Moloy (281–Asansol Uttar, Burdwan)
100. Ghosal, Dr. Anup (185–Uttarpara, Hooghly)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

101. Ghosh, Shri Asok (170–Howrah Uttar, Howrah)
102. Ghosh, Shri Nirmal (111–Panihati, North 24-Parganas)
103. Ghosh, Shri Rabindra Nath (8–Natabari, Cooch Behar)
104. Ghosh, Shri Rathin (118–Madhyamgram, North 24-Parganas)
105. Ghosh, Shri Samarendranath (77–Karimpur, Nadia)
106. Ghosh, Shri Susanta (233–Garbeta, Paschim Medinipur)
107. Ghosh, Shri Swapan Kanti (285–Suri, Birbhum)
108. Ghosh, Shri Tamonash (144–Falta, South 24-Parganas)
*109. Ghosh Dastidar, Dr. Sudarsan (208–Mahisadal, Purba Medinipur)
110. Giasuddin Molla, Shri (142–Magrahat Paschim, South 24-Parganas)
111. Giri, Shri Akhil (217–Ramnagar, Purba Medinipur)
+112. Guha (Bose), Smt. Sonali (145–Satgachhia, South 24-Parganas)
113. Guha, Shri Udayan (7–Dinhata, Cooch Behar)
114. Gulsan Mullick, Shri (175–Panchla, Howrah)
*115. Gupta, Shri Manish (150–Jadavpur, South 24-Parganas)

H

*116. Haider Aziz Safwi, Shri (176–Uluberia Purba, Howrah)
117. Halder, Shri Bhupendra Nath (50–Maldaha (SC), Malda)
118. Halder, Shri Dipak Kumar (143–Diamond Harbour, South 24-Parganas)
119. Halder, Shri Jogoranjan (133–Kulpi, South 24-Parganas)
120. Halder, Shri Joydeb (135–Mandirbazar (SC), South 24-Parganas)
121. Halder, Shri Ram Sankar (129–Kultali (SC), South 24-Parganas)
122. Hamidul Rahaman, Shri (28–Chopra, Uttar Dinajpur)
123. Hansda, Shri Bachchu (40–Tapan (ST), Dakshin Dinajpur)
124. Hansda, Shri Dibakar (237–Binpur (ST), Paschim Medinipur)
*125. Hansda, Dr. Sukumar (222–Jhargram, Paschim Medinipur)
126. Hazra, Shri Banamali (267–Bhatar, Burdwan)
127. Hazra, Shri Bankim Chandra (132–Sagar, South 24-Parganas)
128. Hazra, Shri Gadadhar (287–Nanoor (SC), Birbhum)
129. Hembram, Smt. Deblina (249–Ranibandh (ST), Bankura)
130. Humayun Kabir, Shri (70–Rejinagar, Murshidabad)

I

131. Id. Mohammad, Shri (69–Bharatpur, Murshidabad)
132. Insar Ali Biswas, Shri (73–Hariharpara, Murshidabad)
133. Iqbal Ahmed, Shri (202–Khanakul, Hooghly)
134. Isha Khan Choudhury, Shri (54–Baishnabnagar, Malda)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

J

135. Jahanara Khan, Smt. (279–Jamuria, Burdwan)
136. Jana, Shri Samir Kumar (130–Patharpratima, South 24-Parganas)
137. Javed Ahmed Khan, Shri (149–Kasba, South 24-Parganas)
138. Joardar, Shri Abani Mohan (83–Krishnanagar Uttar, Nadia)
139. Julfikar Molla, Shri (121–Haroa, North 24-Parganas)

K

140. Kar, Shri Jyotirmoy (212–Patashpur, Purba Medinipur)
141. Karak, Shri Biswanath (201–Goghat (SC), Hooghly)
142. Khan, Shri Arup Kumar (254–Onda, Bankura)
143. Khan, Shri Basudeb (261–Raina (SC), Burdwan)
144. Khan, Shri Kallol (81–Nakashipara, Nadia)
145. Khan, Shri Saumitra (256–Katulpur (SC), Bankura)
146. Kisku, Shri Upen (250–Raipur (ST), Bankura)
147. Kujur, Smt. Kumari (14–Madarihat (ST), Jalpaiguri)
148. Kundu, Shri Biswajit (264–Kalna (SC), Burdwan)

L

149. Lahiri, Shri Jatu (172–Shibpur, Howrah)

M

150. M. Nuruzzaman, Dr. (120–Deganga, North 24-Parganas)
151. Mahamuda Begam, Smt. (38–Kumarganj, Dakshin Dinajpur)
152. Mahapatra, Shri Arun (219–Dantan, Paschim Medinipur)
*153. Mahapatra, Dr. Saumen Kumar (203–Tamluk, Purba Medinipur)
154. Mahata, Shri Nepal (240–Baghmundi, Purulia)
155. Mahata, Shri Srikanta (234–Salboni, Paschim Medinipur)
156. Mahato, Shri Chudamani (221–Gopiballavpur, Paschim Medinipur)
157. Mahato, Shri Dhirendra Nath (241–Joypur, Purulia)
*158. Mahato, Shri Shantiram (239–Balarampur, Purulia)
159. Mainul Haque, Shri (55–Farakka, Murshidabad)
160. Maiti, Shri Mrigendra Nath (236–Medinipur, Paschim Medinipur)
161. Maiti, Shri Radha Kanta (229–Debra, Paschim Medinipur)
162. Maity, Shri Ardhendu (214–Bhagabanpur, Purba Medinipur)
163. Maity, Smt. Banasri (213–Kanthi Uttar, Purba Medinipur)
164. Majhi, Shri Asim Kumar (191–Balagarh (SC), Hooghly)
165. Maji, Dr. Nirmal (177–Uluberia Uttar (SC), Howrah)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

166. Mazumder Shri Asit (Tapan), (190–Chunchura, Hooghly)
167. Majumder, Shri Brajamohan (173–Howrah Dakshin, Howrah)
168. Mal, Shri Asit Kumar (292–Hansan, Birbhum)
169. Malakar, Shri Sankar (25–Matigara-Naxalbari (SC), Darjeeling)
*170. Mallick, Shri Jyoti Priya (100–Habra, North 24-Parganas)
171. Mamtaj Begum, Smt. (157–Metiaburuz, South 24-Parganas)
172. Mandal, Shri Anandamay (126–Hingalganj (SC), North 24-Parganas)
173. Mandal, Shri Kalipada (179–Shyampur, Howrah)
174. Mondal, Shri Nirmal Chandra (137–Baruipur Purba (SC), South 24-Parganas)
175. Mandal, Shri Ranjit Kumar (78–Tehatta, Nadia)
176. Mandi, Shri Biram (223–Keshiary (ST), Paschim Medinipur)
177. Manna, Shri Becharam (196–Haripal, Hooghly)
178. Marjit, Shri Ashis (66–Khargram (SC), Murshidabad)
179. Md. Ghulam Rabbani, Shri (30–Goalpokhar, Uttar Dinajpur)
180. Md. Sohrab, Shri (58–Jangipur, Murshidabad)
181. Md. Sohrab Ali, Shri (278–Raniganj, Burdwan)
182. Mete, Shri Basudev (273–Ausgram (SC), Burdwan)
183. Mete, Shri Gurupada (257–Indus (SC), Bankura)
†††184. Mishra, Dr. Surjya Kanta (225–Narayangarh, Paschim Medinipur)
185. Misra, Shri Kashinath (252–Bankura, Bankura)
*186. Mitra, Dr. Amit (109–Khardaha, North 24-Parganas)
187. Mitra, Shri Asit (181–Amta, Howrah)
188. Mitra, Shri Biplab (42–Hariram pur, Dakshin Dinajpur)
**189. Mitra, Shri Madan (112–Kamarhati, North 24-Parganas)
*190. Mitra, Smt. Sabitri (49–Manikchak, Malda)
191. Mondal, Smt. Bina (98–Swarupnagar (SC), North 24-Parganas)
192. Mondal, Shri Dilip (146–Bishnupur (SC), South 24-Parganas)
193. Mondal, Shri Kanai Chandra (65–Nabagram (SC), Murshidabad)
194. Mondal, Shri Ranajit (215–Khejuri (SC), Purba Medinipur)
**195. Mondal, Shri Shyamal (138–Canning Paschim (SC), South 24-Parganas)
196. Mondal, Shri Sunil Kumar (274–Galsi (SC), Burdwan)
197. Mondal, Smt. Usha Rani (122–Minakhan (SC), North 24-Parganas)
198. Monirul Islam, Shri (288–Labpur, Birbhum)
199. Mukherjee, Shri Abhijit (293–Nalhati, Birbhum)
200. Mukherjee, Shri Apurba (277–Durgapur Paschim, Burdwan)
201. Mukherjee, Shri Asutosh (253–Barjora, Bankura)
202. Mukherjee, Shri Narayan (124–Basirhat Dakshin, North 24-Parganas)
203. Mukherjee, Shri Samar (48–Ratua, Malda)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

*204. Mukherjee, Shri Shyama Prasad (255–Bishnupur, Bankura)
*205. Mukherjee, Shri Subrata (161–Ballygunge, Kolkata)
206. Mukhopadhyay, Shri Jiban (147–Sonarpur Dakshin, South 24-Parganas)
207. Munda, Shri Joseph (21–Nagrakata (SC), Jalpaiguri)
208. Murmu, Shri Dulal (220–Nayagram (ST), Paschim Medinipur)
209. Murmu, Shri Khagen (43–Habibpur (ST), Malda)
210. Muzaffar Khan, Shri (187–Champdani, Hooghly)

N

211. Nag (Mallick), Smt. Nilima (93–Haringhata (SC), Nadia)
212. Nasiruddin Ahmed, Shri (80–Kaliganj, Nadia)
213. Naskar, Shri Jayanta (127–Gosaba (SC), South 24-Parganas)
214. Naskar, Shri Subhas (128–Basanti (SC), South 24-Parganas)
215. Naskar, Dr. Tarun Kanti (136–Jaynagar (SC), South 24-Parganas)
216. Shri Nazmul Haque, (228–Kharagpur, Paschim Medinipur)
*217. Nure Alam Chowdhury, Shri (294–Murarai, Birbhum)

O

218. Omar Ali, Dr. (205–Panskura Paschim, Purba Medinipur)

P

219. Pakhira, Shri Manturam (131–Kakdwip, South 24-Parganas)
*220. Pande, Shri Sadhan (167–Maniktala, Kolkata)
221. Panja, Shri Samir Kumar (182–Udaynarayanpur, Howrah)
222. Panja, Dr. Shashi (166–Shyampukur, Kolkata)
223. Patra, Smt. Asima (197–Dhanekhali (SC), Hooghly)
224. Patra, Shri Manoranjan (251–Taldangra, Bankura)
225. Paul, Shri Paresh (164–Beleghata, Kolkata)
226. Phiroja Bibi, Smt. (210–Nandigram, Purba Medinipur)
227. Poddar, Shri Samir Kumar (89–Ranaghat Uttar Purba (SC), Nadia)
228. Pramanick, Shri Ujjal (262–Jamalpur (SC), Burdwan)

Q

229. Quazi Abdul Gaffar, Shri (99–Baduria, North 24-Parganas)

R

230. Rafiqur Rahaman, Shri (102–Amdanga, North 24-Parganas)
231. Rajak, Smt. Protima (67–Burwan (SC), Murshidabad)

232. Ray, Shri Asok (290–Mayureswar, Birbhum)
233. Ray, Shri Keshab Chandra (6–Sitai (SC), Cooch Behar Town)
**234. Ray, Shri Pramatha Nath (34–Kaliaganj (SC), Uttar Dinajpur)
235. Ray, Shri Sushil Chandra (44–Gazole (SC), Malda)
*236. Roy, Shri Arup (171–Howrah Madhya, Howrah)
237. Roy, Shri Debaprasad (12–Alipurduar, Jalpaiguri)
238. Roy, Smt. Debasree (134–Raidighi, South 24-Parganas)
239. Roy, Shri Dhiman (101–Ashoknagar, North 24-Parganas)
240. Roy, Shri Gokul (32–Karandighi, Uttar Dinajpur)
241. Roy, Shri Khageswar (18–Rajganj (SC), Jalpaiguri)
242. Roy, Smt. Mamata (15–Dhupguri (SC), Jalpaiguri)
243. Roy, Shri Nagendra Nath (3–Cooch Behar Uttar (SC), Cooch Behar)
244. Roy, Shri Narmada Chandra (37–Kushmandi (SC), Dakshin Dinajpur)
245. Roy, Shri Pulak (178–Uluberia Dakshin, Howrah)
246. Roy, Shri Satyendra Nath (41–Gangarampur (SC), Dakshin Dinajpur)
247. Roy, Shri Subhranshu (103–Bijpur, North 24-Parganas)
248. Roy, Dr. Sudipto (186–Sreerampore, Hooghly)
249. Roy, Shri Tapas (113–Baranagar, North 24-Parganas)
250. Roy Chowdhury, Shri Biplab (204–Panskura Purba, Purba Medinipur)
251. Roy Pradhan, Shri Arghya (9–Tufanganj, Cooch Behar)
252. Rukbanur Rahaman, Shri (82–Chapra, Nadia)

S

253. S. M. Sadi, Shri (79–Palashipara, Nadia)
**254. Sabina Yeasmin, Smt. (52–Mothabari, Malda)
255. Saha, Smt. Aparna (266–Bardhaman Uttar (SC), Burdwan)
256. Saha, Smt. Dipali (258–Sonamukhi (SC), Bankura)
257. Saha, Smt. Mala (168–Kashipur-Belgachia Kolkata)
258. Saha, Smt. Namita (141–Magrahat Purba (SC), South 24-Parganas)
259. Saha, Shri Pundarikakshya (84–Nabadwip, Nadia)
260. Saha, Smt. Seuli (209–Haldia (SC), Purba Medinipur)
**261. Saha, Shri Subrata (60–Sagardighi, Murshidabad)
262. Saha, Shri Swarna Kamal (163–Entally, Kolkata)
263. Sahajahan Choudhury, Shri (272–Mangalkot, Burdwan)
264. Santra, Shri Krishna Chandra (200–Arambag (SC), Hooghly)
265. Sardar, Shri Nirapada (123–Sandeshkhali (ST), North 24-Parganas)
266. Sardar, Shri Sital Kumar (174–Sankrail (SC), Howrah)
267. Sarkar, Shri Apurba (68–Kandi, Murshidabad)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

268. Seikh Safiujjaman, Shri (71–Beldanga, Murshidabad)
269. Sekh Sahonawez, Shri (271–Ketugram, Burdwan)
270. Sen, Shri Arunava (180– Bagnan, Howrah)
271. Sengupta, Shri Mohit (35–Raiganj, Uttar Dinajpur)
272. Sharma, Dr. Rohit (24–Kurseong, Darjeeling)
273. Shaw, Shri Ashok Kumar (189–Chandannagar, Hooghly)
274. Singh, Shri Arjun (105–Bhatpara, North 24-Parganas)
*275. Singh, Shri Rachhpal (198–Tarakeswar, Hooghly)
276. Singh, Shri Sultan (169–Bally, Howrah)
277. Singha Roy, Smt. Shaoni (64–Murshidabad, Murshidabad)
278. Singh Deo, Shri K. P. (242–Purulia, Purulia)
279. Sinha, Shri Chandra Nath (286–Bolpur, Birbhum)
280. Sinha, Shri Khagendranath (33–Hemtabad (SC), Uttar Dinajpur)
281. Sinha, Shri Prabodh Chandra (227–Pingla, Paschim Medinipur)
282. Sk. Amjad Hossain, Shri (192–Pandua, Hooghly)
283. Sk. Parvez Rahaman, Shri (199–Pursurah, Hooghly)
284. Sohanpal, Shri Gyan Singh (224–Kharagpur Sadar, Paschim Medinipur)
285. Swati Khandoker, Smt. (194–Chanditala, Hooghly)

T

286. Tajmul Hossain, Shri (46–Harishchandrapur, Malda)
287. Thakur, Shri Akshay (4–Cooch Behar Dakshin, Cooch Behar)
**288. Thakur, Shri Manjul Krishna (97–Gaighata (SC), North 24-Parganas)
289. Tirkey, Shri Dasrath (10–Kumargram (ST), Jalpaiguri)
**290. Tirkey, Shri Sunil Chandra (27–Phansidewa (ST), Darjeeling)
291. Touab Ali, Shri (56–Samserganj, Murshidabad)
292. Tudu, Smt. Sandhya Rani (243–Manbazar (ST), Purulia)

U

293. Upadhyay, Shri Bidhan (283–Barabani, Burdwan)
294. VACANT

NOMINATED MEMBERS

295. Calvert, Shri Michael Shane

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, 24th August, 2011 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 24 Ministers, 05 Ministers-of-State and 168 Members.

[11.00—11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

নথিভুক্ত বেকারের সংখ্যা

*৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫) **শ্রী তজমুল হোসেন** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০শে জুন, ২০১১ সাপেক্ষে রাজ্যে নথিভুক্ত বেকারের সংখ্যা কত ; এবং

(খ) উক্ত নথিভুক্ত বেকারের মধ্যে ;

(১) স্নাতকোত্তর যোগ্যতাসম্পন্ন প্রার্থীর সংখ্যা কত ;

(২) কারিগরী শিক্ষায় শিক্ষিত প্রার্থীর সংখ্যা কত ?

শ্রী পূর্ণেন্দু বসু :

(ক) ৩০শে জুন, ২০১১ সাপেক্ষে রাজ্যে নথিভুক্ত বেকারের সংখ্যা ৬৭,০৪,৪২৮ জন।

(খ) নথিভুক্ত বেকারের মধ্যে

(১) স্নাতকোত্তর যোগ্যতাসম্পন্ন প্রার্থীর সংখ্যা—৬১,১১৫ জন।

(২) কারিগরী শিক্ষার শিক্ষিত প্রার্থীর সংখ্যা—৮৯,৯১৭ জন।

শ্রী তজমুল হোসেন : স্যার, মাননীয় মন্ত্রী যে উত্তর দিয়েছেন সেটা নথিভুক্ত উত্তর। যাই হোক, আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে, বর্তমানে চাকরির ডাক পাওয়ার ক্ষেত্রে কর্মবিনিয়োগ কেন্দ্রে রেজিস্ট্রেশন বাধ্যতামূলক কিনা, সেটা দয়া করে জানাবেন।

শ্রী পূর্ণেন্দু বসু : এই বিষয়ে একটা কথাই জানাব, এই ক্ষেত্রে সুপ্রীম কোর্টের একটি রায় আছে, দয়া করে রায়টা জেনে নেবেন। কোন ক্ষেত্রে বাধ্যতামূলক, কোন ক্ষেত্রে নয়, নিশ্চয়ই আপনারা ইতিমধ্যেই অবগত।

শ্রী তজমুল হোসেন : সুপ্রীম কোর্টের আবার কি অর্ডার ? আপনি কি তাহলে জানাবেন না ? যাই হোক, স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, গত ৩ মাসে কত নতুন পদ সৃষ্টি হয়েছে ও কত পদ পূরণ হয়েছে। দয়া করে জানাবেন কি ?

শ্রী পূর্ণেন্দু বসু : আমরা এখন স্টক টেকিং করছি, এই পর্যন্ত কি কি কাজ হয়েছিল এবং এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ বা এমপ্লয়মেন্ট ডাইরেক্টরেট কি কি করেছেন। তাতে আমরা অনেক এমন কিছু হিসাবপত্র পাচ্ছি, যেগুলো দেখে আঁতকে উঠতে হয়। যেমন—লেবার ডিপার্টমেন্টে উইদাউট এনি অ্যাপয়েন্টমেন্ট লেটার কয়েকজনকে নিয়োগ করা হয়েছিল। এই রকম তথ্য ও সংস্কৃতিতে হয়েছে, এই রকম বহু জায়গায় হয়েছে—দেড়-দু হাজার টাকার সব নিয়োগ। এসব আমরা খুঁজে বের করে যথাসময়ে যথাযথ উত্তর দেব এবং আমরা নিয়োগের ক্ষেত্রে কি করছি, সেই ব্যাপারে গতকাল আমাদের মুখ্যমন্ত্রী এখানে জানিয়েছেন যে, নিয়োগের ক্ষেত্রে কি কি হচ্ছে।

শ্রী তজমুল হোসেন : স্যার মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার তৃতীয় এবং শেষ প্রশ্ন, যেসব পদ সৃষ্টি হয়েছে, দপ্তরগতভাবে দয়া করে সেগুলো জানাবেন কি এবং নিয়োগের অবস্থা কোন স্তরে আছে ?

শ্রী পূর্ণেন্দু বসু : আমরা ক্ষমতায় আসার আগে পর্যন্ত বিভিন্ন সরকারি দপ্তরে কত প্রার্থীপদ শূন্য আছে, তার হিসেব আমরা মেলাচ্ছি। সেই অনুযায়ী কীভাবে নতুন পদ সৃষ্টি করা যায়, পুরোনোটা আগে তো হবে, তার পরে নতুন পদ সৃষ্টির বিষয়, সেগুলো আমরা পরে বলব।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি ১৯৭৭ সালে কংগ্রেস সরকার যখন ছিল তখন নথিভুক্ত বেকারের সংখ্যা ১৫ লক্ষ ছিল। বর্তমান যে বেকার আপনি বললেন দক্ষ ৬৭ হাজারের উপর, আর একটা ৭৯ হাজারের উপর, দক্ষ আর অদক্ষ। এই পরিমাণটা বৃদ্ধির মূলত কারণটা কি মন্ত্রী মহাশয় জানাতে পারবেন কি ?

শ্রী পূর্ণেন্দু বসু : এটা সম্পর্কে বহু গবেষণা হয়েছে, এক কথায় বলা যায় পশ্চিমবঙ্গে যে সামগ্রিক আর্থিক পরিকল্পনা, সেই পরিকল্পনার ঘাটতির কারণেই আর্থিক পরিকল্পনার সাথে নিয়োগ যুক্ত, স্বাভাবিকভাবেই সেই পরিকল্পনা না থাকার কারণেই এটা হয়েছে। আগামী দিনে আমরা যে পরিকল্পিত অর্থনীতির দিকে যাচ্ছি, তাতে তুলনামূলকভাবে বেকার সংখ্যা কমবে।

শ্রী নেপাল মাহাতো : মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন করতে চাই, স্যার, যাঁরা ল্যান্ড লুজার বা অন্যান্য যেসব প্রার্থীরা থাকে, তাদের exempted category-তে নাম রেজিস্ট্রেশন হয় বেন্টিংক স্ট্রিটে। এই ব্যাপারে ডি.এম.এর কাছ থেকে রেকমেন্ডেশন আসে, তার পরে আপনারা নাম রেজিস্ট্রেশন করেন।

জেলাতে এই নিয়ে তো খুব অসুবিধা হয়, আমি ওই লাইনে যাচ্ছি না, ওটা আপনার মধ্যে পড়ে না। আমি শুধু এটাই জানতে চাইছি, exempted category বেন্টিংক স্ট্রিটে যে নামগুলো নথিভুক্ত হয়েরছে, বর্তমানে তার সংখ্যা কত এবং এই নথিভুক্ত করার ক্ষেত্রে আপনার আগের যে নিয়ম ছিল, সেই নিয়মটার কিছু পরিবর্তন আপনি করছেন কি, simplify করছেন কি না। এই ব্যাপারটা যদি একটু জানান ?

শ্রী পূর্ণেন্দু বসু : এই বিষয়ে মাননীয় প্রশ্নকর্তাকে জানাব exempted category ল্যান্ড লুজারদের ক্ষেত্রে যে পরিমাণ সংখ্যা এসেছে, প্রথমেই আমার যেটা মনে হয়েছে এটা রিভিউ হওয়া দরকার এবং প্রকৃত ল্যান্ড লুজার যারা তার থেকে সংখ্যা বেশি আছে। স্বাভাবিকভাবেই সেটা পরীক্ষা না করে আমি কোনো সংখ্যাতত্ত্বে যাব না।

ডঃ আশীষ ব্যানার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে অতিরিক্ত প্রশ্ন যে, এর আগে শুনলাম ৩০শে জুন ২০১১ সাপেক্ষে রাজ্যে নথিভুক্ত বেকারের সংখ্যা বামফ্রন্টের বন্ধু জানতে চেয়েছিলেন। আমি আপনার মাধ্যমে জানতে চাইছি যে ১৯৭৭ থেকে ২০১১ সালের মে মাস পর্যন্ত নথিভুক্ত বেকারের সংখ্যা কত ছিল এবং আপনার কি জানা আছে এই নথিভুক্ত বেকারের বাইরে যে অসংখ্য শিক্ষিত-অশিক্ষিত বেকার, যাঁরা নাম নথিভুক্ত করেননি, তাদের কোনো হিসাব শ্রম দপ্তরে আছে কি না ?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলব আমাদের দপ্তরে যা আছে তার হিসাব হচ্ছে এই সময়ে ৩০.০৬.২০১১ সর্বমোট নথিভুক্ত কর্মপ্রার্থী যা আছে তাতে professional and executive অফিসে ৩০.০৬.২০১১ পর্যন্ত নথিভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা যদি বলি তাহলে B.Sc. ১৬,১৯৩, M.Com. ৮১২৫, M.A. ৩৩,২৩৭, অন্য স্নাতকোত্তর এবং B.Lib. ৩৫৬০, ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট ৮১১৪, অন্যান্য পেশাদারি যোগ্যতাসম্পন্ন এবং ডাক্তার ৪৬২১, এই হিসাব আমাদের কাছে আছে, যার হিসেব নেই, সেই হিসাব তো দেওয়া সম্ভব নয়। সেই হিসাব আমরা চেষ্টা করবো সংগ্রহ করে দেওয়ার।

[11.10—11.20 a.m.]

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় স্পীকারের মাধ্যমে, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই, যে এতদিন ধরে আমরা শুনে এসেছি, যে আমাদের রাজ্যে প্রচুর শিল্পায়ন হচ্ছে। শিল্পায়ন যদি হয়, ইঞ্জিনিয়ার এবং বিশেষ করে কারিগরি শিক্ষায় যারা শিক্ষিত তাদের চাকরি হওয়ার কথা অনেক বেশি ছিল। তাতেও এত সংখ্যক কারিগরি শিক্ষায় শিক্ষিত বেকার হল কেন ? এটা যদি আপনি কাইন্ডলি একটু আমাদের জানান।

শ্রী পূর্ণেন্দু বসু : দেখুন এ প্রসঙ্গে আমি তিক্ত কথা বলতে চাই না। আমি রিভিউ করার চেষ্টা করছি। ঠিকঠিক কি কারণে শিক্ষিত বেকারদের সংখ্যা, মানে যে সেক্টরগুলো ডেভেলপমেন্ট হয়েছে আপনার প্রশ্ন অনুযায়ী। সেখানে কেন এত বেকার থাকছেন এটা আমাকে পর্যবেক্ষণ করতে হবে। এবং ভালোভাবে রিভিউ করে সংশ্লিষ্ট দপ্তরগুলির সাথে কথা বলে অবশ্যই আমি আপনাকে নির্দিষ্টভাবে উত্তর দেব।

শ্রী উদয়ন গুহ : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, যে বিগত সরকার তাঁরা ঘোষণা করেছিলেন, যে সরকারি এবং আধা-সংস্থায় যারা ক্যাজুয়াল লেবার হিসেবে আছে তাদের ৬৬০০ টাকার করে দেওয়া হবে। এবং ৬০ বছর পর্যন্ত চাকরির গ্যারান্টি দেওয়া হবে। সেটা কি পর্যায়ে আছে ? মাননীয় মন্ত্রী যদি আমাকে বলেন।

শ্রী পূর্ণেন্দু বসু : এই বিষয়ে এটা কথাই বলব, পূর্বতন সরকার বহু ক্ষেত্রে, সব ক্ষেত্রেই নয়, বহু ক্ষেত্রেই যা ঘোষণা করেছেন সেই অনুযায়ী কাজ হয়নি। আপনি যে বিষয়টির উল্লেখ করলেন এটি হচ্ছে তার একটি চরমতম নিদর্শন। যাদের ১০ বছর হয়ে গেছে তাদের সম্পর্কে যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল—ক্যাজুয়ালদের নিয়ে পেরেনিয়াল নেচারের কাজ যাঁরা করেন, তাঁদের পার্মানেন্ট করা বা ইত্যাদি সম্পর্কে। তবে সেটা খুবই সামান্য। আমি দায়িত্বভার গ্রহণ করার পর আশ্চর্য হয়ে যাই, যে স্বাস্থ্য দপ্তরে যারা এইরকম ক্যাজুয়াল কর্মী বা কন্ট্রাকচুয়াল কর্মী তারা নির্দিষ্ট মজুরি পর্যন্ত পাচ্ছেন না। এবং এই ক্ষেত্রে আমাদের চিফ সেক্রেটারিকে পর্যন্ত নির্দেশ পাঠাতে হয়েছে বিভিন্ন স্বাস্থ্য অধিকর্তাকে। স্বাভাবিকভাবে এই বিষয়ে যদি সঠিক অর্থে আপনারা জানতে চান তাহলে আমাদের এই পর্যায়ের রিভিউটা কমপ্লিট হলেই আমরা বলব এবং সরকার অবশ্যই ঘোষণা করবে, যে পূর্ববর্তী সরকারের যে ঘোষণা ছিল সেটা কতটা কার্যকরী হবে, কোথায় সমস্যা এবং কীভাবে আমরা সেটা overcome করব।

শ্রী জটু লাহিড়ী : মাননীয় স্পীকার সাহেব, আপনার মাধ্যমে আমি অতিরিক্ত একটি প্রশ্ন করতে চাইছি শ্রমমন্ত্রীকে। স্যার, বিগত সরকারের অর্থমন্ত্রী প্রায় প্রতি বছরই তাঁর বাজেট বক্তৃতায় আড়াই লক্ষ, তিন লক্ষ বেকারের কর্মসংস্থানের কথা বলতেন এবং সেটা নাকি প্রতি বছরই হত। আমার যেটা প্রশ্ন, যে ২০১০-এর জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত এই সময় Employment Exchange-এর মাধ্যমে সরকারি এবং বেসরকারি ক্ষেত্রে কতজন মানুষের কর্মসংস্থান হয়েছে ? ২০১০-এর জানুয়ারি থেকে ডিসেম্বর পর্যন্ত পুরো বছরটায়।

শ্রী পূর্ণেন্দু বসু : এই সম্পর্কে নির্দিষ্ট তথ্য আছে। সংখ্যাটা সাড়ে চার হাজারের মতো। Exact number-টা আমার মনে নেই। সংখ্যাটা সাড়ে চার হাজারের মতো। আমি আপনাকে নির্দিষ্টভাবে দিয়ে দেব।

শ্রী কেশবচন্দ্র রায় : মাননীয় স্পীকার মহাশয়, আমি কোচবিহার জেলার সীতাই বিধানসভা কেন্দ্র থেকে এসেছি। কয়েকদিন আগে সল্টলেকে স্বাস্থ্যভবনে গিয়েছিলাম। সেক্রেটারির সঙ্গে দেখা করেছিলাম। আমাদের ওখানে দুটো—সীতাই এবং গোসানিবাড়ি স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার নেই। সেটার কথা বলতে গিয়ে উনি বললেন, আমাদের পোস্ট খালি পড়ে আছে তিন হাজার সামথিং। আজকে এখানে মন্ত্রী মহাশয় বলছেন, ডাক্তারবাবু নিয়োগ হয়নি বেকার আছে ৪ হাজার ৩৩ তিনশো এগারো না কত বললেন। আমরা সমাজের উন্নয়নের জন্যই সবকিছু করি। যেখানে ডাক্তার দরকার সেখানে কেন আজ পর্যন্ত নিয়োগ হল না ডাক্তার থাকা সত্ত্বেও ? এটা আমাকে জানাবেন কি ? এবং এতে কোথায় অসুবিধাটা হয়েছে ?

শ্রী পূর্ণেন্দু বসু : এক্ষেত্রে আপনাকে আমি এতটাই জানাতে পারি যে, সরকারি নিয়োগের ক্ষেত্রে retirement হওয়ার যে নির্দিষ্ট সময়, প্রত্যেক বছর retirement হচ্ছে, তার তিন-চার বছর আগে যদি প্রস্তুতি না থাকে যে এই এই পদগুলি খালি হবে, তার জন্য

যে যে সংস্থা এই নিয়োগকর্তা রূপে আছেন তাদের কাছে অগ্রিম জানাতে হবে এবং সমস্ত process complete করে notification হবে, finance-এ আসবে—এই যে গোটা প্রক্রিয়াটায় সময় লাগে। এই ক্ষেত্রে আমরা যেটা দেখতে পাচ্ছি সেটা হচ্ছে যে, শুধু ডাক্তার নয়, IAS officer, WBCS officer তার সংখ্যা কম। এই প্রত্যেকটি ক্ষেত্রে retirement-এর age এবং কোন group, কোন সময় সে চলে যাচ্ছে, এইটা আগে থেকে বা আগাম জানানো দরকার। পূর্ববর্তী সরকারের সেটাতে ব্যর্থতা থাকার কারণেই তার দায় আমাদের উপরে এসে পড়েছে এবং আমরা চেষ্টা করছি যাতে recruitment agencyগুলো সম্পর্কে নতুন করে ভাবা যায় এবং সেই উদ্যোগ আমরা আগামী দিনে নেব এই পবিত্রসভায় আলাপ-আলোচনার মধ্য দিয়ে।

সজল ধারা প্রকল্প

*৯১। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৪) শ্রী জ্যোতির্ময় কর : জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পরিশ্রুত পানীয় জল সরবরাহের উদ্দেশ্যে 'সজল-ধারা প্রকল্পে' ৩১শে জুলাই, ২০১১ পর্যন্ত কতগুলি কেন্দ্রের অনুমোদন দেওয়া হয়েছে (জেলাভিত্তিক হিসাব সহ) ;

(খ) তন্মধ্যে, কতগুলি বাস্তবায়িত হয়েছে ; এবং

(গ) এই প্রকল্পের ভবিষ্যৎ কি ?

শ্রী সুব্রত মুখার্জী :

(ক) পরিশ্রুত পানীয় জল সরবরাহের উদ্দেশ্যে সজলধারা প্রকল্পে মোট ৩৪৮টির অনুমোদন দেওয়া হয়েছে। যাহার জেলাভিত্তিক বিবরণ নিম্নে দেওয়া হইল :

NO. OF SCHEMES

SWAJAL-DHARA SCHEMES

Sl. No.	NAME OF THE DISTRICT	YEAR OF FUNDING				
		2002-03	2003-04	2004-05	2005-06	TOTAL
1.	Burdwan	1	23		12	36
2.	Hooghly		17		20	37
3.	Howrah		4		10	14
4.	Birbhum				8	8
5.	Purulia		1			1
6.	Bankura			16	10	26
7.	Paschim Medinipur	3		18	21	42
8.	Purba Medinipur			18	25	43

SL No.	NAME OF THE DISTRICT	YEAR OF FUNDING				
		2002-03	2003-04	2004-05	2005-06	TOTAL
9.	South 24-Parganas	4	14			18
10.	North 24-Parganas				16	16
11.	Nadia		3			3
12.	Murshidabad		3			3
13.	Malda		14		20	34
14.	Uttar Dinajpur		3		0	3
15.	Dakshin Dinajpur		1		3	4
16.	Cooch Behar		4		9	13
17.	Jalpaiguri		6		7	13
18.	Siliguri Mahakuma Parishad				1	1
19.	DGHC			33		33
	TOTAL	8	93	85	162	348

তবে এটা আপনাদের অবগতির জন্য জানাই যে, total programme পরিকল্পনাটা কেন্দ্রীয় সরকারের এবং কেন্দ্রীয় সরকারের National Rural Drinking Water Project তাদের টাকায় দুটো phase এরা টাকা দেয়। প্রথম phase-এ এই ৩৪৮টি অনুমোদন করা হয়।

(খ) জেলা পরিষদের নিকট হইতে প্রাপ্ত তথ্য অনুযায়ী মোট ১৪৪টি বাস্তবায়িত হয়েছে এবং তার জেলাভিত্তিক বিবরণ নিম্নে দেওয়া হইল :

Name of the Zilla Parishad	No. of schemes reported to be completed
Burdwan	32
Hooghly	37
Howrah	14
Siliguri Mahakuma Parishad	1
Uttar Dinajpur	3
Jalpaiguri	13
Bankura	8
Birbhum	8
South 24 Parganas	4
Paschim Medinipur	24
	144 nos.

(গ) বিভিন্ন জেলা পরিষদ থেকে বর্তমানে ৪১ শতাংশ প্রকল্পের সম্পূর্ণ তথ্য পাওয়া গেছে। কিন্তু এই ব্যাপারে রাজ্য সরকার সজল ধারা প্রকল্পের সঠিক মূল্যায়নের মাধ্যমে একটি প্রকল্প গ্রহণ করেছে। আজ পর্যন্ত সঠিক কতগুলি প্রকল্প শেষ হয়েছে এবং মানুষের উপকারে লেগেছে তার জন্যে তথ্য পাওয়া যাবে আগামী চার মাসের মধ্যে।

আপনাদের অবগতির জন্য জানাই, সজল ধারা একটা সুন্দর প্রকল্প। যে প্রকল্পটা কেন্দ্রীয় সরকার, দু-খেপে টাকা দিয়েছিলেন। একটা National Rural Drinking Water Project আর একটা ARWSP-র খাতে। একটাতে ৩০ কোটি টাকা, পরে ৬২ কোটি টাকার মতো। আমি round figure-এ জানালাম। কিন্তু সজল ধারা প্রকল্পটা মূলত জেলা পরিষদগুলো implement করে, কেন্দ্রীয় সরকার প্রথম দিকে DM-কে দিয়ে কাজ করায়। আমরা technology শুধুমাত্র প্রযুক্তি দিয়ে সহযোগিতা করি। পরবর্তীকালে এটা আমাদের through দিয়েও এটা approved হয়েছে। আমরা এই total সজল ধারার ব্যাপারে আমার নিজের কাছেও খুব ধোঁয়াশা মনে হয়েছে। টাকা দেওয়া, কত টাকা দেওয়া, প্রকল্পয় যাওয়া না যাওয়া টোটাল ব্যাপারটা যেহেতু ২০০৭ সাল অবধি ছিল, তারপর এখন এটা পরিত্যক্ত হয়ে গেছে। আমিও কয়েকটি জেলায় গিয়ে দেখেছি, আধখানা হয়েছে, ওখানে মানুষের কন্ট্রিবিউশন আছে টেন পারসেন্ট। অর্থাৎ ১০ লক্ষ টাকায় ১ লক্ষ টাকা মানুষ দিয়েছে এবং সেই গরিব মানুষের জন্য পাইপ গিয়েছে, কিন্তু জল যায়নি। টোটাল ব্যাপারটার একটা এনকোয়ারী করার দরকার আছে। তথ্যগুলি সংগ্রহ করে এবং একটা এনকোয়ারী কমিশনের জন্য আমি মুখ্যমন্ত্রীর কাছেও লিখছি, মুখ্যমন্ত্রী ক্যাবিনেট এর সঙ্গে পরামর্শ করে অনুমোদন দিলে একটা এনেকোয়ারী কমিশন সজল ধরার উপরে হবে। এই চমৎকার পরিকল্পনাটা কেন পশ্চিমবঙ্গে উপযুক্তভাবে ইমপ্লিমেন্ট হল না তা আমরা দেখব এবং দ্রুত তার রেজাল্ট কি হল সেটাও আপনাদের কাছে আমি জানাব।

[11.20—11.30 a.m.]

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়, ঠিকই উপলব্ধি করেছেন, দুটি পর্যায়ে ৯২ কোটি টাকা কেন্দ্রীয় সরকার দিল, এই ৯২ কোটি টাকার সঙ্গে ১০ শতাংশ টাকা বেনিফিসিয়ারীর যুক্ত হবে। জনগণের টাকা। অথচ ৩৪৪টি প্রকল্প অনুমোদন দেওয়া সত্ত্বেও অধিকাংশ জেলা পরিষদ কাদের দখলে আছে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন। তা সত্ত্বেও অত্যন্ত দুর্ভাগ্যজনকভাবে মাত্র ১৪৮টি প্রকল্প বাস্তবায়িত হয়েছে। এমতাবস্থায় বাকি প্রকল্পগুলির টাকা কোথায় গেল, ভবিষ্যতটা কি ? কারণ ২০০৭ সালের পরে এটা পরিত্যক্ত। এর কোনো অলটারনেটিভ বা বিকল্প প্রস্তাব, জল তো দিতে হবে মানুষকে, এক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয় ভাবছেন কি ?

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, মাননীয় সদস্য ঠিক বলেছেন, কারণ এটা ২০০৭ সালে শেষ হয়েছে, আমরা ২০১১ সালে দায়িত্ব পেয়েছি এবং যেহেতু মানুষেরও কিছু কন্ট্রিবিউশন আছে, স্বভাবতই আমরা এটাকে উপেক্ষা করতে পারি না। আমরা খুব সিরিয়াসলি দেখছি এটা। মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়েছি যাতে থ্রি ম্যান-এর একটা কমিটি এনকোয়ারী করতে পারে। একজন এক্সপার্ট থাকবেন যিনি ইঞ্জিনিয়ারিং-এর লাইনের, একজন ক্যাগ-এর লোক থাকবেন

এবং একজন ডিপার্টমেন্টাল কেউ থাকুক, আমরা এটা থরো এনকোয়ারী করছি। এটা আমাদের জানা দরকার যে কত প্রজেক্ট গিয়েছিল জেলা পরিষদ থেকে, কত প্রজেক্ট অ্যাপ্রুভ হয়েছিল স্টেট পি এইচ ই ডিপার্টমেন্ট থেকে, কত প্রজেক্ট-এর জন্য টাকা এসেছিল, কত টাকা এসেছিল, মানুষ কত টাকা দিয়েছিল এবং তার পরিণতিটা কি হয়েছে। এই জিনিসটা যেহেতু ২০০৭ সালের পরে, ২০১১ সালে আমরা এসেছি, সব তথ্য আমি সংগ্রহ করতে পারিনি এবং আমার কাছেও খুব একটা পরিষ্কার নয়, পুরো ব্যাপারটা জেলায় জেলায় গিয়ে দেখেছি খুব ধোঁয়াশা মনে হয়েছে। সুতরাং এই টাকার অঙ্কগুলি এবং কোথায় কোথায় দুর্বলতা ছিল জেলা পরিষদ তো নিশ্চয় আছে এবং অন্যান্য আনুষঙ্গিক ব্যাপারে জানা। রিপোর্টটা যদি মুখ্যমন্ত্রী অ্যাপ্রুভ করেন তাহলে ক্যাবিনেট থেকে এলেই আমি খুব দ্রুত এক মাসের মধ্যেই হয়ত এর পরের বিধানসভায় আপনাদের কাছে কমিশনের রিপোর্টটা পেশ করতে পারব।

শ্রী জ্যোতির্ময় কর : এটা তো গেল, যে প্রকল্পগুলি হয়নি, সেই সম্পর্কে মন্ত্রী মহাশয় বললেন, অনুসন্ধান করবেন, ধন্যবাদ। কিন্তু যেগুলি হয়েছে বলে রিপোর্ট এসেছে সেগুলি কতটা হয়েছে। তাছাড়া যদি হয়েও থাকে, আজ হল, কাল বিকল হল, সেখানে কাজের মান, প্রাকৃতিক দুর্যোগ, নানান ধরনের যা হয়, সুতরাং এই মেইনটেনেন্সের ব্যাপারে ইনক্লুডিং অল, মন্ত্রী মহাশয় আপনি কি জানেন যে পি এইচ ই ডিপার্টমেন্ট থেকে টিউবওয়েল দেওয়া হয়েছে গ্রামে, কিন্তু সেই টিউবওয়েলগুলি আমি যেখানে গিয়েছি, বিশেষ করে আমার এলাকা-সহ, আমার মহকুমা জেলায় ওইগুলি অচল হয়ে গেছে। কোটি কোটি টাকার সম্পদ নষ্ট হচ্ছে। আমার স্পেসিফিক কোয়েশ্চেন, উইথ রিগার্ড টু মেইনটেনান্স এবং সেগুলি যাতে নষ্ট না হয় দেখা দরকার। সরকারি সম্পদ এই ব্যাপারে আপনার দপ্তর বা আপনি কি ভাবছেন, দয়া করে জানাবেন কি ?

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় সদস্যকে বলব, আপনি ঠিক বলেছেন, আপনার সংবাদ ঠিক। আমিও যেসব জেলায় গিয়েছি, সেখানেও দেখেছি টিউবওয়েলগুলি সমস্ত ভাঙা। অবশ্য আবার অনেক জায়গায় লোকেরা টাকা দিয়েছে, অথচ পাইপ বসিয়েও জল যাচ্ছে না। আমরা দেখতে পাচ্ছি যে প্রাথমিক পর্যায়ে ৩৪৮টি স্কিম অ্যাপ্রুভড হলেও মাত্র ১৪৪টি ইমপ্লিমেন্ট হয়েছিল এবং তারপরেই এন আর ডাবলিউ এস পি-র ৬২ কোটি টাকার কতকগুলি হয়েছিল, সেই তথ্য আমি সংগ্রহ করতে পারিনি। কাজেই আমাকে আপনারা একটু সময় দিন, এর টোটাল এনকোয়ারী না করলে সব ব্যাপারটা উদঘাটন হবে না। তবে সজল ধারা যে মূল্যবান একটা প্রকল্প ছিল কেন্দ্রীয় সরকারের, আগের সরকার সেটা সার্থক করতে পারেনি, এটা খুবই দুঃখের।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখন গতস্য শোচনা নাস্তি, সেটা চলতেই থাকুক। কিন্তু আমাদের এখন আশু কর্তব্য গ্রামবাংলার মানুষকে পানীয় জল দেওয়া। এই ব্যাপারে সজলধারা প্রকল্পটায় ভূগর্ভস্থ জলের ওপর প্রেসার পড়ছিল। সম্ভবত তাই কেন্দ্রীয় সরকার ২০০৭ সাল পর্যন্ত সুযোগটা দিয়েছিলেন। এখন ভূ-পৃষ্ঠস্থ জলের সাহায্যে সজল ধারার প্যারালাল—আপনি যখন সুন্দর প্রকল্প অনুভব করেছেন, দায়বদ্ধ

আপনার সরকার—এইরকম কোনো পরিকল্পনা আপনার দপ্তর নিয়েছে কিনা জানাবেন কি দয়া করে ?

শ্রী সুব্রত মুখার্জী : এই ব্যাপারে তো আপনি নিশ্চয় অবগত আছেন যে বর্তমান নতুন সরকার যে বাজেট দিয়েছেন তাতে দেখবেন ২৩৭% এই ডিপার্টমেন্টে ইনক্রিজ করেছেন নির্দিষ্ট খাতে। গত সরকার যেটা করেননি সেটা আরো দুঃখের। সেটা হল ম্যাচিং গ্র্যান্ট বেশিরভাগই দেননি। এবারের অর্থমন্ত্রী তিনি কিন্তু ম্যাচিং গ্র্যান্টগুলো যাতে পাওয়া যায় তার জন্য সব জায়গায় জোর দিয়েছেন এবং আপনাদের কাছে কাগজ আছে দেখবেন হেডগুলো লিখে লিখে দিয়েছেন। আমরা আশা করছি যে আমাদের মধ্যে যে সমস্যাগুলো রয়েছে, যেমন আপনার এলাকায় স্যালাইনের প্রবলেম খুব বেশি, কয়েকটা রাজ্যে এই স্যালাইন থেকে মিঠে ওয়াটার পাওয়া যাচ্ছে, আপনাদের ওখানে এক্সপার্টরা বলেছেন প্রায় ৫৫-৬০% আমরা পেতে পারি এবং আমাদের একটা পরিকল্পনা তৈরি হচ্ছে পূর্ব মেদিনীপুরের স্যালাইন ওয়াটার জোনে, আমরা একটু এইরকম পরিকল্পনা নিয়েছি, মাদ্রাজের মতো বড় আকারে নয়, একটু মাঝারি সাইজের প্রকল্প আমরা করব। তাছাড়াও আমরা সেই আর্সেনিক, ফ্লোরাইড, স্ট্রং আয়রন এগুলোকে বাইপাস করে যাতে নদীর জল অথবা অন্য সোর্স আমরা ব্যবহার করতে পারি তার চেষ্টা আমরা করছি, সেই পরিকল্পনা নেওয়া হয়েছে। আমাদের এই বাজেটের পর, বৃষ্টির পরেই অনেকগুলো জায়গায় কাজ শুরু করে দিতে পারব।

শ্রী আবু তাহের খান : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমি জানতে চাইছি যে উনি ৩৪৮টি সজল ধারার কথা বললেন। কিন্তু সেখানে মুর্শিদাবাদ জেলা সব থেকে বেশি আর্সেনিক প্রবণ এলাকা। সেই এলাকায় জেলা পরিষদ অনেকগুলো সজল ধারা করেছে। এমনকি ২০১০ সালে আমার ব্লক মুর্শিদাবাদ জেলার নওদা ব্লকেও স্পেসিফিক বলতে পারি ১৫টা নতুন সজল ধারা প্রকল্প তৈরি করেছে। এবং সেগুলো সবটাই পড়ে আছে। কিছুটা হয়েছে, ৫০% হয়েছে, কোথাও ৬০% হয়েছে, বাকি সবটাই পড়ে আছে। তাহলে আপনি যে বলছেন এটা ২০০৭ সালে শেষ হয়েছে, অথচ ২০১০ সালে আমার ব্লকেই যে কয়েকটা হয়েছে, মুর্শিদাবাদ জেলার নওদা ব্লকে, সেই সম্পর্কে আপনার কি ভাবনা ? বীরভূম জেলায় যেখানে ফ্লোরাইড আছে সেই ফ্লোরাইড এলাকায় নতুন করে এই ধরনের সজল ধারা করার আপনার কোনো পরিকল্পনা আছে কিনা ?

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি হিসাবটা দিচ্ছি। প্রথমেই জানতে হবে এটার ২০০৭-এ একটা ফেজ হয়েছে এবং সেটা ন্যাশনাল রুরাল ড্রিঙ্কিং ওয়াটার প্রজেক্টের। তাতে মাত্র তিনটি প্রজেক্ট আপনাদের জেলা পরিষদ থেকে জমা পড়েছিল। ইমপ্লিমেন্টের পার্টে কিন্তু একটাও নেই প্রপার ইমপ্লিমেন্টের সব নিয়ম-কানুন মেনে। পরবর্তীকালে এ.আর.ডব্লু.এস.পি. যে ৬২ কোটি টাকা স্যাংশন করেছিল তাকে মুর্শিদাবাদের কয়েকটি প্রজেক্ট এসেছে। কিন্তু কটা ইমপ্লিমেন্ট হয়েছে সেই সংবাদ এখন আমার কাছে নেই। আপনি যদি অফিসে আসেন আমি জানিয়ে দেব। আমরা মুর্শিদাবাদের ক্ষেত্রে অত্যন্ত সচেতন। আমরা জানি যে সাড়ে চারটি জেলায় স্ট্রং আর্সেনিক আছে এবং বহু লোক মারাও

যাচ্ছেন সেগুলি হল দক্ষিণ ২৪-পরগনা, উত্তর ২৪-পরগনা, নদিয়া এবং মুর্শিদাবাদ, পার্ট অফ বর্ধমান। মুর্শিদাবাদে যেহেতু নদী আছে অনেকগুলো, তাই তাকে ব্যবহার করে ডাইরেক্ট রিভার থেকে নিয়ে—যেটা কিছুদিন আগে আমি আর পার্থবাবু গিয়ে নাকাশিপাড়া এবং কালিগঞ্জে করেছি—এখানে কল্লোল খান আছেন, তিনিও জানেন একদম কলকাতায় যে মডেলে জল দেওয়া হয় সেই মডেলে জল দেওয়া হচ্ছে। ঠিক একইভাবে নোদাখালি, ডাঙোরিয়াতে তা করা হয়েছে। আমরা এখানে যেমন ডাঙোরিয়া (২) করছি গঙ্গার জল নিয়ে, আপনাদের ওখানে ভাগীরথী এবং গঙ্গার জল নিয়ে ওইরকম পরিকল্পনা আমরা গ্রহণ করছি। এবং আশা করি অনেকটা সমস্যা মিটবে এবং আর্সেনিক মুক্ত পানীয় জল পৌঁছে দেওয়া আমাদের যে টার্গেট তথা পূরণ করতে পারব। কেন্দ্রীয় সরকার আরেকটা ভালো কাজ করেছে ভারত নির্মাণ-টু বলে, এর মাধ্যমে সত্তর লিটার করে আর্সেনিক মুক্ত ও ফ্লোরাইড মুক্ত পানীয় জল মানুষের কাছে পৌঁছে দেওয়া হবে। আমরা সেই দৃষ্টিভঙ্গীতেই প্রোজেক্টগুলো তৈরি করছি। আশা করছি কিছুদিন আমাদের সময় দিলে মুর্শিদাবাদ জেলাতেও আর্সেনিক মুক্ত পানীয় জল আমরা সরবরাহ করতে পারব।

[11.30—11.40 a.m.]

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি আপনাদের মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন করতে চাই, আপনি বলেছেন যে সজল ধারা খুব সুন্দর প্রকল্প। আপনি অভিজ্ঞতায় যেহেতু নতুন তাই আপনি এই কথা বলেছেন। আপনি সঠিকভাবে বলেছেন এইগুলো পর্যালোচনা হবে এবং তার জন্য আপনারা একটা টিম ইত্যাদি করে বিষয়গুলো দেখবেন বলেছেন। সরকারের একদিকে নীতি হচ্ছে বিনা পয়সায়, বিনামূল্যে নিরাপদ পানীয় জল মানুষকে দিতে হবে। অথচ সজল ধারায় দশ শতাংশ বেনিফিসিয়ারিকে দিতে হচ্ছে, আর সেটা হয়ে যাওয়ার পর অনেক রকম অসুবিধা হচ্ছে। আর কাজেরও অনেক অসুবিধা হচ্ছে, এক সময় এস্টিমেট হয়েছে, তারপরে কষ্ট বেড়ে যাচ্ছে, এইসব কারণে কাজ আটকে যাচ্ছে বা গেছে। তারপরে রক্ষণাবেক্ষণ ইত্যাদির জন্য আবার তাদের পয়সা দিতে হচ্ছে। এইগুলোর জন্য কোনো পয়সা কেন্দ্রীয় সরকার দেয় না, ওয়ান টাইম পয়সা দিয়ে দেয়। এই যে বিবিধ ব্যবস্থা আছে তাই এই অভিজ্ঞতা থেকে বলা যায় না এটা ভালো প্রকল্প। আপনি কি অনুগ্রহ করে বলবেন, এই যে দ্বৈত ব্যবস্থা আছে, এই যে দুই রকম ব্যবস্থা আছে, এটা চলতে পারে বলে মনে করেন ? যাতে এই প্রকল্পগুলো এক রকম নিয়মে চলতে পারে সেইরকম একটা ব্যবস্থা নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলে রাজ্য সরকারের সাহায্য নিয়ে আপনি এই সমস্যাটা সমাধান করবার চেষ্টা করবেন কি ?

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিরোধী দলনেতা সূর্যবাবু একটা গুরুত্বপূর্ণ এবং ঠিক কথাই বলেছেন। পঞ্চায়েত, পৌরসভা এবং স্টেটও প্রোজেক্টের জন্য কেন্দ্রীয় সরকার টাকা দিলেই নিয়ে নেয়। কিন্তু বেশিরভাগ সময় আমরা ভাবি না এর মেইনটেনেন্স কষ্ট কে দেবে। আমি বহু জেলায় গিয়েছি এবং এটা দেখেছি। আপনি সাধারণ একটা ব্যাপারে বলেছেন, কিন্তু পরবর্তীকালে যখন কেন্দ্রীয় সরকার এই প্রোজেক্টটা করল তখনই মেইনটেনেন্স পার্টের ব্যাপারে কথা বলে নেওয়াই উচিত ছিল। এটা না হওয়ার ফলে

সজল ধারা কে মেইনটেনেন্স করবে সেটা পৃথিবীর কেউ জানে না। কেন্দ্রীয় সরকার ইনিশিয়াল টাকা দিয়েই শেষ, জনগণ যে টেন পারসেন্ট টাকা দেওয়ার কথা তারা তা দিয়ে দিয়েছে, রাজ্য সরকারের যা প্রযুক্তি দেওয়ার তা দিয়ে দিয়েছে। কিন্তু সেটা চালাবে কে তার কোনো নির্দিষ্ট সিদ্ধান্ত কোনো স্তরেই নেওয়া হয়নি, ফলে অব্যবস্থাটা রয়েই গেছে। আমি ওনাকে অ্যাসিওর করছি, পরবর্তীকালে যখন ভারত নির্মাণ-টু হবে বা অন্য কোনো প্রোজেক্ট হবে, তখন মেইনটেনেন্স পার্টটা উপেক্ষা করা উচিত নয়। কারণ এটাই মেন পার্ট। আমি পরশু দিন শিলিগুড়ি গিয়েছিলাম, পি এইচ ই ডিপার্টমেন্ট থেকে ফুলবাড়িতে খুব ভালো, বড় একটা প্রোজেক্ট করা হয়েছে। সেই প্রোজেক্ট থেকে জল যায় শিলিগুড়িতে, কিন্তু তার মেইনটেনেন্স পি এইচ ই করছে। কথা ছিল স্টেট গভর্নমেন্ট প্রোজেক্টটা করে দেবে। কিন্তু ওখানে এখন আমাদের ডিপার্টমেন্টের স্টাফ, আমাদের ইঞ্জিনিয়ার রেখে মেইনটেনেন্স করতে হচ্ছে। এটা যদি পৌরসভা বা কর্পোরেশনকে বাদ দিয়ে দেওয়া হয় তাহলে এটা মুখ থুবড়ে পড়বে। এটা আপনি ঠিকই করেছেন, পরবর্তীকালে আমরা যে লোন বা গ্র্যান্ট পাব কোনো প্রোজেক্টের তখন মেইনটেনেন্সের পার্টটা আমরা নিশ্চয় উপেক্ষা করব না।

শ্রী স্বপন দেবনাথ : সম্মানীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, পরিশ্রুত পানীয় জল সরবরাহ, সজল ধারা তার মধ্যে আছে, এটা কী অবস্থায় আছে গ্রামের লোক আমরা তা সবাই জানি। গঙ্গা এবং নদীর জলকে ওয়াটার ট্রিটমেন্ট, তারও প্রচেষ্টা চলছে। কিন্তু গ্রামীণ এলাকায় সবচেয়ে গরিব মানুষরা যেখানে বাস করেন সেখানে যে বড় বড় জলাধারগুলো আছে, খাল এবং বিল যেখানে কারো ৬০ একর, ১০০ একর, ১২০ একর পর্যন্ত বিল আছে। মাননীয় মন্ত্রী মহোদয়ের পৈতৃক বাসভূমি, জন্মস্থান তার পাশেই একটা বিল আছে, যে বিলের পরিমাণ প্রায় ১০০ একর নাদনঘাটের নপাড়াতে। ওই গ্রামীণ জলাধারের জলকে দূষণমুক্ত করে পানীয় জল হিসাবে মানুষের কাছে পৌঁছে দেওয়ার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা বা কোনো পরিকল্পনা নেওয়ার ভাবনা আছে কিনা এটা আমি জানতে চাইছি।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহদোয়, গতকালও আমাদের জলসম্পদমন্ত্রী এটা বলেছেন যে, আমরা এবং যেটা মুখ্যমন্ত্রীর একটা স্লোগান যে জল ধরো এবং ভরো। এটা চলতি কথায় বলেছেন কিন্তু মূলত এটা ওয়াটার হার্ভেস্টিং স্কিমের মধ্যেই পড়বে এবং সেক্ষেত্রে বড় বড় বিল যেমন আছে, তেমনি অনেক নদী বাঁকুড়ায় আছে যেমন কংসাবতী, গন্ধেশ্বরী, দ্বারকেশ্বর, বরাবর এই সমস্ত নদী দিয়েই জলটা বেরিয়ে যায়। আমাদের এটা চেক ড্যাম অলরেডি প্রায় কমপ্লিট তার রেজাল্টটা কতটা পাই আমরা দেখব। আর দ্বারকেশ্বরের ওপরে ইন্ডাস্ট্রি এবং মানুষকে খাবার জল দেবার জন্য আবার একটা ওরকম চেক ড্যাম তৈরি করছি, হার্ভেস্ট করার জন্য। কিন্তু বিল টিল এগুলোকে আমরা করতে পারিনি। কিন্তু জল সম্পদ দপ্তর থেকে তাঁরা ঘোষণাও করেছেন যে এইগুলো সংস্কার করা, একশো দিনের কাজের সঙ্গে যুক্ত করা এগুলো করা হবে। ফলে সামগ্রিকভাবে স্টেটের এই পরিকল্পনা আছে। অলরেডি কিছু কিছু জায়গায় নদী দিয়ে যেগুলো বেরিয়ে যায় সেই হার্ভেস্টিংয়ের

কাজ আমরা শুরু করেছি এবং পি পি পি মডেলে যৌথভাবে একটা চুক্তি হয়েছে আয়রন অ্যান্ড স্টিল কোম্পানির সঙ্গে। আশা করি এক মাসের মধ্যেই কাজ শুরু হয়ে যাবে। মূল কথা হল, এই বড় বড় বিল যেগুলো বলেছেন, একটা তো বিলের কথা বললেন, আমারও জানা সেই বিলটা ছোটবেলায় দেখেছিলাম বিশাল জল আছে। এরকম গ্রামে প্রচুর আছে। আমরা বিভিন্ন ডিপার্টমেন্টের সহযোগিতা নিয়ে ওটাও ব্যবহারের কথা ভাবব, কারণ এখন এমন এমন হাই টেকনোলজি বেরিয়েছে শুধু সিম্পল বসিয়ে দিয়ে পাম্প করলেই পরিষ্কার জল যাবে আমরা সেগুলো চেষ্টা করছি।

শ্রী সৌমিত্র খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাস যে বাঁকুড়া জেলা খরাপ্রবণ জেলা। ডিসেম্বর-জানুয়ারি শুরু হবে, তারপর একটা আন্দোলন শুরুই হয়ে যায় জল চাই, জল চাই বলে। আমরা বিগত দিনে দেখেছি বাঁকুড়া পৌরসভাতেও জলের জন্য হাহাকার। তাই আপনার কাছে আমি জানতে চাইছি বাঁকুড়া পৌরসভায় যে জল পাওয়া যাচ্ছে না এর সমাধানের জন্য কোনো বিকল্প রাস্তা তৈরি হচ্ছে কি ? ওখানকার মানুষ কীভাবে জল পাবে, কীভাবে পানীয় জল তারা পাবে সেটা জানার জন্য আপনাকে অনুরোধ করছি।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সম্প্রতি মুখ্যমন্ত্রী জঙ্গলমহল এবং বাঁকুড়ার একটা অংশে, সারেঙ্গা ইত্যাদি এলাকায় বলেও এসেছেন এবং ওখানে বেশ কিছু টাকা খাবার জলের ব্যবস্থা করার জন্য স্যাংশন করেছেন। আমরাও কাজ শুরু করে দিয়েছি। কারণ একটু আগেই আমি বললাম যে এই নদীগুলিতে কংসাবতী, দ্বারকেশ্বর, বরাকর এই নদীগুলোতে ওয়াটার হার্ভেস্টিং স্কিম ছাড়াও আমরা আর একটা বড় স্কিম গ্রহণ করতে চলেছি। সেটা সরাসরি ডিভিসি থেকে বড়জোড়া-মেজিয়া হয়ে অনেকগুলো মৌজার কভার করে বাঁকুড়া সদরে পৌঁছবে। এই স্কিমটা হয়ে গেলে আর জল গেলে, জল যদি অপচয় না হয়, আর যদি পাইপ ফাটিয়ে লোকে নিয়ে না যায় বা ইন্ডাস্ট্রি থেকে চুরি না হয় তাহলে, আমার মনে হয় বাঁকুড়া আর তত খরাপ্রবণ থাকবে না, যদিও খরাপ্রবণতা সেটা তো প্রকৃতির দান। জলের অপচয় না হলে কিন্তু ৭০ লিটার করে খাবার জল ও রান্না ইত্যাদি করার জন্য যে মিনিমাম জল লাগে, সেক্ষেত্রে আমরা পার ক্যাপিটা ৭০ লিটার জল আপনাদের পৌঁছে দেওয়ার ব্যবস্থা করতে পারবই।

[11.40—11.50 a.m.]

শ্রী নারায়ণ মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমি জানতে চাইছি—উনি বলেছেন উত্তর ২৪-পরগনা জেলায় আর্সেনিক প্রভাব খুব বেশি। উত্তর ২৪-পরগনা জেলার বসিরহাটে ইছামতী নদীর জলে বছরে চার মাস, পাঁচ মাস স্যালাইন থাকে, এটাকে ট্রিটমেন্ট করে স্বাদু জলে পরিণত করে, শহরের মধ্যে এবং শহরের বাইরেও সাপ্লাই করার জন্য কোনো পরিকল্পনা আপনার আছে কি ?

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, আমি একটু আগেই বলেছিলাম একজন প্রশ্ন করেছিলেন পূর্ব মেদিনীপুর থেকে। এখন স্যালাইন থেকে নতুন প্রযুক্তিতে বিভিন্ন রাজ্য প্রচুর মিঠে জল তাঁরা তৈরি করছেন এবং এটা বড় কোনো অসম্ভব কাজ নয়। আমরা প্রথমে একটি টোকেন হিসাবে পূর্ব মেদিনীপুর করছি। তিনটি জেলা এই স্যালাইন-প্রবণ জেলা—উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা ও পূর্ব মেদিনীপুর। পূর্ব মেদিনীপুরে আমরা একটা করছি, ওটা কতটা সাকসেসফুল হয় দেখে, তারপর আমরা স্যালাইনে ঢুকব। আর আপনারা জানেন আমরা বাইপাস করে ডাইরেক্ট নদী থেকে জল নিয়ে অলরেডি আপনারা জানেন হাবড়া, বারাসাত অঞ্চলে অনেকটা সাকসেসফুল হয়েছি এবং সেরকম পরিকল্পনার সোর্স যদি থাকে, আমরা করছি। আর ইছামতীতে পৌছব, সেই পরিকল্পনা আমাদের মাথায় আছে। এটা টেস্ট কেস পূর্ব মেদিনীপুর করার পরে হবে।

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে, তার উত্তরের পরিপ্রেক্ষিতে অতিরিক্ত প্রশ্ন—মহানন্দা জল প্রকল্প যখন গড়ে তোলা হয়, ফুলবাড়ি গ্রাম পঞ্চায়েত থেকে ৮৪ একর জমি অধিগ্রহণ করা হয়েছে। তখন গ্রাম পঞ্চায়েত থেকে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল—এই প্রকল্প থেকে জল তাদেরকেও দেওয়া হবে। সেই প্রতিশ্রুতি রক্ষা না করার ফলে ফুলবাড়ি গ্রাম পঞ্চায়েত-২-তে প্রবল বিক্ষোভ আছে, পুঞ্জীভূত ক্ষোভ আছে। মাননীয় মন্ত্রী অতি সম্প্রতি সেই এলাকা পরিদর্শন করেছেন, এই বিষয়টি তার গোচরে এসেছে কিনা, এসে থাকলে তিনি কোনো পদক্ষেপ নেওয়ার কথা ভাবছেন কিনা ?

শ্রী সুব্রত মুখার্জী : উনি ঠিকই বলেছেন, বিক্ষোভ দেখায়নি, তবে তাঁরা ডেপুটেশন দিয়েছিলেন এবং আমি এই ব্যাপারটা অবগত আছি। সেই জন্য আপনি দুটো জিনিসকে টার্গেট করছেন—টি গার্ডেনগুলোয় জলের কোনো ব্যবস্থা নেই ডাইরেক্টলি, তার মধ্যে আপনার এলাকাও পড়ে, শহর পড়ে। আর তিস্তা থেকে ডাইরেক্ট শিলিগুড়িতে আর একটা লাইন করতে হবে। ফুলবাড়ি যখন করা হয়েছিল তখন পাঁচ লক্ষ-সাড়ে পাঁচ লক্ষ লোক ছিল শিলিগুড়িতে। এখন লোকসংখ্যা জ্যামিতিক হারে বেড়েছে। সম্ভবত ফুলবাড়িতে আর perennial nature-তে হলেও, একেই তো জল নেই তাতে—সমস্ত মানুষকে জল দেওয়ার পরিকল্পনা করা যাবে। কাজেই তিস্তা থেকে যখন আসবে এই মৌজাগুলোকে ধরেই, যারা ডিপ্রাইভ হয়েছে, আমি কথা দিয়েছি এই মৌজাগুলো ধরেই আমরা পরিকল্পনা গ্রহণ করব।

বাঁকুড়া পৌরসভার অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণ

*৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪২১) **শ্রী কাশীনাথ মিশ্র :** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া পৌরসভায় অস্থায়ী কর্মচারীদের স্থায়ীকরণের বিষয়ে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে/হচ্ছে :

(খ) ওই কর্মচারীরা কি পি.এফ. ও অন্যান্য সুযোগ-সুবিধা পেয়ে থাকেন ; এবং

(গ) উক্ত পৌরসভায় ২০১০-২০১১ অর্থবর্ষের বাজেটে কী কী উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ?

শ্রী ফিরহাদ হাকিম :

(ক) বাঁকুড়া-সহ রাজ্যের অন্যান্য পৌরসভায় কর্মরত অস্থায়ী কর্মচারীদের চাকুরীগত এবং আর্থিক সুবিধা প্রদানের বিষয়টি বর্তমানে রাজ্য সরকারের পরীক্ষাধীন আছে।

(খ) বাঁকুড়া পৌরসভা থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী জানা যাচ্ছে যে, উক্ত পৌরসভায় নিযুক্ত অস্থায়ী কর্মচারীরা এই জাতীয় সুযোগ-সুবিধা পান না।

(গ) বাঁকুড়া পৌরসভা থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ২০১০-২০১১ আর্থিক বর্ষে পৌরসভার বিভিন্ন স্থানে নিম্নলিখিত উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল :

১. ড্রেন সংস্কার ও নির্মাণ—১০,২৮০ মিটার
২. কংক্রিট রাস্তা নির্মাণ—১৮.৮৯২ কিমি
৩. পিচ রাস্তা নির্মাণ—৬.২৫ কিমি
৪. কালভার্ট নির্মাণ—১১৮টি
৫. পাম্প হাউস নির্মাণ—৫টি
৬. জলের নতুন পাইপলাইন স্থাপন ও পুরাতন পাইপ লাইন প্রতিস্থাপন—২২.৭৬ কিমি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়কে অতিরিক্ত প্রশ্ন। আপনি এই যে (ক) প্রশ্নের উত্তরে বলেছেন যে "বাঁকুড়া সহ রাজ্যের অন্যান্য পৌরসভায় কর্মরত অস্থায়ী কর্মচারীদের চাকুরিগত এবং আর্থিক সুবিধা প্রদানের বিষয়টি বর্তমানে রাজ্য সরকারের পরীক্ষাধীন আছে।" এই যে অস্থায়ী কর্মচারী বা ক্যাজুয়াল লেবার তারা আপনার কর্মরত অবস্থায় দীর্ঘদিন ধরে রয়েছে। বামফ্রন্ট সরকারের রাজত্বে হয়েছে, বামফ্রন্ট সরকারের রাজত্বে তারাই লোক নিয়েছেন। আপনারা তাদের দেখেননি।

(গোলমাল)

বামফ্রন্ট সরকারের রাজত্বে এই সব হয়েছে, বামফ্রন্ট সরকারের রাজত্বে তারা এই রকম অব্যবস্থা করে রেখেছে। আজকে ক্যাজুয়াল লেবার বা অস্থায়ী কর্মচারীরা মারা পড়ছে। মন্ত্রী মহাশয় বলেছেন যে, "রাজ্য সরকারের পরীক্ষাধীন আছে।" কীভাবে পরীক্ষাটা হচ্ছে, এটা কত তাড়াতাড়ি হবে মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি ?

শ্রী ফিরহাদ হাকিম : এটা আপনি একদম ঠিকই বলেছেন। যেখানে কর্মচারী দরকার সেখানে অনেক জায়গায় কর্মচারী নেওয়া হয়নি আর যেখানে দরকার নেই সেখানে

অতিরিক্ত কর্মচারী স্ট্রেন্থ দেওয়া হয়েছে। পৌরসভায় দরকারের থেকে বেশি অন্যান্য সুযোগ, অন্যান্য দরকারের দিকে খেয়াল রেখেছে আগের সরকার। তাই আমি এই সিস্টেমগুলো একবার স্টাডি করছি। সত্যি সত্যি পৌরসভার কোথায় কতগুলো ভেকেন্ট পোস্ট আছে, কোথায় কতগুলো কর্মচারী দরকার সেইগুলোকে আমরা প্রত্যেকটা পৌরসভা থেকে লিস্ট আনিয়ে রেখে তারপর একটু সময় নিয়ে এইগুলো বিচার-বিবেচনা করে আমরা যথাযথ ব্যবস্থা নেব।

শ্রী কাশীনাথ মিশ্র : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় অধ্যক্ষ মহাশয়ের অনুমতি নিয়ে। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে অস্থায়ী কর্মচারীদের, বর্তমানে ক্যাজুয়াল কর্মচারী, তারা প্রকৃতপক্ষে ন্যূনতম মজুরিটা পাচ্ছে কিনা ? তারা যদি আজকে পেয়ে থাকে তারপর তাদের জন্য পি.এফ. বা অন্যান্য সুযোগ-সুবিধাগুলো, তাদের বোনাস থেকে আরম্ভ করে কর্মরত অবস্থায় মারা গেলে সেখানে তাদের চাকরি, ডাই-ইন-হারনেসে চাকরি দেওয়ার পরিকল্পনা বা কি পদ্ধতিতে হচ্ছে বা চলছে সেটা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

শ্রী ফিরহাদ হাকিম : ভারত সরকারের আইন অনুযায়ী প্রতিটি এমপ্লয়িকে সে কন্ট্রাক্টের ভিত্তিতে হোক বা অন্যভাবে হোক তাদের প্রভিডেন্ট ফান্ডে তাদের কাছ থেকে প্রায় ১২.৫% এবং বাকি এমপ্লয়ার, এখানে পৌরসভা ১৩% দেওয়ার কথা। কিন্তু বেশির ভাগ জায়গায় যেহেতু পৌরসভাগুলোর আর্থিক অবস্থা সেইরকম নয় কিংবা এতদিন ধরে রাজ্য সরকার সেই উদ্যোগটা নেয়নি, তাই এই প্রভিডেন্ট ফান্ডটা বেশির ভাগ জায়গায় পৌরসভা দেয় না। তাই অস্থায়ী কর্মচারীদের যে অধিকার সেই অধিকার থেকে তারা বঞ্চিত আছে। ডাই-ইন-হারনেস অস্থায়ী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়। তাই এই ব্যাপারে আমরা এখনও কোনো সিদ্ধান্ত নিয়ে উঠতে পারিনি।

[11.50–12.00 noon]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের অনুমতিক্রমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই যে ড্রেন সংস্কার ও নির্মাণ—১০,৮২০ মিটার, কংক্রিট রাস্তা নির্মাণ—১৮.৮৯২ কিমি, পিচ রাস্তা নির্মাণ—৬.২৫ কিমি, কালভার্ট নির্মাণ—১১৮টি, পাম্প হাউস নির্মাণ—৫টি এবং জলের পুরাতন পাইপ পাল্টে নতুন পাইপ লাইন প্রতিস্থাপন—২২.৭৬ কিমি যেগুলো দিয়েছেন, এগুলোর ব্যাপারে গত বামফ্রন্ট সরকার কোনো টাকা আপনার এখানে বরাদ্দ করে দিয়েছে কি ? এই যে কাজগুলো ২০১০-১১-এর, অতএব তাদের দায়-দায়িত্বটা ছিল। সেই পরিপ্রেক্ষিতে এগুলোর জন্য কত পরিমাণ টাকা বরাদ্দ করা হয়েছে ?

শ্রী ফিরহাদ হাকিম : এই ব্যাপারে প্ল্যান অ্যান্ড নন-প্ল্যান দুটো কিস্তিতে দেওয়া হয়েছে এবং শেষ কিস্তি যেটা আমাদের নন-প্ল্যান এক্সপেন্ডিচার, তার রেকর্ড এখন আমার কাছে নেই। সেই প্ল্যানের ক্ষেত্রে এবং নন-প্ল্যানের ক্ষেত্রে নতুন সরকার আসার পরে দুটো কিস্তি আমরা দিয়েছি।

শ্রী তজমুল হোসেন : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—আপনি জানেন বিগত সরকার আমাদের চাঁচল মহকুমায় একটা পৌরসভা নির্বাচন করার কথা ঘোষণা করেছিলেন। এখনও পর্যন্ত তা বাস্তবায়িত হয়নি। আপনি নতুন মন্ত্রী হয়ে এসেছেন। চাঁচল মহকুমায় পৌরসভার কাজটা কতদিনে বাস্তবায়িত হবে দয়া করে জানাবেন কি ?

শ্রী ফিরহাদ হাকিম : Sir, supplementary questions should be related to the original question. In this case it is not related this the original question. Sir, under the circumstances. I cannot answer this question.

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অতিরিক্ত প্রশ্ন এখানে যদিও বাঁকুড়া নিয়ে এসেছে, আমি একটা সাধারণভাবে সুযোগ পেয়েছি বলেই বলছি। বিভিন্ন পৌরসভার ক্যাজুয়াল স্টাফ যেগুলো রয়েছে, খুব স্বাভাবিকভাবে এই ক্যাজুয়াল স্টাফ নেওয়ার পেছনে নিশ্চিতভাবে একটা কারণ আছে। কারণ দীর্ঘদিন ধরে পৌরসভাগুলোর বহু পদ খালি হয়ে রয়েছে। রিটায়ারমেন্টের পর দেখা যাচ্ছে যে সেই পদগুলো স্যাংশন হচ্ছে না। যার ফলে কিছু কিছু জায়গায় ক্যাজুয়াল নেওয়া হচ্ছে এমার্জেন্সী কাজগুলো চালু রাখার জন্য। আমার বক্তব্য এর আগে সমস্ত পৌরসভায়, ১২৭টি পৌরসভা ইনক্লুডিং কর্পোরেশন সবগুলোতে একটু পর্যালোচনা করার জন্য স্টাফ নর্মস তৈরি করা হয়েছিল। একটা কমিটিও তৈরি করা হয়েছিল। সেই কমিটি একটা রিপোর্টও করছিল। বিভিন্ন ক্যাটাগরী অনুযায়ী সেই স্টাফ নর্মসের প্যাটার্ন তৈরি করে গভর্নমেন্টের কাছে জমা পড়েছিল। যতদূর জানি, এটা সঠিক নাও হতে পারে, যে এটা ফিনান্সে গিয়েছিল। সেটা কোন জায়গায় আছে ? সেটা যদি আপনি করতে পারেন তাহলে ক্যাজুয়ালটা বন্ধ হবে। নাহলে এমার্জেন্সী কাজ করতে গিয়ে অনেক সময় ক্যাজুয়ালদের দরকার হয়। সেটা পৌরসভার পক্ষে একটু ব্যয়বহুল হবে। এই ব্যাপারে স্টাফ নর্মসটা কোন অবস্থায় আছে ?

শ্রী ফিরহাদ হাকিম : আমাদের প্রত্যেকটা পৌরসভাতে আমরা একটা প্যাটার্ন অবলম্বন করছি। এগুলো আবার আমরা স্টাডি করছি। স্টাফ প্যাটার্ন অনুযায়ী প্রত্যেক চেয়ারম্যানকে এটা পাঠিয়েও দিয়েছি তাদের সাজেশনের জন্য। তাদের স্টাফ প্যাটার্নের মধ্যে দিয়ে তাদের পৌরসভার রিকোয়ারমেন্টগুলো ফুলফিল হচ্ছে কিনা এবং সেই রিপোর্ট যখন আমাদের কাছে এসে যাবে তখন নিশ্চিতভাবে আমাদের এখানে সেটা পেশ করব। দ্বিতীয়ত হচ্ছে আমাদের এখানে অ্যাপ্রুভ স্টাফের মধ্যে যেখানে যা আছে, সেটা পৌরসভাকে বলেছি আমাদেরকে পাঠান। যতদূর সম্ভব আমরা এগুলো ফুলফিল করার চেষ্টা করব।

শ্রী তোয়াব আলি : স্যার, মাননীয় বিধায়ক শ্রী কাশীনাথ মিশ্রের প্রথম প্রশ্নের উত্তরে জানিয়েছেন যে, ওই অস্থায়ী কর্মচারীদের বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা চলছে। আমার প্রথম প্রশ্ন হচ্ছে, অনেকগুলো পৌরসভাতে পোস্ট খালি আছে, কিছু নিয়োগের প্রসেসও চলছে আগেকার স্যাংসন্ড অনুযায়ী। আমার কথা হচ্ছে, সেই নিয়োগ প্রসেস চলছে, জেলায় অলরেডি কার্যকরী

হয়েছে। সেই ব্যাপারে নিয়োগ পদ্ধতি এখন চলবে না সেই নিয়োগ পদ্ধতি বন্ধ করে দিয়েছেন ? আর একটি ক্যাজুয়ালের বিষয়ে আমার প্রশ্ন হচ্ছে যে, ক্যাজুয়াল দীর্ঘদিন ধরে আছে। যে পোস্টগুলো খালি আছে এখনও, সেই স্যাংসন্ড পোস্টগুলো নিয়োগের ক্ষেত্রে, এই অস্থায়ী কর্মচারীদের ওই পোস্টে নিয়োগের ক্ষেত্রে কোনো অগ্রাধিকার দেওয়ার পরিকল্পনা গ্রহণের বিষয়ে কোনো চিন্তা আছে কিনা বা দেওয়া যাবে কিনা ?

শ্রী ফিরহাদ হাকিম : আগের প্রশ্নটা আমি বলি যে, কোনো প্রসেস আমাদের নতুন সরকার আসার পর বন্ধ করা হয়নি। যে প্রসেসগুলো চলছে, সেগুলো চলছে। প্রত্যেক চেয়ারম্যানকে ডেকে বলা হয়েছে যে, আমরা অতিরিক্ত নিয়োগের ক্ষেত্রে যাদের যতটা না নিলে নয়, পৌরসভা চালাতে সেই স্টাফগুলোকে নেবার জন্য যে প্রসেসের প্রয়োজন সেই প্রসেসটাকে কমপ্লিট করা দরকার। সেই জন্য করা হয়েছে এবং অস্থায়ী কর্মচারীর ক্ষেত্রে বলি যে, ২০০৯ সালে মহামান্য সুপ্রীম কোর্ট-এর আদেশ বলে সরাসরি কোনো শূন্যপদে ক্যাজুয়াল নিয়োগ করা সম্ভব হচ্ছে না। এটা সুপ্রীম কোর্টের রুলিং অনুযায়ী আমরা এই কাজটাকে ডাইরেক্টলি করতে পারিনি।

সরকারি কর্মচারী ও শিক্ষকদের পেনশন

*৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯) **শ্রী আনিসুর রহমান** : অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে সরকারি কর্মচারী ও শিক্ষকদের পেনশন প্রদানের ক্ষেত্রে কী পদ্ধতি চালু আছে ; এবং

(খ) কবে থেকে সম্পূর্ণভাবে ব্যাংকের মাধ্যমে পেনশন প্রদানের কাজ শুরু হবে বলে আশা করা যায় ?

ডঃ অমিত মিত্র :

(ক) বর্তমানে সরকারি কর্মচারি ও শিক্ষকদের পেনশন ব্যাঙ্কের মাধ্যমে প্রদান করা হয়। তবে খুব অল্প ক্ষেত্রে যাদের পেনশন বহু আগে শুরু হয়েছিল, তাদের ক্ষেত্রে পেনশন ট্রেজারি কাউন্টার থেকে প্রদান করা হয়। এছাড়াও সরকারি ও কলেজ শিক্ষকদের পেনশন খুব অল্পক্ষেত্রেই এ জি কাউন্টার থেকে প্রদান করা হয়।

বর্তমানে স্কুল শিক্ষকদের প্রত্যেকের পেনশন ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়।

(খ) বর্তমানে যাঁরা রিটায়ার করেছেন সেই সমস্ত শিক্ষক ও সরকারি কর্মচারীদের পেনশন সম্পূর্ণভাবে ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়।

শ্রী আনিসুর রহমান : অসংখ্য ধন্যবাদ মাননীয় অর্থমন্ত্রীকে। আমি কিছুটা বিস্মিত হয়ে গিয়েছিলাম। কিছুদিন আগে মাননীয়া মুখ্যমন্ত্রী, উনি এখানে আছেন, ঘোষণা করেছিলেন

এখন থেকে পেনশন ব্যাংক-এ দেওয়া হবে। আমি ঘাবড়ে গিয়েছিলাম যে ব্যাংকের মাধ্যমে তো চালু আছেই, আমি নিজেও পেনশন পাই। আবার, নতুন করে বলে দিতে হবে। যাইহোক, আমার প্রশ্ন হচ্ছে, এখনও অবধি কত শিক্ষক এবং কত সরকারী কর্মচারীর কেস পেন্ডিং আছে ? এটাকে আপ-টু-ডেট করার জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে ? আর যে সমস্ত এলাকায় ৯০০ জি.পি-তে আমাদের ব্যাংকের ব্রাঞ্চ নেই, সেখানে যে সমস্যাগুলো হচ্ছে তার সমাধানের জন্য কোনো পরিকল্পনা আছে কি ? দয়া করে জানাবেন।

ড. অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, জবাবে আমি প্রথমে বলতে চাই যে, এই যে খুব কম সংখ্যক মানুষ যারা এ.জি.-এর তরফ থেকে অথবা অলটারনেটিভের কাছ থেকে পয়সা নিচ্ছেন তাদের সংখ্যা শুনে খুশি হবেন যে ২১৪৯, তার মানে ০.৪৯% ট্রেজারি কাউন্টার থেকে নেন এবং এ.জি. কাউন্টার থেকে নেন ০.৫১%। এবার আমি আসছি ডাইরেক্ট প্রশ্নের উপরে যে, ডি.পি.পি.জি. অফিসের মোট ৮,৮৩৪টি পেনশন কেস আন্ডার প্রসেস আছে। এর জন্য শুনে খুশি হবেন যে, ১৪ জনকে আলাদা করে এই কাজে লাগানো হয়েছে। যাতে তাড়াতাড়ি তাঁরা এগুলো dispose of করে দিতে পারে। ROPA-Revision of Pay and Allowances ২০০৯ সালের অনুসারে revised pension ৩২ হাজার ৬০৭টি under process আছে। তার মানে আগের সরকার এতজনকে under process রেখে গিয়েছিল। আমরা সেই জন্য ৩৮ জনকে experienced লোককে re-employ করে এই caseগুলোকে dispose of করার জন্য নির্দেশ দিয়েছি। A.G. অফিসে মোট ৫ হাজার ২০০টি পেনশন কেস under process আছে এবং সেগুলো দ্রুতগতিতে dispose of করার জন্য extra personnel দিয়ে আমরা এগিয়ে যাচ্ছি। যে গুরুভার আমাদের ওপর ছেড়ে গেছে previous Government সেগুলোকে adjust করার জন্য aggressively আমরা address করছি।

[12.00—12.10 p.m.]

শ্রী আনিসুর রহমান : আমার দ্বিতীয় সাপ্লিমেন্টারী হচ্ছে, Ad-hoc pension দেওয়ার ব্যবস্থা এখন চালু আছে কিনা ? থাকলে আবেদন করার কতদিনের মধ্যে Ad-hoc pension পেয়ে থাকে ?

ড. অমিত মিত্র : এই প্রশ্নের detail জবাব, যেহেতু আমার কাছে number গুলো নেই, আমি আপনাকে জানিয়ে দেব, place করে দেব আপনার satisfaction-এর জন্য।

শ্রী আনিসুর রহমান : ধন্যবাদ। তিন সাপ্লিমেন্টারী। এই নতুন পেনশন যখন চালু হয় তখন সরকারের একটা নির্দেশ ছিল যে 'অপশন' দিতে হবে যারা যারা নতুন স্কিমে আসতে চায়। বেশিরভাগই অপশন দিয়েছিলেন কিন্তু কিছু অপশন দেননি। পরবর্তীকালে যে কারণেই হোক তাঁরা বুঝেছেন যে পেনশন পেলে ভালো হয়। তাঁরা সরকারের কাছে আবেদনও করেছিলেন এবং আমি জানি কেসটা অর্থ দপ্তরে পড়ে আছে। যাঁরা এই ধরনের লোক আছেন, শিক্ষক বা কর্মচারী, যাইহোক না কেন, মূলত শিক্ষক, যাঁরা এই নতুন স্কিমে এখন আসতে চান তাঁদের এই সুযোগ দেওয়ার পরিকল্পনা আপনার আছে কিনা এটা আমি জানতে চাই।

ড. অমিত মিত্র :' এ সম্বন্ধে বলি আপনাকে, নম্বরগুলো শুনে খুশি হবেন। সরকারি পেনশনের সংখ্যা আজ ২ লক্ষ ২৩ হাজার ৫৯৯। স্কুল-শিক্ষক, অ-শিক্ষক, যারা শিক্ষার মধ্যে নেই কিন্তু supportive staff ১ লাখ ৯০ হাজার ৭৪১। College শিক্ষক এবং যারা supportive staff ৫৪৮ জন এবং পঞ্চায়েতে ৭ হাজার ৭৫ জন আছে। Total হচ্ছে, ৪ লক্ষ ২৯ হাজার ৯৬৩ জন। এর additional যে সমস্ত কথা আপনি বলছেন সেগুলো সম্বন্ধে নিশ্চয় সময়মতো আপনাদের জানিয়ে দেব। আপনি বলছেন finance ministry-তে পড়ে আছে। আপনার কাছে হয়তো খবর অনেক বেশি আছে, finance ministry-র মধ্যে কী হয় জানেন। আমি আপনাকে সময়মতো নিশ্চয় তা detail জানিয়ে দেব to your satisfaction.

Mr. Speaker : Question Hour is over. Let us go on to the next agenda.

Starred Questions

(to which answers were laid on the table)

রাজ্য সরকারের ঋণ

*৯২। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৭) **শ্রী মনোরঞ্জন পাত্র :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে মার্চ, ২০১১ সাপেক্ষে রাজ্য সরকারের মোট ঋণের পরিমাণ কত ?

অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

সংশোধিত বরাদ্দ ২০১০-২০১১ অনুযায়ী এই ঋণের পরিমাণ ১,৮৫,৬৬০.৪৭ কোটি টাকা।

জঞ্জাল অপসারণের গাড়ি

*৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৯) **শ্রী অশোক ঘোষ :** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া পৌরসভায় জঞ্জাল অপসারণের জন্যে বর্তমানে কতগুলি গাড়ি আছে ; এবং

(খ) বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় কতগুলি গাড়ি কেনা হয়েছে ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হাওড়া পৌর নিগম থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী জঞ্জাল অপসারণের জন্য বর্তমানে আনুমানিক ৮৪৬টি হাতগাড়ি এবং ৩৮টি ট্রাক/লরি/মিনিট্রাক ব্যবহৃত হচ্ছে। এছাড়া রাস্তায় ঝাড়ু দেওয়ার জন্য ২টি সুইপিং মেশিন ব্যবহৃত হচ্ছে।

(খ) হাওড়া পৌরনিগম থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী জঞ্জাল অপসারণের গাড়ি কেনার জন্য হাওড়া পৌর নিগম বিশ্বব্যাংকের থেকে কোনো আর্থিক সাহায্য পায়নি।

চটকল শ্রমিকদের বেতন কাঠামো পুনর্বিন্যাস

*৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৬) শ্রী এস. এম. সাদি : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মোট চটকল শ্রমিকের সংখ্যা কত ;

(খ) চটকল শ্রমিকদের বেতন-কাঠামো পুনর্বিন্যাসের বিষয়ে কোনো পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি না ; এবং

(গ) হয়ে থাকলে, পরিকল্পনাটির রূপরেখা কি ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যের চটকল শ্রমিকের আনুমানিক সংখ্যা ২.৫০ লক্ষ।

(খ) রাজ্য সরকার শ্রম বিভাগের রেজোলিউশন নং ৮৬২-আই.আর. তাং ৩০/০৭/২০১০ অনুযায়ী 'স্টেট ওয়েজ বোর্ড ফর জুট ইন্ডাস্ট্রি' গঠন করেছিল।

(গ) 'স্টেট ওয়েজ বোর্ড ফর জুট ইন্ডাস্ট্রি' এর মেয়াদ গত ৩১/০৩/২০১১ তারিখে শেষ হয়েছে। দশটি মিটিং হয়েছে। কোনো সুপারিশ জমা পড়েনি।

Number of Prisoners in Alipore Central Jail

*97. (Admitted Question No. *751) **Md. Ghulam Rabbani :** Will the Minister-in-charge of the Correctional Administration Department be pleased to state-

(a) number of Prisoners in Alipore Central Jail (as on 30.6.2011) ; and

(b) number of Wardens engaged ?

The Minister-in-charge of the Correctional Administration Department :

(a) Total-1739

(b) Total number of wardens as on 30.06.2011 is 210.

বাঁকুড়া জেলায় বিদ্যুতায়ন

*৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬২) শ্রী উপেন কিসকু : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সর্বশেষ তথ্য অনুযায়ী (*৩১শে মার্চ, ২০১১ পর্যন্ত) বাঁকুড়া জেলায় কতগুলি মৌজা বিদ্যুতায়িত হয়েছে (ব্লকওয়ারি তথ্য) ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩১শে মার্চ, ২০১১ পর্যন্ত বাঁকুড়া জেলায় ৩৫৭৭টি মৌজা বিদ্যুতায়িত হয়েছে।

ব্লকওয়ারী তথ্য

ক্রমিক সংখ্যা	ব্লক	বিদ্যুতায়িত মৌজার সংখ্যা
১	বড়জোড়া	১৮২
২	গঙ্গাজলঘাটি	১৫৫
৩	মেজিয়া	৭২
৪	সোনামুখী	১৫৯
৫	সালতোরা	১৪৬
৬	ছাতনা	২৭৬
৭	ইন্দপুর	১৯৭
৮	বাঁকুড়া-১	১৩৬
৯	বাঁকুড়া-২	১৪৪
১০	বিষ্ণুপুর	১৪৭
১১	পাত্রসায়ের	১৫০
১২	ইন্দাস	১২৯
১৩	কোতুলপুর	১৬৬
১৪	জয়পুর	১৩৭
১৫	ওণ্ডা	২৬৯
১৬	তালডাংড়া	১৪১
১৭	সিমলাপাল	১৯০
১৮	খাতরা	১৪৮
১৯	হীড়বাঁধ	১১৬
২০	রানীবাঁধ	১৬৯
২১	রায়পুর	১৯৭
২২	সারেঙ্গা	১৫১
	মোট :	৩৫৭৭

"Rajiv Gandhi Gramin Bidyutyan Yojna" in Jalpaiguri District

*99. (Admitted Question No *800) **Shri Joseph Munda** : Will the Minister-in-charge of the Power Department be pleased to state–

Number of new electricity connection given/proposed to be given in "Rajiv Gandhi Bidyutyan Yojna" in the district of Jalpaiguri (as on 30.06.2011) ; and blockwise details thereof ?

The Minister-in-charge of the Power Department :

Rajiv Gandhi Gramin Vidyutikaran Joyna (RGGVY) is not being implemented in the district of Jalpaiguri. A similar programme funded by the State Government is being implemented in the district and the answser related to that is given below. As on 30.06.2011, no. of new electricity connection given (BPL) is 42040.

No. of new electricity connection proposed to be given is 61136.

Block-wise details are given below :

Sl. No.	Name of Block	No. of New electricity connection given	No. of New electricity connection proposed to be given in addition to the connection already given
1.	Raigunj	7844	5365
2.	Malbazar	4001	10781
3.	Maynaguri	8386	2621
4.	Sadar	4816	3257
5.	Matiali	1706	114
6.	Nagarkata	1723	1257
7.	Madarihat	1179	3609
8.	Falakata	1121	15359
9.	Dhupguri	3742	6187
10.	Kalchini	350	1403
11.	Kumargram	2860	3352
12.	Alipurduar-I	2636	2692
13.	Alipurduar-II	1676	5139
Total : .		**42040**	**61136**

বেকার সমস্যা নিরসনে গৃহীত পদক্ষেপ

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৮) শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের ক্রমবর্ধমান বেকার সমস্যা সমাধানে সরকার কি কোনো পরিকল্পনা গ্রহণ করেছে/করছে ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

কর্মবিনিয়োগ কেন্দ্রে নথিভুক্ত কর্মপ্রার্থীদের স্বার্থে নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে :

(ক) নথিভুক্ত কর্মপ্রার্থীদের দক্ষতা-বৃদ্ধি প্রকল্প :

পশ্চিমবঙ্গের কর্মবিনিয়োগ কেন্দ্রগুলিতে বর্তমান কাজের বাজারের উপযুক্ত দক্ষ ও যোগ্য করে গড়ে তোলার লক্ষ্যে ২০০৭ সালের ১লা আগস্ট পশ্চিমবঙ্গ সরকারের শ্রম দপ্তর একটি প্রকল্প চালু করেন। যার নাম—'নথিভুক্ত কর্মপ্রার্থীদের দক্ষতা বৃদ্ধি প্রকল্প'। এই প্রকল্পটি আসলে একাধিক কর্মসূচির সমাহার। সেগুলি হল :

(১) প্রশিক্ষণ কর্মসূচি : বর্তমান ৯০০ (নয়শত)-র অধিক সরকারি ও বেসরকারি প্রশিক্ষণ প্রদানকারী সংস্থার মাধ্যমে ইনফরমেশন টেকনোলজি, প্যারামেডিক্যাল থেকে রিটেল ম্যানেজমেন্ট, অ্যাকাউন্টিং অ্যান্ড ফিনান্স, অটোমোবাইল, কনস্ট্রাকশন অ্যান্ড আর্কিটেকচার সহ তিরিশটিরও অধিক মূল বিষয়ের অধীনে বিভিন্ন কোর্সে প্রশিক্ষণ দেওয়া হয়। যে সব কর্মপ্রার্থী অন্তত দু বছর ধরে কোনো কর্মবিনিয়োগ কেন্দ্রে নথিভুক্ত রয়েছেন ও যাদের বয়স ন্যূনতম কুড়ি বছর তারা এই প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারেন। কোর্স ফির ৫০% অথবা ৫০০০ টাকার মধ্যে যেটি অপেক্ষাকৃত কত তা সরকারি অনুদান হিসাবে দেওয়া হয়। কর্মসূচির শুরু থেকে আজ অবধি ৮৫ (পঁচাশি) হাজারের ওপর কর্মপ্রার্থী এই সুবিধা গ্রহণ করেছেন। তার মধ্যে ৬,৪৫৮ জন প্রার্থী চাকরি পেয়েছেন বলে এখন অবধি জানা গেছে।

(২) নথিভুক্ত কর্মপ্রার্থীদের বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষায় প্রস্তুত করার জন্যে মহড়া পরীক্ষার আয়োজন করা হয়। পরবর্তীতে ওই পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বিশেষ কোচিং-এর ব্যবস্থাও করা হয়েছে। মহড়া পরীক্ষায় (Mock Test) আজ অবধি ৩,১৮,৭৫৮ জন নথিভুক্ত কর্মপ্রার্থী আবেদন করেছেন তার মধ্যে ১,৯০,০৫১ জন পরীক্ষায় অবতীর্ণ হয়েছেন।

এদের মধ্যে বিশেষ কোচিং (Special Coaching)-এ অবতীর্ণ হয়েছেন ৫,৫১৯ জন।

(৩) পশ্চিমবঙ্গের ৩৩টি কর্মবিনিয়োগ কেন্দ্রে ও ৫০টির ওপর কলেজে 'কেরিয়ার কর্নার' খোলা হয়েছে। এই কেরিয়ার কর্নারগুলিতে কেরিয়ার সংক্রান্ত বই, ম্যাগাজিন ইত্যাদি রাখা হয়েছে। কর্মপ্রার্থীরা যাতে বসে পড়াশুনা করতে পারেন সে ব্যবস্থাও করা হয়েছে।

(৪) যেসব কর্মপ্রার্থীরা অসংগঠিত ক্ষেত্র থেকে দক্ষতা অর্জন করেছেন কিন্তু সেই দক্ষতার শংসাপত্র না থাকায় তারা বহুক্ষেত্রেই হয় কাজ পাওয়া থেকে বঞ্চিত হচ্ছেন বা উপযুক্ত মজুরি পাচ্ছেন না। পরীক্ষার মাধ্যমে এদের শংসাপত্র প্রদান কর্মসূচির ও এই প্রকল্পের আওতায় রয়েছে।

(৫) এছাড়া প্রতিবন্ধী কর্মপ্রার্থীদের দক্ষতাবৃদ্ধি প্রশিক্ষণ ও তাদের শারীরিক, মানসিক ক্ষমতার মূল্যায়ন কর্মসূচিও রূপায়ণের পথে।

'স্কিল আপগ্রেডেশন' অ্যান্ড প্রি-ডিপারচার ওরিয়েনটেশন অফ এমিগ্রেন্ট ওয়ার্কার' এটি ভারত সরকারের অধীন 'মিনিস্ট্রি অফ ওভারসিজ ইন্ডিয়ান আফেয়ার্স'-এর প্রকল্প। পশ্চিমবঙ্গের কর্মবিনিয়োগ কৃত্যক এই রাজ্যে প্রকল্পটির রূপায়ণের দায়িত্ব পায়। এই প্রকল্পের অধীন ৯২ জন বিদেশে গমনেচ্ছু কর্মপ্রার্থীকে দক্ষতা-উন্নয়ন প্রশিক্ষণ ও গন্তব্য-দেশ সম্পর্কিত তথ্যাদি পরিবেশনের মাধ্যমে তাদের বিদেশের কাজের বাজারের উপযুক্ত করে গড়ে তোলা হয়। প্রশিক্ষণ শেষে কলকাতার পি.ও.ই. (PROTECTOR OF EMIGRANTS) অফিসে নথিভুক্ত 'রিক্রুটিং এজেন্টদের সাথে তাদের যোগাযোগ করানো হয়। বর্তমানে এই কর্মসূচির জন্য সংশ্লিষ্ট কেন্দ্রীয় সরকারি দপ্তর কোনো অর্থ বরাদ্দ না করায় কর্মসূচিটিকে পশ্চিমবঙ্গ শ্রম দপ্তরের 'দক্ষতা-বৃদ্ধি প্রকল্পের' আওতায় আনার একটি প্রস্তাব সরকারের চিন্তা-ভাবনার স্তরে রয়েছে।

(খ) কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে রাজ্য সরকার ১৯৮৫ সালের নথিভুক্ত বেকারদের জন্য 'স্বনিযুক্তি প্রকল্পের' (সেসরু) কিছু কিছু ধারা পরিবর্তন করে ২০০৯ সালে একটি নতুন স্বনিযুক্তি প্রকল্প তৈরি করে। এর নাম হল 'উদীয়মান স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প-২০০৮' (ইউ.এস.কে.পি.-২০০৮)।

এই প্রকল্পে দুই রকমভাবে ঋণ দেওয়া হয় যথা (ক) ব্যক্তিগত ঋণ ও (খ) যৌথ ঋণ।

প্রকল্প ব্যয়সীমা : সাধারণভাবে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার মধ্যে থাকতে হবে। এর মধ্যে সরকারি অনুদান ২৫% সর্বোচ্চ ১২,৫০০ টাকা।

যোগ্যতাবলী :

(১) বয়স—১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে। প্রতিবন্ধী, তপশিলি জাতি, তপশিলি উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণি নিয়মানুযায়ী ছাড় পাবে।
(২) কর্মসংস্থান কেন্দ্রে ১ বছর আগে নথিভুক্ত হতে হবে। তবে প্রতিবন্ধী,

তপশিলী জাতি, তপশিলী উপজাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণি, সংখ্যালঘু সম্প্রদায়, প্রাক্তন সেনা কর্মী ও মহিলা আবেদনকারীর ক্ষেত্রে নথিভুক্তকরণের জন্য কোনো সময়সীমা বেঁধে দেওয়া নেই। (৩) সরকারি প্রতিষ্ঠান বা ব্যাংক ঋণ খেলাপকারী কোনো প্রার্থী এই প্রকল্পের ঋণের জন্য বিবেচিত হবে না।

প্রকল্পের প্রধান বৈশিষ্ট্য :

(১) পারিবারিক আয়ের কোনো উর্ধ্বসীমা নেই।

(২) এই প্রকল্পে ঋণ নিলেও কর্মসংস্থান কেন্দ্রের কার্ড বাতিল হবে না।

(৩) একই পরিবারের একাধিক সদস্য/সদস্যা এই প্রকল্পে ঋণ নিতে পারে।

(৪) একাধিক কর্মপ্রার্থী যৌথভাবে এই প্রকল্পে ঋণ নিতে পারে।

* এখনও পর্যন্ত এই প্রকল্পে ঋণ অনুমোদনের জন্য ১০,৭৩৭ জনের নাম ব্যাংকে পাঠানো হয়েছে। তার মধ্যে ১৬৩১ জনের ঋণ ব্যাংক অনুমোদন করেছে ও ৬৯৫ জনকে ঋণ দেওয়া হয়েছে। অনুদান বাবদ ১,৪১,৬৪,৯৬৮.০০ টাকা দেওয়া হয়েছে।

(গ) এছাড়াও বন্ধ কল-কারখানার শ্রমিকদের বিশেষ প্রশিক্ষণের মাধ্যমে পুনরায় নিয়োজিত করার সুযোগ সৃষ্টির প্রকল্প সরকারের বিবেচনাধীন।

সামরিক বাহিনীতে নিয়োগে বিশেষ প্রশিক্ষণের একটি প্রকল্পও সরকারের বিবেচনাধীন।

(ঘ) **এমপ্লয়মেন্ট ব্যাংক** :

চাকরিপ্রার্থী ও নিয়োগকর্তাদের সুবিধার্থে সরকার একটি অনলাইন এমপ্লয়মেন্ট ব্যাংক তৈরি করবে। চাকরি-প্রার্থীদের চাকরির সম্ভাবনা বাড়াতে প্রয়োজন অনুসারে তাঁদের দক্ষতা বৃদ্ধির ওপরেও সরকার জোর দেবে।

আর্সেনিক মুক্ত পানীয় জল প্রকল্প

*১০১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪০) **শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী** : জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০শে জুন, ২০১১ সাপেক্ষে মালদা জেলায় মোট কতগুলি আর্সেনিক মুক্ত জল প্রকল্প সরকারের বিবেচনাধীন আছে ; এবং

(খ) উক্ত প্রকল্পগুলি বাবদ মোট কত টাকা ব্যয় করা হবে ?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মালদা জেলায় মোট ২৭টি ভূগর্ভস্থ নলবাহিত জল সরবরাহ প্রকল্প জনস্বাস্থ্য কারিগরি বিভাগ গ্রহণ করেছে। উল্লিখিত ২৭টি প্রকল্পের মধ্যে ৩টি প্রকল্প

২০১০-২০১১ সালে চালু করা হয়েছে। যার মাধ্যমে ২০১১ সালের আদমসুমারী অনুযায়ী ১০,৭২৬ জন অধিবাসীকে আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ করা হচ্ছে বাকি প্রকল্পগুলি আগামী ২০১২ সালের মার্চ মাস নাগাদ চালু করা যাবে বলে আশা করা যায়। অতিরিক্ত আরও একটি ভূপৃষ্ঠ জল প্রকল্প 'পারদেওনাপুর জল সরবরাহ প্রকল্প' নামে কালিয়াচক-৩ ব্লকে ২০১০-২০১১ সালে অনুমোদিত হয়েছে। যার দ্বারা ১৭টি গ্রামে ৩২,৭৭৬ জন অধিবাসী (২০০১ সালের আদমসুমারী অনুযায়ী) উপকৃত হবেন।

(খ) উক্ত ২৭টি প্রকল্প বাবদ ৬৩.২৫ কোটি টাকা ব্যয় হবে এবং অতিরিক্ত প্রকল্পটির জন্য মোট ৩১.২০ কোটি টাকা ব্যয় হবে।

ঝালদা শহরে পানীয় জল সরবরাহ

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৮) শ্রী নেপাল মাহাত : জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুবর্ণরেখা নদী থেকে জল নিয়ে ঝালদা শহর ও তুলিনে পানীয় জল সরবরাহের কোনো পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা কার্যকরী হবে বলে আশা করা যায় ?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পৌর এলাকা এবং নগর এলাকায় জল সরবরাহের কাজ সাধারণত পৌর কর্তৃপক্ষ এবং নগর স্থানীয় প্রতিষ্ঠানের আওতাভুক্ত।

যাই হোক, ঝালদা নগর এলাকায় পানীয় জলের সংকট প্রশমনে জনস্বাস্থ্য কারিগরি দপ্তর "Augmentation of water supply scheme for Jhalda Municipality along with water supply to 7 (seven) enroute mouzas" নামে একটি জল সরবরাহ প্রকল্প গ্রহণ করেছিল। প্রকল্পটি ২০১০ সালের এপ্রিল মাসে সফলভাবে চালু করা হয়েছে। যার মাধ্যমে ঝালদা পৌর এলাকার সম্পূর্ণ এবং সংলগ্ন ৭টি মৌজার (J.L. 270, No.s 2679, 265, 247, 264, 255, 268) ২০০১ সালের আদমসুমারী অনুযায়ী ৪১,৩২৭ জন অধিবাসী সুবিধা পাচ্ছে।

সুবর্ণরেখা নদীর উৎসের উপর ভিত্তি করে তুলিন অঞ্চলে জল সরবরাহের জন্য একটি মাস্টার প্ল্যানের (VISION-2020-র মাধ্যমে) প্রস্তুতি নেওয়া হচ্ছে।

(খ) বরাদ্দ অর্থ যথাসময়ে পাওয়া গেলে শীঘ্রই কার্যকরী করা হবে।

Unstarred Questions
(to which written answers were laid on the table)

চুঁচুড়া বিধানসভা কেন্দ্রে পরিশ্রুত পানীয় জল সরবরাহ

১। (অনুমোদিত প্রশ্ন নং ১৭০) **শ্রী অসিত মজুমদার** : জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

চুঁচুড়া বিধানসভা কেন্দ্রে অন্তর্গত কোদালিয়া-১, কোদালিয়া-২, রাজহাট, ব্যান্ডেল, সুগন্ধ্যা, পোলবা ও দেবানন্দপুর গ্রাম পঞ্চায়েতে বাড়ি বাড়ি পরিশ্রুত পানীয় সল সরবরাহের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে/হচ্ছে ?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

কোদালিয়া-১, কোদালিয়া-২, পোলবা অঞ্চলের অধিবাসীদের বাড়ি বাড়ি পরিশ্রুত নাদীয় জল সরবরাহের জন্য 'পোলবা (পুনর্নব) এবং ধরমপুর (পুনর্নব)' নামে দুটি প্রকল্প ২০১০-১১ সালে অনুমিত ব্যয় যথাক্রমে ২৪০.১৪ লক্ষ এবং ২৯৮.৮৬ লক্ষ টাকা অনুমোদন করা হয়েছে।

উভয় পুনর্নব প্রকল্পগুলি ২০১২ সালের জুন মাস নাগাদ সম্পূর্ণ হবে বলে আশা করা যায়। যার মাধ্যমে উল্লিখিত গ্রাম পঞ্চায়েতের অধিবাসীরা বাড়ি বাড়ি পরিশ্রুত পানীয় জলের সুবিধা পেতে পারে।

দেবানন্দপুর গ্রাম পঞ্চায়েতের বাসিন্দারাও বাড়ি বাড়ি পরিশ্রুত পানীয় জলের সুবিধা পেতে পারে, যখন চলমান 'চানপারাই' জল সরবরাহ প্রকল্পটি সম্পূর্ণ হবে, যেটা ২০১২ সালের মার্চ মাস নাগাদ সম্পূর্ণ হবে বলে আশা করা যায়।

রাজহাট, ব্যান্ডেল এবং সুগন্ধ্যা গ্রাম পঞ্চায়েতগুলিতে বাড়ি বাড়ি পরিশ্রুত পানীয় জল জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের বিদ্যমান জল সবররাহ প্রকল্পগুলি থেকে এই গ্রাম পঞ্চায়েতগুলিতে সরবরাহ করার সম্ভাবনা (Explored) খতিয়ে দেখা হবে।

এল.ডব্লিউ.ই.এরিয়া

২। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৭) **শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পুরুলিয়া জেলার জয়পুর ব্লক এল.ডব্লিউ.ই. এরিয়া থেকে বাদ পড়েছে ; এবং

(খ) যদি সত্যি হয়, তাহলে বাদ পড়ার কারণ কি ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) এল.ডব্লিউ.ই. এলাকায় বিশেষ গণবণ্টন ব্যবস্থা চালু হওয়ার প্রাক্কালে ৩টি জেলায়—পুরুলিয়া, বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুর—সেইসব ব্লকগুলিকে

অন্তর্ভুক্ত করা হয়, যেগুলি মাওবাদী দ্বারা আক্রান্ত হয়েছিল। অন্তর্ভুক্তিকরণের মাপকাঠিতে পুরুলিয়া জেলার জয়পুর ব্লক বাদ পড়ে যায়। তবে এই ব্লককে অন্তর্ভুক্ত করার জন্য প্রস্তাব জেলা থেকে পাওয়া গিয়েছে এবং তা দপ্তরের বিবেচনাধীন আছে।

জঙ্গলমহলে স্বল্পমূল্যে চাল সরবরাহ

৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৭) শ্রী ইনসার আলি বিশ্বাস : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সতি যে, জঙ্গলমহলে ২ টাকা কেজি দামে চাল সরবরাহ করা শুরু হয়েছে ;

(খ) যদি সত্যি হয়, কতজন উপভোক্তা এই সুবিধা পেয়েছেন ; এবং

(গ) সুবিধাপ্রাপ্ত উপভোক্তাগণ বি.পি.এল. তালিকাভুক্ত কি না ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, ইতিমধ্যে তিনটি জেলার ২৩টি ব্লকের নির্দিষ্ট বার্ষিক আয়ের মাপকাঠিতে পরিবারগুলিকে চিহ্নিত করে রাজ্য সরকার প্রদত্ত অতিরিক্ত ভর্তুকির সাহায্যে এই চাল সরবরাহ করা হচ্ছে।

(খ) উপভোক্তাদের চিহ্নিতকরণ চলছে। ১০.৮.২০১১ পর্যন্ত প্রায় সাড়ে নয় লক্ষ রেশনকার্ডধারী এই সুবিধা পাচ্ছেন।

(গ) হ্যাঁ।

আর্সেনিক মুক্ত পানীয় জল সরবরাহ

৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪৭) শ্রী ইনসার আলি বিশ্বাস : জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় হরিহরপাড়া ব্লকে আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ প্রকল্পের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(খ) কবে নাগাদ উক্ত প্রকল্প শেষ হবে বলে আশা করা যায় ?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ইতিমধ্যে জনস্বাস্থ্য কারিগরি বিভাগ ভাগীরথী নদীর উৎসের ওপর ভিত্তি করে "Surface water based water supply scheme of Murshidabad Central Sector (Part-II)" নামে একটি প্রকল্প গ্রহণ করেছে। যেটির লক্ষ্য হল সম্পূর্ণ হরিহরপাড়া ব্লক, আংশিক বহরমপুর ব্লক

এবং বেলডাঙা ব্লকের উন্মুক্ত এলাকার অধিবাসীদের আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ করা। প্রকল্পটির মাধ্যমে ৫.৪৯ লক্ষ (২০০১ সালের আদমসুমারী অনুযায়ী) অধিবাসীকে আওতাভুক্তর লক্ষ্যে মূল্যানুমান ব্যয় ১৮৩.৫০ কোটি টাকা অনুমোদিত হয়েছে।

(খ) উল্লিখিত প্রকল্পটির বৃহৎ অংশ ইতিমধ্যে সম্পূর্ণ করা হয়েছে এবং প্রকল্পটি সম্পূর্ণভাবে ২০১১ সালের ডিসেম্বর মাস নাগাদ চালু হবে বলে আশা করা যায়। উক্ত সময়ে হরিহরপাড়া ব্লকের অধিবাসীরা আর্সেনিকমুক্ত পানীয় জলের সুবিধা পাবে।

পশ্চিমাঞ্চলে সব্জী বাজারের পরিকল্পনা

৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৯) শ্রী রামেশ্বর দোলই : কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ এলাকায় সব্জী বাজার করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) থাকলে, কোথায় এবং কোন কোন ব্লকে সব্জী বাজার নির্মিত হবে (তালিকা সহ) ; এবং

(গ) সব্জী বাজারে স্টল নির্মাণ করার জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে ?

কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিষয়টি রাজ্য সরকারের প্রাথমিক পরিকল্পনা রচনা স্তরে আছে।

(খ) পরিকল্পনা রচনা চূড়ান্ত হলে, এই সিদ্ধান্ত নেওয়া হবে।

(গ) পরিকল্পনা রচনা চূড়ান্ত হলে, এই বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

প্রাণী-সম্পদ উন্নয়ন বিষয়ক প্রকল্পের পরিকাঠামোর অভাব

৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩৬) শ্রী বাসুদেব খাঁ : প্রাণী-সম্পদ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গ্রাম পঞ্চায়েতগুলিতে প্রাণী-সম্পদ উন্নয়ন বিষয়ক প্রকল্প পরিকাঠামোর অভাবে চালু করা যাচ্ছে না ; এবং

(খ) সত্যি হলে, উক্ত অভাব পূরণের জন্য সরকার কী পদক্ষেপ গ্রহণ করছে ?

প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কর্মী সংক্রান্ত কিছু অসুবিধা বাদ দিলে, পশ্চিমবঙ্গে প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের পরিকাঠামো যথেষ্ট উন্নত এবং সুবিন্যস্ত। ব্লক লাইভস্টক ডেভেলপমেন্ট অফিসারের তত্ত্বাবধানে এবং সংশ্লিষ্ট প্রাণীচিকিৎসকের প্রত্যক্ষ

অংশগ্রহণে ও সহযোগিতায় প্রাণী-সম্পদ উন্নয়ন বিষয়ক প্রকল্প যথাযথ রূপায়িত হচ্ছে। একথা সত্য যে, আনুমানিক ১১১০টি গ্রাম পঞ্চায়েতে লাইভস্টক ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট (এল ডি এ) না থাকায় সংশ্লিষ্ট প্রাণীবিকাশ সহায়ক কেন্দ্রগুলিতে যথাযথ পরিষেবা দেওয়া যাচ্ছে না। এছাড়াও বি এল ডি ও অফিসে প্রয়োজন অনুযায়ী কর্মচারীর অভাবে প্রশাসন ও সম্প্রসারণমুক্ত কাজ ব্যাহত হচ্ছে।

(খ) শূন্যপদগুলি পূরণের জন্য প্রশাসনিক উদ্যোগ নেওয়া হয়েছে। বর্তমানে এল.ডি.এ. পদে নিয়োগের জন্য পি.এস.সি. থেকে ১৩৯ জনের নামের তালিকা পাওয়া গেছে। নিয়োগ প্রক্রিয়া চলছে। অনুরূপভাবে, পি.এস.সি. থেকে পাওয়া প্রাণী-চিকিৎসক পদের জন্য ৪৮ জনের তালিকা প্রক্রিয়াধীন।

পশুচিকিৎসক নিয়োগ

৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩৭) **শ্রী বাসুদেব খাঁ** : প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিগত সরকার ৭১১ জন পশুচিকিৎসক নিয়োগের প্যানেল তৈরি করেছিল ; এবং

(খ) যদি সত্যি হয়, কতজন উপভোক্তা এই সুবিধা পেয়েছেন ; এবং

(গ) সত্যি হলে, বর্তমানে সেই প্যানলে কী অবস্থায় আছে ?

প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিগত সরকার ৭১১ জন পশুচিকিৎসকের নিয়োগের কোনো প্যানেল তৈরি করেনি। বিগত সরকারের আমলে প্রশাসনিক দপ্তরের প্রস্তাব মতো, এ রাজ্যে প্রাণী চিকিৎসার যথাযথ সুযোগ পৌঁছে দেওয়ার জন্য অর্থ দপ্তর ৭১১ জন প্রাণী চিকিৎসক পদের অনুমোদন দিয়েছিল। কিন্তু পরবর্তীকালে ওই পদ সৃষ্টি অনুমোদনের জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর সচিবালয়ে পাঠানো হয়েছিল। মুখ্যমন্ত্রীর অনুমোদন প্রাপ্তি না হওয়ায় এবং সেই হেতু মন্ত্রিসভার বৈঠকে পেশ না হবার কারণে পদগুলি বিজ্ঞপিত হয়নি।

(খ) প্রযোজ্য নয়।

কৃষি বিপণন প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৯) **শ্রী অপূর্ব সরকার** : কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১ সালের ৩০শে জুন পর্যন্ত রাজ্য কৃষি বিপণনের কতগুলি প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র চালু আছে (জেলাভিত্তিক তথ্য-সহ) ; এবং

(খ) চলতি শিক্ষা বর্ষে প্রশিক্ষণ কেন্দ্রগুলিতে কত শিক্ষার্থী ভর্তি হয়েছেন ?

কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

কৃষি পণ্যের বিপণন ও গবেষণার্থে প্রাতিষ্ঠানিক কর্মকাণ্ড চালুর লক্ষ্যে এই রাজ্যে শেওড়াফুলি নিয়ন্ত্রিত বাজার সমিতির মুখ্য বাজার চত্বরে নেতাজী সুভাষ কৃষি বিপণন কেন্দ্র নামক প্রতিষ্ঠান স্থাপিত হয়েছে।

উল্লিখিত সময়ে ওই শিক্ষাকেন্দ্রে কৃষক নিয়ন্ত্রিত বাজারের কর্মচারী ও আধিকারিক, কৃষিজ বিপণন বিভাগের আধিকারিক মিলিয়ে সর্বমোট ৫৯৪ জন প্রশিক্ষণ নিয়েছেন। এছাড়া, রাজ্যে কৃষিজ বিপণন বিভাগ পরিচালিত ২২টি ফল ও সব্জী সংরক্ষণ ও প্রশিক্ষণ কেন্দ্রে উল্লিখিত সময়ে ৬১২ জন প্রশিক্ষণ পেয়েছেন। এ সংক্রান্ত জেলাভিত্তিক তালিকা সংযোজিত হল।

২০১০-১১ বর্ষে রাজ্যে বিভিন্ন ফল ও সব্জী প্রক্রিয়াকরণ ও প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণপ্রাপ্তের জেলাভিত্তিক তালিকা নিম্নরূপ :

জেলা	প্রশিক্ষণ কেন্দ্রের নাম	প্রশিক্ষণপ্রাপ্তের সংখ্যা
কোচবিহার	কোচবিহার	১৭
জলপাইগুড়ি	জলপাইগুড়ি	৫৭
দার্জিলিং	কালিম্পং	০০
	শিলিগুড়ি	৩১
দক্ষিণ দিনাজপুর	বালুরঘাট	৪৬
মালদহ	মালদহ	১৬
মুর্শিদাবাদ	বহরমপুর	৪১
নদিয়া	কৃষ্ণনগর	৫৬
উত্তর ২৪-পরগনা	বারাসাত	২৪
দক্ষিণ ২৪-পরগনা	বারুইপুর	২৯
হাওড়া	হাওড়া	১৪
হুগলি	চুঁচুড়া	২৭
কলকাতা	দঃ কলকাতা	১৩
	উঃ কলকাতা	০২
	মধ্য কলকাতা	১২
পুরুলিয়া	পুরুলিয়া	১৫
বাঁকুড়া	বাঁকুড়া	৩৪
পঃ মেদিনীপুর	মেদিনীপুর	২৬
	ঝাড়গ্রাম	৫৮
বীরভূম	সিউড়ি	৪৯
বর্ধমান	বর্ধমান	২৮
	দুর্গাপুর	২১
মোট	২২টি কেন্দ্র	৬১২ জন

শরণার্থী ত্রাণে কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তা

৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪৬) শ্রী কাশীনাথ মিশ্র : শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ৫ বছরে শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কী পরিমাণ আর্থিক সহায়তা পেয়েছে ; এবং

(খ) উক্ত সময়ে রাজ্য সরকার উদ্বাস্তু কলোনী উন্নয়নের জন্য কত টাকা ব্যয় করেছে ?

শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) গত ৫ বছরে অর্থাৎ আর্থিক বছর ২০০৬-২০০৭ থেকে ২০১০-১১ পর্যন্ত শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ১ লাখ ২৪ হাজার টাকা আর্থিক সহায়তা পেয়েছে। এই সহায়তা ২০১০-১১ আর্থিক বছরের শেষে পাওয়া গেছে।

(খ) উক্ত সময়ে রাজ্য সরকার ৬৪,৬১,১০,৬৩০ টাকা উদ্বাস্তু কলোনী উন্নয়নের জন্য ব্যয় করেছে।

বর্ধমান জেলায় পর্যটন কেন্দ্র স্থাপন

১০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৫) শ্রী সুনীলকুমার মণ্ডল : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কী কী শর্তের ভিত্তিতে কোন স্থানকে পর্যটন কেন্দ্ররূপে গড়ে তোলা হয় ;

(খ) বর্ধমান জেলার দামোদর নদ তীরবর্তী 'রণডিহা'কে পর্যটন কেন্দ্ররূপে গড়ে তোলার কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(গ) থাকলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কী ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) (১) কোনো স্থানের প্রাকৃতিক সৌন্দর্য, (২) ঐতিহাসিক গুরুত্ব, (৩) সাংস্কৃতিক ঐতিহ্য ও ধর্মীয় গুরুত্ব, (৪) বন্য প্রকৃতি, (৫) ক্রীড়া বা ক্রীড়া প্রতিযোগিতার ও শিক্ষার জন্য খ্যাতি, (৬) স্বাস্থ্যকর স্থান, (৭) সু-যোগাযোগ ব্যবস্থাযুক্ত মানব সম্পদ, (৮) পর্যটন কেন্দ্র গড়ে উঠলে স্থানীয় মানুষের আর্থিক উন্নতি হবে কি না ?

(খ) এই ধরনের কোনো পরিকল্পনা পর্যটন বিভাগের বিবেচনাধীন নেই।

(গ) প্রশ্ন ওঠে না।

মালদহ জেলায় প্যাকেজ ট্যুর

১১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯৮) শ্রী খগেন মুর্মু : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ জেলার গৌড়, আদিনা, পাণ্ডুয়া, জগজীবনপুর (তুলাভিটা) প্রভৃতি ঐতিহাসিক স্থানগুলিতে পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগমের তত্ত্বাবধানে প্যাকেজ ট্যুরের সরকারি পরিকল্পনা আছে কি না ;

(খ) থাকলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কী ; এবং

(গ) পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) (ক) পর্যটন বিভাগে বর্তমানে এ ধরনের কোনো প্যাকেজ ট্যুর নেই। তবে পশ্চিমবঙ্গ পর্যটন নিগমের মাধ্যমে এই রকম প্যাকেজের পরিকল্পনা তৈরি করার কথা ভাবা হচ্ছে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) রূপরেখা তৈরি হলে সেটা জানানো হবে।

সব্জী মান্ডি

১২। (অনুমোদিত প্রশ্ন নং ৭১০) শ্রী অপূর্ব সরকার : কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কৃষকদের কাছ থেকে সরাসরি কৃষিপণ্য কেনার জন্য 'সব্জী মান্ডি' করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কোন কোন জেলায়, কোথায় কোথায় উক্ত 'সব্জী মান্ডি' নির্মিত হবে ?

কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিষয়টি রাজ্য সরকারের প্রাথমিক পরিকল্পনা রচনা স্তরে আছে।

(খ) পরিকল্পনা চূড়ান্ত হলে, এই বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

কান্দী ব্লকে নলবাহিত পানীয় জল সরবরাহ প্রকল্প

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭১২) শ্রী অপূর্ব সরকার : জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কান্দী ব্লকে নলবাহিত পানীয় জল সরবরাহের জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি না ;

(খ) হয়ে থাকলে, কবে নাগাদ ওই কাজ শুরু হবে বলে আশা করা যায় ; এবং

(গ) ওই ব্লকের কোন কোন অঞ্চলকে ওই প্রকল্পের আওতায় আনা হবে ?

কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মুর্শিদাবাদ জেলায় কান্দী ব্লকে ৪ (চার)টি চালু প্রকল্প ইতিমধ্যে জনস্বাস্থ্য কারিগরি বিভাগ চালু করেছে। যার মাধ্যমে নির্ধারিত অঞ্চলের (command area) আওতাভুক্ত অধিবাসীদের পানীয় জল সরবরাহ করা হয়। উল্লিখিত নলবাহিত জল সরবরাহ প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য নিম্নে দেওয়া হল :

Name of scheme (PWSS)	Block	Estimated Cost (Rs. in lakh)	No. of villages covered	Population (2001) benefited	Present Status
Bahara	Kandi	97.52	6	10874	Fully Commissioned
Gokarna	Kandi	18.53	2	17303	Fully Commissioned
Mahalandi	Kandi	60.08	8	27568	Fully Commissioned
Gobrahati	Kandi	57.74	2	8466	Fully Commissioned
	Total	**233.87**	**18**	**64211**	

(খ) ইতিমধ্যে চালু (Fully Commissioned) হয়ে গেছে। এগুলি ছাড়াও কান্দী ব্লকে ১২৫২টি হস্তচালিত নলকূপ রয়েছে। যার মাধ্যমে ব্লকের অন্তর্গত অধিবাসীকে প্রয়োজনীয় পানীয় জল সরবরাহ করা হয়।

(গ) পশ্চিমবঙ্গের গ্রামীণ অংশের অন্যান্য সব উন্মুক্ত এলাকার নির্মীয়মাণ জল সরবরাহ প্রকল্প ইতিমধ্যে Vision-2020-এর অন্তর্ভুক্ত হয়েছে।

CALLING ATTENTION

Mr. Speaker : Today., I have received five notices of Calling Attention on the following subjects, namely :

	Subject		**Name**
(i)	Non-construction of remaining portion of 81-National Highway in Harishchandrapur, Maldah	:	Shri Tajmul Hossain
(ii)	Issue of certificate to SC & ST candidates and extending facilities to them	:	Shri Satyendra Nath Roy
(iii)	Non-payment of fixed allowance to "ASHA" workers	:	Shri Nepal Mahata, Shri Abu Taher Khan, Shri Apurba Sarkar & Shri Umapada Bauri

Subject		Name
(iv) Steps taken by the Government to control high prices of essential vegetables	:	Shri Ajoy Dey
(v) Hostage of 32 fishermen by pirates in the Chamta Forest in Sundarban	:	Shri Kashinath Mishra, Shri Kallol Khan & Shri Manturam Pakhira

I have selected the notice of Shri Ajoy Dey on the subject of steps taken by the Government to control high Prices of essential vegetables.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রী অজয় দে কর্তৃক উত্থাপিত দৃষ্টি আকর্ষণী প্রস্তাব সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রীর সঙ্গে কথা বলে এই অধিবেশন চলাকালীন তার উত্তর দেওয়া হবে।

GOVERNMENT BUSINESS

RE-LAYING OF RULES

The West Bengal Fiscal Responsibility and Budget Management Rules, 2011

Dr. Amit Mitra : Sir, I beg to re-lay the West Bengal Fiscal Responsibility and Budget Management Rules, 2011 published in the Kolkata Gazette Extraordinary dated the 23rd February, 2011 under Finance (Budget) Department's Notification No. 385-F.B. dated the 23rd February, 2011.

MENTION CASES

Shri Tapan Chatterjee : Not responded.

শ্রী শীতলকুমার সর্দার : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি বর্তমান যে রাস্তাঘাটের অবস্থা সে ব্যাপারে জানাতে চাইছি। গত বামফ্রন্ট সরকার ৩৪-৩৫ বছরে রাস্তার কোনো সংস্কার করলেন না, রাস্তা রিপেয়ারও করলেন না। যার ফলে এখন এই অবস্থা হয়ে দাঁড়িয়েছে। শুধু তাই নয়, বর্তমানের মা-মাটি-মানুষের সরকার বন্যাকবলিত মানুষের জন্য যেমন ব্যবস্থা করেছেন, এগুলোও করার চেষ্টা করছেন। শুধু বলব, রাস্তাঘাটের অবস্থা অত্যন্ত চরম জায়গায় পৌঁছে গিয়েছে। বিশেষ করে কোনা এক্সপ্রেস হাইওয়ে। এই রাস্তাটা যাতে ইমিডিয়েটলি তৈরি করা হয়। আজকে সমস্ত বাস, লরি কিছু যেতে পারছে না। আন্দুল দিয়ে এই গাড়িগুলি পাস করছে। তাই যুদ্ধকালীন ভিত্তিতে এই রাস্তা যাতে সংস্কার করা হয়, তার জন্য অনুরোধ জানাচ্ছি। ধন্যবাদ।

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker Sir, I would like to bring a unique issue to this House through your august office. Sir, that after 1953 State Acquisition Act and 1956 Land Reforms Act, the entire classification of land was transferred to land reforms and the status of the residence were become the status of riots. But unfortunately the status of land in Kalimpong, the constituency that I represent, is still colonial ; it is still divided into developmental areas. Then there is D.I. Fund (District Improvement Fund) and we are lessee ; we are on lease rather than were have been given the right of riots. So, even the Land Revenue Receipt Department is not administering the said land on the basis of Land Reform Rules, but still the same colonial rules which are being applied while administering the land. So, I make this request through you to the concerned ministry to let this classification be abolished. Let all the land that my constituency represents also be brought under L.R. Thank you.

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী ও উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভার অন্তর্গত রাস্তাঘাটের অবস্থা এই বর্ষার মরশুমে খুব অসুবিধার, এত জঘন্য হয়েছে যে বলা বাহুল্য। তাই আপনার মাধ্যমে আমি জানাচ্ছি, আমার বিধানসভার অন্তর্গত ভালুকার বাঁধ থেকে ভায়া জগন্নাথপুর হয়ে ভৈরবপুর পর্যন্ত এই বিশাল জনসমুদ্রের লোক ওখানে বসবাস করেন। রাস্তাঘাট না হওয়ার দরুন কিছুদিন আগে ওখানকার লোক একটা বিক্ষোভ করে, একটা বিশাল ধর্মঘট শুরু হয়ে যায়। তখন আমাদের মাননীয় ডি.এম. সাহেব ছিলেন, তিনি ধর্মঘটটাকে তুলে দেন। ওনার ভিত্তিতে সেখানে সার্ভে হয়, সার্ভের ভিত্তিতে সেখানে কিছুটা কাজ আরম্ভ হয়। কিন্তু কাজ আরম্ভ হওয়া সত্ত্বেও অসমাপ্ত কাজ পড়ে আছে। তাই উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের কাছে আপনার মাধ্যমে জানাচ্ছি স্যার, এটা একটা গুরুত্বপূর্ণ রাস্তা। ভালুকার বাঁধ থেকে জগন্নাথপুর হয়ে ভৈরবপুর পর্যন্ত এই গুরুত্বপূর্ণ রাস্তাটি অবিলম্বে করার জন্য উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ স্যার।

[12.10—12.20 p.m.]

Dr. Rohit Sharma : Hon'ble Speaker, Sir, through you I would like to put forward the problems of the area of my constituency. Sir, the National Highway no. 55 is closed for the last eighteen months after the heavy landslides that took place, and till then the World Heritage Darjeeling Toy Train has been compelled to close down its services, and as a result of the landslide the lifeline of the hills has been totally disrupted. The effect of this snapping of the highway has caused manifold problems to the common men also. As a matter of fact Darjeeling has a strategic position, and in the interest of the country, in the national interest this National Highway no 55 should be immediately restored. Sir, we have to

give emphasis on building infrastructure rather than building super-structure for the untold sufferings of the people of that area. The patients have to be taken from Darjeeling to Siliguri as the closure of the highway has brought many problems. I would like to know from the concerned Department whether this highway will be immediately restored or not and whether the Government has any plan to have an alternative highway. Thank you, sir.

শ্রী সত্যেন্দ্রনাথ রায় : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রী এবং ত্রাণমন্ত্রীর কাছে আমার গঙ্গারামপুর বিধানসভায় গত কয়েকদিন ধরে যে বন্যা ওই বিধানসভার বেশি সংখ্যক মানুষ যারা তপশিলি জাতি, আদিবাসী, অন্যান অনগ্রসর জাতির মানুষ তারা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। তাদের এখন পর্যন্ত ত্রাণের একটা ভালো ব্যবস্থা আমি করতে পারিনি। মাননীয় সেচমন্ত্রী এবং ত্রাণমন্ত্রী মহাশয়কে আমি গঙ্গারামপুর থেকে টেলিফোনে জানিয়েছিলাম আমার আবেদন কিন্তু তাঁরা কি করলেন সে কথাটা জানাননি। এখানে তাঁরা উপস্থিতও নেই। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী এবং ত্রাণমন্ত্রীর কাছে গঙ্গারামপুরে বন্যার জন্য যে মানুষগুলো বিশেষ করে তিনটি নদী বাঁধ ভেঙ্গে গেছে বজরা পুকুরে, গুড়িয়াপাড়ায় এবং কুপাদহে পুণর্ভবা নদীর উপরে তিনটি বাঁধ ভেঙ্গে যাবার ফলে অন্তত ৩০ থেকে ৩৫ হাজার মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। এই ক্ষতিগ্রস্ত মানুষগুলোর জন্য আরো বেশি করে ত্রিপল এবং ওদের চাল দেওয়ার জন্য আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি, ধন্যবাদ।

শ্রী তোয়াব আলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সমস্যা হচ্ছে পশ্চিমবাংলায় ৩৪ বছরে যে নতুন রাস্তাঘাট হয়েছে। আমাদের পূর্তমন্ত্রী তার বাজেটে রাস্তার বর্ণনা দিয়েছেন। আজকে আমাদের পঞ্চায়েতমন্ত্রী রাস্তার বর্ণনা দিয়েছেন। এত বেশি রাস্তার উন্নয়ন হয়েছে, রাস্তা হয়েছে এখন নতুন সরকারের এই রাস্তা মেরামত করা, মেন্টেনেন্স করা এটা বড় দায়িত্ব। নতুন রাস্তা করতে পারবে কিনা আমি জানি না। এদের দায়িত্ব এই ৩৪ বছরে এত গ্রামাবাংলায়, শহরে যে রাস্তা হয়েছে, আমার সাবজেক্ট স্যার, এই রকম একটি রাস্তা ধুলিয়ান পৌরসভা থেকে ডানপুর ব্রীজ একটা রাজ্য সড়ক পরিবহনের রাস্তা। এটা স্বাভাবিক যে প্রতি বছরই কিছু মেনটেন হয়। কিন্তু সাড়ে ৩ লক্ষ মানুষের বসবাস এই এলাকায়। ঝাড়খণ্ড থেকে মালদা একটা রাস্তা এবং ধুলিয়ান উত্তরবঙ্গের গেটওয়ে ছিল যখন ফরাক্কা ব্যারেজ হয়নি। এইরকম একটা গুরুত্বপুর্ণ শহর ধুলিয়ান, তার একটি মাত্র রাস্তা এবং ওই রাস্তাটির মেরামতের দরকার সার্বিকভাবে, অল্প নয়। রাস্তাটি কিছু কিছু জায়গায় এনক্রোচ হয়ে যাচ্ছে। এইজন্য মাননীয় মন্ত্রীর কাছে বলব একটা বড় পরিকল্পনা করে রাস্তাটিকে স্থায়ীভাবে মেরামত করা, যাতে করে প্রতি বছর বছর খারাপ না হয়। এইভাবে রাস্তাটিকে মেরামত করা যায় এবং এনক্রোচ সরিয়ে রাস্তাটিকে বড় করার যে সুযোগ আছে সেটা করলে পরে ধুলিয়ান শহরে যে জনবসতী এবং সমস্যা তার সমাধান হতে পারে। সেইজন্য আমার আবেদন হচ্ছে এই রাস্তাটিকে বড় করার এটা পরিকল্পনা নিয়ে সংস্কার এবং সম্প্রসারণের ব্যবস্থা করা হোক।

শ্রী শেখ সফিউজ্জামান : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রী রয়েছেন, তাদের গোচরে আনতে চাই। বিগত সরকার ঘোষণা করেছিলেন প্রতিটি জেলায় এবং ব্লকে ব্লকে মডেল স্কুল এবং মুর্শিদাবাদে একটি সরকারি কলেজ তৈরি করা হবে এই প্রস্তাব দিয়েছিলেন। আমার বিধানসভা বেলডাঙ্গা (১) ব্লকে বেলডাঙ্গা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত দয়ানগর মডেল স্কুল করার জন্য আমরা ১৬ বিঘা জায়গা আমরা দপ্তরের নামে রেজিস্ট্রি করে দিয়েছিলাম। সরকারি কলেজ তৈরি করার জন্য আবদা গ্রাম পঞ্চায়েত (১)-এর আন্ডারে বেলডাঙ্গা বিধানসভা কেন্দ্রে একটি সরকারি কলেজ তৈরি করার জন্য তৎকালীন সরকারকে এবং উচ্চশিক্ষা দপ্তরকে আমরা নভেম্বর ২০১০ সালে ১৯ বিঘা ১০ কাঠা জায়গা কলেজ তৈরি করার জন্য আমরা রেজিস্ট্রি করে দিয়েছিলাম। এবং ২০১১ সালে তৎকালীন আমাদের উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী ওখানে গিয়ে শিলান্যাস করে এসেছিলেন এবং ২০১১ সাল থেকে যাতে ক্লাস শুরু হয় তার জন্য প্রতিশ্রুতি দিয়ে এসেছিলেন। ২০১১-র নির্বাচন হয়ে যাওয়ার পরে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং রেজিস্ট্রার সাহেব ওখানে ইন্সপেকশনে যান ক্লাস স্টার্ট করার জন্য। আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অতি সত্বর আমাদের ওখানে সরকারি কলেজটি এই বছর থেকে চালু করা যায় তার জন্য ব্যবস্থা গ্রহণ করবেন।

শ্রী ইমানী বিশ্বাস : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে ইরিগেশন মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার মুর্শিদাবাদ জেলা সুতী বিধানসভায় কয়েকদিন আগে বন্যা এবং বৃষ্টি পাহাড়ের জল নেমেছে এবং সেখানে আবার হাড়োয়া অঞ্চলে একটা পাগলা নদী গিয়েছে। সেই পাগলা নদীর ধার দিয়ে দুটো গ্রাম—যেটা একটা দ্বীপের উপরে পাঁগোছি গ্রাম এবং গায়ঘাটা। এই গায়ঘাটা, পাঁচঘাটি গ্রামে বেশ কয়েক বছর থেকে পাগলা নদীর ভাঙ্গনে বেশ কিছু অঞ্চল জলের তলায় ডুবে গেছে। ভবিষ্যতেও আরো ভয়ংকর অবস্থার সৃষ্টি হতে পারে সেই কারণে আমি ইরিগেশন মিনিস্টারের আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। গঙ্গানদী আমার বিধনাসভায় প্রায় ৭ থেকে ১২ কি.মি. এলাকা দিয়ে গিয়েছে এর ফলে নদী ভাঙ্গনে বেশ কিছু এলাকা ভাঙ্গতে শুরু করেছে। তার জন্য ইরিগেশন মিনিস্টার অবশ্যই যেন আমার এলাকা পরিদর্শনে যান এবং সেখানে মেরামতির ব্যবস্থা করেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[12.20—12.30 p.m.]

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে একটি গুরুত্বপূর্ণ এবং সাম্প্রতিক বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন যে ইঞ্জিনিয়ারিং কলেজগুলোতে ভর্তি হয় জয়েন্ট এন্ট্রান্সের মেধা তালিকার ভিত্তিতে এবং কাউন্সেলিংয়ের মধ্য দিয়ে এবং সেটা ইতিমধ্যেই কমপ্লিট হয়ে গেছে। ক্লাসও শুরু হয়েছে সব জায়গায়। প্রায় দু মাস ক্লাস হয়ে গেল, এক থেকে দু মাস ক্লাস হয়ে গেল। এখন যে কলেজগুলিতে কিছু সিট খালি আছে, সেখানে যারা হায়ার সেকেন্ডারীতে ৪৫% নম্বর পেয়েছে

এবং জয়েন্ট এন্ট্রান্স মেধা তালিকায় অত্যন্ত নীচে যারা, তাদেরকে ভর্তি করার জন্য রাজ্য উচ্চশিক্ষা দপ্তর থেকে চিঠি যাদবপুর বিশ্ববিদ্যালয় এবং বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনির্ভাসিটি—এই সমস্ত প্রথম সারির শিক্ষা প্রতিষ্ঠানে পাঠানো হয়েছে। তার ফলে যেটা হচ্ছে, যারা মেধা তালিকায় উঁচুতে ছিল, যারা বিভিন্ন বেসরকারি কলেজে গিয়ে ভর্তি হয়েছে, তাদেরকে টপকে এসে কিন্তু মেধা তালিকার অনেক নীচে এমনকি হায়ার সেকেন্ডারীতে কেবলমাত্র ৪৫% নম্বর পেয়েছে, তারা কিন্তু ভর্তি হতে যাচ্ছে। এর ফলে দুর্নীতির একটা Pandera's বক্স কিন্তু খুলে যাবে। একটা ক্যাওটিক সিচুয়েশন তৈরি হয়েছে। আজকেও আপনারা খোঁজ নিতে পারেন যে এই দুটি বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের মধ্যে অত্যন্ত বিক্ষোভ কিন্তু কাজ করছে। আমার মনে হচ্ছে যে উচ্চশিক্ষা দপ্তরের তরফ থেকে কোথাও একটা ভুল হয়েছে নতুবা এটা ফর দি ফার্স্ট টাইম এই রকম একটা চিঠি এই বিশ্ববিদ্যালয়গুলিতে গেল। এটা ইমিডিয়েটলি ইন্টারভেন করা দরকার। এখানে মাননীয় মিনিস্টার যাঁরা আছেন, আমি পার্থবাবুকেও রিকোয়েস্ট করছি যেহেতু উচ্চশিক্ষামন্ত্রী এখানে নেই, তাঁর কাছে আমি রিকোয়েস্ট করছি এই বিষয়টি ইমিডিয়েটলি দেখার জন্য। নতুবা এটা ক্যাওটিক সিচুয়েশন কিন্তু তৈরি হয়ে যাবে।

শ্রী আবু তাহের খান : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। গোটা বাংলার কপি রাইটারদের সমস্যা একটা সাংঘাতিক সমস্যা। প্রত্যেকটা রেজিস্ট্রি অফিসে কপি রাইটাররা এখনও কাজ করছে। তাদের ভবিষ্যৎ অনিশ্চয়তার পথে। রাজ্য সরকার—যারা নিয়োগ করেছিল, দীর্ঘ ২০ বছর কাজ করছে, তাদের সেখানে আর কোনো কাজের প্রয়োজন নেই যেহেতু কম্পিউটার এসে গেছে। তাই তাদের ভবিষ্যৎ অনিশ্চয়তার পথে। তাই রাজ্য সরকারের কাছে আমি অনুরোধ করব যে সমস্ত গোটা বাংলায় কপি রাইটাররা কাজ করছে, তাদের চাকরির ভবিষ্যৎ সুনিশ্চিত হোক এবং তারা শূন্য পদে যাতে নিয়োগ হতে পারে, তার জন্য রাজ্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা নিক। এই অনুরোধ আমি রাখছি।

শ্রী অপূর্ব সরকার : সম্মানীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমায় যে বিধানসভা থেকে আমি নির্বাচিত, সেখানে একটি মহকুমা হাসপাতাল আছে যার বেড সংখ্যা ২৫০টি। এখানে স্বাস্থ্যমন্ত্রী তথা মাননীয়া মুখ্যমন্ত্রী উপস্থিত আছেন। সেই ২৫০ বেডের মহকুমা হাসপাতালে আজ দীর্ঘ ১১ মাস ধরে কোনো সরকারি অ্যাম্বুলেন্স পরিষেবা নেই। একটি অ্যাম্বুলেন্স ছিল। সেই অ্যাম্বুলেন্স বছরে একমাস মাত্র চলে, ১১ মাস বন্ধ থাকে। দুটি মাতৃযান সেখানে আছে। সেই দুটি মাতৃযান যেহেতু আছে, সাধারণ গরীব রোগীদেরকে সেখান থেকে বহরমপুরে যখন ট্রান্সফার করা হয় তাদেরকে নিয়ে যায় না। খুব স্বাভাবিকভাবেই সেখানকার কান্দি পৌরসভা থেকে দুটি অ্যাম্বুলেন্স দিয়ে সেখানে পরিষেবা চালু রাখা হয়েছে। আমি আপনার মাধ্যমে সম্মানীয়া মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে অতি সত্বর উনি স্বাস্থ্য পরিষেবা নিয়ে বিভিন্ন রকম প্রকল্প, গরীব মানুষদের স্বাস্থ্য পরিষেবার যাতে উন্নতি ঘটে, গরীব মানুষ পরিষেবা যাতে পায়, তার ব্যবস্থা করছেন। কান্দি মহকুমার মানুষের

কথা বিবেচনা করে সেখানকার গরীব মানুষদের কথা বিবেচনা করে সাব-ডিভিশনাল হসপিটালে দ্রুত একটা অ্যাম্বুলেন্স পরিষেবা যাতে মানুষ পায়, তার ব্যবস্থা যদি করেন তাহলে কান্দি এলাকার মানুষ আমরা ধন্য মনে করব। এই আবেদন আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমরা রাখছি। ধন্যবাদ।

শ্রী যোসেফ মুণ্ডা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী তথা বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কাঠালগুড়ি চা-বাগান দীর্ঘ ৮ বছর ধরে বন্ধ ছিল। শ্রমিক সংখ্যা চোদ্দশো উনআশি জন এবং শ্রমিক আবাসন রয়েছে এগারোশো বারটি। এই আবাসনে বিদ্যুৎ ব্যবস্থা একেবারে কেটে দেওয়া হয়েছে। তখনকার সরকারের উদ্যোগে জলপাইগুড়ি জেলা শাসকের কার্যালয়ে ২৭.০৫.২০১০ সালে ত্রিপাক্ষিক বৈঠকের মাধ্যমে ০২.০৬.২০১০ সালে পুনরায় কাঠালগুড়ি চা-বাগান খোলা হয়। তখন এই চুক্তি হয়েছিল সরকারের সঙ্গে যে, বাগান যখন খোলা হবে এবং ওখানে শ্রমিক আবাসনে বিদ্যুৎ সংযোগ করে দেওয়া হবে সরকারি টাকার মাধ্যমে। এক বছর ষাট দিন হয়ে গেছে বাগান খোলা, কিন্তু আজ পর্যন্ত সেখানে বিদ্যুৎ সংযোগ করে দেওয়া হয়নি। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অনুরোধ বিদ্যুৎ সংযোগ শ্রমিকদের আবাসনে যদি করে দেওয়া হয় তাহলে ওখানকার শ্রমিকরা খুবই উপকৃত হবেন এবং গরীব ছেলেমেয়েরাও যারা পড়াশুনা করে তারাও উপকৃত হবেন। ধন্যবাদ।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আমার বিষয়টা বলার আগে এক মিনিট সময় চেয়ে নিচ্ছি, একটা ছোট্ট রিকোয়েস্ট আছে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বাংলাদেশে যাচ্ছেন, এটা খুব ভালো খবর। আমি কাল লিখিতভাবে একটা চিঠি পাঠিয়েছি। আমার একটা অনুরোধ যে, বাংলদেশে আমি গত বছর গিয়েছিলম। বাংলাদেশের অনেক মানুষ ইন্ডিয়াতে আসতে চায়। ইন্ডিয়ার অনেক মানুষ বাংলাদেশে যেতে চায়। কিন্তু ভিসা, পাসপোর্টের জটিলতার কারণে অনেকে আসতে পারেন না। আমি ইউরোপে গিয়ে দেখলাম, ইউরোপে ৩৮টা দেশ আছে যেখানে সীমান্তের কোনো সমস্যা নেই এবং ভিসা, পাসপোর্ট লাগে না। আমি ওখানকার প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনার সময় প্রস্তাব দিয়েছিলাম যে বাংলাদেশের এই সীমান্ত বাধা যদি আমরা উঠিয়ে দিতে পারি বা যদি নাও পারি অন্তত পক্ষে সহজতর করা যাতে বাংলাদেশের মানুষ এপারে আসতে পারে এবং এপারের মানুষ বাংলাদেশে যেতে পারে এটা যদি হয়। যেহেতু দুই প্রধানমন্ত্রী থাকছেন এক জায়গায় এবং সেখানে মাননীয়া মুখ্যমন্ত্রীও থাকছেন। এটা যদি কার্যকরী হয় সেটা ভালো হবে। এবার আমি আমার সাবজেক্ট বলছি, আপনারা সবাই জানেন গঙ্গা, পদ্মা ভাঙ্গন। আমাদের একই নদীর নাম গঙ্গা, পদ্মা হয়ে গেছে। তাতে মালদা থেকে মুর্শিদাবাদের জলঙ্গি অবধি প্রায় ১৫০ কিলোমিটার ভাঙ্গনের কবলে প্রতি বছর পড়ে। এবারে এখনো অবধি রায়নগর থানা, ভগবানগোলা থানা, জলঙ্গি থানার বিস্তীর্ণ এলাকা ভাঙ্গনে পড়ে আছে। এখনি ভাঙ্গন সারানো যাবে না সেটা আমিও জানি, উনিও জানেন। যারা ছন্নছাড়া হচ্ছেন, ঘরবাড়ি হারাচ্ছেন তাদের যদি ন্যূনতম পুনর্বাসনের ব্যবস্থা করে দেওয়া যায় কিনা এবং যে সমস্ত চরগুলি জলে ডুবে গেছে এই বন্যায় তাদেরও পুনর্বাসন করা যায় কিনা সেটা দেখতে অনুরোধ করছি। ধন্যবাদ।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার মুর্শিদাবাদ জেলায় রাজ্য সড়কে যে বাস সাইড রোড আছে তার অবস্থা খুবই খারাপ। যার ফলে সেখানে প্রতিনিয়ত দুর্ঘটনা ঘটেই চলেছে। ২১ তারিখে [***] পত্রিকার মাধ্যমে মানুষের দুর্দশার কথা তুলে ধরা হয়েছে। তাই আমি বলব ইমিডিয়েট এই রাস্তাগুলি মেরামতির ব্যবস্থা করা হোক। আজ সকালে বাস সাইড রোডে একটি বেসরকারি বাস উল্টে যায় ফলে সেখানে ৪ জন মারা গিয়েছে এবং ২৫ জনের মতো আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে অতি সত্বর ওই রাস্তা মেরামতি করার জন্য ব্যবস্থা করা হোক এবং এই স্বজনহারা পরিবারগুলি যাতে আর্থিক সাহায্য পায় তার ব্যবস্থা করতে পারলে ভালো হয়। ধন্যবাদ।

মিঃ স্পীকার : [***] সংবাদপত্রের নামটা বাদ যাবে।

শ্রী নেপাল মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আপনার মাধ্যমে মাননীয় প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, দীর্ঘদিন থেকে Livestock development Assistant-এর পোস্টগুলি প্রায় এক হাজার একশো দশটি গ্রাম পঞ্চায়েতে খালি। বিশেষ করে আমার এরিয়াতে আমি দেখেছি এবং সারা পশ্চিমবঙ্গে একই অবস্থা।

দীর্ঘদিন থেকে এই পোস্টগুলি খালি থাকায় গবাদি পশুদের যে চিকিৎসা, সেই চিকিৎসা সম্পূর্ণভাবে বিপর্যস্ত হয়ে গেছে। আপনার মাধ্যমে স্যার আমি আবেদন করছি মাননীয় মন্ত্রীকে যে, অবিলম্বে এই পোস্টগুলি পূরণ করা হোক এবং এখানে একটা ডিমান্ড আছে কিছু লোকের, যারা প্রাণীবন্ধু হিসাবে নিযুক্ত হয়েছিল আপনার ডিপার্টমেন্টের মাধ্যমে, তারা ট্রেনিংও করেছিল। তাদের বিভিন্নভাবে পশু চিকিৎসা বা গবাদি পশু চিকিৎসায় কাজে লাগানো হয়। তাদেরও কথা চিন্তা করে এই গ্রাম পঞ্চায়েতগুলোতে যে শূন্য পদগুলো আছে। এগুলো তাদেরকে দিয়ে হোক বা তাদের কিছু ভাতা বাড়িয়ে হোক বা অন্যান্য যে কোনো উপায়ে হোক এই পদগুলো পূরণ করে গবাদি পশু চিকিৎসার যে সংকট অবস্থা গ্রামে-গঞ্জে দেখা দিয়েছে তা অবিলম্বে এটা সঠিকভাবে ক্লিয়ার করা দরকার। তাই মাননীয় স্পিকার মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

[12.30-12.40 P.M.]

শ্রী মহম্মদ গুলাম রব্বানী :

Honourable Speaker Sir آپ کے ذریعے ہم Ministry of Health کی نظر عنایت چاہتے ہیں ۔ ہمارا اتر دیناج پور ضلع جہاں ہیلتھ کا Position سب سے زیادہ بدتر ہے۔ اور سب سے زیادہ خراب ہے ۔ دوسرے دوسرے ضلعے میں ایک بیڈ پر Rural Areas میں ۲ ہزار سے ۲۵۰۰ Population Serve ہوتا ہے۔ لیکن ہمارا ضلع اتر دیناج پور میں ۷ ہزار Population ایک بیڈ میں Serve ہوتا ہے۔ اور پھر ہمارا ۳۰ گوال پوکھر جہاں ۲۳ ہزار Population ایک بیڈ پر Service ہوتا ہے۔ اسلئے ہماری گزارش ہے کہ وہاں BPSC کو Upgrade کیا جائے ۔ ہماری گزارش ہے کہ اسلام پور سب ڈویژن اسپتال کے بیڈ کو بڑھایا جائے اور نیو پرائمری ہیلتھ سنٹر قائم کیا جائے۔ Thankyou

*** অধ্যক্ষের আদেশক্রমে বাতিল করা হল।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা মুর্শিদাবাদ জেলায় বসবাস করি। মুর্শিদাবাদ জেলার অনেক বিধায়ক বললেন যে, ৩৪ নং জাতীয় সড়ক এবং তার আনুষঙ্গিক যে সমস্ত রাস্তাগুলি, সেগুলোর খুব খারাপ অবস্থা। স্যার, সামনে ঈদ এবং পুজো, এছাড়া দৈনন্দিন কাজে বহরমপুর শহরে আসতে হয়। কাঁদি শহরে বাস বন্ধ হয়ে গেছে যাতায়াতের রাস্তা খারাপের জন্য। ফলে প্রতিদিন দুর্ঘটনা ঘটছে। অতি সত্বর এই রাস্তাগুলো মেরামত করা দরকার। সেই জন্য বলছি যাতে রাস্তা মেরামত হয় এবং তার জন্য আমি পুনরায় মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী নির্মলচন্দ্র মণ্ডল : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আমি আপনার মাধ্যমে আমাদের সেচমন্ত্রী এবং কৃষিমন্ত্রীকে আমার একটা কথা জানাতে চাইছি। আমাদের এলাকায় সূর্যপুর থেকে যে খাল ধোসা পর্যন্ত গিয়েছে, সেই খালের উভয় পাশে অনেক কালভার্ট আছে, যেগুলি লকগেট ছিল। প্রত্যেকটি গেট খারাপ হয়ে যাওয়ার জন্য এবারে ওই খালের পাশ দিয়ে যতগুলো পঞ্চায়েত আছে প্রায় ৭-৮টি পঞ্চায়েত, সেগুলোয় জল ভরে গিয়ে সেই সমস্ত এলাকায় জমিগুলোতে চাষ সম্পূর্ণ মার খেয়েছে এবং বহু বাড়ি-ঘর ভেঙে পড়েছে। যারা বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের অনেককে ত্রিপল দেওয়া হচ্ছে। তবে এখনও ত্রিপলের অনেক অভাব আছে। আমি আপনার মাধ্যমে বলতে চাইছি যে, এ বছরে যে চাষ মার খেল, এ বছরে সেই সমস্ত কৃষকদের অবস্থা খুব সঙ্গিন। সেখানে বাগান চাষ এবং ধান চাষ পুরোটা এখনও জলের তলায়। তাই আপনার মাধ্যমে জানাতে চাই যে, ওই খালটি সংস্কার করে খালের পাশে যতগুলো লকগেট আছে, সেই সমস্ত গেটগুলো যদি তৈরি থাকত তাহলে চাপান ভরে গিয়ে এই এলাকায় চাষ মার খেত না। তাই আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি, যাতে এই খালটি সংস্কার করা হয় এবং এর পাশে যে সমস্ত লকগেটগুলো আছে সেগুলো সারাই করে আগামী দিনে যাতে চাষীরা রেহাই পেতে পারে বৃষ্টির হাত থেকে তার জন্য আমি আবেদন জানাচ্ছি।

শ্রী কল্লোল খাঁ : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়ের মাধ্যমে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে পশ্চিমবাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রী সহ পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকারের মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আবার আর একটি কঙ্কাল কাণ্ড গতকাল ঘটেছে। ১০ বছর আগে ২০০১ সালে তৃণমূল কর্মী সুব্রত দাসকে খুন করে প্রমাণ লোপাট করার জন্য তার দেহ মাটিতে পুতে রাখা হয়েছিল। গত পরশু দিন সেই সুব্রত দাসের দেহটি কঙ্কালসার অবস্থায় তার প্যান্ট দেখে চিহ্নিত করেছে তার স্ত্রী শ্রীমতী অনিমা দাস এবং সেই এলাকার মানুষ। কার দ্বারা খুন হয়েছে, কার অঙ্গুলি হেলনে খুন হয়েছে, কার নির্দেশে খুন হয়েছে—আপনারা সকলে জানেন যে নাম বিধানসভার পবিত্র সদনে বলা যাবে না। তিনি সি পি আই এম-এর হারমাদ বাহিনীর দোর্দণ্ড প্রতাপশালী নেতা এবং প্রাক্তন সাংসদ, তিনি যুক্ত আছেন। আমি দাবি করছি উক্ত ব্যক্তিকে অবিলম্বে গ্রেপ্তার করে তার পরিবারের প্রতি

দায়বদ্ধতা সরকার গ্রহণ করুক এবং পাশাপাশি বাংলার গণতন্ত্রপ্রিয় মানুষকে আশ্বস্ত করুক এই দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী স্বপন দেবনাথ : সম্মানীয় উপাধ্যক্ষ মহাশয়া, আপনার মারফত বিভাগীয় সংলিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুজোর মরশুম। বাংলার তাঁতশিল্প এবং তাঁতিকে বাঁচাবার স্বপ্ন নিয়েই কতগুলো বিপণন কেন্দ্র সরকারি উদ্যোগে গড়ে উঠেছিল। তার মধ্যে ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডলুম কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড, যার ব্র্যান্ড নেম হচ্ছে তন্তুজ। এই মুহূর্তে তন্তুজ প্রায় ২ কোটি ৭৫ লক্ষ টাকার মাল ক্রয় করছে। কারা মাল জমা দিচ্ছেন, কাদের কাছ থেকে মাল কিনছে—কৃষির ব্যাপার ধান, পাট, আলু নিয়ে হলে বিধানসভা সরগরম হয়ে যায়। আর বাংলার সবচেয়ে গরীব মানুষ যেটা কৃষির পর বিকল্প কর্মসংস্থানে জড়িয়ে আছে, সেই গরীব তাঁতশিল্পীর কাছ থেকে মাল ক্রয় করাই ছিল পরিকল্পনার উদ্দেশ্য। ৩৪ বছর ধরে যা দেখছি, এ বছরও মাল সংগ্রহ হচ্ছে ২ কোটি ৭৫ লক্ষ টাকার। কারা ক্রয় করছে ? সেই সরকারি অফিসার, ওপর থেকে নিচু তলা। আর কারা মাল দিচ্ছেন ? সেই ফোড়ে দালালগুলো, বড়বাজার থেকে কাপড় কিনে। গরীব তাঁতির কাছ থেকে কাপড় সংগ্রহ করা হচ্ছে না। তন্তুজ যে মাল সংগ্রহ করছে, মাল ক্রয় করছে, তাঁতশিল্প এবং শিল্পীকে বাঁচানোর যে পরিকল্পনা ভেস্তে যাচ্ছে, সরকারকে অনুরোধ করব যাতে ভেস্তে না যায়, গরীব শিল্পী যাতে বাঁচে, তাঁতশিল্প যাতে বাঁচে, প্রকৃত তাঁকির কাছ থেকে মাল ক্রয় করার ব্যবস্থা করা হোক। সরকারি কর্মচারী অফিসার আর এই ফোড়ের যোগসাজস বন্ধ হোক। এই বিষয়ে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আমি অনারেবল মেম্বারদের অনুরোধ করছি, সবাই পয়েন্টগুলো সংক্ষেপে করবেন। রিসেসের পরে আরো অনেকগুলো বাজেট ডিসকাসান আছে। রমজান মাস চলছে, অনেকে রোজা করে রয়েছে। একটু বিবেচনা করে সবাই একটু সংক্ষেপে বলবেন।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় আমাদের অর্থমন্ত্রী থেকে আরম্ভ করে বিভাগীয় সমস্ত মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা ২০১০ সালে দেখেছিলাম আলুর কেলেঙ্কারি। ক্ষুদ্র প্রান্তিক চাষীরা যারা আলু রাখেন, সেই আলু বিভিন্নভাবে পাচার হয়ে যায়, উধাও হয়ে যায়। কিন্তু কোনোভাবে সেগুলোর তদন্ত হয় না। গরীব, প্রান্তিক, ক্ষুদ্র চাষীরা বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হয়। আমাদের বাঁকুড়া জেলার গঙ্গাজলঘাটি কোল্ড স্টোরেজে সরকারি আলু কিভাবে চুরি হল আপনি জানেন। ১ লক্ষ ২৯ হাজার ৯০৭ বস্তা আলু উধাও হয় গেছে ১২.১২ তারিখে, যার মূল্য ৪ কোটি ৮৬ হাজার টাকা। গঙ্গাজলঘাটি থানাতে কেস হয়েছে। কেস নং ১০৯/১১০ আন্ডার সেকশন ৪০৩, ৪৮৬। কোল্ড স্টোরেজের মালিকের সঙ্গে যোগসাজসে এটা হয়েছে। সরকারের যখন আর্থিক দুরবস্থা চলছে, তখন দেখলাম ৪ কোটি ৭৬ লক্ষ টাকার আলু চুরি হয়ে গেল। এটা রাজ্য সরকারের ক্ষতি। এই ঘটনার তদন্তের জন্য আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

[12.40–12.50 p.m.]

Smt. Mamtaj Begum : Madam, Deputy Speaker, through you I would like to draw the attention of the Hon'ble Textile Minister. I would like to inform that the Appeal Training and Design Centre (ATDC), under the Ministry of Textiles, Govt. of India is being set up at the Modern Integrated Readymade Garment Complex, Santoshpur Industrial Area, Kalinagar, Santoshpur (Akra). Since the Institute falls under my constituency. I had made a visti there and was very happy to see that training is being provided on latest imported machines on garment making. The centre is giving training to the students of the garment cluster comprising of Metiaburz, Maheshtala, Akra, Chatta, Garden Reach, Budge Budge, Nungi, mostly sponsored by the Aliah University, West Bengal Minorities Development & Finance Corporation (WBMDFC) and Backward Classes Welfare department. The centre was given a grant of Rs. 30 lacs by the Minority Affairs and Madrasah Education Department, Govt. of West Bengal to procure the machines and equipments. A number of students are being benfited from this training and the various units in the cluster are able to get trained manpower and also to upgrade the skill of their present workforce. Since the Centre aims to train the workers required at the grass root level, it has been of great demand and importance in this area. But it is very sad to note that the Aliah University and WBMDFC are sponsoring very few candidates annually and the very interested students belonging to the poor sector of the society in this region are being deprived from the opportunity of this training.

Therefore, I would request the Textile Minister to kindly take necessary steps and solve the problem. Thank you.

ডঃ আশীষ ব্যানার্জী : ম্যাডাম, আমি আপনার মাধ্যমে একটা বিশেষ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। ভদ্রলোকের এক কথা। পূর্বতন বামফ্রন্ট সরকারের যিনি জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের মন্ত্রী ছিলেন ২০০৩-০৪ সাল থেকে যতবারই আমি বিষয়টা উত্থাপন করতাম, ততবারই তিনি বলতেন হ্যাঁ, দিচ্ছি এবং এই ব্যবস্থা গৃহীত হচ্ছে। ফ্লোরাইডযুক্ত ফ্লোরাইড সংক্রামিত পানীয় জল পান করে হাত বেঁকে গেল, দাঁত হলুদ হয়ে গেল, মরেও গেল। তিনি বারবার এখানে প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও নোয়াপাড়া, চওকাটলা আমার বিধানসভার অন্তর্গত কামদেবপুর, আটলা এই সমস্ত গ্রামে এখনও মানুষ ফ্লোরাইড

সংক্রামিত জল পান করতে, জল ব্যবহার করতে বাধ্য হচ্ছেন। আমি আপনার মাধ্যমে উপাধ্যক্ষা মহোদয়া অনুরোধ করব সেই প্রকল্পটা কতদূর গৃহীত হয়েছিল, বাস্তবায়নের পক্ষে রয়েছে কিনা, বাস্তবায়িত করার কোনো প্রকল্প বিগত সরকার করেছিলেন কিনা সভাকে এটা জানিয়ে পরবর্তী পদক্ষেপ আমাদের মাননীয় জনস্বাস্থ্য কারিগরি মন্ত্রী তিনি গ্রহণ করুন এবং সেখানকার মানুষকে একটু আশ্বস্ত করুন যে আর তাদের ফ্লোরাইড যুক্ত, ফ্লোরাইড সংক্রামিত জল পান করতে হবে না। একটা বিশুদ্ধ পানীয় জল তাঁরা পাবেন। এই আবেদন আপনার মাধ্যমে আমি মাননীয় জনস্বাস্থ্য কারিগরি বিভাগের মন্ত্রী মহোদয়ের কাছে রাখছি।

ZERO HOUR

শ্রী তজমুল হোসেন : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়র উপর জাত উপজাত মন্ত্রী তথা রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলার হরিশ্চন্দ্রপুর, মাণিকচক, রতুয়া, ইংলিশবাজার, গাজল প্রভৃতি এলাকার প্রতিটি ব্লকে কিষাণ জাতির মানুষ বাস করে। এই কিষাণ জাতির পূর্বপুরুষরা ঝাড়খণ্ড এবং বিহার থেকে এসেছিল। এদের জাতিগত পেশ ছিল পতিত জমিতে ফসল উৎপাদন করা এবং পশুপালন করা। এদের জীবন, জীবিকার উদ্দেশ্যে.... (মাইক অফ)

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনি পয়েন্টের বাইরে বলছেন, আই উইল নট অ্যালাউ। পয়েন্টের বাইরে বলতে গেলে পারমিশন নিতে হবে।

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে এই বিধানসভা চত্বরে একটি প্রদর্শনী করার আবেদন জানাচ্ছি। মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার স্মরণে থাকবে যে বিগত সরকার থাকার সময়েই আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী আজকে যিনি মুখ্যমন্ত্রী, যিনি লড়াই করছিলেন, সংগ্রাম করছিলেন, আন্দোলন করছিলেন এবং সংবিধানের বই হাতে সেদিন অধিকার প্রতিষ্ঠার লড়াইয়ে এসেছিলেন সেদিন তার উপর আক্রমণ হয়েছিল। আমাদের বিধায়করা বিক্ষুব্ধ ছিলেন এবং কিছু বাইরের স্কুল-কলেজের চেয়ার, বেঞ্চ এনে বিধানসভা চত্বরে প্রদর্শনী করা হয়েছিল। তো আমি মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া আপনার মাধ্যমে অনুরোধ করব যে। এই সরকার প্রতিষ্ঠার পরে বামফন্টের হার্মাদবাহিনীর হাতে সি পি এমের কাছ থেকে যে অস্ত্রগুলো উদ্ধার হয়েছে, যত কংকাল উদ্ধার হয়েছে সমস্তগুলোকে নিয়ে এই বিধানসভার চত্বরে একটা প্রদর্শনী করা হোক এবং সারা পশ্চিমবাংলার মানুষের কাছে এই দুয়ারটা উন্মুক্ত করে দেওয়া হোক যে তারা দেখে যান এই বামফ্রন্ট সরকারের সময়ে কতগুলি কঙ্কাল এবং কত অস্ত্র উদ্ধার হয়েছে এবং সেই অস্ত্র কোথায় প্রশিক্ষণ দেওয়া হত। সেই অস্ত্র কিভাবে তারা সংগ্রহ করত, এই বিষয়গুলো আমার মনে হয় প্রদর্শনীর মাধ্যমে তুলে ধরা প্রয়োজন যাতে বাংলার সচেতন মানুষ একটা শিক্ষালাভ করতে পারেন, জানতে পারেন যে এদের অবস্থা কোন জায়গায় ছিল এবং এদের আসল রূপটা কি। আসল চরিত্র কি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

ম্যাডাম ডেপুটি স্পীকার : একটার সময় রিসেস হবে সেই ভেবে আপনারা আপনাদের বক্তব্য রাখবেন।

ডঃ সূর্য্যকান্ত মিশ্র : ম্যাডাম, পয়েন্ট অব অর্ডার।

ম্যাডাম ডেপুটি স্পীকার : স্যার, আপনি জানেন আপনি ভেটেরান পলিটিশিয়ান জিরো আওয়ারে কি পয়েন্ট অব অর্ডার হয় ? আপনি নিশ্চয়ই বলবেন। একজন বলছেন তিনি বলে নিন।

[12.50—1.00 p.m.]

শ্রী অভিজিৎ মুখার্জী : ম্যাডাম, আপনাকে ধন্যবাদ জানাচ্ছি আমাকে সুযোগ করে দেওয়ার জন্য। ম্যাডাম, আপনার মাধ্যমে আমি নলহাটি সম্বন্ধে কিছু কথা বলতে চাই। নলহাটির গ্রামীণ অঞ্চলগুলির রাস্তার অবস্থা খুবই খারাপ। একেবারে ভঙ্গুর অবস্থায় বহুদিন ধরে পড়ে আছে। মাঝে মাঝে ইট-পাটকেল দিয়ে এটাকে সারানো হয়। এই রাস্তাগুলি এতই খারাপ যে, নলহাটি শহর থেকে রুদ্রনগর পর্যন্ত নলহাটি শহর থেকে বাউটিয়া হয়ে হরিদাসপুর পর্যন্ত রাস্তাগুলির অবস্থা খুবই খারাপ এবং সেখানে বাস চলাচল প্রায় বন্ধ। যানবাহন চলে না। তাই আমি মাননীয় মন্ত্রীর কাছে আপনার মাধ্যমে অনুরোধ করছি এই রাস্তাগুলি যেন পুজোর আগে ইমিডিয়েটলি রিপেয়ার করা হয়। দুই নাম্বার হচ্ছে আরও কিছু অঞ্চল আছে, ঝাড়খণ্ড লাগোয়া, সেখানে জলে খুব ফ্লোরাইড আছে। সেখানে হ্যান্ড পাম্প চলে না। একটা রিভার বেডে পাম্প লাগানো আছে। ইলেকট্রিসিটি থাকলে সেখানে দিনে দুবার করে জল দেওয়া হয়। মাননীয় মন্ত্রীর কাছে আমার অনুরোধ যে, ওখানে যেন পি এইচ ই দপ্তর থেকে একটা বা দুটো ওভারহেড পাম্প করে অ্যাটলিস্ট দিনে তিনবার করে জল সাপ্লাইয়ের ব্যবস্থা করা হয় তাহলে তিনটি অঞ্চলের লোকের উপকার হবে। ধন্যবাদ।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়া, গতকাল এই পবিত্র সদনে রাজ্যের মুখ্যমন্ত্রী একটা আহ্বান জানিয়েছেন যে, যখন-তখন যেখানে-সেখানে ঘেরাও বন্ধ ইত্যাদি না করার জন্য। শুধু তাই নয় তিনি বলেছেন, এই ব্যাপারেও তিনি সকল দলের সঙ্গে আলোচনা করেই একটা কনসেনসাস করার চেষ্টা করবেন। তিনি সহমতের ভিত্তিতেই এগোতে চান। এরই মধ্যে কিছু কিছু শো-কলড লেফটিস্ট সেন্ট্রাল ট্রেড ইউনিয়ন এই বক্তব্যের অপব্যাখ্যা করছেন। এই কথা ভাবার কোনো কারণ নেই। ভারতীয় সংবিধানের ১৯(সি) ধারায় পরিষ্কার বলা আছে, অ্যাসোসিয়েশন অথবা ইউনিয়ন করার অধিকার দেওয়া আছে। ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট, ট্রেড ইউনিয়ন অ্যাক্ট আছে, তিনি এই কথা পরিষ্কার করে বলে দিয়েছেন কোনো অবস্থাতেই শ্রমিকের অধিকার কখনোই খর্ব করা হবে না। কিন্তু শ্রমিকের অধিকারের কথা যেমন বলে থাকি, একই সঙ্গে আমরা যারা দীর্ঘদিন ট্রেড ইউনিয়নে আছি, এই কথাটা খুব জোরের সঙ্গে বলতে চাই যে, শ্রমিক অধিকারের কথাই বলা হয়েছে এতদিন ধরে, কিন্তু শ্রমিকদের দায়িত্বের কথা, রেসপনসিবিলিটির কথা কিন্তু বারে বারে বলা হয়নি। ফলে মানুষের মনের মধ্যে একটা

প্রতিক্রিয়া হয়েছে যে, একটা কারখানাকে কেন্দ্র করে গোটা জায়গায় ধর্মঘট হয়ে গেল, আমরা যারা সেই কারখানার মানুষ নই, তাদের উপরে চাপিয়ে দিলাম, আমার মতটাকে জোর করে তাদের উপরে চাপিয়ে দিলাম। আমরা দীর্ঘদিন দেখেছি পশ্চিমবাংলায় ধর্মঘট হচ্ছে। গেটে দশজন লোক দাঁড়িয়ে আছে, সমস্ত লোকের রাস্তা বন্ধ করে দিয়ে। এই যে জিনিসটা, এটার বন্ধ হওয়ার দরকার আছে। পশ্চিমবঙ্গের ভাবমূর্তি ভারতবর্ষের মাটিতে তৈরি করার জন্য এবং এখানে নতুন শিল্পায়নের জন্য যে ভাবমূর্তি তৈরি করার দরকার, যে ওয়ার্ক কালচার প্রতিষ্ঠা করার দরকার সেক্ষেত্রে আমি মনে করি যে ট্রেড ইউনিয়নের অধিকারকে বজায় রেখেই, যে মালিক গ্র্যাচুয়িটি দেয় না, তার বিরুদ্ধে আন্দোলন হবে না, এই কথা কেউ বলছে না। যে পি এফের টাকা ফাঁকি দেয়, তার বিরুদ্ধে আন্দোলন হবে না, এই কথা কেউ বলছে না। কিন্তু এই কথা তো নিশ্চয়ই ঠিক করতে হবে যে পলিটিক্যাল পারপাসকে সার্ভ করার জন্য বন্ধ বা ধর্মঘটের রাস্তায় গিয়ে রাজ্যের যে ভাবমূর্তি নষ্ট করা হচ্ছে সেটা অবিলম্বে বন্ধ হওয়া দরকার এবং আমাদের সহমতের ভিত্তিতে আমাদের এগিয়ে যাওয়া দরকার।

শ্রী মহঃ সোহরাব : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে একটা অনুরোধ করছি। আপনি জানেন যে মুর্শিদাবাদ এবং মালদা জেলার বহু মানুষ ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে কাজ করতে যায়। এবং এদের বেশিরভাগই মুসলিম। ঈদের সময়ে তারা বাড়ি আসে। কিন্তু ঈদের সময়ে হাওড়া স্টেশন এবং শিয়ালদহ স্টেশনে এদের যে নাকাল অবস্থা হয়, অবর্ণনীয়। যেহেতু আজকে ভারতবর্ষের রেলমন্ত্রী আমাদের পশ্চিমবাংলার মানুষ, আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যে, এই সময়ে ঈদের প্রাক্কালে হাওড়া এবং শিয়ালদহ থেকে যাতে কয়েকদিন অন্ততপক্ষে এই পাঁচদিন স্পেশাল ট্রেনের ব্যবস্থা করা হয়, যাতে এই সমস্ত ভারতের বিভিন্ন প্রান্তে কাজ করতে যাওয়া মানুষরা ঈদের সময়ে বাড়ি পৌঁছতে পারে, তিনি যাতে এটা টেক আপ করেন রেল দপ্তরের সঙ্গে এই অনুরোধ আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে করছি।

ম্যাডাম ডেপুটি স্পীকার : মাননীয় সম্মানীয় সদস্য, আপনার জ্ঞাতার্থে জানাই অলরেডি গত পরশুদিন মাননীয় চিফ মিনিস্টার রেলমন্ত্রীকে এই ব্যাপারে যাতে মানুষের কোনো দুর্ভোগ না হয়, তার জন্য ট্রেন বাড়িয়ে দেবার তিনি অলরেডি অনুরোধ করেছেন।

শ্রী সুনীল বিশ্বাস : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, নদিয়া জেলার আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে পলদা বিলে এই সি.পি.এম-এর আমলে, বামফ্রন্টের আমলে ২৪ কোটি ৭২ লক্ষ ৬৫ হাজার টাকা একেবারে লুটেপুটে খেয়েছে জেলা পরিষদ। বেনফিসের দপ্তর দেওয়া ছিল এবং মৎস্যের যে কর্মাধ্যক্ষ, তিনি এই টাকার ভাগ-বাঁটোয়ারা নিয়ে হৃদরোগে আক্রান্ত হয়ে মারা গিয়েছিলেন। সি.পি.এম-এর এত দুর্নীতি—এই ব্যাপারে আমাদের ডঃ আশিস ব্যানার্জী বললেন, কঙ্কালসার চেহারা বামফ্রন্টের দেখতে পাচ্ছেন। কঙ্কাল আর পশ্চিমবাংলাতে নেই। কঙ্কালসার চেহারা ওই ২৩৫-এর এখানে দাঁড়িয়েছে। বাংলার মানুষ সেই বিচার করেছেন। দেখছেন। ম্যাডাম, আমি আপনার মাধ্যমে পলদা বিলের ওই বোর্ড

ভেঙে দিতে অনুরোধ করছি এবং এই যে ঘটনা ঘটেছে ২৪ কোটি ৭২ লক্ষ ৬৫ হাজার টাকা, তার তদন্ত করে যে দোষী ব্যক্তি, তাদের মাজায় দড়ি দিয়ে বেঁধে নিয়ে এসে যাতে তার বিচার হয়, তার জন্য আমি বিভাগীয় মন্ত্রী, মৎস্যমন্ত্রী এবং বেনফিসের চেয়ারম্যান যিনি আছেন তার কাছে আমি আপনার মারফৎ আবেদন করছি।

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয়া উপাধ্যক্ষার মধ্যে দিয়ে আমি একটা বিষয় উল্লেখ করতে চাইছি। আজ এবং গতকাল খবরের কাগজে দেখা গেছে যে, বর্ধমান এবং আসানসোল এই রিজিওনটাতে কোল স্মাগলিং যেখানে হয়, দীর্ঘদিন ধরে যেটা হয়ে আসছে, সেটা একটা মারাত্মক জায়গা নিয়েছে। এখানে প্রায় ৬০০ কোটি টাকার লেনদেন হয়েছে, যেটা খবরের কাগজ বলছে। গত কয়েকদিন ধরে একটি রাজনৈতিক দলের দুই গোষ্ঠীর মধ্যে লড়াই চলছে। প্রায় ২০০০ টন কয়লা নিয়ে সেই ঘটনাটা ঘটছে এবং আরো সিরিয়াস যে ঘটনা সেটা হচ্ছে, পুলিশ সেখানে নিষ্ক্রিয় ভূমিকা পালন করছে, এমনকি হায়ার অথরিটির কথাও শুনছে না। এই রকম একটা ঘটনা শোনা যাচ্ছে। ফলে এই বিষয়টা আমি আপনার মধ্যে দিয়ে সংশ্লিষ্ট দপ্তরের কাছে দৃষ্টি আকর্ষণ করছি যে, এই কোল স্মাগলিং বন্ধ হওয়া অত্যন্ত জরুরি এবং আজকে যে ডাইমেনশনটা নিচ্ছে, এই ডাইমেনশনটাও আমাদের কাছে খুব মারাত্মক চেহারা নিচ্ছে। ধন্যবাদ।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষা মহাশয়া, আপনার মাধ্যমে আমি আমাদের খাদ্যমন্ত্রী এবং আমাদের মন্ত্রিসভার মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলায় একটি মডার্ন রাইসমিল আছে, যেখানে কেন্দ্রীয় সরকার যে চাল দেয়, গম দেয়, আমাদের রাজ্য সরকার যে কালেকশন করে সবই ওখানে রাখা হয় এবং আদ্রাতে একটি গোডাউন আছে, যেটার ক্যাপাসিটি প্রায় ৮০ হাজার মেট্রিক টন। সেখানে এইবারে ৫০ হাজার এম.টি. চাল যেভাবে নষ্ট হয়েছে এবং বাঁকুড়ার এম.আর.এম. গোডাউনে চাল যেভাবে নষ্ট হয়েছে, এটা দিয়ে গরীব মানুষের ভালো হত। এটা বামফ্রন্ট সরকারের সময় তারা যে রেখেছিলেন, সেগুলো তারা খুলে দেখেননি। সিটু পরিচালিত ইউনিয়ন আছে, আমাদেরও ইউনিয়ন আছে। কিন্তু সিটু পরিচালিত ইউনিয়ন আছে আদ্রাতে, সেটা বন্ধ করে দিয়ে চালগুলো নষ্ট হল, দিনের পর দিন মানুষ খেতে পেল না। আজকে মানুষ পাচ্ছে না। বিভিন্ন উন্নয়নমূলক পরিকল্পনার চাল আছে মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া। আজকে সেসবগুলো নষ্ট হল। আমি বলব যে, এই ব্যাপারে একটু যেন উপযুক্ত তদন্ত করে দেখা দরকার। এইভাবে চাল নষ্ট করা, প্রয়োজনে আজকে শেড্ বাড়ানো, সেখানে গোডাউন তৈরি করা, গোডাউন ভাড়া করা—এইভাবে যেখানে-সেখানে স্ট্যাগ্ করে ত্রিপল ঢাকা দিয়ে রেখে দিয়েছে। চালগুলো নষ্ট হচ্ছে। বিভিন্ন জায়গায়, সারা পশ্চিমবাংলায় এইরকম হচ্ছে। বাঁকুড়ার চারধারে তো ভর্তি হয়ে গেছে। চাল এইভাবে নষ্ট হচ্ছে, ঢাকা দেওয়া পড়ে আছে। এই ব্যাপারে তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য আপনার মাধ্যমে আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

ম্যাডাম ডেপুটি স্পীকার : এখন বিরতি। আমরা আবার ১.৪৫ মিনিটে মিলিত হব।

(At this stage the House was adjourned till 1.45 p.m.)

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা পয়েন্ট অফ ইনফর্মেশন আছে, স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় বলছি আমি কিছুক্ষণ আগে বাঁকুড়া থেকে খবর পেলাম রানীবাঁধ থেকে, বাঁকুড়া জেলার জঙ্গলমহল যেটা রানীবাঁধ ব্লক, রুদ্রা অঞ্চল মাকোলা গ্রামে আন্ত্রিকে ২০০ জন গ্রামবাসী আক্রান্ত এবং সেখানে দুজন ইতিমধ্যেই মারা গেছে, তার মধ্যে একজন বাচ্চা ছেলে এবং আর একজন মহিলা। মেডিকেল টিম যায়নি, রানীবাঁধ ব্লক প্রাথমিক হাসপাতালে ডাক্তার কম থাকার জন্য চিকিৎসা ব্যবস্থা হচ্ছে না, এই বিষয়টা আপনার মাধ্যমে আমি অবগত করলাম।

শ্রী আনিসুর রহমান : স্যার, এখানে নিয়ম আছে ৬ জন করে মন্ত্রী এখানে থাকেন, কিন্তু এখন মাত্র দুজন মন্ত্রীকে দেখছি। এটা কখনও হয়নি।

মিঃ স্পীকার : আপনি ঠিকই বলেছেন, পরিষদীয় দলের মন্ত্রী আসুক, আমি নিশ্চয়ই ব্যাপারটাতে তাঁর অ্যাটেনশন ড্র করবো, আপনি ঠিকই বলেছেন, থাকা নিশ্চয়ই উচিত।

শ্রী মহঃ গুলাম রব্বানী : স্যার, আমার একটা পয়েন্ট অফ ইনফর্মেশন আছে, সেটা হল কাল ৫টায় আমার বিধানসভা এলাকাতে ৪ জন মানুষ একটা অ্যাকসিডেন্টে মারা গেছে রেলব ক্রসিং-এ। কাল ৫টায় ঠিক ইফতারের আগে। তাদের কমপেনসেশনের জন্য আমি রিকোয়েস্ট করছি স্যার। থ্যাংক ইউ স্যার।

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT
DEMAND NO. 40

মিঃ স্পীকার : There is no cut motion to Demand No. 40.

শ্রী তোয়াব আলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডিমান্ড নং ৪০ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী শ্রী চন্দ্রনাথ সিংহ মহাশয় যে বাজেট এখানে উত্থাপন করেছেন, সেই বাজেট ভাষণের পরিপ্রেক্ষিতে আমার কয়েকটি বক্তব্য আমি বলতে চাই। স্যার, প্রতিদিনই এক কথা উঠছে নো কাটমোশান। স্বাভাবিক, কাটমোশান দেওয়ার তো কোনো সুযোগ আমরা পাই না, বা সুযোগ ছিল না। কারণ যে দিন বাজেট হবে তার আগের দিন, সেদিন আমরা বাজেট ভাষণ পাচ্ছি, কাজেই কাটমোশান দেওয়ার যে মূল অধিকার তার থেকে বঞ্চিত হচ্ছি, পাচ্ছি না। যাইহোক আমি সেই বিষয়ে বলতে চাই না। মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট ভাষণ এখানে দিয়েছেন, তাতে মূল যে পার্ট আছে, বিগত ২০১০-১১ সালের যে কাজ নির্ধারিত ছিল এই দপ্তরের জন্য। যা কাজ করে সেটাই আছে। আগামীদিনে সেই সমস্ত বিষয়গুলিতে ব্যয় বরাদ্দ কিছুটা বাড়ানো, কিছুটা কমানো, কিছুটা সমান রাখা ইত্যাদি আছে। স্বাভাবিক কারণে বিগত বাজেটের উপরে উনি যে ডিটেলস বলেছেন তার জন্য আমি ধন্যবাদ জানাই। উনি কোনো কার্পন্যতা করেনি। ইতিকথিত যা চলছে ৩৪ বছর ইত্যাদি, এ সবের মধ্যে আর যাননি। এর জন্য আমি ধন্যবাদ দিচ্ছি আপনাকে। যেটা সত্য সেটা আপনি বলেছেন। স্যার, এটা আপনিও জানেন আর এটা সবাই স্বীকারও করবে যে আজকে সারা পশ্চিমবাংলায় গ্রামের যে উন্নয়ন সামগ্রী—রাস্তাঘাট, সামাজিক প্রকল্প থেকে সব কিছুতেই পঞ্চায়েত খুবই গুরুত্বপূর্ণই নয়, একটা প্রধান ভূমিকাও পালন করছে। বামফ্রন্ট

সরকারের সাফল্যের একটা অন্যতম দিশা হচ্ছে পঞ্চায়েত। হাসাহাসি করেন আপত্তি নেই। মন্ত্রী স্বীকার করেছেন, আপনারাও করবেন। ঠিক আছে, ইতিহাস আছে। সুযোগ পেলে নিশ্চয়ই বলব। স্যার, আমি খুবই সাধারণ। আমি ওই অঙ্কের তথ্য—এক, দুই,— কে কত বেশি এই সব দিকে না গিয়ে ক্ষেত্র বিশেষে পঞ্চায়েত যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছি গ্রাম উন্নয়নে, যা এই বাজেটে মন্ত্রী মহাশয় বলেছেন, আমি সেটাকেই ধরে কয়েকটি বিষয় বলে নিতে চাইছি। আজকে গ্রামবাংলার যোগাযোগের ক্ষেত্রে এটা গুরুত্বপূর্ণ স্কীম N.R.E.G.A. যেটা মহাত্মা গান্ধী ন্যাশনাল এমপ্লয়মেন্ট জেনারেশন প্রকল্প হিসাবে এখন চলছে। উন্নয়নের ক্ষেত্রে এটার সাফল্য এখানে বর্ণিত আছে। আমি সেটা উল্লেখ করতে চাইছি না। কিন্তু এটা ঘটনা এই প্রকল্প রূপায়ণে কেন্দ্রীয় সরকারের প্রধান অংশ ব্যয়িত হয়। এই প্রকল্প রূপায়ণ করতে গিয়ে কয়েকটি কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উনি জানেন হয়তো, যে প্রধান সমস্যা হচ্ছে এই প্রকল্প রূপায়ণের অর্থ আগে থেকে নির্দিষ্ট করা নয়। প্রকল্প জমা হবে—গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ তিনটি স্তরে। এই প্রকল্প কে করবে, টাকা পাবে কিন্তু ঘটনা হচ্ছে এটা, যত প্রকল্প পঞ্চায়েতগুলো থেকে উঠে আসে, প্রকৃতপক্ষে যেটা বলা হচ্ছে সেই টাকা কিন্তু পাওয়া যায় না, সীমিত তার চেয়ে। দ্বিতীয়ত ট্রাস্টি শুধু যোগাযোগের ক্ষেত্রে নয় কর্মসংস্থানেও একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এর জন্য অনেক প্রকল্পে কাজ করার অর্ডার মেন অফিস থেকে প্রশাসনিক দপ্তর থেকে দেওয়া হয়, সেটা গতবার হয়েছিল। এখন কিছু প্রবলেম নতুন করে তৈরি হচ্ছে, কাজ করার পরেও শ্রমিকরা ঠিক মতো টাকা পায় না। পায় না কেন ? যেহেতু কেন্দ্রীয় সরকারের প্রকল্প, কেন্দ্রীয় সরকারের থেকে টাকা আসে কিন্তু যে প্রয়োজন, যে সময় নির্দিষ্ট থাকে না, টাকা আসে না। এই জন্য টাকা পায় না।

এইজন্য হয়, পায় না টাকা। এটা গত বাজেটে আলোচনা হয়েছে, সেটা আপনিও জানেন। এই ক্ষেত্রে আমার মূল কথা এটাই যে কত টাকা পাওয়া যাচ্ছে ? সেই টাকা যেটা পাওয়া যাচ্ছে, সেই ভিত্তিতে প্রকল্প রূপায়ণ করা প্রকল্পগুলোর অনুমোদন দেওয়া এবং সেই প্রকল্পগুলো করা দরকার। কারণ একজন সাধারণ শ্রমিক, যে দিন আনে দিন খায়, খেতমজুর মূলত গ্রামের, তারা কাজ করল অথচ মাসের পর মাস টাকা পায় না টাকার জন্যে পঞ্চায়েতে বা BDO office-এ ধরনা দিতে হচ্ছে, বিক্ষোভ করতে হচ্ছে, অবস্থান করতে হচ্ছে। ফলে এই বিষয়টিকে গুরুত্ব দিয়ে দেখা দরকার প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে বলে আমার মনে হয়েছে। যে টাকা পাওয়া যাচ্ছে সেইটুকু কাজ হোক, টাকা নেই অথচ কাজ করার order দিয়ে এই শ্রমিক, খেতমজুরদের হয়রানিটা বন্ধ করা দরকার। দ্বিতীয় প্রসঙ্গ, এই ক্ষেত্রে আমার suggestion হল, যেটার কথা উঠছে, card কত বিলি হয়েছে, কত কি আছে, আমি সেটা উল্লেখ করতে চাই না। কিন্তু এটা বাস্তব, এই প্রশ্নটা আপনার আমার না, গোটা পশ্চিমবাংলায় এখন যে পঞ্চায়েত চলছে, তার প্রায় ৫০ কাছাকাছি মানে সরকার পক্ষ বিরোধী পক্ষ সব দলের আছে। সব দল মিলিয়ে করছে, কাজেই আপনি বেশি করছেন আমি বেশি করছি তা নয়। কিন্তু এটা ঘটনা, বাস্তব এটা যে, Job card যে আছে দেওয়া হয়েছে যা পরিসংখ্যান আপনাদের এখানে আছে, একটা অংশ Job card সেই Job card

ধারীদের সেই মানুষের কাছে নেই। মেম্বার হোক, পঞ্চায়েত হোক, কিংবা যারাই হোক, যাদের দখলে আছে, ফলে সেই Job card-এ কাজ হচ্ছে, সে টাকা পাচ্ছে না, টাকা পেলেও সেটা খুব অল্প যা malpractice করছে। এইজন্য আমার একটা কথা যে total Job card যা বিলি হয়েছে, তা review করা সার্ভে করা যায় কিনা, যে সে প্রকৃত Job card ধারী কিনা। আমি কোনো পক্ষে বলছি না, এটাই বাস্তব। আমি যেটা বলছি যে, review করার কোনো চিন্তা করবেন কিনা ? যে প্রকৃতপক্ষে এই Job card যাদের আছে, তাদের হাতে যেন থাকে, প্রকৃতপক্ষে তারা যেন কাজ পায়। তাহলে এই যে প্রশ্ন আসছে, যে প্রকল্পে কিছুটা মানে দুর্নীতির সুযোগ নিচ্ছে স্বার্থান্বেষী মানুষ, স্বার্থান্বেষী যারা। ফলে কিছুটা প্রতিরোধ করার সুযোগ থাকতে পারে। আপনি একটা এখানে তথ্য দিয়েছেন আমি জানি না, আপনি নিশ্চয় এটার ব্যাখ্যা করবেন—সংক্ষেপে এক লাইনে আছে, Bio-Metric Card-এর মজুরি, Job card-এর পরিবর্তে এই Bio-Metric Card, এটা আপনি নতুন প্রকল্প চালু করেছেন, ভালো, যদি দুর্নীতি প্রতিরোধে কার্যকরি হয় তাহলে খুবই ভালো, সমস্ত জায়গাতে করতে পারলে এটা ভালো হবে। আমি এইজন্যই বললাম যে, এটা অবশ্যই প্রতিরোধ হওয়া দরকার। এটাই হচ্ছে আমার এই সম্পর্কে কয়েকটি কথা আপনাকে আমি বললাম, এটা আপনি ভেবে দেখবেন। আরো কতগুলো বিষয় আছে সেটা বলতে চাই না।

(এইসময় মাননীয় সদস্য শ্রী তাপস রায় বলেন, আপনার তো বলার কিছু নেই।)

সত্যিই তো বলার কিছু নেই। কি বলব বলুন। আসলে মন্ত্রিমহাশয় বিগত সরকারের কাজের সম্বন্ধে খারাপ কিছু বলেননি তো, যে সেটাকে counter করে আমাকে কিছু বলতে হবে। সেটাতে আমি যাচ্ছি না, আপনারা counter করুন, আপনারা রাজনীতিগতভাবে অনেকে ৩৪ বছর ইত্যাদি বলবেন, আমি জানি।

[2.00—2.10 p.m.]

আর একটা গুরুত্বপূর্ণ প্রকল্প পঞ্চায়েতের ক্ষেত্রে, সেটা হচ্ছে, ৩.৪-তে আছে, আপনারা জানেন পঞ্চায়েত সার্বিক শিক্ষার অগ্রগতির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। এই জন্য পঞ্চায়েত পরিকাঠামোর মধ্যে পঞ্চায়েতের নিজস্ব উদ্যোগে যে এস এস কে, এম এস কে প্রকল্প আছে, তার পরিসংখ্যান দিয়েছেন ১৬,১১০টি শিশু শিক্ষা কেন্দ্র, ১৯১৭টি মাধ্যমিক শিক্ষা কেন্দ্র, তার ছাত্র সংখ্যা ৩ লক্ষ ৮৩। এটা একটা বিশাল অঙ্ক। এই কেন্দ্রে যারা বিশেষ করে লেখাপড়া করছেন গ্রামের যারা দরিদ্র স্কুলে যাওয়ার সুযোগ পায়নি, প্রচণ্ড উৎসাহ উদ্দীপনায় লেখাপড়া করছেন। গ্রামে গেলে দেখবেন যে, শিশু শিক্ষা কেন্দ্রগুলিতে মাধ্যমিক ছেলেরা উৎসাহ-উদ্দীপনা নিয়ে তারা পড়াশুনা করছেন। কিন্তু তাদের ভবিষ্যৎ এখন কি ? এই কারণে যে এমনিতে প্রাইমারী স্কুলে শিক্ষার যে হার বেড়েছে, শিক্ষার মানে যে অগ্রগতি ঘটেছে মাধ্যমিক স্কুল অনেক হয়েছে, কিন্তু এই যে সবাই মেনশান করছেন ছাত্র ভর্তি হওয়ার সুযোগ পাচ্ছে না, ভর্তি হতে পারছে না। এই সংখ্যাটা আরো বাড়ছে। কাজেই এই বিকল্প হিসাবে, এই যে শিক্ষা কেন্দ্রগুলি গড়ে তোলা হয়েছিল, ফলে এই কেন্দ্রগুলি থেকে যারা পাস করছে আর নর্মালি প্রাইমারি স্কুল থেকে যারা পাস

করছে, মাধ্যমিক থেকে যারা পাস করছে সেখানে একটা বৈষম্য তৈরি করছে ভর্তির ক্ষেত্রে। এইজন্য বিগত সরকার এই ব্যাপারে একটা খুবই সুচিন্তিত চিন্তা করেছিলেন যে এই শিক্ষাকেন্দ্রগুলিকে প্রাতিষ্ঠানিক মর্যাদা দেওয়ার জন্য একটা পঞ্চায়েতের আন্ডারে বোর্ড তৈরি করবার জন্য আলোচনা হয়েছিল বিধানসভাতে। বিধানসভাতে বিল পেশ হয়েছিল। যাইহোক, আপনারা তখন তার বিরোধিতা করেছিলেন, সমস্ত দিক থেকে বন্ধ করবার জন্য, এটা হয়নি। এটা যদি হত তাহলে একটা বোর্ডের মাধ্যমে তাদের শিক্ষা এবং তাদের স্বীকৃতি তারা পেত। আমার পরামর্শ এবং আমার জিজ্ঞাস্যও যে, এই যে বিশাল অঙ্কের শিশু যারা পড়ছেন এবং একটা বড় অংশের যারা ওখানে শিক্ষকতা করছেন, এদের ভবিষ্যৎ সম্পর্কে আপনি কি ভাবছেন ? সুনিশ্চিতভাবে ভবিষ্যতে এই শিশু সন্তানদের এবং যারা এখানে কাজ করছেন তাদের কি হবে ? নতুন কোনো বোর্ডের কথা ভাবছেন কি আপনারা, অথবা এই যে মাধ্যমিক, ক্লাস এইট পর্যন্ত আছে সেই কেন্দ্রগুলিকে মাধ্যমিক স্তরে এবং উচ্চমাধ্যমিক স্তরের সম মর্যাদা দেওয়া প্রয়োজন, সেটা নিয়ে কিছু ভেবেছেন কিনা বা উচিত কিনা ? আমার আপনার কাছে প্রশ্ন এবং নিবেদনও। কারণ এই অংশের ব্যাপারে গত সরকার তারা যে সিদ্ধান্ত করেছিলেন যে শিশু শিক্ষা, এম এস কে-তে যারা শিক্ষকতা করছেন, কাজ করছেন, তাদের ৬০ বছরের কাজটাকে নিশ্চিত করা, গ্র্যাচুয়িটি, ভবিষ্যৎটাকেও নিশ্চিত করার ব্যাপারে যে ঘোষণা এবং পরিকল্পনা করেছিলেন, শিশুদের ক্ষেত্রেও যে নিশ্চয়তা দিচ্ছিলেন যে একটা বোর্ডের সার্টিফিকেটেই তারা অন্যান্য চাকরির ক্ষেত্রে সুযোগ পাবে। তারা প্রচণ্ড হতাশার মধ্যে এবং অনিশ্চয়তার মধ্যে আছে। এইজন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার নিবেদন হচ্ছে এটা, আপনি নিশ্চয় এই ব্যাপারে কিছু বলবেন।

এবং এই ক্ষেত্রে যাঁরা যুক্ত আছেন তাঁদের এই হতাশা থেকে মুক্ত করার একটা সুনির্দিষ্ট কর্মসূচি আপনি অবশ্যই গ্রহণ করবেন। এটা হচ্ছে এই সম্পর্কে আপনার কাছে আমার সাজেশান।

৩ (৬) নং প্যারার প্রসঙ্গে আমি বলতে চাই, একটা গুরুত্বপূর্ণ কর্মসূচি মানব উন্নয়নের ক্ষেত্রে শিক্ষা এবং স্বাস্থ্য দুটি গুরুত্বপূর্ণ সূচক হিসাবে পরিগণিত হয়। তার মধ্যে পঞ্চায়েতের উদ্যোগে 'জনউদ্যোগে জনস্বাস্থ্য' নামক যে কর্মসূচি চলছে সেখানে মূলত মানুষকে স্বাস্থ্য সচেতন করার এবং রোগ প্রতিরোধমূলক ব্যবস্থা গড়ে তোলার মূল কাজটা পরিচালনা করে। একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে এই বিষয়ে কোনো সন্দেহ নেই। কিন্তু আপনি দেখবেন ২০১০-১১ এই বর্ষ বাজেটে বরাদ্দ ছিল দু কোটি টাকা। অথচ আমি দেখছি ২০১১-১২ বাজেটে আপনি চেয়েছেন এক কোটি টাকার প্রস্তাব। আমার আপনার কাছে জানার যে স্যার এত বড় একটা গুরুত্বপূর্ণ কর্মসূচিতে গতবারে যা বরাদ্দ ছিল সেটা কম করলেন কেন ? এখানে কি গুরুত্ব কমিয়ে দিচ্ছেন ? গুরুত্ব কমে যাচ্ছে ? দ্বিতীয়ত, বিভিন্ন পঞ্চায়েতে হোমিওপ্যাথিক, আয়ুর্বেদিক, ইউনানি বিভিন্ন ডিসপেনসারি আছে যা তথ্যে বলা আছে, এটা বলেছেন অনেক জায়গায় নেই। আপনি যখন বলবেন তখন নিশ্চয় বলবেন যে লক্ষ্যমাত্রা নির্দিষ্ট করেছেন কিনা। যে সমস্ত পঞ্চায়েতগুলোতে এখনো কোনো

ডিসপেনসারি খোলা হয়নি—তিনটি ক্ষেত্রে হোমিওপ্যাথিক, আয়ুর্বেদিক, ইউনানি—যে কোনো একটা সমস্ত পঞ্চায়েতে খোলার জন্য লক্ষ্যমাত্রা কতদিনের মধ্যে পূরণ করা যেতে পারে ? আগামী লক্ষ্যমাত্রা কত আছে, যা আছে তা কত বাড়াবেন, কোনো লক্ষ্যমাত্রা স্থির করেছেন কিনা। এই কয়েকটি কথা আমি এই প্রসঙ্গে আপনার কাছে নিবেদন করছি।

আমি ৩ (৭) নং প্যারাতে আসছি। রাষ্ট্রীয়, সামাজিক সুরক্ষা প্রকল্প, ভাতা, পেনশান ইত্যাদি প্রসঙ্গ। আমার এই প্রসঙ্গে কয়েকটি কথা আপনাকে বলার আছে। এটা ঘটনা, এই প্রকল্পটিও খুব গুরুত্বপূর্ণ। বিশেষ করে অসহায় দরিদ্র মানুষ যাদের কাজ করার সুযোগ নেই, যারা কাজ করার সুযোগ হারিয়ে ফেলেছে তাদের জন্য। এই প্রসঙ্গে আমার দুটি কথা বলার আছে। ২০০৬-০৭-এ ৪০০ টাকা ছিল, পূর্বে যখন চালু হয় ১০০ টাকা ছিল, ৪০০ টাকা হয়েছে। ২০০৭ সালে এই প্রকল্পটার শুধু একটু নাম পরিবর্তন হয়ে গেছে। রাষ্ট্রীয় সামাজিক সুরক্ষা প্রকল্প ছিল, নাম যুক্ত হয়েছে ইন্দিরা গান্ধী জাতীয় বার্ধক্য ভাতা পেনশন প্রকল্প। এটা হয়েছে ২০০৭ সালে। আপনি বাজেট বক্তৃতায় যে কথাগুলো বলেছেন তিনটি বিষয়ে আমি আপনার কাছে স্পষ্টভাবে জানতে চাইব। এই বার্ধক্য ভাতা প্রাপকের সংখ্যা ভারত সরকার নির্ধারিত সংখ্যার মধ্যে রাখতে হবে। আমরা জানি যে দারিদ্র্যসীমার নীচে যে সমস্ত মানুষ ৬০ বছরের উর্ধ্বে আছে তারা সবাই এই প্রকল্পের মধ্যে অন্তর্ভুক্ত হবে।

[2.10—2.20 p.m.]

এই যে কথাটা লিখেছেন, তাহলে কি সুনির্দিষ্টভাবে কোটা বেঁধে দিচ্ছেন কেন্দ্রীয় সরকার, না সবাই প্রকল্পের মধ্যে পড়বে। এখানে আপনি বলেছেন—'এখন ষাটোর্ধ বি পি এল পরিবারভুক্ত ব্যক্তিরা তাদের চিহ্নিতকরণের মাস থেকে এই বার্ধক্য ভাতা পাবেন। অবশ্য এই বার্ধক্য ভাতা প্রাপকের সংখ্যা ভারত সরকারের নির্ধারিত সংখ্যার মধ্যে রাখতে হবে। এছাড়া চল্লিশ থেকে ষাট বছর বয়স্ক বি পি এল পরিবারভুক্ত বিধবা মহিলা এবং আঠারো বছর থেকে ষাট বছর বয়স পর্যন্ত ৮০ শতাংশ বা তার বেশি প্রতিবন্ধী বি পি এল সদস্য যথাক্রমে বিধবা পেনশন ও প্রতিবন্ধী পেনশান পাবেন। এই তিন প্রকার পেনশনের প্রত্যেকটির হার যথাক্রমে মাসিক ৪০০ টাকা। তার মধ্যে ২০০ টাকা কেন্দ্রীয় সরকার দেবেন এবং বাকি ২০০ টাকা রাজ্য সরকার দেবেন।' আবার তার পরেই বলছেন—'আশি বছর পেরিয়েছেন এবং দারিদ্র্য সীমার নীচের পরিবারের সদস্যদের মাসিক পেনশনের পরিমাণ আগস্ট, ২০১১ থেকে ৭০০ টাকা করা হয়েছে, যার মধ্যে ৫০০ টাকা কেন্দ্রীয় সরকার এবং ২০০ টাকা রাজ্য সরকার বহন করবেন।' এই বিষয়টি আমি ঠিক বুঝতে পারলাম না। এই দুটোর মধ্যে কোনো পার্থক্য আছে কিনা এটা একটু ব্যাখ্যা করে আমাদের বলবেন। এই প্রসঙ্গে আমার শেষ কথা হচ্ছে, এই প্রকল্পটি খুবই গুরুত্বপূর্ণ এই অসহায় মানুষদের জন্য। কিন্তু আজকে সারা দেশে জিনিসপত্রের যা অগ্নিমূল্য, তাতে এই টাকার পরিমাণ খুবই অপ্রতুল। আমার কথা হচ্ছে, বিগত বামফ্রন্ট সরকারের আমলে একটা প্রোপোজাল করা হয়েছিল, এটা এক হাজার টাকা করা হোক। তাই আপনার কাছে আমি দাবি জানাবো, এই প্রাপ্ত ভাতার পরিমাণ বাড়নোর কোনো পরিকল্পনা আপনার আছে কিনা বলবেন। কেন্দ্রীয় সরকারের অংশ বাড়ানোর জন্য বলা এবং রাজ্য সরকারের অংশ

বাড়ানোর কোনো পরিকল্পনার কথা ভাবছেন কিনা বলবেন। আমার দাবি এই অগ্নিমূল্যের বাজারে এই টাকা খুবই যৎসামান্য। এই টাকার পরিমাণ বাড়ানো দরকার। ৩.৯ পয়েন্টে যেটা বলেছেন সেই ব্যাপারে বলি, গ্রামীণ গরিব খেতমজুরদের জন্য একটা ঐতিহাসিক সিদ্ধান্ত বামফ্রন্ট সরকার নিয়েছিল। গ্রামীণ গরিব ক্ষেতমজুরদের জন্য পেনশন প্রকল্প নতুন একটা যুক্ত হয়েছে। এখানে আমি দেখছি গত বছরেও এই প্রকল্পে রাজ্য সরকার ১২ কোটি টাকা বরাদ্দ করেছিল, আপনি এটা কমিয়ে সাত কোটি টাকা করেছেন। এই প্রকল্পটি খুবই গুরুত্বপূর্ণ প্রকল্প, আপনি এটাকে গুরুত্ব দিন। এই ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয় নিশ্চয় বলবেন।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী বিপ্লব রায়চৌধুরী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ২০১১-২০১২ সালের জন্য যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। যেটা অত্যন্ত আনন্দের এবং গর্বের কথা সেটা হচ্ছে, মাননীয় মন্ত্রীমহোদয় তার বক্তব্যের মধ্যে খুব গুরুত্বপূর্ণ একটা কথা বলেছেন যেটা আমি এই সভার সামনে উপস্থিত করতে চাই।

গ্রামোন্নয়নের কাজে পঞ্চায়েতগুলিকে শক্তিশালী ও জনমুখী করার জন্য এই কাজে সংশ্লিষ্ট রাজনৈতিক দলগুলির সহমত ও সদিচ্ছা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, আমি মনে করি যে গ্রামোন্নয়নের ক্ষেত্রে সমস্ত রাজনৈতিক দলগুলোর সদিচ্ছা এবং সহমত অত্যন্ত গুরুত্বপূর্ণ। এখন গ্রামবাংলা রাজনৈতিক দলগুলোকে কেন্দ্র করেই আবর্তিত হয়। রাজনৈতিক দলগুলো সবাই যদি একসঙ্গে এক মত হয়ে গ্রামোন্নয়নের উদ্যোগ না নেন তাহলে গ্রামোন্নয়ন হবে না। যেখানে যেখানে আমরা পিছিয়ে পড়ছি, সেখানে সেখানে প্রকৃতপক্ষে আমরা পরস্পরের সঙ্গে মারামারি, যুদ্ধ, হানাহানি, কাটাকাটি করছি বলেই আমরা পিছিয়ে পড়ছি। আমরা প্রত্যেকদিন নিজেরা ক্রমাগত নিজেদের উন্নয়ন করবার চেষ্টা করছি কিনা এটা আমাদের নিজেদের বুকে হাত দিয়ে আবারও ভাবতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, অত্যন্ত বেদনার সঙ্গে লক্ষ্য করেছি, বর্তমানে যারা বিরোধী দলে বসে আছেন তারা এতদিন পর্যন্ত যে পঞ্চায়েত চালিয়েছেন সেই পঞ্চায়েতের নীতিগুলো এইরকম ছিল, আমাদের রাস্তা তৈরি হবে ওপাড়ার রাস্তা তৈরি হবে না। আমাদের পাড়ায় বিদ্যুৎ যাবে ওপাড়ায় বিদ্যুৎ যাবে না কারণ ওরা আমাদের ভোট দেয়নি। এমনকি টিউবওয়েল এপাড়ায় হবে, ওপাড়ায় হবে না। ওপাড়ার লোকেরা এপাড়া থেকে জল আনতে যাবে, আমরা তাদের টিটকিরি করব, গালাগাল দেব, নানাভাবে লাঞ্ছনা করব এটা দিনের পর দিন আমাদের সমাজের নিয়ম হয়েছিল। আমরা অত্যন্ত বেদনার সঙ্গে লক্ষ্য করছি যে, এ ঘটনা ছিল। আমার আগের বক্তা বললেন, জব কার্ডগুলো ঠিক জায়গায় থাকে না। জব কার্ডগুলো ঠিক জায়গায় থাকে না এই ঘটনা সংবাদপত্রের পাতায় বারে বারে বেরিয়েছে, যে, জন্য কার্ডগুলো কোন কোন পার্টি অফিসে পার্টির নেতাদের হাতে কেন্দ্রীভূত হয়ে থাকে। লোকেরা যখন কাজ করতে যায়, তখন তাদের ডেকে ডেকে বলা হয় জব কার্ডে এখানে সই করে যা, যেমন ইচ্ছা মজুরি আমরা দেব, তারপরে তোরা মজুরি পাবি। পরের দিন যদি আমাদের

মিছিলে না আসিস তাহলে মজুরি পাবি না। এই যে একটা ভয়ংকর বন্ধ্যা অবস্থা ছিল সারা পশ্চিমবঙ্গে, এই বন্ধ্যা অবস্থার পরিবর্তন ঘটাবার জন্য বাংলার মানুষ রায় দিয়েছে। বাংলার মানুষ প্রথমে রায় দিয়েছে পঞ্চায়েতে তারপরে রায় দিয়েছে লোকসভায় এবং তারপর বিধানসভায় এবং সেই রায়ের মধ্যে দিয়ে বলে দিয়েছে মমতা বন্দ্যোপাধ্যায়ের যে স্লোগান, সকলের তরে সকলে আমরা, প্রত্যেকে আমরা পরের তরে। এই স্লোগানকে আবর্তিত করেই আগামীদিনে পশ্চিমবঙ্গে আমরা পথ হাঁটবো। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, অত্যন্ত বেদনার সঙ্গে লক্ষ্য করেছি, এই যে পঞ্চায়েত দপ্তর, শুধু এই পঞ্চায়েত দপ্তরটাকে ঠিকমতো পরিচালনা করলেই গোটা পশ্চিমবঙ্গ হেসে উঠবে, আনন্দের সঙ্গে কথা বলতে পারবে। কিন্তু আমরা লক্ষ্য করেছি যে পঞ্চায়েত দপ্তরকে তেমন করে পরিচালনা করা হল না। নানা জায়গাতে। এই পঞ্চায়েত দপ্তরে এত স্কীম আছে এত পরিকল্পনা আছে যার কোনটা বাদ দিয়ে কোনটা বলব আমি তা ভেবেই উঠতে পারি না। আপনি যদি রাস্তার কথা বলেন, তাহলে দেখবেন পি.এম.জি.এস.ওয়াই. রাস্তা। সেই রাস্তা যদি ঠিকমতো তৈরি করা হয়, তাহলে গোটা পশ্চিমবঙ্গের মানুষ আগামীদিনে আর রাস্তার জন্য দাবি করবে না। কিন্তু আমরা লক্ষ্য করেছি, অত্যন্ত বেদনার সঙ্গে লক্ষ্য করেছি, মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, আমি বলতে চাই, পূর্ব মেদিনীপুর জেলার জেলা পরিষদের সভাধিপতি তিনি তাঁর পদ ত্যাগ করে এস হাউসের সদস্য হয়েছেন এবং এই বিধানসভার সদস্য হিসাবে তিনি এখানে আছেন। তাঁর কাছে আমরা পঞ্চাশ বার করে দাবি করতে গিয়েছি যে বামফ্রন্টের আমলে পি.এম.জি.এস.ওয়াই.-এর যে রাস্তাগুলো তৈরি হয়েছিল, সেই রাস্তাগুলোর সমস্ত কিছু উঠে চলে গেছে। রাস্তাগুলোর এখন কঙ্কাল বেরিয়ে পড়েছে। সেই কঙ্কালগুলোকে সরিয়ে রাস্তাগুলোকে আবার কিভাবে নতুন করে সারাই করা যায় তার জন্য তিনি উদ্যোগ গ্রহণ করুন। সভাধিপতি বারে বারে আমাদের আশ্বস্ত করেছেন, কিন্তু এমনই জট আছে যে জট সারিয়ে দিল্লি থেকে সেই রাস্তা সংস্কার করার জন্য পরিকল্পনা বার করতে দীর্ঘ সময় লেগেছে ফলে রাস্তাগুলোর এরকম কঙ্কালসার চেহারাই হয়ে রয়েছে। আমি অত্যন্ত বিনীতভাবে বলতে চাই, আমাদের বিরোধী পক্ষ যারা আমাদের সমালোচনা করতে এগিয়ে এসেছেন তাদের বলতে চাই, সমালোচনা করুন আমাদের কোনো আপত্তি নেই। কিন্তু মনে রাখবেন নিজের দায়িত্ব পালন করে তারপরে অপরের সমালোচনা করবেন, দায়িত্ব পালন না করে নয়। আমি ১৯৯৬ সালে এই বিধানসভার সদস্য ছিলাম, ১৯৯৮ সালে বিদ্যুৎমন্ত্রী শঙ্কর সেন আমাদের বলেছিলেন যে ২০০৭ সালের মধ্যে পশ্চিমবঙ্গের সমস্ত গ্রাম বৈদ্যুতিককরণ হয়ে যাবে। ২০০৭ সাল কবে এসেছে, কবে গেছে তা আমরা জানি না। আজকে ২০১১-তে বসে আছি, গ্রামাঞ্চলে বিদ্যুৎ এখনো পৌঁছায়নি। এটা বিদ্যুৎ দপ্তরের ব্যর্থতা, না সংশ্লিষ্ট দপ্তরের ব্যর্থতা, না পঞ্চায়েতের ব্যর্থতা তা আমরা জানি না।

[2.20—2.30 p.m.]

কিন্তু এখনও মানুষ অন্ধকারে বসে আছে, তারা তাকিয়ে আছে, তারা সেটা সম্পূর্ণ করতে পারবে। এই পঞ্চায়েত দপ্তরে আছে যে, এই মানুষকে গৃহ দাও। তার জন্য ইন্দিরা আবাস যোজনা আছে। কিন্তু ইন্দিরা আবাস যোজনা দিয়ে সেই মানুষগুলোকে গৃহ তৈরি

করার জন্য যে উদ্যোগ, সেই উদ্যোগ যথোপযুক্তভাবে নেওয়া হল না বলে এখনও লক্ষ লক্ষ মানুষ তাকিয়ে আছে আকাশের দিকে, বলছে বৃষ্টি পড়লে আমার মাথার পরে উপড়ে। আবার কবে গৃহ তৈরি হবে ? মানুষকে বলতে চাই যে, ৬০ বছরের উর্ধ্বে বিধবাদের আমরা ভাতা দেব, ৬০ বছরের উর্ধ্বে বয়স্কদের আমরা ভাতা দেব। এমনকি কেন্দ্রীয় সরকার উদ্যোগ নিয়েছেন যে প্রতিবন্ধী ৬০ বছরের উর্ধ্বে মানুষদেরও ভাতা দেবেন, ৪০ বছরের উর্ধ্বে যারা সম্পূর্ণ প্রতিবন্ধী তাদেরও ভাতা দেবেন। কিন্তু এই ভাতা দেওয়ার ক্ষেত্রেও আমরা লক্ষ্য করেছি যে পঞ্চায়েতের লোকগুলো তারা বসে আছেন এবং বসে বসে ভাবছেন এই বিধবার পরিবার আমাকে ভোট দিয়েছে কিনা, তার উপরেই তার ভাতা নির্ধারিত হবে, অন্যথায় তাকে ভাতা দেওয়া হবে না। এই ভয়ংকর অবস্থা পশ্চিমবঙ্গের মাথার উপরে চেপে রয়েছে। সেই কলঙ্ক দূর করবার জন্য আমি পঞ্চায়েত মন্ত্রীকেও অনুরোধ করব। আসুন আপনি প্রথমে যে কথা বলেছেন, সকলের রাজনৈতিক সদিচ্ছা এবং সহমত দরকার। সেই রাজনৈতিক সদিচ্ছা এবং সহমত নিয়ে আপনি পথ হাঁটতে আরম্ভ করুন, আপনি এগোতে পারবেন এবং মানুষ আপনাকে আশীর্বাদ করবে। এই পঞ্চায়েত দপ্তরের মধ্যে দিয়ে এমন অসংখ্য কাজ আছে, যে কাজগুলোকে সম্পূর্ণ না করলে অন্য অনেক দপ্তর তারা তাদের বাজেট ঠিকমতো পেশ করতে পারবেন না। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, সমস্ত সেল্ফহেল্প গ্রুপ এই পঞ্চায়েতের একটা অপূর্ব সৃষ্টি। মহিলারা সেল্ফহেল্প গ্রুপ তৈরি করেছেন, তার সঙ্গে পুরুষদের সেল্ফহেল্প গ্রুপ আছে। এত সেল্ফহেল্প গ্রুপ তৈরি হয়েছে এবং মেয়েরা আজকে আস্তে আস্তে ক্রমশ এগিয়ে এসে কাজ করতে শুরু করেছে, সংঘবদ্ধ হচ্ছে। তারা নতুন নতুন কিছু জিনিস তৈরি করছে, বাজারে তা বিক্রি করছে এবং তার মধ্যে দিয়ে তারা জীবিকা সন্ধান করতে পারছে। আর তারা মাথার উপরে আকাশ দেখতে পাচ্ছে না, মাথার উপরে আচ্ছাদন দেখতে পাচ্ছে। এই ঘটনা আমাদের সামনে একটা নতুন আলোর সন্ধান দিয়েছে। আমি মনে করি আস্তে আস্তে একটা অপূর্ব সুন্দর অবস্থা তৈরি হয়েছে, যে অবস্থাগুলো ভবিষ্যতে কাজে লাগবে। নাবার্ডের মাধ্যমে গ্রামীণ রাস্তাঘাট, সেতু, হাট-বাজার, অঙ্গনওয়াড়ি প্রভৃতি কেন্দ্র প্রচুর তৈরি করা যেতে পারে। যদি কাজগুলো আমরা ঠিকমতো দায়িত্ব ভাগ করে নিয়ে করি—কিন্তু মুশকিল হচ্ছে, সে ক্ষেত্রে আমরা যদি রাজনীতিকরণ করি তাহলে সেই কাজ সম্পূর্ণ হবে না। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, 'সহায়' নামে একটা নতুন প্রকল্প তৈরি হয়েছে। এই যে 'সহায়' প্রকল্পের মধ্যে দিয়ে অসংখ্য মানুষ তারা আবারও নিজেরা নিজেদের সহায় খুঁজে পাবে, এই প্রকল্পের মধ্যে দিয়ে। আজকে আমরা সেই কাজ তৈরি করি যে কাজের জন্যে মানুষ হাপিত্যেস করে বসে আছে। প্রত্যেকটি জায়গায় ন্যাশনাল রুরাল লাইভলিহুড মিশন, এন.আর.এল.এম. এই প্রকল্পের মধ্যে দিয়ে জাতীয় স্বরোজগার যোজনা। এই স্বরোজগার যাজনার মধ্যে দিয়ে মানুষ স্বরোজগারের পথ খুঁজে পাবে। যে কথা আগের বক্তা বলছিলেন যে, এম.এস.কে. বা এস.এস.কে. যেগুলো তৈরি হয়েছে কেন্দ্রীয় সরকারের টাকায়। এই যে পরিকল্পনাগুলো তৈরি হয়েছে, এই পরিকল্পনাগুলো অত্যন্ত সঠিক পরিকল্পনা। শুধু আমাদের একটি অভাব, এই পরিকল্পনার পরিবর্তী পর্যায়টাকে আর একটু শক্তিশালী করবার জন্য আরও একটু নজর

দিয়ে এই কাজগুলোকে শক্তিশালী করতে হবে। যাতে পরবর্তী পর্যায়ে তারা আর একটু ভালো জায়গা খুঁজে পাই। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, স্বাস্থ্য ক্ষেত্রে এই যে উদ্যোগ শুরু হয়েছে পি.এইচ.সি. এবং আরও সব অন্যান্য আয়ুর্বেদিক, হোমিওপ্যাথি সমস্তগুলোকে আরও অগ্রণী করবার জন্য প্রত্যেকটা গ্রাম পঞ্চায়েতে ডাক্তার নিয়োগ করা হচ্ছে এবং সেই ডাক্তাররা এক দিকে গ্রামাঞ্চলে নিজেরা নিজেদের চিকিৎসা ব্যবস্থাকে পৌঁছে দেবেন এবং সেই সঙ্গে মানুষও সেই চিকিৎসা ব্যবস্থা সন্ধানের জন্য সেই মানুষগুলিকে খুঁজে পাবেন, পঞ্চায়েতও তাদের একটা অবলম্বন পাবে। এই সমস্ত কিছু মিলিয়ে এই পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দপ্তর—এ একটা অপূর্ব সুন্দর পরিকল্পনা। এই যে এন.আর.জি.এ. প্রকল্প এই প্রকল্পের মধ্যে দিয়ে আমি অত্যন্ত আনন্দের সঙ্গে বলতে চাই পূর্ব মেদিনীপুর জেলায় যে অসাধারণ কাজ হয়েছে গত প্রায় তিন বছরে এন.আর.জি.এ.-এর মধ্যে দিয়ে, তা উল্লেখ করার মতো। সেখানে কয়েক লক্ষ পুকুর কাটানো হয়েছে রাস্তাঘাটগুলো অনেক চওড়া হয়েছে। সে রাস্তা দিয়ে অ্যাম্বুলেন্স যাবে মানুষ কোনোদিন ভাবতে পারত না। শুধু অ্যাম্বুলেন্স নয় গ্রামের মেয়েরা বলছে—আমাদের দূরের গ্রামে বিয়ে হত না। তার কারণ তারা বলছে, ওই গ্রামে জামাই যেতে পারবে না কখনও, জামাইয়ের যাওয়ার জন্য কোনো রাস্তা নেই, জমির আল শুধু আছে—এখানে রাস্তা তৈরি হয়ে গেছে। এখন গ্রামের মেয়েরা বলছেন—আমরা সমস্ত জায়গায় যাতায়াত করতে পারছি, গাড়ি আমাদের বাড়ির মধ্যে চলে আসছে এবং আমাদের একটা নতুন দিগন্ত খুলে গেছে।

ফলে আমি পঞ্চায়েতমন্ত্রীকে আবার বলতে চাই, আপনি যে বাজেট পেশ করেছেন তা শুধুমাত্র সম্পূর্ণ স্বচ্ছতার মধ্যে দিয়ে, ক্রমাগত উদ্যোগের মধ্যে দিয়ে আপনি যদি সেই কাজগুলোকে ঠিকমতো এগিয়ে নিয়ে যান তাহলে আপনার উদ্যোগ সম্পূর্ণ হবে, আমরা সবাই খুশি হব, গ্রামবাংলা হেসে কথা বলবে, দলবাজি থেকে আমরা মুক্ত হব এবং আমরা আগামী দিনে নতুন পথের সন্ধান পাবো, এই কথা বলে আপনাদের সবাইকে নমস্কার জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নর্মদাচন্দ্র রায় : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, মাননীয় পঞ্চায়েতমন্ত্রী ২০১১-১২ সালের ৪০ নম্বর অভিযাচন খাতে ৪১২৯ কোটি ৫ লক্ষ ৮৬ হাজার টাকার যে ব্যয় মঞ্জুরি উনি এখানে চেয়েছেন সেই ব্যয়মঞ্জুরির সমর্থনে আমার আগে মাননীয় সদস্য শ্রী বিপ্লব রায়চৌধুরী মহাশয়, তাঁর বক্তব্য আমি শুনলাম। আমি প্রথমেই ওনাকে স্মরণ করিয়ে দিতে চাই যে, পশ্চিমবাংলায় এই যে ক্ষমতার বিকেন্দ্রীকরণ নীতি, এই নীতি আগে বামফ্রন্ট সরকার গ্রহণ করে এবং ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে গ্রাম উন্নয়ন কীভাবে সংগঠিত করতে হয়, এই হাজার কর্মকাণ্ডের মধ্যে দিয়ে, দারিদ্র্য দূরীকরণ কর্মসূচি, গ্রামীণ অর্থনৈতিক বিকাশ, এই হাজার রকম কর্মকাণ্ড পঞ্চায়েতের মধ্যে দিয়ে সংগঠিত করে আগের বামফ্রন্ট সরকার। তার পুনরাবৃত্তি করেছেন বিভাগীয় মন্ত্রী। উনি বললেন, আজকে যাঁরা গ্রাম পঞ্চায়েতে প্রতিনিধিত্ব করছেন সেই পঞ্চায়েত প্রতিনিধি, যাঁরা পঞ্চায়েত পরিচালনা করছেন তাঁরা শুদু নয় যাঁরা বিরোধী দলে আছেন এবং যে সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধি পঞ্চায়েতে প্রতিনিধিত্ব করছেন ত্রিস্তর পঞ্চায়েতে, আজকে সকলকে নিয়ে পঞ্চায়েতের

উন্নয়নমূলক যে কর্মকাণ্ড সেই কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত করবার আহ্বান এবং সমস্ত রাজনৈতিক দলকে পশ্চিমবাংলার উন্নয়নকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে যে আহ্বান, এই কথাটা আপনাদের নয়, এই কথাটা আমাদের বামফ্রন্ট সরকারের। সেই কারণেই আমি এই কথাটা বলেছিলাম। মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি বলেছিলাম এবং আপনি জানেন যে আজকে জেলা পরিষদের যে অধ্যক্ষ নির্বাচিত হয়েছেন তারা কারা ? তারা হচ্ছে বিরোধী দল। আমাদের পঞ্চায়েত সমিতিতে বা গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন স্থায়ী সমিতিতে যাঁরা আছেন তা সমস্ত বিরোধীরা। আজকে তাঁদের সেখানে নেওয়া হয়েছে। জেলা পরিষদের কর্ম নিয়োগ কমিটি বলুন জেলা পরিষদের দরপত্র যাচাই করার কমিটি বলুন সেই কমিটিতে বিরোধীদের যাঁরা নির্বাচিত হয়ে আছেন তাঁরা আজকে সেই নীতি নির্ধারণ করবার জায়গায় আছেন। আজকে গ্রাম উন্নয়ন সমিতি তৈরি হয়েছে সেই গ্রাম উন্নয়ন সমিতি আপনারা তো আগে পরিকল্পনা নিতেন উপর থেকে—আমরা পরিকল্পনা নিচ্ছি নিচে থেকে। কারণ গ্রামের মানুষ ভালো করে জানবেন যে কোন উন্নয়নটা আগে দরকার, কোথায় আগে পানীয় জল দরকার, কোথায় রাস্তাঘাট দরকার। সেটা গ্রামের মানুষ ঠিক করবেন। সেই জন্য উন্নয়নের পরিকল্পনা গ্রামের মানুষ ঠিক করবে, সেই জন্য গ্রাম উন্নয়ন সমিতি তৈরি হয়েছে। সেই গ্রাম উন্নয়ন সমিতি, আপনারা জানেন সেই গ্রাম উন্নয়ন সমিতিতে যাঁরা নির্বাচিত হয়ে গেছেন তাঁরা শুধু উন্নয়ন সমিতির সদস্য হবেন না, যে সমস্ত নিকটবর্তী রাজনৈতিক দলের প্রতিনিধি, যাঁরা ভোটে হেরেছেন, তিনিও তাঁর মতামত প্রতিনিধি উন্নয়ন সমিতিতে দিতে পারবেন। সুতরাং এই যে মর্যাদা এই মর্যাদা আজকে আমরা দিয়েছি। পঞ্চায়েতে সকলে মিলে কাজ করবার আহ্বান। এই আহ্বান হচ্ছে আমাদের আগের বামফ্রন্ট সরকারের। আমি ধন্যবাদ দিচ্ছি মাননীয় মন্ত্রী মহোদয়কে যে তিনি যে কথাগুলো বাজেট ভাষণে রেখেছেন হুবহু এখানে পুনরাবৃত্তি করেছেন।

[2-30—2-40 p.m.]

এখনও বলছেন পঞ্চায়েতে দুর্নীতি, এখানে লেখা আছে এই বইতে উনি বলেছেন যে আজকে এই দুর্নীতি রুখবার জন্য সিদ্ধান্ত নিয়েছিলেন আগের এই বামফ্রন্ট সরকারের পঞ্চায়েত দপ্তর। আপনি জানেন যে ইনটিগ্রেটেড ফান্ড মনিটারিং সিস্টেম—এই বিশেষ সফ্‌টওয়্যারের মাধ্যমে ওয়েবসাইটে প্রত্যেকটি জেলা পরিষদের হিসাব-নিকাশ, আয়-ব্যয় সমস্ত কিছু দেওয়া আছে। পঞ্চায়েত সমিতির যে আয়-ব্যয়, হিসাব-নিকাশ, তার জন্য ই-গভর্নেন্স চালু হয়েছে। সুতরাং এখানে দুর্নীতি রোধের জন্য এই ব্যবস্থাগুলি আছে। আপনি জানেন আজকে গ্রাম পঞ্চায়েতে ম্যানেজমেন্ট সিস্টেম চালু হয়েছে। যাতে গ্রাম পঞ্চায়েতের বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব সাধারণ মানুষ পরিলক্ষিত করতে পারে, তারা যেন মাসে মাসে তার হিসাব দিতে পারে, এই সিস্টেম আগের সরকার চালু করে দিয়েছে। আপনারা জানেন ভৌগোলিক অবস্থানের বিচারে প্রত্যেকটি গ্রাম পঞ্চায়েতে ম্যাপ তৈরি হয়। সেই ম্যাপে রাস্তাঘাট, পানীয় জল থেকে শুরু করে সব কিছু নির্দিষ্ট করা থাকে। সুতরাং এই যে কার্মকাণ্ড, পঞ্চায়েত দুর্নীতি রোধের জন্য এই ব্যবস্থা আগের সরকারই করে

গিয়েছিল। আপনারা জানেন ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে পঞ্চায়েতগুলোর বাৎসরিক পরিকল্পনা বা অ্যাকশন প্ল্যান যাতে একইভাবে নিতে পারেন, সমন্বয় করে নিতে পারেন, একই চিন্তা-ভাবনার মধ্যে পরিকল্পনাগুলো আনতে পারেন, তার জন্য সেখানে আজকে প্ল্যান প্লাস সফট্ওয়্যার চালু হয়েছে। সুতরাং এই যে আগের সরকারের পঞ্চায়েত বিভাগ যেগুলো চালু করে দিয়েছেন আমি ধন্যবাদ দিচ্ছি যে এগুলোকে তিনি শক্তিশালী করবেন এবং বাজেট ভাষণে এই বিষয়গুলো এখানে তিনি এনেছেন। মহাত্মা গান্ধীর ন্যাশনাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি স্কীমে যে দুর্নীতির কথা বলছেন, আপনাদের যাঁরা পারিষদ আছেন, এই তো কিছুদিন আগে [***] ব্যাংকের টাকা নেওয়ার নামে আমরা দেখেছিলাম, কাগজে বেরিয়েছিল যে তাকে গিয়ে ব্যাংকের লোক ধরেছে।

.....(গোলমাল).....

এটা আমার কথা নয়। আপনারাও দেখেছেন, কাগজে বেরিয়েছে। আজকে এই যে জব কার্ডের ভিত্তিতে যে সমস্ত ইচ্ছুক গরিব মানুষ কাজ করার জন্য আবেদন করেছিল, সেই আবেদনের ভিত্তিতে বায়ো মেট্রিক কার্ডের মাধ্যমে মজুরি প্রদান সিস্টেম চালু হয়েছে। আপনারা জানেন আগের সরকার দু হাজার পাঁচশো বত্রিশ দশকিম ছেচল্লিশ কোটি টাকা খরচ করেছেন। তর জন্য এক হাজার পাঁচশো তিপ্পান্ন দশমিক শূন্য আট শ্রমদিবস আজকে সেখানে সৃষ্টি হয়েছে। আমি অনুরোধ করব আরও বেশি বেশি করে টাকা এনে যাতে আরও বেশি বেশি এমপ্লয়মেন্ট জেনারেশন সৃষ্টি করতে পারেন। আমি রাষ্ট্রীয় সামাজিক সুরক্ষার ব্যাপারে বলব এই বার্ধক্য ভাতা, বিধবা ভাতার ক্ষেত্রে গত বামফ্রন্ট সরকার চারশত টাকার পরিবর্তে সাতশত টাকা বৃদ্ধি করে গেছেন। তাই আমি ওনাকে বলব এটা যাতে হাজার টাকা করা যায় সেটা দেখবেন। কারণ অগ্নিগর্ভ দ্রব্যমূল্যে একজন অসহায় বৃদ্ধ বা বৃদ্ধার পক্ষে এই সাতশো টাকা যথেষ্ট নয়। আমি আশা করব তিনি এটা হাজার টাকা করবেন। প্রতিবন্ধীদের ক্ষেত্রে আমি বলব যে ৮০% অক্ষমতা কমিয়ে যারা ৫% অক্ষম, যাদের বয়স ১৮-৬০ বছর, তাদের ডিজেবিলিটি কমিয়ে আনার ব্যবস্থা করবেন, অর্থাৎ ৫০ ভাগ ডিজেবিলিটি থাকলে তাঁরা এই সুযোগ পাবেন এই ব্যবস্থাটা উনি নিশ্চয়ই করবেন। আরেকটা কথা বলি যে অনেক স্বনির্ভর গোষ্ঠী তৈরি হয়েছে, প্রায় তিন লক্ষ একত্রিশ হাজার তিনশো চুয়াল্লিশটি স্বনির্ভর গোষ্ঠী এই বামফ্রন্ট সরকারের আমলেই পঞ্চায়েত দপ্তর করেছে। কিন্তু এই স্বনির্ভর গোষ্ঠীগুলো ব্যাংকগুলো থেকে ঋণ নিচ্ছে, নিজেরা জমাচ্ছে। তারা যে নতুন নতুন জিনিস তৈরি করছে তারা মার্কেট পাচ্ছে না। তারা মার্কেট পাচ্ছে না, তারা বিক্রি করার মার্কেট পাচ্ছে না। আমি উনাকে বলবে যে, তাদের তৈরি যে সমস্ত জিনিসপত্র, সেগুলো বিক্রি করতে যাতে বাজার পাই, মার্কেট পাই। শুধু সরকারের ওই বছরে দু-একটি মেলায় গিয়ে কিছু জিনিসপত্র বিক্রি করল তা দিয়ে হয় না। সুতরাং, তাদের তৈরি করার দ্রব্যটি সেটা যাতে বিক্রি করার বাজার বা বিপণন করবার ব্যবস্থা যাতে হয় সেটা তিনি করবেন। আর, জেলা পরিষদের ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি যেটা জেলার সামগ্রিক উন্নয়নের প্রশ্নে খুব জরুরি এটা যাতে অন্তত তিন মাস অন্তর অন্তর ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটির

*** উপাধ্যক্ষের আদেশবমে বাতিল।

মিটিং ডেকে জেলার সার্বিক উন্নয়ন—সেখানে আপনারাও থাকবেন, এতে যাতে উন্নয়নকে এগিয়ে নিয়ে যাওয়া যায়—এই কয়েকটি বিষয় মাননীয় মন্ত্রীর কাছে রাখলাম। আর, উনি যে এখানে ব্যয়-বরাদ্দের বাজেট রেখেছেন তাতে আমি দেখলাম যে, আমাদের তৈরি করা পঞ্চায়েত যাকে আমরা অধিক ক্ষমতা দিয়েছি, মানুষকে যুক্ত করেছি। বিশাল ভূখণ্ডের মধ্যে পশ্চিমবাংলারও অনেক উন্নয়ন হয়েছে। কাজেই এই উন্নয়ন আগামী দিনে আরও বেশি এগোবে আমাদের নীতি নিয়েই। সেই জন্য আমি ওনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

ম্যাডাম ডেপুটি স্পীকার : [***] is not a member of this House—এটা একপাঞ্জ হবে।

শ্রী কালীপদ মণ্ডল : মানীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমাদের ভারপ্রাপ্ত মন্ত্রী পশ্চিমবঙ্গ সরকার পঞ্চায়েত গ্রামোন্নয়ন দপ্তরের শ্রী চন্দ্রনাথ সিংহ মহাশয়, যে বাজেট ভাষণ প্রদত্ত করেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন করে আপনাদের সামনে দু-চার কথা নিবেদন করতে চাই। চৌত্রিশ বছর এই বামফ্রন্ট সরকার পঞ্চায়েতটা পরিচালনা করলেন। আপনারা শুনে থাকবেন পি.টি.টি.আই কেলেঙ্কারি। ১৯৯৫ সালে এন.সি.টি.ই.-র অনুমোদন না নিয়ে ২০০৬ সালে ঘুম ভেঙেছিল এই সরকারের। এখন এই চৌত্রিশ বছরের পঞ্চায়েতে একটা ইনস্টিটিউট তৈরি হয়েছে—পি.সি.টি.আই (পাবলিক কোরাপশান ট্রেনিং ইনস্টিটিউট)। অনেক গুণকীর্তন করলেন আমার পূর্ববর্তী বক্তারা। কিন্তু আমি মনে করি, যে ইনস্টিটিউটটা তৈরি করেছেন, আমাদের মন্ত্রী মহোদয়কে বলব যে, আগে আপনি ওইদিকে নজর দিন। কারা বসে আছে ওখানে। কারণ, আপনি ভালো করবেন, সকলকে নিয়ে অনেক কিছু উন্নয়ন প্রকল্প তৈরি করেছেন, ঠিক আছে। পাবলিক বেনিফিটেড হবে, কারা বসে আছে ওখানে ? আজকে কেন চাবি-তালা ? অনেক সি পি এম প্রধান যেতে পারেনি, দুর্নীতির আখড়ায় জর্জরিত মানুষের ক্ষোভ, ত্রাস, অনুকম্পা—জ্বলছে মানুষ, মানুষ জ্বলছে। অনেকে পঞ্চায়েতে যেতে পারে না। কেন যেতে পারে না। কাদেরকে নিয়ে আপনি চলবেন। অ্যাডমিনিস্ট্রেটিভ লেভেলে আগে নজর দিতে হবে। একটা চিরস্থায়ী বন্দোবস্ত হয়ে গেছে। জনপ্রতিনিধিরা কিভাবে—প্ল্যানিং মাস্টার বসে আছে পঞ্চায়েতে পঞ্চায়েতে। নিজেদের ইচ্ছে মতো নিয়োগ করা হয়েছে জব ওয়ার্কার ও সেক্রেটারিদের। তারা প্ল্যানিং দেয় কিভাবে মাস্টার প্ল্যান তৈরি করলে কত পারসেনটেজ বেনিফিসিয়ারি পাবে, কত পারসেনটেজ জনপ্রতিনিধি পাবে, কত পারসেনটেজ ওই কর্মচারী পাবে—গিভ অ্যান্ড টেক পলিসি তৈরি হয়েছে পঞ্চায়েতে পঞ্চায়েতে। আমি মনে করি, এই অ্যাডমিনিস্ট্রেটিভ লেভেলটা আগে নজর দেওয়া উচিত এবং পঞ্চায়েতে পঞ্চায়েতে তদারকি করা উচিত। স্যার, যেটা মানুষের নাভিশ্বাস, এখন বর্তমানে বি পি এল-এর তালিকা। আমি খুব ধীরস্থির হয়ে পড়েছিলাম আপনার বাজেটটা। আমি খুব ক্ষোভ, অনুতাপ এবং জ্বালা-যন্ত্রণা অনুভব করেছি। কিন্তু শেষে আপনি মধুরেণ সমাপয়েত করেছেন আপনি বি পি এল তালিকা সম্বন্ধে আপনি বলেছেন। ধন্যবাদ, আপনাকে, কৃতজ্ঞতা জানাই। এ ব্যাপারে প্রথমে আপনার বলা উচিত ছিল বি পি এল

*** 'ডেপুটি স্পীকারের আদেশক্রমে বাতিল করা হইল।'

তালিকা সম্বন্ধে। আর্থ-সামাজিক ও জাতীয় সমীক্ষা, সোসিও ইকোনমিক্যাল কাস্ট সেনসাস, কাজ আমাদের ২০১১-র ডিসেম্বর মাস থেকে শুরু হবে। পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ ভারত সরকারের নির্দেশক্রমে গনণার মাধ্যমে একটি নিখুঁত এবং সঠিক বি পি এল তালিকা তৈরি করতে বদ্ধপরিকর। আপনাকে ধন্যবাদ জানাই, কিন্তু কত দিনে এটা শেষ হবে ? এর পিরিয়ডটা কত দিনে ? আমাদের আশংকা হচ্ছে। বছরের পর বছর যদি চলে যায় তাহলে কিন্তু প্রকৃত বেনিফিসিয়ারিরা বি পি এল তালিকার যে চ্যুতি-বিচ্যুতিগুলো আছে, সাধারণ ত্রুটিগুলো কিভাবে সংশোধন করা যায়—আমি আপনাদের সেগুলো ডি.এম এবং বি.ডি.ও-কে যেগুলো ত্রুটি—যেমন ফ্যামিলি স্ট্রাকচারে অনেকের নাম নেই, বি পি এল তালিকায় বাড়ির কর্তার নাম আছে, বাড়ির পরিবারের কেউ সুযোগ-সুবিধা পাচ্ছে না।

[2.40—2.50 p.m.]

বাড়ির, পরিবারের কেউ সুযোগ-সুবিধা পাচ্ছে না। বার্ধক্য-ভাতার ক্ষেত্রে বাবা-মা'র নাম নেই কিন্তু হেড অফ দি ফ্যামিলি হয়ে আছে ছেলে। তৃণমূল করার নামে সেই বৃদ্ধ এবং বৃদ্ধার নাম বাদ গেছে। এইসব কারসাজি হয়ে আছে। আমি আপনাকে বিনীতভাবে বলব, বি পি এল তালিকার প্রাথমিক ত্রুটিগুলো, যেগুলো সংখ্যতত্ত্ব ঠিক রেখে সংশোধন করা যায়, অন্তত পক্ষে ডি এম বা বি ডি ও মারফত বা এস ডি ও মারফত সেটা দেখা দরকার। আপনাকে এ ব্যাপারে অন্তত পক্ষে সতর্ক থাকতে হবে। অনেকে বি পি এল তালিকায় থাকা সত্ত্বেও আমাদের তৃণমূল করার অপরাধে বঞ্চিত হয়েছে। বৃদ্ধ-বৃদ্ধারা তাদের প্রাপ্য পাচ্ছে না, বিধবা-ভাতা পাচ্ছে না ; তাদের ইচ্ছাকৃতভাবে বাদ দেওয়া হয়েছে। বি পি এল করা হয়েছে ঠিক কথা কিন্তু হেড অফ দি ফ্যামিলি তার ছেলেকে করা হয়েছে এবং পরিকল্পিতভাবে ফ্যামিলি স্ট্রাকচারে বাপ-মা'কে বাদ দিয়ে দেওয়া হয়েছে।

আপনার জ্ঞাতার্থে বলি আমার মাননীয় বন্ধুবর বলছিলেন যে, NREGA-র টাকা ঠিকমতো আসছে না। কেন আসছে না ? আপনারা ইউ.সি দিতে অভ্যস্ত নন। 60% ইউ.সি তাও আদায় করতে পারেননি। সেন্ট্রাল গভর্নমেনট থেকে টাকা নিয়ে আসবেন কিন্তু তাদের ইউ.সি দেবেন না। কেন আপনাদের টাকা দেবে ? এ ব্যাপারে আমাদের মন্ত্রিসভাকে সতর্ক থাকতে বলব। ইউ.সি যেন নীচের লেভেল থেকে তুলে আনা হয় এবং ঠিক ঠিক সময়ে ইউ.সি দেওয়া হয়। এই যে NREGA প্রকল্প, যেটা লেবার ওরিয়েন্টেড স্কীম, কিন্তু তাতেও দীর্ঘ ৩৪ বছরে আপনারা মানুষের মধ্যে কাজ দিতে পারেননি। এই কাজে ১৩০ টাকা মজুরি। তাতেও আপনারা বৈষম্যের বেড়াজাল তৈরি করে গেছেন।

এখানে দুজন মাননীয় পঞ্চায়েতমন্ত্রী মহাশয় আছেন। তাঁদের শ্রদ্ধা জানিয়ে বলি, 13th Finance Commission, 3rd Finance-র টাকা ধার্য ছিল ? মজুরি ১০০ টাকা। NREGA ১৩০ টাকা। কেন এই বৈষম্য ? আপনারা এই বৈষম্য ঘোচাতে পারলেন না। পেরেছেন ? পারেন নি। মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, এই বৈষম্য ঘোচাতে হবে। ১৩০ টাকা, যদি NREGA প্রকল্প হয় তাহলে ১৩০ টাকা 13th Finnance Commission, 3rd Finance-এ মজুরি দিতে হবে। যেটা বঞ্চনার স্বীকার

হয়েছে এতদিন এবং অনেক Job card holder টাকা পায়নি। কেন টাকা পাবে ? আপনারা তো তাদের public account করে দেননি। জনপ্রতিনিধিদের account-র মাধ্যমে টাকাটা যাওয়ার কথা। তাদের account করে দেননি। সেই job card holder-রা কার ঘরে বসে আছে ? Public account না করার ফলে অন্য job card holder যার Public account আছে সেই জায়গায় টাকা যাচ্ছে। আপনারা সেই জায়গাও তদারকি করতে পারেননি। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব, যত কার্ড হোল্ডার আছে তাদের প্রত্যেকের Public account করার কাজটা যেন ত্বরান্বিত করা হয় তাহলে প্রত্যেকের টাকা, প্রত্যেকের অ্যাকাউন্টে যাবে।

p2-1-এ বৈষম্য। ইন্দিরা আবাস যোজনা। বৈষম্য আছে এই reserved category নিয়ে। এই reserved category-র বর্তমান সরকার clarification দিতে পারে। অনেক জায়গায় p2-1-এ যাদের নাম আছে ইন্দিরা আবাস যোজনার ঘর পাবে। কিন্তু reserved category শেষ হয়ে গেছে। কে পাবে ঘর ? p2-2-র reserved category বাছা হবে, না p2-3-তে reserved category বাছা হবে ? কোনটা ঠিক করা হবে ? যে যার মতো clarification দিচ্ছেন। কেউ কেউ বলছেন যদি reserved category শেষ হয়ে যায় minority দেওয়ার চেষ্টা কর, যদি মাইনরিটি শেষ হয়ে যায় তাহলে চলে যাও p2-2-তে। 2-তে যারা আছে তাদের বাছবার চেষ্টা কর। আবার কেউ কেউ বলছে general category আগে শেষ কর p2-1. কোনটা ঠিক ? এ ব্যাপারে আপনাকে নিশ্চিতভাবে বলতে হবে।

আরেকটা বিষয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব। পূর্বতন সরকার কম হলেও কিছু কিছু পঞ্চায়েতে আমরা দেখেছিলাম দারিদ্রসীমার নীচে বসবাসকারী মানুষ, যারা APL-ভুক্ত তাদের ঘর করে দেওয়ার জন্য একটা 'আশ্রয় প্রকল্প' ছিল। জানি না এটা পঞ্চায়েতের আওতায় পড়ে কি পড়ে না। মাননীয় মন্ত্রী মহাশয়ের এই বাজেট ভাষণে সেই আশ্রয় প্রকল্প সম্বন্ধে আমি কোনো রকম কিছু দেখতে পেলাম না। দয়া করে বলবেন, এই আশ্রয় প্রকল্প আছে না তুলে দেওয়া হল।

Nation Social Assistance Programme. একটা ধারণা আছে যে বি পি এল ফ্যামিলি গ্রামবাংলায় ৬৫ যাঁর বছর বয়স হয়েছে, বৃদ্ধ এবং বৃদ্ধা তাঁরা টাকা পাবেন, বার্ধক্য-ভাতা পাবেন। ৬৪ বছর বয়সে যাঁরা এ-বছর ওয়েট করছে এবং তাদের ধারণা ছিল পরের বছর অর্থাৎ ৬৫ বছর হলে 'আমি বার্ধক্য-ভাতা বা বিধবা-ভাতা পাব'। যারা ৬৩-তে ছিল, তারাও জেনে গিয়েছিল, মানুষ এত সচেতন, যে আমি দু-বছর পরে ভাতা পাব। আমরা, জনপ্রতিনিধিরাও বলেছি পাবেন। কিন্তু দেখা যাচ্ছে ভারত সরকার একটা নির্দিষ্ট কোটার মধ্যে, সংখ্যার মধ্যে সেটাকে বেঁধে দিচ্ছে। তাহলে যারা আশা করেছিল, ৬৪, ৬৩, সেই কোটার মধ্যে যদি হয় তাহলে ৬০ নামিয়ে এনে কী লাভ হল ? ৬০-এ নামিয়ে এনে লাভ হল কি ? ৬০ বছর করলে তো অনেক হয়ে যাবে। সে কোটাটা কত ? ৬০ তো পায়নি, যারা ৬৪-তে দরখাস্ত করেছিল তারা এখনও পায়নি। ৬৫ হয়ে গেছে, ৬৬ হয়ে

গেছে। যারা ৬৩ ছিল ৬৫ হয়ে গেছে। তারা এখনও পায়নি। তারা পাচ্ছে না, অথচ বয়সটা ৬০ বছর কমিয়ে আনা হয়েছে। এ ব্যাপারে একটা সুস্পষ্ট ইঙ্গিত আপনার পক্ষ থেকে আমরা পেতে চাই। এবং এই ইন্দিরা আবাসন প্রকল্পের যে টাকাটা প্রভূতভাবে দেওয়া হয়, এই টাকাটা কিন্তু লেনদেনের মধ্য দিয়ে অনেক কিছু কারচুপি হয়। সেদিকে কিন্তু আমাদের নজর দেওয়া উচিত। এছাড়া, বিধবা ভাতা বলুন, বা অন্যান্য যে প্রতিবন্ধী ভাতাগুলো আছে, এগুলো সম্বন্ধে আমি আপনাকে বিস্তারিতভাবে বলতে চাই যে সকলেই পাচ্ছেন না। এখনও কিন্তু আমাদের কোটাই যদি থেকে থাকে তাহলে আমাদের সংখ্যাতত্ত্বটা বাড়াতে হবে। এবং এটা কি সত্যি যে, পশ্চিমবাংলায় বর্তমানে ইন্দিরা আবাসের সংখ্যা সেই সংখাটা বি পি এল তালিকাভুক্ত বা পরিবারের সংখ্যা, সেই সংখ্যার প্রায় কাছাকাছি চলে যাবার ফলে, সেন্ট্রাল গভর্নমেন্টের একটা বিষ নজরে পড়ার ফলে, আমরা বুঝতে পারছি যে একটা কোটা নির্ধারণ করেছে। আপনি সেই সত্যতাটা উদ্‌ঘাটন করবেন।

এছাড়াও আপনাকে বলি P.M.G.S.Y. এর যে রাস্তা, এই P.M.G.S.Y.-এর রাস্তাটা হচ্ছে সেখানে কেউ কনসালটেন্ট হয়নি। জেলা পরিষদ থেকে ইচ্ছা খুশিভাবে হত। আন-ইমপর্টেন্ট রাস্তাগুলো হয়ে যাচ্ছে। পঞ্চায়েত কনসালটেন্ট হয়নি, ব্লক লেভেলে পঞ্চায়েত সমিতি কনসালটেন্ট হয়নি, এম এল এ-রা কনসালটেন্ট হয়নি। দয়া করে আপনি, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব, P.M.G.S.Y. রাস্তা রোড ম্যাপের নাম করে আন-ইমপর্টেন্ট রাস্তা, যেখানে মানুষ চলে না, সেগুলো করার ফলে মানুষের মধ্যে ক্ষোভ সৃষ্টি হচ্ছে। যেখানে জনবহুল রাস্তা, মার্কেটের সঙ্গে সংযুক্ত আছে সেগুলো কিন্তু করা হচ্ছেই না। এম.এল.এ-রা কনসালটেন্ট হতে পারে, পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েত কনসালটেন্ট হতে পারে,তার জন্য আমি বিনীতভাবে অনুরোধ করব। এছাড়া আরও যেগুলো বি.আর.জি.এফ. ব্যাকওয়ার্ড রিজিওন গ্রান্ড ফান্ড যেটা বিলি করা হয়, এটা খুবই উপযোগী প্রকল্প। এই প্রকল্পটার কিন্তু উৎকর্ষতা গ্রামবাংলার পঞ্চায়েতে এখনও পর্যন্ত পৌঁছাতে পারেনি। একটা শুধু ধারণা হয়ে যাচ্ছে, এই যে গ্রাম চিহ্নিত করা হয়েছিল, একটি জেলায় কতগুলো করে গ্রাম-দরিদ্রতম গ্রাম আছে, চিহ্নিতকরণ করা হয়েছিল। কিন্তু সেই সব গ্রামগুলো স্পেশাল কেয়ার নিয়ে এই বি.আর.জি.এফের ফান্ড তাদের কাছে পৌঁছায়নি। আমি বিনীতভাবে বলতে চাই চিহ্নিত গ্রামগুলোকে এই বিধাসভায় আপনি যদি ঘোষণা করেন—কোন জেলায় কতগুলো গ্রাম দরিদ্রতম গ্রাম হিসেবে চিহ্নিতকরণ করা হয়েছে, তাহলে কিন্তু আমি খুব খুশি হব। এবং সেই জায়গায় যাতে কাজের বরাদ্দ বাড়ে তার জন্য আমি অনুরোধ করব।

সহায় প্রকল্প একটা ইমপর্টেন্ট প্রকল্প। মানুষের মধ্যে একটা ধারণা হয়ে গেছে একটা খাবার তৈরি করে বিলি করা। কিন্তু এই সহায় প্রকল্পের মাধ্যমে আরো ভ্যারাইটিজ অব ওয়ার্ক করা যায়, ঘর করা যায়, আরো গরিব মানুষের পাশে দাঁড়ানো যায়, এই সহায় প্রকল্পটা কিন্তু আমাদের গ্রামবাংলায় পঞ্চায়েতের মধ্যে এখনও বিস্তার লাভ করেনি। তাই বক্তব্য দীর্ঘায়িত না করে আমি শুধু বলব যে, আপনি পদক্ষেপটা খুব কঠিনভাবে নিয়েছেন

এবং কঠিনভাবে চলতে হবে। আপনার বাজেট বক্তৃতাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছিল। নমস্কার।

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, আজ থেকে ৪ দিন আগে গোটা ভারতবর্ষে প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর ৬৮তম জন্মদিন পালিত হয়েছে। প্রধানমন্ত্রিত্বের পদে আসীন হওয়ার পর ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের প্রত্যন্ত অঞ্চলে তিনি যখন গিয়েছিলেন, গ্রামের দরিদ্র মানুষ, অসহায় মানুষ যখন করজোড়ে, অশ্রু সজল নেত্রে তার কাছে অন্ন, বস্ত্র, বাসস্থানের দাবি জানিয়েছিল, তিনি বলেছিলেন যা চাইছ, তার চেয়ে একটু বেশি দিতে চাই। অন্ন, বস্ত্র, বাসস্থানের আবদার জানাতে, দাবি জানাতে আমার মতো কারোর জন্য অপেক্ষা করতে হবে, এই পরিস্থিতি বদলে দিয়ে আমি সেই অন্ন, বস্ত্র, ও বাসস্থানের অধিকার তোমাদের হাতে তুলে দিতে চাই।

[2.50—3.00 p.m.]

স্লোগান দিয়েছিলেন, "জনতার হাতে ক্ষমতা, পাওয়ার টু দি পিউপিল।" সেই স্লোগানকে বাস্তবায়িত করতে সংসদে ৬৪তম সংবিধান সংশোধন বিল আনা হয়েছিল। বিরোধীদের বিরোধিতায় সেই বিল সেদিন পাশ হয়নি। ১৯৯৩ সালে মাননীয় প্রধানমন্ত্রী নরসীমা রাও ৭৩তম এবং ৭৪তম সংবিধান সংশোধন করে গ্রামের পঞ্চায়েতি রাজ এবং নগর পালিকা বিলকে সাংবিধানিক মর্যাদা দিয়ে ভারতবর্ষের গণতন্ত্রে যে গণতন্ত্রে লোকসভায় ৫৪৩ জন, রাজ্যসভায় ২৪৪ জন এবং ৩৫টি রাজ্য ও ইউনিয়ন টেরিটোরিতে নির্বাচিন ৪ হাজার মানুষ সাকুল্যে ৫ হাজার মানুষ যে পঞ্চায়েতকে সঞ্চালিত করত সেই গণতন্ত্রে আরো ৩০ লক্ষ আসন সৃষ্টি করে, মহিলাদের জন্য ১০ লক্ষ আসন সংরক্ষিত করে ত্রি-স্তরীয় ব্যবস্থাকে ভারতবর্ষের মানুষের কাছে উপহার দিয়েছিলেন। এই ত্রি-স্তরীয় ব্যবস্থা তৃতীয় সরকার আজকে আমাদের ভারতবর্ষের গণতন্ত্রকে প্রত্যক্ষ গণতন্ত্রের চেহারা দিয়েছেন। আমাদের অহংকার, আমাদের দাবি, আমাদের গর্ব পশ্চিমবাংলার গণতন্ত্র, পশ্চিমবাংলার পঞ্চায়েত অত্যন্ত সজীব, প্রাণবন্ত এবং দেশের কাছে দৃষ্টান্তমূলক। পশ্চিবাংলার পঞ্চায়েত কি কি কাজ করছে। পঞ্চায়েত এলাকার মানুষ আমি নই। আমার বিধানসভা এলাকায় পঞ্চায়েত আছে। সন্তান জন্মাবার আগে মাকে ফলিক অ্যাসিড, আয়রন ক্যাপসুল দিচ্ছে। সন্তান-সম্ভবা প্রসবকালীন সময় মাকে ৫০০ টাকা ভাতা দিচ্ছে। ২৫০ টাকা যাওয়ার খরচা দিচ্ছে। জননী সুরক্ষা যোজনা, সন্তান জন্মাবার পোলিও ভ্যাকসিন দিচ্ছে, ইমুনাইজেশন কর্মসূচিতে আনছে। একটু বড় হলে অঙ্গনওয়াড়ি বোনেদের হাতে লালন-পালনের দায়িত্ব ছেড়ে দিচ্ছে। আর একটু বড় হলে শিশু শিক্ষা কেন্দ্রে শিক্ষা ব্যবস্থা করছে। আর একটু বড় হলে স্কুলে পাঠিয়ে স্কুলে যাওয়ার আগ্রহ যাতে কমে না যায় মিড ডে মিলের ব্যবস্থা করছে। যদি ১০ বছর থেকে ২০ বছর বয়সের কিশোরী হয় ওজন যদি ৩৫ কেজি-র কম হয় ৬ কেজি করে বিনা পয়সার রেশন দিচ্ছে। কিশোরী শক্তি যোজনা রূপায়িত করছে। শিক্ষিত বেকার কর্মসংস্থান না পেলে পি.এম.জি.পি.-তে তাকে ঋণ দিয়ে, সাবসিডি দিয়ে সেলফ এমপ্লয়েড, স্বনির্ভর প্রকল্প ধরে রাখবার চেষ্টা করছে। অসহায় মানুষকে, বৃদ্ধ মানুষকে অন্ত্যোদয়, অন্নযোজনায় সস্তায় রেশন দিচ্ছে। একেবারে নিরন্ন,

অনাহারে ক্লিষ্ট মানুষকে অন্নপূর্ণা যোজনায় বিনা পয়সায় ১০ কেজি রেশন দিচ্ছে। মাথার উপরে ছাদ নেই ইন্দিরা আবাস দিচ্ছে। রাস্তা নেই প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় রাস্তা তৈরি করে দিচ্ছে। পানীয় জল নেই সজলধারা রূপায়িত করছে। এই সব কর্মসূচি কেন্দ্রীয় প্রকল্প অথবা রাজ্যের প্রকল্প—এই প্রকল্প রূপায়ণের ভেতর দিয়ে পঞ্চায়েত রাজ্য সরকারের এজেন্ট হিসাবে কাজ করছে নিজে এখনও সরকার হয়ে উঠতে পারেনি। নিজে এখনও সরকার হয়ে উঠতে পারেনি কারণ তার হাতে এখনও কোনো কাজ দেওয়া হয়নি, ক্ষমতা দেওয়া হয়নি যে কাজ, যে ক্ষমতা সে নিজে প্রয়োগ করতে পারে। সৌভাগ্যক্রমে আমাদের বামফ্রন্ট শাসনের দু-দুজন পঞ্চায়েতমন্ত্রী আমার অত্যন্ত সন্নিকটে বসে আছে। বারবার এই সভায় পঞ্চায়েত বিতর্কে আমি জানতে চেয়েছিলাম সংবিধানের ১১তম অনুচ্ছেদে যে ২৯টি কর্মসূচির কথা বলা আছে সেই ২৯টি কর্মসূচি হস্তান্তরের ক্ষেত্রে আপনারা কি উদ্যোগ নিয়েছেন ? সেই ২৯টি কর্মসূচি পঞ্চায়েতের তৃতীয় সরকারের হাতে গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের হাতে পৌঁছে দিতে কোন কোন জি.ও. আপনারা ঘোষণা করেছেন আপনারা অনুগ্রহ করে জানান। তারা বারবার বলেছেন আমরা আক্টিভিটি ম্যাপিং করচি। রোড ম্যাপ প্রকাশিত হয়েছিল সেই রোড ম্যাপেও অ্যাক্টিভিটি ম্যাপিংয়ের কথা বলা হল। অ্যাক্টিভিটি ম্যাপিংয়ের কথা বারবার বলা হল কিন্তু ডিভলিউশান হল না। ক্ষমতার হস্তান্তর হল না, ডিভলিউশান অফ ফান্ডস, ফান্ডস অ্যান্ড ফাংশানারিস হল না। পঞ্চায়েতগুলো, জেলা পরিষদগুলো সরকারের চেহারা নিতে পারল না। আজকে যখন নতুন করে নতুন সরকার নতুন যাত্রা ঘোষণা করছে, নতুন বাংলা গড়ার কথা বলছে আমি আবেদন জানাব পঞ্চায়েতমন্ত্রীর কাছে যে ডিভলিউশান অফ ফান্ডস, ফান্ডস অ্যান্ড ফ্যাংশানারিজ এই ক্ষমতা হস্তান্তরের দায়বদ্ধতা পালন করে স্থানীয় সরকারগুলোকে সত্যিকারের স্থানীয় সরকার হয়ে উঠতে সাহায্য করুন। সত্যিকারের স্থানীয় সরকার হিসাবে গড়ে উঠতে সাহায্য করুন। পঞ্চায়েত তৃতীয় সরকার তার সাফল্য মতদানে নয়। তার সাফল্য এই নিরিখে বিচার হবে না—কত মানুষ ভোট দিয়েছেন। তার সাফল্য বিচার হবে কত মানুষ যোগ দিয়েছে। কত মানুষ অংশগ্রহণ করেছে। আমাদের পূর্বতন সরকার স্বীকার করে গেছেন এই রাজ্যে অংশগ্রহণের মাত্রা ১৩% ছাড়াতে পারেনি। রোড ম্যাপে লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছিল অংশগ্রহণকে ২০% নিয়ে যাওয়া হবে। অংশগ্রহণ ১৩% বেশি যেতে পারল না কেন ? গ্রাম সংসদের মিটিংয়ে মানুষকে ভীতি প্রদর্শন করা হল। কৌশলে, গোপনে মিটিং ডাকা হল। এক-দশমাংশের উপস্থিত না থাকার ফলে মিটিং স্থগিত হল। স্থগিত সভা ডেকে যেমন তেমন খুশি প্রস্তাব পাশ করিয়ে নেওয়া হল। ফলে মানুষের অংশগ্রহণ ১৩% পেরোতে পারল না। আজকে আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর কাছে অনুরোধ করব গ্রাম পঞ্চায়েতকে, স্থানীয় সরকারকে যদি অংশীদারির ভিত্তিতে, অংশগ্রহণের ভিত্তিতে গড়ে তুলতে হয় তাহলে তাকে উদ্যোগী হতে হবে এবং প্রয়োজনে যেভাবে উড়িষ্যাতে, যেভাবে কর্নাটকে গ্রামসভার নীচে পল্লীসভা, ওয়ার্ড সভা করে ২০০-২৫০ নির্বাচকমণ্ডলীকে নিয়ে মানুষের সভা ডেকে অংশীদারিত্ব নিশ্চিত করা হচ্ছে। প্রয়োজনে মাননীয় মন্ত্রী সেই পদক্ষেপ নেবেন আমি সেই আবেদন জানাচ্ছি। আজকে স্বচ্ছতার কথা বলা হয়েছে এন.আর.ই.জি.এ.-এ বয়োমেট্রিক কার্ড ইন্ট্রোডিউজ করে স্বচ্ছতা আনবার কথা

বলেছেন তার বাজেট ভাষণে। বায়োমেট্রিক কার্ড কতটা স্বচ্ছতা আনবে জানি না কিন্তু মাননীয় মন্ত্রীকে অনুরোধ জানাই এন.আর.ই.জি.এ.-এর নির্দেশিকার ১৭নং ধারাতে বলা আছে আবশ্যিকভাবে সোসাল অডিট করতে হবে। সূর্য্যবাবু যিনি মাঝে মাঝে আমার দিকে ক্রুদ্ধ দৃষ্টিতে তাকাচ্ছেন তাকে অতীতে যখন আমি এ প্রশ্ন করেছিলাম কত সোসাল অডিট হয়েছে তিনি ক্রোধে ফেটে পড়েছিলেন। চন্দ্রকান্ত তো সূর্য্য নয় চন্দ্র তার নিশ্চয় কিরণ দিয়ে তার সেই প্রখর তাপ নেই নিশ্চয়ই তিনি ক্রুদ্ধ হবেন না তাকে অনুরোধ জানাবো এস সোসাল অডিটের দায়বদ্ধতা পালন করে স্বচ্ছতা আনবার চেষ্টা করবেন। স্বচ্ছতা আনবার প্রক্রিয়া হিসাবে আপনি কর্নাটকের হুগলিতে সিটিজেন সেন্ট্রিক অ্যাকাউন্টেবিলিটির যে প্রক্রিয়া আছে পরীক্ষামূলকভাবে তাও একবার প্রয়োগ করে দেখবার চেষ্টা করে দেখতে পারেন।

ছত্তিশগড়ে সিটিজেন রিপোর্ট কার্ডের যে প্রক্রিয়া আছে, সেই প্রক্রিয়া আপনি স্বচ্ছতা আনবার ক্ষেত্রে প্রয়োগ করে দেখতে পারেন। আমি বক্তৃতা দীর্ঘায়িত করব না। দীর্ঘ বক্তৃতা দেওয়ার মতো সময় আমাকে দেওয়া হয়নি। আমি তিনটি সুনির্দিষ্ট প্রস্তাব দিতে চাই। এটা হল পঞ্চায়েতগুলো, জেলা পরিষদগুলো পরিকাঠামো গঠনের ক্ষেত্রে যখন অর্থাভাবে সিদ্ধান্ত নিতে পারে না, '৬৩ সালে সুন্দরম কমিটির রিপোর্ট অনুযায়ী সেই সংস্থাগুলিকে পরিকাঠামো গড়ে তুলবার ক্ষেত্রে রাজ্যস্তরে লোকাল সেল্ফ ফাইনান্স কর্পোরেশন গঠন করুন। সেখান থেকে ঋণ নেওয়ার অধিকার দিন। সেই ঋণ নিয়ে তাদেরকে রাস্তা, সেতু এবং বিভিন্ন ধরনের পরিকাঠামো গড়ে তুলবার ক্ষেত্রে গড়বার ক্ষেত্রে সাহায্যের হাত বাড়িয়ে দিন। দ্বিতীয় প্রস্তাব—যে কথা নর্মদাবাবু বলছিলেন, ডিস্ট্রিক্ট প্ল্যানিংয়ের কথা, জেলায় যদি সুসংহত পরিকল্পনা গড়ে তুলতে হয়, জেলার সুসংহত পরিকল্পনা গড়ে তুলতে হলে পুরসভাগুলোকে অন্তর্ভুক্ত করতে হবে। সে ক্ষেত্রে বিচার করুন, বিবেচনা করুন জেলা পরিষদের আওতায় পুরসভাগুলোকে অন্তর্ভুক্ত করে পুরসভা এলাকা থেকে জেলা পরিষদের প্রতিনিধি নির্বাচিত করে সুসংহত জেলার পরিকল্পনা তৈরি করা যায় কিনা। বিবেচনা করুন, বিবেচনা করুন আজ না হয় কাল যখন বিধান পরিষদ তৈরি হবে, ভারতবর্ষের আপার হাউস রাজ্যসভা, তার আর একটি নাম কাউন্সিল অফ স্টেটস্। যখন আমরা প্ল্যানিংয়ের ইন্টিগ্রেশানের কথা বলছি, যখন আমরা প্ল্যানিং ফ্রম বটমের কথা বলছি, তখন আমরা এই প্রস্তাবিত বিধান পরিষদকে কাউন্সিল অফ লোকাল সেল্ফ গভর্নমেন্ট বলতে পারব না কেন ? তার প্রতিনিধিত্ব সেখানে দিয় জেলার থেকে পরিকল্পনাগুলোকে ইন্টিগ্রেট করবার জন্য এই প্রস্তাবিত উচ্চকক্ষকে ব্যবহার করতে পারি কিনা, এই কথা আপনি বিবেচনা করবেন। আমার চোখের সামনে লালবাতি, আমাকে বারবার বলছ নীরব হও। আমি নীরব হতে চাই। শুধু পঞ্চায়েত—বাংলার পঞ্চায়েত যে দিকে তাকিয়ে আছে, সেই দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, কোথাও কবি বলেছিলেন—

"কিষাণীর জীবনের আত্মীয় যে জন
কর্মে ও কথায় সত্য করেছে অর্জন
যে জন আছে মাটির কাছাকাছি
সে কবির বাণী লাগি কান পেতে আছি।"

বাংলার পঞ্চায়েত সেই কবির অপেক্ষায় আছে। সময় বলবে আপনি সেই কবি হতে পারবেন কিনা। এই প্রত্যাশা নিয়ে আপনার বাজেটকে সমর্থন জানাই। নমস্কার।

[3.00—3.10 p.m.]

শ্রী বিজয় বাগদী : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী চন্দ্রনাথ সিনহা মহাশয় ৪০নং অভিযাচনের অধীনে ব্যয় বরাদ্দের যে দাবি এখানে পেশ করেছেন সেই দাবিকে সামনে রেখে আমি কিছু বক্তব্য রাখতে চাই। ম্যাডাম, আপনি নিশ্চয় জানেন যে আমাদের '৭৭ সালে বামফ্রন্ট ক্ষমতায় আসার পরে আমরা এই পঞ্চায়েত ব্যবস্থার উন্নয়ন ঘটিয়ে ত্রিস্তর পঞ্চায়েতী নির্বাচন আমরা করেছি। এস হাউসের সকল সদস্য নিশ্চয় জানেন যে আগে, কংগ্রেস সরকার যখন ক্ষমতায় ছিল তখন এই পঞ্চায়েতগুলোতে এবং গ্রামবাংলায় মানুষের কি দুর্গতি, কিভাবে তাদেরকে জীবনযাপন করতে হত, সেটা আপনরা নিশ্চয় উপলব্ধি করেছেন। আপনাদের চিন্তা-ভাবনা এবং আমাদের চিন্তা-ভাবনার পার্থক্য—আমরা ৩৪ বছরে তার প্রতিফলন ঘটিয়েছি। আজকে গ্রামবাংলার মানুষ সেটা উপলব্ধি করছেন। আমরা দেখেছি, আমরা গ্রামের ছেলে, গ্রামের কি চেহারা ছিল ? গ্রামের রাস্তাঘাট, পানীয় জল, পয়ঃপ্রণালীর সামগ্রিক উন্নয়ন ঘটেছে। সেখানে আমরা মানুষকে, বেশিরভাগ মানুষকে পঞ্চায়েতী ক্ষমতার মধ্যে এনে তাদেরকে সংগঠিত করে আজকে উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে পঞ্চায়েতগুলো চেষ্টা করছে।

আমরা ব্যাপক হারে মহিলাদের সেখানে প্রতিনিধিত্ব করার সুযোগ দিয়েছি। আমাদের বিগত সরকার মহিলাদের পঞ্চায়েতে ৫০% সংরক্ষণ করতে পেরেছে। আজকে এটা আপনারা অস্বীকার করতে পারবেন না। আজকে পিছিয়ে পড়া মহিলাদের আমরা পঞ্চায়েতের মাধ্যমে সেল্ফ হেল্প গ্রুপ করে, তাদের সংগঠিত করে, তাদের ট্রেনিং দিয়ে বিভিন্ন রকম কাজের মাধ্যমে তারা যাতে উপার্জন করতে পারে এবং পুরুষদের মুখাপেক্ষী না থাকতে হয় তার জন্য ব্যবস্থা করা হয়েছে। আপনারা ৯০ দিনের মধ্যে এইগুলি কি করে ফেলেছেন ? এগুলি স্বীকার করতে কি দুঃখ আছে ? নিশ্চয়ই আপনাদের স্বীকার করে নেওয়া উচিত। আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে বলব যে, এই সেল্ফ হেল্প গ্রুপগুলির আরো কাজ বাকি, সেটা দেখবেন। আরো বেশি করে আমরা এগুলিকে গঠন করতে পারি তাদের যে সমস্ত অসুবিধাগুলি আছে অনেকে গ্রেড ওয়ান পর্যন্ত ট্রেনিং করেছেন। কিছুক্ষণ আগে আমাদের বিরোধীপক্ষের সদস্যরা বলছিলেন, এই যে সেল্ফ হেল্ফ গ্রুপের তৈরি জিনিসপত্র আমরা দেখছি যে তারা বিভিন্ন মেলায় বিক্রি করে। পার্মানেন্টলি যে শপিং মলগুলি আছে তারা যদি তাদের সেই মলগুলি সেই শপিং মলে রেখে বিক্রি করার সুযোগ পায় এবং সেখানে তাদের উপার্জন হয়, বারো মাস তাদের সেই মাল বিক্রি হবে একটা নির্দিষ্ট জায়গায় তারা মাল রাখতে পারবে এবং ক্রেতারা পছন্দমতো সেই জিনিস কিনে নিয়ে যাবে। একদিকে যেমন তাদের মাল বিক্রি হবে অপরদিকে প্রচারটাও লাভ করবে। সেটা স্বীকার করতে আপনাদের দ্বিধা নেই। সেটা আপনারা সকলেই জানেন কিন্তু স্বীকার করবেন না। আজকে সেল্ফ হেল্প গ্রুপে ভারত সরকারের মাধ্যমে বিভিন্ন রাজ্যের মেয়েরা আমাদের এই

পসরা নিয়ে যায়। আমাদের রাজ্যে তারা একটা ভালো পরিমাণের টাকা নিয়ে আসেন। সেল্ফ হেল্প গ্রুপ বিভিন্ন শিল্পের পসরা নিয়ে তারা যায়। আমি মাননীয় মন্ত্রীকে বলতে চাই যে, আমরা এতে খুশি নই, সন্তুষ্ট নই। আমাদের আরো বেশি এইসব দিকে নজর দিতে হবে। ভালো কাজ করলে আমরা আপনাকে খারাপ বলব না বরং সমর্থন করব। কিন্তু আপনারা সম্পূর্ণ অস্বীকার করতে চাইছেন যে, পশ্চিমবাংলার গ্রাম পঞ্চায়েতগুলো ৩৪ বছর কোনো কাজই করেনি। আমরা বিরোধীদের মর্যাদা দিয়েছি। আমরা জনগণের মতামতের উপর পরিকল্পনা রচনা করেছি। গ্রামোন্নয়ন সমিতির মাধ্যমে কাজগুলি হয়। আমরা এগুলি উপর থেকে করিনি, যেটা একদিন ছিল রাইটার্স থেকে নীচে পর্যন্ত হত। কিন্তু তৎকালীন আমাদের মুখ্যমন্ত্রী জ্যোতি বসু সিদ্ধান্ত নিয়েছিলেন লোকাল গভর্নমেন্ট করে এই নিচু স্তরের মানুষের সমস্যার সমাধান তারাই করবে। আজকে আপনারা অস্বীকার করবেন যে, এই পশ্চিমবাংলার পঞ্চায়েত ব্যবস্থা বাইরের প্রতিনিধিরা দেখে গিয়েছিলেন, কিভাবে এই পঞ্চায়েতগুলি পরিচালনা হচ্ছে, কিভাবে সার্বিক উন্নয়ন ঘটছে। বনসৃজন থেকে আরম্ভ করে অনেক কিছুই হয়েছে, এগুলি বলার কোনো অবকাশ রাখে না। কিন্তু আপনারা বলছেন ৩৪ বছর আমাদের বামফ্রন্ট সরকার কোনো উন্নয়ন করেনি। আজকে আপনারা গ্রামে গিয়ে দেখে আসুন, আপনারা তো শহরে থাকেন, হাউসিংয়ে থাকেন। গর্বের সঙ্গে বলি গ্রাম আজ পিছনে নেই। শিক্ষাদীক্ষা সব কিছুই বামফ্রন্ট সরকার শুরু করেছিলেন। জানি না আগামী দিনে আপনারা সেই ব্যবস্থাকে রাখতে পারবেন কি না। তাই আমি মাননীয় মন্ত্রীকে বলতে চাইছি যে, কৃষি পেনশন আমরা চালু করেছিলাম। সেই কৃষি পেনশানকে আরো বেশি করতে হবে। কারণ আপনি জানেন কৃষির সঙ্গে যুক্ত যারা তাদের যে কায়কি পরিশ্রম করতে হয় সেক্ষেত্রে আমরা ৬০ বছর বলছি কিন্তু এই ৬০ বছরটা কমিয়ে ৪০-৪৫ বছর করতে হবে। আপনারা জানেন যে, একজন কৃষক যে পরিশ্রম করে, তারা ৪০ বছর বয়সে বুড়ো হয়ে যায়।

[3.10—3.20 p.m.]

তারা আর কর্মক্ষম অবস্থায় থাকে না, কাজ করতে পারে না গ্রামের কৃষকরা। সেই অবস্থায় এই কথাটা আপনার ভাবা উচিত যে, ৬০ বছর থেকে ওটা ৪০ বছর হলে, ৪৫ বছর হলে তাদের যেন কৃষি পেনশনের ব্যবস্থা করা হয়। আর ভবিষ্যনিধি প্রকল্পের ব্যাপারে আমি বলব যে, আপনি যে পরিসংখ্যান দিয়েছেন এটা অত্যন্ত নগণ্য। সমস্ত গ্রাম পঞ্চায়েতগুলোতে যে সমস্ত শ্রমিক মানুষ আছেন, তাঁদেরকে কিভাবে চিহ্নিতকরণ করে এর আওতায় আনা যায় এই ব্যবস্থা আপনাকে গ্রহণ করতে হবে। কারণ আমরা দেখছি যে, যে সংখ্যা আছে তার তুলনায় অনেক কম ভবিষ্যনিধি প্রকল্পে টাকা জমা দিচ্ছে। আজকে এই যে মহাত্মা গান্ধী জাতীয় কর্মনিশ্চয়তা প্রকল্প, এই কাজ করার পরেও আপনি পোস্ট অফিস, ব্যাংকের মাধ্যমে তাঁরা কার্ড জমা দিয়ে যে টাকা তুলছেন, সেই টাকা তাঁরা পাচ্ছেন না, সময়মতো টাকা পৌঁছচ্ছে না। ফলে একটা সমস্যা দেখা দিচ্ছে। তখন তারা গ্রাম পঞ্চায়েতে গিয়ে প্রধানকে ঘেরাও করছে, প্রধানের ওপরে হামলা হচ্ছে অথচ সেখানে প্রধানের কিছু করার থাকছে না। কারণ প্রধান সেটা পেমেন্ট দেয় না। সেই টাকা যাতে পোস্টঅফিস এবং

ব্যাংকে তাড়াতাড়ি ঢোকে, সেই গরিব মানুষদেরকে যাতে এক মাস অপেক্ষা করতে না হয় তার জন্য এই ব্যবস্থাটা আপনি দেখবেন। আজকে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষর করে বলতে চাই যে, আপনারা জানেন যে, গ্রামপঞ্চায়েতগুলোকে এখন শিক্ষা থেকে আরম্ভ বরে, স্বাস্থ্য থেকে আরম্ভ করে সমস্ত কিছু দেখতে হয়। সেক্ষেত্রে তাদের যে পরিকাঠামো, সেই পরিকাঠামো উন্নয়নের দিকে আপনি লক্ষ্য রাখবেন। সেখানে আরও পরিকাঠামো বাড়ানো দরকার এবং তার জন্য লোক নিয়োগ করার ব্যাপারটা দেখা দরকার। কারণ এখন যারা দায়িত্বে রয়েছে তাদের কাজ করার ক্ষেত্রে অসুবিধা হচ্ছে, আপনি সেদিকে লক্ষ্য রাখবেন। আম আদমী বিমা যোজনা প্রকল্পের ব্যাপারে আরও গুরুত্ব সহকারে দেখতে হবে। আমরা দেখেছি এই যে বি.পি.এল. তালিকাভুক্ত লিস্ট এই লিস্টটা সংশোধন করে যত তাড়াতাড়ি আপনি করে দিতে পারবেন তত তাড়াতাড়ি এই গরিব মানুষগুলো সুযোগ-সুবিধা পাবে। আমরা দেখছি যে, এই বিমা করতে গিয়ে বিভিন্ন জায়গায় বাধাপ্রাপ্ত হয়েছে। অনেক বিমা হয়নি। কারণ আপনি জানেন, এই গরিব মানুষগুলো তার সুযোগ পাবে, সেদিকে আপনি নজর দেবেন। আমি যে কথাটা বলতে চাই, আপনারা সকলেই জানেন যে, সহায় সম্বলহীন মানুষদের রান্না করা খাবার দেওয়া আমরা চালু করেছিলাম। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব, এই ব্যবস্থাটাকে গ্রামের দিকে চালু রাখা অবশ্যই দরকার। কারণ এমন কিছু মানুষ আছেন, তাঁদের পরিবারের কেউ নেই। তাই সেই সমস্ত মানুষের কথা ভেবে তাঁদের জীবন যাপনের ক্ষেত্রে, ন্যূনতমভাবে তারা যাতে বেঁচে থাকতে পারে সেই বিষয়টা আপনি অবশ্যই দেখবেন এবং পরিশেষে আমি যেটা বলব যে, এম.এস.কে., এস.এস.কে. যে স্কুলগুলো রয়েছে, আমাদের বামপন্থী সরকারের পক্ষ থেকে যারা কাজ করছে, সেই সমস্ত শিক্ষক-শিক্ষিকারা তাদের নিশ্চয়তা, তাদের কাজের গ্যারান্টি, তারা যাতে ন্যায্য প্রাপ্য পায় তার জন্য আমরা বোর্ড গঠন করার প্রস্তাব রেখেছিলাম এবং আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করব এই সমস্ত যাঁরা শিক্ষক আছেন তাঁদের বিষয়গুলো দেখার জন্য আপনি নিশ্চয়ই সঠিক ভূমিকা পালন করবেন। আগামীদিনে আমাদের গ্রামোন্নয়নের ক্ষেত্রে আপনি বিশেষ ভূমিকা যদি নিয়ে থাকেন তাহলে আমরা বিরোধী পক্ষ থেকে সাহায্য-সহযোগিতা করব। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সমরেশ দাস : মাননীয় চেয়ারপারসন স্যার, পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় চন্দ্রনাথ সিংহ মহোদয় সর্বমোট ৪ হাজার ১২৯ কোটি ৫ লক্ষ ৮৬ হাজার টাকার যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে নিজের পক্ষ থেকে এবং দলের পক্ষ থেকে দু-একটি কথা আপনাদের সামনে নিবেদন করছি। সমগ্র টাকার মধ্যে কত টাকা প্ল্যান বাজেটের জন্য এবং কত টাকা নন-প্ল্যান বাজেটের জন্য, এটা উল্লেখ থাকলে আমাদের পক্ষে বুঝতে সুবিধা হত। ৯ পৃষ্ঠার একটা বিবরণী দেওয়া হয়েছে। অন্যবারের তুলনায় এটি অনেক সংক্ষিপ্ত, ছোটো। গান্ধীজি একটা কথা বলেছিলেন 'Little is beautiful'. সেই একই কথা আমরা বলতে পারি। যে বরাদ্দ এখানে উত্থাপন করা হয়েছে, যেভাবে লেখা হয়েছে, তা অত্যন্ত সুন্দর। সরলীকরণ করা হয়েছে যাতে সবাই বুঝতে পারে, সাধারণের বোধগম্য হয়। বিগত সরকারকে কোনো আক্রমণ করেননি। যে কারণের জন্য বিরোধীরা ধন্যবাদ পর্যন্ত জানিয়েছেন। তার জন্য বিরোধীদের ধন্যবাদ। কিন্তু

বিগত সরকারের কাজের কিছু তথ্য দিয়েছেন, বিরোধী পক্ষের মাননীয় সদস্যগণ যদি অনুধাবন করেন তাহলে বুঝবেন তাদের অপদার্থতার কথা। ঝুলির মধ্যে যে মাছ চুরি করা বেড়ালটা আছে, সেটা কিন্তু বেরিয়ে পড়বে। বিরোধীরা বলছিলেন যে কি ভাবছেন আমাদের বর্তমান পঞ্চায়েতমন্ত্রী। হ্যাঁ, পঞ্চায়েতমন্ত্রী ভাবছেন, সব কথা খোলসা করে বলেননি। কথা আছে, প্রবাদ আছে, 'মন সা চিন্তিতং কর্ম, বচসা ন প্রকাশয়েৎ'। তিনি সেই ভাবধারা অনুসরণ করে উপস্থাপিত করেছেন। এই সরকারের একটা দিশা আছে। সরকারের দিশা তিনি উল্লেখ করে দিয়েছেন যে, প্রকৃত ক্ষমতা প্রদান করতে হবে পঞ্চায়েতগুলিকে। এই কথার মধ্যে দিয়ে প্রমাণিত হয় বিগত দিনের সরকার এই পঞ্চায়েতগুলিকে কোনো ক্ষমতা প্রদান করেননি। তিনি বলেছেন এই সংস্থাগুলির শক্তি বাড়াতে হবে। এই কথার মধ্যে দিয়ে তিনি বলেছেন বিগত দিনের সরকারের পরিচালিত পঞ্চায়েত ব্যবস্থাগুলি অত্যন্ত দুর্বল এবং হীনবল হয়ে পড়েছে। তিনি বলেছেন দ্রুত উন্নতির ব্যবস্থা করতে হবে। সেই কথার মধ্যে দিয়ে এটা প্রমাণিত হয় বিগত দিনে যে পঞ্চায়েত চলছিল, তার মধ্যে সততা ছিল না, দ্রুততা ছিল না। সেই কাজ করবার কথা তিনি উল্লেখ করেছেন। বলেছেন শক্তিশালী করতে হবে। অর্থাৎ পঞ্চায়েত ব্যবস্থা, যাকে দেববাবু বলছিলেন তৃতীয় সরকার, সে এত খারাপ অবস্থায় ছিল, পর-নির্ভরশীল অবস্থায় ছিল, তাকে আত্মনির্ভরশীল করবার জন্য এই বিবরণীতে তার দিশা দেওয়া হয়েছে। এখানে যে পরিসংখ্যানগুলি দেওয়া হয়েছে তার দিকে যদি আমরা ধীরে ধীরে আসি, পঞ্চায়েত নিজস্ব শক্তি সংগ্রহের জন্য অর্থ সংগ্রহ করতে পারবে। সে কাজের ব্যবস্থা, দিশা তিনি বলেছেন। কিন্তু কোন কোন ক্ষেত্র সেগুলো ? কি কি বিষয় থেকে পঞ্চায়েত অর্থ সংগ্রহ করতে পারবে, তার আয় বাড়াতে পারবে, তার একটা রূপরেখা পরবর্তীকালে যদি পঞ্চায়েতগুলিকে পাঠানোর ব্যবস্থা করা হয় তাহলে পঞ্চায়েতগুলি সমৃদ্ধ হতে পারবে, কাজ করতে পারবে।

[3.20—3.30 p.m.]

এখানে উল্লেখ আছে—পঞ্চায়েতের কাজ ভালো করে করবার জন্য কম্পিউটারাইজেশনের ব্যবস্থা হয়েছে। কিন্তু বাস্তব অভিজ্ঞতা আমাদের বলছে, কিছু কিছু গ্রাম পঞ্চায়েতে কম্পিউটারাইজেশন হয়তো হয়েছে, কিন্তু সেই কম্পিউটার যাঁরা স্থায়ী কর্মচারী আছেন পঞ্চায়েতে তাঁরা পরিচালনা করতে পারেন না। সেইগুলো পরিচালনা করার জন্য কন্ট্রাকচ্যুয়াল ভিত্তিতে কিছু স্টাফ নেওয়া হয়েছে। সেইসব কন্ট্রাকচ্যুয়াল স্টাফরা খুব কম পয়সা পায়। তাঁরা যদি কোনোদিন কর্মবিরতি ঘোষণা করেন তাহলে পঞ্চায়েতের কাজ স্তব্ধ হয়ে যাবে। এই অবস্থায় দাঁড়িয়ে পঞ্চায়েতমন্ত্রীকে অনুরোধ করব, পঞ্চায়েতের স্টাফরা যাতে কম্পিউটার চালাতে পারে তার জন্য তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা অবিলম্বে করা দরকার।

এখানে জনগণের অংশগ্রহণের কথা বলা হয়েছে। নীচের স্তর থেকে পরিকল্পনা গ্রহণের কথা বলেছেন। যদি নীচের স্তর থেকে পরিকল্পনা গ্রহণের কথা না বলে, তৃণমূল স্তর থেকে পরিকল্পনা গ্রহণের কথা বলতেন তাহলে মনে হয় আরও ভালো হত, কিন্তু তাতে বিরোধীরা হয়তো চিৎকার করতেন। তিনি যে কথার ছলে তাদের সমালোচনা করেছেন তার জন্য মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাই।

এখানে পরিসংখ্যান থেকে বা বিরোধীরা যে কথা বললেন—হ্যাঁ, তার সঙ্গে আমি এক মত, আমাদের এই পঞ্চায়েত ব্যবস্থা বামফ্রন্ট সরকারের একটা উপহার। যদি উপহারটা আমরা মেনে নিই, ভালো কাজ করেছেন যদি মেনে নিই, তাহলে দেখা যাবে গ্রামের সাধারণ মানুষের উন্নতির পরিবর্তে চলমান পঞ্চায়েত ব্যবস্থা সি.পি.আই. (এম) পার্টির, বামফ্রন্টের দলগুলোর পার্টি অফিস নির্মাণের জন্য যে পয়সার প্রয়োজন হয় তা এই পঞ্চায়েতগুলো থেকে সরবরাহ করা হয়েছে। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব, সমগ্র পশ্চিমবঙ্গে কতগুলো পঞ্চায়েত পার্টির দ্বারা পরিচালিত, কত পার্টি অফিস আছে এবং তার মূল্য কত সেটা নির্ধারণ করার জন্য। সেখানে দলের নেতা যাঁরা ছিলেন তাঁদের সম্পদ কি পরিমাণে বৃদ্ধি পেয়েছে তা নির্ধারণ করার জন্য একটা কমিশন করা হোক। সেখানে স্বজন-পোষণ কতটা করেছে তার জন্য সমীক্ষা করার প্রয়োজন আছে। মাননীয় মন্ত্রী বলেছেন ৯টা জেলার নির্বাচিত ১ হাজার গ্রাম পঞ্চায়েতকে ৫ বছর ধরে আর্থিক সহায়তা প্রদান করা হবে। আমাদের রাজ্যে যে কটা গ্রাম পঞ্চায়েত আছে তার সমস্তগুলোতে যদি সেই কাজ করতে হয় তাহলে ২০১১-১২ সালে আরম্ভ করলে আগামী ৪ বছর অপেক্ষা করতে হবে, তাহলেই হয়তো প্রত্যেকটা গ্রাম পঞ্চায়েতে আমরা পৌঁছতে পারব। কিন্তু এত সময় যদি আমরা অপেক্ষা করি তাহলে পঞ্চায়েতগুলো আরও খারাপ জায়গায় যাবে। আগামী দিনে কি কি পরিষেবা সে দিতে পারবে তার সুনির্দিষ্ট একটা দিশা যদি প্রত্যেকটা পঞ্চায়েতকে পাঠিয়ে দেওয়া হয় তাহলে সবচেয়ে ভালো হবে।

মাননীয় মন্ত্রী মহাশয় এখানে তাঁর রিপোর্টে যেটা বলেছেন, ২০১০-১১ সালে NREGA প্রোগ্রামে যে কাজ হয়েছে তার পরিসংখ্যান দিয়েছেন। ২০১০ এবং ২০১১ সালের কাজ যদি আমরা ভালোভাবে হিসাব করে দেখি তাহলে দেখা যাবে কি পরিমাণ অর্থ ব্যয় করে কি পরিমাণ মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। সেখানে ১০০ দিনের কাজ দেওয়ার পরিবর্তে ৩১ দিনের কাজের ব্যবস্থা করা হয়েছে বলে উল্লেখ আছে। কিন্তু আগে যখন এখানে মাননীয় সদস্যরা প্রশ্ন করেছেন, তখন সমগ্র পশ্চিমবঙ্গের গড় হিসেব দেওয়া হয়েছে, তাতে বলা হয়েছে ২৭ দিন। কিন্তু এখানে দেখছি ৩১ দিন। কেন এই ধরনের ব্যবধান ঘটল সেটা অনুসন্ধানের জন্য অনুরোধ জানাই। অনেকগুলো ব্যাংক অ্যাকাউন্ট খোলা হয়েছে। কিন্তু তার সঙ্গে সঙ্গে এখনকার যে পরিসংখ্যান দেওয়া হয়েছে তাতে দেখা যাচ্ছে ৫৭.৪৭ শতাংশ লোক কাজ পেয়েছে। তার মানে ৪২.৫৩ শতাংশ মানুষ এখনও কাজ পায়নি—এই পরিসংখ্যান থেকে এটা বেরিয়ে আসছে। এই সব কাজ করতে গেলে অনেক অসুবিধা আছে পঞ্চায়েতগুলির এই কারণের জন্য বিগত দিনের সরকার যে সার্কুলার দিয়েছেন তাতে বলা হয়েছে একটা গ্রাম পঞ্চায়েত বিগত বছরে যত কাজ করেছে তার চেয়ে বেশি অতিরিক্ত ২৫% কাজ বাড়াতে পারবে। এই রেস্ট্রিকশনটা থাকার জন্য কাজ কিন্তু করতে পারেনি। সেই শ্রমিকদের পেমেন্টটা এখানে পোস্ট অফিস, ব্যাংকের মাধ্যমে দেওয়ার ব্যবস্থার কথা বলা হয়েছে। আমি মাননীয় মন্ত্রিমহোদয়কে অনুরোধ করব যাতে গ্রামে গ্রামে যে সমবায় সমিতি আছে তার মাধ্যমে যাতে দেওয়ার ব্যবস্থা করা হয় তার ব্যবস্থা করবেন। পঞ্চায়েতগুলি দুর্নীতির পীঠস্থান হয়ে গেছে যে কারণের জন্য ব্যবস্থা নেওয়া দরকার। দুর্নীতি প্রতিরোধের জন্য তিনি চিন্তা-ভাবনা করেছেন, ব্যবস্থা গ্রহণ করবেন

কিন্তু সেটা তো ভবিষ্যতের জন্য কিন্তু যাঁরা এতদিন দুর্নীতি করেছেন তাদের বিরুদ্ধে কি ধরনের ব্যবস্থা নেওয়া হবে তার চিন্তা-ভাবনা এখানে কিন্তু প্রতিফলিত হয়নি। শ্রমিকদের যে পারিশ্রমিক দেওয়ার ব্যবস্থা আছে তাকে তিনটে ভাগে অন্তত ভাগ করা দরকার। একটা হচ্ছে আনস্কিলড, সেমি স্কিলড এবং স্কিলড। এই তিনভাগে ভাগ করার দরকার রয়েছে। এটা আমরা মনে করি। মাননীয় চেয়ারম্যান স্যারের মাধ্যমে আপনাকে জানাতে চাই ইন্দিরা আবাস যোজনায় টাকা প্রদানের কথা বলেছেন কিন্তু ইন্দিরা আবাস যোজনায় যাদের নাম আছে বি.পি.এল তালিকার উপরে ভিত্তি করে এই তালিকাটা তৈরি হয়েছে। মূল বি.পি.এল তালিকায় যেহেতু প্রচুর ভুল হয়েছে সেই কারণের জন্য যতক্ষণ পর্যন্ত বি.পি.এল তালিকা সংশোধিত না হচ্ছে ততক্ষণ পর্যন্ত এই বিষয়ে অগ্রণী ভূমিকা নিয়ে আগে বি.পি.এল তালিকা সংশোধন করা দরকার। আমি স্পেসিফিক কয়েকটি গ্রাম পঞ্চায়েতের উল্লেখ করতে পারি সি.পি.এমের দ্বারা পরিচালিত গ্রাম পঞ্চায়েত সেখানে একটা বুথের লোককে নিয়ে এসে আর একটা বুথের লোক হিসেবে দেখানো হয়েছে। বহু অসুবিধা আছে। এখানে নজর দেওয়া দরকার। এই কাজগুলো আগামীদিনে মাননীয় মন্ত্রী করবেন এই প্রত্যাশা নিয়ে তাঁর উত্থাপিত যে ব্যয়বরাদ্দ তাকে সমর্থন করে আমার নিবেদন শেষ করছি।

শ্রী নারায়ণ মুখার্জী : মাননীয় সভাপতি মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রী শ্রী চন্দ্রনাথ সিংহ মহাশয় যে ৪০ নম্বর ডিমান্ডের অধীন যে ব্যয়বরাদ্দ রেখেছেন অনুমোদনের জন্য এবং যে ভাষণ এখানে লিখিত আকারে রেখেছেন আমি সেই সম্পর্কে কিছু আলোচনা করছি। একথা সকলে স্বীকার করবেন, একটু বয়স্ক যাঁরা আছেন তাঁরা নিশ্চিতভাবেই স্বীকার করবেন যে, ১৯৭৭ সালের পূর্বে অর্থাৎ বামফ্রন্ট পরিচালিত সরকার আসার পূর্বে পঞ্চায়েতের অবস্থাটা কেমন ছিল। না হলে বোঝা যাবে না। আমি যেটা বলছি এটা কারোর বিরুদ্ধে নয় এটা সত্য। ১৪ বছর কোনো নির্বাচন হয়নি। পঞ্চায়েতে ১৪ বছর কোনো নির্বাচন হয়নি। আইনে ছিল চার বছর যদিও পাঁচ বছর হয়ে গিয়েছিল। গ্রামে যে পঞ্চায়েত ছিল মানুষ সেই পঞ্চায়েতের অফিসে গেলে কোনো কাজ হবে, কোনো উন্নয়নের কাজ হবে এ তারা মনেও করতো না। অবহেলিত হয়েছিল। অনেক জায়গায় অফিসই ছিল না। বহু জায়গায় অফিস ছিল না। বাড়ির বাইরের ঘরে বা বারান্দায় পঞ্চায়েত চালাতেন। কোনো উন্নয়ন ছিল না। রাস্তায় একটা ইট পড়লে মনে করা হত যে বিরাট কিছু কাজ করা হয়েছে। এটা ঘটনা কিন্তু ১৯৭৭ সালে যখন বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে প্রতিষ্ঠিত হল তার এক বছরের মধ্যে পঞ্চায়েতের আইন সংশোধিত হল এবং প্রভূত ক্ষমতা ত্রিস্তর পঞ্চায়েতের হাতে দেওয়া হল। অর্থনৈতিক সাহায্য দেওয়া হল, উন্নয়নের জন্য এটাই লক্ষ্য বা উদ্দেশ্য করা হল যে গ্রামের কাজ, গ্রামের মানুষ করবে। গ্রামের উন্নয়ন গ্রামের মানুষ করবে। গ্রামের যা কিছু স্বার্থ রক্ষা করবে গ্রামের মানুষ।

[3.30—3.40 p.m.]

এবং তার জন্য পঞ্চায়েত। এবং তারপর থেকে এটা মনে রাখবেন ৭৮ সালের পর থেকে চোদ্দ বচর পরে যে বছর প্রথম শুরু হল, তারপর থেকে প্রতি পাঁচ বছর অন্তর নির্বাচন হয়ে আসছে। একবারও একদিন কম বা বেশি হয়নি ? সাফল্য নয় ? শুধু ব্যর্থতা ? আর

আপনারা দয়া করে ৩৪ বছর ৩৪ বছর বলবেন না। এই ৩৪ বছর আমাদের গর্ব। এটা আমাদের অহংকারের, এটা আমাদের সাফল্যের। আর আপনাদের নিরহংকারের ব্যর্থতা। দেখান তো ভারতের কোন রাজ্য একটা নয়, অনেকগুলি দল দিয়ে সুনির্দিষ্ট কর্মসূচির ভিত্তিতে ৩৪ বছর ধরে স্বাধীন ভারতে ছিল ? ভারতের কোন রাজ্য দেখান। বিশ্বের কোন জায়গায় যেখানে সংসদীয় গণতন্ত্র আছে, সেখানকার কথা আমি বলতে পারব না, অন্য কোথাও ৩৪ বছর আছে দেখান ? এটা বিশ্বের বিস্ময়। সেইজন্য ৩৪ বছর বলবেন না। এটা আমাদের গর্ব, ওটা আমাদের অহংকারের। সেই ৭৮ সালের পর থেকে পঞ্চায়েতের যে কাজ হচ্ছে তার ফলেই গ্রামের প্রভূত উপকার হয়েছে। গ্রামের ছবি পাল্টে গেছে। আমার এক ছাত্র সে ৩৫ বছর আগে গ্রাম ছেড়ে চলে গিয়েছিল। আমেরিকায় ছিল। ৩৫ বছর পরে গ্রামে গিয়ে তার বাড়ি চিনতে পারছে না। তখন বিল খানাখন্দে ভর্তি ছিল। সেখানে পাকা রাস্তা হয়ে গেছে। সেখানে জল নিষ্কাশনের ব্যবস্থা হয়ে গেছে। সেখানে কুয়ো হয়েছে। গভীর নলকূপ হয়েছে। এমন কি গভীর রাত্রেও সবুজ গাছপালার মধ্যে থেকে কোনো বাড়ির বিদ্যুতের আলো ঠিকরে বেরিয়ে আসছে। ছিল ? এটা সাফল্য। এটা আপনাদের মনে রাখতে হবে। তার মধ্যে হয়তো ত্রুটি-বিচ্যুতি ছিল। এই কাজ করতে গেলে ত্রুটি হয়। আমি কাজ করব সব ঠিক ? কোনো বিচ্যুতি হবে না ? তা হয় নাকি। এই যে গ্রামের উন্নয়ন হয়েছে, গ্রামীণ এলাকায় বিভিন্ন প্রকল্প হয়েছে। গ্রামীণ এলাকার বিভিন্ন প্রকল্পের ব্যাপারে মাননীয় মন্ত্রীর কাছে উল্লেখ করছি। আমি ওনার বই পুঙ্খানুপুঙ্খরূপে পড়লাম। এটা পড়ে মনে হল যে যেন কোনো বামফ্রন্ট পরিচালিত সরকারের কোনো মন্ত্রী এই ভাষণটা দিচ্ছেন। এটা খারাপ কিছু নয়। উনি সঠিক কথাগুলিই বলেছেন। ৯০ দিনে আর কতটুকু কাজ করবেন। ৯০ দিনে কি কাজের কথা বলবেন। উনি এখানে সত্যি কথাই লিখেছেন। কোনো ব্যাপার নেই এবং এই যে মহাত্মা গান্ধী জাতীয় কর্মসংস্থান নিশ্চয়তা প্রকল্প আছে, এটা খুব ভালো এটা প্রকল্প। আমরা গ্রামের লোকেরা জানি একশো দিনের কাজ। গ্রামের যারা বয়স্ক লোক, তারা কায়িক শ্রম দিয়ে বিধিবদ্ধ ন্যূনতম মজুরিতে তারা কাজগুলি করছে। এই প্রকল্পে মহিলারাও অংশগ্রহণ করছে। মহিলারাও অংশগ্রহণ করছেন গ্রামীণ এলাকার এই বিভিন্ন প্রকল্পে। এটা ঘটনা। এটাতে আমাদের অভিজ্ঞতা আছে। এটাতে আত্মসমালোচনা আছে, বিরোধিতা নয়। একটু গণ্ডগোল আছে। এই যে দু-আড়াই বছরে যে পঞ্চায়েত নির্বাচন হল, সেই নির্বাচনে তৃণমূল বা তৃণমূল কংগ্রেস যৌথভাবে অনেকগুলি পঞ্চায়েতের তারা দায়িত্ব পেয়েছেন। ইলেকটেডের কোনো ব্যাপার নেই। কিন্তু ওদের মধ্যে গণ্ডগোল বেশি। আমি বলছি গণ্ডগোল বেশি। আমি কারোর বিরুদ্ধে বলছি না। ওই সব পঞ্চায়েতগুলির মধ্যে বিরোধ আছে। যেখানে তৃণমূল বা তৃণমূল কংগ্রেস পরিচালিত পঞ্চায়েত আছে। সবগুলিতে অবশ্য নয়, অনেকগুলিতে বিরোধ আছে। এক দলের প্রধান তৃণমূলের, সে আর একজন তৃণমূল প্রধানের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব নিয়ে আসছেন। হাত মেলাচ্ছেন বিরোধীদের সঙ্গে। আমাদের কাছে এসে বলছেন যে, আমরা কি করব। আমরা বলেছি আমরা নীতিহীন কাজ করব না। আমরা করিনি। একটাকে দেখান না, আমরা বিরোধীরা আপনাদের সঙ্গে হাত মিলিয়েছি ? বলুন না, সত্য কথা তো বলছি তো। আপনাদের একটু রিভিউ করার দরকার আছে। পর্যালোচনা করার দরকার আছে। আপনাদের দলের যে নীতি আদর্শ আছে, সেটুকু

যাতে প্রতিপালন করে তার জন্য আপনাদের রিভিউয়ের প্রয়োজন আছে। তাই ঠিকমতো আপনারা যদি চলেন তাহলে উন্নয়নের কাজ ত্বরান্বিত হয়। তাহলে শান্তি-শৃঙ্খলা ফিরে আসে। এটা সকলের ব্যাপার। আমরা বামপন্থীরা গর্ব বোধ করি আমাদের নীতি আদর্শের জন্য। খুব কঠিন। আপনাদের অনেক হয়েছে। একেবারে পঞ্চায়েত থেকে শুরু করে একেবারে সরকার থেকে শুরু করে এদিকে পার্লামেট থেকে শুরু করে এই যে আপনাদের গ্রোথ বৃদ্ধি এখানে একটু সমস্যা রয়েছে।

গ্রেথ হ্যাজ ইটস্ ওন প্রবলেম। এটা আমি আপনাদের উপদেশ দিচ্ছি না, এটা উপদেশ না। এটা আপনারা লক্ষ্য করলে বুঝতে পারবেন। আপনারা সব নীতি-আদর্শের ধারক-বাহক, এই তো আপনাদের সব নেতা, দলের নেতা, কেন্দ্রীয় কমিটির লোক। আমার বলতে কোনো অসুবিধে নেই আপনাদের কাছে। আপনারা এত ইতিহাসের ধারক-বাহক। তাই আমাদের নীতি-আদর্শকে ধার রাখতে সব সময় করছি। আমি যেটা বলছি সেটা উপদেশ দেওয়ার জন্য না। এটা আমাদের রাজ্যের স্বার্থে বলছি গণতন্ত্রের স্বার্থে, উন্নয়নের স্বার্থে, শান্তি-শৃঙ্খলা রক্ষার স্বার্থে। এটা আমাদের মনে রাখতে হবে। এই যে ১০০ দিনের কাজের কতা যেটা বলছিলাম, সব পঞ্চায়েত ১০০ দিনের কাজ ঠিকমতো দিচ্ছে না। দেখবেন আপনারা। আমি জনপ্রতিনিধি। এই ১০০ দিনের কাজের যে মজুরি পাওয়া উচিত অনেক পঞ্চায়েত সেই মজুরি দিচ্ছে না। সেটা যেই পঞ্চায়েতই হোক না কেন। এই ব্যাপারটা মাননীয় মন্ত্রীকে লক্ষ করতে বলছি। এই যে স্বর্ণ জয়ন্তী গ্রাম রোজগার যোজনা—এটার লক্ষ্য খুব ভাল। গ্রামের দারিদ্র দূর করা এবং স্বনির্ভর গোষ্ঠীর মাধ্যমে গ্রামের দরিদ্র মানুষ এবং দরিদ্র মহিলারা স্বনির্ভর হচ্ছে। এটা অনেকদিন চলছে। এই স্বর্ণ জয়ন্তী গ্রাম রোজগার যোজনা আমাদের রাজ্যে সাফল্য এনেছে। এরপর আছে ইন্দিরা আবাস যোজনা। যেটা কেন্দ্র-রাজ্য ৭০ : ২৫ অনুপাতে হয়। ৭০ ভাগ কেন্দ্র এবং ২৫ ভাগ রাজ্য দেয়। ইন্দিরা যোজনা আবাসে এখানে ৬০ শতাংশ যারা দারিদ্রসীমার নীচে বসবাস করে, তারাই যে যোজনায় ঘর পায়, কিন্তু এখানে গন্ডগোল আছে। কারা পাবে ? এরা আমাদের দলের কিনা ? এরা আমার, নাকি অন্য ? আপনারা বেশি দেখেন। আমাদের একেবারে ১০০ শতাংশই ঠিক আছে এটা আমরা কখনোই বলি না। কিন্তু এগুলি আপনারাই বেশি দেখেন লক্ষ্য রাখবেন। এই প্রকল্পের কাজটা খুব সন্তোষজনকভাবে হচ্ছে না। এই ইন্দিরা আবাস যোজনার কাজটা খুব সন্তোষজনকভাবে হচ্ছে, এটা বলা যাবে না। আমার যা অভিজ্ঞতা হয়েছে, তা থেকে বলছি। এই যে প্রধানমন্ত্রী গ্রাম-সড়ক যোজনা, এটা খুব সম্ভবত ২০০০ সালে শুরু হয়েছিল। এটা এখন হচ্ছে ভারত সরকারের ভারত নির্মাণ কর্মসূচিতে। এর কাজ ভালো। বহু রাস্তাঘাট এই ব্লক থেকে অন্য ব্লক, এক পঞ্চায়েত থেকে অন্য পঞ্চায়েতে বহু রাস্তাঘাট হয়েছে। এখনো পূর্ত বিভাগের অনেক রাস্তা খারাপ, কিন্তু প্রধানমন্ত্রী গ্রাম-সড়ক যোজনাকে যে রাস্তাঘাট হয়েছে, সেগুলো ভালো আছে। এটা নিজের অভিজ্ঞতা থেকেই আমরা দেখছি। ভূমিহীনদের জন্য ভবিষ্যনিধি প্রকল্প—এগুলো সফল হচ্ছে। সেই সাফল্য আমরা লক্ষ্য করছি। এতে গ্রামের মানুষ খুব উপকৃত হচ্ছে। ন্যাশনাল রুরাল লাইভহুড মিশন এটা এখন দাঁড়িয়ে পড়েছে। এই যে জেলার ন্যাশনাল রুরাল হেলথ মিশন-এর দ্বরা গ্রামের মানুষ উপকৃত হচ্ছে, স্বাস্থ্য সম্পর্কে সচেতন হচ্ছে এবং যে প্রাথমিক স্বাস্থ্য রক্ষা

করার ক্ষেত্রে এটা যথেষ্ট কাজ দিচ্ছে। উপস্বাস্থ্য কেন্দ্রে লোক যাচ্ছে, রোগ নিরাময়ের ক্ষেত্রে ডিসপেনসারি পরিচালনার ক্ষেত্রে এটা যথেষ্ট সহায়তা করছে। এবার আস.সি.ডি.এস-এর ব্যাপারে বলি। আই.সি.ডি.এস. কিন্তু অনেক জায়গায় সাফল্য এনেছে। কিন্তু বহু জায়গায় পদ খালি আছে। এই পদগুলো পূরণ করার দরকার আছে। এগুলি পূরণ করলে আই.সি.ডি.এস অনেক কাজ করতে পারবে। টিচার নির্মাণের ক্ষেত্রে, সার্বিক স্বাস্থ্য অভিযানের ক্ষেত্রে এদের প্রচুর উদ্যোগ আছে, এই বিষয়ে সন্দেহ নেই।

আর একটা কথা আমি বলব ন্যাশনাল ফ্যামিলি বেনিফিট স্কীম—মাননীয় মন্ত্রী মহাশয়, যেগুলো লেখা হয়নি যেমন গ্রামীণ বিদ্যুতায়ন। দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী যে সমস্ত পরিবার এদের বিদ্যুতায়নের প্রকল্পের সব থেকে বেশি হয়েছে আমাদের পশ্চিমবঙ্গে। পশ্চিমবঙ্গে সর্বাধিক, প্রায় ৫ লক্ষ ৮১ হাজার দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী পরিবারে বিদ্যুৎ পৌঁছেছে চলতি আর্থিক বছরে। আপনাদের যেগুলো লেখা নেই সেগুলো আমি বলছি। যেমন আমাদের রাজ্যে rural household, poverty eradication in India by 2015, rural household–central strategy paper এরা বলছে সারা দেশে যেখানে বর্তমানে দারিদ্র্যসীমার নীচে বসবাস করে ৩০ কোটি ৭০ লক্ষ মানুষ সেখানে ২২ কোটি মানুষ গ্রামের অধিবাসী।

মিঃ স্পীকার : মিঃ মুখার্জী, আপনার সময় অনেকক্ষণ শেষ হয়ে গেছে, আমি আর আপনাকে সময় দিতে পারব না। আপনি শেষ করুন।

শ্রী নারায়ণ মুখার্জী : এদের যে ৯টি রাজ্য দারিদ্র্যসীমার নীরচে বসবাসকারী যে সব রাজ্য পিছিয়ে আছে তাদের মধ্যে পশ্চিমবঙ্গ ছিল। কিন্তু বিগত ৫ বছরে পশ্চিমবাংলায় যে প্রকল্প নেওয়া হয়েছে তাতে পশ্চিমবাংলায় দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী মানুষের সংখ্যা কমেছে। (এই সময় মাইক অফ হয়ে যায়)

[3.40—3.50 p.m.]

শ্রী চন্দ্রনাথ সিংহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ২০১১-১২ সালের পঞ্চায়েত দপ্তর থেকে ৪০ নম্বর অভিযাচনে যে বাজেট বরাদ্দ পেশ করা হয়েছে আমি সেই বরাদ্দকে সমর্থন করছি। গ্রামোন্নয়নের জন্য রাজ্য সরকার যে মূল নীতি অনুসরণ করবেন তা হল পঞ্চায়েতরাজ সংস্থাসমূহের প্রকৃত ক্ষমতায়ন এবং এই সংস্থাগুলির শক্তি বর্ধন যাতে তাদের উপরে ন্যস্ত দায়িত্ব এই সংস্থাগুলি যথাযথ পালন করতে পারে এবং গ্রামাঞ্চলের দ্রুত উন্নতির জন্য বর্তমান মা-মাটি-মানুষের সরকার পঞ্চায়েত ব্যবস্থাকে শক্তিশালী করার কাজকে অগ্রাধিকার দিতে দায়বদ্ধ। পঞ্চায়েতগুলিকে শক্তিশালী ও জনমুখী করার এই কাজে সংশ্লিষ্ট রাজনৈতিক দলগুলির সহমত এবং সদিচ্ছা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিভিন্ন রাজনৈতিক দলগুলির সম্মিলিত প্রচেষ্টা এই লক্ষ্য পূরণের কাজে অত্যন্ত জরুরি। এই রাজ্যে পঞ্চায়েত ব্যবস্থার উন্নততর রূপায়ণের জন্য সমস্ত দলমত নির্বিশেষে সদস্য-সদস্যাদের নিকট আমি

আবেদন করছি, আপনারা আসুন, আমরা দলমত নির্বিশেষে সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে পঞ্চায়েতী ব্যবস্থার উন্নয়নের কাজকে এগিয়ে নিয়ে যাই। আজকে সব মাননীয় সদস্যই এই বাজেটকে সমর্থন করেছেন, তার জন্য তাঁদের আমি ধন্যবাদ জানাচ্ছি। ২০১১-১২ সালের প্রস্তাবিত কর্ম পরিকল্পনা আপনাদের সামনে হাজির করতে চাই। Mahatma Gandhi-র নামে MGNREGA প্রকল্পের মাধ্যমে চাহিদা অনুযায়ী মজুরি ভিত্তিক কাজ দেওয়া হয়। আমি জানাতে বাধ্য হচ্ছি এই প্রকল্প রূপায়ণে আমাদের রাজ্যে আরও উন্নতির প্রয়োজন। বিভিন্ন সূত্র থেকে MGNREGA-তে (Mahatma Gandhi National Rural Employment Guarantee Act) টাকার অপব্যবহারের অভিযোগ পাওয়া যাচ্ছে। আজ পর্যন্ত ৪৪২টি অভিযোগ এসেছে, তার মধ্যে ৩৪২টি ক্ষেত্রে ব্যবস্থা নেওয়া হয়েছে। বাকিগুলির ক্ষেত্রে শীঘ্রই ব্যবস্থা নেওয়া হবে। এই প্রকল্পের কাজে দুর্নীতি প্রতিরোধ করার জন্যে কয়েকটি নির্দিষ্ট পদক্ষেপ নেওয়া হয়েছে। আমি আপনাদের আনন্দের সঙ্গে জানাচ্ছি যে বীরভূম জেলাতে বায়ো-মেট্রিক কার্ড ব্যবহার করে মজুরি প্রদানের ব্যবস্থা করা হয়েছে। যত শীঘ্র সম্ভব অন জেলাতেও এই পদ্ধতি চালু করা হবে। যেসব অঞ্চলে ব্যাংক নেই সেই সব অঞ্চলে বিজনেস করসপণ্ডিং মডেল অনুযায়ী মজুরি দেওয়া বা নতুন এক পদ্ধতি চালু হবে। বায়োমেট্রিক কার্ড থাকবে প্রত্যেক মজুরি প্রাপকের কাছে। এই বায়োমেট্রিক কার্ডের মাধ্যমেই সকলকে মজুরি দেওয়া হবে তাদের বাড়ির কাছাকাছি কোনো জায়গা থেকে। আমার বিশ্বাস এর ফলে বহুলাংশে দুর্নীতি রোধ করা যাবে। এবং মজুরি প্রদান প্রক্রিয়া সহজ হবে। সম্প্রতি রাজ্যের মুখ্যসচিবের নেতৃত্বে এই প্রকল্পের কাজে সার্বিক তদারকি ও মূল্যায়নের জন্য একটি কমিটি তৈরি হয়েছে। আপনারা যেটা বলেছেন জব কার্ড—নিশ্চয়ই আগে মানুষের হাতে জব কার্ড থাকত না কিন্তু এবার থেকে যাতে মানুষের হাতে থাকে তার ব্যবস্থা করা হবে। এবং সোসাল অডিটও সময় মতো করা হবে। গ্রামে দরিদ্র মানুষদের বাসস্থান তৈরির প্রকল্প যেমন ইন্দিরা আবাস যোজনা। এই গুরুত্বপূর্ণ প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার বর্তমান আর্থিক বছরে ৬৭৮ কোটি টাকার বরাদ্দ এবং ১ লক্ষ ৯৯ হাজার ১৭৬টি নতুন গৃহ নির্মাণের লক্ষ্যমাত্রা স্থির করেছেন। স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা বিশেষত গরিব মানুষ এবং মহিলাদের আর্থিক সহায়তা প্রদানে বিশেষ সহযোগিতা করেছে। মহিলাদের ক্ষমতায়ন এবং ক্ষুদ্র সংস্থা চালনায় দক্ষতা বৃদ্ধি করে আয় বৃদ্ধির সুযোগ করে দেওয়ার লক্ষ্যে স্বনির্ভর দলের ৫.৫৬ লক্ষ সদস্য-সদস্যাকে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আরও স্বনির্ভর দল গঠন করা হবে রাজ্যের উন্নত এলাকাগুলি থেকে। এদের আধুনিক মানের প্রশিক্ষণ দেওয়া হবে এবং এদের তৈরি দ্রব্যসামগ্রী বাজারজাত করার জন্য বিশেষ ব্যবস্থা নেওয়া হবে। স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা পুনর্গঠিত করার জন্য জাতীয় গ্রামীণ জীবিকা মিশন এন.আর.এম.এম রূপে ভারত সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রক ইতিমধ্যে এন.আর.এল.এম রূপায়ণের জন্য ফ্রেম ওয়ার্ক ফর ইমপ্লিমেন্টেশন জারি করেছেন। শিশু শিক্ষার সহযোগিতায় রাজ্যের বিশেষ সমাজের বঞ্চিত মানুষের জন্য সর্বজনীন প্রাথমিক শিক্ষা বিস্তারে পঞ্চায়েতগুলিকে অগ্রণী ভূমিকা নিতে হবে। ১৬,১১০টি শিশু শিক্ষকেন্দ্র চলছে। এখানে ১৪.৯৩ লক্ষ শিশু নথিভুক্ত। একই সঙ্গে

১৯১৭টি মাধ্যমিক শিক্ষাকেন্দ্র চলছে এবং তাতে নথিভুক্ত ছাত্রের সংখ্যা ৩.৮৩ লাখ। এই সমস্ত কেন্দ্রে পরিকাঠামো এবং সুযোগ-সুবিধার উন্নতি দরকার যাতে শিক্ষার গুণগত মান উন্নত হয়। এই প্রকল্প প্রধানত সর্বশিক্ষা অভিযান কর্মসূচির অর্থ সাহায্যে চলে। আমাদের মা-মাটি-মানুষের সরকার এস.এস.কে, এম.এস.কে-গুলির উন্নতির জন্য চিন্তাভাবনা করছে। মন্ত্রিসভার বৈঠকে রাজ্যের শিক্ষা ব্যবস্থাগুলিকে এক ছাতার তলায় আনার সিদ্ধান্ত হয়েছে।

মিঃ স্পীকার : With the consent of House I am giving an extension of 10 mins time. অন্যান্য বক্তারা অনেক বেশি সময় নিয়ে ফেলেছিলেন সেই জন্য আমাদের সময় শেষ হচ্ছে, এখন ১০ মিনিট সময় extension করলাম।

শ্রী চন্দ্রনাথ সিংহ : ভবিষ্যতে শিক্ষক নিয়োগের সময় ১০% পদ এস.এস.কে এবং এম.এস.কে শিক্ষকদের যোগ্যতার ভিত্তিতে নেওয়ার সিদ্ধান্ত হয়েছে। এর ফলে আমার মনে হয় ছাত্রছাত্রীদের শিক্ষার স্বীকৃতিও দেওয়া হবে। পঞ্চায়েতের একটি প্রধান কর্মসূচি হল জনস্বাস্থ্য উন্নয়নের ব্যবস্থা করা। ব্যক্তিগত গৃহে, স্কুলে ও আই.সি.ডি.এস কেন্দ্রগুলিতে এবং সাধারণের ব্যবহারের স্থানগুলিতে শৌচাগার নির্মিত হচ্ছে সার্বিক স্বাস্থ্যবিধান অভিযান পদ্ধতির উদ্যোগে। কোনোরকম মতবিরোধ না করে আসুন দলমত নির্বিশেষে যাতে উন্নত স্বাস্থ্য পরিষেবা গ্রামের মানুষকে দেওয়া যায় তার ব্যবস্থা করি। রাষ্ট্রীয় সামাজিক সুরক্ষা প্রকল্প জুলাই ১১ পর্যন্ত বার্ধক্যভাতা প্রাপক ১৫.৬৮ লাখ, বিধবাভাতা প্রাপক ৩.০২৩ লাখ এবং প্রতিবন্ধী পেনশন প্রাপক ১৫,৩৫৪ জন উপকৃত হচ্ছেন। বার্ধক্যভাতা প্রাপকের সংখ্যা নির্ধারিত সংখ্যার মধ্যে রাখতে হবে কিন্তু অতীতে নির্ধারিত সংখ্যার বেশি সংখ্যক প্রাপক থাকার জন্য ভাতা দেওয়ার কিছু সমস্যা হচ্ছে। এই সমস্যা কাটিয়ে ওঠার ব্যবস্থা করেছি, আগস্ট মাস থেকে ৮০ বছরের উর্ধ্বে বার্ধক্যভাতা ৭০০ টাকা করা হচ্ছে। তার মধ্যে কেন্দ্র ৫০০ টাকা এবং রাজ্য সরকার ২০০ টাকা দেবে। ২০০৮ সালে চালু হওয়া সহায় প্রকল্পের মাধ্যমে এলাকার সহায়সম্বলহীন অতি দরিদ্র পরিবারগুলিকে সাহায্যের পরিমাণ বর্তমানে বাড়িয়ে ব্যক্তি পিছু দিন প্রতি ২০ টাকা করা হয়েছে। এই সাহায্যের মধ্যে আছে—স্বনির্ভর দলের মাধ্যমে দিনে এক বেলা রান্নার খাবার প্রদান এবং তাদের জামাকাপড় ও ওষুধ প্রদান।

ভবিষ্যনিধি প্রকল্পে জুলাই মাস পর্যন্ত ১১.৩৪ লক্ষ ভূমিহীন কৃষিমজুর নথিভুক্ত হয়েছেন। এর মধ্যে ১১.১২ লক্ষ মাসিক দেওয়া টাকা জমা দিয়ে প্রকল্পভুক্ত হয়েছেন। আম আদমি বীমা যোজনার মাধ্যমে রাজ্য সরকার PROFLAL আওতাভুক্ত। সকলের জন্য বীমার বন্দোবস্ত করেছে এর জন্য রাজ্য ও কেন্দ্র সরকার উভয়েই জনপ্রতি ১০০ টাকা দেবে। প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা, ২০১১ সালের মার্চ ১৫০০৭.৫৮ কিলোমিটার রাস্তার অনুমোদন দেওয়া হয়েছে। রাস্তা নির্মাণের টাকা কেন্দ্রীয় সরকার বহন করলেও রক্ষণাবেক্ষণের খরচ রাজ্য সরকার বা জেলা পরিষদকে করতে হয়। তাই রাস্তা রক্ষণাবেক্ষণের কাজ যাতে সঠিকভাবে হয় তার ব্যবস্থা করা হচ্ছে। BRGF থেকে রাজ্যের ১১টি জেলার পঞ্চায়েত ও পৌরসভাগুলে অনুমোদন পায়, এগুলো শর্তহীন অনুদান। এবং

আঞ্চলিক অনুদানের জন্য এই অনুমোদনের মাধ্যমে বিশেষ ঘাটতি পূরণ করা হয়। রাজ্য সরকার নির্দিষ্ট কিছু সূচককে মাথায় রেখে চিহ্নিত কিছু পিছিয়ে পড়া গ্রামের দ্রুত উন্নয়নের প্রয়াস করেছেন। মাননীয় সদস্যদের আরো জানাই, আমাদের রাজ্যের আর্থসামাজিক ও জাতীয় সমীক্ষার কাজ ডিসেম্বর '১১ থেকে শুরু হবে এটা ২৮শে ফেব্রুয়ারির মধ্যেই করতে হবে। আমাদের দপ্তর ভারত সরকারের নির্দেশক্রমে এই গণনার মাধ্যমে একটা নিখুঁত ও সঠিক BPL তালিকা করতে বদ্ধপরিকর। পরিশেষে ৪০ নম্বর অভিযাচনে যে সকল সদস্য এখানে মূল্যবান পরামর্শ দিয়েছেন তাদেরকে ধন্যবাদ জানাই, তাদের সকলের কাছে আবেদন করছি আমরা সবাই মিলে এক সাথে কাজ করে পঞ্চায়েতের বিবিধ কর্মকাণ্ডের মধ্য দিয়ে গ্রামীণ স্বনির্ভর পরিচালন ব্যবস্থাকে মজবুত করি এবং পঞ্চায়েতকে দুর্নীতিমুক্ত করি একমাত্র তার মধ্য দিয়ে গ্রামের সার্বিক আর্থসামাজিক অগ্রগতি সম্ভব হবে। পরিশেষে ৪০ নম্বর অভিযাচন খাতে সর্বমোট ৪১২৯.০৫৮৬ কোটি টাকা বাজেট বরাদ্দের জন্য প্রস্তাব সভার অনুমোদনের জন্য পেশ করছি এবং আপনাদের এই বাজেটকে সমর্থন করার জন্য আবেদন জানাচ্ছি। নমস্কার।

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 4126,28,89,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads : "2217-Urban Development, 2235-Social Security and Welfare, 2501-Special Programmes for Rural Development, 2505-Rural Employment, 2515-Other Rural Development Programmes, 2575-Other Special Areas programmes, 3451-Secretariat-Economic Services, 3604-Compensation and Assignment to Local Bodies and Panchayati Raj Institutions and 4515-Capital Outlay on Other Rural Development Programmes" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 1375,42,93,000 and Rs. 687,71,30,000 already voted on account in March and June, 2011 respectively), was then put and agreed to.

(B) DEMAND No. 7

Mr. Speaker : Now we move on to the next Demand, i.e. Demand No. 7 relating to Backward Classes Welfare Deptt. The allotted time is one hour. There is no cut motion to Demand No. 7. I call upon Shri Sunil Kumar Mondal.

শ্রী সুনীল মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পশ্চিমবঙ্গ সরকারের অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস মহাশয়ের ২০১১-১২ সালের ৭ নম্বর দাবির ব্যয়-বরাদ্দ মঞ্জুরি সম্পর্কে দু-চার কথা বলতে

চাই। প্রথমে আমি আজকে একটু বলব যে, আমাদের যে ৩৪ বছর সম্পর্কে—এটা আমি বলি, আমি নতুন বিধায়ক তো, খারাপ লাগে অনেক সময়, তবে বলি, একটু বলি শুনুন যে,

(গোলমাল)

একটা মূল্যবান কথা বলছি, কাজেই মূল্যবান কথা বলছি, শুনে রাখুন যে আমাদের মধ্যে বাস্তবিক সত্য এটা—এক শ্রেণীর স্বার্থান্বেষী মানুষ ছিল, ধাপ্পাবাজ ছিল যারা, তাদের জন্য আজ আমাদের এই পরিবর্তন, এটা আমি স্বীকার করছি। কিন্তু আপনাদেরও এটা বলছি, শুনে রাখুন, সেই দলটা আপনাদের ওইদিকে চালান হয়ে গেছে। এইজন্য আপনারা সতর্ক থাকবেন যে, যে মানুষরা আমাদের সর্বনাশ করেছে, সেই মানুষেরা আপনাদের কি করতে পারে সেটা আপনারা একটু চিন্তা-ভাবনা করবেন। অতএব ৩৪ বছর নয়, ৩৪ বছরের ইতিহাসটা ৫ বছরে না ঘটিয়ে নিয়ে আসে সেটা একটু লক্ষ্য রাখবেন। তাই আমি মাননীয় সেই সকল বিধায়কদের বলছি এবং মন্ত্রিমহাশয়কে বলছি যে আমাদের কাছ থেকে চলে গিয়ে আপনাদের বিরাট ক্ষতি করবে, আপনারা সতর্ক থাকবেন, সকলেই সতর্ক থাকবেন, শুধু মন্ত্রিমহাশয়রা নয়, আপনারা বিধায়করাও সতর্ক থাকবেন যে সর্বনাশটা আপনাদের ৫ বছরেও মানে এই দল এমন কুচক্রী যে এরা যে কোনো মুহূর্তে যে গাছে যাবে, সে গাছে রঙ ধরাবে। অতএব সাবধানতা অবলম্বন করবেন, এটুকু আশা রাখি। আর একটি কথা বলতে চাই, মাননীয় অনগ্রসর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় যিনি আছেন, সত্যিই ওনার নাম আমরা আগে অনেক শুনেছি এবং ওনাকে ওনার জ্ঞান, পাণ্ডিত্য অপরীসীম এবং ওনার ব্যাপারে এটা আমরা জানি বিহারের লালুজীকে উনি এক জায়গাতে ঢুকিয়েছিলেন। যাইহোক, ওনার বিরোধিতা আমি করছি না, ওনার পাণ্ডিত্যকে আমি সম্মান করি, সেই হিসাবে বলি, আমি কিছু সংযোজন আপনাকে করতে চাই। আপনি দেখবেন যে আমাদের এই যে অনগ্রসর শ্রেণী, এই অনগ্রসর শ্রেণীর মানুষের জীবনযাত্রা সম্পর্কে আমরা সকলেই জানি এবং খাতা-কলমে যে ব্যবহারটা হয়, যে বাজেট পেশ হয়, যা মানুষের প্রাপ্য হয়, সেটা খাতায়-কলমে কতটা হয় এটা আমরা কিন্তু সকলেই জানি। তাই সেই বিষয় সম্পর্কে আপনি যদি একটু তদ্বির করেন ভালো হয়। আমি কতকগুলি বিষয়ে একটু ওনার কাছে তুলে ধরব, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর ৯০ দিনের কাজ উল্লেখ তিনি যে সমস্ত বিষয়গুলির বলেছেন তার জন্য আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই এবং এই কাজগুলি যাতে সত্যিকারের প্রতিফলিত হয় সেটা দেখবেন। কারণ আমরা বিভিন্ন বাজেটের বিভিন্ন বক্তৃতায় দেখেছি এবং শুনেছি, সেই হিসাবে আমি বলি, সেগুলি খাতায়-কলমে থাকে এবং সেই বিভাগগুলি যারা আধিকারিক, সেই আধিকারিকদের যে গাফিলতি এবং তাদের কাজের যে পদ্ধতি, সেই পদ্ধতি সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব, আপনি অনুগ্রহ করে সেই অফিসগুলিতে দেখবেন, সেই অফিসগুলি আছে, কাজের কাজ কিছু হয় না। বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন মানুষ সাধারণ দীন দরিদ্র গরীব মানুষ তারা বিভিন্ন ক্ষেত্রে নাজেহাল হয়ে একজন মানুষকে যদি একটা সাব-ডিভিশনে যেতে হয় একটি সার্টিফিকেটের জন্য, তিন দিন গাড়ি ভাড়া দেওয়ার ক্ষমতা তার থাকে না। অনেক ক্ষেত্রে এইসব প্রবলেমগুলি হয় এবং যাতে সত্যিকারের এটা ব্লকের মাধ্যমে যে এস ডি ও অফিসের

কাজটা এস সি, এস টি সার্টিফিকেট প্রদানটা যাতে ব্লকের মাধ্যমে করা যায়, ব্লক ডিভিশনাল অফিসারের অধীনস্থ যে এস সি, এস টি অফিসার আছেন তিনি যাতে সেই কাজটা করতে পারেন তাহলে আমাদের যে সাধারণ মানুষ যারা আছেন, দীন দরিদ্র গরিব মানুষ, খেটে খাওয়া মানুষ এই অনগ্রসর শ্রেণী, সেই অনগ্রসর শ্রেণীর মানুষের কল্যাণের জন্য আপনি যদি ব্লক পর্যায়ে জিনিসটাকে নামিয়ে নিয়ে আসতে পারেন কিনা, এই ব্যাপারে একটু চিন্তা-ভাবনা করার জন্য বলছি। আর একটি কথা বলি যে আমাদের যে বিদ্যালয় পঞ্চম শ্রেণী থেকে দশম শ্রেণী পর্যন্ত যে বৃত্তি প্রদান করা হয়, সেটা কিন্তু আগে, আগাগোড়াই মানে প্রথম থেকে যে টাকাটা ছিল, সেই টাকাটাই কিন্তু আছে। কিন্তু এখানে আপনিও জানেন, আমরাও সকলেই জানি যে পাঠ্যপুস্তকের দাম কি হারে বেড়েছে।

[4.00—4.10 p.m.]

পুস্তকের জন্য, বই কেনার জন্য যে টাকাটা দেওয়া হয় বছরের প্রথমে, আশ্চর্যের বিষয় যে ক্লাস শুরু হয়ে গিয়ে কয়েক মাস পর সেই টাকাটা দেওয়া হয়। এই ব্যাপারে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। এই নিয়ে আমি বিভিন্ন সময় বিভিন্ন আন্দোলন করেছি। বিভিন্নভাবে আমি অফিসে গিয়ে দেখেছি এবং আমরাও পর্যন্ত সেখান থেকে বিতাড়িত হয়েছি। আমি আশা করব, মাননীয় মন্ত্রী মহোদয় আপনি সংগ্রহ করে দেখবেন এবং টাকাগুলো যাতে বছরের প্রথমেই বই কেনার জন্য দেওয়া হয়। টাকাটা বই কেনার টাকা, তাই এই বই কেনার টাকা যেন তারা প্রথমেই পায়। টাকার পরিমাণটা আপনি চিন্তা-ভাবনা করবেন। আপনি একজন বিচক্ষণ এবং জ্ঞানী মানুষ। আপনাকে এই বিষয়টি চিন্তা-ভাবনা করতে বলব টাকার পরিমাণটা যদি বাড়ানো যায়। কি পরিমাণ বাড়াবেন সেটা আপনার চিন্তার বিষয়। আর একটা কথা, এগারো-বারো ক্লাসে যে স্টাইপেন্ডটা দেওয়া হয় সেটা এখন ব্যাংক মারফত দেওয়া হয়। এগারো বারো ক্লাসের ছেলেদের যেটা দেওয়া হয় সেই টাকাটা দেওয়ার ক্ষেত্রেও ব্যাংকের মাধ্যমে দেওয়া হয় এবং সেটা একটা ফর্মে জমা নেওয়া হয়। নানান রকম টালবাহানা হয়। আমাদের অনগ্রসর শ্রেণীর ছেলেমেয়েদের একটা স্টাইপেন্ড দেওয়া হয় সেটা বিদ্যালয় থেকে দেওয়া হয় এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষক দেন। আমি আপনাকে অনুরোধ করব, একাদশ ও দ্বাদশ শ্রেণীর এস.সি., এস.টি ছেলেমেয়েদের টাকাটাকে যদি সেইভাবে বিদ্যালয়ের মধ্য থেকে বিতরণ করা যায় কিনা এটা দেখার জন্য। এটা আমি আপনাকে চিন্তা-ভাবনা করার জন্য অনুরোধ করছি। আমাদের যে সমস্ত আশ্রমিক হস্টেলগুলো আছে সেই আশ্রমিক হস্টেল সম্পর্কে আপনি খুব সুন্দরভাবে আপনার বাজেটের মধ্যে রেখেছেন। এর জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু স্যার যে বিষয়টা আমি অপানাকে বলতে চাই, এই যে হস্টেলগুলো আছে সেই হস্টেলগুলোর অবস্থা খুব করুণ। আমি একটা হস্টেলের দায়িত্বে রয়েছি, শিক্ষক হিসাবে রয়েছি, সেখানে দেখেছি দুর্নীতি কীভাবে বাসা বাঁধে এবং সাধারণ ছেলেমেয়েরা কীভাবে সেখান থেকে বঞ্চিত হয়। সেই সম্পর্কে আপনার সঙ্গে আমার একটা প্রাথমিক আলোচনা হয়েছে। আপনাকে আমি অনুরোধ করব যে এই বিষয়টার ওপর আপনি গুরুত্ব দেবেন। দীন, দরিদ্র, অনাথ

ছেলেমেয়ে যাদের বাবা নেই, মা নেই, সাধারণ একটু খাবার তারা খায়, সেই খাবারের মধ্যে যদি কেউ ভাগ বসায় সেটা খুবই দুঃখজনক। সেই দিকটা আমি আপনাকে নজর দেওয়ার জন্য অনুরোধ করব। তারপরে বিভিন্ন অনগ্রসর শ্রেণীর বিভিন্ন কল্যাণমূলক যে দিকগুলি আপনি উল্লেখ করেছেন সেই দিকগুলি সম্পর্কে আমি যথারীতি একটু তদারকি করার জন্য, বিশেষ কোনো সেল তৈরি করতে পারেন কিনা দেখবেন। কারণ আপনি বলেছেন একটা সমবায়ের কথা। এই সমবায়গুলো—নাবার্ডের স্বয়ম্ভর গোষ্ঠী আছে—সেই গোষ্ঠীগুলি একেবারেই নিজেদের স্বেচ্ছাচারিতার মতো কাজ করে। সাধারণ মানুষ বা আদিবাসী কল্যাণের কোনো কাজে লাগে না। আপনি এই জিনিসগুলো বিবেচনা করার চেষ্টা করবেন।

আর একটা বিষয় বলব, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী জঙ্গলমহল, উত্তরবঙ্গের উন্নয়নের কথা বলেছেন, তাছাড়াও আমাদের আরো কিছু কিছু অঞ্চল আছে যেমন, বর্ধমানের কনকাটি, বীনবিহার, বীরভূমে আছে ঝাড়খণ্ডের নিকটবর্তী অঞ্চলগুলো, বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুরের কিছু অংশ আছে, যেগুলো বাদ পড়েছে। এই অংশগুলো সংযোজন করা যায় কিনা অনুগ্রহ করে দেখার জন্য আপনাকে অনুরোধ করছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী নির্মলচন্দ্র মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস মহাশয় ২০১১-১২ সালের ৭নং দাবির অধীন ৬৮১.৫৮৫০ কোটি টাকার যে ব্যয়বরাদ্দ মঞ্জুরি উত্থাপন করেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। এর মধ্যে উনি দুটো ভাগ করেছেন।

এর মধ্যে ৩৮১.৪২ কোটি টাকা পরিকল্পনা খাতে, ১৯৯.৩৯৫০ কোটি টাকা পরিকল্পনা বহির্ভূত খাতে এবং বাকি টাকা কেন্দ্রীয় সহায়তা হিসাবে ধরা হয়েছে। এই ব্যয়ভার ৭নং দাবির পরিপ্রেক্ষিতে "২২২৫ তফসিলী জাতি, তফসিলী জনজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীসমূহ কল্যাণসাধন", '২২৫১ সচিবালয়-সামাজিক পরিষেবাসমূহ" এবং "৪২২৫ তফসিলী জাতি, তফসিলী জনজাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীসমূহের কল্যাণ খাতে মূলধন বিনিয়োগ" এই মুখ্য খাতের অন্তর্ভুক্ত। মাননীয় মন্ত্রিমহাশয় তফসিলি জাতি, তফসিলী জনজাতি এবং অনগ্রসর শ্রেণীর মানুষের জন্য অনেক চিন্তা-ভাবনা করেছেন। কিন্তু যাদের জন্য উন্নয়ন তাদের যদি জাতি সার্টিফিকেট না থাকে তাহলে চাকরির ক্ষেত্রে পড়াশুনার ক্ষেত্রে এবং বিভিন্ন ক্ষেত্রে তারা বিভিন্নভাবে সমস্যার সম্মুখীন হচ্ছেন। আমরা দেখেছি বামফ্রন্ট সরকারের ৩৪ বছরের রাজত্বে ছাত্র-ছাত্রীরা বা সাধারণ এই জাতিভুক্ত মানুষেরা তাদের সার্টিফিকেট পাওয়ার জন্য বিডিও বা এস.ডি.ও. অফিসে গিয়ে গিয়ে তাদের পায়ের চটির শুকতলা শেষ করে ফেলেছে। এইজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে বলতে চাই, আমাদের মা-মাটি-মানুষের সকরারের এই দিকটাতে নজর রাখা দরকার। কারণ প্রশাসনে যারা বসে আছেন তারা দিচ্ছি-দিচ্ছি-দিচ্ছি, এই করে মানুষকে হয়রানি করে। আমাদের বাংলার ছেলেমেয়েদের বিশেষ করে এই জাতিভুক্ত শ্রেণীর ছেলেমেয়েদের এই সার্টিফিকেট না থাকার জন্য তারা অনেক অসুবিধার মধ্যে পড়ছে। এর সঙ্গে আবার

যারা পিছিয়ে পড়া সংখ্যালঘু সম্প্রদায় তাদেরও এখন সার্টিফিকেটের প্রয়োজন হচ্ছে। তাই এই বিষয়গুলো দেখার জন্য আমি অনুরোধ করছি। আমি আরও বলতে চাই, এই সংরক্ষণ প্রথার মধ্যে বিভিন্ন সরকারি ক্ষেত্রে কোটাটা কিন্তু মেইনটেইন করা হচ্ছে, কিন্তু বেসরকারি ক্ষেত্রে কোটাভিত্তিক যে ভাগ আছে সেটা তারা মেইনটেইন করছে না। এই ব্যাপারটা দেখবার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। আরেকটা জিনিস মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, তফসিলি জাতি ও তফসিলি সম্প্রদায়ের পুরুষ ও স্ত্রীলোকের ভিন্ন সম্প্রদায়ের মধ্যে বিবাহ উৎসাহদানের জন্য সরকার পরিবার পিছু ৫ হাজার টাকা অনুদান দেওয়ার ব্যবস্থা করছে। আমাদের মা-মাটি-মানুষের সরকার এই অনুদান ৩০ হাজার টাকা করার প্রস্তাব করেছে। সমাজের মধ্যে একটা সমন্বয় ও উদার মনোভাব দেখানোর চেষ্টা করেছেন। আমরা এখানে দেখছি বিশেষ করে বনাঞ্চল এলাকায়, বিশেষ করে পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় মাওবাদী অধ্যুষিত ব্লকগুলিতে নবম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত অধ্যয়নরত এই এলাকায় গরীব ছাত্র-ছাত্রীদের সাইকেল বিতরণের ব্যবস্থা করা হয়েছিল। এই সাইকেলের সংখ্যা আগের সরকার নয় হাজার রেখেছিল, বর্তমান সরকার সেই সংখ্যাটা বাড়িয়ে ৩৫ হাজার করেছেন।

এজন্য আমি ধন্যবাদ জানাই। বিশেষ করে পশ্চিমবঙ্গ তফসিলী জাতি উন্নয়ন, আদিবাসী উন্নয়ন বিত্ত নিগমের বিভিন্ন যে কর্মসূচি আছে এর মাধ্যমে আমরা দেখেছি বিশেষ করে পিসিকালচার ট্রেনিংয়ের মাধ্যমে এই সম্প্রদায়ের ছেলেমেয়েদের অর্থনৈতিক উন্নয়নের জন্যে প্রচেষ্টা নেওয়া হয়। আমাদের এ রাজ্যে ৪৫টা প্রশিক্ষণ কেন্দ্রে প্রতি বছর তাদের ট্রেনিং দেওয়া হয়। কিন্তু ট্রেনিংয়ের পর তারা লোন নিয়ে ব্যবসা করতে পারে না। আমার বলার অনেক ছিল, সময়াভাবে বলতে পারছি না। আজকে মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর এই বইয়ে যে বিভিন্ন দশা দেখিয়েছেন, সেই দিশাগুলো আগামীদিনে আমাদের এ সরকারের কাজের পক্ষে মানুষের স্বার্থে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে একটা ভালো পদক্ষেপ।

[4.10—4.20 p.m.]

শ্রী কেশবচন্দ্র রায় : অনারেবল স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস মহাশয় ২০১১-২০১২ সালের জন্য যে বাজেট পেশ করেছেন তা সমর্থন করছি। সমর্থন করা সত্ত্বেও আমার কিছু বক্তব্য আছে। সেই বক্তব্যের প্রথমেই বলতে চাই যে ব্যাকওয়ার্ড ক্লাসেস ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট, কিছু লক্ষ্য সামনে রেখেছে। তার মধ্যে প্রোমোশন অ্যান্ড ইমপ্লিকেন্টেশন অফ এডুকেশনাল স্কীম ইস্যু অফ কাস্ট সার্টিফিকেট অ্যান্ড এনফোর্সমেন্ট অফ রিজারভেশান রুলস সাচ অ্যান্ড সাচ। ফাইভ টার্গেটস। স্যার, প্রথমে তাঁকে মাথায় একটা টুপি দিয়ে অধিবেশন কক্ষে ঢুকতে দেখি। জানি না কেউ টুপিটা ওনার মাথায় বসিয়ে দিয়েছেন, নাকি আমরা যারা সিডিউলড কাস্ট, সিডিউলড ট্রাইব, ও বি সি মানুষ আছি তাদের মাথায় বসিয়ে দেওয়ার জন্য উনি নিয়ে এসেছেন। কথাটা এইজন্যই বলছি যে এখানে, একটু আগে মাননীয় একজন বিধায়ক তাঁর বক্তব্যে বললেন যে, ৭২১.০৫৭৫

কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। কিন্তু আমাদের হাতে একটা সংশোধনী কাগজ এসেছে, তাতে বলা হল যে না ৭২১.০৫৭৫ কোটি নয় ওটা হবে ৬৮১.৫৮৫০ কোটি টাকা। তাহলে ঘরে ঢুকতে ঢুকতেই কিছু টাকা কমে গেল। প্রায় ৩৯ কোটি টাকা কমে গেল। এটা সিডিউলড কাস্ট, সিডিউলড ট্রাইব, ও বি সি ডিপার্টমেন্ট তো কমবেই। দেখুন না, বিরোধী পক্ষের কতজন সদস্য উপস্থিত আছেন, সরকার পক্ষের কতজন সদস্য উপস্থিত আছেন, দেখুন না ৩ জন মাত্র মন্ত্রী বসে আছেন। অবহেলিত চিরকালই। অবহেলা হবে এইটাই জানি। এটা দুঃখের, এটা পরিতাপের। স্যার, আমার বক্তব্যে যেটা, আমার প্রথম কথা, যে ক্লাস ফাইভ থেকে টেন পর্যন্ত ছাত্র-ছাত্রীদের পড়ার জন্য মাসে ৪০ টাকা স্টাইপেণ্ড দেওয়া হয়। সেটা কিসের জন্য ? বইপত্র কেনার জন্য ৪০ টাকা। যা বছরে হয় ৪৮০ টাকা। কারা পাবেন ? যাদের গার্জিয়ানরা মাসে ৩ হাজার টাকা ইনকাম করেন, ৩ হাজার টাকা। স্যার, তাহলে দিনে কত ? ১০০ টাকা। স্যার, যদি ওই একশো দিনের কাজ করে একটা লোক, তাহলে ১০০ টাকা পায়। তাহলে সেই লোকটা, সেই লোকটাই কেবল পাওয়ার যোগ্য। কিন্তু সিডিউলড কাস্ট, সিডিউলড ট্রাইবের অনেক মানুষ আছে যাদের দিন ১০০ টাকায় চলে না। একটা পরিবার ১০০ টাকায় চলে না। কি করে চলে ? একটা পরিবারে যদি চারজন বা পাঁচজন লোক থাকে তাহলে এক একটা লোক পিছু দিনে কত টাকা করে বরাদ্দ হল খাওয়ার জন্য ?

তাহলে ২৫ টাকায় একটা দিন চলবে ? এক কেজি চালের দাম ২০ টাকা—এইভাবে করা ঠিক নয় স্যার, আমার মনে হয় এই সিলিংটা বাড়িয়ে দেওয়া উচিত। আমার বক্তব্য এখানে যে ৪৮০ টাকা তাতে একটা জামা-কাপড়ও হয় না। বই, খাতা, কলম তো দূরে থাক। সুতরাং এটা বাড়ানো উচিত বলে আমি মনে করি। আমার দ্বিতীয় কথা Ekalabya Model Residential School আছে পুরুলিয়া, বাঁকুড়া, বর্ধমান, মেদিনীপুর আর জলপাইগুড়ি মোট পাঁচটা মাত্র। সেই স্কুলগুলির অবস্থা কি রকম ? যাঁরা শিক্ষক আছেন, তারা কারা—তারা contract basis-এ বেশির ভাগ এসেছেন এবং contract basis-এ যখন এসেছেন তখন তাদের ক্ষেত্রে SC, ST, OBC-এইগুলি মেনটেন করা হয়নি, রিজারভেশন মেনটেন করা হয়নি, এটা দেখা হোক। আমাদের মধ্যে OBC-তে এখন মুসলিম সম্প্রদায়ের লোক এসেছে, যারা নরসোসিক তারা OBC-র মধ্যে পড়ছে। তার জন্য বলছি, মুসলিম সম্প্রদায়ে যারা নরসোসিক বলে পরিচিত তারা OBC হলেন। গুজরাটে যেখানে ১১ শতাংশ মুসলিম সেখানে চাকরি পেয়েছেন ৯ শতাংশ। আর আমাদের পশ্চিমবঙ্গে ২৫ শতাংশ মুসলিমের মধ্যে চাকরি পেয়েছেন ১.৮৬ শতাংশ, দুই শতাংশও নয়। কত বড় অবহেলা হলে পরে এটা হতে পারে। এটা ৩৪ বছরে আমাদের শিক্ষা হয়ে আছে, আমরা এটা ভুলতে পারি না, পশ্চিমবঙ্গের লজ্জা। স্যার SC, ST. OBC সার্টিফিকেট যখন নিতে যাওয়া হয়, তখন ১৪ দফা প্রমাণপত্র দাখিল করতে হয়। দেখা গেল যারা SC, ST, OBC লোকই না, তারা তলে তলে কায়দা করে ঘুষ দিয়ে সার্টিফিকেট বার করে নিল, আর সত্যিকারের যারা SC, ST, OBC সার্টিফিকেটের দরকার Original-ই তারা ওই সম্প্রদায়ের মানুষ তারা পাচ্ছেন না। আমার চতুর্থ কথা স্যার, ২০০১ সালে আদমসুমারি

অনুযায়ী SC-১৮৪.৫৩ লক্ষ অর্থাৎ ২৩.০২ শতাংশ কিন্তু রিজারভেশন দেওয়া আছে ২২ শতাংশ, কেন স্যার, আমার প্রশ্ন এখানে ? এটা ২২ শতাংশ থেকে বাড়িয়ে দেওয়া হোক। চাকরি পাওয়ার সুবিধার উদ্দেশ্যে সল্ট লেক এবং জলপাইগুড়িতে দুটি প্রি-একজামিনেশন ট্রেনিং অ্যান্ড কোচিং, অ্যান্ড অ্যালাইড সেন্টার করা হয়েছে। সেখানে যারা রিটায়ার্ড পারসেন—দুই একদিন গেল, ক্লাস করল, হয়ে গেল—লোক দেখানো ছাড়া আর কিছুই নয়। যদি সত্যিকারের এদেরকে আপ-লিফট্ করতে হয়। এগুলোর দিকে মনোনিবেশ করতে হবে। আর যদি না করা হয়, তাহলে কি হবে ? তাহলে আমি একটা কবিতা বলে শেষ করি—

"পশ্চাতে ফেলিছো যারে, সে তোমারে টানিবে পশ্চাতে"

ধন্যবাদ স্যার।

শ্রী নর্মদাচন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনারা তো দিল্লির সরকারের সঙ্গে আছেন, দ্বিতীয় বৃহত্তম দল। আজকে সারা দেশের কি অবস্থা ? দ্রব্যমূল্য বৃদ্ধি—এরই প্রতিবাদে আমরা দিল্লি সরকারের কাছে গিয়েছি। মাননীয় মন্ত্রী ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস মহাশয়, তিনি এখানে যে বাজেট বিবৃতি রেখেছেন, সেই বিবৃতির উপরে কয়েকটি বিষয় উল্লেখ করছি—যে আমরা জানি, আমাদের রাজ্যের মোট জনসংখ্যা ২০০১ সালের আদমসুমারি অনুসারে, তাতে মোট জনসংখ্যার ২৩.০২ হচ্ছে তফসিলী জানি সম্প্রদায়ের মানুষ এবং মোট জনসংখ্যার ৫.৫০ তফসিলী উপজাতি সম্প্রদায়, OBC সম্প্রদায় ৩৯ শতাংশ।

[4.20—4.30 p.m.]

যদিও ২০০১ সালের আদমসুমারিতে এটা ছিল না, পরিসংখ্যান বলছে। এই তফসিলী জাতি, উপজাতি এবং অনগ্রসর জনজাতি, এদের উন্নয়নের জন্যই হচ্ছে এই দপ্তর। সুতরাং এই জনজাতি, তফসিলী জাতি এবং উপজাতি, তাদের শিক্ষা তাদের জনজীবনের মান উন্নয়ন, সাংস্কৃতিক বিকাশ এবং জাতিগত শংসাপত্র এইসব নিয়ে হচ্ছে এই দপ্তর কাজ করে। আমি শুধু কয়েকটি বিষয় এখানে উল্লেখ করব। সেটা হচ্ছে আমার আগের মাননীয় সদস্য বলেছেন যে ছাত্র-ছাত্রীদের বৃত্তিমূলক শিক্ষার ক্ষেত্রে, ভরণ-পোষণের ক্ষেত্রে এবং দশম এবং দ্বাদশ শ্রেণী পর্যন্ত শিক্ষা ফি এবং পুস্তক কেনার ব্যাপারে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের যে অনুদান ইত্যাদি দিয়ে থাকেন তা দিয়ে উপকৃত হয় আমাদের তফসিলী জাতি এবং উপজাতি সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীরা। এই ক্ষেত্রে আমি বলব যে এখানে উচ্চশিক্ষার জন্য যে ভাতা দেওয়া হয় এটাকে বৃদ্ধি করা দরকার, ৭০০ টাকা আছে এটা ১০০০ টাকা করা দরকার। আর কিছু ক্ষেত্রে আমি বলব, যেমন আই.টি.ডি.পি. ভিলেজ, এই আই.টি.ডি.পি. ভিলেজে দেখা যাবে সমগ্র পশ্চিমবাংলা জুড়ে আমাদের আদিবাসী ভাইরা ৪০ শতাংশের উপরে যেখানে বসবাস করে সেটা আই.টি.ডি.পি. ভিলেজ। এটা কেন্দ্রীয় সরকারকে লেখা দরকার কেননা যে এখন অনেক আই.টি.ডি.পি. ভিলেজ এখন দেখা যাবে যে ৪০ শতাংশ তো দূরের কথা তার অনেক কম শতাংশ আদিবাসী ভাই সেখানে বাস করে। আবার দেখা যাবে অনেক এলাকা যেখানে অনেক আসিবাসী ভাই সেখানে বাস করে।

অথচ সেখানে আদিবাসী ভাইরা আই.টি.ডি.পি এরিয়া হিসাবে এই যে সরকারের সুযোগ-সুবিধা সেই সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। আমি মাননীয় মন্ত্রীকে বলব আপনি পরিসংখ্যান করে দেখবেন, আমি আমার দক্ষিণ দিনাজপুর জেলাতে লক্ষ্য করে দেখেছি তাতে করে বহু এলাকা আজকে দীর্ঘদিন ধরে আই.টি.ডি.পি এলাকা বলে চিহ্নিত হয়ে আছে এবং আই.টি.ডি.পি ভিলেজ হিসাবে যে পরিমাণ আদিবাসী এখানে বসবাস করার কথা ইদানীংকালে দেখা যাচ্ছে সেই পরিমাণ আদিবাসী ভাইরা সেখানে থাকেন না। সুতরাং এটার পরিবর্তে নতুন এরিয়া যুক্ত করা দরকার। যেখানে অনেক বেশি ৪০ শতাংশ কি আরও বেশি আদিবাসী ভাইরা বাস করে। এটা নিশ্চয়ই বিষয়টা গুরুত্ব সহকারে দেখবেন। আর জাতিগত যে শংসাপত্র, আপনার নিশ্চয়ই সারা পশ্চিমবাংলা জুড়ে পরিসংখ্যান আছে এই যে ব্লক লেভেল এই যে ইন্সপেক্টর যিনি এই শংসাপত্র দেওয়ার ক্ষেত্রে তদন্ত থেকে শুরু করে সব কিছু করেন, দেখা যাবে গোটা জেলাতে ২/৩টি ইন্সপেক্টর কাজ করে। আমার সাব-ডিভিশানে বলছি তিনটি ব্লকে একজন। তিনি কোথায় থাকবেন ? তার পোস্টিং হচ্ছে হরিরামপুর অতিরিক্ত দায়িত্ব নিয়েছেন কুসমণ্ডি। এই রকম আপনি যদি দেখেন বহু জায়গাতে এই রকম আছে। তাহলে কেন মানুষ হয়রান হবে না ? আমি আশা করব যে আপনি দ্রুত প্রতিটি ব্লকে ব্লকে যাতে একটা করে ইন্সপেক্টর থাকে তার ব্যবস্থা করবেন। ঠিক একইভাবে জেলাতে যে আধিকারিক সেই আধিকারিক নেই। আমার জেলাতে নেই। সেখানে একজন এস.ডি.ও সাহেব আছেন দায়িত্বে তিনি দেখেন। এখন বিষয় হচ্ছে এস.সি., টু এস.সি.এস.পি, এস.সি.এ টু টি.এস.পি. এবং আর্টিকেল ২৭৫ এই যে পরিকল্পনা আমরা নিই।

ব্লকে লেভেলে মঙ্গল কমিটি আছে। জেলা লেভেলে মঙ্গল কমিটি আছে, স্টেট লেভেলে মঙ্গল কমিটি আছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি এই রাজ্য লেভেলে এস.সি. এস.টি. কর্পোরেশনের মিটিং হয় না। সেই জন্য ব্লক থেকে, জেলা থেকে যে পরিকল্পনাগুলো পাঠাই—আর্থসামাজিক উন্নয়নের জন্য যে পরিকল্পনা, আদিবাসী ভাইদের জীবনের মান উন্নয়নের জন্য যে পরিকল্পনা, পানীয় জলের জন্য যে পরিকল্পনা, রাস্তাঘাটের জন্য যে পরিকল্পনা, সেই পরিকল্পনাগুলো আসে কিন্তু সেগুলো রূপায়িত হয় না। সেই জন্য আপনাকে বলব আপনি এই বিষয়টা দেখবেন। যেহেতু মঙ্গল কমিটি ব্লক লেভেলে আছে, রাজ্য লেভেলে আছে, জেলা লেভেলেও আছে। ব্লক লেভেলে মিটিং হয়। জেলা লেভেলে বছরে দু-একবার মিটিং হয়, আর রাজ্য লেভেলে তো হয়ই না। এই রাজ্য লেভেলে যাতে মিটিংগুলো হয় সেটা দেখবেন। জেলা থেকে, বিভিন্ন ব্লক থেকে যে পরিকল্পনাগুলো আসে, সেই পরিকল্পনাগুলো বছরের পর বছর আসে, এক একটা আর্থিক বছর চলে যায়, কিন্তু সেগুলোর কাজ হয় না। একই স্কীম বারবার চলে আসে, কিন্তু হয় না। আমি আপনাকে তথ্য দিয়ে বলতে পারব যে কতবার আমরা এক একটা জেলা থেকে পরিকল্পনা পাঠিয়েছি কিন্তু সেই পরিকল্পনার এগেনস্টে, সেই স্কীমের এগেনস্টে সেখানে টাকা যাচ্ছে না। তিন রকমের হস্টেল আছে—একটা স্কুল সংলগ্ন হস্টেল, আশ্রয় হস্টেল

এবং কেন্দ্রীয় হস্টেল। এই হস্টেলগুলোর ক্ষেত্রে বলব কলকাতার বহু গ্রামীণ এলাকায় থেকে এখানে পড়াশোনা করতে আসে, অনেক গরীব ছেলেমেয়েরা আসে কিন্তু তার হস্টেলে থাকার সুযোগ পায় না। আমি বিবেচনার সঙ্গে দেখতে বলব, যাতে গ্রামীণ এলাকা থেকে যারা কলকাতায় আসে উচ্চশিক্ষার জন্য, কলকাতায় যতগুলো হস্টেল আছে সেখানে তারা থাকার সুযোগ জয়েন্ট এন্ট্রান্স এবং ইঞ্জিনিয়ারের জন্য যে শূন্য পদগুলি সংরক্ষণ করা আছে, সেই সংরক্ষণ পদগুলো পূরণ করা হয় না। তার কারণ হচ্ছে নানা রকম কোচিংয়ের ব্যবস্থা নেই। যদিও আপনি দুটো কোচিং সেন্টার বেসরকারি সংস্থার সঙ্গে যুক্ত করেছেন। আমি বলব এটাকে আরও বাড়ান, যাতে ডাক্তারী এবং ইঞ্জিনিয়ারিংয়ে তফসিলী জাতি এবং উপজাতি সম্প্রদায় অনেক বেশি মেধা সম্পন্ন ছেলেমেয়েরা আছে, তারা একটু কোচিং পেলে ডাক্তারি-ইঞ্জিনিয়ারিংয়ের সুযোগ পাবেন। আমি বিশ্বাস করি যে আপনি এগুলো গুরুত্ব দিয়ে দেখবেন, আর আদিবাসী ভাইদের জন্য সাংস্কৃতিক মঞ্চ করার জন্য বলব। এই যে ল্যান্ডসগুলো আছে, সেখানে সাংস্কৃতিক মঞ্চ গঠন করবেন। যাতে ওদের সাংস্কৃতিক চর্চা হয়। এই চর্চা করার সুযোগ থাকলে শিক্ষা-দীক্ষা সমস্ত দিক থেকে তারা এগিয়ে যাবে। আমি বিশ্বাস করি এই কটি বিষয় আপনি গুরুত্বসহকারে দেখবেন। ধন্যবাদ।

শ্রী স্বপন বাউরী : মাননীয় স্পীকার স্যার আপনাকে প্রথমে ধন্যবাদ জানাচ্ছি। আজকে আমাদের এই অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস মহাশয় ২০১১-১২ সালের ডিমান্ড নং-৭-এ যে বাজেট উত্থাপন করেছেন তাকে সর্বান্তঃকরণে সমর্থন করে আমি কয়েকটি কথা আপনার মাধ্যমে বলতে চাই। বাজেট বইটি যিনি তৈরি করেছেন সেই বইয়ে সমস্ত দিক উল্লেখ আছে এবং সমস্ত কিছু খুঁটিনাটি বিষয়, যা এই সব মানুষের জন্য করা হয়, সমস্ত দিক উল্লেখ করা আছে। তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। আমি বলতে চাই সমস্ত মন্ত্রীর থেকে বেশি দায়িত্বভার এবং গুরুত্বপূর্ণ মন্ত্রীত্বের পদ হচ্ছে এই মন্ত্রীর। তার কারণ পিছিয়ে পড়া মানুষগুলোকে সামনের সারিতে করতে হলে অনেক কষ্ট করতে হবে, অনেক কিছু প্রয়োজন। তাই সব থেকে গুরুত্বপূর্ণ দপ্তর হচ্ছে এই দপ্তর।

[4.30—4.40 p.m.]

তারপর যদি আজকে আপনার সমাজের সমান্তরাল করতে হয়, তাহলে সব থেকে দায়িত্বপূর্ণ বিষয় হচ্ছে পিছিয়ে পড়া মানুষদেরকে সামনের সারিতে নিয়ে আসা, তাদেরকে সমান্তরালভাবে তৈরি করা এবং মহান কাজ, অনেক দায়িত্বপূর্ণ কাজ আমাদের মন্ত্রীমহাশয় পেয়েছেন। উনি অনেক দায়িত্বপূর্ণ মানুষ এবং অনেক ভালো মানুষ, কাজের মানুষ। উনি এটা করতে পারবেন, এটা আমরা আশা রাখি। একটা কথা বলি, এই পিছিয়ে পড়া মানুষের জন্য বিগত সরকার—চৌত্রিশ বছর বললে ওনাদের গায়ে লাগে, বিগত সরকার তাদেরকে দিয়ে শুধু রাজনীতি করিয়েছেন। তাদের উন্নয়ন কি করেছেন ? প্রশ্ন রাখব মাননীয়, সম্মানীয় শ্রী সুনীলবাবু তাঁর বক্তব্যে অবশ্য বলেছেন যে, এই মানুষগুলোকে নিয়ে শুধু রাজনীতি হয়েছে, উন্নয়ন কিছু হয়নি। তাঁকে ধন্যবাদ জানাই বাস্তবটা হলেও, দেরিতে হলেও

তিনি যে বুঝতে পেরেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। আসুন আমরা দলমত নির্বিশেষে এই মানুষগুলোকে এক জায়গায় নিয়ে যাওয়ার শপথ করে অঙ্গীকার করি যে, এই মানুষগুলোকে সামনের সারিতে নিয়ে আসতে হবে। এই অঙ্গীকার আমাদের সবাইকে করতে হবে। শুধু কলমে, পুঁথি দিয়ে করলে হবে না। অন্তর থেকে মনের দিক থেকে আমাদেরকে সর্বান্তকরণে তাদেরকে নিয়ে আসার জন্য অঙ্গীকার করতে হবে, শপথ করতে হবে। সেটা করলে বাস্তবায়িত হবে, একটা সরকার উন্নতি করবে যদি মানুষগুলোকে এক জায়গায় নিয়ে আসা যায়। সেটাকে করতে হলে বাজেটের বই দেখলে হবে না। একদম নীচে নেমে তাদেরকে দেখতে হবে। অনেক স্কীমের কথা আছে যেগুলো সাধারণ মানুষ জানতে পারে না। কিছুই বুঝতে পারে না। সেই সমস্ত স্কীমের থেকে মানুষগুলো দীর্ঘদিন বঞ্চিত। সেই সব মানুষগুলোকে তুলে ধরতে হবে। তবেই আমি মনে করব মানুষগুলোকে সামনের সারিতে নিয়ে আসা যাবে। আমার সময় শেষ হয়ে গেছে, অনেক বলার ছিল। আমি শুধু বলব মনে প্রাণে যদি আমরা মনে না করি মানুষগুলো আমাদের তাহলে কখনও তাদেরকে সামনের সারিতে আনা যাবে না। অতএব, অনেক কথা হয়েছে। আসুন, দলমত নির্বিশেষে একাত্মভাবে তাদেরকে উঠিয়ে আনার চেষ্টা করি। এই বাজেটকে সর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শীতলকুমার সর্দার : মাননীয় স্পীকার স্যার আপনার মাধ্যমে অনগ্রসর শ্রেণীর ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় উপেন্দ্রনাথ বিশ্বাসের সাত নম্বর অভিযাজনের মাধ্যমে যে প্রস্তাব করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি দু-একটা কথা বলি। আমি প্রথমে বলি। বিরোধী দলের সদস্যরা যে কথাগুলো বলছিলেন তাদের কথার রেশ টেনে বলি, চৌত্রিশ বছর ধরে আপনারা ক্ষমতায় ছিলেন কেন জঙ্গলমহলের মানুষ, লালগড়ের মানুষ, বাঁকুড়ার মানুষ, পশ্চিম দিনাজপুরের আদিবাসী মানুষরা না খেতে পেয়ে মারা যাচ্ছিল। কেন তাদের অকাল মৃত্যু হচ্ছিল, কেন তাদের চিকিৎসার ব্যবস্থা হয়নি, কেন তারা পানীয় জল পায়নি, কেন তারা পুকুরের জল খাচ্ছিল ? আমি ধন্যবাদ জানাব বাংলার মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রীকে তিনি মাত্র নব্বই দিনের মধ্যে জঙ্গলমহলের আদিবাসী মানুষগুলো খেতে পাচ্ছিল না, চিকিৎসার অভাবে মারা যাচ্ছিল যারা শিক্ষার আলো দেখতে পাচ্ছিল না তাদের মুখে হাসি ফুটিয়েছেন। আমি ধন্যবাদ জানাই তাকে, তাকে সেলাম জানাই, তাকে নমস্কার জানাই। ধন্যবাদ জানাই আমাদের মন্ত্রী মহোদয়কে। সিডিউল্ড কাস্ট সার্টিফিকেটের জন্য এক বছর, দেড় বছর আগে অ্যাপ্লাই করা হয়েছিল কিন্তু তাদের সার্টিফিকেট মেলেনি। কিন্তু এই সার্টিফিকেট যদি না পাওয়া যায় চাকরি হোক বা শিক্ষা হোক—বিভিন্ন জায়গায় তাদের অসুবিধা হয়ে যায়। তারা পায়নি। আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে ধন্যবাদ জানাব, ৩০ দিনের মধ্যে যাতে তারা সার্টিফিকেট পায় তার জন্য তিনি একটা সার্কুলার ইস্যু করেছেন। এই সার্টিফিকেট না পেয়ে আজকে scheduled caste-এর ছেলেরা চাকরি পাচ্ছে না,। সমস্ত সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। কেন্দ্রীয় সরকারের বহু প্রকল্প ছিল যার মাধ্যমে এই অনগ্রসর শ্রেণীর মানুষের জীবনযাত্রার মান উন্নত করা যেত কিন্তু গত ৩৪ বছরে আপনাদের চোখের পর্দা সরে যায়নি। আপনারা শুধু এইসব মানুষদের খাটিয়েছেন, যেখানে দরকার পড়েছে সেখানে খাটিয়েছেন কিন্তু তাঁদের উন্নতির কোনো চিন্তা-ভাবনা করেননি।

আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করব, প্রতি জেলায় Dr. B.R. Ambedkar Bhavan তৈরি করুন। তার মাধ্যমে কী পুরুষ, কী মহিলা, কী ছাত্র, কী যুব তাদের শিক্ষাদান করুন। কোনো শিক্ষা যারা মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পরীক্ষায় পাশ করেছে তাদের সুযোগ করে দিন সরকারি কাজের। পাবলিক সার্ভিস কমিশনে যাতে কম্পিটিশনে দাঁড়াতে পারে সেই ব্যবস্থা করে দিন। যে সব মেধাবী ছাত্র আছে, যারা WBCS, IAS পরীক্ষায় উত্তীর্ণ হবার জন্য চেষ্টা করবে তাদের জন্য ট্রেনিং-এর ব্যবস্থা করুন। তাতে হবে কি পিছিয়ে পড়া মানুষ অনেক সময় এগিয়ে চলে আসবে।

আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে আরেকটি কথা বলব। পশ্চিমবাংলায় আজকে একটা বড় শতাংশ মানুষ তফসিলি, আদিবাসী, অনগ্রসর শ্রেণীর। একটা বিরাট অংশের মানুষ আজকে তারা চাকরি থেকে বঞ্চিত হচ্ছে। কী সরকারি, কী বেসরকারি সমস্ত জায়গায় দেখবেন অনেক শূন্য পদ খালি হয়ে আছে। সেই শূন্য পদগুলো পূরণ করুন। আমার একজন মাননীয় বিধায়ক বলছিলেন কথাটা সত্যি, আজকে সিডিউল কাস্ট সার্টিফিকেট না পেলে আমরা কিন্তু সব কিছু থেকে বঞ্চিত হব। তাই অনেক জায়গা আছে সেই জায়গায় Inspector পাঠান। Inspector পাঠিয়ে কাজকে ত্বরান্বিত করার চেষ্টা করুন এবং তাতে আমার মনে হয় পশ্চিমবাংলার আদিবাসী মানুষজন, তফসিলি মানুষজন, অনগ্রসর শ্রেণীর মানুষজন অনেক বেশি উপকৃত হবে।

আজকে শুধু বলি, আসুন কে কী করেছে নয়, আমরা পশ্চিমবঙ্গের মানুষ, আমরা আদিবাসী সম্প্রদায়ের মানুষ, আমরা তফসিলি সম্প্রদায়ের মানুষ, আমরা অনগ্রসর শ্রেণীর মানুষ, আমাদের কল্যাণে, আপনি আমাদের মন্ত্রী, আপনি বাজেট বরাদ্দকে বাড়িয়ে রাস্তাঘাট, শিক্ষা থেকে আরম্ভ করে পানীয় জল, সমস্ত জায়গায় যাতে এইসব মানুষজন উপকৃত হয় তার ব্যবস্থা করুন।

আর বলি, আসুন আজকে পশ্চিমবঙ্গবাসী হিসেবে যেটা আমাদের লজ্জা, এখনও পর্যন্ত মানুষ না খেতে পেয়ে মরছে, সেই লজ্জার হাত থেকে বাঁচতে যে রেশন ব্যবস্থা চালু হয়েছে, বি.পি.এল. কার্ড তৈরি করতে হবে, ওই বি.পি.এল. কার্ড যদি তৈরি না হয় তাহলে সমস্যা দেখা দেবে। আমাদের গরীব ছেলেমেয়ে, ভাই-বোন আছে সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব। তাদের রেশন কার্ড নেই, বি.পি.এল. কার্ড নেই যার ফলে তারা না খেতে পেয়ে মরছে। তাই বলি, বি.পি.এল তালিকা সঠিকভাবে তৈরি করুন। এটা আগামীদিনে যখন তৈরি হবে যেন স্বচ্ছভাবে তৈরি হয় তার ব্যবস্থা করুন। এই কথা বলে আপনাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4.40—4.50 p.m.]

শ্রী খগেন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনগ্রসর শ্রেণী কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ড. উপেন্দ্রনাথ বিশ্বাস মহাশয় ৭ নম্বর দাবি মঞ্জুরির জন্য, তিনি ৬৮১ কোটি ৮ লক্ষ ৫০ হাজার টাকার ব্যয় মঞ্জুরি দাবি করেছেন। যদিও আগে এটা ছিল ৭ কোটি, পরে একটা সংশোধনী দেওয়া হয়েছে, ৬ কোটিতে। অধ্যক্ষ মহোদয়, ওনার বাজেট বিবৃতি

পড়ে যেটা বুঝলাম, তিনি এই তিন মাসের মধ্যে নতুন কিছু করেননি, করা সম্ভবও নয়। তাই বিগত সরকারের সমস্ত কর্মসূচিগুলো, সেগুলোই তার বাজেট বিবৃতিতে উল্লেখ করেছেন। স্বাভাবিকভাবে বিগত সরকার যে সমস্ত কর্মসূচিগুলো রূপায়ণের ক্ষেত্রে উদ্যোগ গ্রহণ করেছিলেন, তার কিছু কিছু বিবৃতিতে তিনি উল্লেখ করেছেন। সবটা উল্লেখ করেননি। অনগ্রসর শ্রেণীর মানুষের জন্য যে কল্যাণ-শিক্ষার ক্ষেত্রে যেমন আছে, চাকরি-বাকরির ক্ষেত্রে যেমন আছে, সাধারণ কৃষক মানুষ, কৃষিজীবী মানুষ বা শ্রমিক মানুষ এদের কল্যাণের স্বার্থে রাজ্য এবং কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প আছে। সেই প্রকল্পের মাধ্যমে বিগত সরকার যে কাজগুলি করেছিলেন, যেমন আমাদের পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ভূমি সংস্কারের মধ্য দিয়ে প্রকৃত চাষিদের হাতে জমির পাট্টা দেওয়ার যে উদ্যোগটা—এটা তফসিলি জাতি এবং তফসিলি জনজাতির মানুষদের মধ্যে যাতে বেশি করে দেওয়া সম্ভব হয়। তফসিলি জনজাতির বনাধিকারের প্রশ্নে এই সমস্ত মানুষগুলি এতদিন বনকে নিজেদের জীবিকার জন্য যেভাবে ব্যবহার করতেন, এই প্রশ্নে পাট্টা দেওয়ার ক্ষেত্রে বামফ্রন্ট সরকারের যে উদ্যোগ—আপনারা যতই ৩৪ বছর, ৩৪ বছর করুন এই সাফল্যগুলিকে অস্বীকার করতে পারবেন না। আমি শুধু আপনাদের সরকারের কাছে, এই দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব, বামফ্রন্ট সরকার যে উদ্যোগটা গ্রহণ করেছিল, আপনি এটাকে এগিয়ে নিয়ে যাবেন। আরো বেশি বেশি করে, নতুন নতুন পরিকল্পনার মধ্য দিয়ে এই অনগ্রসর শ্রেণীর মানুষের স্বার্থে কাজ করবেন, এই অনুরোধটা আমি আপনার কাছে রাখব। যেমন বামফ্রন্ট সরকার বনাধিকারের প্রশ্নে প্রায় ৮৭ হাজার মানুষের জমির পাট্টার ব্যবস্থা করেছে। অনেক রাজ্য আছে, কেন্দ্রীয় সরকারের প্রকল্প যেখানেও আছে, আপনি পরিসংখ্যান নিয়ে দেখবেন পশ্চিমবঙ্গে যতটা করা সম্ভব হয়েছে, অন্য রাজ্যগুলি ততটা করতে পারেনি।

আদিবাসীদের ক্ষেত্রে যে বার্ধক্য ভাতা এই বার্ধক্য ভাতাটা ৬০ বছর বয়সের আদিবাসী মহিলা হতে পারে, আদিবাসী পুরুষ হতে পারে তাদের যে বার্ধক্য ভাতা দেওয়ার ব্যবস্থাটা এবং যেটা আই.টি.ডি.পি. স্কীমের মধ্যে আছে এই বামফ্রন্ট সরকার এটা সাফল্যের সঙ্গে করেছেন এবং বামফ্রন্ট সরকারের শেষ যে আর্থিক বছর সেখানে শুধু এই বার্ধক্য ভাতা দেওয়ার জন্য বরাদ্দ করা হয়েছিল ১১৪ কোটি টাকা। ভুলতে পারব না, আপনারা করে দেখাবেন তবে ভুলতে পারব। প্রতিবন্ধী ভাতা—আদিবাসীদের মধ্যে যারা প্রতিবন্ধী ভাইয়েরা আছেন যদিও অনেকে প্রশ্ন তুলেছেন প্রতিবন্ধী সার্টিফিকেটটা সংগ্রহ করবার ক্ষেত্রে অসুবিধা হয়, কারণ আদিবাসী প্রতিবন্ধী ভাইবোনেরা এরা গ্রামের অনেক দূর থেকে হাসপাতালে আসেন এবং এখানে ওদেরকে হয়রানি করা হয়। এই বিষয়টা নিশ্চয় আপনি দেখবেন আগামীদিনে যাতে না হয়। দপ্তর না হলেও এই বিষয়টা ওনাকে দেখতে হবে। আদিবাসীদের বা সিডিউল কাস্টদের সার্টিফিকেটের ক্ষেত্রে ওনাকে নিশ্চয় উদ্যোগ গ্রহণ করতে হবে। এই যে বর্গার পাট্টা আদিবাসী ভাইবোনেরা ঠিকমতো পাচ্ছে কিনা বঞ্চিত হচ্ছে—কৃষকের উন্নয়ন ঘটাবেন অথচ কৃষকের কথা ভাববেন না কৃষকের উন্নয়ন ঘটবে কি করে ? আদিবাসীদের মধ্যেও তো কৃষক আছে। আদিবাসীদের মধ্যেও তো খেতমজুর আছে। আপনি আদিবাসী সম্প্রদায়ের উন্নয়ন ঘটাবেন আদিবাসী কৃষকদের বাদ দিয়ে তা তো

হবে না, এটা তো ভাবতেই হবে। কাজেই অবশ্যই আপনাকে ভাবতে হবে। সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব সার্টিফিকেট সংগ্রহ করতে গিয়ে একজন সদস্য বলেছেন এটা বি.ডি.ও. হয়ে এস.ডি.ও.-র কাছে যেতে হয় এই কাস্ট সার্টিফিকেটটা সংগ্রহ করবার জন্য। এটা কমানো যায় কিনা, এটা এস.ডি.ও., বি.ডি.ও না করে কোনো একটা জায়গা থেকে যাতে কাস্ট সার্টিফিকেটটা সংগ্রহ করা যায় সময়টা কম লাগে কারণ এক একটা সার্টিফিকেট সংগ্রহ করতে কথায় কথায় একজন বলেছেন যে দেড় বছরের মধ্যেও সার্টিফিকেটটা সংগ্রহ করা যায়নি। কারণ তিন-চারটে ব্লকের জন্য যদি একজন ইন্সপেক্টর থাকে, এই ইন্সপেক্টরের সংখ্যা যদি না বাড়াতে পারেন এক বছর, দেড় বছর কেন তার বেশি সময়ও লাগতে পারে। কাজেই এই বিষয়টা দেখবার জন্য আমি আপনাকে অনুরোধ করব যাতে খুব দ্রুততার সঙ্গে যদিও ঘোষণা করেছেন আপনারা এক মাসের মধ্যে যাতে এই সার্টিফিকেটটা দেওয়া সম্ভব হয় যে পরিকাঠামো আছে তাতে এক মাসে কেন ছয় মাসেও পারবেন না। কাজেই আপনাকে পরিকাঠামো চেঞ্জ করতে হবে তাহলে যদি এক মাসের মধ্যে সার্টিফিকেটটাক দিতে পারেন। স্যার, আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব আমরা এই বিধানসভাতে দাঁড়িয়ে যতই বড় বড় বক্তৃতা করি না কেন আমরা কি আসলে মনে-প্রাণে যারা সিডিউল কাস্টদের জন্য মায়া কান্না কাঁদি, সিডিউল ট্রাইবদের জন্য মায়া কান্না কাঁদি তাঁরা কি সত্যি সত্যি আন্তরিকভাবে এদের কথা ভাবি ? এই ভাবনাটা কি আপনার মধ্যে আছে ? এটা ভাববার জন্য এবং সবাই যাতে এই বিধানসভায় যাঁরা এখানে উপস্থিত আছেন সবাই ভাবি এই ভাবনাটা ভাববার অনুরোধ রেখে আমি আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Upendranath Biswas : Hon'ble Speaker Sir, you have kindly allowed me to speak on this subject.

[4.50—5.00 p.m.]

Mr. Speaker : Please, hat off please Hon'ble Minister, don't put on the hat.

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : স্যার, শুধু আমি আপনার আদেশ সম্পূর্ণভাবে পালন করে দু-চারটি কথা বলছি। একজন সভ্য বলেছিলেন যে, এই টুপিটা কি আপনাকে কেউ পরিয়ে দিয়েছে। অনারেবল স্পীকার স্যার অ্যান্ড অনারেবল মেম্বারস আমি গর্বের সঙ্গে বলছি যখন আমি গ্রামে গ্রামে প্রচারে গিয়েছিলাম প্রার্থী হিসাবে তখন একজন ভূমিহীন কৃষক আমাকে বলেছিল যে, "আপনি যে কেন্দ্র থেকে লড়ছেন সেই কেন্দ্রে অসংখ্য ভূমিহীন কৃষক আছে। আমরা আপনাকে এই মাথার টোকাটা দিচ্ছি আপনি ক্যাবিনেটে যাবেন এটা নিয়ে আপনি আমাদের হয়ে, আমাদের প্রতিনিধি হয়ে বিধানসভায় যাবেন।' আমি সেই আদেশ অনুসারেই এখানে এটা নিয়ে আসি এবং এটা রেখে আপনাদের সামনে প্রার্থনা করি। আপনারা অনেক মূল্যবান কথা বলেছেন, আমি সব মাথা পেতে নিয়েছি। আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্য, সদস্যাগণের কাছে শ্রদ্ধাবনত চিত্তে নিবেদন করতে চাই, আপনাদের মূল্যবান বক্তব্য এবং যেসব প্রশ্নাবলী আপনারা ভবনে করেছেন সেগুলি আমি অত্যন্ত গুরুত্বের সঙ্গে প্রণিধান করেছি এবং সেগুলো নিয়ে যথাযথ বিবেচনা করে উদ্যোগ গ্রহণ করছি। আমি

একথাও মাননীয় সদস্য এবং সদস্যাবৃন্দদের জানাতে চাই, সদনের কার্যবিবরণীর প্রতিলিপি সংগ্রহ করব এবং আপনাদের প্রত্যেকের বক্তব্য বারবার গভীরভাবে পর্যালোচনা করব। এক্ষুণি আমি সব বক্তব্য পেশ করছি এবং আমি আন্তরিকতার সঙ্গে উত্থাপিত করতে চাই যদি কোনো ভুলত্রুটি হয় মাননীয় সদস্যগণ নিজ গুণে মার্জনা করে নেবেন এই অনুরোধ জানালাম। আমাদের এই বিভাগটি সম্পর্কে একজন মাননীয় সদস্য বলেছেন যে, এটি সবচেয়ে গুরুত্বপূর্ণ, এ কথায় আমি পরে আসব কিন্তু আমাদের এই ডিপার্টমেন্টের কি দর্শন হবে সেটা আমি প্রথমে জানাচ্ছি। সম্রাট অশোক বলেছেন তাঁর সাম্রাজ্যে যত নাগরিক আছেন তারা তাঁর নিজের সন্তানের মতো। অশোক এই কথা বলেছেন, "আমি যেমন নিজের সন্তানের কল্যাণ কামনা করি তেমনি আমার সাম্রাজ্যে সমস্ত মানুষের সেইভাবে সন্তানের মতো কল্যাণ কামনা করি।" মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় আমাকে এই যে অপূর্ব সুযোগ দিয়েছেন আমি মাথা নত করে আমার দায়িত্বে যত মানুষ আছে তাদের কল্যাণের জন্য নিজের সন্তানের মতোই দেখতে চাই। এইবার প্রশ্ন ওঠে আমি কোথা থেকে শুরু করব। এই যে বাজেট পেশ করেছি, আপনারা যাঁরা বাঁদিকে বসে আছেন, আপনারাই গত বছরে যা করেছেন, সেই কথাই বলা আছে। আর আমরা কি করব তার একটা আভাস দেওয়া আছে। তার একটা ভিসান স্টেটমেন্ট দেওয়া আছে। there is a vision statement in this budget. আমি কোথা থেকে শুরু করব সেটা তো আমাকে ঠিক করতে হবে। আগেই আমি দর্শনের কথা বলেছি। এইবার দেখুন কোথায় যাই। এই যে আমাদের সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব তারা কে এস সি হবে, এস টি হবে তার প্রধান দায়িত্ব হচ্ছে আমাদের একটি প্রতিষ্ঠান আছে, তার নাম Cultural and Research Institute. এইবার যে গোর্খাল্যান্ডের চুক্তি হয়েছে, সেখানে গোর্খা ভাইয়েরা তারা ট্রাইব হতে যাচ্ছে।

সেটাও কিন্তু প্রথম অনুসন্ধান করবে এই সি আর আই। তাই আমি প্রথমে এই ডিপার্টমেন্টের ভার নিয়ে সেই সি আর আইতে গিয়েছিলাম। যেখানে আমি গবেষক হিসাবে, মাননীয় স্পীকার স্যার, আমি গবেষক হিসাবে এর আগেও অনেকবার সেখানে গিয়েছি। এই বার গিয়ে দেখি যে তার সাইনবোর্ডটা মাটিতে পড়ে আছে। যে প্রতিষ্ঠান একসময়ে ভারতবর্ষে এক নম্বরে ছিল, একটি গাড়ি কেনা হয়েছিল যারা রিসার্চ করবে তাদের জন্য। কুড়ি বছর আগে সেই গাড়ি কেনা হয়েছিল। তারপরে একদিনও সেই গাড়ি চলেনি। যেখানে এসে রয়েছিল, সেখানেই গাড়ি পড়ে রয়েছে। অডিটও সেই কথা বলছে। তাহলে আমি কোথা থেকে শুরু করব। আমি কয়েকটি ছবি দেখাতে চাই আপনাদের কাছে। আমি এই প্রত্যেকটা ছবি মাননীয় স্পীকারের অনুমতিতে আপনাদের কাছে পাঠিয়ে দেব। দেখুন কি অবস্থা ! এই সেই সাইনবোর্ডটা মাটিতে পড়ে আছে।

মিঃ স্পীকার : আপনি ছবিগুলো এখানে জমা দিয়ে যান। পরে আপনি মাননীয় সদস্যদের কাছে বিলি করে দেবেন। এইভাবে দেখানো যাবে না।

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : এখান থেকে আমি শুরু করেছি। এই ধ্বংসের থেকে শুরু করেছি। এখান থেকে শুরু করব কি ? আপনারা বলেছেন আম্বেদকর ভবন। আমরা ওই

সি আর আই-তে একটি সেন্টার অফ এক্সেলেন্স করব। তার নাম দিয়েছি আম্বেদকর সেন্টার ফর এক্সেলেন্স এবং সেটিকে ভারতবর্ষের এক নম্বরে নিয়ে যেতে হবে। মাননীয়া মুখ্যমন্ত্রী, মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রী আমাকে কিছুদিন আগে দিল্লিতে পাঠিয়েছিলেন কনফারেন্সে। সেখানে এই ব্যাপারটা বলে আমি বলেছিলাম যে আমি আম্বেদকর সেন্টার অফ এক্সেলেন্স করতে চাই। আমি টাকা চাই, আমার টাকা নেই। আমার ট্রেজারি শূন্য। মাই ট্রেজারি ইজ এম্পটি, আই ওয়ান্ট মানি এবং শুনলে খুশি হবেন যখন আমরা অফিসার পাঠিয়েছিলাম, তাঁরা বলেছেন ড. বিশ্বাসের প্রপোজাল আপনারা এখনই পাঠান। শুধু কলকাতায় নয়, প্রত্যেকটি জেলায় আম্বেদকর ভবন হবে। আর একটি কথা বলি। ইতিমধ্যেই আমরা আই.এ.এস. এবং ডব্লু.বি.সি.এস. ট্রেনিংয়ের জন্য বিশেষজ্ঞদের কাছে টেন্ডার চেয়েছি। আমি শুধু তাদেরকে ক্লাস ফাইভ, ক্লাস টেন পাশ করাতে চাই না। এই ট্রেনিংয়ের মাধ্যমে আমি শুধু এখানে নয়, পশ্চিমবাংলায় যেখানে খুব কম আই.এ.এস., আই.পি.এস. হচ্ছে, সেখানে এই তিন-চার বছরের মধ্যে অনেক আই.এ.এস., আই.পি.এস. অফিসার এই সময়ের মধ্যে আমি তৈরি করব। সেই ব্যবস্থা আমি করেছি। আপনারা কৃষকদের কথা বলেছেন। তাও আমি একটা কথা বলি। আপনারা ল্যান্ড লেস কৃষকদের কথা বলেছেন। ল্যান্ড রিফর্মসের কথা বলেছেন। সেই কথাটা আমাকে একটু বলতে দিন। আপনারা ভালো করেই জানেন যে পশ্চিমবাংলায় শতকরা ৭৫ ভাগ মানুষ সরাসরি বা পরোক্ষভাবে কৃষি নির্ভর। 75% people of West Bengal are engaged directly or indirectly in agriculture and this agriculture is not run by big machines but by agricultural labourers. They are the most important and majority of them belong to Scheduled Caste and Scheduled Tribe and Muslim community and other Backward Classes.

Mr. Speaker : With the consent of the House, the time is extended by six minutes.

[5.00—5.12 p.m.]

Dr. Upendra Nath Biswas : I am grateful. Hon'ble Speaker Sir. This is a vital statistics I am giving you. Out of 7362957 agricultural labourers 76.46% agricultural labourer belong to SC/ST and Muslims. They are your backward classes; what an irony ! যারা এই অর্থনীতিটাকে ঘাড়ে করে, শ্রম দিয়ে বাঁচিয়ে রাখছে তারাই হচ্ছে উন্নতির তলানিতে। ৩৪ বছরের ইতিহাস তাই বলছে। আপনি পাট্টার কথা বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি ২৫ বছর ধরে এই বিষয়ে গবেষণা করছি। সিদ্ধার্থশংকর রায় মহাশয়কে অধিকাংশ সময় আপনারা তিরস্কার করেন। 30th November, ১৯৭৬ পর্যন্ত ৬ লক্ষ ১৬ হাজার ৬৬২ একর জমি তিনি পাট্টা দিয়েছেন landless agricultural labour-দের। এই সংখ্যাটা ৩১ ডিসেম্বর, ২০০৬ সালে ১০ লক্ষ ৩১ হাজার ১৩৫ হয়েছে। তফাৎ মাত্র ৪ লক্ষ। তাহলে কে বেশি দিল ? আমি এখানেই শেষ করছি না। আমি ২০১১ সালের হিসেব দিচ্ছি। আগেই বলেছি, ৬ লক্ষ ১৬ হাজার সিদ্ধার্থশংকর রায়ের সময়। ২০১১-এর জুন

মাসে আমি agriculture ডিপার্টমেন্ট থেকে পরিসংখ্যান নিয়েছি, ২০১১ সালে সেটা ১০ লক্ষ ৪৪ হাজার মাত্র হয়েছে। তাহলে land reforms কে করল ? পাট্টা কে বেশি দিল ? সেইজন্য আপনারা operation পাট্টাটা বলেননি। ওইজন্য আপনারা বলেছেন অপারেশন বর্গা। কারণ বর্গা তখন শুরু হয়েছিল। একটা হিউম্যান ডেভেলপমেন্ট রিপোর্ট ২০০৪ সালে আমরা বার করেছিলাম। পঞ্চায়েত ইন্সটিটিউট কল্যাণীতে। তারা আপনাদের ল্যান্ড রিফর্মস সম্পর্কে কি বলছে শুনুন। আমি সম্পূর্ণ পরিসংখ্যান স্যার এখানে রিটেন দিয়ে দেব। তারা বলছে—poor production, inadequate irrigation, majority incapable of using chemical fertilizers, only 10% to 15% can avail of the loan, 90% Pattadars go outside to earn the livelihood. 64% Pattadars and 52% Bargadars work for 6 months; the daily income of 36% Pattadars and 26% Bargadars are below 30. ৩০ টাকার কম তাদের ইনকাম। এই হয়েছে ল্যান্ড reforms। এই হচ্ছে পরিসংখ্যান। এবার আমরা এডুকেশনের অবস্থা একটু দেখি। আমি পরিসংখ্যান দিয়ে বলছি। SC, ST তাদের এডুকেশনের অবস্থাটা দেখুন। মহিলাদের শিক্ষাই হচ্ছে আসল ক্রাইটেরিয়া, যে একটা সমাজ কত শিক্ষিত আর কত ইললিটারেট। এখন পর্যন্ত ৭০% আদিবাসী মহিলা যারা স্বাক্ষর করতে পারে না। বাহ ! চমৎকার ব্যবস্থা করেছেন। এখানেই শেষ নয়। ...(নয়েজ).. আমি ৫০ বছর ধরে বসে আছি এই সুযোগের জন্য। আমার বুকের জ্বালা রয়েছে, কারণ আমি এই মানুষের প্রতিনিধি, আমি এই পরিবেশে মানুষ হয়েছি। সবচেয়ে বেশি ইললিটারেট কারা ? যারা এগ্রিকালচারাল লেবার। এই দেখুন আপনাদের পরিসংখ্যান বলছে ২০০৪ সালে, তারাই বেশি SC। ...(নয়েজ)... যারা SC, যারা ST, যারা ব্যাকওয়ার্ড ক্লাসেস, মাইনরিটি তারাই বেশি ইললিটারেট, আবার তারাই হচ্ছে বেশি এগ্রিকালচারাল লেবার। এতো হতে পারে না, এই কনট্রাডিকশান চলতে পারে না, সেইজন্য বাবাসাহেব বলেছিলেন, আপনি জানেন সংবিধান যেখানে শেষ লেখা হচ্ছে তিনি বলেছিলেন—'আমার আরও কিছু কথা আছে, যদি আপনারা তাড়াতাড়ি এই সামাজিক এবং অর্থনৈতিক বৈষম্য দূর না করতে পারেন, তাহলে একদিন এরাই আপনাদের এই সংসদ ভেঙে দেবে। অতএব আপনাদের সবার কাছে আমার সনির্বন্ধ অনুরোধ যে, যে যেখানে আছেন, যে পার্টিতে আছেন আপনারা এই মানুষগুলোকে সামনে নিয়ে আসুন। ২০০৬ সালে ইলেকশনের সময় ওরা হিসাব করেছিলেন যে, তাঁরা তাদের ভোট দিল। এই এস.সি., এস.টি., মুসলিম সম্প্রদায়ের ৯২টি সিট আপনাদের দিয়েছিল। এইরকমভাবে ৩৪ বছর ধরে আপনাদের ক্ষমতায় তারা রেখেছে, তেমনি কংগ্রেসকেও তারা ক্ষমতায় রেখেছিল ৩০ বছর আগে। এবারে কি হয়েছে ? এবারে আমরা এবং কংগ্রেস ৯১টি পেয়েছি—সেই একই জিনিস। যদি সেই ৯১টি আপনাদের ওখানে থাকত তাহলে আপনারা পাওয়ারের থাকতেন। আজকে সেই ৯১টি এখানে চলে এসেছে, আমরা ক্ষমতায় আছি, ৫ বছর থাকব, আরও থাকব। কেন না এই যে নির্যাতিত মানুষ, যারা এই সমাজের অর্থনৈতিক ভিত্তি বজায় রাখে, তাদেরকে রাজনৈতিকভাবে শোষণ করে আপনারা প্রোলেটারিয়েট নাম করে ভোট নিয়েছেন, তাদের তলায় রেখেছেন—এটা চলতে পারে না। দিজ ক্যান নট বি কনটিনিউড। আমি ৪-৫টি কথা শুধু বলে যাই—আপনারা ৮ সপ্তাহে

বলেছিলেন কাস্ট সার্টিফিকেট দেবেন, ওটা নামিয়ে ৪ সপ্তাহে করে দিয়েছি—এক নম্বর। আপনারা কোথাও কোনো জায়গায় কৃষি শ্রমিক কল্যাণ কেন্দ্র খোলেননি। আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের অনুমতি নিয়ে ১৫ই আগস্ট আমাদের মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে, তাঁর অনুপ্রেরণায় আমার কেন্দ্রে একটি কৃষি শ্রমিক কল্যাণ কেন্দ্র করেছি, যা এই ভারতবর্ষে এখনও হয়নি—দুই নম্বর। আমি সেখানে একটি হসপিটাল অন হুইলস শুরু করে দিয়েছি। এটা একটা ভ্রাম্যমাণ চিকিৎসা ব্যবস্থা, সেটা আমাদের ব্লকে সব জায়গায় ঘুরে বেড়াবে। আমাদের পার্টির কিছু ডাক্তার, কিছু ভলান্টিয়ার তারা সামান্য

(গোলমাল)

আমি শেষ করছি—এইভাবে শিক্ষা, অর্থনৈতিক, সামাজিক উন্নতি করে এই যাদের—অনেকের একটু ভ্রান্ত ধারণা আছে যে কত পার্সেন্ট লোক এস.সি., এস.টি. এবং ও.বি.সি। ২৩.২% এস.সি.—আপনি বলেছেন, এটা অ্যাবসলিউটলি কারেক্ট। ৫.৫০% এস.টি এবং ৩৯% ও.বি.সি.—এর মধ্যে 'এ' অ্যান্ড 'বি' ভাগ করা হয়েছে। ৬৭.৫০ অর্থাৎ ৬৮ পারসেন্ট মানুষ ব্যাকওয়ার্ড। যে সমাজে, যে রাজ্যে ৬৮ পারসেন্ট মানুষ ব্যাকওয়ার্ড হয় সে রাজ্য কোথায় থাকে ? সেইখান থেকে আমরা বের করে আনব। I am proud that I am in charge of 68% people whether there are members-30 members or 40 members, it is immaterial for me. I will improve the condition of the 68% looking like my children. Thank you, very much Mr. Speaker, Sir. এই কথা বলে আমি যে বাজেট পেশ করেছি তাকে সমর্থন করবার আবেদন জানিয়ে আমার বক্তব্য এখানে শেষ করছি।

Demand No. 7

The Motion of Dr. Amit Mitra that a sum of Rs. 681.58.50.000 be granted for expenditure under Demand No. 7, Major Heads : "2225-Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 2251-Secretariat Social Services and 4225-Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes" during the year 2011-2012. (This is inclusive of a total sum of Rs. 264.48.55.000 and Rs. 113,59,60.000 already voted on account in March and June, 2011 respectively) was put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5.11 p.m. till 11.00 a.m. on Thursday, the 25th August, 2011, at the "Assembly House", Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 25th August, 2011 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 27 Ministers, 07 Ministers of State and 170 Members.

[11.00–11.10 a.m.]

OBITUARY

Mr. Speaker: Before taking up the business of the day, Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Sushil Kujur, former Member of West Bengal Legislative Assembly who breathed his last on the 28th June, 2011 at his residence at Hantapara Tea Garden in Jalpaiguri. He was 65.

Born on the 10th March, 1946 at Hantapara Tea Garden, Jalpaiguri, Shri Kujur was educated at Oodlabari High School. By profession he was a tea garden employee and this association brought him close to the trade union movement. He was one of the leading members of United Trade Union Congress and played a key role in organizing tea garden workers particularly in his native district. In his political career, he was associated with Revolutionary Socialist Party and served as a member of the District Committee of Dooars Cha Bagan Workers Union. He was also associated with many social organisations in his native district.

Shri Kujur was elected to the West Bengal Legislative Assembly from Madarihat (ST) Jalpaiguri Assembly Constituency first in a bye-election in 1979 and then in 1982, 1987, 1991 and 1996 as a candidate of Revolutionary Socialist Party.

At the demise of Shri Kujur the State has lost a veteran politician and a devoted trade union leader.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

....(At this stage Hon'ble Members role in their seats for 2 minutes as a mark of respect to the deceased)....

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family.

Mr. Speaker : মাননীয় সদস্য শুরু করার আগে একটা অনুরোধ আপনাদের করব। আমি বারবার আপনাদের কাছে অনুরোধ করছি যে আপনারা মোবাইল ফোন সুইচড অফ মোডে রাখবেন কিন্তু তা সত্ত্বেও আমি দেখছি অবিচুয়ারি রেফারেন্সেও মোবাইল ফোন বাজছে। ডিসকাসনে মোবাইল ফোন বাজছে। হয়তো আপনারা কেউ মনে করতে পারেন যে আমি খুব নরম মানুষ সেই জন্য কিছু করছি না। কিন্তু আমি বিশ্বাস করি আপনারা সকলে দায়িত্বশীল মানুষ যাঁরা জনপ্রতিনিধি হয়ে এসেছেন, আমি প্রত্যাশা করব যে আপনারা সংযত হবেন এবং মোবাইল ব্যবহার করবেন না যাতে আমাকে কোনোরকম কঠোর সিদ্ধান্ত নিতে হয়। ধন্যবাদ।

Starred Questions
(to which oral answers were given)

কেরোসিন তেল পাচার

*১০৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৩) **শ্রী তজমুল হোসেন :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন জেলায় ডিলার কর্তৃক কেরোসিন তেল পাচারের অভিযোগ আছে ; এবং

(খ) সত্যি হলে, এই ব্যাপারে সরকার তাদের বিরুদ্ধে কী ধরনের পদক্ষেপ নিয়েছে বা নিচ্ছে ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক :

(ক) কেরোসিন তেল পাচারের কোনো অভিযোগ নেই।

(খ) ঐ।

শ্রী তজমুল হোসেন : স্যার আপনার মাধ্যমে বলতে চাই, মন্ত্রী নতুন হয়েছেন। মন্ত্রী আসার পর থেকেই পাচার টাচার সব বন্ধ করে দিয়েছেন। কিন্তু যখন ওঁরা এদিকে থাকতেন তখন পাচারের গল্প ছাড়া আর কিছুই গল্প হত না। নতুন মন্ত্রী হয়েছেন তো পাচার বন্ধ করে দিয়েছেন। আমার নির্দিষ্ট প্রশ্ন স্যার, আমার নির্দিষ্ট প্রশ্ন হচ্ছে যেহেতু পাচার হচ্ছে না অথচ রাজ্যের যে কোনো মিডিয়া বলুন প্রচার মাধ্যমে বলুন সেখানে প্রচার হচ্ছে যে এখানে পাচার হচ্ছে, ওখানে পাচার হচ্ছে এই যে অভিযোগ ডিলারের বিরুদ্ধে তাহলে ওই সমস্ত মিডিয়া এবং সংবাদপত্রের বিরুদ্ধে আপনি কি অ্যাকশন নেবেন ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় সদস্যকে আমি মনে করিয়ে দিই যতগুলো মিডিয়ায় বেরিয়েছে সবগুলো এম.আর. ডিলার, এম.আর. ডিস্ট্রিবিউটার। মাননীয় সদস্য ভুল করছেন। কেরোসিন নিয়ে কিন্তু কোনো অভিযোগ বেরোয়নি। এম.আর. ডিলার, এম.আর. ডিস্ট্রিবিউটার।

শ্রী তজমুল হোসেন : আজকে বলছেন যে তেলের পাচার নেই। আমি নির্দিষ্টভাবে আমার এলাকার কথা বলছি। আজকে শয়ে শয়ে ডিলার এই সমস্ত করছে। আপনি তো নিজে স্বীকারোক্তি করেছেন অমুক অমুক জায়গায় এতগুলো ভেজাল রেশন কার্ডের বিরুদ্ধে অ্যাকশন নিলাম। আমি নির্দিষ্টভাবে বলছি স্যার, আমাদের তুলসীহাটায় যে সব ডিস্ট্রিবিউটাররা আছে তেলের যা পাচার করছে সেটা কি আপনি দেখতে পাচ্ছেন না। সেটার বিষয়ে আপনি বলুন না। তুলসীহাটা, বারদুয়ারি আমি মালদা জেলার কথা বলছি।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় সদস্যর প্রশ্নটা আমি বুঝতে পারিনি। আর একবার প্রশ্নটা করুন।

শ্রী তজমুল হোসেন : আপনি বলছেন যে তেলের পাচার নেই। আমার যে বিধানসভা কেন্দ্রের যে সমস্ত ডিলাররা আছেন সেখানে কতগুলো অভিযোগ আপনার কাছে এসেছে ? আপনার কাছে নথিভুক্ত আছে, আপনার কাছে প্রমাণ আছে। আপনি অস্বীকার করলে কি হবে ? আপনার কাছে প্রমাণ এসেছে আপনি তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছেন ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় সদস্য আপনি যদি স্পেসিফিক কোনো অভিযোগ আমার কাছে করে থাকেন বা যদি অভিযোগ করেন, অভিযোগ যদি যথার্থ হয় অবশ্যই আমি সিদ্ধান্ত নেব।

[11.10–11.20 a.m.]

শ্রী তজমুল হোসেন : অভিযোগ আমি আপনাকে এখনই বলে দিচ্ছি। তুলসীহাটার বিজয় গুপ্তা যে আছে তার নামে অভিযোগ আছে। স্যার, গ্রামে যেখানে তেলের খরচটা একটু বেশি, আমরা গ্রামগঞ্জের লোক, আমাদের এখানে খরচটা বেশি হয়। কিন্তু গ্রামের লোকদের জন্য ৮০০ মিলিলিটার তেল দেওয়া হয়। অথচ সেখানে শহরের ক্ষেত্রে দেখা যাচ্ছে দু লিটার। এই যে বৈষম্যর ব্যাপারে আপনি কি ব্যবস্থা নিয়েছেন এই ব্যাপারে অবগত করুন। আপনারা গ্রামের লোকদের দ্বারা এই যে নির্বাচিত হয়ে এসেছেন, কিন্তু সেই সমস্ত লোকদের ব্যাপারে আপনি কি ব্যবস্থা নিয়েছেন, এই ব্যাপারে সামঞ্জস্য আনার ব্যাপারে আপনার কোনো ভাবনা-চিন্তা আছে কি ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় সদস্যর জানা উচিত যে এই সরকারের বয়স হল ৯৫ দিন। এই যে বৈষম্যটা ৩৪ বছরের বৈষম্য। আপনারা করে গিয়েছিলেন। আপনি যদি

কোনো স্পেসিফিক জায়গার কথা বলেন, সেটা ঠিক আছে। হ্যাঁ, বৈষম্য আছে, সেটা আমি স্বীকার করি। কিন্তু ৩৪ বছরের বৈষম্য ৯৫ দিনে মেটানো যায় না। সুতরাং এই যে ঘাটতি, ৮০,০০০ তেল পাই। ৪৬ হাজার তেল ঘাটতি আছে। তেল সেন্ট্রাল গভর্নমেন্ট বন্ধ করে দিয়েছে। নতুন করে তেল আর দেওয়া যাবে না। ৮০,০০০ তেলের মধ্য থেকেই সারা বাংলার মানুষকে মেটাতে হবে। সুতরাং আপনি বুঝতে পারছেন যা রয়েছে তার থেকে নতুন করে আর কোটা পাওয়া যাচ্ছে না। সুতরাং যে বৈষম্য আছে, নিশ্চয় চেষ্টা করব দূর করতে। স্পেসিফিকভাবে বললে অবশ্যই তার ব্যবস্থা নেব।

শ্রী নেপাল মাহাত : মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রীকে করতে চাই, স্যার, এই যে কেরোসিন মাথাপিছু যে বরাদ্দ থাকে, সেই ব্যাপারে আমি গত বিধানসভাতেও বলেছিলাম পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়ার মানুষগুলির জন্য। এই সমস্ত গ্রামগঞ্জের মানুষদের জন্য মাথাপিছু এক লিটার বা পয়েন্ট এইট লিটার এই ধরনের একটা বরাদ্দ আছে। কিন্তু কলকাতার যারা মানুষ অর্থাৎ সল্টলেক বা কলকাতার মানুষদের জন্য বরাদ্দ হচ্ছে দুই লিটার করে। কিন্তু প্রকৃতই গ্রামের মানুষদের কেরোসিন তেল দরকার হয়। এই যে গ্রামের মানুষদের আছে এক লিটার, আর কলকাতার মানুষদের দু লিটার এই বৈষম্যটা কেন ? আমার কাছে যা খবর আছে, হাইকোর্টের কোনো অর্ডার বা অন্য কিছু ছিল। এই বিষয়ে গতবারেও আমরা বলেছি। হাইকোর্টের অর্ডার এর আগেরবারে কেমন হত আমাদের জানা আছে যে পিটিশনারের উকিল, সেই উকিল আবার ফিট করত গভর্নমেন্টের উকিল। এই ধরনের অ্যাডজাস্ট করে অর্ডারগুলি বার হয় হাইকোর্টে ফুড ডিপার্টমেন্টের ব্যাপারে সেই ব্যাপারটি আমি জানি। আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর কাছে একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন করছি যে, এই যে বৈষম্য গ্রামের মানুষরা এক লিটার, কলকাতার মানুষরা দু লিটার এটা দূর করার কোনো পরিকল্পনা আপনার আছে কিনা, থাকলে সেটা কবে করবেন।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় সদস্য ঠিকই বলেছেন এটা ৭৫০-৯০০ মিলিলিটার দেওয়া হয়। আর কলকাতায় দেওয়া হয় এক লিটার নশো মিলিলিটার। কলকাতার উচ্চ আদালতে একটি মামলা আছে। মামলার যতক্ষণ না নিষ্পত্তি হবে, ততক্ষণ এই বৈষম্য দূর করা যাবে না।

শ্রী উজ্জ্বল প্রামাণিক : মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে আমাদের খাদ্য সরবরাহ মন্ত্রী এবং মা মাটি মানুষের মুখ্যমন্ত্রীর কাছে জানাতে চাইছি, আজ সকালবেলাতে টাটকা সুবাসের মতো খবরের কাগজ যখন পড়ছি, তখন একটা ঠাণ্ডা হাওয়া এবং স্নিগ্ধ বাতাস খেলে গেল। খবরের কাগজে দেখতে পেলাম যে, পশ্চিমবাংলায় যে ধানের দাম দিনের পর দিন কমে যাচ্ছিল, এবং চাষীরা আত্মহননের পথ বেছে নিচ্ছিল। আমরা মাননীয়া মুখ্যমন্ত্রীকে অনুরোধ করেছিলাম ধানের দাম বৃদ্ধি করার জন্য এবং সরকারের মাধ্যমে ধান ক্রয় করার জন্য। আজকে আমরা খবরের কাগজে দেখেছি যে, মাননীয়া মুখ্যমন্ত্রী প্রত্যেকটা ধানকলের মাধ্যমে ধান কেনার জন্য বলেছেন। খাদ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই ধানের দাম বাড়ানোর জন্য।

মিঃ স্পীকার : আপনি জানবেন যে, কোয়েশ্চেন করতে গেলে হোয়াট ইজ দ্য প্রসিডিওর। ইউ পুট এ ভেরি স্পেসিফিক কোয়েশ্চেন। আপনি একটা জেনারেল বক্তৃতা দিলেন কোয়েশ্চেন আওয়ারে, এটা সাপ্লিমেন্টারি কোয়েশ্চেন হতে পারে না।

শ্রী তাপস রায় : স্যার, মাননীয় বিধায়ক তাজমুল হোসেনের উত্তর দিয়েছেন মাননীয় খাদ্য সরবরাহ মন্ত্রী। উনি ব্যবস্থা নেবেন। যে রাজ্য থেকে নারী পাচার হয় এবং যে রাজ্যে মৃতদেহ পাচার হয়, সেখানে কেরোসিন তেল পাচার হতে পারে। কিন্তু মন্ত্রী যেন ব্যবস্থা নেন। আমার প্রশ্ন, এখানে কেরোসিনে কেন্দ্রীয় সরকারের ভর্তুকি কত এবং রাজ্যে কেরোসিনের যে ডিমান্ড, সেটা মিট্ করার জন্য ঘাটতি কত ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় সদস্য যা বলেছেন, ২৩ টাকা পার লিটারে ভর্তুকি দেয় সেন্ট্রাল গভর্নমেন্ট। আর আমরা পাই ৮০ হাজার ৩৮৪ কে.এল.। আমাদের প্রয়োজন ১ লক্ষ ২৬ হাজার কে.এল.। সুতরাং আমাদের ৪৬ হাজার কে.এল. ডেফিসিট।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় সদস্য শ্রী নেপাল মাহাতো একটি প্রশ্ন করেছিলেন—আমি অতিরিক্ত প্রশ্ন করতে চাইছি—আপনি বললেন, কোর্টের একটা অর্ডার আছে, সেইজন্য আপনি গ্রাম এবং শহরে—অর্থাৎ কলকাতা, সল্টলেকে প্রায় ২ লিটার, আর গ্রামে প্রায় ১ লিটার। কোর্ট কি কোনো সময় বলেছে যে গ্রামের এই ৯০০-র জায়গায় ২ লিটার আনা যাবে না ? এই সম্পর্কে যদি কিছু বলেন। এর পাশাপাশি যে ডিস্ট্রিবিউশন করেন বিভিন্ন ডিস্ট্রিক্টে, সেই ডিস্ট্রিবিউশনের নর্মসটা কি—অ্যাজ পার পপুলেশন, না এনি আদার কন্ডিশন ? এটা যদি বলেন।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : লাস্ট মামলা হয়েছিল ১৯৯৬-এ। স্টে অর্ডার করা হয়েছিল। যেভাবে চলছিল, সেটা স্টে হয়েছে। সেটাকে আর ভ্যাকেট করা যায়নি। সেকেন্ড হচ্ছে, পপুলেশনের ওপরেই আমাদের ডিস্ট্রিবিউশন....(নয়েজ) স্টে হয়ে গেছে, স্টে হলে ভ্যাকেট করে আনতে হবে। যতবারই কোর্টে যাওয়া হয়েছে, ততবারই কোনো নিষ্পত্তি করা যায়নি। আমি করব, এই মামলাটা নিষ্পত্তি করার জন্য আমি সচেষ্ট হয়েছি। সেকেন্ড হচ্ছে, পপুলেশনের ভিত্তিতে করা হয়। আপনাকে বলা দরকার, ডিস্ট্রিবিউশন সিস্টেমটা—মাননীয় সদস্য বলেছেন—ডিস্ট্রিবিউশন সিস্টেমে নতুন করে একটা প্যাকেজ তৈরি হয়েছে। আমরা মৌরিগ্রাম, রাজবাঁধ, বজবজ—যেখান থেকে গাড়ি বেরোবে, এবার থেকে সেই গাড়ির ওপরে আমরা জি.পি.আর.এস. লাগাচ্ছি, জেনারেল প্যাকেট রেডিও সার্ভিস। জি.পি.এস. থেকে আসছে। গ্লোবাল পজিশন সিস্টেম থেকে জি.পি.আর.এস. লাগাচ্ছি প্রতিটি গাড়িতে। ১লা অক্টোবর থেকে ইন্ট্রোডিউস হবে। এর ফলে কন্ট্রোল রুম থেকে বসে জানতে পারব, যে গাড়িটি মৌরিগ্রাম থেকে বেরোল, কি গাড়িটি রাজবাঁধ থেকে বেরোল, কি গাড়িটি দুর্গাপুর থেকে বেরোল, কি হলদিয়া থেকে বেরোল—গাড়িটি কোন পজিশন দিয়ে, কোথায় গিয়ে পৌঁছাচ্ছে, কোথায় তেল নামাচ্ছে। অন্তত ধরা পড়বে।

ডঃ আশীষ ব্যানার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে অতিরিক্ত প্রশ্ন, আমি দীর্ঘদিন এই ফুড অ্যান্ড সাপ্লাই স্ট্যান্ডিং কমিটির সদস্য ছিলাম। ফলে আমি এই বিষয়টা—আজকে এখানে তজমুল সাহেব বলছেন—বামফ্রন্টের থেকে কোনো রকম উদ্যোগ—বারবার এই প্রশ্নটা ওঠা সত্ত্বেও—বামফ্রন্টের পক্ষ থেকে কোনো উদ্যোগ এই মামলা মেটানোর জন্য গ্রহণ করা হয়নি। আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে একটা প্রশ্ন করব যে, এই মামলার নিষ্পত্তির জন্য সরকারের তরফ থেকে যে ব্যবস্থা এতকাল নেওয়া হয়নি, সেই পদক্ষেপ গ্রহণ করবার জন্য তিনি কোনো উদ্যোগ গ্রহণ করবেন কিনা।

মিঃ স্পীকার : দিস্ কোয়েশ্চেন হ্যাজ্ অলরেডি বিন্ আনসার্ড।

শ্রী যোশেফ মুন্ডা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহোদয়ের কাছে আমার একটা প্রশ্ন, প্রথমে আমি ওনাকে ধন্যবাদ দিই, বন্ধ চা-বাগান টেঁটলাপাড়ায় যেভাবে উদ্যোগ নিয়ে উনি ট্রাইবাল সম্প্রদায়ের মানুষের জন্য কাজ করে দিয়েছেন। এইভাবে ডুয়ার্সের চা-বাগানের বহু চা-বাগানকে এই ডিস্ট্রিবিউশন সিস্টেমের বাইরে রাখা হয়েছে। এখন কি মন্ত্রী মহাশয় এগুলোকে ডিস্ট্রিবিউশন সিস্টেমের আওতায় আনার জন্য কিছু উদ্যোগ গ্রহণ করবেন ?

[11.20–11.30 a.m.]

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : এটা কোশ্চেন নয়, তবু আমি উত্তর দিচ্ছি, অবশ্যই চা বাগান খুলে যাবার পরও এক বছর AAY দেব, চা বাগানে যারা শ্রমিক আছে, কাজ করে তাদের AAY দেব, বন্ধ চা বাগানে কন্টিনিউ দেব, খোলার পরও চা বাগানে একবছর AAY দেব।

রেশন সামগ্রীর ক্ষেত্রে অনিয়ম

*১০৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৩) **শ্রী জ্যোতির্ময় কর :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, অধিকাংশ ভোক্তার অজ্ঞতাজনিত কারণে দীর্ঘদিন ধরে একশ্রেণীর অসাধু ডিলার ও কিছু পঞ্চায়েতের যোগসাজসে বি. পি. এল. এবং অন্ত্যোদয়ের রেশন সামগ্রীর ক্ষেত্রে অবাধে অনিয়ম হয়ে চলেছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত অনিয়ম বন্ধে সরকারের ভাবনা কীরূপ ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক :

(ক) হ্যাঁ, ভোক্তার মধ্যে যথেষ্ট সচেতনতা না থাকায় অজ্ঞানতার সুযোগ নিয়ে রেশন বিতরণে অনিয়ম দেখা যাচ্ছে।

(খ) সচেতনতা বৃদ্ধির জন্য—(১) প্রচার মাধ্যম ব্যবহার করা হচ্ছে। (২) বিভিন্ন স্তরে—রাজ্যস্তর থেকে গ্রাম পঞ্চায়েত স্তর পর্যন্ত ভিজিল্যান্স/মনিটরিং কমিটি গঠন করা হয়েছে। ওই সমস্ত কমিটিগুলিতে জনপ্রতিনিধি ও বিভিন্ন N.G.O.-দের রাখা হয়েছে।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয়কে অতিরিক্ত প্রশ্ন, আপনার দিক দিয়ে যেমন দুর্নীতি দমনের জন্য বিতরণের ক্ষেত্রে ডিস্ট্রিবিউশন সিস্টেমে আপনি সচেষ্ট, তেমনি যারা ডিলার, তারা কত জনের রেশন কার্ড হোল্ডার, রেশন বিতরণের দায়িত্বপ্রাপ্ত, তাদের কি self-declaration বা affidavit-এর মাধ্যমে সংশ্লিষ্ট ফুড অ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্টের অবহিত করণের একটা ব্যবস্থা নেওয়া যেতে পারে, এটা কি ভেবেছেন।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : আমি প্রথমেই বলেছি একদম জি.পি. লেভেল মনিটরিং কমিটি করেছি, যেখানে আগে রাজনৈতিক দলের লোক থাকত, এবার রাজনৈতিক দলের লোককে বন্ধ করেছি। সেখানে একজন শিক্ষক বা শিক্ষিকা বা প্রধান শিক্ষক বা শিক্ষিকা থাকবেন, সেটা বি.ডি.ও. সিলেকশান করবেন। কোনো রাজনৈতিক দলের কেউ সিলেকশান করবেন না। সেখান থেকে আরম্ভ হবে। ডিলার, প্রথমে এই করাপশান ধরতে গেলে সচেতনতা বাড়াতে গেলে advertisement দরকার। আমাদের দপ্তরে কিন্তু কোনো ফান্ডিং নেই। দুঃখের বিষয় এক টাকাও নেই advertisement করার জন্য। আগে একটা coalition করছি, করে আমি Consumers' Affairs Dept.-এর সঙ্গে advertisement করে মানুষের সচেতনতা বৃদ্ধি করতে হবে।

শ্রী জ্যোতির্ময় কর : ডিলাররা declare করবে কি না affidavit করে যে আমি এতগুলো কার্ড হোল্ড করছি, এর বাইরে কোনো কার্ড নেই। আপনার দিক দিয়ে আপনি সচেতন পদক্ষেপ নিচ্ছেন এ ব্যাপারে কোনো সন্দেহ নেই, সেটা আপনি বাজেট বক্তৃতাতেও বলেছেন, আজকেও বললেন, ধন্যবাদ। কিন্তু আমার প্রশ্ন ডিলাররা এ্যপ্রাইজড করবে কি না by way of affidavit যে I am holding such number of cards against these names; that is my categorical question.

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : না, এটা আজ পর্যন্ত দেখা গেছে যে কোনো ডিলার বা distributor declaration দেয়নি। যার জন্য গত দেড় মাস ধরে বিভিন্ন জায়গায় advertisement করে আমি নিজে যাচ্ছি, মনিটরিং করছি, এবং আমাদের ডিপার্টমেন্টের আধিকারিকরা ভিজিলেন্সটা মনিটরিং করছেন। আজও পর্যন্ত একেকটা ডিলারের কাছে খুব কম হলেও ৭০০ কার্ড আছে, আর যে বড় ডিলার তার কাছে ১৮০০০ কার্ড deposit করা আছে। সুতরাং কোনো কার্ডই তারা ছাড়ছে না, declaration দিচ্ছে না। স্বাভাবিকভাবেই এই সমস্ত ডিলারের বিরুদ্ধে আইনত ব্যবস্থা নিতে হবে।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরবরাহ মন্ত্রীকে যেমন সব্যসাচী ভূমিকা পালন করতে হয় তাঁকে যেমন ডিস্ট্রিবিউশনে তেমনি procurement-এও থাকতে হয়, দুর্নীতি সেখানেও থাকে আপনি অবহিত, সেই জন্য আপনি প্রেস বিবৃতি দিয়েছেন যে এবারে ওই দালাল চক্রগুলোকে বন্ধ করতে আপনি মিলগুলোর মাধ্যমে direct procurement করবেন, চাষীদের পাথেয় খরচ বা বউনি খরচ দেবেন। এটা একটা অন্য

কারণ সেই infrastructure পশ্চিমবাংলায় ৩৪ বছরে তাজমুলবাবুরা গড়ে তোলেননি। এখন দালালদের বিরুদ্ধে রাস্তা কিনতে চাইছেন, কিনুন, আমার আপত্তি নেই। কিন্তু আমার প্রশ্ন মাননীয় মন্ত্রী মহাশয়, আর কি কি সিস্টেম কারণ সব মিলের infrastructure রাজ্যের সব জায়গায় হয়নি। আপনি procurement-কে বা distress sale-কে আটকাতে কি কি অ্যাফেকটিভ পদক্ষেপ নেবেন বা নিতে চলেছেন বা নেওয়ার সিদ্ধান্ত নিতে চলেছেন, যদি জানান ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : আপনি খুব ভালো কোশ্চেন করেছেন, ভালো সাজেশান দিয়েছেন, আমি যে paddy procurement করব সেগুলো সব rice mill-এর ওখানে আমরা camp করছি। আগামী সোমবার থেকে ক্যাম্প শুরু হচ্ছে। এবং সরাসরি আমরা সচেতনতা বাড়ানোর জন্য বিভিন্ন district controller-রা বি.ডি.ও.-দের সঙ্গে নিয়ে যেখানে যেখানে এই paddy-গুলো পড়ে আছে, দিতে পারছে না, সেখানে তাদের কাছে microphone নিয়ে প্রচার করতে হবে। সেখানে সরাসরি, কোনো এজেন্ট থাকবে না, সরাসরি তারা ধান দেবে এবং আমরা পয়সা দেব ধানটাকে তুলে নেওয়ার জন্য। সারা পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় যেখানে যেখানে এগুলো হয়েছে আমরা ব্যবস্থা করছি।

শ্রী সুনীল মণ্ডল : আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে বলতে চাই, আপনার সাপ্লাই প্রসেসের জন্য সত্যিই আপনাকে ধন্যবাদ, যে আপনি ডাইরেক্ট মালটা কনট্রোলারকে দিচ্ছেন। এর জন্য সত্যিই আপনাকে সাধুবাদ জানাই। আমার একটা প্রশ্ন—যে গম, চাল এগুলো সরাসরি যাচ্ছে ঠিকই কিন্তু কেরোসিনটা আমি বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে আপনাকে বলছি, যে কেরোসিনটা কিন্তু ঠিক সময় যাচ্ছে না। একসাথে যাচ্ছে না। তার ফলে আপনার যে নোটিফিকেশান আছে, যে বুধবার থেকে রবিবার পর্যন্ত মালটা দেওয়া হয়, যে নোটিশটা আপনি করেছেন। কিন্তু সেক্ষেত্রে দেখা যাচ্ছে কেরোসিন তেলটা যেহেতু বৃহস্পতিবারে ঢুকছে, কখনও শুক্রবারে ঢুকছে, কখনও বুধবারে ঢুকছে। ডিলাররা করছে কি, সে বুধবার এবং শুক্রবার থেকে মালটা দিচ্ছে। কারণ বলছে—কেরোসিন না এলে আমি মালটা দিতে পারছি না। এরজন্য কোনো ব্যবস্থা আপনি নিয়েছেন কিনা একটু জানাবেন। যাতে একই সাথে মালটা মঙ্গলবারের মধ্যেই ঢোকে। এ ব্যাপারে কোনো উদ্যোগ আপনার আছে কিনা সেটা একটু অনুগ্রহ করে বলবেন।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : খুব ভালো কথা বলেছেন। আমি এটা বুধবার থেকে রবিবার অ্যাডভার্টাইজমেন্ট করেছি কম্পালসারি দোকান খুলতেই হবে। আমি দুটো দিন বাদ দিচ্ছি সোম আর মঙ্গল মাল তোলার জন্য। বিভিন্নভাবে ডিলার, ডিস্ট্রিবিউটাররা মাল তুলে নিয়ে আসে এবং নিয়ে যায়। আমি এই অনিয়মটা দেখেছি। এই অনিয়মটা প্রথমে ধরা পড়ার পর আজকে আমি পশ্চিম মেদিনীপুরে একটা টিম পাঠিয়েছি। এই অনিয়মের জন্য প্রথম টিমটা যাচ্ছে আজকে। আপনাকে বলছি আস্তে আস্তে কাজ করতে হচ্ছে, ৪৬% স্টাফ নেই। স্টাফ সবথেকে অপ্রতুল। স্টাফ যদি রেগুলার করতে পারি আমার কাজ করতে অসুবিধা হবে না। এই দপ্তরের কাজ তুলে ওই দপ্তরে দিচ্ছি, এখান থেকে লোক তুলে ওখানে দিচ্ছি। আপনি যেটা বলেছেন আরও স্পেসিফিক যদি বলেন আমি ব্যবস্থা নেব।

শ্রী পার্থসারথী চ্যাটার্জী : মাননীয় স্পীকার সাহেব, আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন—দীর্ঘদিন ধরে বি.পি.এল. কার্ড ইস্যু হচ্ছে না। আপনি বি.পি.এল. কার্ড ইস্যু করার ফার্দার কোনো পরিকল্পনা নিয়েছেন ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় সদস্য এটা প্রশ্নের মধ্যে নয় তবুও আমি উত্তর দেব। কারণটা হচ্ছে বি.পি.এল. কার্ডের একটা মামলা আছে সর্বোচ্চ আদালতে। মামলার নিষ্পত্তি হবে। মামলায় আমরা মানে স্টেট গভর্নমেন্ট পার্টিসিপেট করছি। আর বি.পি.এল. কার্ডের সার্ভে আমি করি না। বি.পি.এল. কার্ডের সার্ভে করে মিউনিসিপ্যাল ডিপার্টমেন্ট এবং গ্রাম উন্নয়ন দপ্তর। আমি শুধু কার্ডটা দিই। আমি শুধু কার্ডটা ইস্যু করি। সুতরাং আমার কাছে যতদূর খবর আছে, আগামী নভেম্বর মাসের লাস্ট উইক অথবা ডিসেম্বরের ফার্স্ট উইক থেকে সার্ভে শুরু হবে। এটা আমি যথার্থ বলতে পারছি না, তবে আমার কাছে খবর আছে। সার্ভে ভারত সরকার করবে, তারসঙ্গে ডি.এম.দের সঙ্গে নিয়ে বি.ডি.ও.-রা থাকবে। তারপর সার্ভে কমপ্লিট হলে কার্ডটা ফুড ডিপার্টমেন্ট ইস্যু করবে।

শ্রী অসিত কুমার মাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীকে একটি প্রশ্ন করতে চাই। তবে প্রশ্ন করার আগে এ কথা বলতে চাই, দীর্ঘ ৩৪ বছর ধরে খাদ্য দপ্তরের দুর্নীতি প্রকটভাবে মাথাচাড়া দিয়েছিল। সামান্য কিছু চেষ্টা শেষের দিকে করলেও তিনি ব্যাপক কাজ করতে পারেননি। কিন্তু মাত্র কয়েক দিনের সরকার, পশ্চিমবঙ্গ সরকার, মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে বিশেষ করে ফুড অ্যান্ড সাপ্লাই দপ্তরের যিনি মন্ত্রী, তিনি বিভিন্ন জেলায় ঘুরে ডিলারদের বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ গরিব মানুষদের সেই ব্যাপারে তিনি অনেকগুলি পদক্ষেপ গ্রহণ করেছেন। তারজন্য আপনাকে ধন্যবাদ জানাই। আমার মূল প্রশ্ন হচ্ছে, যে সমস্ত কার্ডগুলো (বিশেষ করে বি.পি.এল.) ডিলারদের কাছে রয়ে গেছে, আপনার দপ্তর সেখানে গিয়ে ব্যবস্থা নিয়েছে। ডিলারদের সাসপেন্ড করেছে। তারপর কোর্টে গিয়ে তিনি সম্মানের সঙ্গে মুক্ত হয়ে যাচ্ছেন। আমার প্রশ্নটা হচ্ছে যে, আপনি দেখলেন dealer-এর কাছে কার্ড নেই, dealer-ই ব্যবস্থা করেছে। Court তাকে যখন জিজ্ঞেস করছে যে কেন তুমি card আটকে রেখেছিলে, কেন এই লোকটাকে মাল দাওনি ? তখন বলছে স্যার, এই তো তার সই। Dealer-এর কাছে card-টা থাকার ফলে তিনি prove করতে পারছেন কোর্টকে যে, না, জনগণকে আমি মাল দিচ্ছি, এই তার প্রমাণ। আপনি এ ব্যাপারে কোনো পদক্ষেপ গ্রহণ করবেন কিনা যে, card যাতে dealer সই করে না রাখতে পারে। তাদের অভিযোগের ভিত্তিতে কোর্টেও যেন সঠিকভাবে justice পায়, এটাই আমার মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাস্য।

[11.30–11.40 a.m.]

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : ভালো প্রশ্ন করেছেন। আমি বলি যে, ৪৮টি জায়গায় checking করেছি, নিজে ব্যক্তিগতভাবে। তাতে আমার ২৭ জায়গায় checking-এ ধরা পড়েছে যে, গ্রামের, একদম গ্রামের মানুষ, পুরুলিয়া। একদম গ্রামের মানুষ cardগুলো—

গরিব মানুষ dealer-এর কাছে জমা করে দেয়। সে যে ৩৫ কেজি চাল-আটা পাবে, সেখান থেকে dealer বলছে যে তোকে সাড়ে ১৭ কেজি দিয়ে দেব আর সাড়ে ১৭ কেজি আমি নিয়ে নেব। এই অভিযোগ আমি ২৭টি জায়গায় পেয়েছি। ২৭টা। এখানে যদি মানুষ না conscious হয় যে, আমার card-টা আমার কাছে রাখতে হবে, আমার কার্ডটা dealer-এর কাছে deposit করা যাবে না। আমি ৩০ তারিখ পর্যন্ত time দিয়েছি। ৩১শে আগস্ট ছিল আমার last time, সেটাকে extension করে আমি করেছি ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত, কাল থেকে advertisement বেরোবে কাগজে। তার মধ্যে প্রতিটি dealer, আমি অনুরোধ করেছি যাদের কাছে excess card আছে সেই কার্ড তারা জমা করবে। প্রতিটি ration office-এর মধ্যে, সে SR এলাকা হোক আর MR এলাকাই হোক, প্রত্যেকের কাছে আমার surrender slip দিয়ে দেওয়া হয়েছে। Surrender slip তৈরি করেছি, তারা deposit করবে। ৩০শে সেপ্টেম্বরের মধ্যে যদি জমা না করে ৩১শে আগস্ট থেকে extension করে ৩০শে সেপ্টেম্বরের মধ্যে যদি জমা না করে Supreme Court-এর আইন অনুযায়ী যা ব্যবস্থা নেওয়ার প্রতিটি dealer-এর ক্ষেত্রে আমি সেই ব্যবস্থা নেব।

শ্রী উদয়ন গুহ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। মাননীয় মন্ত্রী বাজেটে তাঁর জবাবী ভাষণে বলেছিলেন যে, রেশনের দোকান সপ্তাহে চারদিন করে খোলা রাখার ব্যবস্থা করছেন, ভালো কথা। কিন্তু আমাদের যে বাস্তব অভিজ্ঞতা তো তাতে চারদিনই কি মাল পাওয়া যাবে ? এখন দেড় দিন করে মাল পাওয়া যায়, শনিবার এবং রবিবার অর্ধেক দিন। তার ফলে অনেক গরিবমানুষ বিশেষ করে খেতমজুররা ওই দেড় দিনের মধ্যে পুরো রেশনের পয়সা সংগ্রহ করতে না পারার জন্য তারা অনেক সময় অর্ধেক মাল বা কম মাল নিয়ে আসেন। ওই বাড়তি মালটা ডিলাররা বাজারে বিক্রি করে বাড়তি মুনাফা লাভ করার চেষ্টা করেন। এটাকে রোধ করবার জন্য আপনি কি ব্যবস্থা নিচ্ছেন ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় সদস্য বলেছেন, আপনাদের বললাম যে, মানুষের কাছে পয়সা যখন থাকে না, গরিব মানুষের কাছে নেই। চারদিন খোলা রাখতেই হবে। বুধবার থেকে রবিবার খোলা রাখতেই হবে, তা নাহলে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। আমি vigilance team অত্যন্ত সক্রিয় করেছি। প্রতি জেলায় vigilance squad করেছি আরম্ভ হয়ে গেছে, তাদের করতে হবে। Second হচ্ছে, মানুষের কাছে যদি পয়সা না থাকে, তারা তো সেই জায়গায় পৌঁছতে পারছে না, দেড়দিন দুদিনেই পয়সা শেষ হয়ে যাচ্ছে। আমি চারদিন খোলা রাখতে বলেছি, চারদিনই মাল দিতে হবে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি আমাদের মাননীয় খাদ্য সরবরাহ মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করতে চাইছি। প্রথমেই আমাদের খাদ্যমন্ত্রী তাঁর অভূতপূর্ব যে উদ্যোগ এবং তাঁর যে প্রচেষ্টা তারজন্য তাঁকে ধন্যবাদ জানাই। এখানে স্যার, প্রশ্নটা আছে যে, একশ্রেণীর অসাধু dealer ও কিছু পঞ্চায়েতের যোগসাজশে

BPL এবং অন্ত্যোদয়ের রেশন সামগ্রীর ক্ষেত্রে অবাধে অনিয়ম হতে চলেছে। এখানে প্রশ্নটা কিন্তু আছে যে, BPL এবং অন্ত্যোদয়ের রেশন সামগ্রীর ক্ষেত্রে অবাধে অনিয়ম চলেছে। বামফ্রন্টের সময় থেকে, মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানেন কি, যে, বামফ্রন্টের সময় থেকে BPL-এর যে list-টা হয়েছিল তাতে প্রায় 50 percent-এর উপর হচ্ছে বামফ্রন্টের যারা—যাদের two wheeler আছে, যাদের ঘরবাড়ি আছে, যাদের চাকরি আছে তাদেরকে তারা অন্তর্ভুক্ত করেছেন। এখন প্রকৃত দুঃস্থ যারা, যারা অসহায়, সেইসব যারা বি.পি.এল. হওয়ার কথা তারা কিন্তু এই যে ১২ কেজি করে চালটা দিচ্ছে, সেই ১২ কেজি করে চাল এবং অন্ত্যোদয় যোজনারও সেই সুযোগ সুবিধাগুলি না পাওয়াতে গোটা গ্রাম বাংলাতে ভীষণ অশান্তি দেখা দিচ্ছে। এটার ব্যাপারে আপনি কোনো সুচিন্তিত মতামত দিয়ে এই সমস্যাটার দূরীকরণের কোনো ব্যবস্থা করবেন কি ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : আমার প্রশ্নটা যা ছিল, সেইদিক থেকে আমি বলি, মানুষকে কনসাসনেস অ্যাডভার্টাইজমেন্ট করে জানান দরকার। মানুষ তো জানেই না তার দরকার কতটা। আমরা জঙ্গলমহলে ৩৫ কেজি চাল আর গম এখন ৫৫ কেজি দিচ্ছি, জঙ্গলমহলের মানুষ জানেই না। অধিকাংশ মানুষ জানে সে ৩৫ কেজি চাল পাবে, কিন্তু সেটা ৫৫ কেজি হয়ে গেছে। আমি বলছি, মানুষ জানে না, তাই মানুষকে কনসাসনেস করে মানুষকে অ্যাডভার্টাইজমেন্ট করে, মানুষকে এটা জানানোর জন্যই, আমি আপনাদের বলছি যে দপ্তরের ৫ টাকাও নেই অ্যাডভার্টাইজমেন্ট করার। এ এমন একটা দপ্তর ৫ টাকাও অ্যাডভার্টাইজমেন্ট করার জন্য অতীতে যারা চলে গিয়েছে তারা রাখেনি। আমি নিজে গিয়েছিলাম কেন্দ্রীয় সরকারের কাছে, আমি নিজে ১০ কোটি টাকার একটা বাজেট নিয়ে এসেছি। এখন যখন চালাতে পারছি না, কনজিউমার অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট আমার তলায় আছে, আমি কনজিউমার অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট এর সঙ্গে কোলাবোরেশান করে অ্যাডভার্টাইজমেন্টটা করতে চাইছি। একটা কাগজে অ্যাডভার্টাইজমেন্ট করতে গেলে মিনিমাম, যদি চারটে বড় ইংলিশ পেপারে যান, যদি ভিডিও-র মিডিয়াতে যান, মিনিমাম একদিনের জন্য আপনার খরচ হবে প্যাকেজে ২০/২৫ লক্ষ টাকা। দপ্তরের নেই। কিন্তু মানুষকে জানাতে হবে। আপনি যা প্রথমে বলেছেন, যে কার্ড কত, সেটা পশ্চিমবাংলার অনেক লোক জানেই না। এই যে এ.পি.এল. কার্ড কত আছে, বি.পি.এল.-এর কার্ড কত, অন্ত্যোদয়, অন্নপূর্ণার কার্ড কত লোকে জানেই না, আর আমাকে জানতে হবে আমার অধিকার কতটা। আমার কার্ড হচ্ছে এ.পি.এল.এর। আমি তো রেশন একদিনও তুলিনি। আমার কেরোসিনটা তুলতে যায় আমার বাড়ির কাজের মেয়েটা, সে কেরোসিনটা তুলে নিয়ে আসে। তাহলে আমার এ.পি.এল.-এর চালটা বাজারে কোথায় যাচ্ছে ! এই রকম বহু জায়গায় আছে, এটার জন্য কনসাসনেস বাড়াতে হবে, অ্যাডভার্টাইজমেন্ট করতে হবে। এর জন্য বিভিন্ন মিডিয়ার কাছে আমাদের যেতে হবে। মানুষ যদি বুঝতে না পারে তার অধিকারটা, তাহলে কিছু করতে পারবেন না। আর বি.পি.এল.-এর কথা যেটা বললেন, আমি আপনাকে আবারও বলছি, বি.পি.এল. নিয়ে সর্বোচ্চ আদালতে একটা মামলা আছে, মামলার নিষ্পত্তি হতে হবে। ক্লেম অ্যান্ড অবজেকশান আছে। কেউ ক্লেম করেছে আবার সেই লোকটা অবজেকশান দিয়েছে এর বাড়িতে গাড়ি

আছে। ও বলছে যে না আমার কিছু নেই। এই ক্লেমস অ্যান্ড অবজেকশান এর মধ্যে বি.পি.এল. সহ সমস্ত সিস্টেমটা স্টপ হয়ে গেছে। চালু হবে নভেম্বর লাস্ট উইক বা ডিসেম্বরের মাঝামাঝি।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমার যে কেন্দ্র আছে, তার মধ্যে বর্ডার এলাকা আছে। এই বর্ডার এলাকায় যদি দেখা যায় দেখবেন, এক শ্রেণির খুব দুঃস্থ মানুষ থাকেন আর এক শ্রেণির খুব উচ্চবিত্ত মানুষ থাকেন। এই [***] মতো কিছু বাড়ি কিন্তু তৈরি হয়েছে এখন, সেই বাড়িগুলির খোঁজ নিয়ে দেখেছি সেটা রেশন ডিলারের। এই রেশন ডিলার নিয়ে বলি, আগে আমি এই কমিটির সদস্যও ছিলাম এবং অনেকবার আমি কোয়েশ্চেনও রেইজ করেছিলাম এদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক। বর্ডার মাফিয়াদের সঙ্গে এদের একটা নেকসাস আছে। এবং এরা চাল গম তো কিছুই দেয় না, বরঞ্চ যারা আসে তাদের উপর অত্যাচার করে। আপনি কি এরকম কোনো ব্যবস্থা নিচ্ছেন [***] মতো যারা বাড়ি করেছে তাদের বিরুদ্ধে ভিজিলেন্স করা নিয়ে।

মিঃ স্পীকার : [***] নামটা বাদ যাবে।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় সদস্যকে বলি, আমার কাছে যদি স্পেসিফিক কোনো জায়গার কমপ্লেন আসে যে এম আর ডিলার, এম আর ডিস্ট্রিবিউটার, যদি এই রকম কোনো স্পেসিফিক অভিযোগ আসে, অবশ্যই তার বিরুদ্ধে সিদ্ধান্ত নেব। আমার ভিজিলেন্স মনিটরিং কমিটি আছে। আমি আপনাদেরকে প্রথমেই বলি, আমি প্রতিটি মেম্বারকেও বলি, যারা আছেন হাউসে, সরকার বা বিরোধী পক্ষ, প্রত্যেককে বলি, মনিটরিং কমিটি অত্যন্ত সক্রিয় করেছি। একদম ডিস্ট্রিক্ট লেভেলে, সাব-ডিভিশনাল লেভেলে, ব্লকে করেছি, বুথ লেভেলে করেছি এবং রাজ্য পর্যায়ে করেছি। আপনারা এতে পার্টিসিপেট করুন, এতে পার্টিসিপেট করলে অনেক কিছু জানতে পারবেন, অনেক কিছু তথ্য পাবেন, যদি দেওয়ার দরকার থাকে এখান থেকে ডিস্ট্রিক্ট কন্ট্রোলারের কাছে এলে আমরা সেই তথ্য পেয়ে যাব এবং তার বিরুদ্ধে ব্যবস্থা নেব।

শ্রী তরুণ নস্কর : মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে, মাননীয় মন্ত্রী মহাশয়কে আমার একটা অতিরিক্ত প্রশ্ন যে ভিজিলেন্স অ্যান্ড মনিটরিং কমিটি করেছেন যেভাবে সেটাকে স্বাগত জানিয়ে বলছি যে দীর্ঘদিন ধরে দীর্ঘ বছর ধরে এই বি.পি.এল. তালিকায় যাঁরা রেশন নেন বা অন্ত্যোদয় রেশন সামগ্রী তার খাবারের যে গুণমান নিয়ে এই পর্যন্ত প্রচুর প্রশ্ন আছে, প্রচুর অভিযোগ আছে, দীর্ঘদিন ধরে। এবং আপনাকে আমি স্পেসিফিক যেটা প্রশ্ন করতে চাইছি যে ভিজিলেন্স এবং মনিটরিং কমিটি গঠন করেছেন তার তরফ থেকে আপনার দপ্তরে কোনো অভিযোগ এসেছে কিনা বা কতগুলি অভিযোগ এসেছে এবং তার বিরুদ্ধে কোনো ব্যবস্থা নিয়েছেন কিনা এটা একটু জানাবেন কি ? তারসঙ্গে জি.পি. লেভেল পর্যন্ত যে

---

* 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল করা হইল'

কমিটি করেছেন, সেখানে আমরা এখানে যারা আছি এই সদস্যদের পার্টিসিপেশানের সুযোগ কোথায় এটা একটু কাইন্ডলি জানাবেন।

[11.40-11.50 a.m.]

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : আমি আপনাকে লাস্ট কোয়েশ্চেনের উত্তরটা প্রথমে দিচ্ছি। জি.পি. লেভেলে আছে—জন প্রতিনিধি—প্রতিনিধি হিসাবে থাকেন। মাথায় চেয়ারম্যান হবেন, এটা কোনো শিক্ষক শিক্ষিকাকে করা হয়। আমাদের অতীতের অভিজ্ঞতা অত্যন্ত তিক্ত। আমরা রাজনীতির দলের লোকেরা বেশি কচকচানিতে জড়িয়ে গিয়ে সমস্ত সিস্টেমটা নষ্ট করে দিয়েছি। দ্বিতীয়ত, অভিযোগ করেছেন চালের গুণমান, এফ.সি.আই. গোডাউন থেকে যখন ডিস্ট্রিবিউটার মালটা তোলেন, কথা ছিল কোয়ালিটি কন্ট্রোলের একজন লোক আমার দপ্তরের থাকবেন, আর একজন ভারত সরকারের এফ.সি.আই. দপ্তরের থাকবেন কোয়ালিটি কন্ট্রোলের জন্য। আপনাকে প্রথমে বলেছি ৫৬% স্টাফ নেই। ভেঙে পড়েছে। আমি এখান থেকে লোক তুলে ওখানে নিয়ে যাই। আমি অলরেডি আটটি অভিযোগ পেয়েছি চালে, অভিযোগ পেয়েই সেগুলো বাতিল করে দিয়েছি। এফ.সি.আই. গোডাউন থেকে ডিস্ট্রিবিউটার মাল তুলে নিয়ে এসেছে, ডিলারকে দেওয়ার সময় অভিযোগ পেয়েছি, আবার সেই মাল আমি ব্যাক করে দিয়েছি। কাশিপুর, হাওড়া, হুগলি এইরকম আটটি জেলায় অভিযোগ পেয়ে বাতিল করেছি। প্রত্যেকটি এফ.সি.আই. দপ্তরের গোডাউনে কোয়ালিটি কন্ট্রোলের জন্য আমার একজন স্টাফ দরকার। ভারত সরকারের স্টাফ থাকবে, এফ.সি.আই. থেকে এবং খাদ্য দপ্তরের স্টাফ থাকবে। আজকে আমি জয়েন্ট ইন্সপেকশান করে এই চালটি তুলব। যদি চালটি ভালো হয় তাহলে এই চাল নেওয়া যেতে পারে।

শ্রী বঙ্কিম হাজরা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। দক্ষিণ সুন্দরবনের এম.আর. ডিলারদের যে মাল ডেলিভারি সিস্টেম হোলসেলারদের থেকে সেক্ষেত্রে আপনি ঘোষণা করেছিলেন ডোর স্টেপ ডেলিভারি সিস্টেম চালু করার জন্য। মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি প্রকল্পটি বাস্তবে কার্যকরী করার কোনো পদক্ষেপ গ্রহণ করেছেন কিনা।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : আপনি শুনলে খুশি হবেন যে আমি আমার বাজেট ভাষণে বলেছি আমি এটাকে ৫০% ইমপ্লিমেন্ট করেছি। আমি এখন করতে পারিনি নদীনালা জায়গাগুলিতে। সুন্দরবন, হিঙ্গলগঞ্জ, সন্দেশখালি, হাসনাবাদ, বসিরহাটের বিভিন্ন জায়গায় আর আপনাদের বিভিন্ন জায়গায় করতে পারিনি। আমি কথা দিয়েছি নভেম্বরের মধ্যে মানে অক্টোবরের শেষ সপ্তাহের মধ্যে ডোর স্টেপ ডেলিভারি সব জায়গায় চালু হয়ে যাবে।

শ্রী আব্দুর রহিম বক্সী : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন করতে চাই। সারা রাজ্যে কতজন অন্নপূর্ণা কার্ড হোল্ডার আছেন ? আপনি আপনার বাজেট ভাষণে বলেছেন যে চটের থলেতে করে বাড়ি বাড়ি তাদের যে প্রাপ্য শস্য সেটা পৌঁছে দেওয়া হবে। এই প্রাপ্য শস্য পৌঁছে দিতে যে এজেন্সি কাজ করবে এবং যে চটের থলে তৈরি হবে তাতে সরকারের কত টাকা খরচ হবে ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় সদস্য স্পেসিফিক কোয়েশ্চেন করতে হবে আপনাকে। এটা এই কোয়েশ্চেনের মধ্যে পড়ে না। কত চটের ব্যাগ হবে, কোন এজেন্সি করবে—এই প্রশ্নগুলো স্পেসিফিক করবেন। কিন্তু তাসত্ত্বেও আপনার প্রথম প্রশ্নের উত্তরে বলি, অন্নপূর্ণা কার্ড হোল্ডার ৬৩,৯৯১ জন। এইভাবে আমি বলে দিলাম। আপনি যদি জানতে চান কোন কোম্পানি চটের ব্যাগ, কোন এজেন্সি করবে, তাহলে আমাকে স্পেসিফিকভাবে করুন, কোয়েশ্চেন করুন, আমি উত্তর দিয়ে দেব।

সাক্ষরতায় পশ্চিমবঙ্গের স্থান

*১০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯) **শ্রী নর্মদা চন্দ্র রায় :** জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সাক্ষরতার তালিকায় পশ্চিমবঙ্গ এখন কত তম স্থানে আছে ;

(খ) বর্তমানে রাজ্যে কত শতাংশ মানুষ সাক্ষরতা লাভ করেছেন ;

(গ) বর্তমানে রাজ্যের মোট কতগুলি জেলাতে সাক্ষরতা অভিযান কর্মসূচী চলছে (জেলাওয়াড়ি হিসাব) ; এবং

(ঘ) রাজ্যের সাক্ষরতা কেন্দ্রগুলিতে যাঁরা স্বেচ্ছায় শিক্ষকতা করছেন তাঁদের জন্য কিছু সাম্মানিক অর্থ দেওয়ার কোনো পরিকল্পনা সরকারের আছে কি ?

শ্রী আব্দুল করিম চৌধুরী :

(ক) ২০১১-এর জনগণনার নিরিখে রাজ্যগুলির মধ্যে পশ্চিমবঙ্গের স্থান ত্রয়োদশ।

(খ) বর্তমানে রাজ্যে সাক্ষরতা হার ৭৭.১%।

(গ) ভারত সরকারের সাক্ষরতার কর্মসূচী 'সাক্ষর ভারত' রাজ্যের নয়টি জেলায় (যেখানে ২০০১-এর জনগণনা অনুযায়ী নারী সাক্ষরতার হার ৫০%-এর নিচে) চলছে। এই জেলাগুলি হল জলপাইগুড়ি, কোচবিহার, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ, বীরভূম, বাঁকুড়া ও পুরুলিয়া। এছাড়া, রাজ্য সরকার 'সাক্ষর ভারত' এর সমান্তরাল সাক্ষরতা কর্মসূচীর সূচনা করেছে যার জন্য চারটি জেলায় অর্থ বরাদ্দ করা হয়েছে ইতিমধ্যে। জেলাগুলি হল বর্ধমান, হাওড়া, দক্ষিণ ২৪ পরগনা ও শিলিগুড়ি মহকুমা পরিষদ। পশ্চিম মেদিনীপুরকে 'সাক্ষর ভারত' প্রকল্পের আওতায় আনার প্রস্তাব ভারত সরকারের কাছ থেকে পাওয়া গেছে। সেই অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করা চলছে।

(ঘ) সাক্ষর ভারত প্রকল্পে স্বেচ্ছায় শিক্ষা প্রদানকারীদের জন্য কোনো অর্থ বরাদ্দ নেই। গত ৭ ও ৮ জুন দিল্লিতে শিক্ষা সংক্রান্ত সভায় আমি মাননীয় মন্ত্রী হিসাবে এই প্রসঙ্গ উত্থাপন করি। কেন্দ্রের মানব সম্পদ বিষয়ক মন্ত্রী মাননীয়

শ্রী কপিল সিব্বল আশ্বাস দেন যে দ্বাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনার বিষয়টি বিবেচনা করা হবে।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, 'সাক্ষর ভারত' এই কর্মসূচীর কাজ রাজ্যের নয়টি জেলায় চলছে। যেখানে ২০০১ সালের জনগণনা অনুযায়ী নারী সাক্ষরতার হার ৫০% নিচে সেখানে এই কাজ চলছে। এই নয়টি জেলার জন্য কত টাকা বরাদ্দ হয়েছে ? ঠিক একইভাবে রাজ্য সরকার 'সাক্ষর ভারত'-এর সমান্তরাল সাক্ষরতা কর্মসূচীর যে সূচনা করেছেন চারটি জেলায় তার জন্য কত টাকা অর্থ বরাদ্দ করা হয়েছে তা অনুগ্রহ করে জানাবেন কি ?

শ্রী আব্দুল করিম চৌধুরী : 'সাক্ষর ভারত' কর্মসূচীর জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে তা আপনি জানতে চেয়েছেন। সেই ব্যাপারে আমার কাছে যে রিপোর্ট আছে তাতে কেন্দ্রীয় সরকার দিয়েছে ১৪ কোটি ১৫ লক্ষ ৬৮ হাজার ৮২৬ কোটি টাকা এবং রাজ্য সরকার দিয়েছে ৪ কোটি ৭১ লক্ষ ৮৯ হাজার ৬০৮ কোটি টাকা। এখানে রেশিওটা হচ্ছে ৭৫ : ২৫। আর সাক্ষর ভারতের সমান্তরাল যে কর্মসূচী রাজ্য সরকার গ্রহণ করেছেন চারটি জেলায় তারজন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে সেই ব্যাপারে রিপোর্টটা আপনাকে আমি পরে জানিয়ে দেব।

শ্রী নর্মদা চন্দ্র রায় : স্যার, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, যে চারটি জেলায় সাক্ষর ভারতের সমান্তরাল কর্মসূচী চলছে সেখানে কত টাকা বরাদ্দ হয়েছে তা নির্দিষ্ট করে বলুন।

শ্রী আব্দুল করিম চৌধুরী : টাকার অঙ্কটা আমার জানা নেই, এটা আপনাকে পরে আমি জানিয়ে দেব। রাজ্য সরকার সাক্ষর ভারত-এর সমান্তরাল সাক্ষরতা কর্মসূচীর মতো চারটি জেলায় এই কর্মসূচী নিয়েছেন। যে জেলায় এই কর্মসূচীগুলো নেওয়া হয়েছে সেগুলো হল বর্ধমান, হাওড়া, দক্ষিণ ২৪-পরগনা এবং শিলিগুড়ি মহকুমা পরিষদ। এই চারটি জেলার জন্য আমাদের রাজ্য সরকার টাকা দিয়েছে। সাক্ষর ভারতের মধ্যে এই জেলাগুলো নেই। সাক্ষর ভারত এবার নিয়েছে ওনলি পশ্চিম মেদিনীপুর জেলাকে। সেখানে তারা কাজ করার পরিকল্পনা গ্রহণ করেছে। চারটে ডিস্ট্রিক্ট ওয়াইজ টাকাটা ভাগ হয়েছে—যেমন দক্ষিণ চব্বিশ পরগনা ৫০ লক্ষ ২৬ হাজার ২০০ টাকা, হাওড়া ৪৩ লক্ষ ৩০ হাজার ৭০০ টাকা, বর্ধমান ৬০ লক্ষ ৬০ হাজার ৮০০ টাকা, আর শিলিগুড়ি মহকুমা পরিষদ ৩৩ লক্ষ ৯৯ হাজার ১৯০ টাকা। এই ডিস্ট্রিক্ট ওয়াইজ ফান্ড ফর স্টেট প্রোগ্রাম যেটা দিয়েছে, এক্ষেত্রে ডিস্ট্রিক্ট ওয়াইজ ১ কোটি ৮৮ লক্ষ ১৬ হাজার ৮৯০ টাকা বরাদ্দ করা হয়েছে এই চারটে জেলাতে।

[11.50–12.00 noon]

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন। মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি যে প্রশ্নের উত্তরে বলেছেন এই যে, সারা রাজ্যে এই স্বেচ্ছায় শিক্ষকতা করছেন যারা তাদের জন্যে সাম্মানিক কিছু ভাতার

ব্যাপারে আপনি দিল্লিতে মানব সম্পদ উন্নয়ন মন্ত্রী মাননীয় শ্রী কপিল সিব্বলের সঙ্গে আলোচনা করেছেন। এরা তো সেন্টারগুলো দীর্ঘদিন ধরে ভালোভাবে চালিয়ে আসছে। এদের কিছু আর্থিক সহায়তা দেওয়ার জন্য এরা দাবী জানাচ্ছে। এই ব্যাপারে আপনার সঙ্গে মাননীয় কপিল সিব্বল মহাশয়ের কি আলোচনা হলো ? এরা যে ভালোভাবে সেন্টারগুলো চালাচ্ছে তার জন্যে কিছু সাম্মানিক দক্ষিণা দেওয়ার কোনো ব্যবস্থা বা পরিকল্পনা আছে কিনা জানাবেন।

শ্রী আব্দুল করিম চৌধুরী : এর আগে আমি জানিয়েছি, ৭, ৮ জুন, ২০১১-তে দিল্লিতে সম্মানীয় কেন্দ্রীয় মন্ত্রী শ্রী কপিল সিব্বলের সঙ্গে অল স্টেট এডুকেশান ডিপার্টমেন্টের প্রতিনিধিদের নিয়ে আলোচনা হয়েছিল। সেইখানে আমি একটা প্রশ্ন তুলেছিলাম। যে কথাটা আপনি বলছেন—যে সাক্ষর ভারত প্রকল্পে স্বেচ্ছা শিক্ষা প্রদানকারীদের জন্য কোনো অর্থ বরাদ্দ হয়নি। আমি তখন মাননীয় মন্ত্রীকে বলেছিলাম, এই ব্যাপারে তখন সম্মানীয় মন্ত্রী শ্রী কপিল সিব্বল মহাশয় আশ্বাস দিয়েছিলেন দ্বাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বিষয়টি আমরা বিবেচনা করব। তখন এ ব্যাপারে অ্যাসুরেন্স দিয়েছিলেন, আগে কোনোদিন এই কথা বলেননি। আমরা এদেরকে ছোটোখাটো একটা রেমুনারেশান দেওয়ার ব্যাপারে বলেছিলাম। সেটা না দিলে, এদের আর্থিক সহায়তা যদি না করা হয় তাহলে অনেকে হতাশার জন্য কাজ করতে পারবেন না। আমি ওই কনফারেন্স হলে এ ব্যাপারে বলেছিলাম। তার উত্তরে উনি বলেছিলেন যে দ্বাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা এই টাকার বিষয়ে চিন্তা-ভাবনা করব।

শ্রী স্বপন দেবনাথ : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে অতিরিক্ত প্রশ্ন। বাম জামানাতে পূর্ণ সাক্ষর জেলা বলে বেশ কয়েকটি জেলা ঘোষিত হয়েছিল। তারমধ্যে বর্ধমান জেলা, পরিপূর্ণভাবে ফলস্ রিপোর্টের ওপর ভিত্তি করে শুধু পুরস্কার পাওয়ার লোভে পূর্ণ সাক্ষর জেলা ঘোষণা হয়েছিল। বর্ধমান জেলার একজন প্রাক্তন মন্ত্রী তিনি প্যারিস থেকে পুরস্কার নিয়েছিলেন। অথচ তাঁর শহরে পৌরসভার যারা কর্মচারী তাদের ৮০ ভাগই টিপ সই দিয়ে এখনও বেতন নেয়। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন রাখছি—এই যে জাল রিপোর্টের উপর ভিত্তি করে যারা পুরস্কার নিয়েছিলেন, সেই ব্যাপারে কোনো তদন্তের ব্যবস্থা এই সরকার করবেন কি না ?

শ্রী আব্দুল করিম চৌধুরী : এই রিপোর্টটি আমার এখন জানা নেই, আপনি লিখিত প্রশ্ন পাঠান আমি নিশ্চয় উত্তর দেব।

শ্রী তপন চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, বাম জমানায় সাক্ষরতার নামে সিপিএমের কমরেডরা কোটি কোটি টাকা আত্মসাৎ করেছে। এখনও পর্যন্ত আমার বিধানসভা এলাকা বর্ধমান জেলায়—বহু মানুষ ব্যাংকের পাশ বই করতে গিয়ে টিপ সই দিয়ে টাকা তোলার জন্য আবেদন করে। তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হবে কি ?

শ্রী আব্দুল করিম চৌধুরী : এই ব্যাপারে আপনি লিখিত প্রশ্ন দিলে আমি নিশ্চয় বিষয়টি দেখব।

বৃক্ষরোপণের উদ্যোগ

*১০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪২) **শ্রী অজিত ভুঞ্যা :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে পাঁচ কোটি বৃক্ষরোপণের পরিকল্পনা নেওয়া হয়েছে ;

(খ) সত্যি হলে, বিভিন্ন জাতের ফলের চারা রোপণ করা হবে কি না ; এবং

(গ) সরকারি উদ্যোগে কতগুলি ফলের বাগান গড়ে তোলা সম্ভব হয়েছে ?

শ্রী হিতেন বর্মন :

(ক) হ্যাঁ।

(খ) এর কিয়দংশ বিভিন্ন ফলের চারা।

(গ) ১১টি ফলের বাগান গড়ে তোলা হয়েছে।

শ্রী অজিত ভুঞ্যা : স্যার, আপনি বলেছেন যে, সারা রাজ্যে পাঁচ কোটি বৃক্ষ রোপণের পরিকল্পনা নেওয়া হয়েছে। সেখানে আমরা দেখতে পাচ্ছি, সারা রাজ্য জুড়ে বিভিন্ন পিচ রাস্তার ধারে এবং পঞ্চায়েতের জায়গায় ইউক্যালিপ্টাস এবং আকাশমণি এই রকম জাতীয় গাছের মাধ্যমে বনসৃজন প্রকল্প গ্রহণ করা হয়েছে। কিন্তু নিম গাছ রোপণ করবার জন্য বিভিন্ন মহলে আলোচনা চলছে, কারণ—'দূষণ মুক্ত বায়ু' এখান থেকে পাওয়া যাবে। সেক্ষেত্রে নিম গাছের একটা ভালো ভূমিকা আছে। এছাড়া নিম গাছের থেকে অনেক অর্থকরী ব্যবস্থা গ্রহণ করা যায়। সেক্ষেত্রে এই পাঁচ কোটি টাকা এখানে বৃক্ষ রোপণের জন্য যে পরিকল্পনা নেওয়া হয়েছে, সেখানে নিম গাছের চারার জন্য আলাদা কোনো পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি ?

শ্রী হিতেন বর্মণ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবার চারা রোপণ করা শুরু হয়েছে ১৫ই জুন থেকে। এই চারাগাছ রোপণ করা হয়েছে বিভিন্ন নার্সারিতে, গত বছরেই অক্টোবর-নভেম্বর মাসে। সেই নার্সারিতে যে চারা গাছগুলি হয়েছিল সেটা এবারেই রোপণ করা হচ্ছে। এবারে রোপণের ক্ষেত্রে নিম গাছের সামান্য একটি অংশ রোপণ করা হয়েছে। মাননীয় সদস্য ঠিকই বলেছেন, যে নিম গাছের উপকারিতা আছে। স্বাভাবিক কারণেই শুধু আমাদের নিম গাছের ছায়াই নয়, এই নিম গাছের ছাল এবং বীজের দ্বারা আমরা রাসায়নিক সার উৎপাদন করতে পারি। আগামী বছরের জন্য, এবারে যখন অক্টোবর-নভেম্বর মাস নাগাদ নার্সারিতে চারা তৈরি করা হবে, তখন বেশিরভাগ অংশ যাতে আমরা নিম গাছের চারা তৈরি করতে পারি তার জন্য উদ্যোগ নেওয়া হবে।

[12.00 noon–12.10 p.m.]

শ্রী অজিত ভুঞ্যা : আমার দ্বিতীয় প্রশ্ন মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। বিভিন্ন জাতের যে ফলের চারা, সেই ফলের চারা সরকারিভাবে সম্পূর্ণভাবে রোপণের ব্যবস্থা আছে না সেখানে বেনিফিসিয়ারির মাধ্যমে কিংবা স্কুলের মাধ্যমে কিংবা অন্যান্য স্বেচ্ছাসেবী যে সমস্ত প্রতিষ্ঠান রয়েছে তাদের মাধ্যমে বিভিন্ন ফলের চারা রোপণ করবার কোনো পরিকল্পনা আছে ?

শ্রী হিতেন বর্মণ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে ১১টি ফলের বাগানের কথা উত্তরে বলা আছে, সেটা মূলত পুরুলিয়া জেলায়, এন.আর.ই.জি.এস. প্রকল্পে এই ফলের বাগান তৈরি করা হয়েছিল। আগামী দিনে যদি এন.আর.ই.জি.এস. প্রকল্পে বিভিন্ন জেলায় ফলের বাগান তৈরি করার প্রস্তাব আসে, নিশ্চয়ই আমরা ফলের বাগান তৈরি করব। বিভিন্ন স্কুল কলেজ বা শিক্ষা প্রতিষ্ঠান যদি নিজেরা দায়িত্ব নেয়, মেনটেনেন্সের দায়িত্ব নেয়, তাহলে নিশ্চয়ই বন দপ্তর থেকে এই ফলের বাগান তৈরি করার উদ্যোগ নেব।

শ্রী অজিত ভুঞ্যা : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন। আমরা লক্ষ্য করছি যে সারা রাজ্য জুড়ে বিশেষ করে জঙ্গলমহল এলাকায় প্রচুর পতিত জমি রয়েছে যেখানে ফলের বাগান গড়ে তোলা সম্ভব। শুধু তাই নয় এই ফলের বাগান গড়ে তুলে, সেই সমস্ত এলাকায় অভাবী মানুষ যারা আছে, দরিদ্র মানুষ যারা আছে, তাদেরকে যদি গ্রুপের মাধ্যমে, এই যে এস.এইচ.জি. গ্রুপ আছে সেই এস.এইচ.জি. গ্রুপের মাধ্যমে ফলের বাগান সেই পতিত জমি এলাকায় গড়ে তোলা সম্ভব হয় তাহলে অনেক মানুষের কর্মসংস্থান করা সম্ভব হবে। এই ক্ষেত্রে আমার প্রশ্ন ১১টি ফলের বাগান গড়ে তোলার কথা যে বলা হয়েছে, সেই ক্ষেত্রে পুরুলিয়া জেলা ছাড়া পশ্চিম মেদিনীপুর এবং বাঁকুড়া জেলায় জঙ্গলমহল এলাকায় কোনো ফলের বাগান গড়ে তোলা সম্ভব হয়েছে কিনা ?

শ্রী হিতেন বর্মণ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে ফলের বাগানের কথা মাননীয় সদস্য বলেছেন, এইগুলো আগেই পরিকল্পনা অনুযায়ী তৈরি করা হয়েছে। এই যে পতিত জমিতে ফলের বাগান, সেই পতিত জমি যেখানে যেখানে আছে, নির্দিষ্টভাবে সেই জমি যদি বন দপ্তরের হাতে আসে, নিশ্চিতভাবে জঙ্গলমহল থেকে শুরু করে সমস্ত জায়গায় ফলের বাগান করার জন্য বন দপ্তর উদ্যোগ গ্রহণ করবে।

Starred Questions
(to which answers were laid on the Table)

রেশন ডিলারের অনিয়ম

*১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৩) **শ্রী মন্টুরাম পাখিরা :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দক্ষিণ ২৪-পরগনা জেলায় অনিয়মের অভিযোগে মোট কতজন রেশন ডিলারের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

০১/০১/২০১০ থেকে ৩১/০৭/২০১১—এই সময়ের মধ্যে দক্ষিণ ২৪-পরগনা জেলায় ৪৮ জন এম.আর. ডিলারকে কারণ দর্শাইবার নোটিশ করা হয়েছে। এই সময়কালে ১০ জন এম.আর. ডিলারকে সাসপেন্ড করা হয়েছে এবং ৪ জন এম.আর. ডিলারকে বরখাস্ত করা হয়েছে।

ফল প্রক্রিয়াকরণ শিল্পস্থাপনে পরিকল্পনা

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৫) **শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী** : খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প এবং উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদা জেলায় আম/লিচু ভিত্তিক ফল প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনকল্পে রাজ্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কীরূপ ?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প এবং উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মালদা জেলায় আম, লিচু ভিত্তিক ফল প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনকল্পে রাজ্য সরকার মালদা ফুড পার্কে একটি 'অ্যাসেপটিক পাল্প প্রক্রিয়াকরণ ও মোড়কজাতকরণ কেন্দ্র' স্থাপন করার সিদ্ধান্ত নিয়েছে।

(খ) মালদা ফুড পার্কের ২.২৫ একর জমিতে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগ টাইফ্যাক (টেকনোলজি ইনফর্মেশন অ্যান্ড ফোরকাস্টিং অ্যাসেসমেন্ট কাউন্সিল, ভারত সরকার) এবং অন্যান্য সংস্থার যৌথ কারিগরি, আর্থিক ও পরিচালন সহায়তায় আনুমানিক ৯২০.২৭ লক্ষ টাকা বিনিয়োগে এই কেন্দ্রটি গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে। ইতিমধ্যেই ভারত সরকারের টাইফ্যাক-এম.এস.এম.ই. (মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজ) অ্যাপেক্স কমিটি এই সংক্রান্ত বিস্তারিত প্রকল্প প্রতিবেদনটির উপর আলোচনা করেছে এবং পরবর্তী পদক্ষেপ নেওয়ার জন্য অনুমোদন দান করেছে।

CALLING ATTENTION

Mr. Speaker: Today, I have received six notices of Calling Attention on the following subjects, namely :

Subjects	Name
(i) Present status of the pipe line water-supply schemes in Harish-chandrapur Block II	: Shri Tajmul Hossain
(ii) Vacancy in the post of Vice-Chancellor in Burdwan University and problems faced by the colleges thereunder	: Shri Kashinath Mishra Shri Kallol Khan Shri Manturam Pakhira & Shri Ashutosh Mukherjee
(iii) Urge for opening of science stream of Higher Secondary Course in Panagarh Hindi High School	: Shri Sunil Kumar Mondal
(iv) Policy adopted by the Government regarding appointment on com-passionate ground	: Shri Nepal Mahata
(v) Steps taken by the Government for speedy implementation of "Rajiv Gandhi Gramin Vidyut Yogana" Prakalpa	: Dr. Asish Banerjee
(vi) Steps taken by the Government to repair dilapidated roads	: Shri Ajoy Dey

I have selected the notice of Dr. Asish Banerjee on the subject of steps taken by the Government for speedy implementation of "Rajiv Gandhi Gramin Vidyut Yogana" Prakalpa.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

শ্রী মনোজ চক্রবর্তী : আপনার যে কলিং অ্যাটেনশন আছে সেটা মাননীয় মন্ত্রীর সঙ্গে কথা বলে আপনাকে জানিয়ে দেওয়া হবে।

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Audit Report on the Accounts of the Panchayat Raj Institutions in West Bengal for the year 2008-2009

শ্রী চন্দ্রনাথ সিন্‌হা : মাননীয় স্পীকার স্যার পশ্চিমবঙ্গে পঞ্চায়েত রাজ ইনস্টিটিউশনের ২০০৮-০৯ বছরের হিসাবের উপর নিরীক্ষা প্রতিবেদন উপস্থাপন করছি।

The 35th Annual Report Containing Annual Accounts and Audit Report thereon, of the West Bengal State Minor Irrigation Corporation Limited for the year 2008-2009

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওয়েস্ট বেঙ্গল স্টেট মাইনর ইরিগেশন কর্পোরেশন লিমিটেডের ২০০৮-০৯ বছরের বার্ষিক হিসাব এবং তার উপর নিরীক্ষা প্রতিবেদন সম্বলিত ৩৫তম বার্ষিক প্রতিবেদন উপস্থাপিত করলাম।

MENTION CASES

শ্রী উমাপদ বাউড়ি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় প্রাণীসম্পদ উন্নয়ন বিকাশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে পারা বিধানসভার সাঁওতালডিহিতে একটি ডেয়ারি ফার্ম আছে। বিগত সরকারের অবহেলায় এই ফার্মটি প্রায় বন্ধের মুখে। সেখানে ফিড সাপ্লাই বন্ধ হয়ে গেছে, কোনো অফিসার নেই। অথচ সেখানে পি.ডি.সি.এল. থেকে ইলেকট্রিক সাপ্লাই এবং জল সাপ্লাই দেওয়া হয়। তবুও এই ফার্মটি বন্ধের মুখে। অতএব আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি যাতে এই ফার্মটিকে বাঁচানো হয় এবং সেখানে অতি সত্বর ফিড সাপ্লাই এবং অফিসার নিয়োগের ব্যবস্থা করা হয়।

শ্রী সৌমিত্র খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৯৯ সালে গোপীনাথপুর অঞ্চলের কোতুলপুর বিধানসভার অন্তর্গত তথা বিরোধী দল সুভাষ মণ্ডলের নেতৃত্বে পঞ্চায়েত গঠন করেছিল। কিন্তু একদিন দেখা যায়, ৫.১১.৯৯ সালে উনি নিখোঁজ হয়ে যান। ওনার প্রত্যক্ষদর্শী ছিলেন উজলা সাওয়ানি। তিনি দেখেন সি.পি.আই.এম.-এর কিছু ব্যক্তি, কিছু দুষ্কৃতী ওনাকে পোচাড্যাংরার ক্যানেলপুর হতে নিয়ে যান, নিখোঁজ করে দেন। তাঁর বাড়িতে দীর্ঘদিন ধরে ফেরেন না। তার পরের দিন ওনার স্ত্রী মঞ্জু মণ্ডল থানায় এফ.আই.আর. করেন। কিন্তু তদানীন্তন বামফ্রন্ট সরকারের পুলিশ কোনো ব্যবস্থা নেয় না। তিনি বিধবা না সধবার বেশে থাকবেন, তার জন্য তিনি প্রত্যেকের কাছে যাচ্ছেন, উনি বিচার চাইছেন। ১২ বছর হয়ে গেছে। তাই সরকারের কাছে আমার আবেদন, মঞ্জু মণ্ডল ওনার স্বামী সুভাষ মণ্ডল যে নিখোঁজ হয়ে গেছেন, তিনি কঙ্কাল হয়ে আছেন কিনা, কেননা গড়বেতার পাশেই কোতুলপুর বিধানসভা। তাই এই কেসটার যাতে সত্যতা উদ্‌ঘাটন হয় এবং যারা প্রকৃত দোষী তারা যেন শাস্তি পায়, এই আবেদন আমি স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে রাখছি।

শ্রী নেপাল মাহাত : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবেশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এরিয়া ঝাড়খণ্ডের বর্ডারের টুলিন বর্ডারের কাছে অ্যালুমিনিয়াম ফ্যাক্টরি আছে। সেটা হিন্দাল কোম্পানির এবং বিড়লা গ্রুপ দেখছেন। সেই অ্যালুমিনিয়াম ফ্যাক্টরি প্রচুর পরিবেশ দূষণ করছে। আজকে ওই এরিয়ায় পরিবেশ দূষণ হওয়ার ফলে এগ্রিকালচার ল্যাণ্ডগুলোতে চাষযোগ্যতা কমে যাচ্ছে। তার ফলে সেখানে কমপেনসেশন দেয়। কিন্তু আমাদের বর্ডারে টুলিন এরিয়ায়, যেটা বেঙ্গলে পড়ে, সেখানে পলিউটেড হওয়ার ফলে ধান উৎপন্ন হওয়ার পরিমাণটা কমে যাচ্ছে। সেখানে না হচ্ছে কিছু কমপেনসেশানের ব্যবস্থা, না হচ্ছে পলিউশান যাতে কম হয় তার ব্যবস্থা।

[12.10–12.20 p.m.]

যে রিজেক্ট মেটিরিয়ালগুলো হয়—কস্টিক যেটাকে বলা হয়, সেটা সুবর্ণরেখা নদীতে ফেলে দিচ্ছে। তার ফলে, সুবর্ণরেখার নদীর জল পলিউটেড হচ্ছে। এর আগেও আমি বার বার পরিবেশ মন্ত্রীকে অনুরোধ করেছিলাম। স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় পরিবেশ মন্ত্রীকে অনুরোধ করতে চাই এই বিষয়টি যেহেতু যে কারখানাটা সেটাও ঝাড়খণ্ড স্টেটে আছে। এই বিষয়টি যেন তিনি দেখেন এবং এই বর্ডার এরিয়াতে সুবর্ণরেখা যেটা বেঙ্গলের দিকে আছে সেখানে সেই সুবর্ণরেখার জল এবং চাষযোগ্য জমিগুলো যেভাবে ক্ষতি হচ্ছে এগুলো দেখার ব্যাপারে তিনি একটা ব্যবস্থা গ্রহণ করেন এবং পলিউশান ফ্রি যেন এলাকাটা হয়, এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহণ করেন। ধন্যবাদ, স্যার।

শ্রী তজমুল হোসেন : স্যার, মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী তথা পূর্তদপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমার বিধানসভা কেন্দ্র, হরিশচন্দ্রপুর সেখানে যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত নিম্নমানের। যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন না ঘটলে ব্যবসা-বাণিজ্য, শিক্ষা, স্বাস্থ্য কোনো কিছুরই উন্নয়ন হতে পারে না। স্যার, আমার বিধানসভা কেন্দ্রের হরিশচন্দ্রপুর হাইস্কুল থেকে ভায়া তালডাঙরা হয়ে ফতেপুর পর্যন্ত এই বেহাল রাস্তাটি দীর্ঘদিন ধরে বেহাল অবস্থায় আছে। সেখানে এই প্রত্যন্ত গ্রামের লোকেরা একটা এই নির্ভরযোগ্য রাস্তা, সেই নির্ভরযোগ্য রাস্তার উপর দাঁড়িয়ে এখনও পর্যন্ত অনেকবারই এই নতুন সরকার হবার পরেও আমি বিধানসভায় তুলেছি এই রাস্তার বিষয়ে, স্যার। এই প্রত্যন্ত এলাকার রাস্তাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তা। অতএব, এখন পায়ে হাঁটারও অযোগ্য হয়ে উঠেছে, স্যার। তাই, আপনার মাধ্যমে আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে তথা পূর্তমন্ত্রীর কাছে আমি দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে এই রাস্তাটা নির্মাণ করে সার্বিক উন্নয়ন করার জন্য আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ, স্যার।

শ্রী অভিজিৎ মুখার্জী : আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, নলহাটি ওয়ান, assembly constituency-র মধ্যে চারটি গ্রামীর হাসপাতাল আছে সেগুলোর অবস্থা অত্যন্ত খারাপ। বিশেষ করে কুরুঙ্গা এবং রুদ্রনগর। এই চারটি হাসপাতালের মধ্যে দুটি হাসপাতালের অবিলম্বে বেহাল অবস্থা থেকে সঠিক অবস্থায় ফেরানো যায় যাতে গ্রামীণ অঞ্চলের লোকেরা নলহাটি মেন কিংবা রামপুরহাট ইত্যাদি

হাসপাতালে যাতে না যেতে হয়, এই স্বাস্থ্য পরিষেবা সম্পূর্ণভাবে গ্রামীণ হাসপাতালেই পেতে পারে তার জন্য সঠিক ব্যবস্থা নেওয়া হয়, তার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী শেখ সফিউজ্জামান : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভার মধ্যে একটি ক্যানেল আছে। স্কিমটির পূর্ণ নাম হচ্ছে সিংভহরি বিল টু ভুংরিদহ ভায়া লহরখান। ভারতবর্ষের স্বাধীন হওয়ার পর থেকে ইরিগেশান দপ্তর এই খালটির কোনো সংস্কার এখনো পর্যন্ত করেনি। প্রায় দুই লক্ষ লোকের জলনিকাশি এই খালের মধ্য দিয়ে হয়। আমি মন্ত্রী মহোদয়কে এই খালটি যাতে ইরিগেশান দপ্তরের তদন্ত করে কাজ করা হয় তার ব্যবস্থা করার জন্য অনুরোধ রাখছি। ধন্যবাদ।

শ্রী আবু তাহের খান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গোটা বাংলায় যে দপ্তরের মাধ্যমে সব বেশি সঞ্চয় হয় সেই স্ট্যাম্প ডিউটি তার দলিল লেখকদের অবস্থা অত্যন্ত সঙ্গীণ। যেখানে রেজিস্ট্রি অফিসগুলো আছে সেখানে নিজস্ব কোনো ভবন নেই। যারা দলিল লেখকের সঙ্গে যুক্ত কপি-রাইটার, ডিড-রাইটার তাদের বসার কোনো জায়গা নেই। পাশাপাশি যাঁরা প্রতিদিন হাজার হাজার মানুষ এই রেজিস্ট্রি অফিসে বিভিন্ন কাজের সঙ্গে যুক্ত হয়ে আসেন, তাঁদের বাথরুম থেকে আরম্ভ করে বসার জায়গার কোনো ব্যবস্থা নেই। দীর্ঘ চৌত্রিশ বছরে এই সরকার যে দপ্তরের সঙ্গে সবচেয়ে বেশি ইনকাম হয় সেই দপ্তরের সঙ্গে যারা জড়িত সেই দলিল লেখক থেকে শুরু করে, কপি-রাইটার থেকে শুরু করে তাদের কোনো ব্যবস্থাপনা নেই। প্রত্যেকটা রেজিস্ট্রি অফিসে অনেক দলিল পেন্ডিং হয়ে আছে। আমার ব্লক নওদা বিধানসভা কেন্দ্র, সেখানেও প্রায় ৩ হাজার দলিল দীর্ঘ ৫-৬ বছর ধরে পেন্ডিং হয়ে আছে। সেই সমস্ত পেন্ডিং দলিলগুলো অতি সত্বর সাধারণ মানুষ যাতে পায় এবং এই অফিসগুলোর অন্তত ইনফ্রাস্ট্রাকচার সাধারণ মানুষের স্বার্থে দলিল লেখক, কপি রাইটার—তাদের ভবিষ্যৎ যাতে সুনিশ্চিত হয়, সেই ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, স্যার আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া বিধানসভা কেন্দ্রের হরিহরপাড়া ব্লকের চৌয়াবাজার হতে মালোপাড়াঘাট এই রাস্তাটিকে প্রধানমন্ত্রীর গ্রামীণ সড়ক যোজনার অন্তর্ভুক্ত করার জন্য দাবি রাখছি। কারণ এখানে একটি হাইস্কুল আছে, পঞ্চায়েত আছে এবং ওখানকার যোগাযোগ বর্ষার সময় খুবই খারাপ। ফলে রাস্তাটি যেন হয়, তার জন্য ব্যবস্থা নেওয়ার কথা বলছি। ধন্যবাদ স্যার।

শ্রী ইমানি বিশ্বাস : মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার সুতি বিধানসভা কেন্দ্রের সুতি ২ নং ব্লকে যেভাবে পঞ্চায়েতে দুর্নীতি চলছে, যেমন ক'দিন আগে যে ফ্লাড হল, যে জিনিসগুলো আসছে, সেগুলি নিজ নিজ ভাবে পঞ্চায়েতের সভাপতি এবং কিছু আমলা যুক্ত হয়ে বিতরণ করছে। সেই পরিপ্রেক্ষিতে, আমার যে বিরোধী দলনেতা আছে, গত দেড় বছর তাদের সঙ্গে কোনো রিজোলিউশান এবং মিটিং এখনও পর্যন্ত ডাকা হয় না। যেমন ভাবে খুশি তেমনভাবে সে

কাজগুলি করছে। সেইজন্য উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য আমি মাননীয় পঞ্চায়েতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নমস্কার।

শ্রীমতী বীণা মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, আমি প্রত্যন্ত এবং পিছিয়ে পড়া এলাকা থেকে বিধায়ক হয়ে এসেছি এবং বিধায়ক হিসেবেও নতুন। ৩৫ বছর সি.পি.এম ক্ষমতায় থাকা সত্ত্বেও আমার এলাকার বিলবল্লি খালটা সংস্কার করেনি। তাই স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, যদি এই বিলবল্লি খালটা সংস্কার করা হয়, তাহলে ৫০ হাজার মানুষের অন্নের সংস্থান হবে। এখানে ১ লক্ষ ৫১ হাজার বিঘা কৃষি জমি আছে। এখানকার মানুষের প্রধান জীবিকা ধান ও পাট। তাই সেচের মাধ্যমে যদি এলাকার চাষিরা ঠিকমতো জল পান, তাহলে ওখানে সোনা ফলিয়ে দিতে পারবেন। ৩৪ বছর সি.পি.এম কৃষি, কৃষকদের কথা ভাবেননি। তাই মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমি এখানেই শেষ করছি। ধন্যবাদ।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : মাননীয় স্পীকার স্যার, আপনি নিশ্চয়ই জানেন সামনে বাঁড়াষাঁড়ির কোটাল রয়েছে। সুদীর্ঘ দিন বামফ্রন্ট সরকার ক্ষমতায় থাকার পরও দক্ষিণ সুন্দরবনের নদীবাঁধ ভাঙন রোধের কোনো পরিকল্পনা গ্রহণ করেননি। স্যার, আপনি জানেন সমুদ্র সন্নিহিত সাগর, কাকদ্বীপ, নামখানা, পাথরপ্রতিমা, গোসাবা বিস্তীর্ণ এলাকা গত ২০০৯-এ আয়লা বিধ্বস্ত। তাই অনতিবিলম্বে আয়লা বিধ্বস্ত এলাকার মানুষকে এই কোটালের হাত থেকে বাঁচাবার জন্য জরুরিভিত্তিক নদীবাঁধ মেরামত করার জন্য মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সাথে সাথে পর্যাপ্ত পরিমাণ ত্রিপল, শুকনো খাবার নিয়ে প্রশাসনকে প্রস্তুত থাকবার জন্য আপনার মাধ্যমে নির্দেশ দিতে অনুরোধ করছি। ধন্যবাদ।

[12.20–12.30 p.m.]

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষের মধ্যে দিয়ে আমি মাননীয় সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমান সরকার ঘোষণা করেছে জোর করে কোনো জমি অধিগ্রহণ করা হবে না। এটা আমরা ওয়েলকাম জানিয়েছি কিন্তু বিগত সরকারের একটা সিদ্ধান্তের জন্য তপসীখাতা ও মরিচবাড়ি মৌজা কোচবিহার এবং পাকুড়িতলা মৌজা জলপাইগুড়ি এখানে ১৮০ একর তিন ফসলী জমি পাওয়ার গ্রিড কর্পোরেশান অফ ইণ্ডিয়াকে রাজ্য সরকার দেওয়ার সিদ্ধান্ত করেছে। ২৮.১২.১০ সালে মন্ত্রিসভায় এই সিদ্ধান্ত হয়েছিল। এটা যদি হয় তাহলে প্রায় ১৫ হাজার কৃষক, ক্ষেতমজুর, বর্গাদার এবং ভাগচাষিদের জীবনে অন্ধকার নেমে আসবে। এর প্রতিবাদে ইতিমধ্যে ভূমিরক্ষা কমিটি হয়েছে। ৪০০ জন কৃষক সেই আন্দোলনে অংশগ্রহণ করেছেন এবং তাঁরা ইতিমধ্যে বিভিন্ন সরকারি দপ্তরে ডেপুটেশান দিয়েছেন। এমনকি গত ১৫ আগস্ট কয়েক শত কৃষক আলিপুরদুয়ার-সোনাপুর রাজ্য সড়কের ধারে গণ-অনশনও করেছিল। ফলে আমার আবেদন যে বর্তমান সরকার পূর্বতন সরকারের এই যে সিদ্ধান্ত সেটাকে তাঁরা বাতিল করুন এবং এই সমস্ত কৃষকদের জীবনে যাতে অন্ধকার না নেমে আসে তার ব্যবস্থা করুন, ধন্যবাদ।

শ্রী অশোক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন প্রায় লক্ষাধিক লোক হুগলি নদীর জলপথ পরিবহনের মাধ্যমে যাতায়াত করেন। গ্রাম বাংলা থেকে আসে বহু মানুষ। এই হুগলি নদীর জলপথ পরিবহন সমস্যা এমন তীব্র আকার ধারণ করেছে আর দুই-চার দিনের মধ্যে এটি বন্ধ হয়ে যাওয়ার মুখে। এর আগে যিনি পরিচালন সমিতিতে ছিলেন, আমার আগের বিধায়ক ছিলেন। তিনি প্রায় কয়েক কোটি টাকা তছরূপ করে 'ভাঁড়ে মা ভবানী' করে চলে গেছেন। এখন কর্মচারীদের মাইনে দেওয়ার অবস্থা নেই। স্যার, তেলেতে চুরি, তেল সাপ্লাই হয়েছে অথচ তেল হয়নি। স্যার, এখানে প্রায় ৩৩৫ জন কর্মচারী আছেন ৩৬ জন টেম্পোরারি কর্মচারী আছেন। ঈদের সময় এদের মাইনের যে গভীর সংকট, আমি সমবায় মন্ত্রীর কাছে গিয়েছিলাম উনি চেষ্টা করেছেন। একটা অ্যাডমিনিস্ট্রেটর বসিয়েছেন। কিন্তু দু-এক দিনের মধ্যে এমন কিছু ফলপ্রসূ ব্যবস্থা না নিলে এটি অবিলম্বে বন্ধ হয়ে যাবে। আমি আপনার মাধ্যমে সরকারের কাছে প্রশাসনিক ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করছি এবং ভূতল পরিবহন-এর সঙ্গে যদি সংযুক্ত করা না যায় তাহলে এটির কোনো উন্নতির আশা নেই। ভূতল পরিবহনের যিনি চেয়ারম্যান আছেন তিনি আমাদেরই সদস্য মাননীয় সুলতান সিং মহাশয় তাঁর কাছেও অনুরোধ করেছি কি অবস্থায় এই সংস্থাটাকে বাঁচানো যায়। তা না হলে লক্ষ লক্ষ মানুষ তাঁরা দিশেহারা হয়ে পড়বেন রোজ যাঁরা গঙ্গাবক্ষে যাতায়াত করেন।

Dr. Rohit Sharma : Hon'ble Speaker Sir, I would like to draw the attention of the Minister-in-charge of the Health and Family Welfare Department. Sir, I represent Kurseong Constituency. Takdah block, which is in this constituency, is one of the oldest blocks in West Bengal. The condition of the Takdah Block Primary Health Centre is deplorable. Out of three Medical Officers there is only one at the moment. The x-ray machines are not working, generator room is also damaged, doctors' quarters are also in a dilapidated condition Sir.

Another Primary Health Centre under Kurseong block is Ghaiyabari. It is a ten beded hospital Sir, but there is only one medical officer. Because of the non-sanction from the government of West Bengal the Ghaiyabari Primary Health Centre has not been able to utilize the NRHM fund also.

Another Primary Health Centre under Mirik Block is Panighata. The condition of this Primary Health Centre is that roofs are leaking. There is only one Medical Officer and the condition is so deplorable that mothers have to carry their babies for a distance of three to four kilometers on foot and they have to administer the polio

vaccines to their babies. This is the condition of the primary health centres under my constituency.

I would like to know whether the Health ministry has any plan to renovate or to repair or to modernize all these Primary Health Centres. Thank you.

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker Sir, through your good office, I would like to draw the attention of the Hon'ble Health Minister who hapens to be the Hon'ble Chief Minister. I also raise the issue of miserable condition of the primary health centre as well as the sub-divisional hospital of the constituency of Kalimpong which I represent that for the last two years since 2009, the person who was supplying food to the patient is not being paid. So he has decided to stop the supply of food to the hospital. If this is the condition of sub-divisional hospital, you can well imagine what would be the situation with the primary health centers which are located in far flung areas. Sir, back in 1835 when Darjeeling became a part of India taken from Sikkim, it was primarily for health resort and educational purpose that British took it. And today, if you look at the heath situation, I may cite an example of block primary hospital in Jholung, a place which is located almost in border to Bhutan. There the percentage of T.B. patient is very high. The sputum test facility is not available there. So, for that reason the sputum has to be collected and taken all the way to the sub-divisional hospital which is almost more than six hours away. So, it takes almost twelve hours for collecting the sputum and taken it to the sub-divisional hospital and by the time the reports comes back, the patient lose interest because of their low level of information. They are not aware of the dreadfulness of the disease. So for that reason tuberculosis ever increases in those areas. I would like to cite an example of one more place, a block primary hospital where there is an example of over legislation and under enforcement where enough of rules, enough legislation, but hardly the follow-up action is done whether they are properly implemented or not and there is a place below Lava, called Guapani, which is 39 kilometer away from the head quarter town of Kalimpong. The infrastructure was built 28 years back, but so far no doctor has been appointed there, no nurses are there, the primary health

centre is there, but there are not doctors and nurses and the buildings are just decaying doing nothing. So this kind of situations I have already presented before this august House and I would like to know whether the Hon'ble Health Minister has taken any initiative to supply the necessary staff in places where the infrastructure already exists; to build infrastructure where it is needed as have been cited here. Now, I would like to know that follow-up action would definitely to taken in due course of time from the Hon'ble Health Minister. Thank you very much.

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এটা খুবই আশঙ্কার বিষয় বাজারে সব্জির দাম সাংঘাতিকভাবে বেড়ে গিয়েছে। ক্রেতারা ব্যাগ নিয়ে গিয়ে তারা সব্জির বাজার করতে পারছে না। স্যার, বেগুনের দাম ১০০ টাকা কেজি, ঝিঙের দাম ৮০ টাকা কেজি। ঝিঙার দাম, পটলের দাম সাংঘাতিকভাবে বেড়ে গিয়েছে। ফলে আজকে মাননীয় কৃষিমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে, এর আগেও বন্যা হয়েছে সব্জির দাম এইভাবে বাড়েনি। আজকে পেঁয়াজের দাম বেড়ে গিয়েছে। শুধু আলুর দাম ঠিক আছে, আলু যেহেতু আমাদের চাহিদার তুলনায় উৎপাদন বেশি হয়েছে। এই অস্বাভাবিক মূল্য বৃদ্ধি হয়েছে অথচ আমাদের এই কৃষি দপ্তর তারা ঘুমিয়ে আছে। তাঁরা এইসব দেখছেন না, তাঁরা বন্যা এবং অতিবৃষ্টির দোহাই দিতে চাইছেন এবং এই যে অগ্নিমূল্যের বাজার যার ফলে সব্জি মানুষ আজকে কিনতে পারছে না। আজকে লাউ বলুন, কুমড়ো বলুন সমস্ত দাম আকাশছোঁয়া হয়ে গেছে। এটা দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আর স্যার, সেই সঙ্গে হাউসে বলতে চাই যে এই দ্রব্যমূল্যবৃদ্ধি এবং রাজ্যের সন্ত্রাস—এই সব নিয়ে সমস্ত বামপন্থী সংসদ এবং বিধায়করা পার্লামেন্টের সামনে ধর্না এবং অবস্থান করছেন। সুতরাং এই দ্রব্যমূল্যবৃদ্ধির প্রতিবাদে আমি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য দাবি জানাচ্ছি। ধন্যবাদ।

[12.30–12.40 p.m.]

শ্রীমতী সায়নী সিংহ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাকে বলার সুযোগ করে দেওয়ার জন্য আমি নতশিরে আপনাকে কৃতজ্ঞতা জানাচ্ছি। স্যার, আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী তথা মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা জানি যে স্বাস্থ্যই সম্পদ। কিন্তু আজকে গ্রামগঞ্জে স্বাস্থ্যের যে পরিষেবা, সেটা আমরা সকলেই জানি। ডিগ্রিধারী ডাক্তারের বিশাল অভাব। পাশাপাশি গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রগুলি থেকে পরিষেবা সাধারণ মানুষ সেভাবে পায় না। যার ফলে গ্রামীণ চিকিৎসা—আমরা সাধারণত যাদেরকে বলে থাকি হাতুড়ে ডাক্তার, সাধারণ গ্রামের মানুষ তাদের দ্বারস্থ হয়। আজকে সারা পশ্চিমবাংলায় এই হাতুড়ে ডাক্তারের সংখ্যা প্রায় দশ হাজারের কাছাকাছি। আমার মুর্শিদাবাদ জেলায় প্রায় একশোর উপরে, তাই আমি সবিনয়ে আবেদন করতে চাই যদি সরকারের পক্ষ থেকে ভোকেশনাল ট্রেনিংয়ের মাধ্যমে এদেরকে ট্রেনিংপ্রাপ্ত করে এবং নির্দিষ্ট একটি সীমা বরাদ্দ করা যায় তাদের চিকিৎসার

ক্ষেত্রে, তাহলে মনে হয় গ্রামীণ স্বাস্থ্য পরিষেবাকে আমরা অনেকখানি এগিয়ে নিয়ে যেতে পারব। ধন্যবাদ।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের সমাজকল্যাণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং আমাদের অন্যান্য মাননীয় মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি। আই.সি.ডি.এস. প্রকল্প করেছিল কেন্দ্রীয় সরকার। ৭২ সালে প্রয়াত সিদ্ধার্থ শংকর রায়ের আমলে এই প্রকল্পের কাজ অর্থাৎ আই.সি.ডি.এস. প্রকল্প শুরু হয়েছিল। এখন এই আই.সি.ডি.এস প্রকল্পের মধ্যে স্যার, বামফ্রন্টের সময় থেকে তারা—এদের আজকে বিভিন্নভাবে পরিষেবাটা গ্রামগঞ্জে—সেখানে আই.সি.ডি.এস. প্রকল্প হয়েছে। কিন্তু সেগুলোকে সুষ্ঠুভাবে পরিচালনার জন্যে, সেগুলোর যে বন্দোবস্ত দরকার, সেগুলো তারা দেখেননি। কিছু জায়গায়, তাদের নিজস্ব জায়গায় লোক দিয়েছে। আর কোনো কোনো জায়গায় আজকে দেখা যাচ্ছে লোক নেই। বাঁকুড়া এক নম্বর ও দু নম্বর ব্লকে আজকে দেখা যাচ্ছে ১৮৭টি সেন্টার আছে দু'নম্বর ব্লকে। সেখানে ১৮৬টিতে আপনার কাজ চলছে। সেখানে লোক অর্থাৎ হেল্পার আছে ৮৮ জন। দরকার ১৮৭টি। বর্তমানে ১৮৬টা চলছে। সেখানে কর্মী আছে ১৫৪টা। এই পরিপ্রেক্ষিতে যে আই.সি.ডি.এস. প্রকল্পগুলো বাঁকুড়া দু'নম্বর ব্লক, বাঁকুড়া এক নম্বর ব্লক এবং পৌর এলাকায়, সেগুলি প্রায় বন্ধের মুখে চলে গেছে। এটার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আব্দুর রহিম বক্সি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মহানন্দা নদীর জল বাড়ছে এবং নদীর পাড়গুলো দারুণভাবে ভাঙছে। এই ভাঙনের ফলে রতুয়া দু'নম্বর ব্লকের শ্রীপুর এক নং গ্রাম পঞ্চায়েতের হরিরামপুর হাই মাদ্রাসা ভাঙনের মুখে। দশ মিটারের ব্যবধানে সেই হাই মাদ্রাসা দাঁড়িয়ে আছে। বারে বারে বলা সত্ত্বেও ইরিগেশান দপ্তরে—সেচ দপ্তরে বারে বারে বলার পরও সেখান থেকে কোনো ধরনের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। এমনিতে মালদা জেলায় ভাঙনের ফলে হাজার হাজার, লক্ষাধিক মানুষ বন্যা কবলিত হয়ে পড়েছেন। আর এই হাই মাদ্রাসাকে যদি এই মুহূর্তে রক্ষা করা না যায় তাহলে সেই পিছিয়ে পড়া এলাকায় সে ধরনের আর কোনো শিক্ষা প্রতিষ্ঠান নেই। এখনও সময় আছে। আমি গতকাল মাননীয় সেচ দপ্তরের মন্ত্রী মহাশয়কে ফোনের মাধ্যমে বলেছিলাম, অনুরোধ করেছিলাম। আমরা এখনো পর্যন্ত কোনো রেসপন্স লক্ষ্য করতে পারিনি। আমি শুধু দেখতে পাচ্ছি সেচ দপ্তরের পক্ষ থেকে শুধু খবরের কাগজে বিবৃতি দেওয়া ছাড়া কোনো ধরনের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। যাতে হরিরামপুর হাই মাদ্রাসা রক্ষা করা যায় এই আবেদন রাখছি। ধন্যবাদ।

ডঃ আশীষ ব্যানার্জী : স্যার, আপনার মাধ্যমে আমার এলাকার একটা সমস্যার কথা তুলে ধরতে চাই। আমরা দেখেছি একটি জায়গায় রয়েছে—পথ তুমি কার ? পথ বলেছে আমি ছিলাম বামফ্রন্টের। তোমার এমন দশা কেন ? না, আমাকে খাদ্য দেওয়ার পরিবর্তে বামফ্রন্ট নেতারাই তা খেয়ে নিয়েছেন। স্যার, একটা রোমান্টিক গানের প্রখ্যাত লাইন। এই পথ যদি না শেষ হয় তবে কেমন হত তুমি বলত ? আর এই বামফ্রন্টের রাস্তা দেখে স্যার

পথিক বলছে, এই পথ আর নয়, এখনি শেষ হোক। এই হাল ৩৪ বছরে, দীর্ঘকাল ধরে বামফ্রন্ট করে গেছে। তাই ওদের আজকে দাবি তুলতে হচ্ছে ওদের কৃত পাপের ফলস্বরূপ আর প্রায়শ্চিত্তের জন্য ওদের দাবি তুলতে হচ্ছে, বলতে হচ্ছে এই রাস্তা নেই, ওই রাস্তা ভাঙা, এই রাস্তা তাড়াতাড়ি সারানো হোক। এতদিন কোথায় ছিলেন ? আমার বিধানসভার অন্তর্গত মহম্মদ বাজার এলাকার বলিহারপুর, ডামরা, সারেণ্ডার রাস্তাগুলি ভেঙেচুরে শেষ হয়ে গেছে। আদিবাসী এলাকা অধ্যুষিত সেই সমস্ত জায়গার রাস্তাগুলি, আমার এলাকায় যে সমস্ত রাস্তাগুলি একদম পরিপূর্ণভাবে চলার অযোগ্য হয়ে উঠেছে। সেই রাস্তাগুলি সারানোর জন্য আমি অনুরোধ করব। ধন্যবাদ।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী মহোদয়ার দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভার অন্তর্গত ইমামবারা সদর হাসপাতালে গত ৩৪ বছর অপশাসনের ফলে স্বাস্থ্য ব্যবস্থা সম্পূর্ণরূপে ভেঙে পড়েছে। জেলার সদর হাসপাতাল হওয়ার সুবাদে সমস্ত সাব-ডিভিশানের রোগী এবং প্রাইমারী হেলথ সেন্টারের রোগী এখানে ভর্তির জন্য আসে এবং ট্রান্সফার হয়। মাননীয়া মুখ্যমন্ত্রীর আদেশ অনুসারে প্রসব করার জন্য যারা ভর্তি হন, তাদের সকলের খরচা সরকার বহন করবার সিদ্ধান্ত নেওয়ার পরেও এখনো বহু রোগীকে ৩-৪ হাজার টাকার ওষুধ বাইরে থেকে কিনতে হচ্ছে। গত ৩৪ বছরের মতো কিছু কর্মচারীর সহায়তায় দালাল চক্র ভর্তি, ব্লাড, ওষুধ কেনাবেচার সঙ্গে এখনো যুক্ত আছে। সদর হাসপাতাল হওয়া সত্ত্বেও এখানে ICCU এবং শিশুদের জন্য SNCU তৈরি করা সম্ভব হয়নি। বহু রোগীকে প্রত্যেকদিন কলকাতায় স্থানান্তরিত করা হয়। যাদের অর্থনৈতিক অবস্থা ভাল নয় তাদের চরম দুরবস্থার মধ্যে পড়তে হয়। আমি এই হাসপাতালকে মেডিক্যাল কলেজ করার জন্য আবেদন রাখছি। ধন্যবাদ।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে, এখানে বিভিন্ন হাসপাতালের কথা উঠছে। একটা নির্দিষ্ট রোগে যারা আক্রান্ত হন অর্থাৎ সংক্রামক ব্যাধিতে আক্রান্ত রোগীদের নানা সমস্যা দেখা দিচ্ছে। প্রথম কথা হল এই রোগীদের জন্য সারা পশ্চিমবাংলায় মাত্র একটা হাসপাতাল আছে দ্বিতীয় কোনো হাসপাতাল নেই। আর যে সমস্ত Central এবং district hospital আছে, একটি করে isolation ওয়ার্ড আছে। সেই ওয়ার্ডে কোনো সিরিয়াস ম্যাটার হলে রেফার করা ছাড়া অন্য কোনো রাস্তা থাকে না। প্রথম হচ্ছে এই রাজ্যে আর একটি ID হসপিটাল করা প্রয়োজন, সেটা এই সরকারকে ভেবে দেখতে বলব এবং পাশাপাশি এটাও বলব হাসপাতালে আনার জন্য অ্যাম্বুলেন্সে তারা স্থান পায় না। আপনারা জানেন যে হাসপাতালের সেই অ্যাম্বুলেন্সে লেখা থাকে সংক্রামক ব্যাধির জন্য নয়। যদিও এটা hard & fast rule নেই কিন্তু রোগীদের আনা অসম্ভব। যদি তাদের আনতে হয় সেই অ্যাম্বুলেন্সটাকে ২৪ ঘন্টা রেখে disinfect করতে হবে। এতে একটা প্রবলেম আছে। এই সমস্যাটা হল, যারা সংক্রামক ব্যাধিতে আক্রান্ত রোগী তাদের সবেধন নীলমণি ওই একটা হাসপাতাল। সেই হসপিটালে আনার জন্য অ্যাম্বুলেন্সে কেউ নিতে চায় না। এই নিয়ে সরকারকে একটু চিন্তা ভাবনা করে একটা সদর্থক পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ করছি, যাতে আক্রান্ত রোগীরা একটু উপকার পায়। ধন্যবাদ।

[12.40–12.50 p.m.]

শ্রী সুনীল কুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ ও জলপথ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার গলসি এলাকার অজয় নদীর ধারে বনকাটি, বিরবিহার-এ বিরাট বালির চর আছে। সেই চরে প্রচুর লোক বাস করে, প্রায় ১৫-২০ হাজার লোক বাস করে। সেখানে খরাতে এই বছর চাষ হয়নি, আর অন্যদিকে বানে ওখানকার মানুষের বিরাট ক্ষতি হয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি সেখানে যাতে স্যালো বা ডিপ টিউবওয়েল বসিয়ে যথাযোগ্য চাষের ব্যবস্থা করা হয় এবং সাধারণ দরিদ্র মানুষ যাতে সেচের মাধ্যমে চাষ করতে পারে তার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

ডঃ এম নুরুজামান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে পবিত্র রমজান মাস চলছে। আপনার মাধ্যমে আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে মোবারক জানাচ্ছি এই জন্য যে তিনি রমজান মাসে মুসলিম কর্মচারীদের এক ঘন্টা আগে ছুটির ব্যবস্থা করেছেন। সেই সঙ্গে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি আগামীকাল রমজান মাসের শেষ জুম্মা, আলবিদা জুম্মা বলে। এই জুম্মা মুসলিম সমাজের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই জুম্মার দিনে আগামীকাল অন্তত মধ্যাহ্নে জুম্মার সময় যাতে দেড় ঘন্টা বিরতি দেওয়া হয় বা ছুটি দেওয়া হয় তার ব্যবস্থা করার জন্যে এবং তারপর রমজানের শেষে আছে ঈদ, সেই খুশির ঈদের সময় অনেকে মফসল শহরে তারা বাড়িতে চলে যান। তারা ঠিকমতো ছুটি উপভোগ করতে পারেন না। সেই জন্য ইদুলফিতর উপলক্ষে অন্তত দুইদিন ছুটি দেওয়ার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমি আবেদন জানাচ্ছি।

শ্রীমতী শিউলি সাহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি হলদিয়া বিধানসভা ক্ষেত্রের বিধায়ক। এখানে একটি সাব-ডিভিশনাল হসপিটাল আছে। নন্দীগ্রাম, মহিষাদল এবং হলদিয়ার প্রত্যন্ত গ্রাম থেকে হতদরিদ্র গরীব মানুষগুলি এই হসপিটালে আসে। লাল জমানায়, লাল পার্টির সন্ত্রাসে এই হসপিটাল ধ্বংস স্তুপে পরিণত হয়েছে। সেখানে যন্ত্রপাতি নেই, ডাক্তার নেই, পথ্য নেই। আমি তার একটা পরিসংখ্যান দিচ্ছি। জি.ডি.এ. স্যাংসান্ড পোস্ট ১৫, আছে ৫, নেই ১০। এম.ও. বিভিন্ন ডিপার্টমেন্টে স্যাংসান্ড পোস্ট ৩০, আছে বর্তমান ৯। সিস্টারের স্যাংসান্ড পোস্ট ৮১, আছে ৪২ জন। সুইপারের স্যাংসান্ড পোস্ট ৪৫, আছে ১২ জন। ড্রেসার নেই, স্টোরকিপার নেই, ইউ.ডি.এ. নেই, এল.ডি.এ. নেই। আমি আপনার মাধ্যমে মা-মাটি-মানুষের সরকারের প্রিয় মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি সেখানে যাতে উপযুক্ত ইনস্ট্রুমেন্ট দেওয়া হয় এবং এই শূন্য পদগুলি যাতে পূরণ করা হয় তার জন্য বিনীত আবেদন রাখছি।

ZERO HOUR

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে ভূমি সংক্রান্ত বিষয়ে ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সাধারণ মানুষ

বি.এল.এল.আর.ও. অফিসে গিয়ে হয়রানির শিকার হয়। বিশেষ করে জমির রেকর্ড, শ্রেণী পরিবর্তন এই সমস্ত বিষয় নিয়ে বি.এল.এল.আর.ও. অফিসে গিয়ে সাধারণ মানুষ দিনের পর দিন চক্কর কাটে। কিন্তু কর্তব্যরত অফিসারদের টনক নড়ে না। জমির শ্রেণী পরিবর্তন বা পাট্টার বিষয়ে বা কম্পিউটার খসড়া তোলার ব্যাপারে গ্রামে গঞ্জে মানুষ খুব অসুবিধায় পড়ে। তাই ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের মাননীয় মন্ত্রী যদি স্পেশাল ভিজিলেন্সের মাধ্যমে এই সমস্যা দূর করে গ্রামের মানুষকে হয়রানির হাত থেকে বাঁচাবার ব্যবস্থা করেন তার আবেদন রাখছি।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় খাদ্যমন্ত্রীও বললেন—চাষীরা যাতে তাদের ফসলের সঠিক দাম পায়, মাঝখানে যেন কোনো মিডলম্যান যেন টাকা লুঠ না করে। আমার কথা হচ্ছে, এফ.সি.আই. এবং পশ্চিমবঙ্গ খাদ্য দপ্তর যদি ৫/৭টা গ্রাম নিয়ে এক একটা মান্ডি তৈরি করে তাহলে ধান কেনার সুবিধা হবে। আমাদের এখানে লেভি সংগ্রহ ৬৩ শতাংশের বেশি হয় না। ১৯১০-১১ সালে বাঁকুড়া জেলায় ৩০ হাজার মেট্রিক টন লেভি সংগ্রহ করবে বললেন মাত্র ৩০০ মেট্রিক টন সংগ্রহ করেছে। মিলিং রাইস ৪০০০ মেট্রিক টন সংগ্রহ করেছে। আজকে শান্তিনিকেতন বা বোলপুরে যে সার্টিফিকেট দেওয়া হয় সেখানে রেসিওটা ঠিক আছে, কিন্তু আমাদের এখানে ৬৩ শতাংশের বেশি হয় না। পাঞ্জাব, হরিয়ানা, ছত্তিশগড়, এসব জায়গায় ৬৮ থেকে ৭০ শতাংশ চাল সংগ্রহ হয়। সেইজন্য রাইস মিল বা যেখান থেকে লেভির চাল সংগ্রহ করা হয় সেখানে মান্ডি বা চাতাল থেকে ধান সংগ্রহ করলে চাষীরা ন্যায্য দাম পাবে এবং মিলগুলো যাতে চলে সেই ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

ডাঃ আশীষ ব্যানার্জী : স্যার, আমি আপনার মাধ্যমে বীরভূম জেলার কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের ব্যাপক দুর্নীতির তদন্ত দাবী করছি। স্যার, এই ব্যাঙ্কের কাছে মানুষ এখন টাকা রাখতে ভয় পাচ্ছে। বিগত বামফ্রন্ট সরকার এই বিষয়ে কোনো সদর্থক ভূমিকা গ্রহণ করেনি। যে কয়েকটা ব্যাঙ্কে ব্যাপকভাবে জালিয়াতি হয়েছে, লেজার পাল্টে দেওয়া হয়েছে, খাতা ফাঁক করে দেওয়া হয়েছে এবং কয়েক কোটি টাকা নষ্ট করা হয়েছে, সেখানে যথার্থ ভূমিকা গ্রহণ করে যে সমস্ত ব্যক্তি এর সঙ্গে জড়িত এবং যারা দায়ী তাদের বিরুদ্ধে যথপোযুক্ত ব্যবস্থা গ্রহণ ও এই ব্যাপারে পূর্ণ তদন্ত শুরু করার আবেদন স্যার আপনার মাধ্যমে মাননীয় সমবায় মন্ত্রীর কাছে রাখছি।

শ্রী অশোক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দুশো বছরের একটা প্রতিষ্ঠান—কেন্দ্রীয় জাহাজ নির্মাণ প্রতিষ্ঠান, এই প্রতিষ্ঠানে কর্মীরা মাইনে পাচ্ছে না। বরাত থাকা সত্বেও কাজ দেওয়া হচ্ছে না। প্রশাসনিক ব্যর্থতা। যাদের সেখানে বসানো হচ্ছে স্যার তাদের অপদার্থতার জন্য আজকে কর্মীরা রাস্তায় নেমেছে। নিজেদের কাজ করেও যেহেতু আমাদের স্লোগান হচ্ছে কাজ বন্ধ করে নয় আমাদের কাজ করার পরেও তারা এখানে রাস্তায় বসে আছে স্যার। এদের মাইনে কেন দেওয়া হচ্ছে না আমরা জানি না। প্রায় ১৪৩ কোটি টাকার বরাত এদের

আছে। এরা কিন্তু টাকাটা আদায় করছে না। ৩১শে আগস্ট স্যার সংখ্যালঘু ভাইদের ঈদ তারাও রাস্তায়। আজকে এই মুহূর্তে যদি আমাদের সরকার বিশেষ করে শিল্পমন্ত্রী হস্তক্ষেপ না করেন, জাহাজ মন্ত্রী আমাদের যিনি আছেন মুকুল রায় মহাশয়, তিনিও চেষ্টা করছেন। কিন্তু অতি সত্বর ব্যবস্থা না করে এদের টাকা যদি না নিয়ে আসে তাহলে স্যার, এই মুহূর্তে আমার মনে হয় অবস্থা অত্যন্ত সিরিয়াস হয়ে দাঁড়াবে। গতকালই আমরা আমাদের শ্রমমন্ত্রীর সঙ্গে কথা বলেছি, আলোচনা করেছি, তাঁকে আমরা ডেপুটেশনও দিয়েছি। তিনিও তৎপর। আমি স্যার আপনার মাধ্যমে বলতে চাইছি যে, অতি সত্বর ব্যবস্থা যদি না হয় তাহলে স্যার, এরা কোর্ট অর্ডার নিয়ে এসেছিল লিকুইডেশনে, এরা চাবি দিয়ে দিচ্ছিল হুগলী ডক এবং নাজিরগঞ্জ কোম্পানী। আপনি স্যার, অবিলম্বে অমাদের মন্ত্রীদের বিশেষ করে শিল্পমন্ত্রী আছেন, শ্রমমন্ত্রী আছেন তাদের হস্তক্ষেপ চান।

শ্রী অজয় দে : স্যার, আগামী ২রা সেপ্টেম্বর কলকাতা সল্টলেকে দুটো বিদেশি টীমের একটা আকর্ষণীয় ফুটবল খেলা হতে চলেছে। একদিকে আর্জেন্টিনা অন্যদিকে ভেনেজুয়েলা। সেখানে আবার বিশ্ববন্দিত খেলোয়াড় মেসি আসছেন। স্বাভাবিকভাবে আমাদের সকলের, সারা দেশবাসীর, রাজ্যবাসীর একটা আগ্রহ, উত্তেজনা, কৌতূহল রয়েছে। স্যার, জানতে পারলাম যে এখনও নাকি টিকিট দেওয়া শুরু হয়নি এবং সরকার এখানে এন্টারটেনমেন্ট ট্যাক্স বসাবেন কি বসাবেন না এই নিয়ে একটা আলোচনা চলছে। স্যার, আমি অনুরোধ করব ফুটবল খেলায় এন্টারটেনমেন্ট ট্যাক্স যাতে না বসে—প্রমোদ করা এবং পাশাপাশি যাতে আমরা বিধায়করাও এই খেলা দেখতে পারি স্যার, আপনার মাধ্যমে ক্রীড়ামন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি এবং গভর্নমেন্ট যাতে ফুটবল খেলায় প্রমোদ কর না বসান। এর জন্য আমি অনুরোধ জানালাম।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, যে কোনো রাজ্যের সরকার হচ্ছে আইনের রক্ষক। এটাই আমরা এতদিন জেনে এসেছি কিন্তু আমাদের রাজ্যে দীর্ঘদিন ধরে যে সরকার ছিলেন সেই সরকার আইনের রক্ষক তো ছিলেনই না বরং যারা আইন ভঙ্গকারী তাদেরকে প্রশ্রয় দিয়েছেন। আমাদের রাজ্যে প্রভিডেন্ট ফান্ড বাকি, আমাদের রাজ্যে শ্রমিকদের গ্র্যাচুইটি প্রদান করা হয় না কিন্তু এতো প্রাইভেট মালিকানাধীন। কিন্তু সরকার নিজেই স্ট্যাটুটরি অবলিগেশন মানেন না, প্রভিডেন্ট ফান্ড জমা দেন না। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন দীর্ঘদিন ধরে শ্রমিকদের থেকে প্রভিডেন্ট ফান্ড কেটেছে এবং সেই টাকা জমা দেননি। আজকে ৭৫ কোটি টাকা সেই প্রভিডেন্ট ফান্ডে জমা পড়েনি বলে শ্রমিকরা তাদের লোন পর্যন্ত পাচ্ছে না। প্রভিডেন্ট ফান্ড জমা না দিলে এটা অপরাধ, শাস্তিযোগ্য অপরাধ। তাদের গ্রেপ্তার পর্যন্ত করা যায়। আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর, মুখ্যমন্ত্রীর সকলের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে শ্রমমন্ত্রী আছেন যে তৎকালীন যিনি পরিবহন মন্ত্রী ছিলেন [***] থেকে শুরু করে [***] পর্যন্ত, তারা সদস্য নয়, তাদের নাম এক্সপাঞ্জ করবেন আমি জানি মাননীয় স্পীকার মহোদয়। এক্সপাঞ্জ করুন কিন্তু যে মন্ত্রীরা রেসপনসিবল তাদের কেন গ্রেপ্তার করা যাবে না। যারা ৭৫ কোটি টাকা সরকারে

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল করা হইল'।

থেকে শ্রমিকদের টাকা জমা দেননি, যে কারণের জন্য শ্রমিকরা তাদের ন্যায্য অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন, আইনগত অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন তাদের কেন গ্রেপ্তার করা হবে না। প্রভিডেন্ট ফান্ড জমা না দিলে তাদের গ্রেপ্তার করার আইন আছে। আমি আপনার মাধ্যমে এইটা সরকারের কাছে জানাতে চাইলাম। শ্রমমন্ত্রী আছেন যদি উত্তর দেন ভাল হয়।

মিঃ স্পীকার : [***] যে নাম দুটো উনি বললেন, যাঁরা সদস্য নন তাদের নাম দুটো একস্‌পাঞ্জ হবে। উনি নিজেও বলেছেন।

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় শোভনদেব চট্টোপাধ্যায়কে আমি এটা বলব যে আমরা ইতিমধ্যেই পি.এফ., গ্র্যাচুইটি, ই.এস.আই. ইত্যাদি যারা যারা বাকি রেখেছেন বিশেষ করে জুট, টী এগুলো নিয়ে আমরা বিশেষ সেল তৈরি করছি। বহু জায়গায়, থানায় এফ.আই.আর. করা হয়েছে। প্রায় দেড়শোর মতো। এগুলো নিয়ে আমরা আস্তে আস্তে প্রসিডিংসে যাচ্ছি। আমি পি.এফ. কমিশনারদের ডেকেছিলাম। তাদের সঙ্গে আমার কথা হয়েছে। অতি সত্বরই এই ব্যাপারে আমরা দেখতে পাব যেমন, ইতিমধ্যেই জুটে একশো কোটি টাকার উপরে পি.এফের ডিউস আদায় করা গেছে। আগামীদিনেই আরও ভালভাবে আমরা করব। এই ব্যাপারে আইনগতভাবে যা যা করা সম্ভব আমরা সেইদিকে উদ্যোগ নিচ্ছি।

[1.45–2.00 p.m.]

After Recess

DISCUSSION ON VOTING ON DEMAND FOR GRANTS

Mr. Speaker: Now, we are taking up Demand Nos. 9, 44 and 29 together for discussion. There is no Cut Motion to Demand Nos. 9, 44 and 29.

Demand Nos. 9, 44 and 29

শ্রী নারায়ণ মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রী শ্রী পার্থ চ্যাটার্জী মহাশয়ের যে বাজেট ভাষণ এবং আরো কয়েকটা ডিমান্ড নাম্বারে যে ব্যয়-বরাদ্দের দাবী রেখেছেন, সেই সম্পর্কে আলোচনা করছি। আমি একটু হলেও জানি যে, মাননীয় মন্ত্রী শিল্প সম্পর্কে খুবই আগ্রহী। মাননীয়া মুখ্যমন্ত্রী—আমি খবরের কাগজে দেখেছিলাম কয়েকদিন আগেই যে, এই পশ্চিমবাংলায় শিল্প স্থাপন সম্পর্কে খুবই আগ্রহী এবং তিনি বলেছেন, অর্থসঙ্কট কাটাতে শিল্পের ভীষণ প্রয়োজন। ইট ইজ মোর দ্যান এ ফ্যাক্ট। অর্থসঙ্কট কাটাতে শিল্পের যে প্রয়োজন, এই বিষয়ে কোনো সন্দেহ নেই। কারণ, আমাদের রাজ্যের কি আয় আছে ? সেল ট্যাক্স—বিক্রয় কর থেকে, ইনকাম ট্যাক্স কিছু অংশ আসে সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে। আর আমাদের যে শিল্প, এই শিল্প স্থাপন হলে তার থেকে যে রপ্তানি হয়, তার থেকে কিছু টাকা আয় হয়। আর তো সব ব্যয়। পরিষেবামূলক, অথবা মেধা ভিত্তিক। ফলে ইন্ডাষ্ট্রি যদি না গড়ে ওঠে, তাহলে সেই রাজ্য মরুভূমি হয়ে যাবে, এই বিষয়ে

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল করা হইল'।

কোনো সন্দেহ নেই। শিল্প স্থাপনের মধ্যে দিয়েই ইকনমিক অ্যাকটিভিটি বাড়ে। যার ফলে রাজ্যের অর্থনৈতিক উন্নতি ঘটে এবং কর্মসংস্থানের দরজা খুলে যায়। এই বিষয়ে কোনো সন্দেহ নেই। মাননীয় মন্ত্রী বাজেট বিবৃতিতে বলেছেন, "১৯৭৫-৭৬ সালে যেখানে রাজ্যের নীট অভ্যন্তরীণ উৎপাদনে উৎপাদন শিল্পের ভাগ ছিল ১৯ শতাংশ, সেটা ২০০৬-০৭ সালে নেমে দাঁড়িয়েছে ১০ শতাংশে।" কিন্তু আরেকটা চিত্র আছে। এটা যেরকম আপনি বললেন, তেমনই আরেকটা চিত্রও আছে। আর একটা চিত্র আছে সেই তথ্যটা বলছি, সেটা পড়লে বোঝা যাবে, সেটা হচ্ছে ১৯৯১ সাল থেকে ২০০০ সাল পর্যন্ত শিল্পে আমাদের এই রাজ্যে প্রতি বছর গড়ে ৫০০ কোটি টাকার বিনিয়োগ হয়েছে। আর ২০০১ থেকে ২০০৯ পর্যন্ত এই ১০ বছরে রাজ্যে শিল্পের ক্ষেত্রে প্রতি বছর গড়ে বিনিয়োগ হয়েছে ৫ হাজার কোটি টাকা। স্যার, এই তথ্যই এটাই প্রমাণ করছে যে যাবতীয় বাধা সত্বেও inspite of all obstacles শিল্প বিকাশের কাজ এগিয়েই চলেছে। এটা এগিয়েই চলেছে, তথ্য যা বলছে। তথ্যে এটাও বোঝা যাচ্ছে ২০০৯ সালে সবচেয়ে বেশি বিনিয়োগ হয়েছে যার পরিমাণ ছিল সাড়ে ৮ হাজার কোটি টাকা। আর যে সব ক্ষেত্রে বর্তমানে বেশি বিনিয়োগ হচ্ছে তার যদি একটা ক্রমতালিকা করা যায়, সিরিয়ালি তৈরি করা যায় তাহলে দেখতে পাব প্রথমেই আমাদের রাজ্যে পেট্রো ও কেমিক্যাল শিল্প এক নম্বরে, প্রথম। লৌহ ও ইস্পাত শিল্প এটা হচ্ছে দ্বিতীয় স্থানে। আর খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প, ফুড প্রসেসিং এটা তৃতীয় স্থানে। পেট্রো ও কেমিক্যাল শিল্পে এই রাজ্যে ৯০০টি ক্ষুদ্র ও মাঝারি শিল্প ইউনিট তৈরি হয়েছে এবং ১ লক্ষ কর্মসংস্থান হয়েছে। দেশের ভিতরে এবং দেশের বাইরে শুধু শিল্প গেলো গেলো রব ছেড়েছেন আপনারা। তথ্য তা বলছে না, তথ্য তার উল্টো বলে। ক্ষুদ্র শিল্প ইউনিট তৈরি এবং কর্মসংস্থান যা সৃষ্টি হয়েছে তাতে পশ্চিমবঙ্গ সারা দেশের মধ্যে প্রথম স্থান উঠে এসেছে। এবং তার ৬২তম যে জাতীয় নমুনা সমীক্ষা আছে—মাননীয় পার্থবাবু জানেন, এ সব তাঁর ভালোভাবে জানা। সেই নমুনা সমীক্ষায় এটা প্রকাশ পেয়েছে, আমি এটা বানিয়ে বানিয়ে বলছি না। বন্ধ যে শিল্প—আপনি লিখেছেন, আপনার বইটা আমি পড়েছি, প্রতিটি লাইন ভালো। আপনি শুধু ১৯৭৫-৭৬ সালের তুলনা করেছেন পরে, আমি শুধু সেটা নিয়ে বলছি, রাজ্যে প্রচেষ্টা চালাবার জন্য যে সব কথা লিখেছেন, সত্যিই তো এই ৯০ দিনে আপনি আর কত কি লিখবেন, যা ছিল তার উপরে ভিত্তি করে আপনি লিখেছেন। তাতেই আপনার সদিচ্ছা প্রকাশ পেয়েছে বন্ধ শিল্প ইত্যাদি ব্যাপারে। আমি বন্ধ শিল্পের কথা বলি, বন্ধ শিল্পে আর্থিক সহায়তার কাজ এই রাজ্যেই কিন্তু প্রথম দেওয়া হয়েছিল। অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের জন্য পি.এফ.-ও এই রাজ্যে প্রথম চালু হয় ২০০১ সালে। তথ্য প্রযুক্তি যে শিল্প, এই শিল্পে সাম্প্রতিক আর্থিক মন্দার মোকাবিলা পশ্চিমবঙ্গ সব থেকে ভালোভাবে করেছে। এই যে আর্থিক মন্দা সেই মন্দার মোকাবিলা তথ্যপ্রযুক্তি শিল্প দিয়ে করেছে এই রাজ্য সরকার। তথ্য প্রযুক্তি শিল্পে বিনিয়োগ বেড়েছে বহু গুণ। যেমন একটা তথ্য বলি, ২০০৫-০৬ সালে তথ্য প্রযুক্তি শিল্পে রপ্তানী থেকে পশ্চিমবঙ্গ আয় করেছিল ২৭০০ কোটি টাকা। বর্তমানে সেটা বেড়ে হয়েছে ৬৪০০ কোটি টাকা। এটা একটাও আমার কথা নয়, জাতীয় নমুনা সমীক্ষা বলছে এবং ২০০৫-০৬ সালে—আমি অসত্য বলছি নাকি ? It is more than fact. ২০০৫-০৬ সালে তথ্য প্রযুক্তিতে কাজ করতেন ৩২ হাজার। এই মুহূর্তে ১ লক্ষের বেশি

ছেলেমেয়ে তথ্য প্রযুক্তিতে কাজ করেন। এবং তিন বছরের মধ্যে এই সংখ্যা দ্বিগুণ হবে। পার্থবাবু যেটা বলতে চাইছেন, এটা করতে পারলে এর সংখ্যা দ্বিগুণ হবে। ওনার সদিচ্ছা আছে এবং করতে পারবেন বলে ওনার উপর আমার ভরসাও আছে। আমি ওনার উপর কোনো অনাস্থা আনছি না। কিন্তু আমি যা বলছি, এটা ঘটনা তাই বলছে। উনি একটা কথা বলেছেন তাই বলছি। শুধু আপনারা যেটা করেছেন এটা ঘটনা। ২০০৬ সালে যে নির্বাচন হল, সেই নির্বাচনে পূর্বতন সরকার যখন সাধারণ ক্ষমতায় এলো তারপর থেকেই শিল্প, রাস্তা, হাসপাতাল করতে বিভিন্ন জমি নেওয়ার ক্ষেত্রে একটা বাধা এসেছিল। আপনারা একা করেছেন বলছি না। আপনারা করেননি অনেক সময় সাধারণ লোক করেছে এমনও হয়েছে। কিন্তু আপনাদের নেতৃত্বে এটা হয়েছে। সবচেয়ে দুঃখের আপনাদের নেতৃত্বে এটা হয়েছে। কিন্তু এখন আপনারা বুঝতে পারছেন এবং মাননীয়া মুখ্যমন্ত্রী যেটা বলেছেন, আমি বিভিন্ন কাগজে, আনন্দবাজার কাগজেও পড়েছি এবং তাতে বোঝা যাচ্ছে, আর্থিক সংকট কাটাতে রাজ্যে শিল্প স্থাপনের যে ভীষণ প্রয়োজন এটা উপলব্ধির মধ্যে এসে গেছে। আমার মনে হয়েছে যদি আপনারা আগে এখানে আসতেন, আগে সরকার করতেন তাহলে সিঙ্গুর হত না। আপনারা বুঝতে পারতেন। যেহেতু সিঙ্গুর matter is sub-judies আমি আলোচনা করব না। কিন্তু আমি একটা কথা বলতে পারি আলোচনা না করেও, সিঙ্গুরে অনিচ্ছুক চাষীদের ৪০০ একর জমি দিয়ে দিন। কিন্তু বাকি ৬০০ একর জমিতে টাটাদের সঙ্গে কথা বলে শিল্প স্থাপন করলে আমাদের রাজ্যের পক্ষে খুব মঙ্গল হবে। ওখানকার যে সমস্ত প্রোডাকটিভস তাতে মঙ্গল হত। আরে পরেশবাবু আপনার সঙ্গে আমার ভালো সম্পর্ক, আপনি ওরকম করছেন কেন ? এটা বলছি যদি হয়। আমি অন্য কথা বলছি না। Matter is sub-judies তাই আমি আলোচনা করতে চাইছি না। শুধু এটা বলছি ৪০০ একর অনিচ্ছুক চাষীদের দিয়ে দিয়ে বাকি যেটা থাকবে তার উপর শিল্প হোক। মাননীয় রবীনবাবু এখানে নেই। শিল্প হোক। যে শিল্পে বিনিয়োগ করলে রপ্তানি বাণিজ্য বাড়বে সেই শিল্প। যে শিল্প করলে রপ্তানি বাণিজ্য বাড়বে, যাতে আয় হবে সেই শিল্প। এটা আপনারা জানেন, যে যখন আমরা শিল্প তৈরি করি তখন শিল্পপতি বা শিল্পদ্যোগীরা আসেন—তারা মার্কেট দেখেন, রপ্তানি হবে কিনা দেখেন, অভ্যন্তরীণ বাজার দেখেন, উৎপাদন কোথা থেকে হবে দেখেন—এগুলো দেখে করেন। ওই তো রবীনবাবু এসে গেছেন। রবীনবাবু আপনাকে তো আমি অনেকদিন চিনি, আপনি ছিলেন শিক্ষামন্ত্রী এখন আবার কৃষিমন্ত্রী হয়েছেন। শিক্ষামন্ত্রী হলে ভালোই তো হত। কিছু মনে করবেন না। আপনি পণ্ডিত মানুষ, আপনি অনেক অভিজ্ঞ, খুব ভালোই ছিল। আপনার কথাই বলছিলাম সিঙ্গুরের ব্যাপারে। সিঙ্গুরের যে ৪০০ একর জমি সেটা অনিচ্ছুক চাষীদের দেন তো ভালো। বাকি যে ৬০০ একর জমি থাকছে সেখানে শিল্প স্থাপন হোক। তাতে আমাদের রাজ্যের মঙ্গল হবে। আমাদের আয় বাড়বে। রাজ্যের আয় বাড়বে। এটা যদি করা যায় খুব ভালোই হয়। আমার কথা এটাই। মাননীয় মন্ত্রী পার্থবাবু আপনি সেটা বলেছেন, আমি দেখলাম, আমাদের পূর্বতন সরকারের যিনি অর্থমন্ত্রী ছিলেন, তিনি বিবরণ দিচ্ছেন—In the sphere of large and medium industries, despite several obstacles, the level of materialized industrial investment the state has increased noticeably from Rs. 8,493.43 crore in 2009 to Rs. 15,052.23 crore in 2010.

[2.00–2.10 p.m.]

এটা দিতে পারছে। আমি আপনাকে অন্য কিছু বলছি না, আপনি উল্লেখ করেননি, আমি আপনাকে উল্লেখ করতে বলছি না। উল্লেখ করার কথা আপনার। আমি বলছি এটা এখানে পাচ্ছি। আরও বলা হচ্ছে যে, from 1991 to 2010, the total number of units set up in large and medium industries in the state has reached 2531 with materialized movement of Rs. 65,685 crore and creating potential of direct employment generation of 2.98 lakh. সুতরাং একেবারে ব্যর্থতা এর মধ্যে এটা বলা যাবে না। একটা জিনিস হয়েছে কি, মানুষের মধ্যে এমন একটা সৃষ্টি করে দিয়েছেন পশ্চিমবাংলা গেল গেল, শিল্পটা উঠে গেল, বাইরেও যা ভেতরেও তাই। তথ্যপূর্ণভাবে আমি বলছি।

(গোলমাল)

হারা-জেতার কথা এখানে বলবেন না। হারা-জেতা যাওয়া অন্য জিনিস। আমি তা বলছি না। আপনারা যে গেল গেল রব তুলেছিলেন, সেটা তো গেল গেল না—সিঙ্গুর বা নন্দীগ্রাম হয়েছিল বলে সারা পশ্চিমবাংলা যায়নি, বেড়েছে, বিনিয়োগ বেড়েছে, রপ্তানী বাণিজ্য বেড়েছে। আয় বেড়েছে রাজ্যে। Employment বেড়েছে। Employment generate করেছে। আমি তো এই budget-এর বিরোধিতা করে কিছু বলছি না। মাননীয় পার্থবাবু যেটা লিখেছেন, তার যে উদ্যোগ তার যে সদিচ্ছা, সেটার প্রতি আমার সহানুভূতি আছে, আপনি এগিয়ে যান, এই কথা বলে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য এখানে শেষ করছি।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয়েছিল যে, দীর্ঘ বছর একটি রাজ্যকে যারা পরিচালনা করেছে, CPM তথা বামফ্রন্ট, মাননীয় সদস্য শ্রী নারায়ণবাবুও এই হাউসের অনেকদিনের মেম্বার, তিনি অন্তত তার উপরে একটুখানি highlight করেছেন। তিনি এখানে কয়েকটি কথা বলার চেষ্টা করেছেন। আমি শুধু একটা কথার জবাব দিই, সেটি হচ্ছে এর আগে এলে কি হত। এর থেকে আগে এলে কি হত ? এর থেকে আগে এলে আর একটা দুর্গাপুর তৈরি হত। এর থেকে আগে এলে আর একটা কল্যাণী তৈরি হত। এর থেকে আগে এলে আর একটা হলদিয়া তৈরি হত। আমি আপনাকে—সময় কম, নাহলে, আপনি আমার জেলার মাননীয় বিধায়ক, আমি মাননীয় আমাদের আজকের মন্ত্রী মহাশয় শিল্প ও বাণিজ্য বিভাগের, রাষ্ট্রায়ত্ত শিল্পের এবং শিল্প পুনর্গঠনের যে দাবী তিনি পেশ করেছেন, বিবৃতি দিয়েছেন তাকে পূর্ণ সমর্থন করে আমার সময় কম স্যার, আমি কয়েকটি কথা এই পবিত্র বিধানসভায় সকল মাননীয় সদস্যদের কাছে নিবেদন করতে চাই। সময় খুব অল্প ছিল এই সরকারের, মা-মাটি-মানুষের, ১০০ দিন পূরণ করার কাছাকাছি গিয়েছে। এরই মধ্যে আমাদের সকলকেই সমস্ত বিধানসভার সদস্যদের এবং রাজ্যবাসীকে এই সরকারের যিনি প্রধান মাননীয়া মুখ্যমন্ত্রী, শিল্প বাণিজ্য, সরকারি শিল্প এবং শিল্প পুনর্গঠনের ক্ষেত্রে তিনি নতুন দিশা দিতে পেরেছেন এবং আমাদের মাননীয় মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়, দেখুন একটি রাজ্য

শিল্পে কি করে স্বয়ংসম্পূর্ণ হতে পারবে, ব্যবসা-বাণিজ্যে বসতে লক্ষ্মী, একে কি করে, যেটা হারিয়ে গিয়েছে গত দীর্ঘবছরে তাকে কি করে আনতে হবে, তার জন্যে কতগুলো নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং আমাদের সকলকে এবং রাজ্যবাসীকে আশ্বস্ত করেছেন। তিনি প্রথম বলেছেন যে, শিল্পের জমিতেই শিল্প হবে। তিনি দ্বিতীয় যেটা বলেছেন যে, জমি ব্যবহারের মানচিত্র। এবং land bank

....(voice from the Opposition Bench : আগেও land bank-এর কথা বলা হয়েছিল).....

বলেছিল, কিন্তু করেনি দাদা। এখানে বলা আর কওয়ার মধ্যে পার্থক্য আছে বুঝেছেন। বলা আর কওয়ার মধ্যে পার্থক্য আছে। আগে বলেছিল, এখন করে ফেলেছে। শিল্পের জন্য জমি বছরের পর বছর ফেলে রাখা, এই ফেলে রাখার ব্যাপারে যা মাননীয় মন্ত্রী মহাশয় বলছেন যে একে ফেলে রাখা যাবে না, সরকার উদ্যোগ নিয়ে এখানে শিল্প করবে বা উদ্যোগপতিদের জন্য তা আবার পুনরায় তাকে বরাদ্দ করা হবে। শিল্প স্থাপনের ক্ষেত্রে আর একটি বড় ডিসিসান যেটা, আমরা বারবার ওইদিক থেকে বলতাম যে ওয়ান উইনডো সিস্টেম, যদি ওয়ান উইনডো সিস্টেমে গুজরাট মানে এক কথায় একেবারে তিন মাসের মধ্যে, উইদিন নাইন্টি ডেজ, একটা বড় শিল্পের ব্যাপারে হাজার হাজার কোটি টাকার সিদ্ধান্ত তারা গ্রহণ করতে পারে, মহারাষ্ট্র পারে, কর্ণাটক পারে, হায়দ্রাবাদ বা চেন্নাই পারে, তাহলে আমরা পারব না কেন ? এখানে যোগ্যতার সঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে, ওয়ান উইনডো সিস্টেমটাকে তিনি নিশ্চয় করবেন এবং সঙ্গে যে দরখাস্ত শিল্প স্থাপনের জন্য করা হয় তাকে সরলীকৃত করবেন। যেখানে ৩১৩ দিন সময় লাগে তা তিনি কমিয়ে নিয়ে এসে, তিনি রাজ্যে শিল্প স্থাপনের ক্ষেত্রে, তিনি শিল্পদ্যোগীদের পাশে ইতিমধ্যেই এই রাজ্যকে উন্নত করার চেষ্টা করবেন। আমি আর একটা দিকে যাই, যেটা নীতিগত সিদ্ধান্ত—মা-মাটি-মানুষের সরকার অল্পদিনের মধ্যে নিয়েছেন, তিনি বলছেন একটা ওয়ার্কিং গ্রুপ তৈরি হয়েছে। আই মিন, সমস্ত, এখানকার যারা, যে মানুষগুলি ব্যবসা বাণিজ্য চালায়, সমস্ত শিল্পের সঙ্গে যুক্ত মানুষ, শিল্পপতি সহ সমস্ত তাদের ফেডারেশান এবং সি.আই.এ. তাদের সমস্ত প্রতিনিধিদের সঙ্গে মিটিং করে একটা ওয়ার্কিং গ্রুপ, শক্তিশালী ওয়ার্কিং গ্রুপ তৈরি করেছে। কারণ একটা দিশা আছে এই সরকারের, সরকার বলছে আমি ব্যবসা-বাণিজ্য, শিল্প এবং সরকারি শিল্প এবং পুনর্গঠনের ফলে সমস্ত দিকগুলি থেকে একটা নতুন দিশা নিয়ে পশ্চিমবাংলাকে আমি সুন্দর বাংলা গড়তে চাই। শিল্প ছাড়া তো সুন্দর বাংলা গড়বে না ; শিল্প ছাড়া তো চাকরি হবে না, যে লক্ষ লক্ষ বেকার অপেক্ষা করে আছে, তাই তিনি সেই ওয়ার্কিং গ্রুপটিতে একটা শিল্প সম্বন্ধীয় তথা ভূমি সংক্রান্ত আইনের বিষয়টি তিনি এনেছেন। এটা পর্যালোচনা করতে হবে। কারণ জোর করে যে শিল্প তৈরি করবেন, জোর করে করতে গিয়ে গরীব আরও গরীব হয়েছে, কৃষকরা তাদের জমি জায়গা হারাচ্ছে, রাজ্যে এক অভূতপূর্ব পরিবেশ সৃষ্টি হয়েছে, সেইখানে সারা ভারতবর্ষের কাছে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যে জমি সংক্রান্ত বিষয়ে তিনি যে দিশা দিতে চাইছেন, আজকে সারা ভারতবর্ষ এটাকে গ্রহণ করার চেষ্টা করছে। আমরা গর্বিত যে আমাদের রাজ্য থেকে আমরা এই আন্দোলনমুখী হয়েছি। শিল্প স্থাপনের পর্যালোচনাগুলিকে কার্যকরী করার নির্দেশ কে দেবে এই ওয়ার্কিং গ্রুপের মধ্যে আরও দুটি,

তার মধ্যে সাব-গ্রুপ করা হয়েছে যে তারাই সমস্ত প্রস্তাবনাগুলির উপর যে প্রস্তাবগুলি আসবে সরকারের কাছে তা সরকার ডিল করতে পারে, সরকার তা নিজের মতো করে করতে পারে। শিল্পপতি এবং শিল্পের সঙ্গে যুক্ত মানুষগুলিকে নিয়ে তিনি যে ওয়ার্কিং গ্রুপ তৈরি করেছেন তার মধ্যে দুটি স্তর তিনি আবার সৃষ্টি করেছেন যাতে এই কাজে কোনো বাধা কোনো হিনড্রান্স বা কোনোরকম অতি রাজনীতির মধ্যে আবদ্ধ না থাকে। এই বিনিয়োগের প্রস্তাবের ক্ষেত্রে কিন্তু অল্প সময়ের মধ্যে বিনিয়োগের প্রস্তাবগুলিকে নিয়ে সেগুলিকে কাজে লাগাতে শুরু করতে পেরেছেন, তার প্রমাণ হচ্ছে, তিন হাজার দুইশত দুই কোটি পয়েন্ট ফাইভ, এই কাজটা অলরেডি শুরু করে দিতে পেরেছেন, একটা সরকার এই অল্পদিনের মধ্যে। আমি ধন্যবাদ দিই মাননীয় স্পীকার স্যারের মাধ্যমে, মাননীয় মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়কে, কারণ তিনি মানুষ হিসাবে এখানে এসেছেন। তাই শিল্পের সঙ্গে ভারতবর্ষের যে বড় শিল্পগুলি তা সেই বড় শিল্পগুলির সঙ্গে নিজের কর্মজীবনে, ছাত্রজীবনের পর নিযুক্ত ছিলেন, তাই তিনি বোঝেন, কোন শিল্পে কতটা গুরুত্ব দিতে হবে এবং শিল্প স্থাপনের ক্ষেত্রে তার যে অগ্রগতি, শিল্প পরিচালনার ক্ষেত্রে তার যে অগ্রগতি এই হাউস তা পাবে, তার জন্য আমি তাকে ধন্যবাদ জানাই। দ্বিতীয়ত, আমি বলতে চাই যে বিবেচনাধীন যেগুলি ওই সরকার খালি বলত না, এত লক্ষ হাজার কোটি টাকার প্রস্তাব বিবেচনাধীন। আমি বলছি, এখানে বিবেচনা করুন, কিন্তু বিবেচনার মধ্যে কাজটা করতে হবে, এটাও রাখুন। ৩০ হাজার কোটি টাকা, তাতে কর্মসংস্থান কাছাকাছি ১ লক্ষ হবে। এটা বিবেচনাধীন। আমি মাননীয় মন্ত্রীকে বলব, এই বিষয়গুলিকে আরও গুরুত্ব দিয়ে, যেগুলি বিবেচনাধীন, সেগুলি আপনি যে সরলীকৃত করার কথা বলেছেন, আপনি যে এই প্রস্তাবগুচ্ছকে তাড়াতাড়ি ওয়ান উইনডো করার চেষ্টা করেছেন, আপনি যদি করেন, তাহলে আপনি আপনার টার্গেট পয়েন্টে যেতে পারবেন। আমার সময় স্বল্প, আমাদের যেটা রাষ্ট্রায়ত্ব বিভাগ, আমাদের পশ্চিমবাংলায় গত ৩৪ বছরে, এটা বললে নারায়ণবাবুরা অনেকে আছেন হয়তো লাফিয়ে উঠবেন।

[2.10–2.20 p.m.]

আপনারা দেখুন এই শিল্পগুলোতে এই যে ৬৩টি পাবলিক এন্টারপ্রাইজ, মোট ৯৫টি—এই ৯৫টির ক্ষেত্রে আপনাদের যে উদ্যোগ নেওয়া উচিত ছিল পরিচালনার ক্ষেত্রে, সঞ্চালনের ক্ষেত্রে, তাকে আর্থিকভাবে পুনর্গঠনের ক্ষেত্রে এবং প্রকৃত মানুষকে যারা দক্ষ প্রশাসক তাদেরকে দিয়ে করানোর ক্ষেত্রে। তা নাহলে রাজ্যের কোষাগারে ক্ষতি হবে এবং এই ক্ষতির পরিমাণ আপনারা কখনোই কমাতে পারেননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই এই রাষ্ট্রায়ত্ত শিল্পের ক্ষেত্রে আমি মাননীয় মন্ত্রীকে বলতে চাই, যে দক্ষ প্রশাসক, প্রয়োজনীয় ক্যাপিটাল, আধুনিক সরঞ্জাম এবং সামাজিক নিরাপত্তার সঙ্গে সঙ্গে বাণিজ্যিক দৃষ্টিকোণ আপনাকে রাখতে হবে। শক্তিশালী শিল্প সম্পর্ক গড়ে তুলতে হবে রাজ্যে। কারণ শক্তিশালী শিল্প সম্পর্ক গড়ে তুলতে না পারলে যে শিল্প গভর্নমেন্ট ওয়ার্কিং গ্রুপ কোম্পানী ৬৩ আছে এবং স্ট্যাটিউটরি কর্পোরেশান আছে ৯টি এবং নন ওয়ার্কিং গভর্নমন্ট কোম্পানী সেটা ২২টা। এইরকম নন ওয়ার্কিং স্ট্যাটিউটরি একটি। এতে আপনাকে কঠিন পরীক্ষার সম্মুখীন হতে হবে। কারণ এরা যা রেখে গিয়েছে তাতে অত্যন্ত খারাপ জায়গায় আমরা রয়েছি। এটাকে

আপনাকে পুনর্গঠন করতে হবে। এই পুনর্গঠনে ডি.এফ.আই.ডি. ব্রিটিশ সরকার থেকেও টাকা নিয়ে এসে গত সরকার, পূর্বতন সরকার এরা চেষ্টা করেছিল। আমি আপনার কাছে মাননীয় চেয়ারম্যানের মাধ্যমে জানতে চাই যে এরা কত টাকা ব্রিটিশ সরকার ডি.এফ.আই.ডি.-র কাছ থেকে নিয়েছে। কত শ্রমিককে এরা ছাঁটাই এবং কত টাকা সেখান থেকে নিয়ে সত্যি সত্যি সদ্ব্যবহার করতে পেরেছে। আমার শেষ কথা, পুনর্গঠন দপ্তর নিয়ে। এই পুনর্গঠন দপ্তরে যেগুলো বি.এফ.আই.আর.-এ ছিল সেই বি.এফ.আই.আর.-এ ৩৬১টি আপনি দেখিয়েছেন এবং ৩৬১টির পর ২৫টি কেন্দ্রীয় সরকারের ছিল এতে কোনো সন্দেহ নেই। এই বি.এফ.আই.আর. অকারণ বন্ধ হয়েছে অসংখ্য কারখানা, লক্ষ লক্ষ শ্রমিক কাজ হারিয়েছে, চাকরি হারিয়েছে। এখানে আমার বক্তব্য যে শিল্প পুনর্গঠনের ক্ষেত্রে মাননীয় মন্ত্রীকে অনেক বেশি জোর দিতে হবে। আশা করি তিনি তা করবেন এই কটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী চিরঞ্জিৎ চক্রবর্তী : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে তার প্রকাশিত বাজেটের জন্য ধন্যবাদ প্রদান করে আমার আন্তরিক পূর্ণ সমর্থন জানাই এবং সেই সঙ্গে মাননীয় স্পীকার আপনার মাধ্যমে ২-১টি কথা বলতে চাই। অবশ্য তার আগে মা-মাটি-মানুষের সরকারের নেত্রী আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে কবিগুরুর দু ছত্রর কবিতা বলে শুরু করি—

"ওদের কথায় ধাঁধা লাগে, তোমার কথা আমি বুঝি,
তোমার আকাশ তোমার বাতাস এই তো সবই সোজাসুজি।"

সত্যি কত সহজে আমার মতো একজন আনকোরা এই বিধানসভায় বসে মাত্র কয়েকদিনের মধ্যে রাজ্য চালনার মোদ্দা কথাটা কত সহজে বুঝে গেলাম। তা আজ সরকারের প্রথম ৯০ দিনের প্রতিবেদনে এত সহজে যা বোঝানো হয়েছে তা এর আগে কখনো কেউ এত সহজ করে বলেননি। আসলে সততা, সত্যবাদীতা, স্বচ্ছতা থাকলে আর সর্বোপরি নিজের ওপর দলের জন্য না গুছিয়ে, নিজের জন্য না গুছিয়ে যদি সাধারণ গরীব মানুষের কথা দিন রাত কেউ ভাবেন এবং সত্যি সত্যি কিছু করতে এগিয়ে আসেন তাহলে কথা তো এমন সরল, স্বাভাবিক হবে। এবারে একটু আমার কথায় আসি। আমার অভিনয় জীবনের প্রথম দুটি ছবির মধ্যে একটি ছবির নাম ছিল 'সন্ধান'। এতে আমি একজন ইনভেস্টিগেটিং জার্নালিস্টের রোলে অভিনয় করেছিলাম। আজ বিধানসভায় আমার জীবনের প্রথম বক্তৃতা বা মেড ইন স্পিচ দিতে গিয়ে তেমনই কিছু অনুসন্ধানমূলক তথ্য আপনাদের দিতে চাই। যা থেকে পরিষ্কার হবে কেন এই পরিবর্তন। পশ্চিমবঙ্গের বিগত দিনের সরকার বারবার শিল্পায়ন ও বিনিয়োগের কথা বলেছেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় কিছু অশক্তকর স্পঞ্জ আয়রন কারখানা ছাড়া তারা কিছুই করে উঠতে পারেননি। নিট রেজাল্ট মার্চ মাসের ২০১১ পর্যন্ত মাননীয় অর্থমন্ত্রীর হিসাব অনুযায়ী ঋণের পরিমাণ এক লক্ষ পঁচাশি হাজার ছয়শো ষাট কোটি টাকার মতো। রাজস্ব আদায়ের প্রায় ৯৩ শতাংশ সুদ দিতে হয়। হায় উন্নয়ন ! এক সময়ে শ্রমিক দরদী বন্ধু হিসাবে যারা পরামর্শ দিয়ে সহজ কথায় শ্রমিক খেপিয়ে তাদের ভুল পথে

পরিচালিত করে শ্লোগান তৈরি করেছিলেন 'মালিকের কালো হাত ভেঙে দাও, গুঁড়িয়ে দাও', তাদের পরামর্শে ক্রমাগত ঘেরাও, হরতাল, অবরোধ, লাগাতার ধর্মঘটের অবৈজ্ঞানিক চাপে ৫৭ হাজার চালু কারখানা বন্ধ করে মালিকরা অন্যত্র গমন করেছে। আর আজ ক্ষুধার্ত নিপীড়িত কর্মহীন শ্রমিক ভাইয়েরা ফ্রাঙ্কেনস্টাইন হয়ে সেই বামপন্থী দালালদের ভোট বাক্সে ছুঁড়ে ফেলে দিয়েছে। যে চাষীরা তাদের বন্ধু ভেবেছিলেন, তাদের ইচ্ছা-অনিচ্ছাকে পরোয়া না করে কোনো ল্যান্ড ব্যাঙ্কের তোয়াক্কা না করে, সিঙ্গুরের তিন ফসলী, চার ফসলী জমি জোর করে তাদের কাছ থেকে কেড়ে নেওয়া হয়েছে। রোমান সম্রাট নেরোর মতো উপরে দাঁড়িয়ে বেহালা বাজাচ্ছেন, আর পুরো রোম নগরীটা তখন পুড়ছে। আর তিনি বলছেন, পুরোনো রোম নগরী পুড়ে যাওয়ার পরে, নতুন রোম নগরী সেখানে তিনি গড়ে তুলবেন। সেই সর্ষে ভরা সবুজ শ্যামলিমাকে ধূলিস্যাৎ করে তিন ফসলী, চার ফসলী জমিকে ধ্বংস করে সেখানে নাকি একটা কারখানা তৈরি করা হবে। দুর্ভাগ্য সেটা হয়নি। ফল কি হল ? ফল হল, ২৩৫-এর নধর চেহারা থেকে আজকে ৬১-র কঙ্কালসার চেহারা হয়ে গেল। না সিঙ্গুর, না নন্দীগ্রাম, না নয়াচর, কোথাও খাটেনি তাদের জারিজুরি। Commerce and Industries Department, Government of West Bengal, ২০০৯-২০১০ সালের Annual Report অনুযায়ী বোলপুর গ্রোথ সেন্টারের অধিগৃহীত ১৯৭ একর জমির মধ্যে এক একর জমিও এই এগারো বছরে alloted হয়নি। এর পরেও কি চাষীরা ক্ষমা করবে ? চাষীরা তাই আর ওদের বিশ্বাস করেনি। পরিবেশ বান্ধব শিল্প গড়া যাবে, মানুষের কোনো স্বাস্থ্যহানি ঘটবে না, এই ব্যবস্থাই করেছেন আমাদের বর্তমান শিল্পমন্ত্রী এবং তিনি বলেছেন, কোনো ঘেরাও, বন্‌ধ চলবে না। মানুষের কর্মক্ষমতা ফিরিয়ে আনতে হবে প্রতিটি ক্ষেত্রে।

এরপরে আমি আমার কথায় যাচ্ছি, কারণ ঢেঁকি তো স্বর্গে গিয়েও ধান ভাঙবে। কারণ আমি তো ফিল্ম ইন্ডাস্ট্রিতে ছিলাম, সেখানে আমার ৩০-৩৫ বছরের অভিজ্ঞতা। প্রথমে আমি সত্যজিৎ রায়ের সঙ্গে কাজ করেছিলাম ওনার Directorial observer হিসাবে। ১৯৭০ সালে সেই আমার এই লাইনে প্রবেশ। সেটা আমার পরোক্ষভাবে প্রবেশ, তারপরে প্রত্যক্ষভাবে আমি চলচ্চিত্র জগতে প্রবেশ করি। এখানে অভিনয় জগতে ত্রিশ বছরের অভিজ্ঞতা আমার কাছে একটা দুঃখের জীবন হয়ে রয়েছে। কারণ এই ৩০ বছরের মধ্যে ৩৪ বছর এই বামফ্রন্ট সরকারের আমলে ব্রান্ড চিরঞ্জিৎ তৈরি হয়েছে বটে, কিন্তু যে ইন্ডাস্ট্রিতে আমি বেড়ে উঠেছি সেই ইন্ডাস্ট্রি ক্রমেই ধ্বংসের মুখে চলে গেছে। আমি হিসাব করে দেখেছি প্রায় সাতাশ বার বুদ্ধবাবুর সঙ্গে আমরা meet করেছি, তখন তিনি ওই দপ্তরের মন্ত্রী ছিলেন। তাঁকে বহু আবেদন নিবেদন করেও স্টুডিওতে একটা বাথরুমও আমরা তৈরি করাতে পারিনি। সেই পূতিগন্ধের মধ্যে এই ইন্ডাস্ট্রিটা চলে। কয়েকদিন আগে আপনারা দেখেছেন সেট ভেঙে পড়েছে, ছাদ ভেঙে পড়েছে, আগুন লেগে গেছে। অর্ধেক স্টুডিও আজকে নেই। রূপায়ণ ল্যাবরেটরি ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। কাজেই আমার যেটা প্রধান কথা, amateurist pattern of industry যেটা হয়ে আছে—যেটাকে Film Industry বলা হয়, এটা কিন্তু ইন্ডাস্ট্রি নয়। এটাকে যদি মাননীয় শিল্পমন্ত্রী ইন্ডাস্ট্রির মর্যাদা এনে দেন তাহলে

আমরা বাধিত হব। এখানে যে গরীব মানুষগুলো, যে কলাকুশলীরা কাজ করেন তাঁরা সামান্য রোজগার করেন। দেশের যা অবস্থা তৈরি হয়েছে, যেভাবে মানুষের রোজগার হয় তাতে বেশি দামের টিকিট তারা কাটতে পারে না। সেইজন্য যখন রজনীকান্ত একটা ছবিতে অভিনয় করার জন্য ৫০ কোটি টাকা নেন, তখন আমাদের মতো হিরোরা সামান্যতম একটা টাকা পাই অভিনয়ের জন্য। ফলে আমাদের সামান্যভাবেই দিন কাটাতে হয়। তাহলে অন্যদের অবস্থা কি সেটা একবার ভাবুন। বৃদ্ধ বয়সে তাঁরা পেনশানও পান না।

[2.20–2.30 p.m.]

তাদের gratuity নেই, কিছু নেই। সামান্য সাহায্য নেই, তাঁরা ভিক্ষে করেন। অথচ এতদিন ধরে, এত সুনামের সঙ্গে তাঁরা কাজ করেছেন আপনারা প্রত্যেকে সেই মানুষগুলোকে চেনেন। সেই মানুষগুলোর জন্য ইন্ডাস্ট্রির প্যাটার্ন আনতে হবে, একটা স্ট্রাকচার দিতে হবে। এই ইনফ্রাস্ট্রাকচার তৈরি করতে গেলে, আমার একটা সাজেশান যেহেতু amateury pattern-এ আছে। সেইজন্যে এটাকে কিছুটা গভর্নমেন্ট যদি help করেন, কি অর্থে না production, distribution, exhibition, studio, lab-এইগুলোকে একটা set up যদি উনারা নিজেরা নিয়ে নেন, কিছু হাউসকে নিয়ে নেন তাহলে এইখানে permanent কিছু worker কাজ করতে পারবেন এবং তখন তাদের ক্ষেত্রে এইগুলো প্রযোজ্য হতে পারবে। তা নাহলে যেটা দেখা যায় একজন প্রোডিউসার এসে, একটা করে তাঁবু খাটান এবং সেখানে তাঁরা কিছু লোককে জড়ো করেন, একটি ছবি বানান। ছবি শেষ হলে তাঁবু ভেঙে দেন। আবার তিনি ছবিটা নিয়ে বেরিয়ে যান। সুতরাং আমার এই একটা অনুরোধ রইল। আর ইন্ডাস্ট্রি হিসেবে ৩৪ বছরে উনারা যেটা করেছেন, সেটা প্রধানত, আমি অবশ্য কিছুটা credit দেবই। সেক্ষেত্রে প্রথম হচ্ছে উনারা একটা rigging industry করেছেন। উনারা প্রচুর product তৈরি করতেন, ballot তৈরি করতেন। False ballots এটা একটা production। এটা তাঁরা এত বছর ধরে করে এসেছেন। সেটা আপাতত বন্ধ হয়েছে। আর একটা ইন্ডাস্ট্রি উনারা করেছিলেন, যেটা কুটির শিল্প। সেখানে বেশ কিছু বোমা তৈরি হত। আর কিছু বোধহয় ওয়ান শর্টার এই ধরনের জিনিস, আমি জানি না তা বাইরে কতটা রপ্তানি করা যেত, আমি জানি না। সেক্ষেত্রে যদি কিছু হয়ে থাকে, তাহলে মাননীয় মন্ত্রীকে বলব তার একটা হিসেব যদি পাওয়া যায় যে ৩৪ বছরে কি ধরনের বিজনেস হয়েছে। আর একটা বিজনেসের কথা আমার মাথায় আসছে....(নয়েজ)....এগুলো একটু খতিয়ে দেখতে হবে। আর একটা ইন্ডাস্ট্রির কথা বলব সেটা অবশ্য হচ্ছে two-in-one, যে জনস্ফীতিতে আমরা ভীষণ ভারাক্রান্ত হয়েছি, আমরা সবাই চাই জনসংখ্যা একটু কমলে অনেক ভার কমবে। উনারা একটা অদ্ভুত বিজনেস শুরু করেছিলেন সেটা হচ্ছে একদিকে মানুষের সংখ্যাটা কমে যাবে, জনস্ফীতি কমছে। আর একদিকে কঙ্কাল সৃষ্টি হবে। এই কঙ্কাল manufacturing industry আমি জানি না বিদেশে কি ধরনের রপ্তানি-টপ্তানি হয়েছে এবং তা থেকে, export থেকে কত টাকা আমরা পেয়েছি। নাকি সবই মাটির নীচে চলে গেছে ? এইটা সম্বন্ধে যদি একটা হিসেব আমাদের মাননীয় মন্ত্রী দেন, মাননীয় মন্ত্রীর কাছে আমি সেই আবেদন করছি। (এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় শিল্প মন্ত্রী, শ্রী পার্থ চট্টোপাধ্যায় মহাশয়, তিনি ২০১১-২০১২ সালের জন্য শিল্প বাণিজ্য, শিল্প পুনর্গঠন ও রাষ্ট্রায়ত্ত উদ্যোগ-এর ব্যয়-বরাদ্দের দাবী এখানে উপস্থিত করেছেন। স্যার, আমি এটা পড়লাম এবং উনি ওনার এই বাজেট বক্তৃতাতে বলেছেন, আমার আগে নির্মলবাবু বলেছেন। আমাদের অভিনেতা মাননীয় শ্রী চিরঞ্জিত চক্রবর্তী মহাশয় বলেছেন ৩৪ বছরে বামফ্রন্ট সরকার শিল্পে পিছিয়ে পড়েছে কিচ্ছু করেনি। আমি শুধু বলতে চাই, মাননীয় শিল্প মন্ত্রী তিনি বড় শিল্পের সঙ্গে দীর্ঘদিন যুক্ত আছেন এবং তিনি এই বিধানসভাতেও দীর্ঘ দিন আছেন। তিনি এই কথাটা বললেন না, পশ্চিমবাংলায় এই যে শিল্পের পরিবেশটা হল, এটা কিভাবে হল ? বিনিয়োগকারীরা যে আসছে পশ্চিমবাংলায় এটা কিভাবে হল ? শিল্পে, এই পরিবেশ সৃষ্টি করার আগে গ্রামীণ কৃষি অর্থনীতির বিকাশ যদি না ঘটত, তাহলে, গ্রামীণ কৃষি অর্থনৈতিক বিকাশ আজকে ঘটেছে, এই ভূমি সংস্কার মধ্যে দিয়ে। আজকে এই পরিবেশ তৈরি হয়েছে বলেই, পশ্চিমবাংলাতে বিনিয়োগকারীরা এখানে আসছেন। আজকে শুধু উদাহরণ দিয়ে বলতে চাই যে—উনি এখানে বলেছেন যে, কিসের ভিত্তিতে, কোন তথ্যের ভিত্তিতে—সেটা হচ্ছে গত পাঁচ বছরে বামফ্রন্ট সরকারের ২০০৫ থেকে ২০০৯ সাল পর্যন্ত হিসাব দেখলেই বুঝতে পারবেন। আমাদের ভারতবর্ষে শিল্প উদ্যোগীরা এখানে শিল্প স্থাপনের জন্য আই.ই.এম. ভারত সরকারের মাধ্যমে যে প্রস্তাব পাঠিয়েছিল তার সংখ্যা উনি এখানে বলেছেন। ১৩৬২ আই.ই.এম. সংখ্যা ভারত সরকারের নিকট পেশ করেছিল, এতে বিনিয়োগ হয়েছিল ২ লক্ষ ৩৭ হাজার কোটি টাকা, ২০০৫ থেকে ২০০৯ সাল পর্যন্ত। এটা কিভাবে সম্ভব হল ? আজকে এটা আমার কথা নয়, ভারত সরকার গত বছরের যে সর্বশেষ প্রতিবেদন পেশ করেছে, তাতেই বলা আছে। সেখানে বলা আছে ২০০৯-এর মার্চ পর্যন্ত আই.এম.এ.-এর বাস্তবায়ন, সেই বাস্তবায়নের ক্ষেত্রে পশ্চিমবাংলার স্থান হয়েছে গুজরাট এবং মহারাষ্ট্রের পরেই। মাননীয় শিল্প মন্ত্রী নিশ্চয় এটা অস্বীকার করবেন না। এটা আমাদের হিসাব নয়, ভারতবর্ষের প্রতিবেদন থেকে এখানে বলা হচ্ছে এবং আজকে ২০১০ বর্ষপঞ্জিতে যে আট হাজার কোটি টাকা এখানে ছড়িয়ে দেওয়ার কথা, সেটা কিন্তু আজকে হল না। হল না কেন ? পরিতাপের বিষয় হচ্ছে, দুঃখের বিষয় হচ্ছে—এই হুগলী জেলায় সিঙ্গুরে যে ন্যানো মোটর গাড়ির কারখানা হওয়ার কথা ছিল কিন্তু সেটা হল না, সেই কারখানাটি চলে গেল। .....(গোলমাল)..... তার ফলে আমাদের দেশের কথা তো দূরে থাক, আমাদের রাজ্যের ভাবমূর্তি কি ঠিক থাকল ? আজকে টাটা কারখানা চলে যাওয়ার ফলে, এখানে অনুসারী শিল্পগুলোও হল না, কর্মসংস্থানের যে সুযোগ ছিল সেটাও হল না, ফলে পশ্চিমবঙ্গের মানুষ কর্মসংস্থান থেকে বঞ্চিত হল। আর আজকে পশ্চিমাঞ্চল—বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর এবং উত্তরবঙ্গে কিছু এলাকায় এই যে নাশকতামূলক কাজকর্মের ফলে আজকে বিনিয়োগকারীদের মধ্যে একটা ভীতি সঞ্চার হল। এটা করার ফলে শিল্পোদ্যোগী এবং বিনিয়োগকারীদের মধ্যে যে প্রতিবন্ধকতা সৃষ্টি করা হল, এর জন্য দায়ী কারা ? এটা আজকে বুঝতে হবে। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি শিল্প মন্ত্রীকে বলতে চাই যে, আজকে নয়াচরে ৬২৪৫৮ একর জমিতে পেট্রো কেমিক্যাল হাব হওয়ার কথা ছিল কিন্তু সেটাকে বন্ধ করে

দিলেন। ভারতবর্ষের প্রধানমন্ত্রী পশ্চিমবাংলায় পরমাণু বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করার জন্য হরিপুরের নামটা ঠিক করেছিলেন।

[2.30–2.40 p.m.]

কিন্তু আমরা কি দেখলাম ? মাননীয় বিদ্যুৎমন্ত্রী এখানে আছেন, তাঁর বাজেট বক্তৃতার দিনে বললেন হরিপুর পরমাণু বিদ্যুৎ কেন্দ্র হবে না। অথচ মানুষের ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা বাড়ছে, আজকে নতুন নতুন কলকারখানা হবে, বিদ্যুতের ক্রমশ চাহিদা বাড়ছে। তিনি হরিপুরে পরমাণু বিদ্যুৎ কেন্দ্র, সেটাকে বাতিল করলেন। আজকে এই যে বিনিয়োগ করতে আসছে কেন্দ্রীয় সরকার পরমাণু বিদ্যুৎ কেন্দ্র করবে বলে, জায়গা চিহ্নিত করেছেন, আজকে সেই হরিপুর পরমাণু বিদ্যুৎ কেন্দ্র বাতিল করে দিলেন। সেইজন্য বলতে চাই আমাদের বামফ্রন্ট সরকার গত ৩৪ বছরে পশ্চিমবাংলায় শিল্প বিকাশ যেভাবে শুরু করেছিল আজকে সেটাকে মূলধন করে মাননীয় শিল্পমন্ত্রী চলবার চেষ্টা করছেন। আজকে তিনি বাজেট বইতে বলেছেন। আজকে আমি বলতে চাই, খুব তাড়াহুড়ো করলেন। কি তাড়াহুড়ো করলেন ? সিঙ্গুরে অনিচ্ছুক কৃষকদের জমি ফেরত দেবার জন্য অর্ডিনেন্স আনতে চাইলেন। অর্ডিনেন্স আনতে পারলেন না, পারলেন না। রাজ্যপালের সইও হল। তারপর তিনি সেখানে বিলও আনলেন, খুব দ্রুত অনিচ্ছুক কৃষকদের জমি ফেরত দেবার জন্য। বিধানসভা গায়ের জোরে বিল পাশ করলেন। আমরা তো বিরোধিতা করিনি, সিঙ্গুরে অনিচ্ছুক কৃষকদের জমি ফেরত দিন। কিন্তু সেই সিঙ্গুরের জমি আজকে আদালতে আটকে থাকল। এত তাড়াহুড়া করলেন ! সেইজন্য আমি আজকে বলতে চাই, আজকে বানতলায় এস.ই.জেড, বিশেষ অর্থনৈতিক শিল্প তালুক, সেখানে আই.টি.এস.ই.জেড. তৈরি করা হল। রাজারহাটে ইউনিটেক হাইটেক এইগুলো বামফ্রন্ট সরকারের আমলেই হয়েছে। পশ্চিমাঞ্চল বলুন, উত্তরবঙ্গ বলুন, সুন্দরবন বলুন আজকে সেখানে শিল্প বিনিয়োগ করবার জন্য উদ্যোগীরা এখানে আসছিলেন। তাঁরা এখানে নতুন নতুন শিল্প বিনিয়োগ করবার জন্য যে উদ্যোগ সেই উদ্যোগ নেওয়ার চেষ্টা করেছিলেন বামফ্রন্ট সরকার। তার সঙ্গে বলব আজকে উত্তরবঙ্গে এই যে চা শিল্প এই চা শিল্প আজকে বামফ্রন্ট সরকারের আমলে সেখানে ২৭৭টি চা-বাগান—এখানে শ্রমনিবিড় শিল্প, এই শিল্প স্থাপন করবার জন্য বামফ্রন্ট সরকার প্রচেষ্টা চালিয়ে অনেক চা-বাগান খোলবার চেষ্টা করেছিল। সেখানে সহায়তা প্রকল্প চালু করেছিল যাতে অন্তত লক্ষ লক্ষ চা শ্রমিক সেখানে কাজ করতে পারে। আজকে হলদিয়াতে কেমিক্যাল হাব তৈরি হচ্ছে, হলদিয়াকে কেন্দ্র করে সেখানে কেমিক্যাল হাব গঠন করবার জন্য জমি অধিগ্রহণ করা হল। আপনি এখানে বলেছেন, সেখানে ওই কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলাপ-আলোচনা করে সেখানে পেট্রোলিয়াম হাব করবার জন্য সরকার যে উদ্যোগ নিয়েছিল, সেখানে হলদিয়া বন্দর ড্রেজিং করে যাতে সহজে রেল বন্দর ইত্যাদি নির্মাণ করে যাতে সেখানে অনেক বেশি উৎপাদন হতে পারে তার জন্য চেষ্টা করা হয়েছিল। আপনি সেটাকে বন্ধ করুন। আজকে সবচাইতে বড় দুশ্চিন্তার কারণ এই যে, রাজ্যে অবস্থিত ৯টি কয়লাখনি পশ্চিমবঙ্গকে দেওয়ার কথা বলা হল। কিন্তু ভারত সরকার সেখানে শুনলেন না। বিদ্যুৎ উৎপাদনক্ষেত্রগুলোতেও বিনিয়োগকারীরা যেভাবে এগিয়ে আসছিলেন কিন্তু ভারত সরকার সেখানে প্রতিবন্ধক হয়ে

দাঁড়ালেন। সেখানে সহায়তা তাঁরা দিলেন না। ঠিক একইভাবে সহায়ক প্রকল্পের মাধ্যমে আজকে উত্তরবঙ্গ, সুন্দরবন এবং পশ্চিমাঞ্চল এলাকায় যে উৎপাদনমুখী শিল্প কল-কারখানা গড়বার যে উদ্যোগ নিয়েছিল বামফ্রন্ট সরকার, সেটা আপনারা করলেন না। আমরা কতকগুলো অঞ্চল ঠিক করেছিলাম—কলকাতা এবং কলকাতার পার্শ্ববর্তী এলাকা হাওড়া, হুগলী এবং উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা। আমরা ঠিক করেছিলাম দামোদর, অজয় নদীর আশেপাশে যে শিল্পাঞ্চল—আসানসোল, দুর্গাপুরকে কেন্দ্র করে দামোদর নদীর উপর বাঁকুড়া, পুরুলিয়া, আর অজয় নদীর উপরে বীরভূম শিল্প তালুক। আমরা ঠিক করেছিলাম শালবনী, খড়গপুর, ঝাড়গ্রাম অঞ্চল। আমরা ঠিক করেছিলাম হলদিয়া, উত্তরবঙ্গের জলপাইগুড়ি, শিলিগুড়ি এবং কল্যাণী—এই যে এতগুলো প্রস্তাব আমরা নিয়েছিলাম, সেই প্রস্তাবগুলো নিয়ে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার, আমরা এগিয়েছিলাম। কিন্তু আপনারা প্রত্যেকটা ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছেন। রাস্তা অবরোধ করা যাবে না। চা শ্রমিকরা যে আন্দোলন করছে তাদের অধিকার আপনারা কেড়ে নেবেন। এখন ধর্মঘট করা যাবে না। কোথায় ধর্মঘট হচ্ছে না ? সারা পৃথিবী জুড়ে হচ্ছে, আমেরিকাতে হচ্ছে। কিন্তু যে সমস্ত কল-কারখানায় লে-আউট হচ্ছে, ছাটাই হচ্ছে, বন্ধ হয়ে যাচ্ছে তাহলে সেগুলো খোলার বন্দোবস্ত কি ? সেগুলো খোলার তো বন্দোবস্ত করছেন না। তাহলে সেই সমস্ত শ্রমিক পেটে গামছা ভরে চলবেন ? তাঁরা যদি ছাঁটাই হয়ে যান, তাঁদের জন্য শিল্প খোলার ক্ষেত্রে কি ব্যবস্থা নিলেন ? আপনারা কি পদ্ধতি গ্রহণ করলেন ? তাদের কাজের কথা চিন্তা করলেন না ? আজকে আপনারা সরকারে এসেছেন, তাই আপনারা বলছেন যে বন্ধ চলবে না, ধর্মঘট করা চলবে না। তাই মাননীয় শিল্পমন্ত্রীকে বলছি—আপনি এই দিকটা নির্দেশ করবেন যে, যে সমস্ত রুগ্‌ণ শিল্প কল-কারখানা দিনের পর দিন বন্ধ হয়ে যাচ্ছে, আগের বামফ্রন্ট সরকার চেষ্টা করেছে, সেই সমস্ত লক্ষ লক্ষ শ্রমিক কাজ থেকে ছাঁটাই হয়ে যাচ্ছে, তারা আজকে কোথায় যাবে ? ....(এই সময় মাইক অফ্ হয়ে যায়)

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের শিল্প বাণিজ্য দপ্তরের মন্ত্রী ৯ নং, ২৯ নং এবং ৪০ নং ডিমান্ড অনুযায়ী যে বাজেট পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য পেশ করছি। আমার পূর্ববর্তী বক্তারা বিশেষ করে বামপন্থীর বিধায়করা যেহেতু পার্থবাবু তাঁর বইয়ে বলেছেন ১৯৭৫-৭৬ সালে ভারতবর্ষের যে অভ্যন্তরীণ উৎপাদন তার ১৯% পশ্চিমবঙ্গ থেকে হত, ২০০৬-০৭ সালে সেটা নেমে ১০% হয়েছে। তাঁরা বলছেন যে, তার সঙ্গে তাঁরা একমত নন। অনেক তথ্য তাঁরা দেখাচ্ছেন। আমি রাজ্য সরকারের কয়েকটি বক্তব্য আপনাদের সামনে তুলে ধরতে চাই। ২০১০-১১ সালে আমাদের বর্তমান অর্থমন্ত্রী একটি কথা বলেন যে 'আমরা অর্থনৈতিক সঙ্কটে ভুগছি'। আমাদের পূর্বতন অর্থমন্ত্রী যে বাজেট পেশ করতেন, দেখা যেত স্বভাবতই তাঁর বাজেটের শতকরা ২৫ ভাগ টাকা বছরের শেষে বরাদ্দ হত। আমরা সেই একই চিত্র ২০১০-১১-এ দেখেছি সরকারি যে নথি সেখান থেকেই।

[2.40-2.50 p.m.]

যেখানে প্ল্যান বাজেটে ৪০০ কোটি টাকা বরাদ্দ হয়েছিল, সেই বরাদ্দের মধ্যে শেষ পর্যন্ত অ্যালটমেন্ট হয়েছিল ২৩৪ কোটি টাকা। তাহলে, এটা তো কোনো এগিয়ে যাওয়ার

লক্ষণ নয়। তার সঙ্গে W.B.I.D.C.-এর যে তথ্য, তাদের বই-এ তারা যে কথা বলেছে তাতেও দেখা যাচ্ছে যে, ২০০৭-০৮ সালেও রাজ্য সরকার যে ইনসেনটিভ দিয়েছে সেখানেও ২০০৭-০৮ সালের পরিমাণ যেখানে একশ কুড়ি কোটি ছিয়াত্তর লক্ষ সাতষট্টি হাজার টাকা ছিল ২০০৯-১০ সেটা কমে উনসত্তর কোটি তেতাল্লিশ লক্ষ বারো হাজার টাকায় দাঁড়ায়। তার অর্থ এটাই যে ইনসেনটিভ দেওয়ার আর জায়গা ছিল না। অতএব, উৎপাদন কমেছে এবং আমাদের শিল্পের ক্ষেত্রে যে দশ শতাংশ অভ্যন্তরীণ উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ দেয় বর্তমানে সেটাও কমে হয়তো আট শতাংশের নীচে দাঁড়িয়ে গেছে। স্বভাবতই, আজকে নতুন করে চিন্তা-ভাবনা শুরু হয়েছে। আমরা দেখেছি যে এর আগে যে শিল্পস্থাপনের কথা বলা হয়েছে, রাজ্য সরকারের স্ট্যাটাস রিপোর্টে দেখা গিয়েছে যে, সেই শিল্পের বেশির ভাগ ক্ষেত্রে যেগুলো এখনও পর্যন্ত সার্বিক রূপ পায়নি। আমরা আমাদের জেলায় অ্যারোটোপলিশের ঘটনা আমরা জানি, বিমানবন্দর তৈরির কথা বলা হয়েছিল, আজকের কাগজে দেখবেন সেই বিমানবন্দর তৈরির ক্ষেত্রে এখনও পর্যন্ত সমস্ত জমি অধিগ্রহণ হয়নি। এবার কেন জমি অধিগ্রহণ হল না সেটাও একটা বিচিত্র ব্যাপার। রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয়ের কি ধরনের অভাব ছিল।

সাধারণত জমি অধিগ্রহণের ক্ষেত্রে জমির যে পরিমাণ তাকে তিনটি ভাগে ভাগ করা হয়—পিছন দিকের জমি এক রকম দাম হয়, মধ্যেখানের জমির দাম এক রকম হয়, আর একদম রাস্তার পাশে যে জমি তার এক রকম দাম হয়। কিন্তু কোনো এক দুষ্টচক্র কার্যকরী হওয়ার ফলে দেখা গেল ভূমিসংস্কার দপ্তরের সিদ্ধান্ত বদল করে একটা গ্রস দাম ঠিক করে দেওয়া হল এবং এই গ্রস দাম ঠিক করে দেওয়ার ফলে—যদি বোঝা যেত যে হাই-ওয়ের পাশে জমি অধিগ্রহণ করছে এবং অধিগ্রহণ করতে পারল, তাহলে আমরা বুঝতাম এর পেছনে কোনো অভিসন্ধি ছিল না। দেখা গেল যে জায়গাটা চার লক্ষ টাকা একর হওয়া উচিত সেই জায়গাটা আগে সাড়ে সাত লক্ষ টাকা একর দিয়ে কিনে ফেলা হল। পরবর্তী সময়ে রাস্তার ধারে, হাই-ওয়ের ধারে যে জায়গাটা, যে জায়গার দাম আরও অনেক বেশি হওয়া উচিত, সে জায়গা সাড়ে সাত লক্ষ টাকা একর দিয়ে কৃষকদের দিয়ে দেওয়ার চেষ্টা করা হল, তারা সেই জমিতে বাধার চেষ্টা করলেন। স্বভাবতই সেই অ্যারোট্রোপলিশ কারখানা—বিমানবন্দর, সেটা আদৌ আর তৈরি হবে কিনা সেই নিয়ে সন্দেহ দেখা দিয়েছে। তাছাড়াও যে ইন্ডাস্ট্রিগুলোর কথা তাঁরা বলেছেন, তার একটাও—যেমন শ্যাম স্টিল, আধুনিক জয়বালাজি, জে.এস.ডব্লু., শ্যামসেল—কোনো স্টিল ফ্যাক্টরি তারা উৎপাদনের জায়গায় এসে পৌঁছায়নি। কোনো স্টিল ফ্যাক্টরি তাদের এখনও কোনো জমি অধিগ্রহণ কমপ্লিট হয়নি। এছাড়াও, ম্যাটিক্স ফার্টিলাইজার বলে একটা সার কোম্পানী অন্ডালে তারা সার তৈরি করবে বলে রাজ্য সরকার জমি অধিগ্রহণ করে তাদের দিয়েছেন। আমরা অবাক হয়ে যাই এবং পূর্বতন রাজ্য সরকারের যে কাজ, সিদ্ধান্ত, সেগুলো রাজ্যের পক্ষে কতটা ক্ষতিকারক ছিল, এই ম্যাটিক্স সার কোম্পানী দশ হাজার কোটি টাকা ইনভেস্ট করবে বলছে কিন্তু দেখা যাচ্ছে রাজ্য সরকার বিভিন্ন খাতে কুড়ি বছরে সেই কোম্পানীকে দশ হাজার কোটি টাকা সাব-সিডি হিসাবে দান করবে অর্থাৎ, সেই কোম্পানীকে একটা পয়সাও

ইনভেস্ট করতে হবে না। এইভাবে রাজ্যের অর্থনৈতিক অবস্থাকে আরো পঙ্গু করে দেওয়ার ব্যবস্থা করা হয়েছিল। WBIDC এবং WBIDC-র industrial park-র ক্ষেত্রেও দেখা গেছে বিভিন্ন রকমের দুর্নীতি বাসা বেঁধেছে।

ফুড পার্ক যে দুটো সাঁকরাইলে আছে, ফেজ টু, তাতে দেখা গেল বেশ কিছু জমি অ-ব্যবহৃত আছে। আমরা খোঁজ নিয়ে দেখেছি যে আমাদের রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর পুত্রের নামেও একটা ল্যান্ড বরাদ্দ করা আছে। যেখানে শুধুমাত্র একটা চালা তৈরি করা আছে আদৌ কোনো ইন্ডাস্ট্রি সেখানে হয়নি। আমরা যখন সেখানকার এগজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে প্রশ্ন করেছিলাম 'কেন তাঁকে এই জায়গা দেওয়া হয়েছে এবং ওই জায়গার বিনিময়ে তাঁর কাছ থেকে কোনো টাকা-পয়সা নেওয়া হয়েছে কিনা' তিনি কোনো সদুত্তর দিতে পারেননি।

একই রকম দেখা গেছে মালদায়। সেখানে যে ইন্ডাস্ট্রিয়াল পার্ক, একদিকে সেই ইন্ডাস্ট্রিয়াল পার্কের যেটা ফেজ ওয়ান, সেখানে খুব সুন্দরভাবে কাজ হচ্ছে। আবার ঠিক তেমনি ফেজ টু-র সমগ্র জায়গা রিলায়েন্স কোম্পানীকে দেওয়া হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত তারা সেখানে কোনো ইন্ডাস্ট্রি করেনি। কিন্তু তার জন্য স্বাভাবিকভাবে সেই জমি যাতে ফেরত নেওয়া যায় সেই ধরনের কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এইভাবে ইন্ডাস্ট্রিয়াল পার্কের নামে প্রচুর জমি সরকার অধিগ্রহণ করে ফেলে রেখেছে এবং সেখানে আদৌ ইন্ডাস্ট্রি তৈরি হয়নি।

মহাভারত কারখানা, যেখানে 'অর্জুন মোটর সাইকেল' তৈরি হওয়ার কথা ছিল সেখানেও দেখা যাচ্ছে কারখানার শুধুমাত্র একটা সেড তৈরি হয়েছে। সেখানে খোঁজ করে দেখা গেল তারা মোটর সাইকেল তৈরির কোনো ব্যবস্থা সেখানে করেননি, TVS motor cycle বলে একটা কোম্পানী আছে তাদের কিছু যন্ত্রাংশ নিয়ে এসে সেগুলো যুক্ত করে বাজারে বিক্রি করার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু সেটাও আদৌ করা যায়নি।

এই অবস্থার মধ্যে পশ্চিমবাংলায় শিল্প কোথায় গিয়ে দাঁড়াবে তা নিয়ে চিন্তা-ভাবনা করার জন্য বর্তমান শিল্পমন্ত্রী অনেকগুলো ব্যবস্থার কথা বলেছেন। যেমন, আগে যে ব্যবস্থা ছিল তাতে একজন শিল্পপতিকে শিল্প স্থাপন করতে গেলে বিভিন্ন দরজায় ঘুরে বেড়াতে হত। সেটাকে কমিয়ে তিনি ১৫টি জায়গায় দরখাস্ত করার ব্যবস্থা করেছেন। তিনি ল্যান্ড ব্যাঙ্কেরও কথা বলেছেন। এখানে আমার একটা কথা আছে। শিল্পপতিরা জমি কিনে শিল্প করবেন ঠিক আছে। কিন্তু পশ্চিমবাংলায় ৩৪ বছরে যেভাবে প্রোমোটার এবং জমি হাঙর জন্মগ্রহণ করেছে তাতে আমার মনে হয় সব সময় ভিজিলেন্স থাকা দরকার যাতে গরীব চাষীদের কাছে এই প্রোমোটাররা মিডলম্যান হিসাবে জমি কম দামে কিনে নিতে না পারে।

সেই জায়গায় দাঁড়িয়ে মাননীয় শিল্পমন্ত্রী শিল্প স্থাপনের যে উদ্যোগ গ্রহণ করেছেন তার সঙ্গে সহমত পোষণ করে একটা কথা জানতে চাই। সিঙ্গুরে টাটাদের সঙ্গে রাজ্য সরকারের যে চুক্তি হয়েছিল, যে চুক্তিকে গ্রেট সিকরেট বলে প্রকাশ করা হয়নি, সেটা কী প্রকাশ করা সম্ভব ? যদি প্রকাশ করা সম্ভব হয় তাহলে আগেকার রাজ্য সরকারের যে চিন্তা-ভাবনা তার কিছুটা প্রকাশ পশ্চিমবাংলার সাধারণ মানুষ পাবে। আমি আপনার এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2.50–3.00 p.m.]

শ্রী বেচারাম মান্না : মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে পশ্চিমবঙ্গ সরকারের শিল্প পুনর্গঠন দপ্তরের এবং শিল্প-বাণিজ্য দপ্তরের যে বাজেট মাননীয় শ্রী পার্থ চ্যাটার্জী মহাশয় পেশ করেছেন তার প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে দু-একটি কথা বলছি। পার্থবাবু যে প্রস্তাব বা ভাষণ দিয়েছেন, তাতে আমাদের মনে হয়েছে, পশ্চিমবঙ্গের পূর্বতন মুখ্যমন্ত্রী ডঃ বিধানচন্দ্র রায় প্রথম শিল্প বিপ্লব ঘটিয়ে সারা ভারতবর্ষে অনন্য নজির সৃষ্টি করেছিলেন। বামপন্থীরা দীর্ঘদিন শাসন করেছেন, শিল্পকে রসাতলে পাঠিয়ে দিয়েছেন। তিনি আজকের যে বাজেট পেশ করেছেন বা ভাষণ দিয়েছেন তাতে মনে হয়েছে, দ্বিতীয় শিল্প বিপ্লব, শিল্প বাণিজ্য দপ্তরের মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় ঘটাতে চলেছেন। তার কারণ, এখানে শুধু বৃহৎ শিল্প নয়, বৃহৎ শিল্পের পাশাপাশি যেখানে শ্রম নিবিড়, যেখানে শ্রম বেশি হবে, লোক বেশি লাগবে সেই শিল্পের ব্যাপারে গুরুত্ব দিয়েছেন। পশ্চিমবঙ্গে এমনিতেই বামপন্থী বন্ধুরা কলে-কারখানায় আন্দোলনের নামে 'দিতে হবে, লিতে হবে' মালিকের কালো হাত তোড় দো, ধর্মঘট এই সব করিয়ে শিল্পপতিদের পশ্চিমবঙ্গের প্রতি বিমুখ তৈরি করে দিয়েছেন। সবথেকে বড় কথা আমার বামপন্থী বন্ধুরা সংখ্যাতত্ত্ব দেখাবার চেষ্টা করেছেন। বলেছেন, বিনিয়োগ বেশি হচ্ছে। উনারা সংখ্যাটা বলতে খুব ভালোবাসেন এই কারণে, পূর্বতন সরকারের যিনি মুখ্যমন্ত্রী ছিলেন, তিনি বলেছিলেন সিঙ্গুরের মাটিতে ২০ হাজার হাব কাজ করবে। বামপন্থী বন্ধুরা জানেন না, বিশ্ব শিল্প বিশেষজ্ঞরা বলছেন, ৪ কোটি টাকা বিনিয়োগ করলে একজন মাত্র শ্রমিক নিয়োগ হয়। সেখানে সিঙ্গুরে ২ হাজার কোটি টাকা ব্যয় করবেন, আর ২০ হাজার হাব কাজ করবেন—এটা অবাস্তব, অবাঞ্ছনীয়। তাই উনারা সংখ্যাতত্ত্ব বিষয়টা খুবই ভালো করে বলতে শুরু করেন। এমনিতেই শিল্প শেষ করে ফেলেছেন। পার্টি পত্রিকাতে একটা শিল্পের বিষয়ে খুব গুরুত্ব দেন—কুটির শিল্প। এমনিতেই ধর্মঘট, জুলুম করিয়ে বিক্ষোভ করিয়ে, শিল্পপতিদের পাঠিয়ে দিয়েছেন। শিল্প শুধু একটাই জিইয়ে রেখে দিয়েছেন, যেটা হচ্ছে কুটির শিল্প। সেটা হচ্ছে তাদের পার্টির মুখপত্রে মাঝে মধ্যে হাইলাইট করা হয়—আমরা কুটির শিল্পে ভারতবর্ষের মধ্যে প্রথম। একজন বন্ধুকে আমি জিজ্ঞাসা করেছিলাম, আপনাদের কুটির শিল্পের উৎপাদন কি ? কমরেড বন্ধু আমতা আমতা করে বলেছিলেন, আমাদের কুটির শিল্প হচ্ছে 'চুল্লু'। আমি একজন কারখানার শ্রমিক, আমি একজন জুট মিলের শ্রমিক কর্মচারী। সেখানে আমার অনেক হিন্দিভাষী বন্ধু রয়েছে। তারা বেশ মজা করে একটা ছড়া কাটে। বলে 'রাম রাজমে দুধ মিলি, কৃষ্ণ রাজ মে ঘি, আর বাম রাজ মে চুল্লু মিলি, ঘুম ঘুমকে পি'। পশ্চিমবঙ্গের শিল্প ব্যবস্থাটা এই জায়গায় এসে পৌঁছে গেছে। সিঙ্গুরের নাম করে বিগত মুখ্যমন্ত্রী যেখানে হাত রেখেছেন—সিঙ্গুরে হাত রেখেছেন, সিঙ্গুর ধ্বংস করে দিয়েছেন। নন্দীগ্রামে হাত রেখেছেন, নন্দীগ্রাম ধ্বংস করে দিয়েছেন। প্রাক্তন ক্রিকেটার অধিনায়ক বন্ধুর মাথায় হাত রেখেছেন, তার খেলাটাই শেষ করে দিয়েছেন। তাই পার্থবাবু সবদিক বিবেচনা করে দেখেছেন। আজকে বলতে খুব লজ্জা হয়, খুব ঘটা করে পূর্বতন সরকারের মুখ্যমন্ত্রী এবং শিল্পমন্ত্রী ধনিয়াখালি বিধানসভার গুড়াপে পৈলান গ্রুপের একটি শিল্প করেছিলেন। আলুর চিপস তৈরি হবে। পূর্বতন শিল্পমন্ত্রী বা মুখ্যমন্ত্রী আলু থেকে চিপসের কথাই ভেবেছে, চাল থেকে চাউমিনের কথা ভেবেছে। কিন্তু আলুর থেকে খাদ্য হিসেবে আরো

কিছু সৃষ্টি করা যায় সেটা ভাবেনি। যার ফলে আলুর দাম এই জায়গায় এসেছে। সেই পৈলান গ্রুপের কারখানাটা উদ্বোধন করে আজও পর্যন্ত খোলেনি। সেখানে জবরদস্ত জমি আটকে রেখে কারখানা বন্ধ করে রেখে দেওয়া হয়েছে। সেই রকম শিল্পের কথা নিশ্চিত পার্থবাবু লেখেননি। সব থেকে বড় কথা, পার্থবাবু আমাদের দিশা দেখিয়েছেন। গত বামপন্থী বন্ধুদের যে শিল্প বাণিজ্য বাজেট আমরা দেখেছি, সেই শিল্প বাণিজ্য বাজেটে কোনো দিশা দেখতে পাওয়া যায়নি। আমরা দিশা দেখতে পাচ্ছি এই কারণে যেখানে আমার এক বন্ধু বলছিলেন যে ৫৭ হাজার কল-কারখানা বন্ধ, ১৪ লক্ষ শ্রমিক কর্মচারী বেকার সেই জায়গায় পার্থবাবু শুধু বৃহৎ শিল্পে নয় ক্ষুদ্র শিল্প, চর্ম শিল্প থেকে আরম্ভ করে সমস্ত শিল্পে যেভাবে উন্নয়ন করার প্রস্তাব তিনি রেখেছেন আমরা নিশ্চিতভাবে তাকে স্বাগত জানাই। খুব দুঃখ লাগে, কষ্ট লাগে আপনারা ভেবেছেন যারা মুম্বাই, দিল্লি সোনার শিল্পে কাজ করবার জন্য যায়। বাড়িতে মা-বাবা, পুত্র, পরিজন ছেড়ে দিনের পর দিন একটি ছোট্ট খুপরিতে তিনজন, চারজন করে থাকতে হয়। ডোমজুড় থেকে আরম্ভ করে হুগলী, হাওড়া, মুর্শিদাবাদ সহ বাংলার বিভিন্ন জেলার ছেলেরা সোনার শিল্পের কাজের জন্য মুম্বাই, দিল্লিতে যেতে হয় কাজের সন্ধানে। একবারও আপনারা চিন্তা করেছিলেন একটা স্বর্ণ শিল্পের পার্ক তৈরি করার। করেছেন আমাদের পার্থবাবু। আর তিনি যে গতিতে এগোচ্ছেন তাতে ছেলেদের আর বাইরে কাজে যেতে হবে না। চর্মশিল্প থেকে আরম্ভ করে সমস্ত শিল্পে আমরা দেখতে পাচ্ছি বিনিয়োগ এবং বিনিয়োগের সঙ্গে সঙ্গে যে কর্মসংস্থান এই কর্মসংস্থানের উপর জোর দিয়েছেন। আজকে শিল্প স্থাপনের ক্ষেত্রে যে সরলীকরণ—আপনাদের পার্টি অফিসের অনুমোদন ছাড়া শিল্প স্থাপন হবে না। সেটা পার্থবাবু বা মা-মাটি-মানুষের যে সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি সেই ব্যবস্থা করেননি। সর্ট টাইমের মধ্যে যাতে শিল্প গঠন হয় সেই ব্যাপারে সরলীকরণ করেছেন, এটা আপনারা চিন্তা করতে পারেননি কোনোদিন। করেননি বলে আজকে আপনাদের এই অবস্থা এসে পৌঁছেছে। এক বন্ধু বলছিলেন, সিঙ্গুরের জন্য নাকি ক্ষতি হয়েছে। ক্ষতি কাদের হয়েছে ? ক্ষতি যদি হত সিঙ্গুরের ১৬টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ১৫টি তৃণমূল কংগ্রেস জিতত না। যদি সিঙ্গুরের ক্ষতি হত রত্না দে নাগ রূপচাঁদ পালকে হারিয়ে ৮৪ হাজার ভোটে জিতত না। যদি ক্ষতি হত তাহলে আমাদের বিধায়ক মাননীয় কৃষিমন্ত্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য মহাশয় যিনি ২০০৬ সালে মাত্র ১৭০০ ভোটে জিতেছিলেন, আজকে ২০১১ সালে ৩৪ হাজারেরও বেশি ভোটে জিতেছেন। ক্ষতি হয়েছে কাদের ? ক্ষতি হয়েছে পূর্বতন শিল্পমন্ত্রীর একটা সিন্ডিকেট ছিল যে সিন্ডিকেটে ৫ গাড়ি বালি ফেলে ৫০০ গাড়ি লেখাতো। আর সিন্ডিকেট ছিল তাপসী মালিকের হত্যাকান্ডের যে নায়ক সুহৃদ বরণ দত্ত তার একটা সিন্ডিকেট ছিল—তাদের ক্ষতি হয়েছে। বাংলার মানুষের কিছু ক্ষতি হয়নি। তার কারণ টাটারা স্বেচ্ছায় চলে গেছে, আমাদের জন্য যায়নি। তাই আমার অনুরোধ যে প্রক্রিয়া মাননীয়া মুখ্যমন্ত্রী, মা-মাটি-মানুষের সরকারের যিনি মুখ্যমন্ত্রী তাঁর যে প্রচেষ্টা বিশেষ করে বাংলার যে রূপ পাল্টে দেওয়ার জন্য শ্রী পার্থ চট্টোপাধ্যায় শিল্প, বাণিজ্য দপ্তর ও পুনর্গঠন দপ্তরের যে বাজেট পেশ করেছেন নিশ্চিত আগামীদিনে বাংলার ভবিষ্যৎ আরো সুন্দর হবে। আর আমরা মনে করছি বাংলার বেকার ছেলেরা চাকরি পাবে। শিল্পে সারা ভারতবর্ষে বাংলার....

(এমন সময় মাইক অফ হয়ে যায়।)

[3.00–3.15 p.m.]

Shri Ali Imran Ramz :

Honourable Chairman sir میں آپ کے ذریعے ہمارے Commerce and Industry Minister عزت مآب شری پارتھو چٹرجی سے بات کہنا چاہتا ہوں۔ میں Demand No. 9,29,44 کو پوری طرح سے اپنی حمایت نہیں دے سکتا ہوں۔ کیونکہ اس میں کچھ باتیں ایسی ہیں جس پر میں اپنی رضامندی نہیں دے پایا۔ اس میں لینڈ بینک کے بارے میں بولا گیا ہے کہ یہ لینڈ بینک کی جو تجویز ہے۔ یہ تجویز بایاں محاذ کے زمانے میں آیا تھا اور آج اس کو Execute کرنے کی بات کی جارہی ہے۔

میں اس کے لئے ہمارے عزت مآب وزیر شری پارتھو چٹرجی کا شکریہ ادا کروں گا کہ بایاں محاذ حکومت کی تجویز کو آگے بڑھنے کی سوچ انہوں نے ظاہر کی ہے۔ لیکن ساتھ ہی ساتھ میں ان سے کچھ سوال کرنا چاہوں گا کہ لینڈ بینک تبھی کامیاب ہوسکتا ہے جب تک ہمارے ریاست میں Land Use Map نہیں بنایا جائے۔ ایک Land Use Map بنانا ضروری ہے تاکہ اس Map کے ذریعے پتہ چلے کہ ہمارے ریاست میں کس جگہ Fertile زمین ہے۔ کہیں تین فصلی زمین ہے۔ کہیں پر ایک فصلی زمین ہے۔ کہیں پر بنجر زمین ہے۔ کہیں زمین میں پانی زیادہ ہے۔ ان تمام چیزوں کی جانکاری جب تک ہمارے پاس نہیں ہوتو یہ Land Map کا جو Use Map بنانے کی جو بات ہم لوگ کہہ رہے ہیں۔ اس کے ذریعے یہ بات طے کی جاسکتی ہے اور یہ Land Use Map اگر یہ تیار ہو۔ اس کے بعد لینڈ بینک میں جائے تو اس سے یہ جانکاری ہوگی کہ پرولیا میں کس طرح کا کارخانہ بن سکتا ہے۔ کس طرح کی زمین چاہئے تو وہ وہاں سے دیکھ کر بنایا جاسکتا ہے۔ لیکن وہ کارخانہ پرولیا میں ہوسکتا ہے۔ وہی کارخانہ اتر دیناج پور یا اتر بنگال میں نہیں ہوسکتا کیونکہ ہر جگہ کا ایک الگ الگ Criteria ہے، الگ الگ Production ہے، الگ الگ زمین ہے۔ اس لئے ریاست کے الگ الگ ضلع میں الگ الگ کارخانہ بنانے کے لئے اور وہاں کی زمینوں کو دیکھنا ہوگا۔ اس کے لئے Land Use Map کی ضرورت پڑے گی۔ اور یہ Land Use Map کے ذریعے ہی پتہ چلے گا کہ اتر بنگال میں کس طرح کا کارخانہ کامیاب ہوسکتا ہے۔ پرولیا میں کس طرح کا کارخانہ بنایا جاسکتا ہے یا کوڑہ میں کس طرح کا کارخانہ بنایا جاسکتا ہے۔ یہ Land Use Map اگر نہیں بنایا گیا۔ اور لینڈ بینک بنایا گیا تو یہ میری اپنی سوچ ہے کہ یہ کامیاب نہیں ہوگا۔ اس لئے پہلے Land Use Map کو پوری طرح سے بنایا جائے۔ اس کے بعد لینڈ بینک کو Execute کیا جائے۔ اور ساتھ ہی ساتھ ایک لینڈ بینک کے بارے میں بولا گیا ہے کہ جہاں پر بنجر زمینیں ہیں جہاں پر ایک فصلی زمینیں ہیں۔ ان زمینوں کو لیکر لینڈ بینک بنایا جائے گا۔ تو ایک سوال یہاں پر آتا ہے کہ آج جن کی زمین ایک فصل ہے یا بنجر زمین کسانوں کے پاس ہے ان سے وہ زمین لیکر لینڈ بینک تیار کیا جاتا ہے۔ یہ لینڈ بینک میں جو زمین ۲۰۱۱ میں کسان سے لیا جائے گا وہ زمین

کارخانہ بنانے کے لئے لیا جائے گا۔ لیکن دیکھا گیا کہ ۲۰۱۱ میں کسان سے لی گئی زمین میں ۲۰۲۵ میں جاکر کارخانہ بنتا ہے یا ۲۰۲۰ سال میں کارخانہ بنتا ہے۔ تو دس سال کے بعد یا پندرہ سال کے بعد زمین پر کارخانہ کھڑا کیا جائے اور سرکار ۲۰۱۱ کا جو Market Price ہے اس پر compensation دیتی ہے یا اس کے مطابق سرکار زمین خرید لیتی ہے لیکن ۲۰ سال کے بعد جب اس پر کارخانہ ہوگا وہ زمین کی قیمت آج کے قیمت سے کئی گنا زیادہ ہوگی۔ یہ جو Gap تیار ہوگا کسان کو اس کا معاوضہ کس طرح دیا جائے گا۔ یہ میں جاننا چاہتا ہوں۔ اور میں کہنا چاہوں گا کہ نرو پم سین صاحب سے پوچھنے کا وقت اب نہیں ہے۔ اب چٹرجی صاحب سے پوچھئے۔ اور میں کہنا چاہوں گا کہ آپ

نے کہا ہے کہ سرکار زمین نہیں خریدے گی۔ سرکار زمین کمپنی کو نہیں دے گی کمپنی براہ راست کسانوں سے زمین لے گی۔ تو بلکل سہی بات آپ نے کہا بھی ہے۔ اس پر میرے دھیان میں جو سوال آیا ہے وہ میں آپ کے ساتھ share کرنا چاہتا ہوں۔ چیرمین صاحب کے ذریعے اور ہمارے عزت مآب وزیر صاحب سے سوال بھی کرنا چاہتا ہوں کہ ہمارے ملک میں مرکزی حکومت کی 1894 کا جو Land Acquisition Act ہے۔ اس میں یہ بات بولی گئی ہے کہ زمین ریاستی حکومت کو ضرورت ہو تو Land Acquisition کر سکتی ہے تو آپ یہاں کہہ رہے ہیں کہ یہ زمین سرکار نہیں لے گی۔ تو ہندوستان میں ایسی کوئی بھی کمپنی کے بارے میں اگر آپ لوگ جانتے ہیں یا عزت مآب وزیر صاحب جانتے ہیں تو ضرور بتائیں۔ بڑی بڑی جتنی بھی کمپنیاں ہیں ہمارے ملک میں کارخانہ بنا کر کام کر رہی ہیں۔ ایسی کون سی کمپنی ہے جو خود جا کر کسان سے ۱۱۰۰ ایکڑ یا ۱۵۰۰ ایکڑ، ایک ہزار ایکڑ یا پانچ ہزار ایکڑ زمین اب تک لی ہے۔ ایسی کون سی کمپنیاں ہیں جس کے بارے میں جاننا چاہوں گا۔ اور ایک بات میں یہ کہنا چاہوں گا کہ ہماری موجودہ سرکار کی جو سوچ ہے کہ کمپنی براہ راست جا کر زمین خرید لے۔ تو سرکار اگر زمین خرید کر بڑی بڑی کمپنی کو نہ دے اور بڑی کمپنی سرکار کے ذریعے زمین نہ لے۔ تو اس کے بیچ میں دیکھا جائے گا کہ ایک لینڈ مافیا تیار ہوگا۔ جب کمپنی زمین خریدنے خود جائے گی تو ایک لینڈ مافیا تیار ہوگا اور یہ لینڈ مافیا راج تیار کرنے کی جو سوچ ہے۔ اس کے خلاف ہم لوگ ہیں۔ ہم لوگ دیکھ رہے ہیں ہمارے ریاست کے آس پاس کے کئی ریاستوں میں بھومی سینا، لٹ سینا وہاں پر ہے۔ جو لوگ ہزاروں بھیگہ زمین خریدنے کے لئے کسی ایک بڑے زمیندار کے پاس جاتے ہیں۔ اور اس کی جو لٹ سینا ہوتی ہے۔ وہ لٹ سینا جا کر گاؤں والوں کو بھگاتی ہے۔ کھیت میں سے لوگوں کو پیٹ کر بھگاتی ہے اور بڑی بڑی کمپنی کو زمین دیتی ہے۔ یہ جو لینڈ مافیا کا راج تیار کرنے کی جو بات ہو رہی ہے۔ میں جانتا ہوں کہ ہمارے اپوزیشن کے لیڈر کو اس بات سے افسوس ہو رہا ہے کہ میں یہ بات اٹھا رہا ہوں کیونکہ یہ لینڈ مافیا کا راج شروع ہو گیا تو اس کا فائدہ آپ لوگوں کو ہی پہنچے گا۔ کیونکہ ہماری عزت مآب وزیر اعلیٰ نے وعدہ کیا ہے کہ دو سال میں ہمارے ریاست میں دس لاکھ لوگوں کو نوکری دیں گی۔ لیکن ابتک جتنا بھی بجٹ اس ہاوس میں رکھا گیا اس میں یہ کہیں نہیں دیکھایا جا رہا ہے کہ کہاں کہاں دس لاکھ نوجوانوں کو نوکری دی جائے گی۔ تو یہ جو لینڈ مافیا کا راج تیار کیا جائے گا۔ تا کہ گاؤں میں جا کر آپ کے لوگ زمین کی دلالی کریں۔ زمین کا دھندا کریں۔ اس سے روزگار تیار ہو اور آپ کھڑے ہو کر کہہ سکیں کہ یہ جو روزگار ہے۔ یہ ہماری سرکار کی دین ہے۔ تو یہ لینڈ مافیا کا راج آپ لوگ تیار کرنا چاہتے ہیں۔ اور میں بولنا چاہوں گا ابھی کچھ دیر پہلے ہمارے عزت مآب ممبر چرنجیت

چکرورتی صاحب نے بولا کہ ہمارے ریاست میں ۵۷ ہزار کارخانے بند ہیں۔ یہ بات انہوں نے کہی ہے۔ اس سے پہلے بھی ہاوس میں یہ بات اٹھی کہ بایاں محاذ کے زمانے میں ۵۷ ہزار کارخانے بند تھے۔ ہمارے عزت مآب وزیر مالیات صاحب کے بجٹ میں کہیں بھی اس بات کا ذکر نہیں کی ہے کہ ۵۷ ہزار کارخانے جو بند ہیں۔ اس کے بارے میں ان تینوں Demand no. 9,29,44 میں کہیں پر بھی انہوں نے نہیں بولا ہے کہ مغربی بنگال میں ۵۷ ہزار کارخانے بند ہیں۔ تو اس سے یہ بات ثابت ہوتی ہے کہ On record انہوں نے اس بات کو نہیں کہا ہے۔ اور ہاوس میں اس بات کو بولا جا رہا ہے تو اس کا مطلب یہ بے بنیاد بات ہے۔ یعنی آپ کے اس بیان میں کوئی سچائی نہیں ہے۔ اگر یہ سچ ہوتا تو عزت مآب وزیر صاحب اپنے ریکارڈ میں اس کا ذکر کرتے۔ ہاں بایاں محاذ کے زمانے میں ۵۷ ہزار کارخانے بند تھیں یہ اس بات کو ثابت نہیں کرتی ہے۔

اور میں کہنا چاہوں گا کہ آپ نے کہا ہے Incentive Sector اس میں جو بات کہی گئی ہے۔ اس میں Textile,leather,Jute,tea, gems and jewellery,agro-based کارخانے کے بارے میں بولا گیا ہے کہ particularly Employment generate ہوگا۔ تو میں عزت مآب وزیر صاحب سے جاننا چاہوں گا کہ Textile میں کتنا روزگار Generate ہوگا۔ لیدر میں کتنا روزگار Generate کیجئے گا۔ جوٹ میں کتنا روزگار Generate ہوگا۔ چائے میں کتنا ہوگا، Gems and jewellery میں کتنا ہوگا، Agro-based industry میں کتنا ہوگا یہ total individualy ایک ایک سیکٹر میں کتنا روزگار generate کر رہے ہیں۔ اس کے بارے میں تفصیل سے کچھ نہیں بولا گیا ہے۔ میں یہ بات جاننا چاہوں گا کہ آپ ہاؤس میں اس بات کو بتائیں۔ اور میں ساتھ ہی ساتھ تجویز دینا چاہوں گا کہ ہمارے اتر بنگال میں جنگل ہے، بانس bamboo ہے اور وہاں پر جوٹ کی پیداوار بہت زیادہ ہے۔ dolomite وہاں پر بہت زیادہ تعداد میں پایا جاتا ہے۔ جلپئی پہاڑ میں dolomite کی پیداوار بہت زیادہ ہے۔ تو یہ کہہ سکتے ہیں کہ جنگل اور bamboo، پیڑ اور بانس سے ہم ایک paper industry کا پہل کر سکتے ہیں۔ کہ شمالی بنگال میں ایک پیپر انڈسٹری بنایا جائے۔ اس کے ساتھ جوٹ کی پیداوار وہاں بہت زیادہ ہے۔ جس کی وجہ سے اتر بنگال کے ہر ایک ضلع میں، چاہے تو ہم جوٹ انڈسٹری کے طور پر ہر ضلع میں کام کر سکتے ہیں۔ سلی انڈسٹری وہاں ہم بنا سکتے ہیں۔ وہاں کے ہزاروں مزدوروں کو کام مل سکتا ہے۔ یہ ایک تجویز ہے کہ dolomite کے ذریعے سیمنٹ انڈسٹری وہاں ہم تیار کر سکتے ہیں۔ لیکن اس کے بارے میں بجٹ میں کہیں پر بھی نہیں بولا گیا ہے۔ تو میں چاہوں گا کہ عزت مآب وزیر صاحب اس پر غور کریں۔ اور اتر دیناج پور یا اتر بنگال کی طرف دھیان دیں۔ ساتھ ہی ساتھ میں بولنا چاہوں گا کہ یہاں حکومت مغربی بنگال نے ۹۹۷ ایکڑ زمین دیکر ٹاٹا کمپنی کو نینو کارخانہ بنانے کا موقع دیا تو اس وقت ہماری اپوزیشن میں بیٹھے آج ہمارے عزت مآب ممبرس اور چیف منسٹر صاحبہ ان کی لیڈرشپ میں یہ ۹۹۷ ایکڑ زمین کے خلاف ایک تحریک شروع ہوئی۔ اتنی زمین میں کارخانہ بنانے کی ضرورت نہیں ہے صرف ۱۶۰۰ ایکڑ میں کارخانہ بنے گا۔ ۱۴۰۰ ایکڑ زمین کسانوں کو واپس دے دیا جائے۔ بہت اچھی بات تھی۔ ان کی اس سوچ کی ہم نے حمایت بھی کی۔ ٹھیک ہے کسانوں کو واپس دیکر کارخانہ بنتا ہے تو اس سے ہمیں کوئی اعتراض نہیں ہے۔ لیکن میں جاننا چاہوں گا اس ہاؤس کے عزت مآب اپوزیشن ممبرس سے بھی اور ہمارے منسٹر صاحب سے کہ گجرات کے سانند ضلع میں گجرات حکومت نے ٹاٹا کو ۱۱۴۰۰ ایکڑ زمین ڈیگر کارخانہ بنایا ہے۔ تو بنگال میں ۹۹۷ ایکڑ زمین دینے پر آپ لوگوں نے ہنگامہ کیا۔ ہماری ایم پی صاحبہ، ہماری عزت مآب وزیر اعلیٰ جب گجرات میں ۱۱۴۰۰ ایکڑ زمین دی گئی تو اس سے یہ بات ثابت ہوتی ہے کہ حکومت مغربی بنگال نے یا بایاں محاذ حکومت نے ۹۹۷ ایکڑ زمین دیکر کوئی غلط کام نہیں کیا تھا۔ میں بولنا چاہوں گا کہ زمین چھیننے کی بات کی جا رہی ہے۔ ابھی ہمارے عزت مآب ممبر صاحب بول رہے ہیں کہ بنگال کی سرکار نے زمین چھین لی ہے۔ تو آپ کو پتہ ہونا چاہئے کہ جو land acquisition act ہے۔ وہ مرکزی حکومت کی بنائی ہوئی ہے اور مرکزی حکومت میں آپ بیٹھے ہوئے ہیں۔ آپ ہی کے قانون کے تحت ریاستی حکومت کام کر رہی تھی۔ پہلے جا کر مرکزی حکومت سے بات کیجئے پھر ریاستی حکومت پر انگلی اٹھائیں۔ پہلے مرکزی حکومت سے بات کر کے آئیں۔ اسلئے میں کہنا چاہوں گا کہ آج سینگور میں ہمارے عزت مآب ممبر شری بیچا رام منا صاحب بول رہے تھے کہ سینگور میں صرف زمین کے جو دلال لوگ ہیں۔ ان کا نقصان ہوا ہے اور کسانوں کا نقصان نہیں ہوا۔ شری بیچا رام منا جی سے میں پوچھنا چاہتا ہوں کہ وہ وہی کے ایم ایل اے بھی ہیں۔ انہوں نے وہاں پر

مزدوروں کے ساتھ سیاست کی ہے اور آج وہ یہاں پر عزت مآب ایم ایل اے بھی ہیں۔ تو میں جاننا چاہوں گا کہ سینگور میں جو زمین ہے آج اس زمین پر کارخانہ کو بننے سے روک لگا کر آج وہاں پر کارخانہ بھی نہیں ہے۔ اور اس زمین پر کھیتی بھی نہیں ہوسکتی۔ آج اگر وہاں پر کارخانہ بن کر کھیتی ہوتی تو اس زمین سے جو بھی پیداوار ہوتا وہ وہاں کے کسانوں کو فائدہ پہنچتا۔ اس سے ریاست کے economic valuation میں سدھار آتا۔ لیکن آج وہاں پر کھیتی بھی کرنے نہیں دی جارہی ہے اور نہ وہاں پر کارخانہ بن پایا۔ اس زمین پر مستقبل میں بھی کھیتی نہیں ہوگی۔ کیونکہ وہ زمین concrete ہو چکا ہے۔ تو اس جگہ کو روک کر کیا آپ کی سرکار نے صحی کام کیا اور یہ آپ مانتے ہیں ۔ میں یہ آپ سے سوال کرتا ہوں کہ آپ لوگ اس بات کو بتایئے کہ آپ نے کارخانہ بند کر کے وہاں کے اگر کسانوں کو اس ہزار ایکڑ زمین پر کھیتی کرنے کا موقع دلا دیا ہوتا تو کسان کھیتی کر کے اپنا روزگار کر کے اپنے خاندان کو پالتے تو یہ بات صحی تھی۔ لیکن آج موجودہ حالات میں یہ دیکھا جارہا ہے کہ وہاں کارخانہ میں دس ہزار لوگ کام کرتے یا دس لوگ بھی کام کرتے، ان دس لوگوں کے روزگار کو آپ نے بند کیا اور اس زمین پر کھیتی کر کے کھانے والے اس خاندان کو بھی آپ لوگ بھوکا رکھ رہے ہیں۔ اس کا جواب آپ سے سینگور کے لوگ لیں گے۔ آج عزت مآب چیف منسٹر صاحبہ جو بول رہی ہیں۔ انہوں نے بہت ہی جلد بازی میں ordinance پاس کیا۔ جبکہ ہاؤس چلنے کے دوران ordinance نہیں لایا جاسکتا ہے۔ میں جانتا نہیں کہ عزت مآب سی ایم صاحبہ نے اتنی جلد بازی میں ایسا قدم اٹھایا۔ نتیجہ یہ ہوا کہ ordinance پاس نہیں کر پائیں۔ آپ کو بل لانے کے لئے مجبور ہونا پڑا۔ آپ نے بل لایا اور اس بل کا سرکزی حکومت کے بل کے ساتھ contradiction شروع ہو گیا۔ جس کے وجہ سے آج سپریم کورٹ کی رائے کے انتظار میں بیٹھے ہوئے ہیں۔ ہمارے عزت مآب وزیر صاحب نے اپنے بجٹ میں بھی بولا ہے کہ we are hopeful وہ امید میں ہیں۔ کہ سرکزی حکومت سے جلد سے جلد یہ

فیصلہ آئے گا اور سینگور کے لوگوں کو فائدہ پہنچے گا۔ اس کے لئے وہ امید میں ہیں۔ تو ہمارے ملک میں کی جو قانون رائج ہے۔ اس میں سپریم کورٹ میں ابھی ۲۶ لاکھ سے زیادہ معاملہ pending پڑا ہوا ہے۔ تو ہمارے منسٹر صاحب سے میں جاننا چاہوں گا کہ کیا ہم لوگ اپنی زندگی میں جیتے جی اس فیصلہ کو دیکھ پائیں گے۔ اور سینگور میں آپ لوگوں نے غلط وعدہ دیکر وہاں کے لوگوں کو اسکھا کر ۱۳ دن تک فیشل ہائے وے کو بند کر کے وہاں کے لوگوں میں جو امیدیں جگائی تھیں۔ کیا اس کا جواب آپ لوگ دیں پائیں گے؟ آپ کو اس کا جواب ہاؤس میں دینا ہوگا۔ اور سینگور کے لوگوں کو بتانا ہوگا کہ آپ لوگ سپریم کورٹ کے دروازے پر کھڑے ہو کر سینگور کے لوگوں کو امید دیکھا رہے ہیں بجٹ میں آپ بول رہے ہیں۔ آپ کا بجٹ بول رہا ہے we are hopeful

what does it mean آپ hopeful ہونے کی بات بول رہے ہیں۔ میں بولنا چاہوں گا کہ اس طرح سے آج ہماری سرکار نے جتنے وعدے کیے جن وعدوں کا سہارا لیکر آپ لوگوں نے سرکار بنایا۔ آج آپ کے بجٹوں کو دیکھتے ہوئے مجھے یہ بولنے سے کوئی پرہیز نہیں ہے۔ میں بولنے میں بچ کچا تا نہیں، آج میں کھلے لفظوں میں بولنا چاہتا ہوں کہ یہ سرکار کا مقصد تھا کہ بنگال کے لوگوں کو جھوٹا وعدہ کر کے ان کا استعمال کر کے کرسی دخل کرنا۔ آج وہاں تک آپ پہنچ گئے ہیں۔ لیکن جو وعدہ آپ لوگوں نے مانک پر باہر کیا ہے۔ وہ وعدہ آپ لوگوں نے اپنے بجٹوں میں نہیں کیا۔ دو سال میں دس لاکھ لوگوں کو نوکری دینے کی بات کہی ہے لیکن اب تک جتنے بھی بجٹ کو آپ لوگوں نے رکھا ہے۔ اس میں یہ کہیں ظاہر نہیں ہوتا کہ ہمارے ریاست میں دو سال میں دو لاکھ لوگوں کو آپ نوکری دیں گے۔ یہ بات آپ ظاہر نہیں کر رہے ہیں۔ تو باہر جو پبلک کے سامنے آپ کا وعدہ ہے اور جو وعدہ آپ یہاں پر کر رہے ہیں۔ ان دونوں میں فرق ہے۔

اسلئے میں بولنا چاہوں گا کہ ہمارے عزت مآب چیرمین صاحب کے ذریعے ہمارے عزت مآب منسٹر صاحب سے سینگور کے بل کے سلسلے میں یہ سوال کرنا چاہوں گا۔ ہم لوگ بھی آپ لوگوں کے ساتھ پر امید ہیں۔ اگر سینگور کے حق میں فیصلہ آئے اور سینگور کے کسانوں کو زمین واپس ملے تو اس میں ہم لوگوں کی بھی حمایت آپ کے ساتھ رہے گی۔ کسانوں کے حق میں ہم بھی سوچتے ہیں۔ ہماری پارٹی بھی سوچتی ہے اور ہم لوگ یہ امید رکھتے ہیں۔ کہ ہم لوگوں کے جیتے جی سپریم کورٹ کی رائے آئے گی اور میں زیادہ وقت نہ لیتے ہوئے بولنا چاہوں گا کیونکہ اب لال بتی جل چکی ہے اور آپ لوگوں کو شاید میری بات برداشت بھی نہیں ہو رہی ہے۔ اسلئے ایک ہی بات کہنا چاہوں گا کہ ہمارے عزت مآب ممبر چرنجیت صاحب نے یہاں پر بہت اچھے طریقے سے ایکٹنگ کرتے ہوئے بولا۔ تو میں چھوٹے میں ان کی ایک فلم دیکھا تھا۔ اس فلم میں ایک ڈائلوگ ہے۔

স্ত্রী হারালে স্ত্রী পাওয়া যায়, সন্তান হারালে সন্তান পাওয়া যায় কিন্তু মা হারালে মা পাওয়া যাবে না। বর্তমানে ওনার Dialogue শুনে আমায় বলতে হচ্ছে স্ত্রী হারালে স্ত্রী পাওয়া যায়, সন্তান হারালে সন্তান পাওয়া যায়, মা হারালে মা পাওয়া যাবে, কিন্তু দিদিকে হারালে আর দিদিকে পাওয়া যাবে না। এই কথা এখন ওনার মুখ থেকে বেরোচ্ছে। তাই আমি বলতে চাই এতক্ষণ আমার কথা ধৈর্য ধরে শোনার জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি। (এই সময় মাইক অফ যায় যায়।)

[3.15–3.30 p.m.]

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় চেয়ারম্যান স্যার, শিল্প বাণিজ্য দপ্তরের ভারপ্রাপ্ত যোগ্য ও দক্ষ মন্ত্রী শ্রী পার্থ চ্যাটার্জী যে ডিমান্ড এনেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন করি এবং পূর্ণ সমর্থন করে আমি একটা কথা বলতে চাই, বার বার হয়তো বিরোধী পক্ষ বিরক্ত করবে কিন্তু ৩৪ বছর ধরে তারা এই শিল্প বাণিজ্য দপ্তরটাকে অর্থাৎ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির যে দপ্তর, সেই দপ্তরটাকে কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি রাখেননি, তারা এই নামটা পরিবর্তন করে এখন নাম দিয়েছে কোরাপসান অ্যান্ড ইরেসপনসেবল ডিপার্টমেন্ট। ৩৪ বছর ধরে তারা কোরাপসান অ্যান্ড ইরেসপনসেবল ডিপার্টমেন্ট তৈরি করে ফেলেছে এই দপ্তরটাকে। সবথেকে বড় কথা এক দিকে যেমন চারিদিকে কঙ্কাল উদ্ধার হচ্ছে, একটু আগে আমার সহযোগী বিধায়ক কঙ্কাল শিল্পের কথা বলছিলেন। গত ৩৪ বছর ধরে শিল্পের কঙ্কাল সার চেহারা বের করে দিয়েছে। শিল্প নামে যে একটা কঙ্কাল এখানে তৈরি হয়েছিল সেই কঙ্কাল নিয়ে এখানে বলার প্রয়োজন আছে। আমি মাননীয় বিরোধী দলের বিধায়কদের স্মরণ করিয়ে দিতে চাই, ১৯৭৭ সালে ক্ষমতায় আসার পর, ১৯৭৭ থেকে ১৯৮২, আপনাদের ৫ বছর কেটে গেল শুধু জয়েন্ট সেক্টর কি করবেন এটা ঠিক করতে।

মাননীয় বিধায়ক নারায়ণ মুখার্জী একটু আগে বললেন, তথ্য প্রযুক্তিতে বিরাট কাজ করেছেন, পশ্চিমবঙ্গের মন্দা ঢেকে দিয়েছে তথ্য প্রযুক্তি। সারা ভারতবর্ষে ১৯৯০ সালে তথ্য প্রযুক্তি চালু হয়েছিল। পশ্চিমবঙ্গে আপনারাই প্রথম তার বিরোধিতা করেছিলেন। তার ১০ বছর পর আপনারা তথ্য প্রযুক্তি এনেছেন, আর এনে বলছেন তথ্য প্রযুক্তিতে আপনারাই নাকি প্রথম। তথ্য প্রযুক্তিতে আপনারা পশ্চিমবঙ্গকে ১০টা বছর পিছিয়ে

দিয়েছেন, আর বলছেন, তথ্য প্রযুক্তি দিয়ে মল্লা ঢেকেছেন ! আপনাদের দ্বিচারিতা, আপনাদের মুখ আর মুখোশ সবাই জানে। তৎকালীন কেন্দ্রীয় অর্থমন্ত্রী, বর্তমানে যিনি দেশের প্রধানমন্ত্রী, সেই মনমোহন সিং ১৯৯১ সালে যে ইকনমিক পলিসি এনেছিলেন, সেটা আপনারা প্রথমে বলেছিলেন ভুল। আবার ৩ বছর পরে ১৯৯৪ সালে সেই পলিসিই নিয়ে এসে আপনারা বলেছিলেন এই পলিসি কারেক্ট ছিল। সুতরাং আপনাদের দ্বিচারিতা সবাই জানে। সবচেয়ে বড় কথা, ৩৪ বছর ক্ষমতায় থাকা সত্ত্বেও আপনাদের লেবার প্রোডাকটিভিটি এখানে করতে পারেননি। বলুন তো ওয়েস্ট বেঙ্গলে লেবার প্রোডাকটিভিটি কি ? ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের জন্য আপনারা কি করেছেন ? শিল্প তো আর অমনি অমনি হয় না। তার জন্য চাই বিদ্যুৎ, চাই জল, চাই রাস্তাঘাট, অনেক কিছু। আপনাদের সময় যোগাযোগ ব্যবস্থার উন্নতি হয়েছে ? হাসপাতাল হয়েছে, বাসস্থানের ব্যবস্থা হয়েছে ? আজকের মুখ্যমন্ত্রী, তৎকালীন কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন, বেঙ্গল প্যাকেজ দিয়েছিলেন। আজকে ন্যাশানাল হাইওয়েটা যদি না হত, তাহলে তার আশেপাশে যে কিছু ইন্ডাস্ট্রি গড়ে উঠেছে সেই ইন্ডাস্ট্রিগুলোও হত না।

একটু আগে মাননীয় বিধায়ক নর্মদাবাবু বললেন মহারাষ্ট্র না কার পরে। পরিসংখ্যান খুলে দেখুন ৪টে সেগমেন্টে ভারতবর্ষকে ভাগ করা হয়, একটা ফার্স্ট ক্যাটেগরি, একটা সেকেন্ড ক্যাটেগরি, একটা মিডল ক্যাটেগরি, লাস্ট ক্যাটেগরি। গুজরাট, মহারাষ্ট্র ফার্স্ট ক্যাটেগরিতে পড়ছে, ঠিক বলেছেন আপনি। কর্ণাটক, তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশ, এমনকি হরিয়ানাও ঢুকেছে সেকেন্ড ক্যাটেগরিতে। মাঝের ক্যাটেগরিতে আছে দিল্লি এবং দিল্লির সাথে রয়েছে পাঞ্জাব, এমনকি ওড়িশা, ছত্তিশগড়ও ঢুকেছে। আর সবচেয়ে শেষ যেটা, তাতে পশ্চিমবঙ্গ আর কেরালা। এই হচ্ছে আপনাদের শিল্প-বাণিজ্যের চেহারা। কোথায় নিয়ে গেছেন ৩৪টা বছর ধরে শিল্প বাণিজ্যকে ! সবচেয়ে বড় কথা, ১৯৮০-৮১ সালে শিল্প উৎপাদনে পশ্চিমবঙ্গের হার ছিল ১০ পার্সেন্ট, এখন ওনলি ৪ পার্সেন্ট। ফ্যাক্টরি উৎপাদন ১৯৮০-৮১ সালে ছিল ১৬ পার্সেন্ট, এখন এসে দাঁড়িয়েছে ৪ পার্সেন্টে। সুতরাং সব ব্যাপারেই আপনারা কমিয়ে দিয়েছেন। আপনি বললেন বিগত দিনে সবচেয়ে ভালো ইনভেস্টমেন্ট এখানে হয়েছে। পরিসংখ্যান খুলে দেখুন, ২০১০-১১-তে পশ্চিমবঙ্গে ইনভেস্টমেন্ট এত কম হয়েছে যেটা কর্ণাটক, ওড়িশা, ছত্তিশগড়ের থেকেও কম। আর আপনি বলবেন সবচেয়ে বেশি হয়েছে !

আমার ভাই ইমরান বলছিলেন সিঙ্গুরের কথা। ...সিঙ্গুরে যে আন্দোলনটা হয়েছিল, আপনি আন্দোলনের কথা বলেছেন, আপনি হয়তো জানেন না, জেনে নিন—ওখানে কিন্তু অনিচ্ছুক কৃষকরা বারবার জমি ফেরত চেয়েছিল। এবং, যে চাষের কথা, খেতির কথা আপনি বললেন, আপনি হয়তো ওখানে যাননি, আপনি তো উত্তরবঙ্গের বিধায়ক, গিয়ে দেখে আসুন—কারখানা যেখানে হয়েছে সেটা বাদ দিয়ে যে ৪০০ একর জায়গা ফেরত দেওয়ার কথা যেটা চাষীরা বারবার বলছে, সেটা এখনও ব্যবহৃত হয়নি। প্রচুর জায়গা এখনও চাষের যোগ্য আছে, যেখানে চাষ হতে পারে। এই বিষয়ে কোনো দ্বিধা-দ্বন্দ্ব নেই। সুতরাং আপনি এইভাবে গোটা হাউসকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। দয়া করে বিভ্রান্ত করবেন না, সেখানে এখনও চাষ করার উপযোগী ব্যবস্থা হতে পারে।

সর্বোপরি আমি একটা কথা বলতে চাই, আমি হাওড়া জেলার ছেলে। হাওড়া জেলার যেটা গর্ব ছিল, এক সময় হাওড়া জেলাকে শেফিল্ড বলা হত। এখন এমন একটা অবস্থা করেছেন যে একটাও চিমনী থেকে ধোঁয়া বেরোয় না, চিমনীতে শকুন বসে থাকে। আর হাওড়া জেলার এই হাল করেছেন বলেই না আজকে হাওড়া জেলার ১৬টা সীটের একটা সীটেও আপনাদের এম.এল.এ.-রা জিততে পারেননি। সব আমাদের এম.এল.এ.-রা জিতে এখানে এসেছেন। সুতরাং হাওড়া জেলার শিল্পের যে চিত্র আপনারা করেছেন ! আমি আর একটা বলে দিচ্ছি একটু আগে দাদা বলছিলেন মাননীয় বিধায়ক যে ওখানে একটা মোটর সাইকেল কারখানা করেছেন। শেড ছাড়া কিছু হয়নি। হাওড়া, উলুবেড়িয়ার গ্রোথ সেন্টারের অবস্থা দেখে আসুন খুব খারাপ। আমার নিজের কেন্দ্র ডোমজুড়ে একটা উদাহরণ দিলে লজ্জায় আপনাদের মাথা হেঁট হয়ে যাবে। এখানে আপনাদের বসা উচিত না। আপনারা সাধারণ মানুষের কাছ থেকে জোর করে ডোমজুড়ের সলপে জমি কেড়েছেন। ৬ হাজার টাকা হাইরোডের ধারের জমি। কোথাও ৬ হাজার টাকা, কোথাও ৯ হাজার টাকা দাম দিয়ে, মানুষের কাছ থেকে জমি কেড়েছেন সর্বাধিক ২১ হাজার টাকা দিয়ে। বলেছিলেন শিল্প করবেন। ওখানে কোনো শিল্প আপনারা করেননি। ফাইভ স্টার একটা আবাসন তৈরি হচ্ছে। পাঁচ বছর হয়ে গেছে, মানুষ পয়সা দিয়ে একটা আবাসন পাননি। আপনারা দয়া করে শিল্পের কথা বলবেন না। জোর করে জমি কেড়ে নেওয়াটাই আপনাদের চিত্র। লজ্জায় আপনাদের মাথা হেঁট হয়ে যাওয়া উচিত। আপনারা ক্ষুদ্র শিল্পের কথা বলেছেন একটু আগে। যে সেল্ফ হেল্প গ্রুপ আপনারা করেছেন সমস্ত পার্টি বাজি, সমস্ত ক্যাডারদের দিয়ে দিয়েছেন। সেলফ হেল্প গ্রুপের নামে আপনারা একটা ধান্দাবাজি চালু করেছিলেন যেখানে শুধু পার্টির ক্যাডাররা মেম্বার, তারা করত। মা-মাটি-মানুষের সরকার আসার পরে আমাদের শিল্প দপ্তরের মাননীয় মন্ত্রী যোগ্য মন্ত্রী, দক্ষ মন্ত্রী যিনি দীর্ঘদিন বক্তব্য রেখেছেন, আরও একটা কথা আপনাদের বলে রাখি ভুলে যাচ্ছিলাম। আপনারা বলছিলেন না সিঙ্গুরে টাটা হয়েছে। আমি ১৪.৭.১০ তারিখের নিরুপম সেনের বাজেট উদ্ধৃতি থেকে বলছি, উনি একটা জায়গায় বলেছেন যে 'পশ্চিম মেদিনীপুরে একটা বিদ্যাসাগর ইন্ডাস্ট্রিয়াল পার্ক আমরা তৈরি করেছি ১১শো একর জমি নিয়ে এবং সেই জমিতে যেখানে আমাদের প্রথম পরিকল্পনা ছিল ন্যানো গাড়ি তৈরি করা, পরবর্তীকালে সেটা আমাদের পরিবর্তন করতে হয়'। আমি জানতে চাই, আপনারা কেন পরিবর্তন করেছেন। কি রহস্য আপনাদের বলতে হবে। সাধারণ মানুষ সেই রহস্য জানতে চায়। আমাদের বর্তমান শিল্পমন্ত্রী কি করেছেন দেখুন। তিনি শহরে গ্যাস সরবরাহের জন্য এইচ.পি.সি.এল., গেল এবং জি.সি.জি.এসের সঙ্গে 'মৌ' করেছেন আড়াইশো কোটি টাকার। হাওড়ায় আই.টি.আই. এবং ফাউন্ড্রি পার্ক হবে। দুর্গাপুর, আসানসোলে প্রায় এক হাজার কোটি টাকার কয়লা থেকে মিথেন গ্যাস তৈরির প্ল্যান্ট হবে, ডোমজুড়ে জেমস এবং জুয়েলারি পার্ক হবে, গ্যাস সরবরাহের জন্য ১৬৫১ কোটি টাকার ইনভেস্টমেন্ট হবে, দুর্গাপুরে, নর্থ ২৪ পরগনায় পোশাক শিল্পের জন্য ৫০০ কোটি, খড়্গপুরে বিদ্যাসাগর ইন্ডাস্ট্রিয়াল পার্কের ৪৩৫ কোটি ইনভেস্ট করবে। সুতরাং দুনিয়ার ইনভেস্টমেন্ট। এক গাদা ইনভেস্টমেন্ট যা আপনারা ৩৪বছরে করতে পারেননি। ৯০ দিনে আমাদের সরকার তাই করে দেখিয়েছে। এর থেকে বড় কথা কিছু বলা যায় না। তাই আমি মাননীয় শিল্পমন্ত্রীকে অজস্র ধন্যবাদ দিয়ে তাঁর বাজেটকে সমর্থন করে বক্তব্য শেষ করলাম।

[3.30–3.40 a.m.]

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় শিল্পমন্ত্রী যে ৯, ২৯ এবং ৪৪ যে ডিমান্ড নম্বর এখানে পেশ করেছেন এই বিষয়ে দুটো কথা বলতে চাই। তিনি খুব চালাকি করে বিগত সরকারের যে উন্নয়নমূলক বিষয় শিল্পের ক্ষেত্রে সেটাকেই তুলে ধরেছেন কিন্তু কি নতুন দিশা হবে, শিল্পের ভবিষ্যত কি রচনা হবে সেটা তিনি উল্লেখ করেননি। তাই আমি এই বাজেটকে সমর্থন করতে পারছি না। আমরা জানি আমরা পশ্চিমবঙ্গের মানুষ ১৯৪৭ সালে ভারত স্বাধীনতা লাভের পরে, '৭৭ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় একটি সরকার ছিল। পশ্চিমবাংলায় সেই সময়ে দুর্ভিক্ষের আকাল দেখা দিয়েছিল। পশ্চিমবাংলার মানুষ সেই সময়ে খেতে পেত না। একটা দুর্ভিক্ষ ছিল। '৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে সেই সময়ে ভূমিসংস্কারকে বাস্তবায়িত করার মধ্য দিয়ে কৃষির ক্ষেত্রে একটা বিপ্লব এনেছে। আর কৃষির ক্ষেত্রে বিপ্লব আনার ফলে, কৃষিক্ষেত্রে যেমন উন্নয়ন ঘটেছে, গ্রামবাংলায় অর্থনীতির উন্নয়ন ঘটার সঙ্গে সঙ্গে শিক্ষার হার বেড়েছে। শিক্ষার হার বাড়ার সঙ্গে সঙ্গে যেমন বেকারত্বের সংখ্যা বাড়ছে, পশ্চিমবঙ্গ সরকার পশ্চিমবঙ্গে নতুন করে শিল্প গড়ার জন্য জোয়ার আনার চেষ্টা করলেও শিল্প বিপ্লব ঘটানোর চেষ্টা করলেও সেই হিসাবে পশ্চিমবাংলার সিঙ্গুরে, শালবনীতে, নয়াচরে এইরকম বিভিন্ন জায়গায় পরবর্তী সময়ে শিল্প স্থাপনের ব্যবস্থা করা হল—কিন্তু দুর্ভাগ্যের বিষয় স্যার, এই সরকার গঠিত হওয়ার পরে আমরা অন্য জিনিস লক্ষ্য করেছি। বিগত সময়ে এরা যখন বিরোধীদল ছিল, তখন বিরোধীদলের সময়ে এরা যেখানেই শিল্প করতে যাওয়া হয়েছে, এরা সিঙ্গুর বলুন, নয়াচর বলুন, শালবনী বলুন, এখন অবশ্য শালবনীতে নতুন করে শুরু করেছে, সেই সমস্ত জায়গায় এরা বাধা সৃষ্টি করেছে। এর ফলে এখানে যে লক্ষ লক্ষ ছেলেরা কর্মসংস্থানের সুযোগ পেত, সেই সুযোগ থেকে এরা তাদেরকে বঞ্চিত করল। এর মধ্য দিয়ে ওরা ২০১১ সালে ক্ষমতায় এসেছে এবং ওই পক্ষে গিয়ে বসেছে। বসার পরে পরেই সঙ্গে সঙ্গেই দেখলাম, তিনি শিল্পপতিদের নিয়ে সভা করছেন। তাই অনেকে ঠাট্টা করে বলছিলেন যে, এ কি দেখছি, কি শুনছি মন্থরার মুখে। যারা শিল্প করতে পশ্চিমবঙ্গে বাধা দিয়েছিল, সেই বিরোধী দলনেত্রী আজকে যিনি মাননীয়া মুখ্যমন্ত্রী হয়েছেন, তাঁর আমলের এই শিল্পমন্ত্রী, তাঁর নেতৃত্বে এসে শিল্পপতিদের সঙ্গে নিয়ে সভা করলেন এবং এই সভা করে তাঁরা কি বলছেন ? তাঁরা বলছেন যে না, জমি সরকার অধিগ্রহণ করবে না। শিল্পপতিরা জমি নেবে। শিল্পপতিরা জমি নিয়ে তারা সেখানে কলকারখানা করবে। আমরা জানি কৃষকশ্রেণীর কথা। আমরা জানি শ্রমিক শ্রেণীর কথা, আমরা জানি ক্ষেতমজুরদের কথা। কিন্তু নতুন করে একটা মাফিয়াবাহিনী, মাফিয়াশ্রেণীর উদ্ভব ঘটছে। কোনো শিল্পপতি পশ্চিমবাংলায় এসে কোনো জায়গাই চিহ্নিত করতে পারবে না। আজকে সেখানে ওই মাফিয়াদেরকে নিয়ে জমি ক্রয় করবে। জমি ক্রয় করে সেখানে তারা শিল্প করবে। তাহলে এই মাফিয়াদের কারা সুযোগ করে দিচ্ছে ? আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তথা আমাদের এখানে শিল্পমন্ত্রী নতুন বাজেট পেশ করেছেন। ফলে একটা নতুন শ্রেণীর উদ্ভব ঘটছে পশ্চিমবাংলায়, যা আগামীদিনে বিপদের সংকেত সৃষ্টি হবে বলে মনে করি। এটা হচ্ছে পশ্চিমবাংলার এই ৯০ দিনের চিত্র। স্যার, বর্তমান সরকারের অনেক সদস্য বলছিলেন যে, ইনক্লাব জিন্দাবাদ, কালো হাত ভেঙে দাও,

মালিকশ্রেণীর বিরুদ্ধে। আমরা লক্ষ্য করলাম যখন সিঙ্গুরে কলকারখানা তৈরি হচ্ছে, তখন সিঙ্গুরে টাটা শিল্পপতি কারখানা করছে। তখন ১৭ দিন রাস্তা অবরোধ করেছিল কারা ? বন্ধ করেছিল কারা ? পশ্চিমবঙ্গের ওই অঞ্চলকে কারা অবরুদ্ধ করে রেখেছিল ? তাদের মুখে আজকে এইকথা ? তারা আজকে এখান থেকে টাটাকে তাড়িয়ে দিয়ে পশ্চিমবাংলাকে অচল করে দিয়েছিল। যেখানেই আগের পশ্চিমবঙ্গ সরকার শিল্প করতে গেছে, সেখানেই এরা বাধা সৃষ্টি করেছে। বাঙালী হিসাবে, বাংলার মানুষ হিসাবে দুঃখ বোধ হয়। এই শিল্প চলে গেল গুজরাটের সানন্দতে, সেখানে ১২০০ একর জমির উপরে এই কারখানা তৈরি হল। তখন গুজরাটের মুখ্যমন্ত্রী বললেন পশ্চিমবঙ্গের মানুষ বিড়াল মারুক এখন বসে বসে। এটা আমাদের লজ্জা নয় ? আপনারা কি লজ্জা অনুভব করবেন না ? এই লজ্জা গোটা বাংলার লজ্জা। এখানকার সমস্ত যুবক যুবতীদের লজ্জা। যারা এই গ্রামবাংলার কর্মসংস্থানের সুযোগ নিয়ে এগিয়ে যাওয়ার চেষ্টা করেছিলেন, তাদের বাধা দেওয়া হয়েছে। আমরা জানি এই শিল্প প্রকল্পগুলির ব্যাপারে বিগত সরকারের কথা তিনি উল্লেখ করেছেন, আবার বিগত সরকারের কিছু কিছু কাজকে তিনি বাতিলও করে দিয়েছেন। যেমন কিছু কাজ তিনি মেনে নিয়েছেন। পরবর্তীতে সেই কাজগুলির উন্নয়ন ঘটাবেন। কিন্তু কতগুলি বিষয় যেখানে গুরুত্বপূর্ণ, এবং সেখানে মানুষের কর্মসংস্থানের সুযোগ হত, যেমন, প্রস্তাবিত নয়াচরে সেখানে কেমিক্যাল হাব হত, সেখানে বাতিল করে দিলেন, হবে না বললেন। কি বিকল্প শিল্প হবে ? মৎস্যজীবীদের নিয়ে কি হবে বলছিলেন মাননীয়া মুখ্যমন্ত্রী। কিন্তু আজকে কেমিক্যাল হাব বন্ধ হয়ে গেল। লক্ষ লক্ষ ছেলেমেয়ে কর্মসংস্থান থেকে বঞ্চিত হল। শিল্পপতিরা যাঁরা বিনিয়োগ নিয়ে আসছিলেন, তাঁরা ফিরে যাচ্ছেন। বার্তাটা কি যাচ্ছে ? আমরা চাই পশ্চিমবঙ্গে যেমন কৃষিক্ষেত্রে উন্নয়নের জোয়ার এসেছে, খাদ্যে যেমন প্রথম হয়েছে, শিল্পতেও আমরা চাই ভারতের মধ্যে প্রথম হতে। আমরা তৃতীয় স্থানে থাকব না। আমরা প্রথম হতে চাই। কিন্তু যারা আজকে সরকারি পক্ষে আছে, তারা সেদিন বিরোধিতা করার ফলে আজকে এখানে অনেক বিনিয়োগ আসছে না। দেশের মধ্যে দ্বিতীয় ফিনানসিয়াল হাব, জ্যোতি বসু নগর, রাজারহাটকে আজকে অর্থ তালুক নামে যার পত্তন করেছিলেন, আমাদের মাননীয় কেন্দ্রীয় অর্থমন্ত্রী প্রণব মুখার্জী ২০১০ সালে, এতবড় একটা অর্থতালুক পশ্চিমবাংলার মাটিতে হচ্ছে, বিগত সরকারের আমলে, যা ভারতবর্ষের মধ্যে একমাত্র মুম্বাইয়ের বান্দ্রা-কুরলাতে আছে। সেখানে দেড় হাজার কোটি টাকা ব্যয় হবে। আর প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে দু'লক্ষ মানুষ কাজ পাবেন। এটাই তো বিগত সরকারের লক্ষ্য ছিল। এইভাবে পশ্চিমবঙ্গকে একটা জায়গায় নিয়ে যাওয়ার চেষ্টা করা। এটাই ছিল বিগত দিনের সরকারের চেষ্টা। হলদিয়া পেট্রোকেমিক্যাল হাব প্রতিষ্ঠিত হয়েছে। তারা নয়াচরে হতে দেবে না বলল, কিন্তু হলদিয়া পৌরসভা এলাকা নয়াচরকে কেন্দ্র করে যদি কেমিক্যাল হাব হত, তাহলে আজকে পশ্চিমবাংলার চিত্র পাল্টে যেত। কিন্তু বললেন, এটাও হতে হবে না। আজকে ১০ লাখ মানুষের দুর্ভাগ্য যে, কর্মসংস্থান থেকে তারা সুযোগ হারালেন। এটি হচ্ছে আমাদের লজ্জা, গোটা পশ্চিমবাংলার লজ্জা যে, এরা একের পর এক এইরকম করতে চাইছে। হলদিয়া দেশের দ্বিতীয় পলিথিন উৎপাদক। যাতে আমরা গর্ব অনুভব করি। পূর্ব ভারতের ৭০ শতাংশ পলিথিন জোগান দেয় এবং গোটা ভারতবর্ষে ৩০ শতাংশ জোগান দেয়। এটা তো আমাদের

পশ্চিমবঙ্গের হলদিয়া থেকে উৎপাদন হচ্ছে। এটা কি আপনারা স্বীকার করে নেবেন না ? অবশ্যই এই বিষয়গুলিকে মানতে হবে। ৬৫৪টি সহযোগী শিল্প সেখানে গড়ে উঠেছে এবং ২ লক্ষ মানুষ সেখানে কাজ করছে। এটাই তো হচ্ছে বিগত সরকারের সাফল্যের মূল্যায়ন। ফলে স্বাভাবিক নিয়মে আমাদের যে ইস্পাত শিল্প, আজকে সেখানে পশ্চিমবাংলা জুড়ে যে শালবনিতে জিন্দাল গোষ্ঠী শিল্প গড়বে, আজকে সেখানে কি একটা গণ্ডগোল আবার শুরু হয়েছে। তাদেরকে ডাকছে—সেখানে শিল্প করতে দেবে কি দেবে না। মাননীয় মন্ত্রী আপনি আছেন, আপনার জবাবি ভাষণে আপনি নিশ্চয়ই এই বিষয় সম্পর্কে আমাদের অবগত করবেন। আজকে পুরুলিয়ায় যে গ্যাস, ইস্পাত, সিমেন্ট, বিদ্যুৎ—যে পুরুলিয়ার কথা বলি, যেটা পিছিয়ে পরা জেলা ছিল, সেখানে বিগত সরকার এই পরিকল্পনা গ্রহণ করেছিলেন। আজকে এই বিষয় সম্পর্কে আমাদের একটা ধারণা থাকতে হবে যে, পশ্চিমবঙ্গে ৩৪ বছর বামফ্রন্ট সরকার এই সমস্ত বিষয়গুলিকে তুলে ধরেছেন। আজকে মাননীয় শিল্পমন্ত্রী সুন্দর করে বিগত সরকার যে সমস্ত শিল্পের কথা বলেছেন—এটা তো বিগত সরকারের সাফল্য। সেই সাফল্যকে আপনি এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন। তার জন্য আপনাকে ধন্যবাদ জানাই যে, নিশ্চিন্তভাবে বিগত সরকারের যে বিষয়গুলিকে আপনি উল্লেখ করেছেন, আপনি আগামি দিনে এই বিষয়গুলিকে কিভাবে নতুন দিশা দেখাবেন, সেটা আপনি নিশ্চয়ই এই সভাকে জানাবেন। এখানে যে শিল্পের প্রয়োজন সেটা আপনারাও জানেন, আমরাও জানি। শিল্প আমাদের চাই। সকলেই আমরা বলছি। এর জন্য আমাদের প্রয়োজন জমির চাপটা কমানোর জন্য শিল্পের দরকার। আমাদের পশ্চিমবঙ্গ হচ্ছে জমিখণ্ডিত জমি। আমাদের প্রতিবেশি যে রাজ্যগুলি আছে, তাদের জমির সিলিংয়ের উপরে অনেক জমি আছে। তাদের ভূমিবাহিনী আছে, সেনাবাহিনী আছে। সেখানে ওরা অন্যভাবে জমি দখল করে শিল্প করতে পারে। কিন্তু পশ্চিমবঙ্গের উর্বর জমি, এখানে দো ফসলি জমি—এই জমির চাপ কমানোর জন্য আমাদের শিল্পের প্রয়োজন আছে। তবে এটাও সত্য যে, এই জমির চাপ কমানোর জন্য কিভাবে আপনি সেই শিল্পকে গড়ে তুলবেন, আমরা তো নিশ্চয়ই এর বিপক্ষে যাব না। সেই ব্যাপারে আপনি যদি সভায় জানান, তাহলে নিশ্চয়ই আমি সন্তুষ্ট হব। আমি আরও কয়েকটি কথা বলতে চাই। চর্ম নগরী থেকে চর্মশিল্প না নিয়ে যাওয়ার জন্য যে বাধা সৃষ্টি করেছিলেন, এখন কি আপনি চর্ম নগরীতে চর্মশিল্প নিয়ে যাবেন ? এইসব কথা যদি সভাকে জানান, তাহলে ভালো হয়। আপনি রাষ্ট্রায়ত্ত শিল্প ৫৬ হাজারের কথা উল্লেখ করেননি। অনেক সরকারি সদস্যরা আজ এখানে আছেন, যাঁরা বিরোধী দলে ছিলেন। ৫৬ হাজার শিল্প বন্ধ। কিন্তু আপনি সেটা উল্লেখ করেননি। কিন্তু এটা আপনি উল্লেখ করেছেন যে, ৭১টি শিল্পের মধ্যে ৩৬টি পুনর্জীবিত-এটা করেছেন। ১২৩টি এখনও আপনার বিচারাধীন আছে। এটা ভালো। ফলে স্বাভাবিক নিয়মে এই কতগুলি জিনিস যদিও উল্লেখ করেছেন, কিন্তু কোনো দিশা দেখাতে পারেননি বলে এই বাজেটকে সমর্থন করতে পারছি না, ধন্যবাদ স্যার।

[3.40–3.50 p.m.]

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কমার্স-ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টের ডিমান্ড নম্বর ৯, ডিমান্ড নম্বর ৪৪, ডিমান্ড নম্বর ২৯ এর ওপর যে আলোচনা চলছে, তাতে মোট

৯ জন অংশগ্রহণ করেছেন। আমি প্রত্যেককেই ধন্যবাদ দিচ্ছি। কারণ প্রত্যেকেই মনে করেছেন যে এই রাজ্যে কর্মসংস্থান সৃষ্টিতে কৃষিকে বজায় রেখেই শিল্পকেও এগিয়ে নিয়ে যেতে হবে। এই অনুভবটা যখন এদিকে যাঁরা বসতেন তাঁরা এখন বাঁদিকে বসে আছেন, তাঁরা অনুভব করেননি। আমি আলাদা করে প্রত্যেকেরই যা বিষয়বস্তু তা আমি তুলে এনেছি, মনোযোগ দিয়ে শোনবার চেষ্টা করেছি। এবং তাকে যদি এক সঙ্গে দাঁড় করানো যায় তাহলে বাঁদিকে যাঁরা বসে আছেন তাঁদের শিল্প বলতে টাটা ছাড়া আর কিছু ছিল না। আমরা ১ হাজার কোটি টাকার বিনিয়োগ—অনেকে তথ্যটাও ভুল বললেন, আমি আশা করে ছিলাম আপনারা সুযোগ পেয়েছেন ৩৪ বছরে অন্তত খাতাটা ঠিক করবেন, সেই খাতাটাও ঠিক করেননি। আমি চেষ্টা করব আপনাদের উল্লেখিত প্রশ্নগুলোর সমাধান করার। কেউ ল্যান্ড ব্যাঙ্ক, কেউ ল্যান্ড ইউজ ম্যাপ—আমার তো মনে হয় ইমরান ভাই আপনাকে হয়তো এর পর থেকে একটা করে হিন্দিতে করে দিয়ে দেব, কারণ আপনি অন্যটা কিছু পড়ছেন না। আমাদের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রীর 'ল্যান্ড ব্যাংক আর ল্যান্ড ইউজ ম্যাপ'' এটা আমাদের ভিশন ডকুমেন্টেই আছে। আপনি কিছুটা পড়েন, কিছুটা না পড়লে অসুবিধা হয়। মাঝে মধ্যে আসবেন আমিও দিয়ে দেব কিছু। এটা ঠিকই ল্যান্ড ব্যাঙ্কের কথাটা আপনি যেটা বলছেন, সেটা ঠিকই, কিন্তু আপনাকে ২০০১-এ ফিরে যেতে হবে যখন ওইখান থেকে বসে তৃণমূল পরিষদীয় দল তার একজন সদস্য হিসাবে মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে এখানে এসে বারবার বলতাম আপনারা ল্যান্ড ব্যাঙ্ক করুন, ল্যান্ড ইউজ ম্যাপ করুন, আমাদের সঙ্গে তখন ডানদিকে কংগ্রেসও ছিল। এবং এই কথাটা বলবার পর আমার সেই উক্তিটি মনে পড়ছে প্রাক্তন ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রী রেজ্জাক মোল্লা সাহেবের। আমার প্রশ্নের উত্তরে তিনি বলেছিলেন কি করব পার্থবাবু আমার ডান হাত জমি তৈরি করে, বা হাত জমি কেড়ে নেয়, আমি নিরুপায়। এই চেয়ারের এই বাঁদিকটায় তখন এইখানটায় বসতেন আমাদের মাননীয় বুদ্ধদেব ভট্টাচার্য, আপনাদের এদিককার দলের নেতা। আমি ঠিক করেছি যে পুরনো জিনিসগুলোকে তুলে ধরতে চাই না, সময় অনেক নষ্ট হয়েছে, ৩৪ বছরটা কম নয়। এখানে অনেকে যাঁরা বক্তব্য রেখেছেন অনেকেই হয়তো সেই সময় জন্মাননি, তবু আপনাদের বলতে হচ্ছে ৩৪ বছর। তাই এই সময়কালের যা কিছু জিনিস, বিশেষত ১০ বছর ধরে যা কিছু জিনিস,—ধুলির প্রাপ্য ধুলিকে না দিলে জঞ্জাল বাড়ে শেষটায়। তাই জঞ্জাল নিয়ে আমি আর আলোচনা করতে চাই না। আমি আপনাদের কাছে খুব দ্ব্যর্থহীন ভাষায় বলি মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে এই সরকারের শিল্পের অভিমুখ বুঝতে অনেকের কষ্ট হয়েছে। কেউ কেউ লিখে দিয়েছেন সেটা পড়ে বলছেন দিশা নেই। আমাদের দিশা আছে। আমাদের দিশা আছে, এক, শিল্পের জমিতে শিল্প করতে হবে, যেটা স্পষ্ট ভাষায় আপনার সরকার কোনোদিনই বলতে পারেনি। শিল্পে দিশা আছে দুই, শিল্পের জন্য জমি নিয়ে সেই জমি ফেলে রাখা যাবে না, সেখানে শিল্পই করতে হবে। এ দ্ব্যর্থহীন ভাষায় মমতা ব্যানার্জী ছাড়া আর কেউ বলতে পারেননি। আমাদের অর্থ সংকট কাটাতে শিল্প গড়তে হবে, নিশ্চয়ই, সত্য কথাই বলেছেন। যে অর্থ সংকটটা আপনারা তৈরি করেছেন ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণের বোঝা চাপিয়ে দিয়েছেন, সেই বোঝা আপনার মাথাতে আছে, আমার মাথাতেও আছে। তাই একে যদি এগিয়ে নিয়ে যেতে হয় তাহলে শুধুমাত্র সমালোচনা নয়, আমাদের এগোতে হবে

উন্নয়নের পথে মানুষকে সঙ্গে নিয়ে। সেখানে শিল্প নিয়ে—আমি জানি না নারায়ণবাবু কোথা থেকে এই বই পেলেন, অসীমবাবু কিন্তু যে তথ্য জোগাড় করতেন, তিনি আর ISI থেকে নিতেন না। নারায়ণবাবু আপনাকে বলি, আপনি প্রবীণ সদস্য। Statistical Institute-র অর্থনীতিবিদদের নিতেন না। তিনি নিজের মতন একটা সেল তৈরি করেছিলেন, যে সেল থেকে তিনি এই তথ্য সংগ্রহ করতেন। তাঁর হয়তো ধারণা ছিল তারা বেশি জানে। আমি সিঙ্গুর নিয়ে পরে আসছি। আপনাদের দ্বিতীয় প্রশ্নটা ছিল—আপনাদের সময়কালে বা বামফ্রন্টের সময়কালে, শিল্প আমাদের ভবিষ্যৎ এই স্লোগানটা ২০০১ থেকে উঠেছে, ৩৪ বছর নয়। কিন্তু ৯১ সাল থেকে যখন সারা দেশে পরিবর্তনের হাওয়া, শিল্পায়নের হাওয়া, উন্নয়নের হাওয়া উঠল, তখন আমাদের বিগত সরকার টাটার রঙ নিয়েই ব্যস্ত ছিল। ফলে তাদের গোছাতে গোছাতেই আসল ১৯৯৪। এই ১৯৯১ থেকে ২০১০-এর সময়কালে আপনারা যে সমস্ত বই-টই বের করে পড়ছিলেন ওগুলো এখন রেখে দিন। কারণ ওগুলো সবই অসত্য ভাষণে তৈরি এবং যে কোনো জায়গায় মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার কাছে আমি এই তথ্য দিতে চাই যে, এই রাজ্যে আই.ই.এম. বলে যেটা চালানো হত সেই সংখ্যাটাও ৪,৫০৩। ইমপ্লিমেন্টেড সংখ্যা হচ্ছে ১ হাজার ৩১২ বা ১৫। এটা নিয়েও আমরা আরও বেশি করে তদন্ত করছি। এই যে ১,৩১০ বা ১২ আর ৪,৫০০—এই মাঝামাঝি লোকগুলো কোথায় গেল ? তারা কোথায় হারিয়ে গেল ? শিল্প আমাদের ভবিষ্যৎ করতে গিয়ে তারা হারিয়ে গেল ? এখানে শুধু একটা শিল্পগোষ্ঠী নিয়ে চিৎকার করছেন। আপনাদের কাছ থেকে তো এটা আমি শুনতে পেলাম না যে, ১,৩১০ আর ৪,৫০০-র মধ্যে এই যে বিরাট সংখ্যা, যারা বিনিয়োগ করতে এসেছিল এই রাজ্যে, তারা কোথায় হারিয়ে গেল ? আমরা তা খুঁজে বের করছি।

Mr. Speaker : With the consent of the House, I am extending the time for a further period of 12 minutes.

শ্রী পার্থ চ্যাটার্জী : আমরা খুঁজে বের করছি এবং বের করেই আপনাদের কাছে এটা আনব। ফলে আপনারা যেটা বলছেন, যে আপনাদের সময়কালে শিল্পের ভবিষ্যৎ আপনারা দেখেছেন, এটা মোটেই ঠিক নয়। এটা রবীনবাবু, রবীন্দ্রনাথ চট্টোপাধ্যায়ও জানতে চেয়েছিলেন। ওই একই প্রশ্ন। আমরা প্রকৃত তথ্য নিয়ে এখানে হাজির হতে চাই। আমরা ছবি তুলতে ব্যস্ত নই। কোটপ্যান্ট পরে একটা লোক আসল আর অমনি ছবি তুলে দিলাম, তারপর চলে গেলাম। আমরা মৌও দাদা হতে চাই না। আমরা প্রকৃত অর্থেই বাংলার কর্মসংস্থানমুখী, উন্নয়নমুখী শিল্পস্থাপনে ব্রতী হতে চাই। সেই কারণেই যা ফেলে গেছেন তা কতটুকু সত্য, তা কতটুকু গ্রহণীয় যেমন দেখছি, তেমনি কি আমাদের করতে হবে, তার দিক নির্দেশও মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আমাদেরকে করছেন। নারায়ণবাবু এবং রবীনবাবুর পর আমি মাননীয় বিধায়ক নির্মল ঘোষকে জানাতে চাই। তিনি একটা মূল্যবান প্রশ্ন এনেছেন। সেটা হচ্ছে ডি.এফ.আই.ডি—রুগ্‌ণশিল্পের কথা। এসব যা কিছু পাওয়া আপনাদের কাছ থেকেই পাওয়া। এগুলো আমাদের চেক করতে হচ্ছে। হ্যাঁ, টাকাতো বিদেশ থেকে এনে, আমেরিকার বিরুদ্ধে লড়ে, আমেরিকার টাকা নিয়েই তো চলতে হচ্ছে আপনাদের। চলতে হয়েছিল। টাকা

নিচ্ছেন কারখানা তুলছেন। আমি ওর মধ্যে যাচ্ছি না। জানতে চেয়েছেন শুনে নিন। জানতে চেয়েছেন শুনে নিন। একটু শিখুন, প্রথমবার এসেছেন একটু শিখতে হয়। দ্বিতীয়বার এসেছেন ! ও বাবা দেখতেই পাইনি আপনাকে। Phase-I, ২০০৩-২০০৬, ডি.এফ.আই. ডি.—২০৮ কোটি টাকা নেওয়া হয়েছিল, তার পূর্ণ ব্যবস্থা হয়েছে, খোলেনি কেন তা আপনারাই বলতে পারবেন।

[3.50–4.00 p.m.]

Phase II, ২০০৮-২০১১, ৬৭ কোটি টাকা নেওয়া হয়েছিল, spent in power sector restructuring, আপনারাই বলতে পারবেন। Phase III, সেখানেও DFID ১৪ কোটি টাকা দিয়েছে, যা দিয়েছিল সেই টাকা শুধু কাগজে কলমে আছে, কোনো receipt হয়নি। দ্বিতীয় আপনি আর একটা প্রশ্ন করেছিলেন মাননীয় বিধায়ক নির্মল ঘোষ, আমরা committed, আমরা committed যে, আমরা, মুখ্যমন্ত্রীর যে স্বপ্ন বাংলার মানুষকে দেখিয়ে এই mandate পেয়েছেন—আমরা Land Bank তৈরি করব। আমাদের এক সদস্য প্রাঞ্জল ভাষায় হিন্দিতে বললেন, Land Bank তৈরি করেছিলাম—আমি আবার বলছি, এটা অন্তত রেজ্জাক মোল্লার কাছে দেখা করে জেনে নেবেন, যে চার্টটি তৈরি হয়ে বই আকারে পড়ে আছে, তারপর আর এগোতে পারেনি কাজ—তাও অনেক চেষ্টায়, Land use Map হয়নি। আপনার জ্ঞাতার্থে বলছি, দু'জনেরই যে, Land use Map নিশ্চয়ই করা দরকার এবং সেই কাজে আমরা হাত দিয়েছি। Land Bank এবং Land use Map এই দুটোর ক্ষেত্রেই আমরা শুধু আমাদের department-এর আধিকারিকদের তাদের যে ক্ষমতা আছে, তাদের যে skill আছে, তার উপরে সম্পূর্ণ আস্থা নিয়েছি। তারা কেউ ছোটো নয়, তারা যথেষ্ট নিজেদের skill-এ নিজেদের স্বকীয়তায় কাজকর্ম করেন। তা সত্ত্বেও আরো বেশি পারদর্শিদের সাহায্য নেওয়ার জন্য সংস্থাকেও ডেকেছি। আমরা খুব শীঘ্রই এই কাজ সম্পন্ন করব এবং হাউসকেও সেই বিষয়ে আমরা জানিয়ে দেব। দ্বিতীয়টি হচ্ছে, আমরা অনেক সময় শুনতাম, আমাদের খোলা জানলা আছে, WBIDC যে সংস্থা, সেই খোলা জানলা আছে, খোলা জানলাটা কেমন ? ৩১৩ দিনে আমাদের যিনি বিনিয়োগ করতে আসেন, তাঁর ৩১৩ দিন লাগে সেই বিনিয়োগের Form fill up করে বাড়ি যেতে। ৯৯টি Form তাকে fill up করতে হত। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ দিই, বাংলার ইতিহাসে যেটা হয়নি, তিনিই সর্বপ্রথম পথ দেখিয়ে বললেন যে, আমাদের বণিকসভার প্রতিনিধিদের নিয়ে আপনারা আলোচনা করুন, তাদের থেকে পরামর্শ নিন, তাদের suggestion গ্রহণ করুন এবং আমাদের যেখানে দিশা খুঁজে পাচ্ছেন না বামফ্রন্টের বিধায়করা, তাদের দিশাটা দেখান। যাতে বাংলা সত্যিকারে দিশা দেখতে পায় শিল্পায়নের। সেখানে বণিকসভারাই আমাদের হাতে ৩৫টি Form, ৯৯ থেকে তুলে দেয়। তারপরে আমাদের department-এর আধিকারিকরা, আমাদের MD, আমাদের Additional Chief Secretary, বাণিজ্য এবং শিল্পের, তার Joint Secretary-রা সবাই মিলে বসে সেটিকে নামিয়ে এনেছেন ১৫টিতে, তারমধ্যেও আবার কেন্দ্রীয় সরকারের কিছু Form আছে, আমরা চেষ্টা করছি তার থেকেও ওটাকে ছেঁটে নামিয়ে আনা, ৭-৮ করা যায় কিনা, আমরা চেষ্টা করছি ৯০ দিনে। তিন মাসের যা কিছু

শুধুমাত্র পশ্চিমবঙ্গ সরকার বলে একটা বই ছাপাইনি। ৯০ দিনের কাজের একটা ইতিহাস এক বলক আমরা মানুষের কাছে রেখেছি। যা কিছু হয়েছে তা মানুষ জানুক। এবং জানি বলেই এই বইটি আপনাদের কাছেও দেওয়া হয়েছে, আপনারাও পেয়েছেন। এই বইটিতে তো details লেখা আছে। কেউ কেউ বললেন, কোনো বিধায়ক বললেন, বাঁদিক থেকেই, আমি আর তাঁর নাম করছি না, তিনি কেন পাচ্ছেন না জানি না। এখানে তো একটা দেওয়া আছে কোন কোন জায়গায় চাকরির, কর্মসংস্থানের সুযোগ।

....(voice from the Opposition Bench : হিন্দিতে বলুন)....

হিন্দিতে চাই নাকি ? আরে দাঁড়ান, এটা কাজের, এটা বাজেটের, এটা বাজেট, বাজেট মানে উত্তর। ভাষণ শুনতে চাইছেন ? আপনাদের মুশকিল তো সেইখানেই।

(গোলমাল)

তো যেটা অলরেডি টেবিলড হয়েছে, সেইখানে সময় বাঁচানোটাই আমাদের কাজ। আপনাদের ৩৪ বছরে ঘুম ভাঙে না, আমাদের ৯০ দিনে ঘুম ভেঙে তার কাজ হয়েছে।

(গোলমাল)

মিঃ স্পীকার : প্লিজ, মাননীয় সদস্যরা আপনারা একটু শান্ত হন। মাননীয় মন্ত্রীকে তাঁর বক্তব্য রাখতে দিন। দয়া করে আপনারা বসুন। কেউ এমন কোনো উক্তি করবেন না যাতে অন্য কেউ আহত হতে পারেন। বসুন। প্লিজ টেক ইয়োর সিট।

শ্রী পার্থ চ্যাটার্জী : এইবার দ্বিতীয় প্রশ্নে আসি। নির্মলবাবুর পরে, চিরঞ্জিৎ আমাদের চিত্র জগতের বিখ্যাত মানুষ, এবারেই প্রথম এসেছেন। আপনাকে অভিনন্দন যে আপনি অন্যদের মতোন আপনিও আপনার ইন্টারেস্ট সো করেছেন এখানে। আপনি যে বিষয়টি নিয়ে তুলেছেন, মাননীয় মুখ্যমন্ত্রী ইতিমধ্যেই আপনি নিজে জানেন যে এই ব্যাপারে কমিটি গঠন করে ফিল্ম ইন্ডাস্ট্রির ব্যাপারে যথেষ্ট উদ্বেগ প্রকাশ করে তার ইমপ্রুভমেন্টের জন্য তিনি চেষ্টা করছেন, এটা আমার সঙ্গে সম্পর্কিত নয়। কিন্তু যেহেতু আপনি প্রশ্নটি করেছেন, আমি তার উত্তরটি দিলাম। নর্মদাবাবু আপনি আই.ই.এম. নিয়ে অনেক প্রশ্ন করেছেন, আমি ইতিমধ্যেই তার উত্তর দিয়েছি। এবং সেই উত্তর যদি পছন্দ না হয় তাহলে আবার আসবেন, আপনাকে তথ্য দিয়ে,—দেখা করবেন—দিয়ে দেব। কিন্তু আপনি চা শিল্প নিয়ে বলতে গেলেন কেন, আমি তো বুঝতে পারলাম না। আপনাদের সাজে নাকি চা শিল্প নিয়ে বলা ? ওইখান থেকে বসে বসে রোজ বলতাম মৃত্যুর মিছিল, চা শিল্পে মৃত্যুর মিছিল। এইখান থেকে দাঁড়িয়ে বলা হয়েছিল, কোনো মৃত্যু নয়। ওরা সব ঠিক আছে। ওদের বিদ্যুৎ দেওয়া হয়, ওদের পেটের ভাত দেওয়া হয়, ওদের হাতের কাজ দেওয়া হয়, ওদের গার্ডেনগুলো প্রুনিং করছে, ওদের পি এফ ঠিক মতোন পড়ছে, স্ট্যাটুটরি ডিউজ কিছু বাকি নেই। আপনি কি মাননীয় মুখ্যমন্ত্রীর রিপ্লাইটা কোনোদিন দেখেছেন। আপনার সঙ্গে আমি একই উদ্বেগ প্রকাশ করছি। একই উদ্বেগ প্রকাশ করছি যে আপনারা এখন ওইদিকে গিয়ে বুঝেছেন যে কাজটা ঠিক হয়নি। কিন্তু বড্ড দেরি হয়ে গেছে। এবং সেই দেরির ফলে আজকে চা বাগান ধুঁকছে।

চা বাগানগুলো আজকে রুগ্‌ণতা কাটিয়ে ওঠার চেষ্টা যখন করছে, তখন নতুন করে তাদের উস্কাবার জন্য প্রাক্তন মন্ত্রীরাও চা বাগান বাগিচায় গিয়ে উস্কানি দিচ্ছেন। এগুলো বন্ধ করতে বলুন। রোজগার বন্ধ করে, রোজগার বাড়ানো যায় না। এটা একটু বোঝবার চেষ্টা করুন। আপনারা তো বলছেন, রোজগার বন্ধ করে, রোজগারের জায়গা বন্ধ করে, রোজগার করা যাবে না। এটা নির্দিষ্টভাবে আমরা সকলেই বুঝেছি। এবং নির্দিষ্ট করেই আপনাদের সমস্ত সমস্যার সমাধান হয়, কিন্তু রোজগারের জায়গা বন্ধ করে হয় না। সেটার প্রয়োজন আছে। সিক এবং ক্লোজ ইন্ডাষ্ট্রি নিয়ে আপনারা বলেছেন। অধ্যক্ষ মহোদয় পাঁচটা মিনিট আরো দেবেন।

মিঃ স্পীকার : আরো ৫ মিনিট সময় বাড়ানো হল, আশা করি হাউসের সকলের মতামত আছে।

শ্রী পার্থ চ্যাটার্জী : সিক এবং ক্লোজ ইন্ডাষ্ট্রি নিয়ে আপনারা বলেছেন, এক্ষেত্রেও আমি আবার বলছি, আমাদের সরকারের ভূমিকার কথা, আমরা যেমন প্রতিটি সিক ইন্ডাষ্ট্রি নিয়ে আমরা খোঁজ খবর নিচ্ছি, রুগ্‌ণতাটা কেন। ক্লোজড ইন্ডাষ্ট্রিগুলো জানুন, যে রকম আমরা দেখছি। সঙ্গে সঙ্গে আমরা বিনিয়োগকারীদের কাছে, শিল্পপতিদের কাছেও আবেদন জানিয়েছি যাতে সিক ইন্ডাষ্ট্রিগুলো তারা যাতে একটা করে সিক ইন্ডাষ্ট্রি গ্রহণ করতে পারেন। তারা যদি খোলেন। তাহলে তারা একটা নতুনও নিলেন, পুরনোও নিলেন।

[4.00-4.10 p.m.]

নিয়ে যদি তারা এগিয়ে যেতে পারেন এই কথাটা আমরা তাদের কাছে বলেছি। এখানে কতগুলি কোম্পানি সম্পর্কে আপনারা বলেছেন। খুব সম্ভবত রবীনবাবু বা অন্য কেউ হয়তো বলতে পারেন। রবীন্দ্রনাথবাবুও বলতে পারেন। ম্যাটিঙ্গের সার কারখানা—সম্ভবত রবীনবাবুই বোধহয় বলেছেন। আমি শুধু আপনার অবগতির জন্য জানাই, যতগুলি প্রোপোজাল বামফ্রন্ট সরকার তড়িঘড়ি করে করেছেন প্রত্যেকটির পরীক্ষা করব। পরীক্ষাবিহীনভাবে কোনোটি যাবে না। সে যত বড় মাপেরই শিল্পপতি হোন, ছোটো হোন, মাঝারি হোন, যাই হোন। কিন্তু তার মানে এই নয় যে আমরা এখানে শিল্পপতিদের দরজা বন্ধ করে দিচ্ছি। না। তাদের কাছে আমরা বিনীত চিত্তে জানতে চাই যে আপনারা কি কারণে এটি করছেন। শুধু বিনিয়োগ নয় তারসঙ্গে কি ধরনের মানবসম্পদ আপনাদের দরকার, কতদিনের মধ্যে আপনারা করবেন, তার স্টাডি রিপোর্ট আছে কিনা এবং তারজন্য কত জমি দরকার। অনেকে প্রশ্ন করেছেন। আমরা বণিক সভাগুলিকেও বলেছি, যে আপনাদের অনেকে জমি পাচ্ছে না। আপনারা এমন একটা দেখাতে পারবেন যার কাছে একশো বিঘা জমি আছে ? আপনার অবগতির জন্য জানাই, আপনাদের সরকার ২২শে ফেব্রুয়ারি খুব ভালো মতোন লিখে দিয়ে গেছেন, কারা সিলিং বহির্ভূত জমি নিয়ে বসে আছেন। আমরা তাদের কাছে বলেছি যদি আপনারা শিল্প করতে চান তাহলে আপনারা লিখিতভাবে সমস্ত কিছু দিন। মাননীয়া মুখ্যমন্ত্রীর সবুজ সংকেত পেলেই ফেস টু ফেস দেখে আমরা তা বিচার করব। আমরা অন্ধের মতোন আলিমুদ্দিন ঘুরে আসলেই আমরা তা সই করব না। আমরা দেখব

জনগণ যেটাকে চাইছেন। রাজ্যের স্বার্থে যেটা হবে সেটাই আমরা করব। এক্ষেত্রেও আমি বলি ১০ হাজার কোটি টাকার ম্যাটিক্স নিয়ে আপনারা বলেছেন, সেটাও এটা প্রথম ফেজে পাঁচ হাজার কোটি টাকার—আমি এত টাকা জানতাম না—কিন্তু আপনি বলাতে আমি আবার জেনে নিলাম—পাঁচ হাজার কোটি টাকার বিনিয়োগ হবে যা ২০১২ সাল থেকে ১.৩ মিলিয়ন টন ইউরিয়া তৈরি করবে। এটা আপনাদের প্রস্তাব ছিল। দ্বিতীয় পর্যায়ে আরো পাঁচ হাজার কোটি টাকার বিনিয়োগ করবে ইউরিয়ার উৎপাদন তিন মিলিয়ন টনে নিয়ে যাবে। কিন্তু এটাও তো জানতে হবে যে পারবে কি পারবে না। এত জমি লাগবে কি লাগবে না এবং ফাইনান্সিয়াল ডিসক্লোজার তারা দিয়েছে কিনা। অতি সম্প্রতি তারা ফাইনান্সিয়াল ডিসক্লোজার দিয়েছে। তৃতীয়ত, অনেকে প্রশ্ন করেছেন ইনসেনটিভ স্কিম নিয়ে। ইনসেনটিভ স্কিমের নিয়মটা আমরা অনেকেই বোধহয় ঠিকমতো গ্রহণ করিনি বা পড়িনি। আপনার যদি কমার্সিয়াল প্রোডাকশান স্টার্ট না হয়, অপারেশান স্টার্ট না হয় তাহলে আপনি ইনসেনটিভ পেতে পারেন না। সবাই তো আর সিঙ্গুরের বাবু নয়, প্রথম থেকেই পেয়ে যাবে। অনেক বাবুরাই এখানে এসেছেন তারা এক পয়সাও পাননি। সিঙ্গুর নিয়ে এই বক্তব্য অনেকে রেখেছেন। আপনাদের এই লৌহ প্রেম আমাদের ভালোই লাগছে। কিন্তু সঙ্গে সঙ্গে আমরা মানব প্রেমের কথাও বলব। যেহেতু বিচারাধীন আছে তা সত্ত্বেও বলছি, আপনাদের মুখে ছাই ফেলে দিয়ে বলছি, অনিচ্ছুক কৃষকদের জমি ফেরত দিতে কমিটেড আমাদের মুখ্যমন্ত্রী, কমিটেড আমাদের সরকার। শুধু তাই নয়, আমরা আমাদের তাড়াহুড়ো করেই বলুন, আপনাদের অপছন্দের কারণেই বলুন, বাকি জমিতে বলেছি পাবলিক পারপাসে ইনক্লুডিং ইন্ডাস্ট্রির যদি সম্ভাবনা থাকে আমরা তাও খতিয়ে দেখব। তাদের সম্পর্কে অনেকে বলেছেন। রবীনবাবু চুক্তি দেখতে চেয়েছেন। ওর থেকেও অনেক ভালো ঝোলা আছে। সেই ঝোলা নিশ্চয় অধ্যক্ষ অনুমোদন দিলে একদিন আমি তা বের করব। আমি আজকে সকলকে আশ্বস্ত করতে চাই সরকারের পক্ষ থেকে, মমতা বন্দ্যোপাধ্যায়ের পক্ষ থেকে, শিল্প আমাদের দরকার। শিল্প নিয়ে আমাদের এগোতে হবে। কিন্তু কৃষিকে ফেলে নয়। কৃষি এবং শিল্পের ভারসাম্য দিয়েই মানুষকে সঙ্গে নিয়ে আমাদের বিনিয়োগ আর নিয়োগের ভারসাম্য আনতে হবে। শুধু বিনিয়োগ নয় নিয়োগও আমাদের দেখতে হবে। এই কথাগুলো অত্যন্ত ভালোভাবে আমরা বণিকসভাগুলোকে বলেছি। এখনো আমরা উৎসাহিত বোধ করছি যে ধরনের আপনারা প্রোপোজাল বলেন সেটা আমরা এখনো বলতে শিখিনি। আমি এক্সপ্রেশান অফ ইন্টারেস্ট বলতে শিখেছি। কেউ আসল, আর কাগজ দিল সেটা প্রোপোজাল নয়, সেটা expression of interest, তা আমাদের দপ্তরে প্রচুর জমা পড়ছে। আমাদের আধিকারিকরা তা বিচার-বিবেচনা করছেন। শুধু তাই নয়, যাতে তাড়াতাড়ি শিল্পায়নের দিকে আমরা হাঁটতে পারি, সেইজন্য মুখ্যমন্ত্রীর নেতৃত্বে সাত মন্ত্রী আছেন। যাতে একইভাবে আমরা দ্রুততার সঙ্গে লক্ষ্যে পৌঁছতে পারি সেই ব্যবস্থা করা হয়েছে মানুষের স্বার্থে, ছাত্র-যুবকদের স্বার্থে, বেকারের স্বার্থে। আমি এর সঙ্গে আরেকটা কথা বলি, আমরা একটা এমপ্লয়মেন্ট ব্যাঙ্কও করছি এবং আমরা একটা নলেজ ব্যাঙ্কও করছি। দুটো দুরকমভাবে করছি। এর সঙ্গে সঙ্গে আমরা স্কিল ডেভেলপমেন্টও করছি—আপনারা শিক্ষার তো দফারফা বাজিয়েছিলেন। সেইজন্য আপনাদের মনোভাব ছিল শ্রমিকের শিক্ষার আর দরকার কি, কাজের আর

উৎকর্ষতা বাড়াবার দরকার কি। আমরা স্কিল ডেভেলপমেন্টের উপরে জোর দিয়েছি, যে ধরনের শিল্প, যে ধরনের মানব সম্পদ চান, আমরা সেইভাবে তাদেরকে তৈরি করার ব্যবস্থা করেছি। যাতে একথা কেউ বলতে না পারেন, আপনাদের তো স্কিল রিকোয়ার্ড ছিল না, তাই আমাকে অন্য রিকোয়ার্ড করতে হয়েছে। আমরা স্কিল রিকোয়ার্ড করে ব্যাঙ্ক তৈরি করব যে আপনারা এদেরকেও চেষ্টা করতে পারেন। বিধান রায়ের আমলে বাংলার পুরনো দিনের যে গৌরব ছিল, তারপরে তো আর কিছুই হল না। আসুন না, সবাই মিলে আমরা বাংলা মাকে ভালোবাসি, বাংলার জন্য কিছু করে দেখাই। আশা করি, আপনারা সবাই এটাকে সমর্থন করবেন। আপনারাই তো বলেছেন আপনাদের পথেই নাকি আমি হাঁটছি। যদি হেঁটেই থাকি তাহলে বন্ধু বাধা কিসের, পেছন থেকে টেনে দেওয়ার চেষ্টা কিসের। ধন্যবাদ।

The Motion of Dr. Amit Mitra that a sum of Rs. 511,13,09,000 be granted for expenditure under Demand No. 9 Major Heads: "2058-Stationery and Printing, 2852-Industries, 2853-Non-Ferrous Mining and Metallurgical Industries, 3451-Secretariat-Economic Services, 3475-Other General Economic Services, 4407-Capital Outlay on Plantations, 4551-Capital Outlay on Hill Areas, 4857-Capital Outlay on Chemical and Pharmaceutical Industries, 4860-Capital Outlay on Consumer Industries, 6407-Loans for Plantations, 6551-Loans for Hill Areas, 6857-Loans for Chemical and Pharmaceutical Industries, 6860-Loans for Consumer Industries, 6885-Loans for Other Industries and Minerals and 7465-Loans for General Financial and Trading Institutions" during the year 2011-2012 (This is inclusive of a total sum of Rs. 170,37,72,000 and Rs. 85,18,44,000 already voted on account in March and June, 2011 respectively), was then put and agreed to.

The Motion of Dr. Amit Mitra that a sum of Rs. 47,52,34,000 be granted for expenditure under Demand No. 44 Major Heads: "2852-Industries, 3451-Secretariat-Economic Services, 4857-Capital Outlay on Chemical and Pharmaceutical Industries, 5075-Capital Outlay on Other Transport Services, 6857-Loans for Chemical and Pharmaceutical Industries, 6858-Loans for Engineering Industries and 6860-Loans for Consumer Industries" during the year 2011-2012. (This is inclusive of a total sum of Rs. 15,84,14,000 and Rs. 7,91,99,000 already voted on account in March and June, 2011 respectively), was then put and agreed to.

The Motion of Dr. Amit Mitra that a sum of Rs. 9,56,49,000 be granted for expenditure under Demand No. 29, Major Heads: "2852-Industries, 3451-Secretariat-Economic Services, 4858-Capital Outlay on Engineering Industries, 4860-Capital Outlay on Consumer Industries, 4875-Capital Outlay on Other Industries, 4885-Other

Capital Outlay on Industries and Minerals, 6858–Loans for Engineering Industries and 6860–Loans for Consumer Industries" during the year 2011-2012. (This is inclusive of a total sum of Rs. 3,18,86,000 and Rs. 1,59,38,000 already voted on account in March and June, 2011 respectively), was then put and agreed to.

[4.10–4.20 p.m.]

DEMAND NO. 31

Mr. Speaker: Now discussions on Demand No. 31. There is no cut motion to Demand No. 31. The allotted time is one hour. I call upon Shri Abdur Rahim Boxi.

শ্রী আব্দুর রহিম বক্সি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ৩১ নম্বর দাবির অধীন ২০১১ এবং ২০১২ সালের জন্য তথ্য প্রযুক্তি দফতরের যে ব্যয় বরাদ্দ ভাষণ মাননীয় মন্ত্রী শ্রী পার্থ চট্টোপাধ্যায় মহাশয় এখানে রেখেছেন সে সম্পর্কে কিছু আলোচনা এই পবিত্র হাউসে করতে চাইছি। এখানে এই বাজেট ভাষণের প্রথম পাতাতেই বলা হয়েছে, যে তথ্য প্রযুক্তি দফতর পশ্চিমবঙ্গে দেরি করে এই পরিষেবার কাজ শুরু করার ফলে সারা ভারতবর্ষে পশ্চিমবঙ্গের স্থান ষষ্ঠ। কিন্তু আমরা এই বাজেট ভাষণে কোথাও এরকম কিছু দেখতে পাইনি যে তথ্য প্রযুক্তি পরিষেবার ক্ষেত্রে আগামী দিনে কি ধরনের দিক নির্ণয় করা হয়েছে। এখানে পরিষ্কার নয় যে আই.টি. এডুকেশানের ক্ষেত্রে কলকাতা শহর থেকে গ্রাম পর্যন্ত, জেলা থেকে ব্লক স্তরে অঞ্চল পর্যন্ত আই.টি. এডুকেশানের কি পরিকল্পনা মাননীয় মন্ত্রী মহোদয় করেছেন, তা কিন্তু এই বাজেট ভাষণে আমরা দেখতে পাচ্ছি না। ফলে আমরা মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইব, যে আই.টি. এডুকেশান সম্পর্কে তাঁর কি চিন্তা ভাবনা আছে ? পাশাপাশিভাবে এখানে আজকে দেখছি আই.সি.টি. এন্ডিং স্কুল বলেছেন। কোন কোন স্কুলকে, বিশেষ করে উত্তরবঙ্গে আই.সি.টি. এন্ডিং স্কুলের যে পরিকল্পনা, সেই পরিকল্পনার মধ্যে দিয়ে কোন কোন স্কুলকে উত্তরবঙ্গে বিশেষ করে চিহ্নিতকরণ করেছেন, এবং কি পরিকল্পনার মধ্যে দিয়ে এই স্কুলগুলোতে আই.টি. শিক্ষা প্রদানের ব্যবস্থা করবেন, আজকে এখানে এ বিষয়টা পরিষ্কার নয়। আমরা জানতে চাইব, বিগত সরকার যখন তথ্য প্রযুক্তি পরিষেবা সম্পূর্ণ রূপে দিতে পারেননি, যে কারণে ভারতবর্ষে পশ্চিমবঙ্গ পিছিয়ে আছে সেইখানে দাঁড়িয়ে আজকে অন লাইন ফাইলিং সিস্টেম সম্বন্ধে পরিষ্কার পরিচ্ছন্ন কোনো বক্তব্য এখানে রাখা নেই। অর্থাৎ আজকে যদি অন লাইন ফাইলিং সিস্টেম অতি দ্রুত গতিতে পশ্চিমবঙ্গের বুকে সৃষ্টি করা যায়, তাহলে ভালো হয়। নাহলে আমরা দেখব, যেভাবে আজকে যে কোনো ডিপার্টমেন্টের ক্ষেত্রে একটা ফাইল ব্লক থেকে ডি.এম. অফিসে আসতে যে সময় লাগে, আজকে যদি অন লাইন ফাইলিং সিস্টেম থাকে, তাহলে কিন্তু আমাদের এই তথ্য প্রযুক্তির মধ্য দিয়ে দ্রুত গতিতে সেই কাজগুলো করা সম্ভব হবে। কিন্তু সেই অন লাইন ফাইলিং সিস্টেমের কথা পরিষ্কারভাবে এই বাজেটের মধ্যে কোথাও বলা নেই। পাশাপাশিভাবে আমরা আজকে আশা করেছিলাম যে on line complaints / suggestions অর্থাৎ সেই কমপ্লেন্টসগুলো

জানাবার জন্য গ্রামের মানুষরা বি.ডি.ও. অফিসে, বা ডি.এম. অফিসে বা কোনো মন্ত্রী মহোদয়ের কাছে কমপ্লেন করার জন্য সশরীরে হাজির হয়। কমপ্লেন লিখিতভাবে জানানোর জন্য তারা সশরীরে হাজির হয়। ডি.এম. অফিসে সকলে আসলে সেখানে মানুষের ভিড় বাড়ে। বি.ডি.ও. অফিসে গেলে সেখানেও মানুষের ভিড় বাড়ে। কিন্তু সেখানে যদি অন লাইন কমপ্লেন্টস অ্যান্ড সল্যুইশানের ব্যবস্থা করা থাকে তাহলে সেখান থেকে ডাইরেক্ট আমরা সেই কমপ্লেনগুলোকে অন লাইনের মাধ্যমে পাঠিয়ে দিতে পারি এবং তার পরিপ্রেক্ষিতে আমি যা কমপ্লেন করেছি সে সম্বন্ধে স্থানীয় যে অন লাইন কমপ্লেন্টস সেন্টার থাকবে সেখান থেকে আমি আমার উত্তরটা পেয়ে যেতে পারি। কিন্তু আজকে বাজেটের মধ্যে কোথাও সেইভাবে কমপ্লেন পরিষ্কারভাবে আমরা কিছু বুঝতে পারিনি। মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমরা আবেদন রাখব, তিনি যখন বক্তব্য এখানে রাখবেন অন লাইন কমপ্লেন সিস্টেম থাকবে সম্পর্কে তার বক্তব্য রাখার চেষ্টা করবেন, আমাদেরকে জানাবেন সেটা কিন্তু এখানে পরিষ্কার নয়। বিশেষ করে আমরা আর একটা জিনিস জানতে চাইব, যে ই-ডিস্ট্রিক্ট, ই-গভর্নেন্স এই সিস্টেম কোন কোন জেলাতে বিশেষ করে উত্তরবঙ্গ কোন কোন জেলাকে এর পরিকল্পনা আওতায় আনা হয়েছে ? আমরা বাজেটের মধ্যে দেখতে পেয়েছি যে, কোন কোন জেলায় যেমন ল্যান্ড ডিপার্টমেন্ট-এর কিছু ই-অফিসকে হিসাবে ব্যবহার করা হয়েছে। মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আবেদন রাখব—বার বার যখন বিগত সরকার ৩৪ বছরের খতিয়ান তুলে ধরে বলা হচ্ছে, যে ৩৪ বছরে কিছুই করা হয়নি পশ্চিমবঙ্গের বুকে। মানুষের কোনো উন্নতি সাধনই হয়নি, মানুষের কোনো শিক্ষার ব্যবস্থাই ছিল না, মানুষের কোনো খাদ্যের ব্যবস্থা ছিল না, মানুষের কোনো রাস্তার ব্যবস্থা ছিল না। বলা হচ্ছে ৩৪ বছরে পশ্চিমবঙ্গের মানুষকে মৃত্যুর মুখে ঠেলে ফেলে দেওয়া হয়েছে, পশ্চিমবঙ্গকে নর্দমার মধ্যে ঠেলে ফেলে দেওয়া হয়েছে। তবুও আমি এখানে প্রশ্ন রাখব যে, তিনি এই বাজেট ভাষণের মধ্যে দিয়ে তথ্য প্রযুক্তি যে কথা বলছেন ই-ডিস্ট্রিক্ট কোন কোন জেলাকে তিনি চিহ্নিতকরণ করেছেন ? আজকে যদি ই-গভর্নেন্স, ই-ডিস্ট্রিক্ট আমাদের হয় তাহলে আরও দ্রুত গতিতে করতে হবে। কারণ মা-মাটি-মানুষ-এর সরকার যে স্বপ্ন দেখেছেন, সেটা বলছেন যে, পশ্চিমবঙ্গটা গোটা ভারতবর্ষের বুকে প্রথম স্থানে থাকবে। আজকে ই-ডিস্ট্রিক্ট প্রথা যদি চালু না হয়, তাহলে সেই কাজ করা সম্ভবপর হবে না। ই-গভর্নেন্স প্রস্তাবের মধ্যে দিয়ে এই ব্যবস্থাটা চালু হতে পারে—আপনাদের কথা আমরা সমর্থন করছি, সমর্থন করেই বলছি যে, আমরা পারিনি ৩৪ বছরে আপনারা করবেন প্রতিশ্রুতি দিয়েছেন। কতটা করতে পারবেন আমাদের জানা নেই, কিন্তু আমরা দেখব দাঁড়িয়ে আপনারা ৫ বছর ক্ষমতায় আছেন, এই পবিত্র হাউসের মধ্যে। আজকে এই বাজেটের মধ্যে টাকা-পয়সাও দেওয়া হয়েছে। আজকে কোন কোন জেলাকে ই-ডিস্ট্রিক্টের পরিকল্পনার মধ্যে আনা হয়েছে বা কোন কোন অফিসকে আনা হয়েছে ? আপাতত আমরা দু'একটি অফিস আমরা দেখতে পাচ্ছি। আমরা আশা রাখব মাননীয় মন্ত্রীর কাছে যে, আগামী কিছুদিনের মধ্যে কম করে উত্তরবঙ্গে দুই-তিনটি ডিস্ট্রিক্ট এর মধ্যে আনা যায়, এই আবেদনটা মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে রাখব। আর একটা দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, আমরা নির্বাচনের আগে আমি আলাদা কোনো সম্প্রদায়ের কথা বলতে চাই না, তবুও একটু বলতে হচ্ছে। আমরা দেখেছিলাম নির্বাচনের আগে সাচার কমিটি রিপোর্ট নিয়ে,

গোটা পশ্চিমবঙ্গের বুকে হই হই রব উঠেছিল। তখন যাঁরা বিরোধী ছিলেন, তাঁরা আওয়াজ তুলেছিলেন যে, সাচার কমিটি বলছে রিপোর্ট প্রকাশিত করেছেন। তাঁরা সেখানে বলেছিলেন, পশ্চিমবঙ্গে বসবাসকারী মাইনোরিটির মধ্যে যে সমস্ত মুসলিম সম্প্রদায়ের মানুষ আছেন, তাদের কোনো ধরনের অগ্রগতি পশ্চিমবঙ্গ সরকার করেনি। (নয়েজ) হ্যাঁ, আপনারা বলেছিলেন, মিছিল করেছিলেন মিটিং করেছিলেন, পত্রিকায় বলেছিলেন সর্বত্রই বলেছিলেন। সাচার কমিটির মধ্যে দিয়ে প্রকাশ করেছিলেন এবং সাচারাও বলেছিলেন, কিন্তু সেখানে হয়নি। এই বাজেটের ভাষণে অশিক্ষিত পিছিয়ে পড়া, মাইনোরিটি মুসলিম সম্প্রদায়ের মানুষের জন্য—একটা কথা কোথাও লেখা আছে কি ? কোন কোন মাদ্রাসাকে, কোন কোন মুসলিম অধ্যুষিত এলাকাকে আই.টি. এডুকেশনের মধ্যে আনা হবে। মালদা, মুর্শিদাবাদ সব থেকে বেশি মুসলিম অধ্যুষিত এলাকা। সেখানে কি কোথাও একটা কলমে লেখা আছে, কোথাও বলা আছে, যে পিছিয়ে পড়া, অশিক্ষিত মাইনোরিটির মধ্যে মুসলিম সমাজকে আই.টি. শিক্ষার মধ্যে দিয়ে উন্নত করা হবে তাদের মানটাকে। তাদের আগামীদিনের চলার পথটাকে—এই সরকার, এই বাজেট অধিবেশনের মধ্যে দিয়ে আরও বেশি বেশি করে উন্নয়ন করবেন এমন কোনো কথা এখানে বলা নেই। কোথাও বলা আছে কি মালদা ও মুর্শিদাবাদে যে মাদ্রাসাগুলো আছে আই.টি. এবং স্কুল শিক্ষা দফতরের মধ্যে আনা হবে ?—বলা নেই' আমরা দুঃখিত, আশা রাখব মন্ত্রী মহোদয়ের কাছে—আপনি এই ব্যাপারে অবশ্যই দৃষ্টিপাত করবেন এবং মাইনোরিটির বিরুদ্ধে যাঁরা গলা ফাটিয়ে ছিলেন, চোখের জল ফেলেছিলেন, রুমাল ভিজিয়ে ছিলেন চোখের জলে।

[4.20–4.30 p.m.]

তাদের কাছে আমি আবেদন রাখব যাতে আপনারা আগামীদিনে এটা সম্পর্কেও, উচ্চ শিক্ষায় শিক্ষিত করার ব্যাপারে তথ্য প্রযুক্তির আওতায় আসতে পারে, ই-এডুকেশান, আই.সি.ডি.এম. স্কুল এডুকেশানের মধ্যে আসতে পারে এই রকম একটা ব্যবস্থা করবেন। সর্বশেষ যে কথাটা বলে শেষ করব,

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, আমাদের সমস্ত এম.এল.এ.-কে একটা ল্যাপটপ এবং একটা প্রিন্টার দেওয়া হয়েছে। আমরা ল্যাপটপটা নিয়ে বেড়াই, তার সঙ্গে সঙ্গে একটা কম্পিউটার দেওয়া হয় একটা জায়গায় রেখে কাজ করা যাবে। এই ব্যাপারে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

শ্রী পরশ দত্ত : মাননীয় স্পীকার স্যার, তথ্য প্রযুক্তির ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী পার্থ চ্যাটার্জী যে টোটাল ১ কোটি ৪৭ লক্ষ ৮৬ হাজার টাকা যার ভিতরে ৫০ কোটি ৭৬ লক্ষ ৯৩ হাজার টাকা অলরেডি ভোট অন অ্যাকাউন্টে পাশ হয়ে গেছে বাকি টাকার জন্য আজকে যে ডিমান্ড নম্বর ৩১ রেখেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলব। স্যার, তথ্য প্রযুক্তিতে পশ্চিমবাংলা এক নম্বর হতে পারত, আমি জানি না এখানে কতজন জানেন as far back 1964 ভারতবর্ষে প্রথম কম্পিউটার এই পশ্চিমবাংলার ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইন্সটিটিউটে

প্রফেসর প্রশান্ত চন্দ্র মহলানবীশ নিয়ে এসেছিলেন, কিন্তু হল না। আজকেও ভারতবর্ষে টোটাল—এখানে মন্ত্রী বলেছেন তাঁর বাজেট ভাষণে—৭৫০০ কোটি টাকা এই তথ্য প্রযুক্তিতে রেভেনিউ আসে তার মাত্র ২.৬ শতাংশ পশ্চিমবাংলার কন্ট্রিবিউশান। পশ্চিমবাংলা এক নম্বর হতে পারত, হল না। কেন হল না ? তার কারণ বামপন্থীদের ডগমা, বামপন্থীরা

(গোলমাল)

কথা বলবেন না, ১৯৭০ সালে আপনাদের ট্রেড ইউনিয়নের কাছে মার খেয়েছি, কেন না কম্পিউটার ইনস্টল করতে গিয়েছিলাম। বামপন্থীরা কোন দিন মানুষকে শিখিয়েছে যে কম্পিউটার আসলে চাকরি চলে যাবে। আমি চিরকাল বলতাম তাহলে তো মোটরগাড়ি আসলে চাকরি চলে যাবে পাল্কির চারজন বেয়ারার। সেটা শেখাবার জন্য বামপন্থীরা চিরকাল জনগণকে অর্ধশিক্ষিত করে রেখেছিল। স্লোগান সর্বস্ব শিক্ষা, এই স্লোগান সর্বস্ব শিক্ষায় শিক্ষিত হয়ে আজকে এখানে যাঁরা এসেছেন, ছোটবেলা থেকে ওই স্লোগান সর্বস্ব শিক্ষায় শিক্ষিত বলে আজকে এই রকম চিৎকার করছেন। এখন শুরু হয়েছে অনেক পিছিয়ে, গত ১৯৯১ সাল থেকে বিশেষ করে ২০০১ থেকে মাঝে মাঝেই IT নিয়ে শুনতাম, আমি ওখানে বসতাম, IT নিয়ে অনেক কথা। প্রাক্তন মুখ্যমন্ত্রী একবার আমায় বলেছিলেন আমরা এত বেশী এগিয়েছি যে আপনি আমার অফিসে আসুন আপনার সঙ্গে একসঙ্গে তিনটে ডি.এম.-কে কথা বলিয়ে দেব। টেলিফোনেই হয়, কনফারেন্সিং, এর জন্য IT লাগে নাকি। ম্যাজিক দেখাতেন, শুনতাম, আর ওঁদের সংখ্যাধিক্যে সব কিছু পাশ হয়ে যেত। আর ভাবতাম সুকুমার রায় এই জন্যই লিখেছিলেন "এই দেখ নোটবুক পেনসিল এই হাতে, এই দেখ ভরা সব কিলবিল লেখাতে, ভালো কথা শুনি যেই চটপট লিখি তাই, ফড়িং-এর কটা ঠ্যাং আরশোলা কি কি খায়"। এই জিনিস করে গেছেন ওঁরা। স্যার, আজকে যে বাজেট ভাষণটা দেখছি মাননীয় তথ্য প্রযুক্তি দপ্তরের মন্ত্রীর তাতে ঠিক জায়গায় ট্রেস করা হয়েছে। তাতে ঠিক জায়গায় স্ট্রেস করা হয়েছে। আই.টি.-র দুটো সাইড—একটা হচ্ছে সার্ভিস, আর একটা হচ্ছে রেভিনিউ, ইন্ডাস্ট্রির উন্নয়ন। ঠিক জায়গায় হিট করা হয়েছে। রেভিনিউয়ের জন্য উনি অনেক কিছু করেছেন, অনেককে আনছেন আমি দেখতে পাচ্ছি। এর ভেতরে বিশেষ করে যে জিনিসটা পশ্চিমবাংলা বা ভারতবর্ষ নেগলেক্ট করে এসেছে, সেটা হচ্ছে হার্ডওয়্যার। আমরা আই.টি.-তে বেশিরভাগ ক্ষেত্রেই সার্ভিস ইউজার ছিলাম। আমাদের এখানে কিছু কোম্পানি এসেছিল। তার মধ্যে দু-চারটি কোম্পানি এখনও রয়েছে। তারা ছাড়াও যে অজস্র কোম্পানি রয়েছে যারা আই.টি.-র নাম করে দুটো কম্পিউটার বসিয়ে বি.পি.ও. সার্ভিস করেন। আর এখান থেকে নো টেক নো এন্ড ছেলেমেয়েদের দিয়ে কম্পিউটারে কিছু এন্ট্রি করিয়ে সেগুলো আপলিঙ্ক করে বিদেশে পাঠান। কেননা বিদেশে ওই কাজগুলো করতে গেলে যত পয়সা লাগে, তার ওয়ান ফোর্থ পয়সায় এখান থেকে করানো যায়। কিন্তু সফ্‌টওয়্যারটা ডেভেলপ আমরা সেই রকমভাবে করতে পারিনি। একজন সামান্য সফ্‌টওয়্যার টেকনোলজিস্ট ছিলেন এক সময়—বিল গেটস। একটা সফ্‌টওয়্যার বানিয়েছিলেন—উইনডোজ। সেই করে সারা পৃথিবী রুল করছেন গত ১৫ বছর ধরে। এখানে কজন জানেন আমি জানি না। আই.বি.এম.-এর সফ্‌টওয়্যার টিমে, মাইক্রো

সফ্‌টওয়্যার টিমে ভারতীয় আছেন, বাঙালি আছেন যাঁরা সেই সফ্‌টওয়্যারগুলো তৈরি করেন। তাঁরা বিদেশে আছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এই বিদেশে যাঁরা রয়েছেন, টেকনোলজিস্ট, তাঁদের আহ্বান করেছেন। আমরা আপনাদের ইনফ্রাস্ট্রাকচার দেব, আমরা আপনাদের কাজের পরিবেশ দেব, এখানে আসুন। আমি স্বপ্ন দেখি আজকে এই বাজেট দেখে যে, ভবিষ্যতে এই পশ্চিমবাংলা থেকে আরেকটা সফ্‌টওয়্যার কোম্পানি তৈরি হবে, আরেকটা বিল গেটস তৈরি হবে। যা সারা পৃথিবী রুল করতে পারবে। সেই মেধা এখানে আছে। আমরা সেই মেধাটাকে ইউজ করিনি। বাম আমলে তো বডি সোয়াপিং হয়েছে। স্টিফ কলার্ড আই.টি. মেনিয়াল জব করানো হয়েছে ছেলেমেয়েদের দিয়ে। আর সল্টলেকে টেকনোলজি পার্ক না কিসব বানিয়েছে। অনেকের নাম দিয়ে দিয়ে বাড়ি বানিয়েছে। কম পয়সায় একজন চাকরি করে। তার বারো-চোদ্দ ঘন্টা ডিউটি। কেন ? এখানে চাকরি নেই, কাজ নেই। বাড়িতে এসে ছেলেমেয়েরা বলে কম্পিউটারে কাজ করি—সফ্‌টওয়্যার আই.টি. পার্কে। বাবা-মায়েরা মনে করেন এ বিশাল বিল গেটসের ছোটো ভাই হয়ে গেছে। আসলে তাকে দিয়ে ডাটা এন্ট্রি করায় ১২-১৪ ঘন্টা, আর সাড়ে পাঁচ হাজার টাকা মাইনে দেয়। এই তো সফ্‌টওয়্যারের অবস্থা এখানে। মাননীয় মন্ত্রী সত্যিকারের একদিক থেকে যেমন সফ্‌টওয়্যার ডেভেলপমেন্ট করবার জন্য উপযুক্ত মানুষদের নিয়ে এসেছেন—উইপ্রো-কে নিয়ে এসেছেন, আরও উনি লিস্ট দিয়েছেন পরপর—শ্যাম পিট্রোডাকে, চিফ মেন্টর করে নারায়ণ মূর্তিকে—এদের নিয়ে এসে আমি ভাবছি যে যদি এইভাবে এগোতে পারে, আমি মনে করি তাহলে পাঁচ বছরের ভেতরে এখানে এমন সফ্‌টওয়্যার কোম্পানি কলকাতায় কাজ করবে বা কলকাতার আশেপাশে, উনি কতকগুলো জায়গা আইডেন্টিফাই করেছেন, যেখানে সত্যি সত্যি সফ্‌টওয়্যার তৈরি হবে। যেখানে মানুষ সফ্‌টওয়্যার ম্যানুফাকচার করবে। They will not be mainly user of software. They will manufacture software which will sell. একদিকে প্রোডাকশান বাড়বে, আর একদিকে ইকোনমি বাড়বে, বিক্রি করে পয়সা আসবে সারা ভারতবর্ষ সারা পৃথিবী থেকে। সেই সঙ্গে সঙ্গে সেই সফ্‌টওয়্যার দিয়ে দি আদার সাইড সার্ভিস দিতে পারব। তার জন্য মাননীয়া মন্ত্রী ঠিক জায়গায় কতকগুলো কথা লিখেছেন—West Bengal State Area wide network তৈরি করছেন।

[4.30-4.40 p.m.]

উনি আই.টি পার্ক—অল ইন্ডিয়াতে যে আই.টি. পার্ক আছে, সফ্‌টওয়্যার টেকনোলজি পার্ক, সেই পার্ক গভর্নমেন্ট অফ ইন্ডিয়া, তার সঙ্গে কোলাবারেট করে এখানে সেই পার্কের ব্রাঞ্চ করবেন। এই যে একটু আগে একজন বলেছিলেন যে অফিসে গিয়ে অনলাইন কমপ্ল্যান করতে পারি না। উনি তো টোটাল ই-গভর্নেন্স-এর কথা বলেছেন—পেপারলেস অ্যাডমিনিস্ট্রেশান, পেপারলেস অ্যাডমিনিস্ট্রেশান মানে কাগজে ভারাক্রান্ত হবে না, সবকিছু অনলাইন থাকবে, দুর্নীতি হবে না। এখানে অনেকের অসুবিধা হবে, আমি জানি। এটার যারা বিরোধিতা করবেন তাদের অসুবিধা হবে যে সবকিছু অনলাইনে থাকলে দুর্নীতি করা মুশকিল হবে। কিছুদিন আগে আর একটি প্রসঙ্গে আমাদের মাননীয় অর্থমন্ত্রী সেটাকে আরও এক্সপ্লেন

করে দিয়েছেন। এখানে বলেছেন, আপনারা চার পাতায় দেখুন—"e-biz is a web based signle window system being developed by Government of India. Government of West Bengal is considering being part of the system in a phased manner." সত্যি সত্যি তথ্য-প্রযুক্তিকে যদি হাই-টেক এন্ডে নিয়ে যেতে হয় তাহলে এই কাজগুলো করতে হবে। আর একটা বড় কাজ এখানে আমি দেখতে পাচ্ছি সেটা হচ্ছে—সেটাতে পরে আসছি, তার আগে বলছি, Directorate under department, এরা 'citizen centric service' দিচ্ছেন। আপনারা যে কমপ্ল্যানের কথা বলছিলেন, এগুলো সব 'citizen centric service'-র মধ্যে পড়ে যাবে। আর একটা বড় কাজ, যেটা ভারতবর্ষেও অনেকে করেনি, কিন্তু যেখানে এই বাংলার অনেক অবদান আছে এবং করতে পারত—সেটা হচ্ছে হার্ডওয়্যার। আমরা এখানে হার্ডওয়্যার তৈরি করিই না। ইন্ডিয়ান কোম্পানি যে কটা আছে হার্ডওয়্যার তৈরি করার, তা সব স্ক্রু ড্রাইভার টেকনোলজি। সব পার্টস নিয়ে আসে। অথচ হার্ডওয়্যারের উপরে ছোটো ছোটো দেশগুলো—আমরা যখন নেগলেক্ট করেছি, আমরা যখন কম্পিউটার আসলে লাঠি নিয়ে তেড়ে গেছি, ওই ডাস্তার মাথায় লাল ঝান্ডা লাগিয়ে সবাইকে তেড়ে গেছি, সেই সময় হার্ডওয়্যার তৈরি করে সারা পৃথিবীতে বিক্রি করে এই ছোটো ছোটো দেশগুলো—তাইবান, কোরিয়া এরা প্রচুর বিজনেস করল সারা পৃথিবীতে। আমরা করতে পারলাম না। কেন ? ওই যে এখানে সব জানা ডগমেটিক কিছু মানুষ বসে আছেন, যাঁরা মনে করলেন এগুলো সব আমেরিকার প্রোডাক্ট। কাজেই আমেরিকা আমাদের শত্রু, আমাদের আদর্শগত শত্রু, কাজেই এগুলোও শত্রু। তজমুল সাহেব ! যখন ১৯৭১ সালে কম্পিউটার ইন্সটল করতে গিয়ে এল.আই.সি.-তে মার খেয়েছি, আর তখন বলেছে এগুলো সি.আই.এ.র দালা বলে মেরেছে। কেননা, বুদ্ধি কম, জ্ঞান কম, সমস্ত জ্ঞানটাই centric on Alimuddin Street. তার বাইরে যে একটা বিরাট পৃথিবী আছে সেটাও অন্তত জানতেও চান না, জানাতেও চান না। আর, সেই কারণে আপনারা এই একটা এত বড় প্রোটেনসিয়াল, সেটাকে নষ্ট করলেন। নব্বই-র দশকে যখন হার্ডওয়্যার তৈরি করতে পারতেন, যখন সিলিকন-বেসড চিপসের প্রয়োজন ছিল, তখন এই বাংলায় যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ডঃ নাগ, এর উপরে রিসার্চ করে সারা পৃথিবীতে নাম করেছিলেন। আমরা তার ফায়দাটা নিতে পারলাম না। পশ্চিমবাংলাকে পর পর এইভাবে পিছিয়ে দিয়েছেন আপনারা। আজকে সুখের বিষয়, মা-মাটি-মানুষের মুক্তির জন্য আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এই বাংলার বুকে মুক্তির আন্দোলনকে সামনে থেকে নেতৃত্ব দিয়ে পশ্চিমবাংলায় প্রায় দ্বিতীয় স্বাধীনতা এনেছেন। তার পরের যে সরকার এসেছে তারাও এখানে সফ্টওয়্যারের সঙ্গে সঙ্গে হার্ডওয়্যার তৈরি করে পশ্চিমবাংলার এই তথ্য প্রযুক্তির যে প্রোটেনসিয়াল সেই প্রোটেনসিয়ালটাকে ব্যবহার করে সারা পৃথিবীর বুকে পশ্চিমবাংলাকে আরেকবার প্রমাণ করবেন পশ্চিমবাংলার জন্য যে—"ভারত আবার জগৎ সভায় তো শ্রেষ্ঠ আসন লবে", বাংলা আবার ভারতসভায় যোগ্য আসন পাবে। আপনাদের মতো লাস্ট বেঞ্চার হয়ে থাকবে না। তাই, মাননীয় তথ্য প্রযুক্তির মন্ত্রীর আনা এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে, সবাইকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ।

শ্রী সুনীল কুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের তথ্য প্রযুক্তি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় ৩১ নম্বর দাবির অধীনে ২০১১-১২ সালের জন্য যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন সে সম্পর্কে দু-চারটে কথা বলতে চাই।

তথ্য প্রযুক্তি নিয়ে এতক্ষণ ধরে অনেক বক্তব্য শুনলাম। তথ্য প্রযুক্তি সম্পর্কে আমার ব্যক্তিগত মত এবং মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেটে যেভাবে ব্যাখ্যা বিশ্লেষণ করেছেন তাতে আমি কিছু সংযোজন করতে চাই এবং পরিকাঠামো সম্বন্ধেও দু-চার কথা বলতে চাই। সর্বপ্রথমে আমাদের পশ্চিমবঙ্গে তথ্য প্রযুক্তির ক্ষেত্রে স্বয়ম্ভরতা নিয়ে আসা দরকার এবং সেই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি উদ্যোগী হতে বলব। আমাদের এই আই.টি. সেক্টরগুলো পরিপূর্ণভাবে দক্ষিণের ওপর নির্ভরশীল। কিন্তু আমাদের পশ্চিমবাংলায় তথ্য প্রযুক্তির যে শিক্ষা, তথ্য প্রযুক্তি নিয়ে আমাদের যে স্বয়ম্ভরতা সেটা কিন্তু নেই, আমরা কিন্তু সেই জায়গায় পৌঁছতে পারিনি। সেইদিক থেকে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, আমার গোড়া থেকে, প্রথম থেকে যেন সেই শিক্ষায় স্বয়ম্ভর হতে পারি। তাহলে তথ্য প্রযুক্তিকে নিয়ে আমাদের গর্ব হবে, পশ্চিমবাংলা ভারতে এক নম্বর জায়গা অধিকার করবে। আর, সেটা করার ক্ষেত্রে আমাদের পরিকাঠামো এবং শিক্ষা সেই জায়গায় নিয়ে আসতে হবে। আমরা জানি আজ কম্পিউটার অনেক অফিসে চালু আছে। কিন্তু অনেক সময় কম্পিউটারে ভুল তথ্য দেওয়া হয়। আমরা মাধ্যমিক শিক্ষা পর্ষদেও দেখেছি একজনের নম্বর আরেকজনের ঘাড়ে চাপে। সুতরাং পরের ওপর আমাদের যাতে নির্ভরশীল হতে না হয় সেটা নজর দেওয়ার জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব। শিক্ষার ক্ষেত্রে যেমন পরিকাঠামো দরকার তেমনি আই.টি. সেক্টর গড়ে ওঠার জন্যও পরিকাঠামো দরকার, তার রাস্তা-ঘাট গড়ে তোলা দরকার। একটা জায়গায় কোনো একটা শিল্প করতে হলে তার জন্য পরিকাঠামো দরকার হয়, প্রয়োজনীয় সরঞ্জাম রাখতে হয়। সেইজন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে সেই পরিকাঠামোর দিকে নজর দিতে বলব। আমাদের দুর্গাপুরে যে আই.টি. সেক্টর গড়ে উঠছে এবং সেখানে যে কাজ-কর্মগুলো হচ্ছে, আমি দুঃখের সঙ্গে বলছি, তার জন্য উপযুক্ত পরিকাঠামো, রাস্তা-ঘাট থেকে আরম্ভ করে কিছু নেই। এবং সেগুলোর ওপর নজর দেওয়ার জন্য আমি বলব। সবচেয়ে দুঃখের বিষয় আই.টি. সেক্টর যেখানে যাচ্ছে, যারা যাচ্ছে এবং কাজ করছে, মেন মেন জায়গাগুলোতে তাদের সেক্টরগুলো তৈরি করার জন্য যাচ্ছে এবং সেই সমস্ত জায়গাগুলো তারা আকোয়ার করে সেখানে তাদের ব্যবসা-বাণিজ্য করছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখব যে জনবহুল এলাকার বাইরে গিয়েও আমরা আই.টি. সেক্টরকে, তাদের কাজের ধারাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য বলতে পারি। সেখানে যদি আমরা পরিকাঠামো, আমাদের মাননীয় সরকার সেই ব্যবস্থা করে দেন তাহলে হয়তো ভালো হবে। কারণ এখানে মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেটে উল্লেখ আছে, কলকাতা এবং হাওড়ার কাছাকাছি বিভিন্ন জায়গায় আই.টি সেক্টর হবে। কলকাতায় আজকে যেভাবে যানজট সৃষ্টি হচ্ছে তার ওপর নিত্য-নতুন আরো যদি কল-কারখানা হয় তাহলে এখানে কিন্তু যানজটের অবস্থা আরো ভয়াবহ আকার ধারণ করবে। কারণ আমরা দেখেছি একটা রাস্তা থেকে অন্য একটা রাস্তায় যেতে গেলে ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়।

[4.40–4.50 p.m.]

সেই পরিস্থিতিতে যদি কলকাতার বাইরে আই.টি. সেক্টরগুলি করতে পারি এবং তাদেরকে সেই রাস্তাটা দেখাতে পারি। আমাদের পাশে ব্যাণ্ডেল আছে, বর্ধমান আছে, কৃষ্ণনগর আছে, এদিকে যদি নিয়ে যেতে পারি তাহলে সাধারণ মানুষের ক্ষেত্রে অর্থাৎ লোকালয় থেকে দূরে গিয়েও তারা তাদের কাজ করতে পারে। তাদের যোগাযোগের ব্যবস্থাটা শুধু থাকলেই হল। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি এ বিষয়ে চিন্তা-ভাবনা করতে বলব। আমাদের মাননীয় গুণী ব্যক্তিবর, মান্যবর উনি বললেন, আই.টি. সেক্টরগুলো ১২ ঘন্টা কাজ করে। কেন জানেন, এটা আমাদের দোষ। আমি বলতে চাই, আমাদের নৈতিক বোধ নেই। অনেক ক্ষেত্রে দেখা যায়, যখন আমি সরকারি চাকরি করি, আমি ৩ ঘন্টা করি না, ৪ ঘন্টা কাজ করি না, কিন্তু যখন আমি প্রাইভেটে যাই, তখন আমি ১৫ ঘন্টা কাজ করতে পারি। এই যে ব্যবধান, নৈতিক চেতনা বোধ মানুষের—মনুষ্যত্বের, আজ আমরা আমাদের যে স্বার্থ, আমরা যে কর্মকাণ্ডগুলো করি, নিজেদের বুকে হাত দিয়ে দেখলে স্পষ্ট ধারণা হবে। প্রাইভেট কোম্পানিতে ১২ ঘন্টা কাজ করতে আমাদের কোনো দ্বিধা নেই, সেখানে কোনো আন্দোলন করি না, কিন্তু সরকারি কাজ যদি ৫ ঘন্টা করি, আমরা কিন্তু সেখান থেকে পালাবার চেষ্টা করি। এই নৈতিকতা বোধ অর্থাৎ সেই শিক্ষার মধ্য দিয়ে এই কথাটাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব—আই.টি. সেক্টরগুলোতে যে ইন্ডাস্ট্রিগুলো আজ এত গড়ে তোলার চেষ্টা হচ্ছে, কিন্তু একটা জিনিস আপনি দেখবেন, আমাদের যে সমস্ত ইঞ্জিনিয়ারিং কলেজগুলো আছে, সেখানে আই.টি.-র প্রতি ছাত্র-ছাত্রীদের অনীহা আছে। সেই অনীহাগুলিকে কাটাতে হবে। আমি চাইব সেই শিক্ষা, অর্থাৎ এই কলেজগুলিতে প্রকৃত শিক্ষা হোক এবং সেখান থেকে আই.টি.-র ছেলেরা ভালো করে বেরিয়ে আসুক। সেই শিক্ষার প্রতি তিনি গুরুত্ব দেবেন বলে আমি আশা করি। যে ব্যাপারগুলি আগে বললাম আপনাকে, আই.টি. ইন্ডাস্ট্রিগুলি যাতে নিজেরা স্বয়ম্ভর করে গড়ে উঠতে পারে এবং তাকে বাইরের উপর নির্ভর করতে না হয়। আমাদের সরকারের নিজস্ব ওয়েবেল আছে, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, এই নিজস্ব ওয়েবেলটাকে স্বয়ম্ভর করার। কারণ এদের সম্বন্ধে যতটুকু জানি, আমাদের অভিজ্ঞতা খুব কম, মাননীয় মন্ত্রী মহাশয় এ বিষয়ে যথেষ্ট অভিজ্ঞ আছেন, ওয়েবেল কিন্তু ধুঁকছে। এটা কিন্তু স্বয়ংসম্পূর্ণ নয়। এই ওয়েবেল সম্বন্ধে আপনাকে আমি সচেষ্ট হতে বলব। এই জায়গাটা যদি আমরা তৈরি করতে না পারি, এই জায়গাটার প্রতি যদি আমরা যত্নবান না হতে পারি, আমাদের প্রযুক্তি আমরা ব্যবহার করব, আমাদের প্রযুক্তিতে আমরা কর্মদক্ষতা অর্জন করব, সেই কর্মদক্ষতা অর্জন করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ আমাদের সরকার নেবে, এই আশা আমি রাখছি। আর একটি কথা হল, তথ্য প্রযুক্তি সম্বন্ধে মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর ৯০ দিনের ভাষণে যথেষ্ট গুরুত্বের সঙ্গে সব বিষয়গুলো আলোচনা করেছেন। আমাদের মাননীয় মন্ত্রী, আমাদের সরকার পক্ষের একজন কান্ডারী, আশা করব সেই পরিকাঠামোর দিকগুলির দিকে লক্ষ্য রেখে তিনি তার কাজের পরিধিটাকে এগিয়ে নিয়ে যাবেন। আমার অনুরোধ রইল আই.টি. সেক্টরগুলোকে, শিক্ষাটাকে, আমাদের নিজেদেরকে স্বয়ম্ভর করে গড়ে তোলার যথোপযুক্ত ব্যবস্থা করবেন। এই বলে আমি আপনাকে ধন্যবাদ জানিয়ে এখানেই শেষ করছি।

শ্রী সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানকার একজন মাননীয় সদস্য পরশ দত্ত মহাশয় সঠিক বলেছেন আমাদের এই রাজ্য এখন ভারতবর্ষের মধ্যে ১নং হওয়া উচিত ছিল। আমি ৩৪ বছর বলব না, ওটা তো আপনারা নিজেরাই জানেন। আমি শুধু বলব আমরা যে জায়গায় আছি সেটা হল ৬নং জায়গা। আমি ইলেভেনথ্ প্রোগ্রামটা দেখছিলাম তাতে আপনারা লিখেছিলেন যে ১০-১১ মধ্যে এটা ৩নং জায়গায় যাবে এবং যা এক্সপোর্ট রেভিনিউ আসে তার ১৫ শতাংশ অ্যাটলিস্ট আমরা আর্ন করতে পারব। আমরা এখন দেখতে পাচ্ছি সেই জায়গায় ৬ নম্বরে এবং আজকে আমাদের সেই পার্সেন্টেজটা হচ্ছে, সেই শেয়ারটা হচ্ছে ২.৬ শতাংশ। কাজেই আমরা কোথায় আছি এবং ৩৪ বছরে আপনারা কি করেছেন সেটা জানেন। আমার শুধু একটা অভিজ্ঞতা আছে যে কম্পিউটারের নাম শুনলে অফিসের লোকজনের যেন অনীহা। শুনলাম বর্ধমানে একটা এগ্রিকালচারাল ফার্ম আছে। বেশ বড় জায়গা, সেখানে নাকি বায়ো-টেকনোলজি পার্ক হবে। গেলাম দেখতে, দেখে এলাম এবং কোথায় কোথায় কি হতে পারবে বায়ো-টেকনোলজি পার্কের মাধ্যমে ইন্ডাস্ট্রি, এগ্রিকালচার, মেডিসিন সব ধরনের কাজ কিভাবে হতে পারে মোটামুটি একটা হল। তার কয়েকদিন পরে শুনলাম যে না ওটা হবে না। শুনলাম এই রাজ্যে রাইস পার্ক হবে। ডঃ স্বামীনাথন্ তিনি এখানে আমাদের অভিভাবক হয়ে আসবেন। তার যে উপদেশ সেই অনুযায়ী রাইস পার্ক হবে—হল না। আপনারা ৩৪ বছরে কি করেছেন জানেন বলেই বার বার নিজেরাই বলেন যে এই ধরনের ডিলি-ডালিং অবস্থার মধ্যে আমাদের সব যেমন চলেছে তেমনি চলেছে এই আই.টি.ইন্ডাস্ট্রি। অথচ এই আই.টি.ইন্ডাস্ট্রির মাধ্যমে কি করা যেত একজন সাধারণ নাগরিকের গভর্নমেন্টের সঙ্গে সম্পর্ক কত ভাল করা যেত এটা আপনারা ভাল জানেন। আপনারা নিজেরাও সার্ভিসেসের কথা বলছেন। পরশ দত্ত মহাশয় বার বার এই সার্ভিসেসের কথা বলেছেন। আমরা জানি ই-গভর্নেন্স, আমরা জানি ই-ডিস্ট্রিক্ট ওখানে বলেছেন। আমি যেটা ইকোনমিক্স রিভিউ-তে দেখতে পেলাম সেটা হল দুটো জেলায় শুরু হয়েছিল ই-ডিস্ট্রিক্টের কাজ। একটা বাঁকুড়া আর একটা আমার জলপাইগুড়ি। আমি জানি না কতদূর হয়েছে। কেন না জলপাইগুড়িতে ই-ডিস্ট্রিক্টের তেমন কিছু শুনি না। অর্থাৎ আপনারা শুধু নামটাই রেখেছেন যাতে এই কাজগুলো হয় সেই ব্যবস্থা, সেই চেষ্টা আমাদের এই সরকার করছে। এখানে বসে মাননীয়া মুখ্যমন্ত্রী সেই কথা বলেছেন আমরা সবচেয়ে যেটার উপর জোর দিতে চাই সেটা হচ্ছে ই-গভর্নেন্স। ই-গভর্নেন্স যদি হয় তাহলে অন্তত আপনারা যে কথাগুলো বলছিলেন, যে কথাগুলো আপনারা নিজেরা করতেন অর্থাৎ একটা ট্রান্সপারেন্সির অভাব, সেখানে স্পষ্টতা থাকবে না, সবকিছু রেখে-ঢেকে করা, সব কিছু কোথাকার নির্দেশ অনুসারে হবে সেই অনুসারে করা—এই কাজগুলো যাতে ভাল হতে পারে—যাতে সাধারণ নাগরিকের জীবন সরকারের বিভিন্ন সার্ভিস থেকে তারা সুযোগ-সুবিধা পায়—যাতে সেই সুযোগ সুবিধাগুলো না পায় (স্যার, আমাকে একটু সময় দেবেন।) এই ব্যবস্থাগুলো করেছেন। কাজেই আমি অনুরোধ করব মাননীয় মন্ত্রীকে যে এই ই-গভর্নেন্সের উপর জোর দেওয়া এবং সার্ভিসেসগুলো দেখা। আমি দেখলাম ইলেভেনথ্ প্ল্যানের ডকুমেন্টে-ই সেবা। তার মাধ্যমে কলকাতা পুলিশের ৪১১টি থানাকে কানেক্ট করে কত সুন্দর কাজ শুরু হয়েছে। এখানে 'ফ্যাক্স' বলে যেটা হয়েছে অর্থাৎ ফিংগার প্রিন্ট অ্যানালেসিস অ্যান্ড ক্রিমিনালস্ ট্রেনিং

সিস্টেম সেটা এখানে ইন্ট্রোডিউস করা হয়েছে এবং তার মাধ্যমে ক্রিমিনোলজির দিক থেকে অনেক সুবিধা হয়েছে। যেটা বলে টেলিমেডিসিন যেটা শুরু হয়েছে, এই কাজগুলো অনেক আগে শুরু করা যেতে পারত।

[4.50-5.00 p.m.]

আমার মনে আছে মি. এম ভিট্টাল যিনি এক সময়ে গভর্নমেন্ট অফ ইন্ডিয়াতে এই টেলি কমিউনিকেশানের সেক্রেটারি ছিলেন, তিনি বলেছিলেন পশ্চিমবঙ্গে সবচেয়ে বড় ইন্ডাস্ট্রি যেটা হতে পারে সেটা হচ্ছে software industry. Software industry-র এখানে যা পরিবেশ আছে আমরা কিন্তু তা করতে পারিনি। এবং এটা আমাদের দোষ আমরা বাঙালিরা অনেক পিছিয়ে গেছি। কাজেই আমি অনুরোধ করব মাননীয় মন্ত্রীকে যে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যে দিশার নির্দেশ করেছেন যে এই ইন্ডাস্ট্রিকে এগিয়ে নিয়ে যাওয়ার এবং এরই পরিপ্রেক্ষিতে তিনি যেহেতু একটা লক্ষ্য রেখেছেন যে প্রত্যেক জেলায় আই.টি.ইন্ডাস্ট্রি হয়। আমি জানি আমার জলপাইগুড়ি জেলায় আসাম মোড়ের কাছে অনেকখানি জমি ওয়েবেলের আন্ডারে রয়েছে। কিন্তু আমি শুনতে পেলাম বোধহয় ওয়েবেল সেখানে আই.টি.ইন্ডাস্ট্রি করার দিকে মনোযোগ দিচ্ছে না বা করতে চাইছে না কারণ তারা ভাবছে এখানে আই.টি.ইন্ডাস্ট্রির যা প্রোডাক্ট তার ডিমান্ড হবে না। স্যার, আমি শুধু অনুরোধ করব একবার করে দেখুন সেখানে ডিমান্ড হয় কিনা। আর আমরা যদি মনে করি যেখানে ডিমান্ড আছে সেখানেই করব তাহলে আমাদের যে রুরাল ডিস্ট্রিক্ট আছে তারা কোনোদিনই সুযোগ পাবে না। আমি আপনার কাছে সেই অনুরোধ রাখব যে ওই জমি ব্যবহার করে যাতে সেখানে আই.টি.ইন্ডাস্ট্রি হয়, e-governance, e-district, e-seva-এই যে ব্যাপারগুলো হচ্ছে যেগুলোর প্রয়োজনীয়তা আজকে আমাদের জীবনে সবচেয়ে বেশি তাতে আমরা এগিয়ে যেতে পারি সেই অনুরোধ জানাব। ধন্যবাদ।

শ্রী খগেন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আজকে আপনার মাধ্যমে এই দপ্তরের মন্ত্রী যে বাজেট বরাদ্দের দাবি রেখেছেন ৩১নং দাবির অধীনে সেই ব্যাপারে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় সদস্য পরশ দত্ত মহাশয় বলছিলেন এইবারই নাকি আমাদের বর্তমান মন্ত্রী মহাশয় সঠিক একটা দিশা দেখিয়েছেন তাঁর ওই বাজেট বিবৃতিতে। মাননীয় সদস্যর সঙ্গে আমি একমত হতে পারলাম না এই কারণে যে, গত আর্থিক বছরে বিগত সরকারের যে মন্ত্রী ছিলেন এই দপ্তরের তাঁর যে বাজেট বিবৃতি এবং বর্তমান মন্ত্রী যে বাজেট বিবৃতিটা দিয়েছেন এর মধ্যে কোনো ফারাক আমি খুঁজে পাইনি। এবং আপনি বলেছেন বিনিয়োগ এবং পরিষেবা। এটা ঠিকই আমরা যেমন পরিষেবাটা চাই তেমনি বিনিয়োগও দরকার। এই আই.টি. সেক্টরে আমাদের পশ্চিমবঙ্গে অনেক বিনিয়োগের সম্ভাবনা আছে এবং এটা লাভজনক শিল্প হিসাবে গণ্য হতে পারে। আমরা দেখলাম আপনার বাজেট বিবৃতিতে আপনি বলেছেন যেখানে ২০০৫-০৬ সালে আমাদের রেভিনিউ এসেছিল ২ হাজার ৭০০ কোটি টাকা, সেখানে ২০০৮-০৯ সালে রেভিনিউ এসেছে ৫ হাজার ৯২৭ কোটি টাকা। মানে তিন বছরে দ্বিগুণ হয়েছে। কাজেই এই সেক্টরে যে সম্ভাবনা আছে সেটা বোঝাই যাচ্ছে এবং সেইসঙ্গে কর্মসংস্থান সম্ভাবনাও কয়েক বছরের মধ্যে হয়েছে। অনেকে বলছিলেন দেরিতে

শুরু হয়েছে। হ্যাঁ এটা ঠিকই দেরিতে শুরু হয়েছে, খুব দেরিতে। কিন্তু এই দেরিতে শুরু হলেও খুব দ্রুততার সঙ্গে বিগত সরকার এটাকে অনেক এগিয়ে নিয়ে যাওয়ার জন্য, যেটা অনেকে বলেছেন যে আগের সরকার ঘোষণা করেছিল যে আমরা খুব শীঘ্র যাতে তিন নম্বরে আসতে পারি, থার্ড পজিশানে আসতে পারি, দেশে অনেকটাই এগিয়েছি। ইতিমধ্যেই এক লক্ষ মানুষ এর সঙ্গে যুক্ত হয়েছে, কাজের সঙ্গে। আমি মাননীয় মন্ত্রীকে বলব যে একদিকে যেমন পরিষেবার কথা বলব, অনেকে বলেছেন ই-ডিস্ট্রিক্ট, ই-গভর্নন্যান্সের কথা। এটা আমাদের নিশ্চয়ই বাড়াতে হবে। বিগত সরকার যেমন বলেছিলেন যে তাঁরা ৩২১টি স্কুলে এই যে ইনফরমেশান—কমিউনিকেশান টেকনোলজির ব্যবস্থা করেছিলেন। আমাদের পশ্চিমবাংলায় অনেক স্কুল আছে। কতগুলি স্কুলে এই ব্যবস্থাটা করতে পারবেন তার কোনো উল্লেখ আপনি করেননি। তাহলে কি আমরা ভাবব যে আমরা পরিষেবার বিষয়টাকে সেভাবে গুরুত্ব দিচ্ছি না। আপনি বলেছেন যে গোটা রাজ্যে এটাকে ছড়িয়ে দিতে হবে। বিগত সরকারের সময়ে কিছু পরিকল্পনা হয়েছিল। দুর্গাপুরে একটা করা হবে এবং শিলিগুড়িতে একটা হবে। এর জন্য টাকাও ইনভেস্ট হয়েছে, কাজও চলছে। শুধু শিলিগুড়ি এবং দুর্গাপুরে রাখলে হবে না, সমস্ত জেলাগুলিতে এটা করা যায় কিনা আপনি এই ধরনের কোনো প্রস্তাব বিবৃতিতে রাখেননি। আমি আপনাকে অনুরোধ করব যে প্রত্যেকটি জেলাতে এই সেন্টারগুলো করবার জন্য আপনি উদ্যোগ গ্রহণ করবেন। তাছাড়া মাননীয় বিধায়ক পরশ দত্ত মহাশয় আর একটা কথা বলছিলেন যে আমরা ভারতবর্ষের এক নম্বরে যেতে পারতাম। এই লাল ঝান্ডার জন্য নাকি আমরা যেতে পারিনি। আমরা সবাই জানি যে ভারতবর্ষের পশ্চিমবাংলা এবং কেরালা—লাল ঝান্ডা যদি বলেন তাহলে এই দুটি রাজ্যে। তাহলে শুধু পশ্চিমবাংলা এবং কেরালার জন্যই কি আমরা ভারতবর্ষে পিছিয়ে গেলাম ? তাহলে বাকি রাজ্যগুলি কেন এগিয়ে গেল না ? এটা কি শুধু আমরা বক্তৃতা করার জন্য বলি যে আমরা লাল ঝান্ডার জন্য। এই ক্ষেত্রে, আই.টি. সেক্টরে আমরা পিছিয়ে গেছি। কাজেই আমাদের এখানে পশ্চিমবাংলাতে যে পরিবেশটা আছে, অনেকে বলছিলেন যে পশ্চিমবাংলাতে—সুখবিলাস বর্মা মহাশয় বলছিলেন যেখানে ভাল পরিবেশ আছে, খুব দ্রুততার সঙ্গে আমরা কিন্তু ভারতবর্ষের এক নম্বরে এখনও যেতে পারি। আমি আশা করব বর্তমান সরকারের কাছে এবং যিনি এই দপ্তরের দায়িত্বে আছেন তিনি নিঃসন্দেহে একজন অভিজ্ঞ লোক এবং দক্ষ লোক। কাজেই আমি আশা করব যে আপনার নেতৃত্বে এই দপ্তর আরও এগোবে এবং অনেক বেশি বিনিয়োগ হবে। অনেক বেশি বিনিয়োগ হলে পশ্চিমবাংলায় অনেক ছেলে সেখানে কাজ পাবে, কর্মসংস্থান হবে। পাশাপাশি উন্নত পরিষেবা, ই-গভর্নন্যান্সের মাধ্যমে, বৈদ্যুতিন প্রশাসনের মাধ্যমে আমরা অনেক বেশি পরিষেবা এবং সেই সঙ্গে সঙ্গে একটা তথ্যের ভাণ্ডার, শুধু তথ্য প্রযুক্তি হলেই হবে না, তথ্যের ভাণ্ডারটা থাকতে হবে। এই ভাণ্ডারটা করার জন্য আপনি নিশ্চয় উদ্যোগ নেবেন। সেই সঙ্গে সঙ্গে আমি বলব যে বিগত সরকার যে কথাটা বার বার বলেছিলেন যে পিছিয়ে পড়া যে সমস্ত সম্প্রদায়ের ছেলেমেয়েরা আছে স্কুলগুলিতে এবং এই ধরনের স্কুলগুলিতে ইনফরমেশান কমিউনিকেশান টেকনোলজির ব্যবস্থা করবার কথা বিগত সরকার বলেছিলেন। আমি বলব আপনিও এটার উপর জোর দেবেন বিশেষ করে পিছিয়ে পড়া মানুষের যেখানে সংখ্যা বেশি, যে স্কুলগুলিতে ছাত্রসংখ্যা বেশি সেই স্কুলগুলির দিকে নজর দেবেন। আমি সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5.00-5.10 p.m.]

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয় তথ্যপ্রযুক্তি দপ্তরের ডিমান্ড নাম্বার ৩১ এই নিয়ে আমার আগে পাঁচজন বক্তা তাদের বক্তব্য রেখেছেন। আমি মন দিয়ে শোনার চেষ্টা করেছি যে তাঁরা কি বলতে চান এবং এটাও উপলব্ধি করেছি যে দেরিতে হলেও আপনাদের ঘুম ভেঙেছে যে তথ্যপ্রযুক্তিকে আর ফেলে রাখা যাবে না। আমি পুরনো জিনিসগুলি যেহেতু তুলতে চাই না কিন্তু যখন চাকরি করতাম তখন ডালহৌসিতে '৮৮ সালের কথা মনে পড়ে। যখন একটা ATM সেন্টার উদ্বোধন করতে গিয়ে মুখ্যমন্ত্রীকেও রাস্তায় বসে পড়তে হয়। তখন ভাবছিলাম এ রাজ্যে যাব কোথায় এবং সেই রাজ্যে মানুষের জন্য যে পরিবর্তন হয়েছে, মানুষ চেয়েছে প্রযুক্তির জন্য এবং আপনারাও বাধ্য হয়েছে সেই প্রযুক্তিকে স্বীকার করে নিতে। ৮৮-৮৯ সালে কেন্দ্রীয় সরকারের উদ্যোগে সব রাজ্যে প্রযুক্তিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য যে সভা হয় সেটা কিন্তু এই রাজ্যে হয় রাজভবনে। তথ্যপ্রযুক্তির ক্ষেত্রে আমাদের ২০০০ সালে কিছু একটা লেখাটেখা হয় তারপর ২০০৩ সালে আমাদের তথ্য পলিসি বা IT পলিসি প্রেস করা হয়। আপনাদের ছোট জিনিস নিয়েও অনেক গর্ব করার স্বভাব আছে। ৩৪ বছরটাকে মনে করছেন সাড়ে তিন বছর। এখনও পর্যন্ত মানুষের যে রায় সেই রায়কে গ্রহণ করার মতো ক্ষমতা আপনাদের দেখা যাচ্ছে না। তাই অকাতরে বলতে পারেন যে তিনটি রাজ্য ছাড়া তথ্যপ্রযুক্তি অন্য রাজ্যে এগোয়নি। আপনারা কি করে এই কথাগুলি বলেন যখন দেখেন বিল গেটসকেও ছুটে আসতে হয় মাইক্রোসফটে। প্রথমটা অন্ধ্রপ্রদেশ তখন আপনারা হামাগুড়ি দিচ্ছেন এই রাজ্যে জ্যোতিবাবু কিংবা বুদ্ধবাবুর নেতৃত্বে। প্রযুক্তি আমাদের জীবনের সাথে মিশে গেছে। অনেকে আবার মাদ্রাসাতেও IT শিক্ষা চালু করবার জন্য বলেছেন। নতুন সদস্য তার বুকের যন্ত্রণার কথা বলেছেন। কিন্তু যেখানে শিক্ষার আলোই জ্বলল না সেখানে IT পৌঁছাবে কি করে ? আপনার প্রস্তাব ভাল কিন্তু মাদ্রাসাকে সর্বস্তরে পৌঁছে দেওয়ার মতন মানসিকতা যদি থাকত তাহলে এটাও এগোতে পারত। আবার অনেকে বলেছেন যে ল্যাপটপ, ডেস্কটপ চাই। আমার মাঝে মধ্যেই মনে হচ্ছিল আমি এ কার কথা শুনছি। কেন না এখানে বারবার এই কথা যখন বলতাম তখন বলতেন আপনাদের স্লেট চাই। আপনারা লিখতেন স্লেট ছেড়ে IBM মানবে না CPM। আজ আপনাদের মুখে এসব কথা শুনলে আমাদের মনে হয় যে রাজ্যবাসী আপনাদের উপযুক্ত শিক্ষাই দিয়েছে যাতে আপনারা আপনাদের এই শোধরানোটা অন্তত বিধানসভায় করতে পেরেছেন। কিন্তু আপনাদের সঙ্গে চাই, নারায়ণবাবুর মতো প্রবীণদেরও চাই আর উত্তর দিনাজপুর থেকে উঠে আসা উর্দু ভাষী যুবককেও আমরা সঙ্গে চাই। শেষ বক্তা যিনি, তিনি বয়েসে প্রবীণ হলেও তার ইন্টারেস্ট আছে বলে তাকে উত্তর দিই। আপনি বইটা ঠিকমতো পড়লে বোধহয় জানতে পারতেন। রাজ্য সরকারের বৈদ্যুতিন প্রশাসন সংক্রান্ত ডাটাসমূহের আধার e-Shop-এর নির্মিত স্টেট ডাটা সেন্টার ইতিমধ্যেই প্রস্তুত হয়েছে। আপনি যেটা তথ্য ভাণ্ডার বলছিলেন, এটা আমাদের প্রস্তুত হয়েছে। আপনি এর ব্যবহার নিচ্ছেন না। আপনি 'বাংলার মুখ' করে শুধুমাত্র কালো ছিটিয়ে চলে গেলেন। কিন্তু সেই মুখে কিছু তথ্য দেওয়ার দরকার ছিল। আমাদের দপ্তর সেই কাজটা করছে। আমাদের আধিকারিকেরা সেই কাজটা

করছেন। আপনি জানতে চেয়েছিলেন কেন—লাল পতাকা, আমি লাল পতাকার বিরুদ্ধে বলতে চাই না। তার কারণ সবাই যে খারাপ আমি বিশ্বাস করি না, আমাদের সরকারও বিশ্বাস করে না। কিন্তু ওই পতাকা ধরে যারা দস্যুবৃত্তি করে, তাদের আমরা ধিক্কৃত করি এবং সেই কারণে বাংলার লোক তাদেরকে ধিক্কার জানিয়েছে। আপনারা যে কটি প্রশ্ন এখানে করেছেন, একটা হচ্ছে তথ্য ভাণ্ডার নিয়ে। সেটা আছে। আপনাদের অনেকে এখানে প্রশ্ন করেছিলেন শহর থেকে ছড়িয়ে দেওয়ার কথা। মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি প্রথম দিন বণিক সভার মধ্যে দাঁড়িয়ে বলেছিলেন সদস্যদের সামনে, তথ্য প্রযুক্তি আমাদের প্রায়োরিটি সেক্টর। আমরা তথ্য প্রযুক্তিতে এগিয়ে যেতে চাই এবং চাই বলেই আবার এই রাজ্যে সর্বপ্রথম তথ্য প্রযুক্তিতে শ্যাম পিত্রোদা, নারায়ণ মূর্তি, কিরণ কারনিকের মতো লোককে রেখে, তথ্য প্রযুক্তিতে এক্সপার্টদের রেখে আমরা পরামর্শ নিতে চাই। আগের সরকারের সব জানতা মনোভাব থেকে আমরা ফিরে যেতে চাই সব জানতে। আমাদের সেই জানার জিনিসটার জন্যেই আমরা এই কমিটিগুলো তৈরি করেছি মুখ্যমন্ত্রীর নির্দেশ অনুযায়ী। আমরা তো বলেছি আমাদের দুর্গাপুর শুধু নয়, আমরা বাঁকুড়াতেও যেতে চাই। আমাদের জমি চিহ্নিতকরণ হচ্ছে। আমরা কল্যাণীতে যেতে চাই। আমাদের জমি চিহ্নিতকরণ হচ্ছে। আমরা উত্তর চব্বিশ পরগনায় যেতে চাই। জমি চিহ্নিতকরণের কাজ হচ্ছে। আমরা খড়্গপুরে যেতে চাই, আমরা ফলতায় যেতে চাই। আবার কেউ কেউ বলল শিলিগুড়িতে আগেই গিয়েছেন। না, শিলিগুড়িতে যেটা দিয়েছে, তার সঙ্গে আমরা যে প্রযুক্তি ইন্ডাস্ট্রিয়াল আই.টি. হাব করতে চাইছি, তার সঙ্গে কোনো সম্পর্ক নেই। নতুনভাবে, আলাদাভাবে সেখানে সরকারের উদ্যোগে, প্রয়োজন হলে পি পি পি মডেলেও, আমরা সমস্ত জেলার শহরগুলোতে তথ্য প্রযুক্তিকে বেঁধে দিতে চাই। প্রথম সদস্য যিনি ছিলেন আব্দুর রহিম বক্সি, অন লাইনে মুখ্যমন্ত্রী ভিডিও কনফারেন্সি করেন কিন্তু অন্যেরা জানে না। আমাদের মুখ্যমন্ত্রী ইতিমধ্যেই বলেছেন এমন সিস্টেম আমাদের তৈরি করতে হবে, যে সিস্টেমের মধ্যে ডি.এম.-রাও বি.ডি.ও. লেভেল পর্যন্ত খবর পায় এবং জানতে পারে। সেই কাজে আমরা হাত দিয়েছি। আমাদের দপ্তরের আধিকারিকেরা, আমাদের দপ্তরের লোক কম, আমি অর্গানোগ্রাম দেখছিলাম, ৪৫ জনের থাকার কথা, আছে ৩ জন। এর নাম হচ্ছে তথ্য প্রযুক্তি। আর আমরা চলি সমুখ পানে, কে আমাদের রুখবে। জনগণ রুখে দিয়েছে। এই কারণেই আমরা জোর দিয়েছি, আপনারা ঠিকই বলেছেন, আমরা পিছিয়ে গেছি। আপনারা বলছিলেন আপনাদের গর্বের অনেকেরই, আবার টাকার হিসেব দিচ্ছেন ! হাসি পায় এই সব কথা শুনে। যেখানে সারা ভারতবর্ষের আই.টি. এবং আই.টি. সংক্রান্ত বিজনেসে ৮৮ বিলিয়ন যেখানে ব্যবসা, সেখানে আমাদের ব্যবসার পরিমাণ হচ্ছে ১.৫ বিলিয়ন। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে ২.৬ বলে গর্ব করে আমরা ষষ্ঠ স্থানে আছি বলে বুক চাপড়িয়ে কোনো লাভ নেই। আমরা কেন এতে নেই ? আমাদের মেধা সিলিকান ভ্যালিতে আছে, আমাদের মেধা এই দেশের অন্ধ্রপ্রদেশে আছে, আমাদের মেধা এই দেশের কর্ণাটকে আছে, আমাদের মেধা এই দেশের চণ্ডীগড়ে আছে, আমাদের মেধা জার্মানিতে আছে, ইউ.কে.-তে আছে। আমরা তাদের ফিরিয়ে আনতে চাই।

[5.10–5.18 p.m.]

আপনারা যাদের ধরে রাখতে পারেননি, আমরা তাদের এনে রাখতে চাই, আমরা সমৃদ্ধ হতে চাই যাতে আমাদের রাজ্য তথ্য প্রযুক্তিতে এগিয়ে যেতে পারে। ইতিমধ্যেই আমরা ই-গভর্নেন্স চালু করেছি। প্রাক্তন মন্ত্রীরা অনেক বিবৃতি দিয়ে দাবি করছেন—দাবি করা ভালো। অনেকে বলছেন এ কথা তো আমরাও বলতাম। বলতেন তো। ১ প্লাস ১ যে ২ হয় সবাই বলতে পারে। ইংরাজিতে পড়তে গেলে প্রথম অক্ষর যে A সেটা সবাই বলবে। কিন্তু সবাই ঠিকমতো শিক্ষিত হতে পারে না। আপনারা বলেছিলেন, কিন্তু করেননি। আপনারা অনেক ভালো ভালো কথা ১৯৭৭ সাল থেকে বলে আসছেন আপনাদের নিজস্ব নির্বাচনী ইস্তাহারে, বারবার বলেছেন, কিন্তু করেননি কিছুই। শুরু করতেই যদি ৩৪ বছর লাগে তাহলে তো মহা মুশকিল। ভারতবর্ষ স্বাধীন হয়েছে যত বছর, তার অর্ধেক সময়ই এই রাজ্যে ক্ষমতা ভোগ করলেন আপনারা। সেই ক্ষমতা নিয়ে আজও এই রাজ্যে রেজিস্টার্ড বেকারের সংখ্যা সবচেয়ে বেশি। আজও পর্যন্ত তথ্য প্রযুক্তি পৌঁছতে পারেনি। আজ পর্যন্ত বাংলার সর্বত্র মানুষ নল-বাহিত জল পায় না। আজও ইলেকট্রিসিটি নেই, আজও রাস্তাঘাট তৈরি হয়নি, আজও মানুষ দুঃখে পিঁপড়ে খেয়ে বাঁচে। এরকম একটা অবস্থার মধ্যে দিয়ে মানুষকে নিয়ে আমাদের উন্নয়নকে এগিয়ে নিয়ে যেতে হবে। এক ঘণ্টার মতো সময় তথ্য প্রযুক্তির মতো বিষয়ে। আমি অবাক হয়ে দেখছিলাম যারা কাগজে শিরোনাম হওয়ার জন্য বাইরে গিয়ে বিবৃতি মারেন, তারা শিল্পের মতো বাজেটে আজকে আর নেই। তাদের লক্ষ্যটাই অন্য, সংবাদের শিরোণাম হওয়াই তাদের লক্ষ্য, কিন্তু লক্ষ্য এই নয় যে বাংলাকে শিরোনামে নেওয়া। তাই বাংলাকে শিরোনামে পাঠানোর লক্ষ্যে আপনাদের কোনো ভূমিকা নেই। তাই আপনাদের কিছু লোককে এখানে বসিয়ে রেখে শিরোনাম দেখাচ্ছেন।

মিঃ স্পীকার : সময় ৫ মিনিট বাড়িয়ে দিলাম, হাউসের অনুমতি নিয়ে।

শ্রী পার্থ চ্যাটার্জী : অনেকে ই-গভর্নেন্সের কথা বলেছেন। আপনাদের ভাবনা-চিন্তার মধ্যে ছিল, কিন্তু কলকাতা পুলিশ লালবাজারের বুকে ক্রাইম ক্রিমিনাল ট্র্যাকিং নেটওয়ার্ক সিস্টেম চালু করেছি। আমরা বলেছি সেখানে পুলিশের মধ্যে থেকেই যাদের তথ্য প্রযুক্তির উপর ন্যাক আছে, জ্ঞান আছে, সেই সমস্ত অফিসারকে এনে সেখানে ব্যবস্থা করা। NASCOM-এর মাধ্যমে, তাদের সাহায্য নিয়ে, তাদের পেশাদারিত্বের গুণ নিয়ে এই কাজ এগিয়ে গেছে আমাদের ডিপার্টমেন্টের মাধ্যমে। আমরা চেষ্টা করছি। আপনারা আবার ওয়ান উইনডো নিয়ে বলেন—বাংলার মুখ বলেন। আমরা চেষ্টা করছি আমাদের দপ্তরে ই-বিজ, যাতে সমস্তটায়—একটু আগে রহিম বক্সি বলছিলেন, আমরা সেটাকেও চালু করবার—এটা কেন্দ্রীয় প্রকল্প, তার সঙ্গে আমরা যুক্ত হবার চেষ্টা করছি। আমরা সর্বপ্রথম এই রাজ্যে ট্রিপল আই.টি. কল্যাণী বা অন্যত্র, যেখানে জায়গা পাব করব। আমরা কল্যাণীতে জায়গা পেয়েছি, সেখানে চালু করবার ব্যবস্থা করছি। শিক্ষাকে, তথ্য প্রযুক্তিকে জীবনের মধ্যে নিয়ে গিয়ে আরও জ্ঞান বৃদ্ধি করে রাজ্যের উন্নয়ন করাটাই আমাদের লক্ষ্য। আপনাদের লক্ষ্যটা শুধুমাত্র কি করলাম আর কি করতে পারিনি আর জিন্দাবাদ। কিন্তু তার মধ্যে দিয়েও আপনাদের ধরে নিতে হবে বাংলা জিন্দাবাদ। আই.সি.টি. টুলসের ব্যাপারে কেউ কেউ বলছিলেন। সেখানেও কিন্তু বলা আছে। আমি বুঝতে পারলাম না এটা কি পড়লেন না, নাকি না পড়েই

এখানে বক্তৃতা দিলেন ? পড়লেই বুঝতেন, প্রতিটি ছত্রে ছত্রে লেখা আছে। আমরা কম বলি, কম লিখি কিন্তু কাজ বেশি করার চেষ্টা করি এবং আমরা যা বলি তা আমরা করে দেখাই। আমরা সেই কারণেই বলেছি এর সঙ্গে যুক্ত নয়, আগের বাজেটে সেটা মিস করেছিলাম, সেটা বলে রাখতে চাই। আপনারা সমস্ত রকম এটা সেটা, কেমিক্যাল হাব এটা নিয়ে প্রশ্ন তুলেছিলেন। আপনারা কেমিক্যাল হাবের নামটাই বদল করে দিয়েছিলেন আমার প্রশ্নের পরে। আমরা আবারও বলছি, কেমিক্যাল হাব হবে না। কিন্তু ওই জায়গায়, নয়াচরে আমরা পরিবেশ বান্ধব শিল্প করব। আমরা ইকো-ট্যুরিজিম করব, আমরা মৎস্যজীবীদের প্রশিক্ষিত করে, তাদের বাসস্থান তৈরি করে তাদের ব্যবসার দিকে জোর দেব। আমরা ইন্ডাস্ট্রিয়াল পার্ক করব এবং আমরা পাওয়ার সেক্টর তৈরি করব। অন্যদিকে শালবনীর যে বাঁশি শুনিয়ে আপনারা বিধানসভাকে মাত করার চেষ্টা করে ২০০৭ পর্যন্ত করেছিলেন কিন্তু সেটা আজ পর্যন্ত কিছু করেননি। তাদের সঙ্গেও আমরা আলাপ আলোচনা করছি। যে সমস্ত সমস্যা তাদের রয়েছে তা আমরা দেখছি এবং ছবি নেওয়ার জন্য আমরা মহাকরণে মিটিং ডাকি না কিন্তু আমরা তাদের সঙ্গে গোপনে গোপনে নয় একেবারে স্বচ্ছতার সঙ্গে কথা বলছি এবং এই যে মেঘ আপনারা, কালো মেঘ যে আপনারা সৃষ্টি করেছিলেন শিল্পের আকাশে সেই কালো মেঘকে মমতা ব্যানার্জির নেতৃত্বে আমরা নিশ্চয়ই দূর করব। বাংলার সুদিন ফিরবে। তথ্য প্রযুক্তিতে ফিরবে, শিল্পে ফিরবে। শিল্পে ক্ষুদ্র হোক, বড় হোক সবটাতেই ফিরবে। ১৭টি জায়গায় আমরা ইন্ডাস্ট্রিয়াল হাব করব। প্রত্যেকটি জায়গায় আমরা সে জরি শিল্প হোক, সে তাঁত শিল্প হোক, সে জুট শিল্প হোক আমরা চেষ্টা করব সেগুলোকে করার এবং আমরা মেডিসিনাল প্ল্যান্টের ব্যাপারেও কথা বলেছি, আমরা কথা বলেছি আমাদের পাহাড়ের বন্ধুদের সঙ্গে এমন কি আমরা কথা বলছি উলুবেড়িয়াতেও। ওখানেও একটা সম্ভাবনা দেখা দিয়েছে ওখানে যাতে একটা মেডিসিনাল হাব তৈরি করা যায়। ফাউন্ড্রি পার্ক তৈরি হচ্ছে। আমরা তো করবার চেষ্টা করছি। সুতরাং সেই করার চেষ্টার মধ্য দিয়ে বাস্তবতা আনতে গেলেও ইঁদুরেরও কিছু প্রয়োজন হয় জাল কাটার। আসুন আমরা সেই অন্ধকারের জাল আপনাদের মাধ্যমে কাটতে চাই। সকলে এই বাজেটে অংশগ্রহণ করায় আমি ধন্যবাদ জানাই এবং সমর্থন করার আবেদন জানাই।

The Motion of Dr. Amit Mitra that a sum of Rs. 101,47,86,000 be granted for expenditure under Demand No. 31, Major Heads: "2251-Secretariat-Social Services, 4070-Capital Outlay on Other Administrative Services, 4859-Capital Outlay on Tele-Communication and Electronics Industries and 6859-Loans for Tele-Communication and Electronics Industries" during the year 2011-2012. (This is inclusive of a total sum of Rs. 33,82,63,000 and Rs. 16,92,30,000 already voted on account in March and June, 2011 respectively), was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5.18 p.m. till 11-00 a.m. on Friday, the 26th August, 2011 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 26th August, 2011 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 26 Ministers, 6 Ministers of State and 194 Members.

[11.00—11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

(গোলমাল)

শ্রী তজমুল হোসেন : স্যার, আমার দুটো কোয়েশ্চেন ছিল। কিন্তু এখানে দেখা যাচ্ছে একটাও নেই। কেন এই রকম হল ?

(গোলমাল)

Mr. Speaker : Hon'ble Member, this is not the way. ...(noise)...

...(Shri Tajmul Hossain was seen coming down into the well of the House)... Please keep clear. Please keep clear. Now question starred 111. I call upon Shri Prabodh Chandra Sinha.

...(noise)...

I will request the Hon'ble Member to mend himself. It is not the way of raising any protest. I call upon Shri Prabodh Chandra Sinha. ....(pause) ... I think he is not in.

শ্রী আনিসুর রহমান : স্যার, আমার একটা বক্তব্য ছিল, স্যার আমাদেরকে একটা তালিকা দেওয়া হয়েছিল আজকের তারিখে, তাতে ৮টি প্রশ্ন ছিল। কিন্তু সেখানে আজকে এসেছে মাত্র ৪টি কোয়েশ্চেন। এটা একটু দেখবেন।

মিঃ স্পীকার : ঠিক আছে।

*111 : Not Called

চা শিল্পে ক্রমহ্রাসমান উৎপাদন ও রপ্তানি

*১১২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৭) **শ্রী কাশীনাথ মিশ্র :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিগত কয়েক বছরে রাজ্যে চা শিল্পে উৎপাদন ও রপ্তানি ক্রমহ্রাসমান ; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কী ?

শ্রী পার্থ চ্যাটার্জী :

(ক) মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রী কাশীনাথ মিশ্র কর্তৃক উত্থাপিত প্রশ্নের উত্তরে জানাই যে, বিগত কয়েক বছরে রাজ্যে চা শিল্পে উৎপাদন বিভাগীয় স্তরের যে রিপোর্ট তার থেকে দেখা যাচ্ছে যে, বৃদ্ধি পেয়েছে। রপ্তানী ক্ষেত্রে যেহেতু মিশ্র চা রপ্তানী করা হয়, সেহেতু রাজ্যের রপ্তানীকৃত চায়ের পরিমাণের কোনো সঠিক তথ্য এখনও পর্যন্ত বিভাগে জমা নেই।

(খ) চা উৎপাদনের ক্ষেত্রে সঠিক নয়। চা রপ্তানী ক্ষেত্রে প্রযোজ্য নয়।

শ্রী কাশীনাথ মিশ্র : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী মহাশয়, তাঁর জবাবে বলেছেন যে মিশ্র চা যেহেতু রাজ্যে রপ্তানী করা হয়, সেহেতু রাজ্যে রপ্তানীকৃত চায়ের পরিমাণের কোনো সঠিক তথ্য নেই। স্যার, আমাদের ইন্ডাস্ট্রির স্পেসিফিক রিভিউ যেটা তাতে দেখা যাচ্ছে in terms of the output of tea, 75% comes from ৩০৭টি বড়ো গার্ডেন থেকে আসে। অর্থাৎ বড়ো বাগান থেকে আসে। under the fold of the organized corporate sector and the balance 25% from the small grower sector comprising nearly 15,000 growers এই যে কথাটা বলছে, তাতে আমাদের চায়ের উৎপাদন যদি বৃদ্ধি হয়ে থাকে, তাহলে বাজারে চায়ের দর ক্রমাগত ভাবে বাড়ছে কেন মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

শ্রী পার্থ চ্যাটার্জী : আপনার প্রশ্ন যা ছিল, তার থেকে আর একটি যে প্রশ্ন করলেন, তার আগের উত্তরটা দেওয়াই ভালো। আপনি যেখান থেকে উল্লেখ করেছেন সেটা হচ্ছে কারা, কী ধরনের, প্রোডাকশান কন্ট্রিবিউশন তাদের কী, আপনি যেটা করলেন, অর্থাৎ বড়ো টি গ্রোয়ার্সরা কত পারসেন্ট প্রোডাকশান করে, স্মলার কত পারসেন্ট করে, সেটা পড়লেন। আমি আপনার অবগতির জন্য জানাই যেহেতু প্রশ্নটা করে অন্য প্রশ্নে আসলেন, যে গত তিন বছরে যদি অ্যাভারেজ নেওয়া যায় তাহলে দেখা যাবে এই রাজ্যে চা উৎপাদন ২২৮ মিলিয়ন কেজি হয়েছে। এর আগে যেটা ছিল ২০০১ থেকে ২০০৩, সেই সময় ১৯২ মিলিয়ন কেজি উৎপাদিত হয়েছে। এখন চায়ের দাম কমছে না কেন, কী উদ্যোগ নেওয়ার দরকার—মাননীয় সদস্যকেও অনুরোধ করব আপনার নজরেও যদি এইরকম কিছু এসে থাকে যে মধ্যস্বত্বভোগীদের বিচরণক্ষেত্র হয়ে থাকে চা শিল্পে, তাহলে সে ব্যাপারে স্পেসিফিক আপনার কোনো সাজেশন থাকলে আপনি তা আমাকে দেবেন।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী মহাশয় আপনি বললেন প্রোডাকশান যে হারে হচ্ছে, এখন আমরা দেখতে পাচ্ছি যে অ্যাভারেজ প্রোডাকশান হচ্ছে স্টেটে ২০০ মিলিয়ন কেজি। আর ৫৩ মিলিয়ন

কেজি হচ্ছে স্মল সেক্টরে। এই যে বললেন উৎপাদন ক্রমাগত ভাবে বাড়ছে, আপনার সেখানে চায়ের বাগান ৩০৭, স্মলার—ছোটোখাটো আছে, যেমন, দার্জিলিং হিলসে আছে ৮৫টি, তরাইয়ে ৬৭, ডুয়ার্সে ১৫৫টা আছে। এই এলাকাগুলিতে চা উৎপাদন আরো বৃদ্ধি করবার জন্যে আপনার কোনো প্রস্তাব আগামী দিনে আছে কি না মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি ?

শ্রী পার্থ চ্যাটার্জী : আপনার অতিরিক্ত প্রশ্নের উত্তর মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে বলতে চাই যে উদ্যোগ তো নিশ্চয়ই থাকা উচিত। চা শিল্পের সঙ্গে যুক্ত যে সমস্ত সংস্থা, তাদের সঙ্গে দফায় দফায় আমরা কথা বলছি। আপনারা জানেন যে চা শিল্প অনেকটাই নির্ভর করে চায়ের ক্লোনিং-এর উপর। গাছগুলো পুরনো হয়ে যায়, সেই গাছকে উৎপাটিত করে নতুন গাছ দিতে হয় সময় মতো এবং কিছুটা আবহাওয়ার উপর নির্ভর করে চা উৎপাদন, কোয়ালিটি অফ টি, তা নির্ভর করে অনেকটা আবহাওয়া, গাছের বয়েস এবং সময় মতন গাছকে পরিচর্যা করা। নানা দিকগুলো নিয়ে যখন বিরোধী ছিলাম তখনও কথা বলেছি, আর এখন যখন সরকার পক্ষের দায়িত্ব আমাদের হাতে অর্পিত হয়েছে, তখনও এই বিষয়ে যথেষ্ট চা উৎপাদনে আমাদের ভূমিকা, যাতে চা শিল্প বাড়ে এবং এর একটা ইকনমিক অ্যাডভানটেজ ছিল। আপনাকে বলে রাখি আগের প্রশ্নেও আমি বলেছি, আরো বিস্তারিত ভাবে যদি বলি তাহলে ২২ হাজার স্মল হোলডিং অ্যালটমেন্ট ফর ৩৫ পারসেন্ট টোটাল প্রোডাকশন এখানে আছে। আপনি যেটা পড়ছিলেন, তার থেকেও বেশি। এই অবস্থায় দাঁড়িয়ে শুধুমাত্র চা উৎপাদন নয়, চা শিল্পের সঙ্গে চা বাগিচার শ্রমিকদেরও জীবন ধারণ এবং তাদের শ্রম ঠিকমতন সম্মানিত হচ্ছে কি না সে ব্যাপারেও এবং তাদের শিক্ষা, তাদের আলো-জলের ব্যবস্থা করা, তাদের স্বাস্থ্য, তাদের ক্ষুধা এই নিয়ে বহুবার এই বিধানসভায় আমরা আলোচনা করেছি এবং এখনও সেই আলোচনা অব্যাহত আছে। মুশকিল অন্য জায়গায় ঘটে গেছে, নির্বাচনে আগে তড়িঘড়ি করে চা শিল্পের কোথাও কোথাও এগ্রিমেন্ট সই করার ফলে আরও বেশি অংশে আমরা একত্রিত ভাবে যা করতে পারতাম তা আমরা করতে পারি না। একথা নিঃসন্দেহে বলতে হবে যে চায়ের দু-রকম ব্যাপার আছে, দার্জিলিং-এর উপর অংশে যা উৎপাদন এবং তার যে কোয়ালিটি এবং তার নিচুর অংশে যা কোয়ালিটি এবং উৎপাদন তার মধ্যে বৈপরীত্য আছে। আমরা চেষ্টা করছি যে রুগ্‌ণতা কাটিয়ে যত তাড়াতাড়ি পারি—আমাদের এই রাজ্যের, এমনকি ভারতবর্ষের ইকনমিক ফ্রন্টে চা শিল্পের একটা অবদান আছে, সেই অবদানের বেশ কিছু অংশ জুড়ে আছে পশ্চিমবঙ্গ। পশ্চিমবঙ্গের চা শিল্পকে আরও উৎপাদনমুখী আরও qualitative এবং সঙ্গে সঙ্গে চা শিল্পের সঙ্গে যুক্ত চা-বাগিচার মানুষদেরকেও তাদের জীবন ধারণ, তাদের কল্যাণ সাধনে আমাদের সরকার ব্রতী আছে।

[11.10—11.20 a.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি টোটাল যে ওয়ার্কার্স আছে প্রায় ২ লক্ষ ৬৪ হাজার মতন, এর মধ্যে

১ লক্ষ ৪১ হাজার মহিলা এবং ১ লক্ষ ২৩ হাজার পুরুষ। এই যে টোটাল শ্রমিক আছে, এই যে বামফ্রন্টের সময় থেকে ওখানে চায়ের ক্ষেত্রে যেমন চা-বাগানগুলোকে বরবাদ করার জন্য promoter-দেরকে দিয়েছে তার পাশাপাশি এই যে টোটাল শ্রমিকরা ২ লক্ষ ৬৪ হাজার আছে, এদের বিভিন্ন সুযোগ-সুবিধা দেওয়ার জন্য তাদের ন্যূনতম মজুরি না দেওয়ার জন্য বিভিন্ন সময় চা-বাগানগুলো বন্ধ হয়। তারই পরিপ্রেক্ষিতে সেখানে আজকে উৎপাদনটা হ্রাস পেয়েছিল কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় সদস্য যে অতিরিক্ত প্রশ্ন করেছেন তার থেকে একটু সরে গেছেন, আমি তবুও বলছি আগের প্রশ্নের উত্তরে এই সভাকে সরকারের পক্ষ থেকে জানিয়েছি, চা শিল্পের উৎপাদনশীলতাকে যেমন বাড়াতে হয়, তার সার্বিক উন্নয়নে যে রকম পুরনো গাছকে সরিয়ে দিয়ে নতুন করে pruning করে প্রযুক্তিগত দিক লাগিয়ে একদিকে সংস্থাগুলো ব্যবস্থা নেবেন, অন্য দিকেও আবহাওয়ার উপরে চা শিল্পটা অনেকটা নির্ভর করে। কিন্তু চায়ের সঙ্গে যুক্ত আর একটি প্রশ্ন যেটা করলেন সে ব্যাপারে ইতিমধ্যেই আমি তার উত্তর দিয়েছি যে, চা-বাগিচার শ্রমিকদের কল্যাণ সাধনে সরকার ব্রতী আছে। তাদের জল, তাদের বিদ্যুৎ, তাদের স্বাস্থ্য, তাদের খাদ্য ইত্যাদি ব্যাপারে আমরা ওয়াকিবহাল আছি, কিছু কিছু ক্ষেত্রে যে অসুবিধা দেখা দিয়েছে,—মাননীয় সদস্য কিছুদিন আগে একটি প্রশ্ন করেছিলেন,—সে ব্যাপারেও আমরা প্রয়োজনীয় ব্যবস্থা করছি।

শ্রী যোশেফ মুণ্ডা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা অতিরিক্ত প্রশ্ন, মন্ত্রী মহাশয় হয়তো একটু আগে জবাব দিয়েছেন, তা সত্ত্বেও চা-কে কেন্দ্র করে যাদের জীবন-জীবিকা নির্ভর, তাদের মানোন্নয়নের জন্য সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যের অত্যন্ত মূল্যবান প্রশ্নের উত্তরে জানাই, যে সরকার আজ এখানে প্রতিষ্ঠিত হয়েছে, তা হল মা-মাটি-মানুষের সরকার। আপনার স্মরণে দিই—চা-বাগিচা নিয়ে আমরা ইতিমধ্যেই—বিগত দিনে চা-বাগিচার শ্রমিকদের জীবনধারণের লক্ষ্যে, তাদের কল্যাণকর প্রকল্পে যুক্ত করবার লক্ষ্যে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের তৎকালীন উদাসীনতার ফলে যে সমস্যার সৃষ্টি হয়েছিল, আমরা সেগুলোকে নোট করেছি আমাদের অভিজ্ঞতা দিয়ে। এবং সেইগুলি যাতে পুনরাবৃত্তি না হয় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ আমরা করেছি। আপনার স্মরণ থাকতে পারে, যে সমস্ত বন্ধ চা-বাগিচা ছিল, সেখানে যেমন কেন্দ্রীয় সরকারের মন্ত্রী এসেছিলেন তেমনি আমাদের তৃণমূল কংগ্রেসের পরিষদীয় দল মমতা বন্দ্যোপাধ্যায়কে নিয়ে গিয়েছিলাম বিভিন্ন চা বাগানের অবস্থা দেখতে। সেই অবস্থার যে স্টাডি রিপোর্ট আমাদের কাছে আছে, আমাদের সরকার ইতিমধ্যেই চা শিল্পের সঙ্গে যুক্ত সমস্ত সংশ্লিষ্ট দপ্তরগুলিকে একত্রিত করে, চা-বাগিচা শ্রমিকদের যে সমস্যা এবং চা বাগানের যে সমস্যা তা একত্রিত করে কল্যাণমুখী প্রকল্প ঘোষণা করবে।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমার অতিরিক্ত প্রশ্ন। উত্তরবঙ্গে চা শিল্পে উৎপাদন এবং রপ্তানি ক্রমহ্রাসমান, যে আপনি উত্তরে বললেন। আমি বলতে চাইছি উত্তরবঙ্গে শ্রমনিবিড় চা শিল্প এবং বহু

শ্রমিক এতে যুক্ত আছে। এখানে যতগুলি চা-বাগান আছে তার মধ্যে বেশিরভাগটাই বোধহয় খুলেছে। উত্তরবঙ্গে কতগুলি চা-বাগান বন্ধ আছে ? এবং ওই বন্ধ চা-বাগানগুলিতে কত শ্রমিক কাজ করত ? এর উত্তর যদি আপনি দেন।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, উত্তরবঙ্গের যেখানে চা শিল্প আছে, মানে উত্তরবঙ্গের সর্বত্রই তো চা শিল্প নেই। উত্তরবঙ্গের মূল জায়গাগুলি হচ্ছে যেখানে সেই নিয়ে আলোচনা ছিল। আপনি জানলে খুশি হবেন, যে বিগত দিনে ১৬টি চা-বাগিচা বন্ধ ছিল। কিন্তু আজকে যখন দাঁড়িয়ে বলছি, তার মধ্যে মাত্র ২টি বন্ধ আছে এবং ১৪টি খুলেছে। দার্জিলিংয়ের রিংটং একটা লিটিগেশানের কারণে বন্ধ আছে। আমরা চেষ্টা করছি সেই লিটিগেশান দূর করবার। আর একটি জলপাইগুড়িতে আছে। সেখানেও অনারেবল কলকাতা হাইকোর্ট হায়েস্ট বিডার ফিল করাতে, ডিসচার্জ করতে পারেনি বলে আইনগত সমস্যার জন্য সেটা এখনও বন্ধ আছে। আপনি যেটা জানতে চাইছিলেন, তার উত্তরে বলি, চা শিল্পের সঙ্গে যুক্ত যে সমস্ত শ্রমিক, বাগিচা শ্রমিকরা আছেন তাদের বন্ধ হওয়া শুধু নয়, চলমান অবস্থাতেও দেখা যাচ্ছে বেশি কিছু জায়গায়, যা তাদের দেওয়ার কথা তা তারা দিচ্ছেন না। এবং এ ব্যাপারেও বিগত দিনে বিরোধী দলনেতার আসন থেকে আমি যখন প্রশ্ন করেছিলাম মাননীয় মুখ্যমন্ত্রীকে তিনি তখন বলেছিলেন যে, না, মৃত্যুর মিছিল হচ্ছে না, আমরা দিচ্ছি। আমি আজকে আর সেই পুরনো কথাগুলো বলতে চাই না। আপনি কত শ্রমিকের জিজ্ঞাসা করেছেন, কত শ্রমিক যে বিগত মারা গেছে সেটার হিসেব চাননি। মৃত্যুর মিছিল হয়েছে, প্রায় সাড়ে তিন হাজার লোক, কর্মী, শ্রমিকরা মারা গিয়েছিলেন সেদিন। এখন যে অবস্থা আছে তাতেও কিন্তু আমি বলব যে, সর্বত্রগামী হয়নি সরকারি প্রকল্প বা যা দেওয়ার কথা ছিল। তা সত্ত্বেও রাজীব গান্ধী বিদ্যুতায়ন যোজনায় labour quarters-এ electrification-এর ব্যবস্থা করা হয়েছে। রেশন ব্যবস্থাকে অরো বেশি সরলীকৃত করে smooth করে—তার ব্যবস্থা করা হচ্ছে, পানীয় জলের সুব্যবস্থা হচ্ছে, যেথায় যেথায় নেই, সেখানে সেখানে অবিলম্বে করবার ব্যবস্থা আছে। এবং আমি আবার বলছি, ১৬টির মধ্যে মাত্র দুটি বন্ধ আছে, তাও আইনগত কারণে।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় স্পীকার স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, বিগত বামফ্রন্ট সরকার পাঁচটা চা বাগানকে অধিগ্রহণ করে Tea Development Corporation তৈরি করেছিলেন। এর মধ্যে হিলা চা বাগান যেখানে খুব ভালো production হত, কিন্তু সেই productionটা অনেক কমে গেছে। তার মূল কারণ, খুব সামান্য ব্যাপার, দুটো boiler নাকি ভাঙা। ঠিক তেমনি মহুয়া চা বাগান এখানে কোনো processing-এর যন্ত্র না থাকায় green leaf বয়ে নিয়ে অন্য জায়গায় process করতে হয়। এর ফলে ওদের সম্ভাবনা থাকা সত্ত্বেও বাগান দুটো ক্ষতিগ্রস্ত হচ্ছে। তা আপনি কি ওই বাগান দুটোকে উন্নত করার জন্য কোনো ব্যবস্থা গ্রহণ করবেন ?

[11.20—11.30 a.m.]

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য সরকারি উদ্যোগে যে চা-বাগিচার কথা উল্লেখ করেছেন, আপনার অবগতির জন্য জানই, ইতিমধ্যেই সংশ্লিষ্ট

আধিকারিকদের আমি জানিয়েছি, এবং আমাদের যে boardটি আছে তা চা শিল্পের লোকদের নিয়ে পরামর্শদাতার—যারা চা শিল্পের সঙ্গে যুক্ত, তাদেরকে নিয়ে board-কে পুনর্গঠিত করবার সিদ্ধান্ত গ্রহণ হয়েছে। এইখানে আপনি যে দুটির সম্পর্কে বললেন, মহুয়া এবং হিলা, তাতে একটি consultant নিয়োগ করা হয়েছে। যিনি এখন technical advice দিচ্ছেন। কিন্তু তাতেও আমি নিজে সন্তুষ্ট নই। তার কারণ হচ্ছে যে, যে adviceটা সেইখানকার সংশ্লিষ্ট stake holder-দের সঙ্গে আলাপ-আলোচনা করে দিলে—তাদেরও অভিজ্ঞতা আছে। সকলের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে যদি আমরা কোনো সিদ্ধান্ত নিই সেই সিদ্ধান্ত সংশ্লিষ্ট শিল্প ব্যবস্থায় অনেক ভালো হয়। আমরা উপর থেকে সিদ্ধান্ত গ্রহণ করি। ফলে নিচুতলায় যায় না। নিচুতলারও অনেক কিছু বলার থাকতে পারে, তারাও অনেক কিছু advice করতে পারে সেই adviceগুলো নিয়ে technical যে consultant আমরা নিয়োগ করেছি তার পরামর্শ নিয়ে আমরা যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করব।

শ্রী তাপস রায় : Hon'ble Speaker Sir, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন। গতকাল জবাবী ভাষণেও মাননীয় মন্ত্রী তাঁর উদ্বেগ প্রকাশ করেছিলেন, এই চা শিল্পের ব্যাপারে এবং ওনার যে উদ্বেগ সেটা মন্ত্রী হওয়া নয়, [illegible] অনেক আগে থেকেই সর্বজনবিদিত। আমার প্রশ্ন যে, অনাদরে, অবহেলায় এবং ভুল নীতির জন্য পূর্বতন সরকারের, অর্ধাহারে, অনাহারে চা শিল্পের কত শ্রমিক এবং অনাহারে আত্মহননের পথ বেছে নিয়ে কত চা শিল্প শ্রমিকের মৃত্যু ঘটেছে ?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই একটু আগেই প্রশ্নের উত্তরকালে আমি উত্তর দিয়েছি। তবুও বিগত দিনে যদি আপনি এই হাউসে চা শিল্পের সম্পর্কিত কোনো আলোচনা যদি দেখেন তাহলে দেখবেন সেখানেও দেওয়া ছিল প্রায় সাড়ে তিন হাজার চা-বাগিচা তারা মৃত্যুপথযাত্রী হয়েছিল। এবং সরকারের তরফ থেকে তখন বলা হয়েছিল যে সরকারি নানারকম প্রকল্প ওখানে দেওয়া হয়। এমনকি statutory benefit যেগুলো তারা পায়নি বলে আমাদের সেই সময়ের অভিযোগ ছিল। এটা লিখিত আছে, মানে আমার এই প্রশ্ন নিয়ে যে কোনো লোক—এটা হাউসের proceedings দেখলেই দেখতে পাবেন। ফলে সব কিছুই দেওয়া হয়। কিন্তু এখনও আমাদের কাজ করতে গিয়ে বিভাগীয় দপ্তর থেকে আমরা বুঝেছি যে কোথায় কোথায়, সব যে হয়েছে তা নয়। কোথাও কোথাও সব করা উচিত। আর আপনি যে তালিকা চেয়েছেন, সেই তালিকা সুপ্রীম কোর্টেও আছে, সেই তালিকা এখানেও আছে। আপনি যদি লিখিতভাবে সেই তালিকা চান, আমার দপ্তর থেকেও সেই তালিকা দিতে পারব।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী একটা খুবই গুরুত্বপূর্ণ কথা বলেছেন। আমি উত্তরে দেখলাম যে আমাদের রাজ্যে এবং আমার দেশের অর্থনীতিতে চায়ের একটা বিরাট অবদান আছে এবং বৈদেশিক মুদ্রা পাওয়ার ক্ষেত্রে একটা বিরাট ভূমিকা আছে। কিন্তু উত্তরে আমি শুনলাম যে সারা দেশে, সারা পৃথিবীতে যেভাবে চায়ের চাহিদা আছে তার সঙ্গে সঙ্গতি রেখে আমাদের উৎপাদন কিন্তু সেইভাবে বাড়েনি। আমার

যেটুকু মনে হল, আর যেটুকু আমাদের বাইরে এক্সপার্ট যেটা হয়, সেটার ব্যাপারে উনি বলতে পারেননি। সম্ভবত আমার ধারণা কিছুটা কমেছে। যাই হোক, আমার একটা প্রশ্ন হচ্ছে যে, চায়ের ব্যাপারটা কোনো একটা সরকারের ব্যাপার নয়, রাজ্যের সরকারের একার ব্যাপার নয়, সেন্ট্রাল গভর্নমেন্টের একার ব্যাপার নয়, এখানে বোর্ড আছে, সেন্ট্রাল গভর্নমেন্ট আছে, স্টেট গভর্নমেন্ট আছে, মিলিত একটা ব্যাপার। আমার কোয়েশ্চেন হচ্ছে, এই যে শ্রমিক অসন্তোষ, তাদের যে ন্যায্য পাওনা তারা সব পাচ্ছে না। এর কোনো ইমপ্যাক্ট এই প্রোডাকশান বা এক্সপোর্টে পড়ছে কিনা ? এই ব্যাপারে সরকারের পক্ষ থেকে কোনো রকমের তদন্ত বা কোনো রকমের সার্ভে করা হয়েছে কিনা ? হয়ে থাকলে কী কী ব্যবস্থা করেছেন, যাতে এটা দূর হতে পারে তার জন্য কোনো পরিকল্পনা আছে কিনা, আমি সেটা জানতে চাইছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য আনিসুর রহমান যে প্রশ্ন করলেন, তাঁর অবগতির জন্য জানাই, আমি যখন প্রথম প্রশ্নের উত্তর দিচ্ছিলাম তখনই বলেছিলাম যে ২০০১ সাল থেকে ২০০৩-এর তার পরবর্তী সময়ে চা উৎপাদন বেড়েছে, কিন্তু রপ্তানী পরবর্তীকালে কমেছে। আমরা ওয়াকিবহাল আছি এই বিষয়ে। কিন্তু অসন্তোষের কারণটার কারণ হচ্ছে যে অসন্তোষ তো কমাতে হয় সকলে মিলে। প্রাক্তন মন্ত্রী যদি চা-বাগিচার গেটে গেটে গিয়ে উস্কানিমূলক বক্তৃতা দেন তাহলে আর অসন্তোষ তো বাড়বে, কমবে না। তার বদলে যদি তিনি তাদের সমস্যার কথা আমাদের কাছে এসে বলতেন, আমরা তার সাজেশানও নিতাম। আমাদের পরিষ্কার একটাই কথা, আমরা বারবার বলছি, আপনারাও অনেকে বলেছেন সমর্থন করেছেন। রোজগারের জায়গা বন্ধ রেখে, রোজগার বৃদ্ধি করা যায় না। আমরাও বুঝেছি। আমরাও যে করিনি তা নয়, নিশ্চয় করেছি। কিন্তু আজকে যে আর্থিক অবস্থা দাঁড়িয়েছে আমাদের রাজ্যে, সেখানে রোজগারের জায়গা বন্ধ করে রোজগার বৃদ্ধির দাবিতে যদি দেখা যায় প্রাক্তন মন্ত্রীও গেটে গেটে যাচ্ছেন তখন একটা সংশয় লাগে যে, আমরা কি আমাদের বার্তা, যে বার্তা যৌথভাবেই আমরা দিতে চাইছি তার থেকে কি সরে আসছি ? আপনারা যে অসন্তোষের কথা বলছেন, এটা আজকের অসন্তোষ নয়, এটা বহুদিনের অসন্তোষ। আজও চা-বাগিচার শ্রমিকদের জন্য নির্দিষ্ট কিছু নেই। আজও তারা ফেয়ার ওয়েজ পায় না। আপনাদের ৩৪ বছরে বা ৪০ বছরের শাসনকালে দুই দফায় আজও পর্যন্ত চা-বাগিচার শ্রমিকদের ফেয়ার ওয়েজ দেওয়ার কোনো বন্দোবস্ত হয়নি। আমরা উদাসীন নই। আমরা যেখানে সরকার পক্ষ এবং চায়ের সঙ্গে যুক্ত বণিকরা তাদের স্বার্থের কথা বলছি, আমরা চেষ্টা করছি যে চা শ্রমিকদের অসন্তোষ নয়, তার পিছনে যদি রাজনৈতিক অসন্তোষ থাকে সেখানে আমার বলার কিছু নেই। কিন্তু তাদের যদি কর্মসংস্থান বা কর্মের ক্ষেত্রে অসন্তোষ থাকে তার যদি কোনো বাস্তবতা থাকে এবং তা ধীরে ধীরে কাটিয়ে ওঠার কথা স্বয়ং মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন এবং এই ব্যাপারে আমরা কমিটেড যে অসন্তোষ যদি থাকে তা যদি লজিক্যাল হয়, তা যদি বাস্তববাদী হয় আমরা ধীরে ধীরে তা কাটিয়ে উঠব।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্নটা রাখছি, কিছুটা আনিসুর রহমানের সঙ্গে আইডেন্টিকালি, কিন্তু আমার বিষয়টা অন্য। এমন একটা বিষয় যে ভারতবর্ষের মধ্যে যে কয়েকটি পণ্য রপ্তানী হয় তার মধ্যে গুরুত্বপূর্ণ প্রশ্ন যেটা আমাদের ফরেন মানি আর্ন করতে পারি অথচ আজকে যে আন্তর্জাতিক বাজার, সেই বাজার আজকে গুরুত্বপূর্ণভাবে শ্রীলঙ্কা দখল করে নিয়েছে। একসময় সোভিয়েত রাশিয়া-সহ ইউরোপের বিভিন্ন দেশগুলিতে ভারতের চায়ের সবথেকে বেশি কদর ছিল। সেখানে উন্নত মানের চা না হওয়ার জন্য আস্তে আস্তে শ্রীলঙ্কা-সহ বিভিন্ন দেশ ইউরোপের বাজার দখল করে নিয়েছে। আমর প্রশ্ন, এখানে অন্যান্য প্রশ্নও হয়েছে, মৃত্যুর মিছিল নিয়েও বলেছে, আমি বলব খাদ্যদ্রব্য পাচ্ছে কিনা, আলো পাচ্ছে কিনা, জল পাচ্ছে কিনা এটা যেমন একটা বিষয়, তেমনি ব্যক্তি মালিকানাধীনে চায়ের যে সমস্ত মালিকরা আছে তারা ওখান থেকে শুধু মুনাফাটাই নিতে চায়—বেশি কিছু নয়—কত মুনাফা চায়ের বাগান থেকে তারা নিতে পারে। কিন্তু সরকার আছে, রাজ্য সরকার আছে, কেন্দ্রীয় সরকার আছে। আমার প্রশ্ন, আন্তর্জাতিক বাজারকে দখল করার জন্য, উন্নত মানের চা তৈরি করার জন্য আমাদের রাজ্য, আবারও যাতে ভারত-সহ পৃথিবীর বাজার দখল করতে পারে তার জন্য রাজ্য সরকার বিশেষ কোনো ভূমিকা গ্রহণ করবেন কিনা।

[11.30—11.40 a.m.]

শ্রী পার্থ চ্যাটার্জী : না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য যেটা বললেন এটা কেন্দ্রীয় বাণিজ্য নীতি এবং কেন্দ্রীয় নীতির বিষয়। তবে আমি আপনাদের অবগতির জন্য জানাচ্ছি, এমন চাও এই রাজ্যে হয় যা ছয় হাজার টাকা কেজি। সুতরাং যেখান থেকে আমাদের উৎপাদন আরো বেশি হবে, মাস প্রোডাকশান হবে সেই দুটোকেই আমাদের সংমিশ্রণ করা উচিত। এ ক্ষেত্রেও আমরা যথেষ্ট গুরত্ব দিচ্ছি। শুধু ফরেন মানি আদায় করার জন্য নয়, আমাদের চায়ের একটা গৌরবোজ্জ্বল অধ্যায় আছে। সেই গৌরবোজ্জ্বল অধ্যায়ের বাংলার অর্থনীতি এবং ভারতের অর্থনীতিতে তার একটা প্রভাব আছে। আমরা সেই প্রভাবটাকে আরো বেশি গৌরবান্বিত করতে চাই। আপনি যে বিষয়টা বলছেন, এটা তো কেন্দ্রীয় নীতির একটা অংশ। সেখানে শ্রীলঙ্কা আছে। কেউ কেউ আবার বলছেন অন্য রাজ্যগুলিও আছে। এমনকি রাশিয়া যখন ভেঙে পড়ল, আমরা তার তাৎপর্য ব্যাখ্যা করছি না, উদ্বেগের কারণগুলো অনেক আগেই সরকারের অবগত আছে। কিন্তু রাজ্য সরকারের তরফ থেকে যতটুকু করার চা শিল্পকে বাঁচানো, এগিয়ে নিয়ে যাওয়া, চা শ্রমিকদের উন্নয়নমুখী করা, তাদের জীবন ধারণের মানব কল্যাণ করা, সেইসব বিষয়ে সরকার যত্নবান। তারা সেই বিষয় দেখবে।

রুগ্‌ণ শিল্পের পুনরুজ্জীবন

*১১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৩) **শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী** : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০৬-০৭ আর্থিক বছর থেকে ৩১শে জুলাই, ২০১১ পর্যন্ত রুগ্‌ণ শিল্পের পুনরুজ্জীবনের জন্য সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত (বছরওয়ারি তথ্য) ;

(খ) উক্ত সময়ে এইরূপ আর্থিক সহায়তাপ্রাপ্ত শিল্পের সংখ্যা কত ; এবং

(গ) তন্মধ্যে কতগুলি রুগ্‌ণ শিল্পকে পুনরুজ্জীবিত করা সম্ভব হয়েছে ?

শ্রী পার্থ চ্যাটার্জী :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরীর উত্থাপিত প্রশ্নের উত্তরে জানাই,

(ক) ২০০৬-০৭ থেকে ২০১০-১১ এবং ১লা এপ্রিল ২০১১ থেকে ৩১শে জুলাই ২০১১ পর্যন্ত রাজ্য বাজেটে শিল্পের পুনরুজ্জীবনের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ ১৬.২৮ কোটি টাকা।

(খ) (১) বকেয়া বিক্রয় করের দায় মেটানোর জন্য সরকার প্রদত্ত সেল্‌স ট্যাক্স লোন প্রাপ্ত শিল্প সংস্থার সংখ্যা—১৯টি।

(২) ব্যবহৃত বিদ্যুতের মাশুলের উপর ধার্য শুল্ক মকুব করার জন্য প্রদত্ত সহায়তাপ্রাপ্ত শিল্প সংস্থার সংখ্যা—১৬টি।

(গ) মোট ৫টি শিল্প সংস্থার পুরোপুরি পুনরুজ্জীবন সম্ভব হয়েছে।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় স্পীকার স্যার, মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন। যে শিল্পগুলো বন্ধ হয়ে গিয়েছিল, ৩৪ বছর বললে তো আমাদের বিরোধীরা রাগ করবেন। না, আমি ৩৪ বছর না বলে বলছি, লাল ঝাণ্ডা ধরে এই যে শিল্পগুলো বন্ধ করা হল, এইরকম কতগুলি শিল্প বন্ধ হয়েছে এবং কতগুলো শিল্প পুনরুজ্জীবনের জন্য উদ্যোগ নিয়েছেন এটা একটু জানাবেন ?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি, বিগত ৩৪ বছরে যা রিপোর্টেড হয়েছে, তার মধ্যে সত্যিকারের অবস্থান জানবার জন্য ইতিমধ্যেই আমাদের দপ্তর তা পুঙ্খানুপুঙ্খভাবে ইনভেস্টিগেট করছে। আমরা মাননীয় মুখ্যমন্ত্রীকে কথা দিয়েছি এক মাসের মধ্যে সেই রিপোর্ট পেশ করব। তার জন্য জেলায় জেলায় এবং আমাদের স্তরে যে সমস্ত পেশাদারি সংস্থা আছে তারা, এমনকি বণিক সভাকেও আমরা বলেছি সেই তালিকা প্রস্তুত করতে। আমাদের কাছে যে তালিকা আছে তাতে বেসরকারি উদ্যোগে ৭২টি এবং কেন্দ্রীয় উদ্যোগে ১৮টি, মোট ৯০টি বন্ধ শিল্প সংস্থা হিসাবে ঘোষিত হয়েছে। এর বাইরে যে আরও সংখ্যা আছে সেটা আমরা জানি, কিন্তু সেটা রিপোর্টেড হয়নি। কিন্তু যেটুকু রিপোর্টেড হয়েছে সেটাই সভাকে জানালাম, কিন্তু অধিকতর যেটা আছে সেটা নিয়ে ইনভেস্টিগেশানের পর আমরা সেই তথ্য এখানে উপস্থাপিত করব।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, গতকাল টিভিতে আমরা বিভিন্ন চ্যানেলে দেখলাম বিরোধী দলের সদস্যরা দিল্লিতে গিয়েছিলেন আমাদের রাজ্যের কথা বলতে এবং সারা ভারতবর্ষের মানুষের কাছে বাংলার অবস্থা কী তা বলতে। আমাদের বিরোধী দলনেতাকে দেখলাম হিন্দিতে ভাষণ দিতে। মাননীয় প্রধানমন্ত্রীর কাছেও ওনারা গিয়েছিলেন। দিল্লি ইন্ডাস্ট্রি সেট করার জন্য—বৃহৎ শিল্প, সে দেশি হোক বা বিদেশি হোক—সিঙ্গল উইনডো সিস্টেম তৈরি করেছেন। বড়ো বড়ো হাত তৈরি করে শিল্পকে পুনর্গঠিত করে কাজ করা যায়। আমাদের বাংলায় বিরোধীদের যেমন সমালোচনা করার অধিকার আছে, আবার তারাও এই রাজ্যের ভেতরেই থাকেন, এই রাজ্যের বাইরে তারা থাকেন না। আমি জানি না প্রধানমন্ত্রীকে তারা রাজ্যে শিল্প স্থাপনের জন্য বলেছেন কিনা। মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার আবেদন বিদেশি শিল্প যারা আমাদের দেশে আসছে, সেটা সেট আপ করার জন্য কোনো উদ্যোগ নিয়েছেন কি ?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যর এই প্রশ্নটি যদিও মূল প্রশ্নের সঙ্গে সম্পর্কিত নয়, তবুও তিনি যে আগ্রহ দেখিয়েছেন সেটা হচ্ছে নতুন বিনিয়োগকারীরা এই রাজ্যে আসছে কিনা। এই বিষয়ে আমি বিস্তৃত তথ্য গতকালই এই মহতী সভাকে জানিয়েছি। আপনি যে এক জানালার কথা বলেছেন আমি সেই বিষয়েই গতকাল উত্তর দিয়েছি। এই রাজ্যের সমীক্ষা বলছে আগে ৩১৩ দিন সময় লাগত। একজন বিনিয়োগকারী তার বিনিয়োগ শুরু করবার সময় যে সমস্ত ফর্ম ফিল-আপ করত এবং যতগুলো দপ্তরে যেত তাতে সময় লাগল ৩১৩ দিন। অন্য রাজ্যে কত সময় লাগত তার হিসাব আমি এখানে দিচ্ছি না, নিশ্চয় কম লাগত। আমাদের রাজ্যে ৯৯টি ফর্ম ফিল-আপ করতে হত। আমাদের মুখ্যমন্ত্রীর নির্দেশে আমরা ইতিমধ্যে যে কোর গ্রুপ তৈরি করেছি বণিকসভার প্রতিনিধিদের নিয়ে আমরা তাদের দায়িত্ব দিয়েছিলাম simplification of forms। একটি বণিকসভা সেই কাজে হাত দেয় এবং হাত দিয়ে তারা ৯৯ থেকে ৩৫টি করে। আমাদের দপ্তরের আধিকারিকরা বসে—আমাদের অতিরিক্ত মুখ্য সচিব, শিল্প-বাণিজ্য, আমাদের তথ্য প্রযুক্তি সচিব বাসুদেব ব্যানার্জী এবং ডাবলু.বি.আই.ডি.সি.-র এম.ডি., নন্দিনী চক্রবর্তী মিলে একটা ছোট্ট কমিটি করে তাঁরা নিজেরাই ওই সংখ্যাটা ৩৫ থেকে ১৫-তে নামিয়ে এনেছেন। কিন্তু মুখ্যমন্ত্রী চান এটাকে সাত-আটের মধ্যে আনতে এবং আমরা দেখেছি এর মধ্যে চার-পাঁচটি পাতার উত্তর কেন্দ্রীয় সরকারের। সেই ক্ষেত্রে সংখ্যাটা কমানো যায় কিনা তা আমরা দেখছি। ইতিমধ্যেই আমরা কেন্দ্রীয় সরকারের সাথে তাদের যে প্রকল্প e-Bis, অর্থাৎ সব অন লাইন করে দেওয়া সে নিয়েও আমরা দ্বিতীয় একটি রাজ্য এগিয়ে যাওয়ার কথা বলেছি। আমাদের দফতরে প্রথম মিটিংটাও হয়েছে। এর সঙ্গে সঙ্গে আমরা বলছি, যে সমস্ত দপ্তরগুলি থেকে অনুমোদন নিতে হয় বিনিয়োগকারীদের তাদেরকে একত্রিত জায়গায় রাখা উইথ এমপাওয়ারমেন্ট, সেই বিষয়ে মুখ্যমন্ত্রীর সবুজ সংকেত পাওয়ার পর ডব্লু.বি.আই.ডি.সি.-র যে ভবন আছে সেই ভবনে বসে তাঁরা এটা করতে পারবেন, এবং ফর্ম আজকে যা হয়েছে সবুজ সংকেত পাওয়ার পর আমরা তা ইন্ট্রোডিউস করতে পারব।

[11.40—11.50 a.m.]

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় স্পীকার স্যার, মাননীয় মন্ত্রীকে আমার শেষ প্রশ্ন। স্যার, আমরা উত্তরবঙ্গ থেকে এসেছি। উত্তরবঙ্গের বিস্তীর্ণ এলাকায় কোনো বৃহৎ শিল্প নেই। আর মাঝারি শিল্প যা আছে, তা বিভিন্ন কারণে কখনো কখনো লাল ঝাণ্ডা দিয়ে বন্ধ করে দেওয়া হয়েছে। আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী মালদাতে এরকম একটা শিল্পের সূচনা করেছিলেন। তার কিছুদিন পর দেখা গিয়েছিল ওখানে ওই লাল ঝাণ্ডা লাগিয়ে সেটা বন্ধ করে দেওয়া হয়েছিল, আবার শিল্পগুলো খুলেছে। এরকম অনেক শিল্প, ছোটো ছোটো শিল্প উত্তরবঙ্গে বন্ধ হয়ে আছে। কাল আপনার শিল্প পুনর্গঠন দফতরের একটা রিপোর্ট দেখলাম, যে উত্তরবঙ্গে ফুড প্রসেসিং এবং মালদায় ফুড প্রসেসিংয়ের অনেক সম্ভাবনা আছে। অ্যাগ্রো ইন্ডাস্ট্রির অনেক সম্ভাবনা আছে। ফুড পার্ক মালদায় তৈরি হয়েছে, কিন্তু সেই ফুড পার্কে এখনো পর্যন্ত সেরকম কোনো ইন্ডাস্ট্রি আসছে না। আমি মাননীয় মন্ত্রীকে বলবো এই অ্যাগ্রোবেস্ড এবং ফুড প্রসেসিং নিয়ে সেই বৃহৎ শিল্পগুলোকে উত্তরবঙ্গে সেট আপ করার পরিকল্পনা আপনারা নিয়েছেন কিনা, বা বন্ধ ছোটো ছোটো শিল্প যেগুলো আছে বিভিন্ন কারণে ঝাণ্ডা দিয়ে বন্ধ করা হয়েছে সেইটা খোলার ব্যবস্থা করছেন কিনা ?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যকে আবার বলি আজকে যে প্রশ্ন আপনি আজকে উত্থাপন করেছেন এটা তার সঙ্গে সম্পর্কিত নয়। তবুও আপনার অবগতির জন্য জানাই উত্তরবঙ্গের শিল্পায়নের যে সম্ভাবনা নষ্ট হয়েছে তাকে পুনরুজ্জীবিত করবার লক্ষ্যে, ইতিমধ্যেই আপনি লক্ষ করবেন বণিক সভার যে সভা ছিল, সেই সভায় মমতা বন্দ্যোপাধ্যায় স্বয়ং বলেছেন উত্তরবঙ্গের দিকে আমাদের যেতে হবে। তার পর্যটন শিল্প, তার ইলেকট্রনিক্স শিল্প, এমনকি আই.টি. হাব এবং তার সঙ্গে সঙ্গে ফুড প্রসেসিং, ফ্লোরিকালচার এবং তার আগে দেবপ্রসাদ রায় আমাকে জানিয়েছিলেন, গতকাল কোনো বামপন্থী সদস্য আমায় জানিয়েছেন যে ডলোমাইটের একটি সম্ভাবনা আছে সেটাও আমরা খতিয়ে দেখছি। আর আপনার যাবতীয় প্রশ্নের কারণ প্রসঙ্গে আমি বলি, ফুড পার্কের সংশ্লিষ্ট মন্ত্রীকে আমরা অনুরোধ করব যিনি এটা দেখেন এর বর্তমান পরিস্থিতি কি সে ব্যাপারে তিনি নিশ্চয় সময় মতো আপনাদের উত্তর দেবেন। কিন্তু সরকারের লক্ষ্য হচ্ছে উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় যেমন উত্তর দিনাজপুরেও ভুট্টা থেকে তেল বের করবার একটি প্রস্তাব আমাদের কাছে এসেছে। আমরা সেই প্রস্তাবটা প্রায় চূড়ান্ত করবার পর্যায়ে আছি। তেমনি সেখানে জুটেরও একটা সম্ভাবনা আছে। সেটাও আমরা প্রস্তাব পেয়েছি, সেটাও আমরা দেখছি। আমি গতকালও বলেছি, আজও বলছি যে আমরা বিগত সরকারের মতো আগেই MOU করবো না। কারণ তাদের কাছে যেটা প্রোপোজালস মনে হয়েছে, আমি বিভাগে গিয়ে দেখেছি সেটা আসলে এক্সপ্রেশান অফ ইন্টারেস্ট। এক্সপ্রেশান অফ ইন্টারেস্ট দেওয়ার পর আমরা প্রোপোজাল পেলে, তার সঙ্গে স্টাডি রিপোর্ট, তার সঙ্গে জমি, তার সঙ্গে মানব সম্পদ কত লাগবে—এই সমস্ত বিষয়গুলো এবং ফাইনান্সিয়াল ডিসক্লোজার, তারা কিভাবে অর্থ বিনিয়োগ করছেন, কাদের সঙ্গে আছেন—সব নিয়ে তার আট দফা

আইটেম আছে, তার উত্তর লিখতে পাঁচ মিনিটও লাগবে না, সেটি জমা দিলেই আমাদের দপ্তর ক্রততার সঙ্গে সে কাজ করবে।

শ্রীমতী মঞ্জু বসু : অনারেবল স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে রুগ্‌ণ শিল্পের ওপর একটি অতিরিক্ত প্রশ্ন করছি। স্যার, আপনি জানেন, আমরা সবাই জানি বিগত ৩৪ বছরের ব্যর্থ সরকারের পর আজকে মা-মাটি-মানুষের নেত্রী মাননীয়া মমতা ব্যানার্জীর নেতৃত্বে নতুন সরকার গঠিত হয়েছে, এবং এক্ষেত্রে তাঁর লক্ষ্য হল বাংলার হৃত গৌরব উদ্ধার করা। সেই পথেই তিনি এগিয়ে চলেছেন, সেই নিরিখে বলি যে আমার ১০৭ ন-পাড়া বিধানসভা কেন্দ্রে অবস্থিত এশিয়া বিখ্যাত বাংলার রূপকার ডঃ বিধানচন্দ্র রায়ের তৈরি যে শিল্প ফলতা মেকানাইজড্ ব্রিক ফ্যাক্টরি। সেই ফ্যাক্টরিটাই রুগ্‌ণ অবস্থায় রয়েছে। সেই রুগ্‌ণ অবস্থায় ক্রমহ্রাসমান তার উৎপাদন এবং অন্যান্য সমস্ত দিক থেকে সেটা আজকে বন্ধ পর্যায়ে চলে গিয়েছে। তাই আমার প্রশ্ন এই শিল্পের পুনরুজ্জীবনের জন্য মাননীয় মন্ত্রীর কোনো পরিকল্পনা বা লক্ষ্য আছে কি না ? যদি না থাকে তাহলে আমার আমাদের একান্ত আবেদন, এই শিল্পটাকে বাঁচানোর জন্য তিনি যেন হস্তক্ষেপ করেন। ধন্যবাদ স্যার।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া সদস্যার অবগতির জন্য জানাই যে, বিষয়টি তিনি আগেও আমাদের জানিয়েছেন। সংশ্লিষ্ট দপ্তরকে বলেছি, সমস্ত দস্তাবেজ আমাদের কাছে দিতে। পরীক্ষা-নিরীক্ষা করার পর আমরা আপনার যে অনুরোধ, সেই অনুরোধ কতটুকু রাখা সম্ভব তা নিশ্চয়ই জানাব।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে, আমি আগের প্রশ্নের উত্তরেও শুনছিলাম—বন্ধ চা-বাগান, ইত্যাদির সংখ্যা বলছিলেন, এই সংখ্যাগুলি ঠিক নয়। এগুলির ঠিক সংখ্যা কি সেটা আপনার কাছে জানতে চাইছি। রাজ্যে রুগ্‌ণ এবং বন্ধ শিল্প কলকারখানার সংখ্যা কত ? এই নিয়ে অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় একটা বিশাল সংখ্যা দেওয়া আছে। আমি জিজ্ঞাসা করেছিলাম আপনার খেয়াল থাকবে, আপনি আগেও বলেছিলেন, আপনি এই সংখ্যাটা কোথা থেকে পেলেন ? এর সূত্র কি ? আপনি একটা সংখ্যা আপনার বাজেট স্পীচে দিয়েছেন, যেটা কালকে হাউসে আলোচনা হয়ে থাকবে আমি ছিলাম না, দেখে নেব। আর আজকে আপনি যেটা বলছেন এই সঠিক সংখ্যাটা কি ? এই সংখ্যা নিয়ে তিন রকম তথ্য সরকার দিচ্ছেন। আপনি চা-বাগানের সংখ্যা বলছিলেন ১৪টা। ১৪টা এক সময় ছিল, ৪টেয় নেমেছে, ৪টের থেকে ২টো হয়েছে ভালো সেটা। কিন্তু আপনি ১৪ থেকে ২ বলেন তার মানে হাততালি তো পড়বেই, সেটা তো ঠিকই আছে। সেই জন্য সংখ্যাটা কি সেটা সুনির্দিষ্ট ভাবে জানা দরকার। আর তার সঙ্গে যে প্রশ্নটা উনি করেছিলেন বছরওয়ারি বরাদ্দ নিয়ে, আপনি বছরওয়ারি বরাদ্দ বলেননি। উনি একটা সংখ্যা বলেছেন। মূল প্রশ্ন যিনি করেছেন শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী, তিনি কেন জিজ্ঞাসা করেননি জানি না। বছরওয়ারি বরাদ্দ। বরাদ্দর চাইতে বড়ো কথা কি ব্যবস্থা নেওয়া হচ্ছে, আপনি কিছু বলেছেন। আমি তার সঙ্গে

একটা অনুমতি চাইছি মিঃ স্পীকার স্যার এবং মাননীয় মন্ত্রী, তাঁর কাছে আমি সহযোগিতা চাইছি এই প্রসঙ্গে যে কথাটা শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী বললেন, সেটা আমরা করেছি অর্থাৎ রুগ্‌ণ শিল্প চা থেকে আরম্ভ করে চট পর্যন্ত এই সবটা নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে, প্রধানমন্ত্রী যখন ২২ তারিখে এখানে এসেছিলেন তখন আমরা সকলে দেখা করে ওনাকে আমরা একটা প্রস্তাব দিয়েছি কি কি করা যায় রাজ্যের সামগ্রিক সমস্যা নিয়ে। রাজ্য সরকারের বিরুদ্ধে নয় সেটা। রাজ্যের সামগ্রিক সমস্যা নিয়ে কেন্দ্রের কাছে আমাদের বক্তব্য দিয়েছি, তার মধ্যে শিল্প ইত্যাদি বিষয়টি আছে। আপনি কি স্যার অনুমতি দেবেন আমাকে ওটা লে করতে। লিডার অফ দ্য হাউস এবং সংসদীয় মন্ত্রী শ্রী পার্থ চ্যাটার্জী। তিনি যেহেতু আজকে জবাব দিচ্ছেন শিল্প মন্ত্রী হিসাবে—যাতে আমরা সকলে শেয়ার করতে পারি—আমাদের ভিউ কি, আপনাদের ভিউ কি, সামগ্রিক সমস্যা কি, আমাদের কেন্দ্রের কাছে চা থেকে আরম্ভ করে সমস্ত কিছু। কেন্দ্রর একটা দায়িত্ব রয়েছে তো, সেই সব নিয়ে রাজ্যের দাবি কেন্দ্রের কাছে আমরা একসঙ্গে সম্মিলিত ভাবে উত্থাপন করতে পারি তার জন্য, মত বিনিময়ের জন্য এটা আপনি কি আমাকে লে করতে দেবেন।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্ন—উত্তরের মধ্যে দিয়ে একটা বক্তৃতা দেওয়ার ব্যবস্থা প্রায় মাননীয় স্পীকারের অনুমতি নিয়ে করা হল, এটার কতগুলি প্রশ্ন। মাননীয় বিরোধী দলনেতা উনি খুব ব্যস্ত লোক কালকে থাকতে পারেননি। আজকে এসেও যখন ঢুকলেন, অনেকগুলো প্রশ্ন একত্রিত ভাবে করলেন। আপনারা যখন প্রধানমন্ত্রীর দপ্তরে দিয়েছেন তখন সেটা পাবলিক ডকুমেন্টস হয়ে গেছে, সুতরাং আমরা সেটা সংগ্রহ করে নেব। যদি আপনারা মনে করতেন যে এই রাজ্যে সম্পর্কিত বিষয়, সেখানে এই রাজ্যের মুখ্যমন্ত্রী দেবার এবং রাজ্যের এই বিধানসভা চলাকালীন তাকে লে করা, তাহলে একটা বুঝতাম। প্রধানমন্ত্রীর কাছে যখন দিয়েছেন, প্রধানমন্ত্রী নিশ্চয়ই সেই কপি রাজ্যের মুখ্যমন্ত্রীকে দেবেন আমরা তখন তার সিদ্ধান্ত গ্রহণ করবো।

[11.50—12.02 p.m.]

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : সংখ্যাটা কোথায় গেল ?

শ্রী পার্থ চ্যাটার্জী : কৃষ্ণেন্দুবাবু এখানে নেই অবশ্য, তাঁর হয়ে সূর্যবাবু আছেন, উনি বলছেন। এই সংখ্যা মিডিয়াম লার্জ যেটা আপনি উল্লেখ করলেন, মাননীয় বিধায়ক কৃষ্ণেন্দুবাবু, যিনি করেছিলেন তাঁর অবগতির জন্য বলেছিলাম। এই সংখ্যাটা হচ্ছে, মিডিয়াম, লার্জ ইউনিট যেগুলো বি.এফ.আর.-এ সিদ্ধান্ত অনুযায়ী পুরোপুরি বন্ধ করবার জন্য হাইকোর্টে পাঠানো হয়েছে। আপনারা শুধু সংখ্যাটা তুলছেন, ওটা তোলেন না। দ্বিতীয়টা আপনি ঠিকই বলেছেন, মাননীয় অর্থমন্ত্রী এই রকম বলছেন, আপনার কাছে অন্য রকম খবর আছে। এটা সম্পর্কে গতকালই আমি উত্তর দিয়েছিলাম বাজেট ভাষণের সময়। আজকে আপনাকে আবার জানাই, জানাই ইতিমধ্যেই দপ্তর পেয়ে অনুরোধ করেছি। রুগ্‌ণ কারখানা বলতে, কারখানার ডেফিনেশান নিশ্চয়ই আপনার জানা আছে যে কত সদস্য হলে ইলেকট্রিক...

(এই সময় মাননীয় সদস্য ডাঃ সূর্য কান্ত মিশ্র মহাশয় কিছু বলতে ওঠেন)

আমি বলে নিই, আপনি ধৈর্য্য হারাবেন না, অনেক টাইম আছে বলতে পারবেন। যেহেতু আপনাদের মনে একটা সংশয় রয়েছে সংখ্যা নিয়ে, অনেকেই বলছেন, তাই আমরা নিজেরা ডিপার্টমেন্ট থেকে জেলায় জেলায় ঘুরে এবং পেশাদারি সংস্থাকে নিয়োগ করে যত শীঘ্র সম্ভব এই সংখ্যা আমরা বিধানসভায় পেশ করব। তার আগে মন্ত্রীসভায় পেশ করব, মুখ্যমন্ত্রীর অনুমোদন নিয়ে এই সভায় জানাব।

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়কে প্রশ্ন করার আগে দু-একটা কথা বলতে চাই। স্যার, আপনি বিরোধী পক্ষকে যথেষ্ট মর্যাদা দিচ্ছেন। এই হাউসে এক সময় আমরা ছিলাম, আমি বারে বারে হাত তুললে প্রাক্তন অধ্যক্ষ মহাশয় বলতেন নো মোর, নো মোর, নো মোর, হবে না হবে না হবে না। কিন্তু আপনি এতো মর্যাদা দিচ্ছেন বিরোধীদের দিন, আমরা খুশী। তবে আমি বলতে চাইছিলাম না, মাত্র তিন মাসের একটা সরকার, সেই সরকারকে কি ভাবে বিরোধী পক্ষরা বাক্যবাণে জর্জরিত করছেন, মানে বাজনার থেকে খাজনা বেশি বিরোধীদের। যাই হোক আমরা তো ছিলাম, আমরা জানি, কাকদ্বীপ হাসপাতাল নিয়ে বলতে গেলে উনি বসিয়ে দিয়েছেন, বলতে দেননি।

(গোলমাল)

এতো অসহ্য হলে হবে ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এবারে প্রশ্নে আসছি। ওনারা অতিষ্ঠ হয়ে উঠছে মাননীয় অধ্যক্ষ মহাশয়। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মন্ত্রী মহোদয় দয়া করে আপনি জানাবেন কি, বিগত দিনের রাজ্য সরকার কতগুলো রুগ্‌ণ রাষ্ট্রায়ত্ত শিল্প কর্পোরেশান বন্ধ কিংবা বিক্রি করে চলে গেছেন ?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্য যে প্রশ্ন করলেন, যে উদ্বেগ প্রকাশ করলেন, তা লিখিত ভাবে দিলে পুরোটাই এখানে হাউসে দিয়ে দেওয়া যায়। তবে চোখের সামনে পুনরুজ্জীবনের নাম করে বড়ো হোটেল থেকে শুরু করে পেপার হাউস থেকে শুরু করে সুগারবিট থেকে শুরু করে নানা রকম পুনরুজ্জীবনের নামে এমনকি আপনার জেলাতেও সেই ব্যবস্থা হয়েছে। তো আপনার উদ্বেগ আছে নিশ্চয়ই। কিন্তু বর্তমান সরকার মুখ্যমন্ত্রীর নেতৃত্বে যে নীতি ঘোষণা করেছেন তাতে বন্ধ করবার আগে সংশ্লিষ্ট স্টেক হোল্ডারদের সঙ্গে কথাবার্তা বলে তারপর সেই বিষয় চিন্তা-ভাবনা করা হবে। এমন কি বি.আই.এফ.আর.-এ রেফার্ড হওয়ার মতো অবস্থা যেগুলো দেখা দিয়েছে সেই ব্যাপারেও আমরা যথাযথ ব্যবস্থা নেব। পূর্বতন সরকারের পুনরুজ্জীবনের যে অনীহা, সেই অনীহার থেকে মুক্ত করে পুনরুজ্জীবিত করা যায় কিনা তা দেখেই তারপর ব্যবস্থা গ্রহণ করা হবে। এমনকি রুগ্‌ণ শিল্পও যাতে, এমনকি ক্লোজড ইন্ডাস্ট্রিও যাতে, বিনিয়োগকারীরা যাঁরা আসছেন বা রাজ্যে যাঁরা ইতিমধ্যেই আছেন, তাঁরা একত্রিতভাবে দিতে পারেন কিনা সেই প্রস্তাবও আমরা তাদের কাছে রাখছি।

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন আমরা সকলেই অবগত যে উত্তরবঙ্গের ঐতিহ্যময় এবং শ্রম নিবিড় শিল্প—চা শিল্প, সেই শিল্প আজকে সঙ্কটের মুখে। চা শিল্পে প্ল্যান্টেশন লেবার অ্যাক্ট অনুযায়ী মালিক পক্ষকে কতকগুলো দায়বদ্ধতা পালন করতে হয়। যেগুলোকে সামাজিক দায়বদ্ধতা বলে। যেমন—স্বল্প মূল্যে রেশন, জ্বালানি কাঠ, কোয়ার্টার্স, বিজলি, পানীয় জল এই সমস্ত দায়িত্ব তাদের পালন করতে হয়। যার ফলে এই ব্যয়ভার অনেকের কাছে বহন করা আজকে দুঃসাধ্য হয়ে ওঠার ফলেও এই শিল্প রুগ্ণ হয়ে পড়ছে। ২০০৩ সালে এই সমস্যাটিকে সমাধান করার প্রচেষ্টায় একটা ইন্টার মিনিস্টারিয়াল কমিটি তৈরি হয়েছিল শ্রম মন্ত্রকের উদ্যোগে এবং বাণিজ্য মন্ত্রকের তদানীন্তন অতিরিক্ত সচিব এল.ভি. সপ্তর্ষির সভাপতিত্বে। সেই ইন্টার মিনিস্টারিয়াল কমিটি একটা সুপারিশ করে চা বাগানের যে সোস্যাল কস্ট, টি ইন্ডাস্ট্রির যে সোস্যাল কস্ট তার ৫০% কেন্দ্র বহন করবে, ৪০% মালিক পক্ষ বহন করবে এবং রাজ্য সরকার ১০% বহন করবে। চা শিল্প সঙ্কটের স্থায়ী সমাধানের প্রয়োজনে মাননীয় মন্ত্রী এই সুপারিশটিকে বাস্তবায়িত করতে উদ্যোগী হবেন কি ?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যকে আমি ধন্যবাদ জানাই যে ২০০৩ সালের এই ধরনের একটা নথি আমাদের কাছে আছে। দুঃখের বিষয় তারপরেও আজকে ২০১১-তেও দাঁড়িয়ে এই প্রশ্ন করতে হচ্ছে। অন্য দিকে বাঁদিকে যাঁরা আজকে বসে আছেন তাঁরাও এখন বলতে শুরু করেছেন এটা থাকা সত্ত্বেও। এটা বাঁ বা ডানের প্রশ্ন নয়। এই প্রশ্নটা হচ্ছে রাজ্যের। তাঁরা করেননি বলেই হয়তো তাঁদের স্থান পরিবর্তন হয়েছে। এই স্থান পরিবর্তন হওয়াটা তাঁরা নিশ্চয়ই বুঝছেন যে যা জিনিস করা উচিত ছিল উত্তরবঙ্গের সচিবালয় থেকে শুরু করে, আমি নতুন করে এই প্রশ্ন আর তুলছি না, উত্তরবঙ্গে আলাদা করে একটি দপ্তর হয়েছে। তার মন্ত্রী হয়েছে পূর্ণমন্ত্রী। উত্তরবঙ্গের প্রতি আমাদের সরকারের দৃষ্টি আছে এবং থাকবে। আপনি যে মাননীয় সপ্তর্ষিকে নিয়ে যে রিপোর্টটির কথা বলছেন, এই রিপোর্টটি সহ আমাদেরও যা চিন্তা-ভাবনায় আছে সরকারের, তাকে একত্রিত করে ভাবছি। এটাও চিন্তার মধ্যে মাননীয়া মুখ্যমন্ত্রী রেখেছেন যে আসামের মতো এখানে কোনো একটি টি ডাইরেক্টরেট করা যায় কিনা। টি ডাইরেক্টর করে কি ফল হয়েছে, আসামে আছে, সেটা একটু দেখারও আমরা চেষ্টা করছি। তার ভালো যদি কিছু থাকে তাহলেও আমরা সেটা গ্রহণ করবার চেষ্টা করব। কেননা, মোটামুটি ভাবে একটা ডাইরেক্টরেট করবার প্রস্তাব আমাদের কাছে আছে। আর, যেটা আপনি বললেন সেটা যেহেতু একটু পুরান হয়ে গেছে, কেন্দ্রীয় সরকারের নানা রকম প্রকল্পও আছে। কিছু কিছু জলপাইগুড়ির বেশ অংশে এসেও পড়েছে। আমরা দেখছি যে এটাকে কি করে একত্রিত করে চা শিল্প মালিকদের এই সোস্যাল কস্ট কমান এবং অন্যদিকে মিনিমাম ওয়েজ যাতে পায়। একদিকে সোস্যাল কস্ট কমবে আর, অন্যদিকে ফেয়ার ওয়েজ বা মিনিমাম ওয়েজ চা বাগিচা শ্রমিক পাবে না তা হতে পারে না। দুটিরই একত্রিত করে আমরা এগোবার চেষ্টা করছি।

Mr. Speaker: Question Hour is over.

Starred Questions
(to which answers were laid on the Table)

জেলা পুনর্গঠন

*১১১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮২) শ্রী প্রবোধ চন্দ্র সিংহ : কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রশাসনিক সংস্কার কমিটির সুপারিশ অনুযায়ী রাজ্যের জেলাগুলিকে পুনর্গঠনের কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না ;

(খ) থাকলে, কোন্ কোন্ জেলাকে বিভাজনের প্রস্তাব আছে ; এবং

(গ) কবে নাগাদ উক্ত বিভাজন প্রক্রিয়া শুরু হবে বলে আশা করা যায় ?

কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) প্রশাসনিক কাজকর্মের সুবিধার্থে রাজ্যের জেলাগুলি পুনর্গঠনের বিষয়টি সরকারি স্তরে বিবেচনাধীন রয়েছে।

(খ) আপাতত প্রথম পর্যায়ে চারটি জেলা বিভাজনের প্রস্তাব আছে। জেলাগুলি হল বর্ধমান, জলপাইগুড়ি, পশ্চিম মেদিনীপুর ও উত্তর ২৪-পরগনা।

(গ) সংশ্লিষ্ট জেলাস্তরে এই বিষয়ে বিশদ ভাবে আলোচনা করার পর উক্ত প্রক্রিয়া শুরু করা হবে।

স্পঞ্জ, অ্যালয় স্টীল ও স্টীল কারখানা

*১১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৯) শ্রী কাশীনাথ মিশ্র : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম ও পশ্চিম মেদিনীপুর জেলার কোথায় কোথায় স্পঞ্জ, অ্যালয় স্টীল ও স্টীলের কারখানা নির্মিত হয়েছে ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বাঁকুড়া জেলা :

বড়জোরা, বিষ্ণুপুর, দেহুদি, হোধরা, ছাতনা, মাসুলিয়া, বড়জোরা ঘুটগরিয়া, চৌশাল, গঙ্গাজলঘাটি, জোরহীরা, মুকুন্দপুর, নিরীষা, মেজিয়া।

পুরুলিয়া জেলা :

বলরামপুর, বোঙ্গাবাড়ি, দাঁতিয়া, বলরামপুর, দাতিয়া, শ্যামনগর, দীঘা নেতুরিয়া, মদনধী বড়তোরিয়া, নেতুরিয়া, পোরাদিয়া সন্তুরি, রুকনিপাড়া, তামনা, রক্তা সন্তুরি।

বীরভূম জেলা :

সিউড়ি।

পশ্চিম মেদিনীপুর জেলা :

খড়গপুর, ঝাড়গ্রাম, হিতুশোল।

CALLING ATTENTION

Mr. Speaker: Today, I have received five notices of Calling Attention on the following subjects, namely :

Subject	Name
(i) Poor infrastructure of Harishchandrapur Rural Hospital	: Shri Tajmul Hossain
(ii) Problems faced by patients due to closure of labour room at R.G. Kar Medical College & Hospital	: Shri Kashinath Mishra Shri Kallol Khan & Shri Manturam Pakhira
(iii) Present status of "Kandi Master Plan	: Shri Abhijit Mukherjee Shri Apurba Sarkar Shri Abu Taher Khan & Shri Emani Biswas
(iv) Government policy regarding appointment on compassionate ground	: Shri Nepal Mahata Shri Umapada Bouri
(v) Steps taken by the Government to improve infrastructure of veterinary hospitals in the State	: Smt. Debasree Roy

I have selected the notice of Smt. Debasree Roy on the subject of steps taken by the government to improve infrastructure of veterinary hospitals in the State.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া সদস্যা, শ্রীমতী দেবশ্রী রায় তাঁর উত্থাপিত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের সংশ্লিষ্ট মন্ত্রীর সঙ্গে কথা বলে এই অধিবেশনে না হয় পরের অধিবেশনে তাঁর উত্তর দেওয়ার ব্যবস্থা নেব।

(এই সময় সভার কাজ ১.১৫ মিনিট অবধি মুলতুবী থাকল)

[1.15—1.30 p.m.] (after recess)

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, নমাজের জন্য আজকে যে সময় দেওয়া হয়েছে তা বড্ড কম। কেউ বা এখনও নমাজ পড়ছে। কেউ বা পারেনি। বিগত দিনে এরজন্য আরো বেশি সময় দেওয়া হত। আপনি নতুন কিন্তু এখানে পরিষদীয় মন্ত্রী আছেন, লিডার অব দ্য হাউস আছেন, তাঁরা তো জানেন। আজকে রমজানের শেষ সপ্তাহ, আলবেদা নমাজ। সেহেতু এই নমাজের জন্য একটু বেশি সময় লাগে। আগামীতে যাতে এই ধরনের ঘটনা না ঘটে, সেদিকে দৃষ্টি রাখবেন।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাউসে তজমুল হোসেন যে প্রশ্ন করেছেন তা ঠিক হয়তো। কিন্তু এই সময়সীমাটা কখন হবে ? House belongs to us under the Speaker. এতদিন পর্যন্ত যে নিয়মে হত যদি সেখানে ব্যতিক্রম ঘটে থাকে, আমি আপনার সঙ্গে একমত, এ ব্যতিক্রম হওয়া উচিত নয়। আমরা সে ব্যতিক্রম হতে দেব না।

মিঃ স্পীকার : মাননীয় অর্থমন্ত্রী অনুমতি চেয়েছেন কিছু বলার জন্য এবং আমি অনুমতি দিচ্ছি, ওনাকে বিবৃতি দেওয়ার জন্য।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি তিনটি বিষয়ে একটু announcement করতে চাই, আপনার অনুমতি নিয়ে সরকারের তরফ থেকে। প্রথম হচ্ছে, কেন্দ্রীয় সরকার ফার্টিলাইজারের দাম ডি-কন্ট্রোল করেছে ইউরিয়া ব্যতীত। ইউরিয়া ছাড়া বাকি সব ফার্টিলাইজারের দাম ডি-কন্ট্রোল করেছে।

(গোলমাল—শ্রী সূর্যকান্ত মিশ্র : কপি কই, কপি চাই তো।)

ডঃ অমিত মিত্র : নিশ্চয়ই পরে দিয়ে দেব।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী আপনি কপি দিয়ে দেবেন।

ডঃ অমিত মিত্র : এটা সেকেন্ডারি ফ্রেট চার্জে শর্টফল হচ্ছে। যার জন্য ১০৬ টাকা মেট্রিক টন শর্টফল হচ্ছে। সেহেতু সরকার এটাই ডিসাইড করেছে যে approximately ১৪.৫৮ কোটি টাকা ভর্তুকি দেবে ইউরিয়ার জন্য। যাতে সাধারণ কৃষক যারা ফার্টিলাইজার চায় তারা যাতে সেটা পায় এবং এম.আর.পি.-তেই পায় কারেক্টলি। দ্বিতীয়ত, অন্য ফার্টিলাইজারেও দেখা যাচ্ছে কেন্দ্রীয় সরকারের এই ডি-কন্ট্রোল করার পরে চাষীরা সেই এম.আর.পি.-তে ফার্টিলাইজার পাচ্ছে না। বাজারে এম.আর.পি.-র চেয়ে বেশি দাম চাইছে। সেহেতু এই gap টাকে adjust করার জন্য, ১৮.৪২ কোটি টাকা সরকার ভর্তুকি দেবে। মাননীয় লিডার অব দি অপোজিশান শুনে খুশি হবেন, এতে সাধারণ কৃষক যারা ফার্টিলাইজারের জন্য আজকে ব্যতিক্রমে পড়েছেন, তারা নিশ্চয়ই এতে লাভবান হবেন। আশাকরি আপনারা এটাতে, You will be very happy to know this এবং এর জন্য লিখিত আমি একজ্যাক্ট যা বললাম লিখিত আপনাকে দিয়ে দেব, ধন্যবাদ।

দ্বিতীয় নং—জুট। জুটের উপরে মাননীয়া মুখ্যমন্ত্রী চিঠি লিখেছেন শ্রী শরদ পাওয়ারকে। আমি আপনার অনুমতি নিয়ে এক মিনিট চিঠিটা পড়ে টেবিল করে দিচ্ছি যাতে আপনারা পড়তে পারেন। The Government of India's price policy for agricultural products is aimed at providing remunerative prices to farmers by encouraging them to invest and produce more for the agricultural sector. Your kind attention is being invited to the low MSP ranging from 1700 to 1738 per quintal in West Bengal for TD-5 variety of jute announced by the Government of India although the costs of production of jute are much higher in comparison. In this connection I would like to mention that the cost of production of jute for this year in West Bengal is estimated to be 2350 per quintal. The sale of jute by farmers at the prevailing market price of 2000 per quintal tantamounts to distress sale. The jute producers are having to settle for a rate which is lesser than the cost of production on one hand but with the minimum support price being so low the procurement by Jute Corporation of India is nil in spittle of having 101 procurement centres in the State.

মাননীয় মুখ্যমন্ত্রী লিখছেন শেষে, May I request you to kindly intervene and announce a bonus of at least Rs. 400 per quintal immediately to save the farmers... এই চিঠি উনি লিখেছেন যেটা আমি আপনার অনুমতি নিয়ে টেবিল করে দেব এবং শেষে আমি আসছি লাস্ট পয়েন্টে—এটা হল প্রকিওরমেন্ট প্রাইস সম্বন্ধে। প্রকিওরমেন্ট প্রাইস সম্বন্ধে আমরা দেখছি আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী উদ্বেগ প্রকাশ করেছেন বাংলার চাষীরা যাঁরা ধান চাষ করেন তাঁদের জন্য মিনিমাম সাপোর্ট প্রাইস—কিছু কিছু গ্রামে পাচ্ছেন না। তাই খাদ্য ও সরবরাহ দপ্তরের তরফ থেকে স্পেশাল ড্রাইভ দেওয়া হচ্ছে মাননীয়া মুখ্যমন্ত্রীর এই উদ্বেগের রেসপন্সে এবং এফেকটেড গ্রামে স্পেশাল ক্যাম্প খুলেছেন যাতে ধানের কৃষকরা, চাষীরা তারা যাতে ঠিকমতো মিনিমাম সাপোর্ট প্রাইস পান। এই তিনটি বিষয়ে আমি আপনাদের বলতে চাই, ধন্যবাদ।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি আপনার মাধ্যমে আবার অর্থমন্ত্রী মাননীয় ডঃ অমিত মিত্র মহাশয়কে বলতে চাই যে, প্রথমটা ভালো যে আপনি ইউরিয়া এবং অন্য ফার্টিলাইজারে একটা সাবসিডি বলেছেন। আমি ঠিক অঙ্কটা বুঝতে পারলাম না দুটো মিশিয়ে আপনার কত ৪৮-৪৯ কোটি এই রকম দাঁড়াবে বোধহয়। এটা লিখিত না থাকলে এই সমস্যাগুলো হয়। হাতের কাছে থাকলে—এইসব ফিগার মুখে একবার শুনে মনে রাখা মুশকিল।

ডাঃ অমিত মিত্র : The total subsidy is Rs. 33 crores. ১৩.৭৬ লাখ মেট্রিক টন যাতে হয় তাতে ১৪.৫৮ ক্রোরস্ ইউরিয়ার ক্ষেত্রে, নন-ইউরিয়ার ক্ষেত্রে ১৮.৪২ ক্রোরস্। টোটাল অ্যামাউন্টিং টু ৩৩ ক্রোরস্।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : তাহলে ৩৩ কোটির মতো দাঁড়াচ্ছে কিন্তু আমি আপনাকে বলতে চাইছি যা সমস্যা, যা দাম বেড়েছে তার তুলনায় এটা কিছু হবে না। আপনি দিয়েছেন ভালো, আমি তার বিরোধিতা করছি না। দিয়েছেন ভালো করেছেন। আমি যেটা প্রথমত আপনাকে বলতে চাই, ফার্টিলাইজার প্রাইস ডি-কন্ট্রোল করা মাননীয়া মুখ্যমন্ত্রী খুব সঠিকভাবে—আমাদের দীর্ঘদিনের দাবি প্রোকিওরমেন্ট প্রাইসটা নিয়ে যে রকম বলেছেন। ফার্মারস্ কমিশনের রেকমেন্ডেশান ছিল এম.এস. স্বামীনাথন কমিটির রেকমেন্ডেশান ছিল প্রোকিওরমেন্ট প্রাইস হবে পি-২ + ৫০% মানে প্রোডাকশান কস্টের উপরে ৫০% দিতে হবে। সেটা তিনি খুব সঠিকভাবে চিঠিটা লিখেছেন যেটা আমরা বহুদিন ধরে দাবি করে আসছি, সারা দেশের দাবি। ঠিক তেমনি ফার্টিলাইজারের ব্যাপারে আমাদের সুনির্দিষ্ট প্রস্তাব যদি আপনি অনুগ্রহ করে বিবেচনা করেন এই ডি-কন্ট্রোল করার নীতিটার বিরুদ্ধে প্রতিবাদ করা উচিত। আপনি ৩৩ কোটি টাকা দিয়ে কাহাতক সামলাতে পারবেন। আপনার সমস্যার সমাধান করা খুব মুশকিল হবে আর দ্বিতীয়ত এম.এস.পি.-র চাইতে যেটা বেশি দামে বিক্রি হচ্ছে সেখানে সাবসিডি দেওয়া একটা ব্যাপার, আপনি কমাবেন তাতে যা প্রভাব পড়বে ইত্যাদি। এম.এস.পি.-র চাইতে বেশি দামে যদি বিক্রি হয়, এম.এস.পি. না, রিটেল প্রাইস যেটা ঠিক করা আছে। এম.আর.পি.-র চাইতে যদি বেশি দামে বিক্রি হয় তাহলে ফার্টিলাইজার কন্ট্রোল অর্ডার আছে। ফার্টিলাইজার কন্ট্রোল অর্ডারে আপনার এগ্রিকালচার ডেভেলপমেন্ট অফিসার আছেন, তারা ফার্টিলাইজার ইন্সপেক্টরের দায়িত্ব পালন করেন। কাজের নির্দেশ দেওয়া দরকার খুব স্বচ্ছভাবে। যেখানে যেখানে অভিযোগ হচ্ছে সেটা দেখা। আমি আপনাকে সুনির্দিষ্টভাবে বলছি এটা ভালোভাবে লাগু হওয়া দরকার, আমি এর বিরোধিতা করছি না। সেখানে আপনি বিভিন্ন জনপ্রতিনিধি ইত্যাদি তাদের কাছ থেকে শুনে যাতে এটা কার্যকরী হয় তার জন্য কার্যকর ব্যবস্থা নেবেন। আর সর্বশেষ হচ্ছে আপনি যে ধানের দাম বললেন আমি আপনাকে আমাদের অভিজ্ঞতার থেকে বলছি গ্রামে আপনি খালি সংগ্রহ কেন্দ্র খুললে সমস্যার সমাধান হবে না, কারণ ধানের যা দাম এখন চাষী ধান নিয়ে বসে আছে, বিক্রি করবার কোনো উপায় নেই। কারণ যে দাম এখন চলছে তাতে হয় না। পাটের ক্ষেত্রেও যে রকম বলেছেন, আলুও সেই সমস্যা, ধানের সেই সমস্যা। এটার আপনি খালি যে আউটলেট খুললেই হবে তা কিন্তু হবে না। তবে মিলগুলো এবং যারা সংগ্রহ করে যেমন ফুড কর্পোরেশন, এফ.সি.আই., এদের সুনির্দিষ্ট কাজ কি ? তারা তাদের দায়িত্ব কেন পালন করবে না ? প্রত্যেকবার তারা কোনো না কোনো অজুহাত দেখিয়ে তারা এটা করে না। সেটা চাপ দেওয়া দরকার এবং সেখানে কেন্দ্রের একটা ভূমিকা আছে। এই সবে আপনাকে দায়ী করছি না বা দোষ দিচ্ছি না। তাদের একটা ভূমিকা আছে এবং সেখানেও একটা মিনিমাম সাপোর্ট প্রাইসের ব্যাপার আছে। এইগুলো আপনি একটু অনুগ্রহ করে দেখুন এবং অনুগ্রহ করে যা আপনি বলছেন সেটা যদি একটু লিখে দিয়ে দেন। আগেরবারেরটা কিন্তু বাকি আছে।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী আপনি দিয়ে দেবেন।

ডঃ অমিত মিত্র : আপনি যে বক্তব্যের ক্ল্যারিফিকেশান চেয়েছেন যদিও সেটা বলার ব্যাপারে আমার দায়বদ্ধতা নেই, তবুও বলছি। ৫৪ জন লাইসেন্সিকে সাসপেন্ড করা হয়েছে, ঠিক যে কারণে আপনি বলছেন এবং আপনি যে সাধুবাদ দিয়েছেন, তার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

মি. স্পীকার : মাননীয় পরিষদীয় মন্ত্রী কিছু বলতে চাইছেন।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার দৃষ্টিতে আনছি যে, বিগত বিধানসভায় বিরোধীদের কাটমোশন না থাকার জন্য গিলোটিন করে দেওয়া হয়েছিল। তারপরে আবার কিছু কিছু দপ্তরের আমরা যেখানে দিয়েছিলাম, অধ্যক্ষ মহোদয়কে বলেছিলাম, তিনি অনুমতি দিয়েছিলেন। এখানে দেখা যাচ্ছে যে বেশিরভাগ বাজেটেরই কাটমোশন জমা পড়ছে না। এই পুস্তক বিতরণের দেরির কারণ থাকা সত্বেও তার মধ্যে অনেক সময় আমরাও দেরিতে পেয়েছি, কিন্তু দিয়েছি। আপনি যে উদ্যোগ নিয়েছেন যে সভাকে বিতর্কের মধ্যে রাখার, তার জন্য আপনাকে ধন্যবাদ জানাই। আপনি খুঁটিনাটিটাকে অবজ্ঞা করেছেন। নিয়ম যদিও মানতে বলেছেন কিন্তু আপনাকে ধন্যবাদ জানাই তা সত্বেও সভার কাজ চলছে বলে। (গোলমাল)

[1.30—1.40 p.m.]

VOTING ON DEMAND FOR GRANTS

Demand No. 5

Mr. Speaker: Now let us begin discussion on Demand No. 5. There is no cut motion to Demand No. 5.

Today, since discussion has been allowed on Demand No. 5, let us go ahead with the discussion.

..... (ভয়েস : আপনি আমাদের বলতে দেবেন না ? আমাদের বলতে দিতে হবে।).....

(নয়েজ)

Mr. Speaker: I have allowed the discussion. It goes without saying, I have allowed the discussion. আপনারা তো বক্তৃতায় বলবেন। আপনারা যারা রয়েছেন তারা তো নিশ্চয় বলবেন।

..... (ভয়েস : উনি অভিযোগ করলেন, আর আমরা বলতে পারব না ?).....

(নয়েজ)

মি. স্পীকার : এটা অভিযোগের প্রশ্ন নয়। Mr. Rahaman, please take your seat. ...(Noise)...Let the business go on. Mr. Nagendra Nath Roy, please আপনি বলুন, নচেৎ I will deduct the time from your schedule.

শ্রী নগেন্দ্রনাথ রায় : মাননীয় স্পীকার স্যার, পাঁচ নং দাবির পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য কর্তৃক যে বাজেট ভাষণ, আমি সেই সম্পর্কে সংক্ষেপে কয়েকটি কথা এখানে তুলে ধরতে চাই। স্পীকার স্যার, আমি উত্তরবঙ্গ থেকে নির্বাচিত বিধায়ক। আজকে এখানে যে কৃষির সম্পর্কে বিতর্ক বা আলোচনা হবে, উত্তরবঙ্গের একটা অন্তরায় যে আমাদের উত্তরবঙ্গে তিস্তা সেচ প্রকল্প, যেটা শ্রী গনিখান চৌধুরী মহাশয়ের আমলে শুরু হয়, আজ পর্যন্ত সেখানে সেই সেচ প্রকল্পটি হল না। যদিও এটা জাতীয় প্রকল্প হিসাবে ঘোষণা হয়েছে। যার ফলে উত্তরবঙ্গ কৃষিতে অত্যন্ত পিছিয়ে পড়েছে। অবিলম্বে উত্তরবঙ্গে যাতে এই সেচ প্রকল্পটি চালু হয় বা কিছুদিনের মধ্যে সেটা যাতে বাস্তব রূপ লাভ করে, সেজন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি। স্পীকার স্যার, আমাদের গোটা পশ্চিমবাংলায় যে কৃষিপণ্য—পাট, আলু, তামাক এবং আখ, এইগুলি যে চাষ [illegible], আমরা দেখছি বিশেষ করে পাটের ক্ষেত্রে, কৃষকরা যে পাট উৎপন্ন করে মাথার ঘাম পায়ে ফেলে। অথচ যে জিনিসটা আমরা লক্ষ করি যে এক বিঘা পাট চাষ করতে যে সময়ের প্রয়োজন, যে টাকা খরচ হয় কিন্তু পাটের সর্বনিম্ন মূল্য বেঁধে না দেওয়ায় কৃষকরা মার খাচ্ছে। অবিলম্বে যাতে সর্বনিম্ন দরটা বেঁধে দেওয়া হয় তার জন্য আমি উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আবেদন রাখছি। আমরা লক্ষ করি যে আমাদের এই উত্তরবঙ্গে বিশেষ করে আমার কোচবিহার জেলায় কয়েকটি গ্রাম পঞ্চায়েতে আলু চাষ ব্যাপক হারে হয়। কিন্তু আমরা দেখি যে আলু চাষের খরচ ১৩০০ টাকা, বিঘা প্রতি ৭০ মন। যখন কৃষকের ঘরে আলু থাকে সেই সময় দেখা যায় যে ১০০ থেকে ২০০ টাকা কুইন্টাল আলু বিক্রি করতে হয়। আমাদের যেটা দাবি অন্তত সেই সময় ২৪০ থেকে ২৬০ টাকা করা প্রয়োজন। আর সবচেয়ে বড় কথা হল যে ধান এবং অন্যান্য ক্ষেত্রে যাতে অভাবী বিক্রি রোধ করা যায় সেটা আপনাকে দেখার জন্য অনুরোধ করছি। কারণ ইতিমধ্যে আমরা দেখেছি যে ধান, পাট এবং অন্যান্য উৎপন্ন দ্রব্যের ক্ষেত্রে কৃষকরা বাজারে যখন আসে সেই সময় ভালো দাম পায় না। মাননীয় স্পীকার স্যার, আমি যে কথাটা বলতে চাইছি যে, এই কৃষি কাজে সাধারণত পাম্প ব্যবহৃত হয়। ডিজেলের মূল্য যা তাতে কৃষি কাজ ব্যাহত হচ্ছে। তাই ডিজেলে ভর্তুকি দেবার একটা পরিকল্পনা যাতে গ্রহণ করা হয় সেইজন্য আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি। আর কৃষি loan-এর ক্ষেত্রে আমরা দেখি সমবায় ব্যাঙ্ক, রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক, গ্রামীণ ব্যাঙ্ক থেকে কৃষি ঋণ নিতে গিয়ে কৃষকদের হয়রানি হতে হয়। সমবায়টাকে যাতে আরো জোরদার করা যায় এবং কৃষকরা যাতে ঋণ পায় সেটাও আপনাকে দেখার জন্য অনুরোধ করছি এবং ঋণ গ্রহণের ক্ষেত্রে যথাসম্ভব যে নিয়মগুলি আছে সেগুলি সরলীকরণ করা অত্যন্ত দরকার। বিশেষ করে কৃষিক্ষেত্রে বিদ্যুতের প্রয়োজন। কিন্তু আমরা লক্ষ করি যে এই কৃষকরা সেই প্রয়োজনীয় বিদ্যুৎ পাচ্ছে না এবং এটা লক্ষ রাখা প্রয়োজন কৃষি loan এবং কৃষাণ ক্রেডিট

কার্ড যাতে ব্যাপকহারে কৃষকদের মধ্যে বিলির ব্যবস্থা করা যায় সে ব্যাপারেও লক্ষ রাখতে হবে। আর কৃষি পেনশানের ক্ষেত্রে বলব, কৃষকদের ৬০ বছরের পরে আর ক্ষমতা থাকে না। কৃষি পেনশানটা যদিও চালু আছে, আমি এটাকে ৬৫০ থেকে ১০০০ টাকা করা এবং সেই প্রাপকের সংখ্যাটা যাতে বৃদ্ধি পায় আমি সে ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। আর সবচেয়ে বড়ো কথা হল যে, কৃষি উপকরণ এবং যন্ত্রপাতি এগুলির ভর্তুকি যাতে কৃষকদের প্রদান করা হয় সে ব্যাপারে আমি দৃষ্টি আকর্ষণ করছি। আমি এখানেই আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

[1.40—1.50 p.m.]

শ্রী নির্মলচন্দ্র মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ডিমান্ড নম্বর ৫, ২০১১-২০১২ সালের পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য মহাশয় তার বাজেট ভাষণে যে দাবি রেখেছেন, তাকে সমর্থন করে এই সম্পর্কে আমি কিছু বক্তব্য রাখছি। তিনি তাঁর বাজেট ভাষণে ১০টি খাত রেখেছেন। ১০টা খাতে ৮৩৫ কোটি ৩৯ লক্ষ ৮৫ হাজার টাকা ওনার বাজেট ভাষণে বলেছেন। এর মধ্যে ভোট অন অ্যাকাউন্টে ৪১৭ কোটি ৬৯ লক্ষ ৯ হাজার টাকা উক্ত দাবির মধ্যে ধরা আছে। এছাড়া আরো দুটো খাতে একটাতে ২০৪৯ এবং অপরটিতে ৬০০৪ টাকা লেখা আছে, তবে তার বাজেটের মধ্যে ধরা হয়নি। তিনি বলেছেন যে রাজ্যে কৃষি হচ্ছে অর্থনীতির শ্রেষ্ঠ বুনিয়াদ। কারণ আমাদের বাংলার বেশিরভাগ জায়গা কৃষি প্রধান এবং কৃষির উপর নির্ভর করে বাংলার অর্থনীতি। আমাদের রাজ্যে প্রধান খাদ্য ধান, ডাল, গম। আরও বিভিন্ন ধরনের সবজি থেকে আরম্ভ করে কৃষির মাধ্যমে যেগুলো উৎপাদন হয় সেগুলো—২০১০-২০১১, আমরা একাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ লগ্নে অবস্থান করছি। ২০১১-২০১২ থেকে দ্বাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনা শুরু হবে। উনি লিখেছেন দ্বাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আগামী বছর ৪ শতাংশ কৃষিতে উৎপাদন বাড়বে। তিনি ভেবেছেন বাংলার মানুষের অর্থনৈতিক স্বাচ্ছন্দ সুখে থাকতে গেলে খাদ্যশস্যের বিকাশ ঘটাতে হবে। সেই জন্য উনি বিভিন্ন ধরনের প্রকল্প এই পুস্তিকার মধ্যে সন্নিহিত করেছেন। আমরা এখানে দেখছি ২০১০-১১ সালে খাদ্যশস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা ছিল ১৩৭.৪১ লক্ষ মেট্রিক টন। সেটা উনি বাড়িয়ে ২০১১-১২-তে করেছেন ১৭১ কোটি ৪০ লক্ষ মেট্রিক টন। উনি বিভিন্ন কৃষি ট্রেনিং-এর মধ্যে দিয়ে কৃষকদের জ্ঞানের বিকাশ ঘটিয়ে যাতে কৃষিতে অধিক উৎপাদন হয়, আমাদের এখানে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় আছে। এই সমস্ত বিশ্ববিদ্যালয়ে কৃষকদের বিভিন্ন ট্রেনিং-এর মধ্যে দিয়ে তাদের জ্ঞানের বিকাশ ঘটিয়ে কৃষি উৎপাদন বাড়ানোর কথা উনি ভেবেছেন। আমরা ভালো করে জানি প্রত্যেকটা ব্লকে যে কৃষি দপ্তর আছে, সেখান থেকে কৃষকদের খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধি করার জন্য পাম্পসেট থেকে আরম্ভ করে ফসল ঝাড়াই করা মেশিন বা বিভিন্ন জিনিসপত্র দেওয়ার ব্যবস্থা আছে। কিন্তু বিগত দিনে বামফ্রন্ট সরকারের কাজের ইচ্ছার অভাবে বিভিন্ন অফিসগুলো সেই ভাবে কাজ করতে পারেনি। এলাকার চাষীরা বিভিন্ন সময়ে বিভিন্ন

কাজের জন্য গিয়েও সেখান থেকে সাহায্য না পেয়ে ফিরে এসেছে। মাননীয় মন্ত্রী তাঁর বাজেটে কৃষকদের জন্য কৃষি পেনশনের কথা বলেছেন। ৭৫০ টাকা যেটা আছে সেটা ঠিকই আছে। এর আওতায় আগে ছিল ৬৩৮২৪ জন কৃষক, উনি সেখানে ৭৫৪০৫ জন কৃষককে কৃষি পেনশনের আওতায় আনবেন। আরও বিভিন্ন বিষয়ে উন্নয়নের রূপরেখা উনি বলেছেন, কিন্তু সময়াভাবে আমি সেইগুলো উল্লেখ করতে পারলাম না। এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নাসিরুদ্দিন আহমেদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার স্বপক্ষে দু-চারটি কথা বলতে চাই। আমরা জানি স্বাধীনতার পর প্রতি বছরই কৃষি বাজেট তৈরি হয়, কিন্তু গ্রাম বাংলায় প্রায় ৭০ শতাংশ যে মানুষরা কৃষি কাজের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে যুক্ত তাদের অর্থনৈতিক উন্নতি ঘটাতে পারেনি। আমরা দেখছি এখানে প্রায় সাড়ে ৮০০ কোটি টাকার বাজেট। এটা যদি ৮ হাজার কোটি টাকার বাজেট হত তাহলে হয়তো চাষ এবং চাষীদের কিছু সুবিধা হত। আমাদের দুর্ভাগ্য যে, পূর্বতন বামফ্রন্ট সরকার ২ হাজার কোটি টাকার ঋণের বোঝা চাপিয়ে দিয়ে গেছে, তার ফলেই আজকে অসহায়, নিরুপায় হয়ে একটা সীমিত কৃষি বাজেট করতে হয়েছে। সবচেয়ে গুরুত্বপূর্ণ এই দপ্তর, কিন্তু পূর্বতন বামফ্রন্ট সরকারের এই দপ্তরের প্রতি সঠিক দৃষ্টিভঙ্গির অভাব ছিল। ১৯৩৯ সালে এই বিধানসভার স্পীকার আজিজুল হক সাহেব, "The Man Behind the Plough-" নামে একটা বই লিখেছিলেন। তার থেকে আমি একটা অংশ পাঠ করে শোনাচ্ছি, যা থেকে বোঝা যাবে তখনও চাষীদের যে দুরবস্থা ছিল সেটা এখনও বিদ্যমান। আমি তার একটা জায়গা থেকে বলছি। "The needs of the Bengal peasant are very modest and limited. A little food, some scanty clothing, a few crude utensils, a humble shelter, a few lean animals to plough with and the simplest instruments for tillage' these are all that he needs. He lives on the land of his ancestors and he would be happy to die in the same open yard where all those who had gone before him breathed their last. He has no equipment in the shape of either education or knowledge to enable him to go out of his village to seek his living elsewhere. He loves his land, his family. He even loves the money-lender and the landlord in spite of what they stand for in the economy of rural life today. আজকে সেই চালচিত্র বিদ্যমান। বিশেষ করে কৃষির যে পরিসংখ্যান, সেই পরিসংখ্যানের ব্যাপারে আমি দায়িত্ব নিয়ে বলতে পারি যারা আমলা, সরকারি কর্মচারী তাদের দেওয়া পরিসংখ্যানের ভিত্তিতে আমরা কৃষিতে প্রথম। এই পরিসংখ্যান সম্পূর্ণ মিথ্যা কথা বলে আমি মনে করি। আমাদের মন্ত্রী কতগুলো স্ট্যাটিসটিক্স দিয়েছেন যেটা ওদের আমলে তৈরি করা অর্থাৎ ২০১০-১১, চাল, গম, ভুট্টা, আলু, পাট ইত্যাদির একটা পরিসংখ্যান দেওয়া হয়েছে যে আমাদের দেশে এই উৎপাদনটা হয়। আমি

একটা সাবজেক্টের উপরে বলতে চাই সেটা হল যে আমরা দেখছি এই রাজ্যে ২০১০-১১ 'ওদের আমলে' বলা ছিল যে আখের উৎপাদন ১১ লক্ষ টন। আজকে খুব দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে এদের প্রত্যেকটা তথ্য সম্পূর্ণ ভুলে ভরা। ১১ লক্ষ টন আখ—আমরা আজকে পশ্চিমবঙ্গে দেখছি যে একটা মাত্র সুগার মিল আছে যে সুগার মিলটা আমি যেখানকার বিধায়ক সেখানে অবস্থিত। সেখানে গত বছর তারা মাত্র ১৭ হাজার মেট্রিক টন কাজ করেছেন। বাদবাকি যে সমস্ত খানসারি আছে অর্থাৎ গুড়কল আছে তাদের সমূলে উৎপাদন যদি এক লক্ষ হয় তাহলে কখনোই এই আখ উৎপাদন হতে পারে না। আজকে নতুন করে, নতুন ভাবে এই বাজেটে যে সয়েল টেস্টিং-এর কথা বলা হয়েছে, যেটাতে বিশেষ করে সারের কথা বলা হয়েছে এইগুলো নতুন করে মা-মাটি-মানুষের সরকার চিন্তা-ভাবনা করছেন, অদূর ভবিষ্যতে চাষ এবং চাষীর উন্নতি হবে এই দাবি রেখে এবং এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1.50—2.00 p.m.]

শ্রী রঞ্জিত মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় কৃষিমন্ত্রী বিধানসভায় ২০১১-১২-র যে বাজেট পেশ করেছেন আমি তার উপরে কিছু বক্তব্য রাখতে চাইছি। মাননীয় সদস্য কিছুক্ষণ আগে তিনি অতীত দিনের কথা বিধানসভায় স্মরণ করলেন। কবি সুকান্তের একটা কবিতার লাইন দিয়ে আমি আমার বক্তব্য শুরু করতে চাইছি 'ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়, পূর্ণিমা চাঁদ যেন ঝলসানো রুটি'। ১৯৫৯ সালে ৮০ জন কৃষক খাদ্যের দাবিতে কলকাতায় আসার পরে তাদের পিটিয়ে পিটিয়ে হত্যা করা হয়েছিল। ওই ৮০ জন কৃষকের শরীরে কোথাও বুলেটের চিহ্ন ছিল না। ১৯৭৭ সালের আগে ৭৬-৭৭ সালে আমাদের যে স্ট্যাটিসটিক্স ইন্ডিয়া গভর্নমেন্টের প্রোডাকশন স্টেজ ওয়াইজ আছে, তার রিপোর্ট বলছি আপনাদের। পশ্চিমবঙ্গে ধান উৎপাদন হত ৫ হাজার ৯১৮.৯ হাজার টন। আর আজ শুধু একটা উদাহরণ দিচ্ছি ২০১০-১১ শুধু চাল উৎপাদন হচ্ছে ১৪ হাজার ৩৪০.৬ হাজার টন। কত বেড়েছে ? কত গুণ বেড়েছে ? এরকম একের পর এক উদাহরণ দিতে পারি। আমরা এটা জানি ১৯৭৬ সালের আগে মানুষ আল্লা মেঘ দে, আল্লা পানি দে বলে মিছিল করত গ্রামের পর গ্রাম। আর আজকে এই হাউসে দাঁড়িয়ে আমাদের সরকার পক্ষের সদস্যরা তার বলবার চেষ্টা করেছেন যখন গ্রামে গঞ্জে যাই, তখন মানুষ আর খাবার চায় না, মানুষ শুধু বিদুৎ চায়, বিদ্যুৎ চায়। হিয়ার ইজ দি ডিফারেন্স। ৩৪ বছরের বামফ্রন্ট সরকারের আমলে এই যে কৃষিতে স্বয়ম্ভরতা বৃদ্ধি পেয়েছে তার অনেকগুলি কারণের মধ্যে অন্যতম প্রধান কারণ হচ্ছে ভূমি সংস্কার, পঞ্চায়েত রাজ। ৩০.২৩ লক্ষ মানুষের মধ্যে ১১.২৭ লক্ষ একর জমি বিলিবণ্টন করা হয়েছে। প্রায় ১৫.৩৮ লক্ষ বর্গাদারদের নাম রেকর্ডভুক্ত হয়েছে। আপনারা শুনলে খুশি হবেন, এটা আপনাদের জানা উচিত যে, সারা ভারতের মধ্যে পশ্চিমবাংলা একমাত্র রাজ্য যেখানে ৮৪ শতাংশ জমি আছে স্মল আর মার্জিনাল ফার্মারের হাতে, যা ভারতের কোনো রাজ্যে নেই। দ্বিতীয়ত আমি আপনাদের বলতে চাই সেটা হচ্ছে এই যে আজকে মাননীয় কৃষিমন্ত্রী যে বাজেট প্লেস করেছেন, তা

বিগত বাজেটের সাথে সামঞ্জস্য রেখে করেছেন। এতে শুধু একটু অঙ্কের হেরফের ছাড়া আর কিছুই নেই। তার যে দশটা খাত যদি দেখি তাহলে এটাও আমি দেখব যে, এর আগে ফার্মার কমিশন এম.এস. স্বামীনাথন ওয়ার্ল্ড ফেমাস কৃষি বিজ্ঞানী, তাঁর নেতৃত্বে যে কমিশন হয়, সেই কমিশন দিল্লির সরকারের কাছে রেকমেন্ড করেছিল পাঁচ হাজার পৃষ্ঠারও বেশি। দিল্লির সরকার একটারও এফেক্ট দেয়নি। তারপরে রাজ্য সরকার একটা কমিশন তৈরি করে। এছাড়া দিল্লিতে সমস্ত মুখ্যমন্ত্রীদের নিয়ে একটা কমিশন হয়। মাননীয় আজকের কৃষিমন্ত্রী তিনি কি ওই ফার্মার কমিশনের কোনো পৃষ্ঠা উল্টে দেখেছেন ? কোনো নতুনত্ব কোনো বিষয় কি এর মধ্যে আনতে পেরেছেন ? আমার মনে হয়েছে তিনি নতুন কিছুই আনতে পারেননি। এখানে দুটো কৃষি বিশ্ববিদ্যালয় আছে। একটা হচ্ছে কল্যাণী কৃষি বিশ্ববিদ্যালয় এবং আর একটি হচ্ছে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়। কল্যাণীর জন্য তিনি ১৬ কোটি ৬০ লক্ষের মতো টাকা বাড়িয়েছেন। কিন্তু উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য মাত্র দুই লক্ষ সামথিং টাকা তিনি বাড়িয়েছেন। এটা বাজেট বইতে আছে। স্বাভাবিকভাবে এই বিশ্ববিদ্যালয়গুলির জন্য আরও যদি টাকা বাড়ানোর প্রস্তাব রাখতেন তাহলে ভালো হত। কারণ এখান থেকে কৃষি বিজ্ঞানী তৈরি হবে যা আগামী দিনে আমাদের দেশকে কৃষিতে স্বয়ম্ভর করে তোলার চেষ্টা করবে। আমি এটা আপনাদের কাছে বলতে চাই যে, আমার এক বন্ধু বললেন যে এই ভূমিসংস্কার এবং এই ৮৪% মানুষের হাতে জমি আসার ফলে কি গ্রাম কি শহর মিলে প্রায় ২৭,০০০ কোটি টাকার অর্থনৈতিক বাজার তৈরি হয়েছে। সুতরাং মানুষের জামাকাপড় খাদ্য প্রসাধন মোবাইল বাইসাইকেল ইত্যাদি কেনার ক্ষেত্রে সারা গ্রামবাংলায় বিগত ৩৪ বছরে বলা যেতে পারে অর্থনৈতিক দিক থেকে একটা যে বাজার তৈরি হয়েছে এটা সুস্পষ্টভাবে বলা যায়। আমি আপনাদের বলতে চাই ৭৭ সালের আগে তখন কি জমি ছিল না ? আজ তো সেই জমি সেই আছে ? ইন্দো বাংলা বর্ডার, বাংলাদেশের সঙ্গে ভারতের বর্ডারে একই জায়গায় পিলার পোঁতা আছে। তখন মানুষের গতর ছিল, জমি ছিল, তবে কেন মানুষ আল্লা মেঘ দে, পানি দে করে বেড়াত। এটা হচ্ছে বিগত ৩৪ বছরের বামফ্রন্ট সরকারের গুরুত্বপূর্ণ পদক্ষেপ যা সারা ভারতকে পথ দেখিয়েছে। মাননীয় মন্ত্রী বলেছেন কৃষি বিপণনের ক্ষেত্রে আমার কয়েকটি সুপারিশ আছে। ইতিমধ্যে শিলিগুড়িতে আনারস, মালদায় আম, হুগলীতে আলুর উপরে অনেকগুলি ছোটো বড়ো কারখানা গড়ে উঠেছে। মাননীয় মন্ত্রীর এই বাজেটের মধ্যে এই কৃষি, বিশেষ করে শিল্প, সেই শিল্পে যেখানে কর্মসংস্থানের সম্ভাবনা আছে, তার কোনো উল্লেখ বা দিশা আমি দেখতে পেলাম না। সুতরাং কৃষি যদি আমাদের ভিত্তি হয়, সেই কৃষিকে ভিত্তি করে আগামী দিনের কর্মসংস্থানের যে জায়গা, তাকে ঠিক করবার জন্য আমাদের তৈরি থাকতে হবে। যদি আমরা সেই দুরদৃষ্টির পরিচয় না দিতে পারি, তাহলে আগামী দিনে কৃষক মুখ থুবড়ে পড়বে। সুতরাং আমরা এটা বলতে চাই, সারা পশ্চিমবাংলায় ১৩ লক্ষের উপরে স্বয়ম্ভর গোষ্ঠী তৈরি হয়েছে। এই ১৩ লক্ষ স্বয়ম্ভর গোষ্ঠী যা ভারতে অনন্য নজির সৃষ্টি করেছে। তারা বিভিন্ন ধরনের প্রোডাক্ট তৈরি করছে। তার ভিতরে তারা সেল্ফ এমপ্লয়মেন্ট তারা তৈরি করেছে। তাদের জন্য ট্রেনিং, তাদের জন্য ব্যাঙ্ক ঋণ এবং তাদের জন্য বাজার তৈরির

জন্য আমি বলব মাননীয় মন্ত্রী যদি এই ধরনের একটা ব্যবস্থা নিতে পারেন, তাহলে ১৩ লক্ষ সেল্ফ হেল্প গ্রুপ যা সারা ভারতে নজির সৃষ্টি করেছে, এরা এদের দায়িত্ব পালন করতে পারে। তাহলে এমপ্লয়মেন্ট সমস্যার অনেকখানি সুরাহা হতে পারে। আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করে এইকথা বলতে চাই আমি আনন্দবাজার কাগজে সম্ভবত এই কাগজেই দেখছিলাম, এই কাগজের নাম মেনশন করার জন্য আমি দুঃখিত। এই কাগজে দেখছিলাম যে, ধানমান্ডি করা হবে। জে.সি. আইয়ের এজেন্ট আছে, সমবায় ব্যাঙ্কগুলি আছে, ব্লকে ব্লকে অনেকগুলি মার্কেটিং সোসাইটি আছে। আজকে মাননীয় অর্থমন্ত্রী কিছুক্ষণ আগে বললেন যে, কৃষকদের যাতে ক্রয়কেন্দ্র করা যায়, সেই বিষয়ে সমীক্ষা করে ব্যবস্থা নেওয়া হবে। এবং তিনি বললেন সাবসিডির কথা। আমরা বেসিক্যালি ডি কন্ট্রোল অফ দ্য ফার্টিলাইজার। তার বিরুদ্ধে আমরা আন্দোলনও করেছি অতীতে। তার বিরুদ্ধে আমাদের হাউজে সর্বসম্মতিক্রমে প্রস্তাব নেওয়া উচিত। তবে আনন্দের কথা মাননীয় মন্ত্রী কিছু সাবসিডি দেওয়ার কথা বলেছেন। কিন্তু এই সাবসিডি কারা পাবে ? কিভাবে দেওয়া হবে ? হোয়াট ইজ দ্যা ওয়ে ? সেইভাবে যদি তিনি দিক নির্দেশ করতেন, আমরা খুশি হতাম যে, সাবসিডি কারা পাবে, কাদের কাছে সাবসিডি দেওয়া হবে ? মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই এই জন্য যে, আমাদের সেচ ব্যবস্থা আছে—বৃহৎ ধরনের সেচ, মাঝারি ধরনের সেচ এবং ক্ষুদ্র সেচের জায়গাগুলি আছে। এগুলোকে আরো স্ট্যান্ডার্ড করবার জন্য অন্তত আর একটু নিবিড়ভাবে সেচ পরিকল্পনা গ্রহণ করবার জন্য তিনি যেন নজর দেন। অনেক জায়গা, বেশিরভাগ জমি—বিশেষ করে বলা যেতে পারে, আমরা যদি বলি বনাঞ্চল কিংবা পাহাড়ি অঞ্চল, এইসব এলাকাগুলিতে এখন সেচের প্রবলেম আছে। সুতরাং এইসব জায়গাগুলিতে সেচকে নিয়ে আসা, সেচকে আরো উন্নত করা দরকার। সঙ্গে সঙ্গে আমাদের পাট-জুট, তিনি বলেছেন যে এতো জুট প্রোডাকশন হতে পারে, তিনি একটা ভাবনা-চিন্তা করেছেন, ভালো কথা। এটা আমরা করতেই পারি। কিন্তু এই যে জুট, যেটা প্রোডাক্ট হচ্ছে ওয়েস্ট বেঙ্গলে, জে.সি.আই. কোনো দায়িত্ব পালন করছে না, সেই বিষয়ে বা পাট ক্রয় কেন্দ্র করার জন্য যাতে এই সরকার আরো কিছু গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তাহলে ভালো হয়। চাষী তার প্রোডাকশন কস্ট, তার সঙ্গে কিছু লাভজনক টাকা যাতে পায়, সেটা দেখা দরকার। ধান যাতে সরাসরি কেনা যায়, রেশনে যে আপনারা চাল, গম ইত্যাদি সাপ্লাই করছেন, এই রেশনের জিনিসগুলিকে আমরা ডাইরেক্ট কৃষকের কাছ থেকে কিনতে পারি সমবায় ইত্যাদির মাধ্যমে। সুতরাং মাননীয় মন্ত্রীর কাছে আমি বলব, এই বিষয়ের প্রতি আরো নজর দেবেন এবং আগামী দিনে পশ্চিমবাংলার কৃষকদের উন্নয়নের স্বার্থে আরো গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করবেন। এই কথা বলে আমার আলোচনা শেষ করছি, ধন্যবাদ।

[2.00—2.10 p.m.]

শ্রী আসিফ মেহবুব : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এ চলতি বাজেটে মহামান্য রাজ্যপালের সুপারিশ ক্রমে আমাদের মাননীয় মন্ত্রী শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য মহাশয় ৫ নম্বর দাবির অন্তর্গত যে ব্যয়ের জন্য, ব্যয় বাবদ যা বরাদ্দ করেছেন, তাকে পূর্ণভাবে সমর্থন করছি। বর্তমান আমাদের রাজ্য যে অবস্থায় রয়েছে, যে অবস্থায় চলছে, সেখানে তাঁর পক্ষে

সবথেকে গুরুত্বপূর্ণ বাজেট বলব কৃষিক্ষেত্র। কারণ, কৃষিক্ষেত্র হচ্ছে এমন একটা ক্ষেত্র, যেখানে আমাদের উৎপাদনশীলতার প্রশ্ন এসে যায়। যেখানে আমাদের রাজ্যের অগ্রগতি কতখানি হবে, তার প্রতি একটা প্রশ্ন আসে। খুব দুঃখের সঙ্গে জানাচ্ছি এবং মাননীয় মন্ত্রী মহোদয়ও জানিয়েছেন, মাত্র ১৪ শতাংশ উৎপাদনশীলতা করতে পেরেছে কৃষি ক্ষেত্রে আমাদের পশ্চিমবঙ্গ। এখন আমাদের প্রয়োজন, এই মুহূর্তে প্রয়োজন তার শক্তি বৃদ্ধি করা। প্রয়োজন কৃষকদের আশ্বস্ত করা। যে, তারা শুধু একাকী নয়, তারা এখানে পিছিয়ে নয়, এ রাজ্যে তাদের স্থান রয়েছে অনেক সামনের দিকে। আমার আগে মাননীয় বিধায়ক, তিনি বক্তব্য রাখছিলেন এবং ইতিহাস থেকে অনেকগুলো অংশ তিনি তুলে ধরছিলেন। আমার মতে ইতিহাসের এই অংশগুলো দেখতে খুব সত্যি মনে হলেও, এর পিছনে কিন্তু অনেক ভুল-ভ্রান্তিও রয়েছে। আমি এটুকু বলব যে, হাউসের মাঝে এই ভুল-ভ্রান্তিগুলো না পড়ে, আমাদের যদি পরিসংখ্যানগত বর্তমান সমস্যার জায়গায়, তার সমাধানের জায়গায় যদি আমরা সেক্ষেত্রে আমাদের মতামত, আমাদের বিশ্লেষণ দিতে পারি, তবে সেক্ষেত্রে অনেক উপকৃত হবে এই বাজেট অধিবেশন। আমি বলতে চাই যে, কিছুক্ষণ আগে মাননীয় অর্থমন্ত্রী তিনি একটা আশ্বাসবাণী শোনালেন এবং সেক্ষেত্রে তাঁকে আমি ধন্যবাদ জানাচ্ছি যে, আমার জেলা, যে জেলা থেকে আমি এসেছি—মালদা, সেখানে বর্তমানে আমরা কঠিন পরিস্থিতির মধ্যে দিয়ে যাচ্ছি। প্রাকৃতিক দুর্যোগের কারণে সেখানকার কৃষিজীবী মানুষ, হাজার হাজার মানুষ—যারা কৃষক, যারা ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী তারা তাদের জমি, তাদের ফসল, তাদের কষ্টসাধ্য ফসল হারাতে বসেছে। বন্যার প্রকোপে তাদের যে অর্থ সাহায্য প্রয়োজন, কারণ আমরা জানি শুধু মিনিকীট দিয়ে তাদের সাহায্য যথেষ্ট হয় না। তার জন্য প্রয়োজন রয়েছে নির্দিষ্ট ক্যাম্প করা, কতটা ক্ষতি হয়েছে তার পরিসংখ্যান নির্ধারণ করা। পূর্ববর্তী সরকার কিন্তু সে ক্ষেত্রে খুব বেশি চিন্তা করেননি। দেখা গেছে বছর পেরিয়ে গেলেও সেই জায়গায় যাতে কৃষকরা তাদের ক্ষতিপূরণ পেতে পারে তারা কিন্তু এগিয়ে যাননি, তারা বছরের পর বছর ঘুরেছেন। আমি বলতে চাই যে আমার অঞ্চলে বিশেষত পাটচাষীরা তাদের নির্দিষ্ট মূল্য আজ কিন্তু পাচ্ছেন না। আমি মন্ত্রী মহাশয়ের কাছে বলব যে তারা তাদের নির্ধারিত সঠিক মূল্য যাতে পেতে পারে। কারণ আমি দেখেছি বর্তমান বাজারে তার পরিমাণ ১৫০০ থেকে ১৮০০ হয়েছে, কিন্তু গত বছর এর মূল্য ৩০০০ টাকা পর্যন্ত ছিল কুইন্টাল প্রতি। আমি আবেদন করব বর্তমান বাজারে ধানের ক্ষেত্রে যেখানে কৃষকরা তাদের ন্যায্য মূল্য পাচ্ছেন না। সর্বোচ্চ মূল্য ৮৫০ টাকা, এবং সর্বনিম্ন ৮০০ টাকা। দেখা যায় যে এ ক্ষেত্রে আমাদের সরকার তাদের সাহায্য করলেও, সে ক্ষেত্রে সহায়তা করলেও মধ্যবর্তী সমাজের কিছু অংশ তারা কিন্তু লাভবান হয়ে যান এ ক্ষেত্রে। তার সাবসিডি পৌঁছায় না আমাদের ক্ষুদ্র কৃষকদের প্রতি। আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাবো তিনি এই ধরনের যারা লাইসেন্সধারী তাদের বাতিল করেছেন। শেষে এই কথা বলব যে এই বাজেট যথেষ্ট সময়োপযোগী, তাই সম্পূর্ণরূপে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শুভাশীষ বটব্যাল : মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য মহাশয়ের ২০১১-১২ সালের জন্য ৫ নম্বর দাবির অন্তর্গত

কৃষি দপ্তরের ব্যয় বরাদ্দ ৮৩৫ কোটি ৩৯ লক্ষ ৮৫ হাজার টাকা মঞ্জুর করার জন্য যে দাবি করা হয়েছে তার সমর্থনে আমি কয়েকটি কথা বলতে চাই। এর আগে দুটি ভোট অন অ্যাকাউন্টস-এর মাধ্যমে ৪১৭ কোটি ৬৯ লক্ষ ৯ হাজার টাকা দাবির মধ্যে ধরা আছে। স্যার, ভারতবর্ষ একটা কৃষিপ্রধান দেশ এবং পশ্চিমবঙ্গ একটা অঙ্গরাজ্য। মূল ভূখণ্ডের ৬৬% কৃষিজমি এবং মোট চাষযোগ্য জমির পরিমাণ ৫৭.৪৯ লক্ষ হেক্টর। মোট কৃষকের পরিমাণ ৫৬.৫৩ লক্ষ। আমি ধন্যবাদ জানাচ্ছি কৃষিমন্ত্রীকে যিনি এই রাজ্যকে খাদ্যে ঘাটতি থেকে স্বয়ম্ভর করার পরিকল্পনা গ্রহণ করেছেন। ২০১০-১১ সালে খাদ্যশস্যের পরিমাণ ছিল ১৩৭.৪৪ লক্ষ মেট্রিক টন। খাদ্যমন্ত্রী ২০১১-১২ সালে সম্ভাব্য উৎপাদনের পরিমাণকে বাড়িয়ে নিয়ে গিয়ে ১৭১ লক্ষ ৪০ হাজার মেট্রিক টন লক্ষ্যমাত্রা গ্রহণ করেছেন। এই উৎপাদন বৃদ্ধির ব্যাপারে তিনি কতগুলো বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছেন তার জন্য ধন্যবাদ জানাচ্ছি। যে যে জেলাগুলোতে তার উৎপাদনশীলতা অনেক জায়গায় পৌঁছেছে এবং কিন্তু অধিকাংশ জেলায় উৎপাদনশীলতা যেখানে কম আছে যেখানে বাড়ানো সম্ভব সেই সব পতিত জায়গা সেখানে ইরিগেশানের মাধ্যমে সুসংবদ্ধ ভাবে একটা পরিকল্পনা গ্রহণ করার মাধ্যমে একটা টোটাল উৎপাদন বৃদ্ধি করবার প্রয়াস দেখা দিয়েছে, তার জন্য আমরা কৃষিমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। জলের সংকট বাড়ছে, সারা পৃথিবীতে একটা খাদ্য সংকট আসছে, এই অবস্থায় আমরা বিধানসভায় দাঁড়িয়ে আমরা যে সব দায়িত্বশীল এম.এল.এ.রা আছি, আমরা শুধু একে ওকে দোষ দেওয়া নয়, রবীন্দ্রনাথের গানটা জানেন যে 'আমার হল শুরু তোমার হল সারা' তাই যাঁদের শুরু হবে তারা যদি সেই সারা জায়গা থেকে যদি কোনো ভালো একটা পজিশন পায় তাহলে তাদের কাজ করতে সুবিধা হয়। কিন্তু আমরা যখন পশ্চিমবাংলায় নতুন ভাবে ক্ষমতায় এলাম তখন আমরা কি দেখলাম ? ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা আমাদের উপর লোন।

[2.10—2.20 p.m.]

সুতরাং এই একটা অস্বাভাবিক খারাপ কন্ডিশানের মধ্য দিয়ে বাজেটে তৈরি করতে হচ্ছে। এবং সেই বাজেটের মাধ্যমে বিভিন্ন খাতে, যেগুলি প্রয়োজনীয় সেক্টর আছে, সেই সেক্টরগুলিকে প্রায়োরিটি দিয়ে আমাদের ব্যবস্থা করতে হচ্ছে। এগ্রিকালচার ডেভলপমেন্টের ব্যাপারে যেগুলি সবচেয়ে বেশি দরকার সেগুলি হচ্ছে, কৃষি ব্যবস্থার উন্নয়নের জন্য সেচ ব্যবস্থার বড়ো বেশি উন্নতি হওয়া দরকার। বড়ো সেচের টাইম লাগে। কিন্তু ক্ষুদ্র সেচগুলিকে তাড়াতাড়ি করা, যাতে অবিলম্বে এক ফসলিগুলোকে দু-ফসলি, যেগুলো পতিত জমি আছে সেগুলোকে অন্তত এক ফসলি এবং বহু ফসলি করার মাধ্যমে কৃষি উৎপাদনশীলতা বাড়াবার একটা প্রচেষ্টা আমাদের নেওয়া হয়েছে। সেজন্য আমি ধন্যবাদ জানাচ্ছি। এগুলো করার জন্যে কৃষকদের মধ্যে মিনিকিট দেওয়া থেকে আরম্ভ করে নতুন নতুন প্রযুক্তি নেওয়া হয়েছে। আজকে আমরা সবথেকে অবাক হয়ে যাচ্ছি এবং আমরা বলছি, সারা ভারতবর্ষে যখন প্রোডাক্টিভিটি বাড়ছে, উৎপাদনশীলতা বাড়ছে সেখানে পশ্চিমবাংলার প্রোডাক্টিভিটি কমে যাচ্ছে। আমরা দেখেছি কয়েক বছর ধরে প্রোডাক্টিভিটি

একটা জায়গাতে স্ট্যাগনেন্ট হয়ে রয়েছে। এই স্ট্যাগনেন্ট কন্ডিশান থেকে আমাদের মুক্তি পেতে গেলে নতুন প্রকল্পগুলি নেওয়ার দরকার আছে। এই কম সময়ের মধ্যে প্রথম বছরেই আমাদের কৃষিমন্ত্রী যে ধরনের প্রকল্পগুলি নিয়েছেন—কৃষকদের মধ্যে সাবসিডি আরম্ভ করে, নতুন নতুন মেশিনারি ব্যবস্থা তৈরি করে এবং সাবসিডি দিয়ে কৃষকদের মধ্যে বিভিন্ন ধরনের মেশিন পাঠিয়ে, এগ্রিকালচারের প্রোডাক্টিভিটি, এগ্রিকালচারকে ইরিগেটেড করে, ওয়ান ক্রপকে মাল্টি ক্রপ করার মাধ্যমে প্রোডাকশান বাড়াবার চেষ্টা চলছে। সুতরাং আমাদের চিন্তা করতে হবে, আমাদের এগিয়ে যেতে হবে। খাদ্যের জল চাল উৎপাদনে আমরা স্বয়ম্ভর আছি, আলু উৎপাদনে আছি কিন্তু অন্যান্য ডালশস্য, মশলা এগুলো উৎপাদনে আমরা পিছিয়ে আছে। তার ফলে বাইরে থেকে আমাদের নিয়ে আসতে হচ্ছে। এখান থেকে টাকা-পয়সা চলে যাচ্ছে। তাই প্রোডাক্টিভিটি যদি আমরা বাড়াতে পারি তাহলেই এটা সম্ভব হবে। কৃষি পেনশানের ব্যবস্থা করা হয়েছে। কৃষি পেনশান অনেক বাড়িয়ে দেওয়া হয়েছে। একটা রাডিক্যাল চেঞ্জ করা হয়েছে। আগে ছিল ৮,৮০৯ জন। নতুন সরকার এসে ৭৫,২০৫ জনকে কৃষি পেনশানের আওতায় এনেছে। সুতরাং এটা একটা যুগান্তকারী ঘটনা। সেই জন্য আমরা বলছি, আমাদের আগামী দিনে আরও এগিয়ে যেতে হবে। খাদ্য উৎপাদনে আমাদের স্বয়ম্ভর হতে হবে। যে যে শস্যগুলোর উৎপাদন কম হয় সেগুলোর উৎপাদন বাড়িয়ে পশ্চিমবাংলাকে খাদ্যে স্বয়ম্ভর করতে হবে। খাদ্যে শুধু চাল উৎপাদন করলেই হয় না, সমস্ত বিষয়গুলির উৎপাদন বৃদ্ধি করার চেষ্টা করা হচ্ছে। আমি ধন্যবাদ জানাচ্ছি কৃষিমন্ত্রীকে। আমি ধন্যবাদ জানাচ্ছি মুখ্যমন্ত্রীকে। মুখ্যমন্ত্রী—তিনি যে কিষাণ ক্রেডিট কার্ড চালু করেছেন এবং যাদের জমি নেই, যারা কন্ট্রাক্টে জমি নিয়ে থাকেন, বর্গাদার, পাট্টাদার তাদেরকে পর্যন্ত এই তালিকায় যুক্ত করে দেওয়া হয়েছে। তার জন্য আমি ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় চেয়ারম্যান সাহেব, প্রথমেই আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে ৩টি বাজেটে ৩ জন মাননীয় মন্ত্রী মহাশয় ছাড়া হাউসের অবস্থাটা কি দেখুন স্যার। আর এদিকে তাকিয়ে দেখুন স্যার, শুরুতেই এই অবস্থা হচ্ছে। কৃষি বাজেটে মাননীয় শ্রদ্ধাভাজন শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য মহাশয়, আপনার মুখের দিকে তাকালে শ্রদ্ধা করতে ইচ্ছা করে। বয়সে প্রবীন শিক্ষক, খুব শান্তি সহাবস্থানের মধ্য দিয়ে আপনি চলছেন। কিন্তু কেন জানি না শিক্ষককে শিক্ষা দপ্তরের দায়িত্ব দিয়ে আমরা খুশি হয়েছিলাম। বোধহয় একটু খোলনলচে পাল্টাবার চেষ্টা করবেন। লাফ দিয়ে চলে এল কৃষি। তবু ভরসা রাখি। তবু ভরসা রাখি। শিক্ষিত মানুষ, শিক্ষক মানুষ আপনিও কৃষির ক্ষেত্রটা এগিয়ে নিয়ে যাবেন। কিন্তু স্যার, বোধহয় আপনি একটু ইতস্তত ছিলেন। শুরুতে শিক্ষা নিয়ে চিন্তা করেছেন। আপনাকে বাজেটে ভাষণ দিতে হবে, আপনার মধ্যে সেটাই প্রতিফলিত হয়েছিল। কিন্তু মাঝপথে আপনিই জানলেন না, ঘোষিত হয়ে গেল, যে আপনার দপ্তরটা কৃষি হয়ে গেল। আর তারই প্রতিফলন পড়ল আপনার এই ১৬ পাতার বক্তৃতায়। কিছু মনে করবেন না মাস্টারমশাই লোক তো। তাই কৃষি দপ্তরের বাজেটের মধ্যে ভূগোলের বই লেখা হয়েছে। আপনি দেখুন—আমাদের বাংলার প্রধান প্রধান কৃষিপণ্য কি ? কোথায় কোথায় কোন রাজ্যে

উৎপাদিত হয় ? এইসব বাচ্চাদের শিক্ষকরা, যেভাবে আমরা শেখাই বা উনি শিখিয়েছেন প্রায় ১৬ পাতার বক্তৃতায় সবই তাই লেখা আছে। দ্বিতীয় বিষয় হল, একটু আশা ছিল, ভরসা ছিল, সেটা না বলে ব্যাখ্যা করে বোঝাতে পারব না। শিক্ষকের কাছ থেকে তো একটু শিক্ষার ছিল, এত বড়ো একটা রাজ্য, কৃষিতে বিপর্যয় মানে রাজ্যের বিপর্যয়, কৃষিতে বিপর্যয় মানে মা-মাটি-মানুষের বিপর্যয় আর কৃষিতে বিপর্যয় মানে সবটাই ধরাশায়ী। আপনি এই বাজেটের মধ্য দিয়ে,

(গোলমাল)

স্যার, একটু শুনতে বলুন স্যার, খারাপ কথা বলব না। একটু শুনতে বলুন। আপনি এই বাজেটের মধ্য দিয়ে একটু লক্ষণীয় targeted জায়গার, দৃষ্টান্তস্বরূপ কিছু দিতে পারলেন না। একেবারে গতানুগতিক figure, figure, figure, ২০১০-১১-এ কি হয়েছিল, কোথায় কটা খামার, কোথায় কত কি আছে, গবেষণাকেন্দ্র, ইত্যাদি ইত্যাদি বলে total ভাষণটা শেষ করেছেন। শুরুতে ভূমিকাতে একটা কথা নেই, শেষেও তাও নেই, উপসংহারে তাও নেই। সুতরাং কি বলা যেতে পারে ? প্রথমেই যদি বলি, আপনার অজ্ঞাতসারে কি জ্ঞাতসারে কি জানি না, আজকে মাননীয় অর্থমন্ত্রী মহোদয় ৩৩ কোটি টাকার subsidy ঘোষণা করলেন, আপনার বাজেটের উপরে, fertilizer-urea ইত্যাদির উপরে। আপনি জানেন কি, আপনার জানা ছিল কি ? এখানে আসার আগে কি জেনে এসেছিলেন ? যদি বা তাই হল, তাহলে আপনার আগে জানতেন না যে আজকের এই বাজেটের মধ্য দিয়ে আপনার এটা আসবে, আপনার সেই ইঙ্গিত এখানে নেই। ভালো কথা। আপনার কাছ থেকে শুনতে চাইব যে এর materialize কি করে হবে ? ৩৩ কোটি টাকা আমাদের রাজ্যের এত বড়ো জায়গায় এত বড়ো একটা দপ্তর, আর এত্ত কৃষিপ্রধান এলাকা—একটা নস্যির মতো। কতটুকু সমাধান হতে পারে ? দ্বিতীয় বিষয় হল যে, আপনার বাজেট ছাড়া, বোধহয় এটাকে বাজেট বলব না, ৯০ দিনের সরকারের কাজের খতিয়ান। কোনটা দেখে বলব বলুন তো ? এইটা দেখে ? এইটাই তো বেশি মূল্যবান। মাননীয়া মুখ্যমন্ত্রী মহাশয়া এখানে place করেছেন। করতালির মধ্য দিয়ে এখানে গৃহীত হয়েছে। ৯০ দিনের কাজের খতিয়ানের মধ্যে প্রথম লাইনে বলা আছে, সবুজ বিপ্লবকে স্বর্ণ বিপ্লবে করবেন। আর আপনার এই বাজেটে ? সবুজ বিপ্লব ছাড়া একটা কথা, স্বর্ণ কেন রৌপ্য বিপ্লবও বলা নেই। কোনটা যাবে ? স্বর্ণ বিপ্লব না সবুজ বিপ্লব ? একটা কথা কিন্তু আপনি উচ্চারণ করতে পারলেন না। তাহলে এইটা কে লিখলেন ? আপনি লিখলেন, আপনার দপ্তর থেকে লিখলেন ? না অন্যভাবে এই বক্তৃতাটা চলে এল ? দ্বিতীয়ত বললেন, Kishan Credit Card সবাইকে পৌঁছে দেবেন। সবাইকে পৌঁছে দেবেন। ঠিকই তো, Kishan Credit Card সবাইকে পৌঁছে দেওয়ার তো একটা রীতি, কৌশল, নীতি থাকবে। এক কথায় বলে দিলেন, BDO মারফত। আরে, কদিন না হয় আমাদের পঞ্চায়েতগুলো আছে, ভয় করছেন, পঞ্চায়েতের মাধ্যমে দিলে বামপন্থী লোকেদের হাতে যাবে বোধহয়, এইজন্য এক কথায় বলে দিলেন। গণতান্ত্রিক প্রক্রিয়ায় আমলাকেন্দ্রিক ব্যবস্থার উপরে নির্ভর করে গরিব কৃষকদের হাতে প্রকৃত কৃষক, গরিব, তাদের হাতে কি একজন BDO, Block আধিকারিক, চিহ্নিতকরণ

করে কার্ডটা যথানিয়মে যথাসময়ে পৌঁছে দিতে পারবেন ? আপনি এইটা বলে দেবেন। তার প্রস্তুতিটা কতটা করেছেন ? আপনি আর একটা কথা বলেননি। এই ৯০ দিনের বক্তব্যের মধ্যে বলা আছে যে, শস্যবীমা। খুব ভালো কথা। এটা নতুন, শস্যবীমা চালু করলেন, আপত্তি করে লাভ নেই। আপনারা বলছেন যে আমরা রাজ্যে শস্যবীমা চালু করলাম। এটা পুরনো কথা বহু আলোচিত কথা। তার ত্রুটি-বিচ্যুতি নিয়ে আলোচনা হতে পারে, সেক্ষেত্রেও বললেন ? ব্যাঙ্কের আধিকারিক, তারাই ক্ষতিটা বিশ্লেষণ করবে, ক্ষতিগ্রস্থ কৃষকদের। প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতি হলে, জমির পরিমাণ ও নষ্ট হওয়া ফসলের পরিমাণ বিবেচনা করে ব্যাঙ্ক করবে বীমার অর্থের পরিমাণ—ব্যাঙ্ক ঠিক করবে। কি করবেন সরকারের ভূমিকা কি হবে ? ব্যাঙ্কে উপরে ছেড়ে দিয়ে দিলেন। ব্যাঙ্কে লাইন দিয়ে একটা কার্ড করতে কত সময় লাগে ? আপনি ব্যাঙ্কের মধ্যে systemটা কি পাঠিয়েছেন অন্যভাবে ? আবার কি বলেছেন, কৃষকবন্ধু, নতুন শব্দ। ঠিক কৃষকবন্ধু। আরে কৃষক সমাজের বন্ধু, সবাই জানে।

[2.20—2.30 p.m.]

কিন্তু প্রতি ব্লকে ৫০ জন কৃষক বন্ধুকে চার হাজার টাকা দেবেন, কিসের জন্য, কোন কৃষককে ? একটা ব্লকে ৫০ জন কৃষককে বাছবেন কি করে ? ক্রাইটেরিয়া কি, কারা তারা ? তৃণমূলের না টি.এম.সি.-র না কংগ্রেসের—কজন ? না আমাদের ভাগ্যে কিছু পড়বে ? কিন্তু, কোনো ব্যাখ্যা নেই। ব্যাখ্যা নেই। আর একটি ভালো কথা বলেছেন, কৃষি পেনশান-এর ক্ষেত্রে সময়টা বলে দিয়েছেন ১ সেপ্টেম্বর। দাঁড়িয়ে আছি কত তারিখে—১ সেপ্টেম্বর ২০১২ নয়—২০১১। ২০১১ সালের ১ সেপ্টেম্বর থেকে ব্যাঙ্কের মাধ্যমে কৃষকরা কৃষি পেনশান নিয়ে যাবেন। আপনার সেই প্রক্রিয়া কোথায় ? আপনার সেই সিস্টেমটা কি ? কি ভাবে নেবেন, কিছুই তো জানতে পারলাম না। আজকে আর এই কয়েকটি দিন হাতে আছে, আপনি বলছেন ১ সেপ্টেম্বর থেকে। তাহলে কৃষক পেনশান যারা পাবেন তাদের কি চিহ্নিতকরণ করা হয়েছে ? আপনারা অতিরিক্ত দেবেন বলেছেন। কিছু। সেটা কোন জেলায় তাও বলেছেন। আমি দু-একটি কথা বলি, গ্রামীণ বাজারকে কারা নিয়ন্ত্রণ করবেন ? গ্রামীণ বাজার—কালকে হাউসে ছিলাম না—নিয়ে কাগজে পড়েছি, লঙ্কার দাম কেন এত বেশি, সেটা কি কেন্দ্রীয় সরকার জবাব দেবেন ? কাঁচা লঙ্কার দাম কেন বাড়ছে ? উচ্ছের দাম, বেগুনের দাম বাড়ছে। বেগুন ১০০ টাকা, কারা নিয়ন্ত্রণ করবেন ! তাহলে ? আপনার মুখ্যমন্ত্রী বলছেন যে এই নিয়ন্ত্রণের দায় কেন্দ্রীয় সরকারের। আর আপনি বলছেন, গ্রামীণ বাজার নিয়ন্ত্রণ করবেন। হাউ ইট ইজ পসিবিল ফর ইউ ? কি করে সম্ভব ? মাস্টার মশাই বলবেন। আপনি অনেক বলেছেন, এটুকু সময়, বেশি বলার নেই। ২/৩টি সাজেশান ছিল, অনেক আলোচনা, গবেষণা ইত্যাদি আছে। কিন্তু একটা বড়ো বিষয় বলেননি। কেন্দ্রীয় সরকারের লবণাক্ত কৃষি গবেষণা কেন্দ্র আছে, কোথায় আছে আপনি বলে দেবেন। তার ভূমিকাটা কি ? কত টাকার প্রতি বছরে তারা কি কাজ করেন ? সেই গবেষণা কেন্দ্র থেকে এ পর্যন্ত কি বীজ বের করেছেন—লবণ জলে যেটা চাষ করা সম্ভব। এটুকু বলবেন। কে.পি.এস.-দের ব্যাপারে, দয়া করে আমাদের ব্যর্থতা বলতে

পারেন। সত্যিকারের কাজ করতে গেলে এক মিনিট সময় নিচ্ছি—দেখুন, এত কিছু না করে কৃষি পাঠশালা করুন। কে.পি.এস.-দের কাজে লাগান, ট্রেনিং দিয়ে। বড়ো বড়ো ট্রেনিং দিয়ে হবে না। গ্রামের মানুষ, প্রকৃত কৃষক সকলেই যথেষ্ট জানে, এটা প্রথমত। দ্বিতীয়ত হচ্ছে, এই প্রকৃত কৃষক যারা তাদের পুরস্কার দিন, ভালো চাষ করে কৃষিতে ভালো ফসল ফলিয়েছে তাদেরকে পুরস্কৃত করুন, তাদেরকে ট্রেনার করুন, কৃতী কৃষককে আপনি দিন। আর শেষে আবেদন হচ্ছে, মিশ্র চাষ নিয়ে বলব। অনেক আগে, তখন কংগ্রেসের আমলে নিবিড় মিশ্র চাষ প্রক্রিয়া, বড়ো বড়ো বোর্ড লাগাতেন, আমরা অন্যভাবে চেষ্টা করেছি, বোর্ড না লাগিয়ে। কিন্তু ওইটাই হবে কৃষকদের আসল চাষ। আল চাষ সম্বন্ধে জানেন, আল চাষ অর্থাৎ জমিতে ধান চাষ, দুইপাশে আলের উপর দিয়ে উঠেছে ফসল। আরো কিছু হচ্ছে। সুতরাং এগুলির উপর আপনি বেশি করে লক্ষ দিন, গ্রামের মানুষ, কৃষক পরিবারের মানুষ, শিক্ষক মানুষ আপনার উপর আস্থা আছে। কোনটা সত্য আপনি বলবেন, ৯০ দিনের এই তথ্য না আপনার বাজের বক্তৃতা ? এই বলেই আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে আমি কৃষি সম্পর্কিত বাজেট বিষয়ে আলোচনায় অংশগ্রহণকারী মোট সংখ্যা যাদের হচ্ছে ৬ জন অংশগ্রহণ করেছেন—সরকার পক্ষের এবং বিপক্ষের বন্ধুগণ, সকলকে আমি আমার আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে বাজেট সম্পর্কে দু-একটি কথা বলছি। সময় মাত্র আমাকে ৬ মিনিট দেওয়া হয়েছে। সকল প্রসঙ্গ উত্থাপন করে আলোচনার বিষয়টা এই সময়ের মধ্যে করা সম্ভব নয়, তবুও করতে হবে। প্রথমেই আমি আমার শ্রদ্ধেয় অর্থমন্ত্রী এবং আমার শ্রদ্ধেয়া মুখ্যমন্ত্রীর কাছে আমার কৃতজ্ঞতা কৃষকদের পক্ষ থেকে জানাচ্ছি। বাজেট প্রস্তাব আলোচনার পূর্ব মুহূর্তে ৩৩ কোটি টাকা সারে ভর্তুকি ঘোষণা করার জন্য আমি তার প্রতি আমার কৃতজ্ঞতা এবং কৃষকদের পক্ষ থেকেও কৃতজ্ঞতা জানাচ্ছি। আমার মাননীয়া নেত্রী, মুখ্যমন্ত্রী ৩৩ কোটি টাকা তিনি যে ভর্তুকি দিয়েছেন, ঘোষণা করেছেন এই মাত্র, এই ঘোষণার মধ্য দিয়ে আর একবার প্রমাণিত হল যে আমার সরকার এবং মাননীয়া নেত্রী মুখ্যমন্ত্রী তিনি কৃষক বন্ধু। যখন তিনি নেতৃত্বে ছিলেন না, সরকারে ছিলেন না, তখন আমি প্রত্যক্ষ অভিজ্ঞতায় দেখেছি তিনি কৃষকদের পক্ষে তার যে অত্যন্ত দৃঢ় সংগ্রাম এবং তাদের দাবি সম্পর্কে তিনি যেভাবে ভূমিকা নিয়েছিলেন সেটা আমি প্রত্যক্ষভাবে দেখেছি। আর আজকে শুধু মাঠে নয়, এই হাউসে তিনি তার অর্থমন্ত্রীর মাধ্যমে যে ঘোষণা করলেন ৩৩ কোটি সারে ভর্তুকি দেবেন এটা সেই কৃষক বন্ধু রূপেই তিনি আর একবার নিজেকে এখানে প্রতিষ্ঠিত করলেন। আমি শ্রদ্ধেয় সুভাষবাবুর কথা দিয়ে শুরু করছি। তিনি আমাকে প্রথমে অনেক প্রশংসা করলেন। আমি তার জন্য তাকে কৃতজ্ঞতা জানাচ্ছি। আমি তার কাছে শ্রদ্ধাস্পদ বলে আমার খুবই প্রশংসা করেছেন। আমার প্রশংসা করার জন্য আপনি যে কথাগুলো বললেন তাতে আমি আপনার প্রতি শ্রদ্ধা এবং কৃতজ্ঞতা জানাচ্ছি।

মিঃ চেয়ারম্যান : সভার অনুমতি নিয়ে এই ডিমান্ডে আলোচনার সময় আরো ১০ মিনিট বাড়ানো হল।

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য : ধন্যবাদ। সুভাষবাবু আমার প্রশংসা করেও তিনি অনেকখানি কৈফিয়ত চেয়েছেন। আমার মনে হচ্ছে এটা বোধহয় একটা ব্যাজস্তুতি হল। অর্থাৎ কিছু নিন্দাও তিনি আমার প্রতি উল্লেখ করলেন। যাইহোক, দায়িত্ব পেলে তার সমালোচনা অবশ্যই হবে। আর সেই সমালোচনা যদি বন্ধুত্বপূর্ণ এবং সাংগঠনিকভাবে হয় তাহলে সেটাও বন্ধুত্বেরই কাজ। তাই আমি আবার তাকে আমার কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জ্ঞাপন করছি। যিনি প্রথম বক্তা তিনি পাটের দাম এবং ধানের দাম সম্পর্কে অভিযোগ করেছেন। তার উত্তরে বলি যে ধানের দাম ইতিমধ্যেই ঘোষণা করা হয়েছে। সুভাষবাবুও বললেন যে ধান কেনার লোক নেই। কিন্তু এটা আমাদের কানে পৌঁছানোর পর এবং জানতে পারার পর আমার সরকার তৎপরতার সঙ্গে ঘোষণা করেছেন তারা ধান ক্রয় করার জন্য মিলের দ্বার দেশে উপযুক্ত ব্যবস্থা ইতিমধ্যেই করেছেন গতকাল আমরা শ্রদ্ধেয় প্রিয় খাদ্যমন্ত্রী। তার জন্য এই বিষয়ে আপনাদের কাছ থেকে সহযোগিতা চাইছি যাতে কৃষকদের কাছ থেকে এই উপযুক্ত মূল্যে ধান যেটা বিক্রি হচ্ছে না, আমার সরকার ধান ক্রয় করার জন্য তৎপর হবেন। এর সঙ্গে পাটের মূল্য ইতিমধ্যেই ঘোষণা করা হয়েছে, গতবারের পাটের যে নির্ধারিত সর্বনিম্ন দর ছিল, সেটিকে আমরা ২৩৫০ টাকা এই প্রস্তাব করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছি। এই পাঠানোর প্রস্তাব অনুমোদিত হলে যারা পাট চাষে সত্যি ক্ষতিগ্রস্ত হচ্ছেন তারা আর ক্ষতিগ্রস্ত হবেন না।

[2.30 – 2.40 p.m.]

এর সঙ্গে আরও বলি যে কৃষি পেনশানের ক্ষেত্রে আমাদের সরকার সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে থেকেও বাড়িয়েছেন, যারা সত্যিকারের পেনশান পাওয়ার উপযোগী সেই রকম প্রায় ৭৫ হাজার কৃষককে আমরা ব্যাঙ্কের মাধ্যমে পেনশান দেওয়ার ব্যবস্থা করব। এর সঙ্গে আমাদের যে খাদ্যের লক্ষ্যমাত্রা রয়েছে, আমাদের খাদ্যের যে প্রয়োজন রয়েছে, সেই লক্ষ্যমাত্রা গত আর্থিক বছরে ছিল ১৩৭ লক্ষ টন। আমরা সেটাকে বাড়িয়ে লক্ষ্যমাত্রা ধার্য করেছি ১৭১ লক্ষ টনের কাছাকাছি বা তার কিছু বেশি। এদিকে আমরা চেষ্টা করছি যাতে খাদ্য সুরক্ষা এই প্রকল্প অনুযায়ী কোনো মানুষের কাছে খাদ্য অপ্রতুল না হয়ে যায়। প্রত্যেক মানুষের উপযোগী খাদ্য আমরা যাতে সরবরাহ করতে পারি, উৎপাদন করতে পারি, তার সু-ব্যবস্থা থাকবে। খাদ্যের অভাবে একজন মানুষেরও মৃত্যু হয়েছে সেটা আমরা দেখতে চাই না, সেই ব্যবস্থা আমরা করব। আর বিগত সরকার তাদের বক্তব্যের মধ্যে বারংবার বলেছেন আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। এটা কিন্তু আমার বক্তব্যের মধ্যেই বলা আছে এটা সবটুকু সত্য নয়। চাল, আলু, সবজি—এই তিনটি ক্ষেত্রে আমার পশ্চিমবাংলা স্বয়ংসম্পূর্ণ। বাকি ক্ষেত্রে যেমন—তৈলবীজ, ডাল শস্য, গম, মাছ, মাংস, দুধ—শেষের তিনটি যদিও আমার বিভাগের অন্তর্ভুক্ত নয়, তবুও সবগুলি ক্ষেত্রেই উৎপাদনের দিক থেকে আমরা পিছিয়ে আছি এবং সেই ব্যাপারে অন্য রাজ্যের উপরে আমরা নির্ভরশীল। তাই আমার সরকার যেগুলো কৃষিজাত পণ্য সেগুলোর প্রত্যেকটি ক্ষেত্রে যাতে আরও বেশি উৎপাদন করতে পারি তার কথা আমার বাজেট বইতে প্রস্তাবিত আছে। একটা জিনিস আপনাদের

বলি, যখন সিঁড়ি দিয়ে আমরা উপরে উঠতে যাই তখন একটা পা তলায় থাকে, আরেকটা পা সিঁড়ির উপরে থাকে। আমারও কতটা সেই রকম অবস্থা। আমি যখন উঠতে চাইছি তখন আমার একটা পা তলায় আছে। বিগত বর্ষগুলিতে আপনারা যখন দায়িত্বে ছিলেন সেখান থেকে আমাকে উঠতে হচ্ছে এবং আমরা যেতে চাইছি সর্বত্র উন্নয়নের ক্ষেত্রে। ছিয়ানব্বই দিনের সরকারের সঙ্গে আগামী দিনগুলিতেও যাতে আমরা কৃষি উন্নয়নের ক্ষেত্রে এগিয়ে যেতে পারি সেই ব্যাপারে বক্তব্য আমি বাজেট বইতে মোটামুটি রাখবার চেষ্টা করেছি। এখানে আরও অনেকগুলি প্রশ্নের উত্তর দিলে ভালো হয়। কৃষকদের ঋণ, শষ্য বীমা সম্পর্কেও উল্লিখিত হয়েছে। কৃষকদের শষ্য বীমা সম্পর্কে পূর্বেই উল্লেখিত হয়েছে, আমি এই সভাতে আবার তা উল্লেখ করছি। কিষাণ ক্রেডিট কার্ডের ব্যাপারে আমরা ইতিমধ্যেই সক্রিয় হয়েছি এবং আগামী কয়েকদিনের মধ্যেই উপযুক্ত পরিমাণ কিষাণ ক্রেডিট কার্ডের ফর্ম প্রত্যেকটি ব্লকে পাঠিয়ে দেব। ব্লক থেকে কৃষকেরা ফর্ম সংগ্রহ করে সেই ফর্ম পূরণ করে আবার কৃষি দপ্তরে জমা দিলে আমরা অতি দ্রুততার সঙ্গে এই কৃষকদের হাতে সর্বোচ্চ ৫০ হাজার টাকা পর্যন্ত ঋণ পৌঁছে দেবার জন্য সক্রিয় হয়েছি। এই ঋণের জন্য কৃষকদের ৭ শতাংশ হারে সুদ দিতে হবে এবং সেটি যদি কৃষকেরা ঠিক ঠিক সময়ে পরিশোধ করে দেন তাহলে তাদের এই সুদের ক্ষেত্রে ৪ পার্সেন্ট ভর্তুকি দেওয়া হবে, রিবেট দেওয়া হবে। যার ফলে কৃষকেরা সেখানে মাত্র ৩ পার্সেন্ট ইন্টারেস্টে তারা ঋণের সুযোগ পাবেন। এর সঙ্গে শস্য বিমারও কথা উঠেছে। ....(গোলমাল).... ৪ পার্সেন্ট ছাড় দিলে ৩ পার্সেন্টই প্রকৃতপক্ষে সুদ দিতে হবে। ৭ পার্সেন্ট থেকে ৪ পার্সেন্ট রিবেট গেলে ৩ পার্সেন্টই সুদ দাঁড়ায়। আর শস্য বিমার কথা উঠেছে, শস্য বিমার ক্ষেত্রে এইটুকুই বলার, যখন কৃষকেরা ওই ঋণ গ্রহণ করবেন সেই ঋণ গ্রহণের ক্ষেত্রে শস্য বিমা সেটাও কভার করে যাবে। সেই দেও টাকা থেকে বিমার জন্য কিছু অংশ যেটি এখনো কত পার্সেন্টেজ হবে, সেটা নির্ধারিত হয়নি। তবে প্রদানকালে সেই ঋণ থেকেই তার কিছু অংশ বিমার জন্য রেখে দিয়ে তা বিমার অন্তর্ভুক্ত করা হবে। আপনি বলেছেন, বিমার ক্ষেত্রে যখন যে ক্ষতি হবে সে ক্ষতি নির্ধারণের ক্ষেত্রে সম্পূর্ণরূপে যারা বিমার অধিকারী হবেন তাদের ওপরই সাধারণত তা নির্ভর করবে। তবে এক্ষেত্রে সরকারেরও সক্রিয় ভূমিকা থাকবে তারা যা বলে দেবেন, আমরা তাই স্বীকার করে নেব না। আমার কৃষি বিভাগ যে তাই স্বীকার করে নেবে সেটা হবে না। তবে আমরা উভয় পক্ষ থেকে উপযুক্ত ভাবে কৃষকের ক্ষতি যাতে পূরণ হয়, তার জন্য আমরা নিশ্চয় সচেষ্ট হব। আমার সময় শেষ হয়ে গেছে। পরিশেষে শুধু বলতে চাই, আমার এই কৃষি বাজেটকে আপনারা সমর্থন করে তা অনুমোদন করুন, এবং কৃষির উন্নয়নের ক্ষেত্রে সর্বপ্রকারে আপনারা সকলে সহযোগিতা করবেন এই আবেদন জানিয়ে আবার সকলকে আমার কৃতজ্ঞতা, ধন্যবাদ, শ্রদ্ধা ও নমস্কার জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 835,39,85,000 be granted for expenditure under Demand No. 5, Major Heads: "2235-Social Security and Welfare, 2236-Nutrition, 2401-Crop

Husbandry, 2402-Soil and Water Conservation, 2415-Agricultural Research and Education, 2551-Hill Areas, 2575-Other Special Areas Programmes, 3451-Secretariat-Economic Services, 4401-Capital Outlay on Crop Husbandry and 4415-Capital Outlay on Agricultural Research and Education during the year 2011-2012. (This is inclusive of a total sum of Rs. 278,47,16,000 and Rs. 1,39,21,93,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

[2.40—2.50 p.m.]

Demand No. - 32

Mr. Chairman : Now discussion under Demand No. 32. There is no Cut motion to Demand No. 32

শ্রী আব্দুর রহিম বক্সি : মাননীয় চেয়ারম্যান স্যার, সেচ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় ডঃ মানস রঞ্জন ভূঞ্যা মহাশয়, ৩২ নং দাবির উত্থাপন প্রসঙ্গে যে বাজেট বিবৃতি দিয়েছেন, তার কিছু অংশ সমর্থন করে কিছু অংশ আলোচনা করতে চাইছি। যে অংশটি সমর্থন করছি তিনি তার বাজেটে বিভিন্ন জায়গায় বলেছেন যে, পশ্চিমবঙ্গের বন্যা প্রতিরোধে, ভাঙন রোধে কেন্দ্রীয় সরকারের আর্থিক অসহযোগিতা, আর্থিক উদাসীনতা প্রকাশ পেয়েছে। অর্থাৎ কেন্দ্রীয় সরকার বিগত পশ্চিমবঙ্গ সরকারকে পর্যাপ্ত পরিমাণে আর্থিক সাহায্য না করার কারণে, বিগত সরকার বন্যা নিয়ন্ত্রণ এবং ভাঙন রোধ করতে সক্ষম হয়নি, সেই কথাটি বলেছেন। সেটাকে সমর্থন করে, বাকি অংশ সমর্থন করতে পারছি না। পাশাপাশি ভাবে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে, আমি জানতে চাইব—মাননীয়া মুখ্যমন্ত্রী মহোদয়া ঘোষণা করেছিলেন যে, সুন্দরবনের আয়লা ক্ষতিগ্রস্ত যে সমস্ত মানুষজন আছেন, তাদের প্রত্যেক পরিবারের একজন করে চাকরির ব্যবস্থা করা হবে। সেই চাকরি কত দিনে হবে, কি অবস্থায় দাঁড়িয়ে আছে, এটার পরিকল্পনা কি, সেটা বাজেট বিবৃতির মধ্যে আমরা কোথাও দেখতে পেলাম না। মাননীয় মন্ত্রী মহোদয়ের এই সম্পর্কে কিছু জানা থাকলে জানাবেন—এই আমি আশা রাখছি। পাশাপাশি তিস্তা ব্যারেজ প্রকল্পের মধ্যে দিয়ে তিনি যে কথা এখানে বলেছেন—তিস্তা ব্যারেজ প্রকল্প এই সরকার আসার পরে ৯০ দিনের মধ্যে দুই কিলোমিটার খনন কাজ সম্পূর্ণ করা হয়েছে। কিন্তু ঠিক আমি বুঝতে পারছি না বিবৃতির মধ্যে দিয়ে। বিগত সরকারের আমলে এই দুই কিলোমিটার কাজ হয়েছিল, না এখন সম্পূর্ণ হয়েছে ? ৯০ দিনের সরকার এসে কিন্তু তিস্তা ব্যারেজ প্রকল্পের কাজ করেননি। আমি আশা রাখব এখন বর্তমানে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার, এই দুই সরকারের মধ্যে যারা আছেন, তারা এবার এই তিস্তা ব্যারেজ প্রকল্পের মধ্যে দিয়ে খনন কাজ এবং জল সেচের কাজের দ্রুততা ফিরিয়ে আনবেন। এখন বর্তমানে আর্থিক সহযোগিতার কোনো অভাব হবে না। এখন কেন্দ্রীয় সরকার পর্যাপ্ত পরিমাণে অর্থ দেবেন বলে তিনি তার প্রথম

পাতাতেই সে কথা ঘোষণা করেছেন। তাই আমরা আশা রাখব, যে পরিকল্পনা ২০১৫ সালে শেষ করার কথা আমরা উত্তরবঙ্গের মানুষের জন্য, সেচ প্রকল্পটাকে আরও কৃষকদের কাছে পৌঁছে দেবার জন্য তিনি কেন্দ্রের কাছ থেকে আরও বেশি পরিমাণে আর্থিক সহযোগিতা এনে উত্তরবঙ্গের সমস্ত জেলায় জেলায় এই তিস্তা প্রকল্পের মধ্যে দিয়ে জল সেচের ব্যবস্থা তিনি করবেন। পাশাপাশি আমরা সাধুবাদ জানাই মন্ত্রী মহোদয়কে যে বন্যায় গোটা পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্তে হাজার-হাজার, লক্ষ-লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হলেন। তিনি মালদা জেলায় গিয়েছিলেন, সেখানে তিনি ঘোষণা করে এসেছিলেন—এই বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে জল সম্পদ যে দপ্তর আছে, সেই দপ্তরের সাথে, সেই এলাকার বিধায়ক এবং সাংসদরা যারা থাকবেন, তাদেরকে নিয়ে একটা কো-অর্ডিনেশন কমিটি গড়া হবে, সমন্বয় কমিটি করা হবে। এবং সেই সমন্বয় কমিটি ১৫ দিন অন্তর বসে এলাকার কাজ কি ভাবে করা যাবে, কি ভাবে বন্যা নিয়ন্ত্রণ, কি ভাবে ভাঙন প্রতিরোধ এবং সেখানে সেচের কাজ আরও দ্রুত গতিতে কি ভাবে সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া যায়, সেই সম্পর্কে কো-অর্ডিনেশন কমিটি কাজ করবে। আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করব যে, তিনি যখন মালদা গিয়েছিলেন, তার যাওয়ার সময় থেকে আজকের সময়কাল প্রায় ২২ থেকে ২৩ দিন অতিবাহিত। এর মধ্যে কিন্তু ১৫ দিন পার হয়ে গেছে, সেই কমিটির মিটিং কিন্তু করা হয়নি। আমি সেখানকার মাননীয় ডি.এম. সাহেবকে জিজ্ঞাসা করেছিলাম—তিনি বললেন, মাননীয় মন্ত্রী মহোদয় বলে গেছেন, কিন্তু কোনো জি.ও. নেই, কোনো গভর্নমেন্ট অর্ডার না করার কারণেই সেই মিটিং ডাকা সম্ভবপর হচ্ছে না। তাহলে আবেদন করব, শুধু মাত্র কি সেখানকার মানুষদেরকে, যে এলাকায় আমরা ভাঙন কবলিত, বন্যা কবলিত সেখানকার মানুষকে, সেচ দপ্তরের পক্ষ থেকে শুধু মন বুঝে দেওয়ার জন্য এই রকম প্রতিশ্রুতি কো-অর্ডিনেশন কমিটিকে দেওয়া হয়েছিল। এটা একটু জানার চেষ্টা করব, মাননীয় মন্ত্রী মহোদয় এখানে বলবেন, আশা রাখছি। পাশাপাশি ভাবে এখানে বিগত দিনে, আমরা শুনেছি এই পশ্চিমবঙ্গে যখন বন্যা হত, যখন ভাঙন হত, তখন পশ্চিমবঙ্গ সরকার মানুষের দ্বারা বন্যা হত, অর্থাৎ ম্যান মেড ফ্লাড বলে বলা হত। কিন্তু এই সরকারের ৯০ দিনের মাথায় আমরা দাঁড়িয়ে দেখলাম, আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম, যে কথাটা আবারও বলতে চাই যে মানুষের তৈরি করা বন্যা আমরা এই সরকারের পিরিয়ডে দেখতে পেলাম। মালদা জেলার দেবীপুর বাঁধ, গত মরশুমে সেই বাঁধ ভাঙন হয়েছিল। সেই ভাঙনের ফলে সবাই মিলে এসে এই সরকারের পিরিয়ডে সেই ভাঙনে সেই বাঁধের কাজ পুনরায় করা সম্ভব না হলেও এখানে একটা মিনি বাঁধের কথা ঘোষণা করা হয়েছিল। সেখানে ১ কোটি ২০ লক্ষ ৩৭ হাজার টাকা সেচ দপ্তর থেকে—ধন্যবাদ মাননীয় মন্ত্রী মহাশয়কে, তিনি সেখানে স্যাংসান করেছিলেন। কিন্তু সেই বাঁধ তৈরি হল না। আমি প্রতিবাদ করেছিলাম। সেখানে ১ কোটি টাকা আত্মসাতের পরিকল্পনা নিয়ে বালির বস্তা দিয়ে মিনি বাঁধ তৈরি হচ্ছে। সেই বাঁধ ভাঙবে যদি শক্তিশালী না করা যায়। সেই বাঁধ ভাঙলে কম-সে-কম ৮টি গ্রাম পঞ্চায়েতের ৪ লক্ষাধিক মানুষ বন্যার তলায় চলে যাবে, বাড়িঘর শেষ হয়ে যাবে, মানুষের মৃত্যু হবে। আমার কথা না শুনে ১ কোটি টাকা আত্মসাতের

প্রচেষ্টায় সেখানে একটা বাঁলির বাঁধ তৈরি করা হল। ১০ লক্ষ টাকাও খরচ করা হল না। মাননীয় মন্ত্রী মহাশয় যে পরিকল্পনা করেছিলেন সেখানে যদি ১ কোটি টাকা খরচ হত তাহলে কিন্তু সেখানে সত্যিকারের মানুষের বাঁচার একটা পথ থাকত। কিন্তু সেই টাকা আত্মসাতের মধ্যে দিয়ে ১০ লক্ষ টাকারও কাজ না হয়ে সেখানে ৭০% প্রোগ্রেস রিপোর্ট জমা দিয়ে সেই বাঁধ তৈরি করা হল। সেই বাঁধ ভেঙে যাওয়া ফলে মানুষের মৃত্যু হল। লক্ষ লক্ষ মানুষ বন্যা কবলিত হল। আমরা মনে করি এটা মানুষের তৈরি করা বন্যা, এটা ম্যান মেড ফ্লাড বলে আমরা মনে করছি। পাশাপাশি আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইব যে, তিনি তাঁর বক্তব্যের মধ্যে দিয়ে বলেছেন, বি.এল.আর.ও.-দের নিয়ে তিনি জমি অধিগ্রহণ করবেন বিভিন্ন জায়গায় খাল খননের জন্য। মালদা জেলায় গঙ্গা ভাঙন এবং ফুলাহার নদীর ভাঙনের ফলে জমিগুলো আজকে ঝাড়খণ্ডে চলে যাছে এবং তিনি সেটা জানেন। সেখানে হাজার হাজার বিঘা জমি ঝাড়খণ্ডে যে মাফিয়ারা আছে সেই জমিগুলোকে দখল করে নিয়ে মালদার মানুষদের সেখান থেকে তাড়িয়ে দেবার চেষ্টা করা হচ্ছে। আমরা আগে বলেছিলাম সেই সম্পর্ক। তিনি এখানে বলছেন কিন্তু সুস্পষ্ট ভাবে এই বাজেটে জমি উদ্ধার করে মালদার যে কৃষক আছে তাদের হাতে তুলে দেবার কোনো ব্যবস্থা আছে কিনা সেটা এখানে কিন্তু বলা নেই। তিনি বলেছেন ই-গভরনেন্সের মধ্যে দিয়ে স্বচ্ছতা ফিরিয়ে আনবেন এবং ই-টেন্ডারিং-এর মধ্যে দিয়ে তিনি সেচের যে স্বচ্ছতা এবং সেচের মধ্যে যে দুর্নীতি সেই দুর্নীতি তিনি রোধ করবেন। কবে কিভাবে কি পরিকল্পনার মধ্যে দিয়ে সেচের মধ্যে ই-গভরনেন্স চালু হবে এই বাজেটের মধ্যে বিস্তারিত ভাবে কিছু বলা নেই। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে সেই ব্যাপারে আবেদন করব তিনি যদি এই ব্যাপারটা বিস্তারিত ভাবে বলেন। শেষে আমি একটা কথা বলব, আমার একটা প্রস্তাব আছে যে গভীরতা কমে যাওয়ার কারণে নদীতে বন্যা হচ্ছে এর বাঁধের ভাঙন হচ্ছে। আমি প্রস্তাব রাখব মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে, এই নদীতে যে বালি এবং পলি জমছে সেটা সেখান থেকে তুলে যদি আমরা অন্য কাজে ব্যবহার করতে পারি, আজকে যে জাতীয় সড়ক তৈরি হচ্ছে, যেখানে বাঁধের ভাঙন তৈরি হচ্ছে, সেই পলি এবং বালিকে সেখান থেকে তুলে এনে আমরা যদি বাঁধে দিতে পারি, সেটাকে যদি জাতীয় সড়কের রাস্তায় কাজে লাগাতে পারি তাহলে একদিকে যেমন নদীর গভীরতা বাড়বে এবং বন্যা ও ভাঙন কমবে, অন্যদিকে আমাদের বাঁধের রাস্তায়, জাতীয় সড়কের রাস্তায় যে মাটির ক্রাইসিস হচ্ছে সেটা পুরণ হবে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব তিনি তাঁর বক্তব্যগুলো আরো পরিষ্কার ভাবে তাঁর বক্তব্যের মধ্যে রাখবেন এই আশা রেখে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দুলাল মুর্মু : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় সেচমন্ত্রী ৩২ নম্বর দাবি উত্থাপন প্রসঙ্গে ২০১১-১২ সালের বাজেট বিবৃতিকে পূর্ণ মাত্রায় সমর্থন জানিয়ে, জোহার জানিয়ে দু-চারটি কথা বলতে চাই। স্যার, ইতিহাসের পৃষ্ঠা যদি খোলা হয় তাহলে দেখবো প্রাচীন সভ্যতা গড়ে উঠেছে সবই নদীর পাশে, মিশরীয় সভ্যতা, মেসোপটেমিয়া সভ্যতা, সিন্ধু সভ্যতা। কিন্তু স্যার, এই নদী যুগের সঙ্গে তাল মিলিয়ে নিয়ে মানুষ উপলব্ধি করেছিল এই নদীর জলকে কি ভাবে কৃষিকার্যে ব্যবহার করা যায়।

[2.50—3.00 p.m.]

সেই জন্যই তৈরি হয়েছে বিখ্যাত আসায়ান বাঁধ, ভাকরা নাঙাল, হীরাকুঁদের মতো প্রোজেক্ট। কিন্তু দুর্ভাগ্য ও পরিতাপের বিষয়, দীর্ঘ সময় ধরে বামফ্রন্ট সরকার সুযোগ পেয়েও এই নদী পরিকল্পনা, নদীর জলকে সেচের কাজে ব্যবহার করার জন্য, নদী ভাঙন রোধ করার জন্য কোনো সিস্টেমেটিক প্ল্যান নিতে পারেননি। আজকে আমাদের মা-মাটি-মানুষের সরকারের নেতৃত্বে শ্রদ্ধাভাজন মাননীয় মন্ত্রী যে বাজেট বিবৃতি দিয়েছেন, এটা নতুন করে একটা বাংলার মানুষকে দিশা যোগাবে। একেবারে উজ্জ্বল করে এখানে কি কি ভাবে আগামী দিনে পরিকল্পনাটাকে বাস্তবায়িত করা হবে যারা বাংলা পড়েন তারা কিন্তু পরিষ্কারভাবে বোঝেন। বইটাকে স্টাডি করলেই বুঝবেন বাংলার আগামী দিনে কি রূপ হতে পারে। তবে স্যার আমি বলব যে বিগত বামফ্রন্ট সরকার সেচের জন্য কোনো সুষ্ঠু পরিকল্পনা নেননি। আমার বিধানসভাকে দেখে এই জন্যই আমার দুঃখ লাগে, এই জন্যই আমি অনুতপ্ত, আমার বিধানসভা উড়িষ্যার ঝাড়খণ্ড বর্ডারে নয়াগ্রাম বিধানসভা। ভৌগোলিক গত অবস্থানের দিক দিয়ে ছোটনাগপুর মালভূমি বলা হয়। ছোটনাগপুর মালভূমি থেকে বহু নদ-নদী বয়ে এসে যুগের পর যুগ সেই জল বঙ্গোপসাগরে পড়ছে। কিন্তু বামফ্রন্ট সরকার একদিনও ভাবেননি সেই জলটাকে রিজার্ভ করে সেচের কাজে ব্যবহার করা যায় কিনা। ভাবা যায়, মানুষকে শুধু লাল ঝাণ্ডা ধরিয়েছেন বন্ধু, এইগুলোকে বাস্তবায়িত করার কথা ভাবেনি। যে সমস্ত কাজ হয়েছে, আর কিছু প্রোজেক্ট হয়েছে সেটা ১৯৭৭ সালের আগে। নয়াগ্রামের ঘন জঙ্গলাকীর্ণ জায়গা থেকে বহু ছোটো ছোটো নদী বয়ে এসে সুবর্ণরেখা নদীতে পড়ে জল অপচয় হয়ে যাচ্ছে। যা করেছে সিদ্ধার্থশঙ্কর রায় করেছেন। কিছু বাঁধ তৈরি হয়েছে, সেই বাঁধ সংস্কার হয়নি, জল ধারণের ক্ষমতাও শেষ হয়ে গেছে, চাষের কাজে সেই জল ব্যবহার করা যাচ্ছে না। চান্ডিল প্রোজেক্ট ঝাড়খণ্ডে অবস্থিত। খুবই পরিতাপের বিষয় আজকে উড়িষ্যাতে দেখছি সুবর্ণরেখা নদীর জল চান্ডিলে রিজার্ভ করা হচ্ছে। উড়িষ্যা সরকার ঝাড়খণ্ড রাজ্যের সরকারের সঙ্গে চুক্তি করে সেই জল উড়িষ্যার চাষের কাজে ব্যবহার করছে। আমার বিধানসভার পাশে উড়িষ্যার ময়ূরগঞ্জ ডিস্ট্রিক্ট। সেখানে দেউলিতে একটা বিশাল ড্যাম রয়েছে। রুখাসুখা জায়গা উড়িষ্যার নয়াগ্রাম। সেই জলটাকে সেচের কাজে ব্যবহৃত করে শস্য শ্যামলে পরিণত হয়েছে। আমি মাননীয় মন্ত্রীকে অনুরেধ করব যে সেই ড্যামের একটা অংশ যদি নয়াগ্রামে নিয়ে এসে শস্য শ্যামলে পরিণত করা যায় এই চান্ডিল প্রোজেক্টটাকে, তাহলে নয়াগ্রামের মানুষ অন্ততপক্ষে আপনাকে কৃতজ্ঞতা জানাবে। আপনারা তো অনেক বেশি দিন শাসন করেছেন। তাই চিৎকার করাতেই আপনারা অভ্যস্ত। এই প্রোজেক্টটাতে নয়াগ্রামের যদি একটা পার্টিকে ঢোকানো যায় তাহলে নয়াগ্রাম, গোপীবল্লভপুরের মতো রুখাসুখা জায়গা, যে জায়গার মানুষদের নুন আনতে পান্তা ফুরায়, যে জায়গায় মানুষ ঘেঁট মুড দিপিল করে নামাল চলে যায়, সেই জায়গায় মানুষ একটু উপকৃত হবে। পুবে খাটতে যায়, স্যার। বাড়িতে কাঁটা জাতীয় গাছ দুয়ারে লাগিয়ে দিয়ে ছেলে-মেয়েদের বগলবন্দি করে চলে যায় খাটতে কাঁথি, মাননীয় মন্ত্রী, শ্রদ্ধেয় ডঃ মানস

ভূঞ্যার এলাকা সবং, এগরার দিকে, এই হচ্ছে—বললে আপনারা চেঁচিয়ে উঠবেন, চৌত্রিশ বছরে কঙ্কালসার ! অবাক হতে হয় স্যার। এই হচ্ছে গরিব দরদী মুখোশ, এই হচ্ছে গরিব দরদীর চেহারা। তবে স্যার, সুবর্ণরেখা নদীর তীরবর্তীতে যে ছোটো ছোটো নদীগুলো এসেছে সেই নদীতে যদি লকগেট সিস্টেমে বাঁধ করে দেওয়া যায় তাহলে সেই জলগুলো সুন্দরভাবে কিন্তু কৃষি কাজে ব্যবহার করা যায়। মানুষ একটা সময় কখন কুকীর্তিতে লিপ্ত হয়, কখন কুবুদ্ধি তার উদ্ভব হয়, যখন তার পেটে কিছু থাকে না, স্যার। পেটে যখন কিছু থাকে না তখন সে প্রথমে হয়তো কার বাড়িতে লাউ-মাচা আছে লাউ চুরি করবে, কার বাড়িতে কলা গাছ আছে সেখান থেকে কলাকাঁদি চুরি করবে। শেষে কিন্তু সেই মানুষ, মানুষ খুনে প্রবৃত্ত হবে। সেই কাজটাতে আপনারা সেই সমস্ত মানুষকে কাজে লাগিয়েছেন। আপনাদের রূপটা বলছি অতএব, শুধু আমি একটি কথা বলি, স্যার। সুবর্ণরেখার যে প্রোজেক্ট, সেই সুবর্ণরেখা নদীর তীরবর্তী নয়াগ্রামের একটা হৃদয়। সেই হৃদয় সেখানকার যে আনাজ, আখ যে চাষ হয়, এই আখ, আনাজ কিন্তু শুধু নয়াগ্রামে জোগান দেয় না, এই আনাজ কিন্তু ঝাড়খণ্ডে চলে যায়, বারিপদা ময়ূরভঞ্জে বিক্রি হয়, এগরাতে বিক্রি হয়, মেদিনীপুরে বিক্রি হয়, স্যার। অতএব স্যার, সেই জায়গার একটু চিন্তা-ভাবনা করবেন। আর, আমি শুধু সবাইকে অনুরোধ করব, আমি আপনাদেরকেও অনুরোধ করব, আপনাদেরকেও আহ্বান করব—আমরা শুধু একটা গানই গাইব সবাই মিলে, 'আমাদের ধনধান্যে পুষ্পে ভরা আমাদেরই বাংলাদেশ'—এই কথা বলে আমারা বক্তব্য শেষ করলাম, স্যার।

শ্রী তজমুল হোসেন : মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে ডঃ মানস রঞ্জন ভূঞ্যার বত্রিশ নম্বর দাবি যে উত্থাপন পাশ করেছেন তার সেই দাবির উপরে আমি কিছু বক্তব্য—নিজের বক্তব্য বলছি। স্যার, মাননীয় ডঃ মানস রঞ্জন ভূঞ্যা যে তার বিবৃতি পেশ করছে এই হাউসে তার সম্বন্ধে আমি বলছি যে, উনার বক্তব্য আমরা খুব দীর্ঘাকারে শুনতাম। উনি যখন বিধানসভায়—এর আগে আমরা যখন ছিলাম, উনি যখন বিবৃতি দিতেন খুব মনযোগ সহকারে শুনতাম। কিন্তু, আজকে উনার এই যে বই, এই যে আজকে ছেপেছেন সেটা কিন্তু আজকে তাঁর ভাষণের উপর নয়। আমাদের যা পূর্বে ছিল সেম এটাই। পরিবর্তনের কি যে হাওয়া, কিন্তু বুঝতে পারলাম না। তিনি তার বক্তব্যে অনেক কিছু লিখেছেন কিন্তু, বাস্তবে হচ্ছে যে মাননীয় মন্ত্রী আপনার কাছে আমি পরিষ্কার ভাবে জানতে চাই, বন্যা-নিয়ন্ত্রণের জন্য আপনি স্থায়ী কোনো পরিকল্পনা গ্রহণ করেছেন কি ? এছাড়া, খরা-মরশুমে বাঁধ নির্মাণ বা নদী ভাঙন ঠেকানো কাজ না করে এখন এই যে বন্যা আসল, জল আসল খুব তড়িঘড়ি স্যার, যুদ্ধকালীন ভিত্তিতে এখন যে সমস্ত কাজগুলো হচ্ছে সমস্ত এই টাকাগুলো জলে যায়। এর জন্য আপনি কি ব্যবস্থা করছেন সেটা একটু দয়া করে জানাবেন ? আর একটা স্যার, বর্তমান যে পশ্চিমবঙ্গের অবস্থা বর্ষা চলছে, সেচ দপ্তরের কিছু আধিকারিক খুব উদ্বেগ প্রকাশ করেছেন যে বাঁধগুলোর যদি দ্রুত মেরামত না করা হয় আগামী দিনে কোটি কোটি টাকার সম্পদ হানি হবে এবং মানুষের প্রাণও হানি হবে। এই সম্বন্ধে আপনি কি ব্যবস্থা নিলেন দয়া করে একটু আপনার জবাবি ভাষণে বলবেন।

[3.00—3.10 p.m.]

আর একটা লিখেছেন স্যার, কলকাতা মহানগরীর নিকাশী ব্যবস্থা। কিছুদিন আগে দেখতে পেলাম, দুদিনের বর্ষাতে এক হাঁটু জলের উপর দিয়ে আমরা বিধানসভায় এলাম। এই তো নিকাশীর ব্যবস্থা। আপনি ৩৪ বছরের নমুনা দিচ্ছেন আর আপনার এক বছরের নমুনা—সেটা আপনি বুঝতে পারবেন...(গোলমাল)... আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি, আপনি মন্ত্রী হবার পর খুব তড়িঘড়ি উত্তরবঙ্গ সফর করেছেন। বিধায়কদের নিয়ে, আধিকারিকদের নিয়ে মালদায় মিটিং করেছেন। আপনার কথা ছিল ১৫ দিন অন্তর অন্তর বসার একটা ডেট করা। আপনি দেখেছেন মালদার অবস্থা। মালদায় ফুলহার নদীর ভাঙন, গঙ্গার ভাঙন—আপনি জানেন, আমরাও জানি গঙ্গার ভাঙন রোধ করা রাজ্য সরকারের একার পক্ষে সম্ভব নয়। একটা সর্বদলীয় ভাবে কমিটি গঠন করে কেন্দ্রীয় জলসম্পদ উন্নয়ন মন্ত্রকের কাছে কিম্বা প্রধানমন্ত্রীর কাছে একটা দাবি জানানোর প্রস্তাব কি আপনি নিয়েছেন ? আপনার জবাবী ভাষণে বলবেন। স্যার আপনি জানেন এই কিছুদিন আগে (দিন রাত আমি বিধানসভায় বলি) ভালুকার বাঁধ ভেঙে যাওয়ায় অনেক লোক প্লাবিত হয়েছিল। সেটা আপনি জেনেছেন এবং বাঁধটা নির্মিত হয়েছে। আপনাকে দেখালাম, বাঁধটায় আবার ফাটল ধরেছে। এই মরসুমে যদি ফাটলটা মেরামত না করা যায়, তাহলে মালদা জেলার চাচোঁল মহকুমার প্রত্যন্ত এলাকার সমস্ত গ্রামগুলো জলের তলায় চলে যাবে। আপনি নিজেও পরিদর্শন করে এসেছেন। একটা ম্যাপ আছে, সেই ম্যাপের মধ্যে আছে—মীহাহাট, ফুলহার নদী ভাঙনের উপক্রম হয়েছে। জলে প্লাবিত হয়েছে, এখন জল যতই কমবে ততই ভাঙন বাড়বে। সে জায়গায় দাঁড়িয়ে আপনি যদি ইমিডিয়েট ব্যবস্থা না করেন, তাহলে আমাদের হরিশ্চন্দ্রপুরের ২ নং ব্লক প্লাবিত হয়ে যাবে। আপনি একটু বিষয়টা চিন্তাভাবনা করবেন। দেবীপুরের কথা আপনাকে বলা হয়েছে, আপনি নিজেও দেখে এসেছেন। এই যে আপনাদের কথায় কথায় ফারাক্কা আর মহানন্দা—আপনার আধিকারিকদের ফোন করলে কেউ বলে ফারাক্কা ব্যারেজ, কেউ বলে মহানন্দা, এই যে একটা বিভাজন—এই বিভাজন সম্বন্ধে আপনি কি ব্যবস্থাপনা নেবেন, সেটা আমাদেরকে দয়া করে যদি জানান, তাহলে আমরা উপকৃত হব। যাইহোক ফুলহার নদীর ভাঙন সম্বন্ধে আপনি জানেন, গঙ্গার ভাঙন সম্বন্ধে আপনি জানেন, আমরা প্রত্যন্ত এলাকার বিধায়ক, আপনি নিজেও পরিদর্শন করেছেন, আপনি নতুন মন্ত্রী হয়ে এসেছেন, জবাবী ভাষণে তার উত্তর দেবেন। এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ স্যার।

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয় ছোটোবেলায় পড়েছিলাম—'বাঘের সঙ্গে যুদ্ধ করিয়া আমরা বাঁচিয়া আছি। আমরা হেলায় নাগেরে খেলাই নাগেরই মাথায় নাচি'। আমাদের কথা বলতে গিয়ে একটু ঘুরিয়ে বলতে হয়, নদীর সঙ্গে যুদ্ধ করিয়া আমরা বাঁচিয়া আছি। আমরা হেলায় নদীর খেয়ালে বন্যার জলে ভাসি। আমাদের উত্তরবঙ্গ পৃথিবীর নবীনতম হিমালয় পর্বতমালার পাদদেশে অবস্থিত। ভূতাত্ত্বিকরা বলেন, এই পর্বতমালার গঠনপ্রক্রিয়া এখনও অব্যাহত আছে তার ফলে এখানে ভূপৃষ্ঠের নীচের প্রস্তরখণ্ড মাঝে

মাঝে স্থান পরিবর্তন করে। ফলে এলাকাটি ভূমিকম্প প্রবণ। ভূমিকম্পের প্রবণতা এবং প্রবলতা—একটা উদাহরণ দিলে বোঝা যাবে। ১৭৮৭ সালের একটি ভূমিকম্পে তিস্তা বলে যে নদীটি প্রবাহিত হচ্ছে, সে সাড়ে চারশো মাইল রাস্তা পার করে গঙ্গার পরিবর্তে ব্রহ্মপুত্রে মিশতে শুরু করে। ভূমিকম্প এবং খেয়ালী প্রকৃতির উদাহরণ, আজকে আমাদের ইতিহাসের পাতায় যে নদীটির কথা বার বার উল্লেখ করা হয়েছে করতোয়া—সে অস্তিত্বহীন হয়ে গেছে। যে নদীটি আজকে সবচেয়ে খরস্রোতা ইতিহাসের পাতায় তার নাম নেই—তার নাম তিস্তা। আমাদের ভূতাত্ত্বিকরা বলেন, আমাদের ভূপৃষ্ঠ নাকি তিমি মাছের পিঠের মতো, হোয়েলস্ ব্যাক। ভূপৃষ্ঠের এই বৈচিত্র্যের জন্য ভুটান থেকে নির্গত নদীগুলো সমতলে এসে অসংখ্য শাখা-প্রশাখায় বিভক্ত হয়ে প্রবাহিত হওয়ার ফলে আমাদের এলাকা দিয়ে ৬২টি নদী প্রবাহিত হচ্ছে। কোন নদী কখন ভয়ঙ্কর হয়ে উঠবে আমরা জানি না শুধু আশঙ্কায় দিন গুণি। ভুটান পাদদেশে, হিমালয় পর্বতের পাদদেশে যে গভীর অরণ্য—যে অরণ্য আমাদের বৃষ্টিপাতকে নিয়ন্ত্রিত করতো, যে অরণ্যের ফলে আমরা এপ্রিল-মে-তে মাঝারি বৃষ্টিপাত, জুন-জুলাই-আগস্টে গভীর বৃষ্টিপাত এবং সেপ্টেম্বর-অক্টোবরে হালকা বৃষ্টিপাত পেয়ে থাকতাম আজকে সেখানে অরণ্য ছেদনের ফলে বৃষ্টিপাতের চরিত্র বদলাচ্ছে। বৃষ্টিপাতের চরিত্র বদলের ফলে বৃষ্টিপাতের ফলে অনুকূল পরিবেশে চা শিল্প গড়ে উঠেছিল সে চা শিল্প আজ তার উৎপাদনী ক্ষমতা হারাচ্ছে। পাশাপাশি ভুটান পাহাড়ে অবৈজ্ঞানিকভাবে খনন প্রক্রিয়া অব্যাহত থাকার ফলে খনন, উত্তোলন করার পর যে বালি, পাথর নদীর কিনারায় স্তূপীকৃত করে রাখা হচ্ছে। যখন চার মাসের বৃষ্টিপাত এক সাথে পনের দিনে একসাথে ডিস্ট্রিবিউটেড রেনফল যখন কনসেনট্রেটেড রেনফল হয়ে নেমে আসছে তার সাথে যে ডেব্রিস প্রবাহিত হয়ে এসে নদীবক্ষের উচ্চতা বাড়িয়ে দিচ্ছে। নদী নাব্যতা হারিয়ে দুপাশে সম্প্রসারিত হচ্ছে। জন এবং বন, বন এবং বন্যপ্রাণ বিলীন হয়ে যাচ্ছে। এই পরিপ্রেক্ষিতে, এই পটভূমিকায় আমরা যখন ভয়াবহ বন্যা দেখেছি তিস্তায় ১৯৬৮ সালে। তদানীন্তন সেচ দপ্তর একটা কমিটি গঠন করেছিলেন কে.এন. কাপুর কমিটি। সেই কমিটির সুপারিশ কোথায় গেল ? তার কোনো খোঁজ পাওয়া যায়নি। ১৯৯৩ সালে যখন আলিপুরদুয়ারের কালজানিতে ভয়াবহ বন্যা হল, একটি কমিটি গঠিত হল কে.পি. চৌধুরী কমিটি। সেই কমিটির সুপারিশ কোথায় গেল ? তার কোনো খোঁজ পাওয়া গেল না। ২০০২ সালে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের তত্ত্বাবধানে ওয়াবকসকে ডেকে এনে উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণের প্রয়োজনে যে মাস্টার প্ল্যান তৈরি করা হল সেই মাস্টার প্ল্যান আলমারির ধুলোয় বোধহয় রক্ষিত থেকে গেল। তার পাতাগুলো উল্টে দেখা হল না। ১৯৯৮ সালে বন্যার পরে, বসরা নদীর ভয়াবহ বন্যার পরে তদানীন্তন সেচমন্ত্রী গণেশ মণ্ডল তিনি সাংবাদিক সম্মেলনে কোচবিহারে বসে আগস্ট মাসে বললেন উত্তরবঙ্গের সব নদী ভুটান থেকে আসছে। ভুটান প্রতিবেশী দেশ, অন্য দেশ এখানে আমাদের কিছু করবার নেই। তার সেই তথ্যকে অসার প্রমাণ করে দিয়ে দীর্ঘ আন্দোলন এবং দীর্ঘকাল কেন্দ্রীয় সরকারের সাথে আলাপ-আলোচনার পরিপ্রেক্ষিতে পরবর্তীকালে ভুটান এবং ভারত সরকার যৌথভাবে জয়েন্ট টেকনিক্যাল এক্সপার্ট কমিটি গঠন করেছেন। এই জে.টি.সি. মাঝে মাঝে মিটিং করছে,

আলোচনা করছে আর আমার রাজ্য সরকার মাননীয় সেচ মন্ত্রী স্বীকার করবেন বি.টি.সি.-র যে সুপারিশগুলো আসছে, এই পর্যন্ত ৫১টি বি.টি.সি. হয়েছে।

[3.10—3.20 p.m.]

এখনো পর্যন্ত ২০টি বি.টি.সি.-র সুপারিশকৃত প্রকল্প রূপায়ণ করা যায়নি। যদিও সেখানকার মানুষেরা সেই প্রকল্পের অপেক্ষায় দিন গুণছে। আজকে জে.টি.সি. সাম্প্রতিককালে মিটিং করে থিম্পুতে সভা করে কতগুলো নির্দিষ্ট সুপারিশ করেছে। এই আন্তর্জাতিক নদীগুলোর নিয়ন্ত্রণ করার ক্ষেত্রে কতগুলো বিশেষ সুপারিশ করেছে। তাঁরা বলেছেন নদীগুলো ক্যানালাইজেশান দরকার, তাঁরা বলেছেন পারমিয়েবেল চেক ডাম্প তৈরি করা দরকার, তাঁরা বলেছেন ম্যাসিভ ভেজিটেশান করা দরকার। এই সুপারিশগুলো রূপায়ণ করবে কে ? এই সুপারিশগুলো রূপায়ণ করবে কে এই ব্যাপারে ২৫শে জুলাই দিল্লীতে কেন্দ্রীয় জল সম্পদ মন্ত্রী শ্রী পবন বনশালকে প্রশ্ন করেছিলাম এই সুপারিশগুলোর দায়িত্ব ভারত সরকার নেবে না কেন ? প্রশ্ন করেছিলাম মাননীয় মন্ত্রীকে এই দায়বদ্ধতা কার ? মাননীয় মন্ত্রী মনোযোগ দিয়ে শুনে বললেন এইভাবে কোনোদিন উত্তরবঙ্গের ভুটান জনিত নদীগুলোর সমস্যার কথা আমার গোচরে কেউ আনেনি। আমি জানি নেপাল থেকে উৎসারিত নদীতে বিহারের সমস্যা হয়। সেই তথ্য আছে, এই তথ্য আপনি আজকে প্রথম এনেছেন। আমি খতিয়ে দেখব। আমি বিচলিত হইনি কারণ শাসককুলের কাছে অপরিচিত যে জায়গা তারই নাম তো উত্তরবঙ্গ। ২৯শে জানুয়ারি ২০১০ সুভাষবাবুর নেতৃত্বে, তিনি এখন নেই চলে গেছেন, তাঁর নেতৃত্বে সেচমন্ত্রী হিসাবে এই বিধানসভা থেকে ভারত সরকারের কাছে এই বিধানসভা থেকে একটা অল পার্টি ডেলিগেশান গিয়েছিল। অল পার্টি ডেলিগেশান গিয়ে যে বিষয়গুলো নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে হস্তক্ষেপ চাইল তার ভেতরে কেলেঘাই-কপালেশ্বরী-বাঘাই ড্রেনেজ স্কীম আছে, তার ভেতরে ইরোশান অফ গঙ্গা পদ্মা ভাগীরথী আছে। তার ভেতরে রি-কনস্ট্রাকশান অফ আয়লা এফেক্টেড সুন্দরবন আছে, তার ভেতরে ডিসিলটেশান অফ দুর্গাপুর রিজাভয়ার ডি.ভি.সি. আছে, তার ভেতরে মাস্টার প্ল্যান ফর ইমপ্রুভমেন্ট অফ এমব্যাঙ্কমেন্ট অফ এরিয়াজ অফ মুর্শিদাবাদ আছে, তার ভেতরে ঘাটাল মাস্টার প্ল্যান আছে। তার ভেতরেও কিন্তু উত্তরবঙ্গের বন্যাজনিত সমস্যার কথা নেই। কেন্দ্রীয় মন্ত্রী তিনি অবহিত নন। রাজ্য সরকারের সেচমন্ত্রী ২০১০ সালে বিষয়টি নিয়ে গুরুত্ব দিতে আগ্রহী ছিলেন না। আমি এতেও বিচলিত নই কারণ অবহেলা, অবজ্ঞা, উপেক্ষা এবং উদাসীনতা তারই নাম তো উত্তরবঙ্গ। আজকে রূপালি রেখা দেখতে পাচ্ছি। এই রূপালি রেখা দেখতে পাচ্ছি কারণ যতগুলো প্রকল্প এই ডেলিগেশান দিল্লীর দরজায় নিয়ে গিয়েছিল প্রত্যেকটি প্রকল্পের উল্লেখ এবং পদক্ষেপ নেওয়ার অঙ্গীকার মাননীয় সেচমন্ত্রীর বক্তৃতায় আছে। তাই রূপালি রেখা দেখতে পাচ্ছি। আজকে রূপালি রেখা দেখতে পাচ্ছি কারণ মাননীয় সেচমন্ত্রী দায়িত্ব নিয়েই উত্তরবঙ্গে গিয়ে তিস্তা সেচ প্রকল্পের পরিস্থিতি এবং ভুটান থেকে নির্গত নদীগুলোর ফলে উত্তরবঙ্গের মানুষের যে অবর্ণনীয় দুর্দশা গভীরভাবে বোঝবার চেষ্টা করেছেন, পদক্ষেপ নেওয়ার আশ্বাস দিয়েছেন। আমি আজকে তাই এই

সভায় দাঁড়িয়ে মাননীয় সেচমন্ত্রীর বাজেট প্রস্তাবকে সমর্থন জানিয়ে তাঁর কাছে অনুরোধ করব অনেক জল তিস্তা দিয়ে বয়ে গেছে, অনেক দুর্নীতির কাহিনী তার ভেতর দিয়ে প্রবাহিত হয়ে গেছে। ১২০০ কোটি টাকা ব্যয় হয়েছে। স্টেজ ওয়ানে সাব স্টেজ, এখনও পর্যন্ত লক্ষ্যমাত্রা পূরণ করা যায়নি। ৫ লক্ষ ৬২ হাজার একর জমিতে জল পৌঁছে দেওয়ার কথা ছিল। ১ লক্ষ ৫২ হাজার একর জমিতে জল পৌঁছানো গেছে। বাঁ-হাতি খাল এখনও শুষ্ক হয়ে পড়ে আছে। কাজের গতি আনুন, কাজকে ত্বরান্বিত করুন। আজকে মহানন্দা ডাউন ক্যানেলের উপরে যে বিদ্যুৎ প্রকল্প রাজ্য সরকার তৈরি করেছে, সেই বিদ্যুৎ প্রকল্প অকেজো হয়ে পড়ে আছে। অকেজো হয়ে পড়ে আছে কেন ? ক্যানেলে জল নেই। ক্যানেলে জল নেই কেন ? নদীতে জল আছে, ক্যানেলে জল নেই কেন ? ক্যানেলে জল ছাড়া যাচ্ছে না। ক্যানেলে জল ছাড়া যাচ্ছে না কেন ? ক্যানেল দিয়ে জল ছাড়লে ক্যানেলের দু-পাশ ফেটে জল চাষের জমিতে চলে যাচ্ছে, তাপবিদ্যুৎ কেন্দ্র পর্যন্ত পৌঁছাতে পারছে না। অর্থাৎ যাদের দিয়ে এই ক্যানেল নির্মাণ করা হয়েছে, তারা যে কী ধরনের চুরি এবং কী ধরনের দুর্নীতি করে গেছেন যে আজকে ভয়ে জল ছাড়া যাচ্ছে না। জল ছাড়লে ক্যানেল ফাটছে। ক্যানেল ফেটে জল যেদিক, সেদিক দিয়ে খুশি বেরিয়ে যাচ্ছে। ফলে তাপবিদ্যুৎ কেন্দ্র আছে, নদীতে জল আছে, ক্যানেলে সরবরাহের ব্যবস্থা আছে, জল পৌঁছানো যাচ্ছে না। বিদ্যুৎ সাপ্লাই বন্ধ হয়ে আছে। আজকে এই পটভূমিকায় সেচমন্ত্রী দায়িত্ব নিয়েছেন। এই পটভূমিকায় সেচমন্ত্রী বলেছেন জনপ্রতিনিধিদের নিয়ে তিস্তা প্রকল্পে গতি আনতে সময়ে সময়ে সভা করে দুর্নীতিমুক্ত একটা স্বচ্ছ চেহারা নিয়ে এই কাজকে রূপায়িত করতে হবে। আমি তাঁকে ধন্যবাদ জানাই। আমি তাঁর কাছে অনুরোধ করি, এই বিধানসভা সিদ্ধান্ত নিক, আর একটি অল পার্টি ডেলিগেশান দিল্লীতে জলসম্পদ মন্ত্রীর কাছে গিয়ে দাবি জানাক। উত্তরবঙ্গের যে ভুটান থেকে নির্গত নদী, সেই নদীগুলোর পরিপ্রেক্ষিতে যদি জে.টি.সি. গঠন করা হয়ে থাকে তাহলে ভারত সরকার স্বীকার করে নিয়েছে, সেই নদী নিয়ন্ত্রণের দায়বদ্ধতা ভারত সরকারের এবং তাহলে আমরা দাবি করব না কেন ? যেমন ভাবে তিস্তা প্রকল্প জাতীয় প্রকল্প হিসাবে ঘোষিত হয়েছে যেমন ভাবে উত্তরবঙ্গের নদীগুলির নিয়ন্ত্রণের দায়িত্ব আন্তর্জাতিক চরিত্রের কারণে ভারত সরকারের কাছে পৌঁছে দেওয়া যাবে না কেন ? তার দায়বদ্ধতা ভারত সরকার গ্রহণ করবে না কেন ? মাননীয় মন্ত্রীর কাছে, মন্ত্রীর মাধ্যমে সভার কাছে, আপনার মাধ্যমে সভার সমস্ত সদস্যদের কাছে আবেদন করে, আরও একটি সর্বদলীয় প্রতিনিধিদল গিয়ে ভারত সরকারের জলসম্পদ মন্ত্রককে এই কথা বোঝাবার দায়বদ্ধতা পালন করে উত্তরবঙ্গকে রক্ষা করার দায়িত্ব গ্রহণ করুন। প্রমাণ করুন নদী নয়, মন্ত্রক আমাদের ভাগ্যকে নির্ধারিত করবে। ধন্যবাদ।

শ্রী গোকুল রায় : মাননীয় স্পীকার স্যার, পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা মহাশয় ২০১১-১২ সালের যে বাজেট পেশ করেছেন, সে সম্পর্কে আমি কিছু বক্তব্য রাখছি। স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় উনি সুবক্তা, অভিজ্ঞ এবং কর্ম চঞ্চল মানুষ। কিন্তু আমি হতাশ এই বইটা দেখে যে এই বইয়ে তিস্তা প্রোজেক্টের ব্যাপারে উত্তর দিনাজপুরের যে পরিসংখ্যান সেটা কিন্তু বাস্তবের

সাথে কোনো মিল নাই। কারণ আমার বিধানসভা এলাকার পাশেই হচ্ছে গোয়ালপোখর। গোয়ালপোখরে এখনও পর্যন্ত ব্লকে তিস্তা ক্যানেলের—মেন ক্যানেলই হয়নি। অথচ দেখা যাচ্ছে যে ওখানে সেচের জল পাচ্ছে। এটা ঠিক নয়। ইভেন চোপড়া এবং ইসলামপুর—এই দুটি ব্লকের যেটা এখানে দেওয়া আছে, তথ্য পরিসংখ্যান দেওয়া আছে, সেটাও ঠিক নয়। ইন ফ্যাক্ট ওখানে সেচের জল পাচ্ছে না। কারণটা কি ? ডিউ সহ ল্যান্ড ডিসপিউট এবং আরবিট্রেশান অফ কোর্ট। এই দুটোর কারণে ওখানে কিন্তু চাষীরা জল পাচ্ছে না। এটাই হচ্ছে বাস্তব। কিন্তু পরিসংখ্যানে দেওয়া আছে কত একর, কত হেক্টর জমি। এটা কিন্তু ঠিক নয়। যাইহোক, আমি এই ব্যাপারে যেটা বলতে চাই যে এটা খুব দুর্ভাগ্যজনক যে যেখানে ফেজ ওয়ানে একটা অ্যাপ্রুভড কমেন্ডিং এরিয়া একটা স্টাটিক দেওয়া আছে তাতে দেখা যাচ্ছে যে উত্তর দিনাজপুরে টোটাল যে ৩ লক্ষ ৪২ হাজার, তার মধ্যে ৫৬% উত্তর দিনাজপুরে। নট অলনি দ্যাট। ইভেন ২০১১-১২ সালে সেচ সামর্থ্য সৃষ্টির যে টার্গেট ধরা আছে ৬৬,৫৮০ হেক্টর, এর প্রায় ৫০% উত্তর দিনাজপুর। তার মানে মেনলি এই তিস্তা ব্যারেজ প্রোজেক্টের বেশির ভাগটাই হচ্ছে উত্তর দিনাজপুর। হোয়্যার অ্যাজ এখনও পর্যন্ত উত্তর দিনাজপুরে কোনো জল চাষী পাচ্ছে না।

[3.20—3.30 p.m.]

আমি যেটা বলতে চাই আমাদের উত্তরবঙ্গের ৬টি জেলার মধ্যে উত্তর দিনাজপুর জেলা economy fully based on agriculture. কিন্তু এগ্রিকালচারে এখানে দেখা যাচ্ছে কোনো major irrigation নেই, practically minor irrigation উপর নির্ভর করতে হয়। Minor irrigation বলতে কিছু ডিজেল চালিত RLI এবং deep tubewell আছে। আর ব্যক্তি মালিকানাধীন কিছু shallow tubewell আছে। যারা electric connection পাচ্ছে না তাই তাদের নদীর সেচের জলের উপর নির্ভর করতে হয় অথচ তিস্তা প্রোজেক্ট কবে হবে কিছুই জানে না। অনেক চাষী তার শেষ সম্বলটুকু পর্যন্ত যখন তিস্তা canal হয় তারা জমি দিয়েছিল এবং তারা একটা আশার আলো দেখেছিল যে এটা ভবিষ্যতে তিস্তা প্রোজেক্ট implement হবে। তখন তাদের সেই জমিটা দেখে সে সান্ত্বনা পেত এখন দেখা যাচ্ছে যে সেটা অধরাই থেকে গেছে। আজ থেকে প্রায় তিন বছর আগে যখন এটা national project হয় অর্থাৎ জাতীয় প্রকল্প হিসাবে এটা ঘোষণা হয় তখন আমরা ভেবেছিলাম যে এবার আর কোনো অসুবিধা হবে না, funding-এর কোনো অসুবিধা হবে না। As per ratio 90% Central Govt., 10% State Govt. হিসাবে কাজ শুরু হবে। কিন্তু দেখা যাচ্ছে Central Govt.,-এর যে fund সেই fund-এর কাজ কিন্তু এখনো শুরু হয়নি। আমি এই প্রসঙ্গে বলতে চাই যে তিস্তা প্রকল্পে যেসব hindrance আছে এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে immediate জনপ্রতিনিধি এবং প্রশাসনিক স্তরে বসে এটা solution করা হোক তা না হলে সেচের জলের মুখ উত্তর দিনাজপুর দেখতে পারবে না। ওনাকে এ ব্যাপারটা দেখে solution করার জন্য অনুরোধ করছি। আমাদের রাজ্যে ground water একটা alarming

situation। একটা সাংঘাতিক অবস্থা। শুধু ground water-এর উপর আর নির্ভর করা যাবে না সেই জন্য দরকার surface water। বর্ষাকালীন যে নদীর জল সেই জলটাকে যদি dam বা জলাধার তৈরি করে কিম্বা আমাদের রাজ্যে লক্ষ লক্ষ খাল-বিল, ডোবা, নালা আছে সেইখানকার বা বর্ষার অতিরিক্ত জল রেখে যদি শুখা বা খরা মরসুমে বরো, রবি চাষ করতে পারি তাহলে ভবিষ্যতে এটা সুবিধা হবে। কারণ ground water-এর উপর নির্ভর করে ভবিষ্যতে আর কৃষিকাজ করা যাবে না। Last আমি যেটা বলব আমাদের এখানে নদী ভাঙনের ব্যাপারে commission করছেন। আপনার নেতৃত্বে, আপনারা chairmanship একটা commission বানানো হয়েছে। এটা ভালো কথা। কিন্তু এখানে দেখা যাচ্ছে শুধু কমিটির পর কমিটি হচ্ছে। আমি জানি না এই কমিটি শুধু কাগজে কলমে থাকবে কিনা। পেপার খুললেই দেখি শুধু কমিটি। এই কমিটি যেন বাস্তবে কাজ করে সেই ব্যাপারে একটু দেখবেন। আমাদের জেলায় নাগর, মহানন্দা, কুলি, টাংগনের ভাঙনে প্রতিবছর বাড়িঘর এবং ফসল নষ্ট হয়। RIDF-এ কিছু প্রপোজাল গিয়েছে। core state plan আমাদের জেলা এখনো পর্যন্ত কোনো টাকা পায়নি। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব যে RIDF-এ উত্তর দিনাজপুর জেলার জন্য যে স্কিম পাঠানো হয় সেগুলি যেন approve হয়। core state plan টাকাগুলি আমাদের জেলা পায় সে ব্যাপারে আপনি পদক্ষেপ নেবেন এই বলে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী অরূপ খাঁ : মাননীয় অধ্যক্ষ মহোদয় ডঃ মানস রঞ্জন ভূঞ্যা ভারপ্রাপ্ত সেচমন্ত্রী ৩২ নম্বর দাবি উত্থাপন প্রসঙ্গে ২০১১-১২ সালের বাজেট বিবৃতিতে তিনি তাঁর প্রতিবেদন পেশ করেছেন। আমি এই প্রতিবেদন, এই বাজেটকে সমর্থন করি। দু-একটা কথা আমি বলতে চাই। প্রথমে আমি মাননীয় সেচ মন্ত্রী ডঃ মানস রঞ্জন ভূঞ্যাকে ধন্যবাদ দিতে চাই কারণ আমরা আগে শুনতাম যে ম্যান মেড বন্যা। জলাধারের জল পরীক্ষা-নিরীক্ষা না করে বর্ষাকালীন সময়ে হঠাৎ হঠাৎ তাঁরা জলাধার থেকে জল ছেড়ে দিতেন। যার ফলে নিচু এলাকায় যেমন আমাদের বাঁকুড়ায় DVC এলাকায় নিচের দিকে যে জায়গাগুলি আছে বড়োজোড়া, সোনামুখী, ইন্দাস এবং এদিকে পূর্ব-পশ্চিম মেদিনীপুর এই জায়গাগুলোতে বিপদকালীন জল ছেড়ে দেওয়া হত, যার জন্য ম্যানমেড বন্যা হত। কিন্তু এই বছর মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবং সেচ দপ্তরের মন্ত্রী মাননীয় ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা প্রতিনিয়ত মুখ্যসচিব এবং সেচ দপ্তরের আধিকারিকদের নিয়ে, কেননা জলাধারের একটা পরিকাঠামো আছে, সেচের যেখানে জলাধার আছে, পরিকাঠামোর উপরে জল চলে গেলে বিপদ ঘটতে পারে। কিন্তু পরিকাঠামোর নিচে যখন জল থাকে, তখন যদি জল ছেড়ে দেওয়া হয় তাহলে বন্যা হয়ে যায় তাড়াতাড়ি। এই বছর দেখলাম অতি বর্ষার ফলেও এটাকে যে কন্ট্রোল করা যায়, যদি নজরদারি থাকে তাহলে যে কন্ট্রোল করা যায়, এটা কিন্তু সেচ মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর নির্দেশে প্রতিনিয়ত, জুন-জুলাই মাসে যখন অতিরিক্ত বর্ষা হয়েছিল, তখন তারা সেটা করেছেন এবং যার জন্য বন্যার হারটা কমেও গেছে সাথে সাথে। সুভাষবাবু দীর্ঘদিন সেচমন্ত্রী ছিলেন। তিনি ২০১০-১১ সালে যেটা উল্লেখ করেছেন সেটাও আছে। তথ্য প্রযুক্তি শিল্পে আপনারা এগিয়ে গিয়েছিলেন

বলছিলেন। ই-গভর্নেন্স যদি আপনারা আগে থেকে চালু করতে পারতেন, আপনারা তথ্য প্রযুক্তির বিরুদ্ধে ৯০ সালে স্লোগান তুললেন কর্মসংস্থান কমে যাবে, অটো মেশিনের বিরুদ্ধে লড়তে হবে এক সাথে। যখন অন্য অঙ্গ রাজ্যগুলো এগিয়ে গেল ই-গভর্নেন্সে, কমপিউটার এবং তথ্য প্রযুক্তি শিল্পে আমরা কিন্তু পিছিয়ে গেলাম। আপনারা বলেছেন ২০১০-১১ সালে ই-গভর্নেন্স চালুর ব্যবস্থা করেছি। মাননীয় মন্ত্রী মানস রঞ্জন ভূঞ্যা মহাশয় বলেছেন এই বছর ২০১১-১২ সালে ১ কোটি ২৫ লক্ষ টাকার উপরে সমস্ত টেন্ডার ই-গভর্নেন্সের মাধ্যমে করব। তার জন্য আমি তাকে ধন্যবাদ দিচ্ছি। আমি ধন্যবাদ দেব এই জন্য, যদিও তিনি এখানে এটা উল্লেখ করেননি, আপনারা বলেছেন অসেচ এলাকাকে সেচ এলাকা করেছেন। এখানে মাননীয় বিধায়ক কাশীনাথ মিশ্র আছেন, ছাতনা এবং বাঁকুড়া দুই নং এবং এক নং ব্লক অসেচ এলাকা ছিল। এই পবিত্র বিধানসভাতে দাঁড়িয়ে আপনারা সেটাকে সেচ এলাকার মধ্যে যুক্ত করেছিলেন। আপনারা আর ৭২, ৭৭ সালের কথা বলবেন না। আপনাদের ১২ হাজার ৪১০ দিনের সরকার। আমি ৩৪ বছর বলছি না, ১২ হাজার ৪১০ দিনের সরকার। পরিকল্পনা একটাও করতে পারেননি। গন্ধেশ্বরী, দ্বারকেশ্বর প্রকল্পের কথা এখানে বলা হয়েছে। নতুন প্রকল্পগুলোর কথা সূচিপত্রে বলা আছে। সুভাষবাবু নতুন প্রকল্প বলছেন গন্ধেশ্বরী, দ্বারকেশ্বরী প্রকল্প। প্রথম পাতায় কোথাও নতুন প্রকল্পের কথা বলা নেই। একটা ২০ পৃষ্ঠার বই করেছিলেন, যদি দুই দিক ধরি তাহলে ১০ পৃষ্ঠার বই, সেখানে দ্বারকেশ্বরী, গন্ধেশ্বরী প্রকল্পে কোনো টাকা ধরা নেই। আমি মাননীয় সেচ মন্ত্রী ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা মহাশয়কে বলব, যদিও এটা এখানে উল্লেখ নেই, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা জায়গা। দ্বারকেশ্বরী, গন্ধেশ্বরী প্রকল্প, এই প্রকল্পের মাধ্যমে সুকনিবাসা, প্রতাপপুরের বাঁধের মাধ্যমে চাষিরা যেমন সেচ প্রকল্পে জল পাবে, তেমনি পানীয় জলের সুব্যবস্থা হবে। দামোদর থেকে এটা আর আনতে হবে না।

[3.30—3.40 p.m.]

দামোদর থেকে আর নিতে হবে না। বলেছেন ৩০০ হেক্টর জমি বন দপ্তরের আছে, ভারত সরকারের যা নিয়ম আছে তাতে ভূমি দপ্তর সম পরিমাণ জমি না দিলে সেটা করা যাবে না। আমি খবর পেয়েছি তিনি প্রায় ২ কোটি টাকা স্যাংশন করেছেন এই কাজটি করার জন্য। আপনারা ১২৪১০ দিন সরকারে ছিলেন, তা সত্ত্বেও আপনারা এই প্রকল্পের জন্য একটা টাকাও মঞ্জুর করেননি। আমার বিধানসভা কেন্দ্র ওন্দা বাঁকুড়া জেলার মধ্যে সবচেয়ে বড়ো কৃষি প্রধান এলাকা। এখানে যে চাষ হয়—ধান, আলু, বিভিন্ন শস্য, আনাজ ইত্যাদি বহু জিনিস বাইরের জেলাগুলোতে যায়, আসানসোল, দুর্গাপুরেও যায়। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করব ওনার জবাবী ভাষণে তিনি যেন এই দ্বারকেশ্বরী-গন্ধেশ্বরী প্রকল্পের কথা বলেন। নির্বাচনের আগে আমরা বলেছিলাম, মা-মাটি-মানুষের সরকার যদি আসে আমরা কৃষকদের স্বার্থ দেখব। যারা এতদিন বড়ো বড়ো কথা বলেছে, কৃষকদের স্বার্থে লড়ছি বলেছে, তাদের সেখানকার চাষীরা বলেছিল—আপনাদের কিছু করতে হবে না, শুধু জল দেবেন। তার ব্যবস্থা কিন্তু তারা করতে পারেননি। কংসাবতী ক্যানেল বিধান রায়ের

আমলে হয়েছিল, গত ১৫/২০ বছর ধরে তাতে আর জল আসে না। আজকে ভগবানের দয়ায়, আল্লার দোয়ায় বৃষ্টি হয়েছে, সেই এলাকাতে ওই প্রকল্পের মাধ্যমে জল আসছে। আজকে তাঁর দপ্তরের কর্মী, ইঞ্জিনিয়াররা প্রতিনিয়ত সেখানে দাঁড়িয়ে থেকে যাতে জল আসে সেটা দেখাশোনা করছেন। অনেক জায়গায় পলি পড়ে গেছে, গাছ হয়ে গেছে, সেসবের ব্যবস্থা করতে হবে। এন.আর.ই.জি.এ. প্রকল্পে অনেক টাকা আছে, তা সত্ত্বেও দীর্ঘদিন ধরে এসব খালগুলো সংস্কার করা হয়নি। সেই খালগুলো যাতে সংস্কার করা হয় তার অনুরোধ জানাব। লক গেটগুলো সংস্কার করলেও জল পাওয়া যাবে বোরো চাষ আর খরিফ চাষের সময়। বোরো চাষ সুখা মরশুমে হয়, সেইসময় যদি জল পাওয়া যায় তাহলে চাষীরা উপকৃত হবে। এদিকে দৃষ্টি দেওয়ার জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব। বিষ্ণুপুরের ধারে বিড়াই নদী আছে। সেখানেও কিছু খাল আছে যেগুলো মজে গেছে, সেইগুলোও সংস্কার করা দরকার। মাননীয় মন্ত্রী বন দপ্তর, কৃষি দপ্তর বা অন্যান্য দপ্তরের সঙ্গে সমন্বয় সাধন করে সেচের ব্যবস্থা যাতে আরও ভালো হয় তার চেষ্টা করছেন। এটা যদি সার্থক হয় তাহলে আমরা কৃষিতে আরও এগিয়ে যাব। কেননা এই বিধানসভায় দাঁড়িয়ে আপনাদের খাদ্যমন্ত্রী বলেছিলেন—আমাদের বাংলায় এখনও ১০ লক্ষ মেট্রিক টন খাদ্য অপ্রতুল আছে, যা বাইরে থেকে আনতে হয়। তাই বেশি করে খাদ্যশস্য উৎপাদন করা দরকার। এটা করতে পারলে আমরা রপ্তানিও করতে পারব। কিন্তু এর জন্য সেচ ব্যবস্থার উন্নতি খুবই দরকার। এই কটি কথা বলে, এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা এবং শ্রী শ্যামল মণ্ডল মহাশয় ৩২ নং দাবী উত্থাপন প্রসঙ্গে যে বাজেট বিবৃতি দিয়েছেন সেটার বিরোধিতা করে, কিছু সমর্থনযোগ্য বিষয়ে সমর্থন করে, আমার কিছু জানার বিষয় আছে, সেই বিষয়ে স্পষ্টীকরণ চেয়ে কয়েকটা কথা সংক্ষেপে উল্লেখ করতে চাই। আমি বাজেটটি সমর্থন করতে চাই, অন্ততপক্ষে বিরোধিতা করতে চাই না। দুটো একটা কথা কোথাও কোথাও এমনভাবে লেখা আছে যেটা মূলত ওই আগেকার সরকার বামফ্রন্ট সরকারের আমলে সেই সময়কার কাজকর্ম নিয়ে কিছু কটাক্ষ ইত্যাদি। সেটা বাদ দিলে অনেক বিষয় আছে যেটা সমর্থন করা যায়। যাইহোক, কটাক্ষ যাই থাক না কেন সেটা শুরুর দিকে আছে। শেষে যেটা বলা হয়েছে সেটাই ঠিক। মাননীয় মন্ত্রীর বাজেট বক্তৃতায় এটা উল্লেখ করা হয়েছে। শেষ কথাটাই আমি আসল কথা বলে ধরে নিচ্ছি। 'যদিও এতদ্‌সত্ত্বেও পরিকল্পনা খাতে গত পাঁচ বছরে আড়াইশো শতাংশ খরচ বৃদ্ধি করা সম্ভব হয়েছে। গত পাঁচ বছরে। আমি ধরে নিচ্ছি এটাই আসল কথা। আর বাকিগুলো লিখতে হয় তাই লিখেছেন। কাজেই সেটা নিয়ে আমি বেশি কথা বাড়াচ্ছি না। আমি অন্য প্রসঙ্গে যাওয়ার আগে একটা জিনিস মাননীয় মন্ত্রীর কাছে স্পষ্টীকরণ চাইছি যে এই যে একটা ভারী বর্ষণের জন্য কিছু ক্ষয় ক্ষতি হল নিশ্চয়ই ইতিমধ্যে তার তালিকা চূড়ান্ত করা হয়েছে। এটা কি আপনি প্রাকৃতিক বিপর্যয় বলে মনে করেন ? না, করেন না ? কারণ প্রাকৃতিক বিপর্যয় ঘটলে আপনি যেটা লিখেছেন আপনার বাজেটে সঠিকভাবেই, সাতের (ঙ) এই প্যারাতে যে এস. ডি. আর. এফ. যেটাকে আগে সি. আর. এফ. বলা হত। স্টেট ডিজাস্টার রেসপন্স ফান্ড। সেখান থেকে আপনি কাজ

হাতে নিতে পারেন। কিন্তু যতক্ষণ পর্যন্ত না আপনি বলছেন এটা প্রাকৃতিক বিপর্যয় ততক্ষণ পর্যন্ত আপনি এই কাজ হাতে নিতে পারেন না। আপনি বুঝতেই পারেন। সেই জন্য আমরা বলছিলাম যে তখন এটা ঘোষণা করা দরকার এবং যেখানে যেখানে যা ক্ষতি হয়েছে তার বিবরণ দিয়ে এখানে কেন্দ্রীয় পর্যবেক্ষক দল তাদের আসতে বলা তারপরে যৌথভাবে আপনারা দেখে ক্ষয়ক্ষতির মূল্যায়ন করে আপনাদের যা খরচ করার সেটা খরচ করে আমাদের যা পাওয়ার কথা আমরা সেটা পাই। সেটা কি অবস্থায় আছে যদি আপনি আমাদের অবহিত করেন তাহলে আমি আনন্দিত হব। আমি আপনাকে বিনীতভাবে স্মরণ করিয়ে দিচ্ছি যখন আমরা সরকারে ছিলাম তখন অনেকবার আমরা বিধানসভার প্রস্তাবের ভিত্তিতে সর্বদলীয় প্রতিনিধি এখান থেকে গিয়ে কেন্দ্রে দরবার করেছি। যদিও আমাদের দাবি নিয়ে দরবার করেছি, ভিক্ষা চাইতে যাইনি এবং সেগুলো যুক্তিসঙ্গত, ন্যায়সঙ্গত দাবি। এখানে যে রকম কয়েকটি বিষয় উত্থাপিত হয়েছে যদিও আমাদের সরকার পক্ষের সদস্যরা একটু কটাক্ষ করেই বলেছেন, তাহলেও তাদের সেই দাবিগুলো আমি সমর্থন করি। সেটা দ্বারকেশ্বর, গঙ্গেশ্বরী প্রকল্পই হোক, যিনি ওখান থেকে নির্বাচিত দ্বারকেশ্বরী, দ্বারকেশ্বরী কেন বলছেন জানি না। আমরা দামোদরকে নদ বলি, দ্বারকেশ্বরকে নদ বলি, গঙ্গাকে নদী বলি। যাই হোক, সেটা যদি তুলে দিতে চান আমি জানি না। [***] [***] [***]` এখন যাই হোক, খুব মূল্যবান বক্তৃতা দিয়েছেন দেবপ্রসাদ রায় উত্তরবঙ্গের সমস্যা নিয়ে। একটা ডেলিগেশনের কথা তিনি উল্লেখ করেছেন। সেটা তো একমাত্র ডেলিগেশন নয়। মাননীয় কেন্দ্রীয় মন্ত্রী শ্রী পবন বনশাল সত্যিই তিনি জানবেন কি করে, আসলে আমরা যে ৩৪ বছর ছিলাম। এতগুলো ডেলিগেশন গেছে। আর একবার গিয়ে একজন মন্ত্রীকে দেখে আসতাম। তার পরেরবার গিয়ে দেখতাম সেই মন্ত্রী সেখানে নেই। তা কি করে আর হবে। পরের মন্ত্রী তো জানতেন না যে আগের মন্ত্রী কি শুনেছেন।

[3.40—3.50 p.m.]

কিন্তু মাননীয় মন্ত্রী ডাঃ মানস ভূঞ্যা তিনি এই বিষয়ে তখনও খুব আগ্রহী ছিলেন, এখনও আছেন এবং আমি কিন্তু আপনার বাজেটে যাই লিখে থাকুন, আমি হতাশ হইনি। আপনার উপরে আমরা এখনও আস্থা বিশ্বাস রাখি। আপনি এই এতগুলি ডেলিগেশনে ছিলেন। একসঙ্গে গেছি। আমার শেষ খেয়াল পড়ছে, তখন সইফুদ্দিন সোজ যখন কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন, তখন আপনিও ছিলেন, আমিও ছিলাম, আমরা অনেকেই ছিলাম। তখনও আমরা বলেছিলাম। যখন শ্রী প্রিয়রঞ্জন দাশমুন্সী মন্ত্রী ছিলেন, তখনও আমরা তাঁর সঙ্গে এইসব আলোচনা করেছি। এবং আমি এই গত ২২ তারিখে যখন আমরা প্রধানমন্ত্রীর সঙ্গে রাজভবনে দেখা করতে গিয়েছিলাম, আমি সেখানে আপনাদের বিরুদ্ধে বলিনি, আমাদের রাজ্যের দাবিগুলি নিয়ে বলেছিলাম। তখনও সেখানে খুব সুনির্দিষ্টভাবে এইসব প্রকল্পগুলির কথা আমি উল্লেখ করেছি। আমি চিঠিটার প্রতিলিপি আপনার কাছে পাঠিয়ে দেব। এবং আপনি যেটা বলেছেন আমি সেটাই বলছি যে আমাদের আবারও সর্বদলীয় প্রতিনিধিদল

*** অধ্যক্ষের আদেশক্রমে বাতিল করা হল।

এখান থেকে যাওয়া দরকার আমাদের এখানকার সাধারণ দাবিগুলি নিয়ে। কেন কেন্দ্রের কাছে আমরা এটা দাবি করব না। আন্তর্জাতিক যে সমস্ত নদনদী রয়েছে, এখানে সেগুলির দায়িত্ব নিয়ে কেন্দ্রের যা করণীয়, তা তারা কেন করবেন না ? আপনি যেটা সঠিকভাবেই প্রশ্ন তুলেছেন যে, ভারত ভুটান জয়েন্ট টেকনিক্যাল কমিটি, জে.টি.সি. রয়েছে, সেখানে কেন আমাদের প্রতিনিধিত্ব থাকবে না ? কিসের জন্য ? কেন ইন্দো বাংলাদেশ যে রিভার কমিশন রয়েছে, ভারত বাংলাদেশের সঙ্গে, সেখানে আমাদের প্রতিনিধিত্ব থাকবে না ? আমি সেদিনও মুখ্যমন্ত্রী যখন এখানে বক্তৃতা দিলেন, আমি জানি না, আপনি ছিলেন কিনা, কিন্তু আমি সেদিন বলেছিলাম যে, আপনি বাংলাদেশ যাচ্ছেন, আমি শুভেচ্ছা জানাচ্ছি আগাম। কিন্তু জল তো এই রকম নয় যে তাকে বর্ডার সিকিউরিটি ফোর্স তার সীমান্তবাহিনী দিয়ে বা ওখানে দেওয়াল তুলে আপনি এই সীমানার এ-পাশ ও-পাশ যাওয়া-আসা আটকাতে পারবেন ? এই যে গঙ্গা-পদ্মার ভাঙন থেকে শুরু করে অনেক বিষয় আছে। আমি একটা একটা করে সবটায় যাচ্ছি। আমরা সেইসব বিষয়ে আমাদের যা বক্তব্য তা আলোচনা করে এখান থেকে যদি আমরা একমত হতে পারি, তাহলে কেন সেইসব বিষয়ে আমরা কেন্দ্রের কাছে বলব না যে, এখানে আমাদের বক্তব্য আছে শোনবার জন্য । আমি ঠিক জানি না যে আপনার সঙ্গে মাননীয়া মুখ্যমন্ত্রীর কথা হয়েছে কিনা। এইসব বিষয়ে যে বক্তব্য আছে, সেটা আমাদের এপার বাংলা, ওপার বাংলা উভয় মানুষের স্বার্থেই আছে। আমাদের শান্তিপূর্ণভাবে আলোচনার নিষ্পত্তি যাতে করা যায়, সেইসব বিষয়ে দেখতে হবে। আপনি অনেকগুলি কথাই তুলেছেন, আমি সেগুলির ব্যাপারে আপনাকে পুরোপুরি সমর্থন করছি। আমি আপনাকে বলতে পারি যে, আমরা এইসব কিছুর পাশে সব সময় থাকব। এবং আপনি কয়েকটা কথা উল্লেখ করেছেন, আবার করেননি। তিস্তা নিয়ে যে রকম কথা হল, যে প্রায় ১৩০০ কোটি টাকা খরচ হয়েছে। প্রায় ৭৯% রাজ্য সরকার খরচ করেছে। এটা জাতীয় প্রকল্প হয়েছে। এখন ৯০% কেন্দ্রীয় সরকার দেবে। কিন্তু সেই সমস্যাতেই তো আসছি। উনি এখন হাড়ে হাড়ে বুঝতে পারছেন। লিখেছেনও সেগুলির ব্যাপারে যে এগুলির সমস্যা কি ? এখন এপাশ থেকে বলা, আর ওপাশ থেকে বলা, এই দুইয়ের মধ্যে পার্থক্য আছে তো ? আমাদেরও আমাদের অবস্থান বুঝে নিতে হচ্ছে। আগেও আমরা বুঝেছি যখন অনেকদিন আগে বিরোধী পক্ষে ছিলাম। আপনারা অনেকদিন পরে ওদিকে বসেছেন, আপনাদেরও সমস্যা নিশ্চয় বুঝতে হবে। বুঝতেও পারছেন আপনারা। বোঝেন না আমি সেইকথা বলছি না। অন্ততপক্ষে আপনার ব্যাপারে আমি তা বলতে পারি না। কাজেই সেই সমস্যার ব্যাপারে বলি আন্তর্জাতিক অনেকগুলি নদনদী আছে। তার সমস্যা। আপনি যেটা এখানে উল্লেখ করেননি, সেটা হল উপকূলবর্তী এলাকায় ক্ষয় হচ্ছে। নদীর আচরণ বোঝা খুব মুশকিল। সমুদ্রের আচরণ বোঝা আরও মুশকিল। বঙ্গোপসাগরের উপকূলবর্তী এলাকাতে যে ক্ষয়ক্ষতি হচ্ছে, এ একটা সমস্যা যেগুলি জাতীয় স্তরের সমস্যা। আন্তর্জাতিক স্তরের সমস্যা। আমাদের এখানে যে সমস্ত সমস্যা আছে, সেগুলি নিয়েই আমরা এখানে কিছু ঠিক করতে পারি না। বড়ো প্রকল্প করলেই জি.এফ.সি.সি., গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশনে যেতে হবে। তার অফিস পাটনায়। আপনি লোক বসিয়ে রেখেছেন। আপনি কলকাতাতে একটা দাবি করেছেন। আমি আপনার দাবির সঙ্গে একমত। কিন্তু আমি ঠিক বিশ্বাস করি

না, এদের কাছ থেকে আপনি কিছু আশা করবেন না। যদি না আপনি এখন আদায় করতে পারেন, কারণ সরকার আপনাদের। এখন এখানেও আপনারা, দিল্লীতেও আপনারা—সেইজন্য। জি.এফ.সি.সি. হবে, সি.ডাব্লু.সি. হবে, তারপর প্ল্যানিং কমিশনে যাবে, তারপর জয়েন্ট টেকনিক্যাল ইকনমিক ভিজিবিলিটি রিপোর্ট হবে, তারপরে প্ল্যানের বরাদ্দ হবে, তারপর আপনার অংশ কত, কেন্দ্রের অংশ-রাজ্যের অংশ কত স্থির হবে, তারপরে সব হয়েও আপনি যেটা এখানে উল্লেখ করেছেন এবং আশঙ্কা প্রকাশ করেছেন, সেটা সঠিকভাবেই করেছেন। জমি অধিগ্রহণ সেখানে একটা বড়ো সমস্যা। দেখছেন, তিস্তাতে টাকা পেলেও আপনি কিছু করতে পারবেন না যদি জমি অধিগ্রহণ করতে না পারেন। আমি জানি না, আপনি মা-মাটি-মানুষের সরকারের মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে এই যে জমি অধিগ্রহণ করতে হবে বলে যে সমস্যাটা হচ্ছে, সেটা সম্পর্কে খুব ভালোভাবে আলোচনা করেছেন কিনা। এখানে আবার বাধা হবে কিনা, সেটাও দেখবেন। এটা বিশেষ করে সেচের ব্যাপারে এটা গুরুত্বপূর্ণ ব্যাপার। সেইজন্য এই যে এতগুলো সমস্যা আছে, তাছাড়া আরো অনেক সমস্যা আছে, সেসব সমস্যা এখানে লেখা আছে, আমি তার মধ্যে যাচ্ছি না। আর অর্থ কমিশন যখন বরাদ্দ করে, বরাদ্দও করছে, কিন্তু আপনি তা কেন মেনে নিচ্ছেন ? আমি আপনার এই বাজেটে দেখছি যে, যেটা বললেন মাননীয় প্রাক্তন সেচমন্ত্রী শ্রী সুভাষ নস্কর মহাশয়—যেটা উনি বললেন যে, ওই বাজেটটার কপি ওঁর কাছেও আছে, আমার কাছেও আছে। মেলালে অনেক কিছু মিলে যাবে এই দুটো বাজেটের মধ্যে। আমি কাটমোশন কি করে দেব ? এক-একটা বাজেট আছে—এরপরে মানসবাবু যে বাজেটটা রাখতে যাচ্ছেন, বাজেটটা আমি যদি পড়ি স্যার, এমন একটা লাইনও খুঁজে পাওয়া যাবে না, যাতে আমি কাটমোশন দিতে পারি। একটা কারণ সেটা, কিন্তু বড়ো কারণ না। বড়ো কারণ হচ্ছে যে, সকালবেলা বাজেট পিস্ পাচ্ছি, তারপরে বলছেন কাটমোশন। উনি বলে তো চলে গেছেন। আর স্যার, আপনার সামনে তো কতবার হাতে হাত রেখে কথা বলেছেন যে, মন্ত্রীরা নতুন, একটু ধৈর্য ধরে নিন। আচ্ছা, আমাদের ছাপাতে অসুবিধা হচ্ছে ইত্যাদি ইত্যাদি। আচ্ছা সুব্রতবাবু, আপনিও কি অস্বীকার করবেন যে, এটা কতবার কথা হয়েছে, এবারটা ছেড়ে দিন, এবারটা অসুবিধা হচ্ছে। এতো আলোচনার ভিত্তিতে। আবার উল্টে বলছেন, কাটমোশন কেন দিচ্ছেন না ? আমরা সরকারের অসুবিধা বুঝে চুপচাপ আছি। প্রথমবার, দেখে নিচ্ছি বাজেটে যা করছেন, ইত্যাদি। কিন্তু আপনি কেন্দ্রের কাছে—এটা আমার সুযোগ থাকলে কাটমোশন দিতাম। কিন্তু দিচ্ছি না। আমি আশা করি আপনি পুনর্বিবেচনা করবেন। যেখানে আটের প্যারায় আপনি লিখেছেন, 'সম্পদের ব্যবস্থাপন ও রাজস্ব আদায়। এই অনুমিত রাজস্ব আদায় ৭ কোটি ৬৯ লক্ষ। আর পরিকল্পনা বহির্ভূত রাজস্ব ব্যয় ৪৩৫ কোটি ৪২ লক্ষ।' আচ্ছা, এই যে অর্থ কমিশন, তারা একটা রায় দিয়েছেন যে, এর মধ্যে সঙ্গতি আনতে হবে এবং তার জন্য আপনি বলছেন যে, এই আয়-ব্যয়ের বিপুল ফারাকটা যতটা সম্ভব কমিয়ে আনা একান্ত প্রয়োজন এবং কী করে করবেন ? না, সেচের জলের দাম বাড়িয়ে ! এটাই তো আপনার বাজেটে লেখা আছে সুস্পষ্টভাবে। আপনি সেচের জলের দাম বাড়িয়ে ৭ কোটি আর ৪৩৫ কোটির মধ্যে যে ফারাক, সেটা কমিয়ে আনবেন ? আপনি

তাই তো লিখেছেন। আপনার ভাষায় আমি পড়ছি, 'আয়-ব্যয়ের এই বিপুল ফারাক যতটা সম্ভব কমিয়ে আনা একান্ত প্রয়োজন এবং তার জন্য জলের দাম ঠিক করতে হবে।' ওরা বলে দিচ্ছে। এটা আবার মা-মাটি-মানুষের সরকার, তারা যা বলছেন—খাওয়ার জলের ব্যাপারে, সেচের জলের ব্যাপারে, তার সঙ্গে তো সঙ্গতিপূর্ণ না, আপনি কি করে এটা পড়বেন ? আর কেনই বা ওদের এইসব কথা আমাদের মেনে নিতে হবে ? ঠিকই কমিশনের রায় আমরা অস্বীকার করতে পারি না, কিন্তু কেন্দ্রের কাছে আমরা বলতে পারি এগুলো পুনর্বিবেচনার জন্য ? এই জিনিসটা ছিল না। এই জিনিস আমাদের বাজেটে আমরা কখনো লিখিনি। আর এটা কি ঠিক নাকি ? যে, কতগুলো কথা আপনি বলেছেন, সুবর্ণরেখার বিষয়টা আমরা নাকি কেন্দ্রের কাছে যথাযথভাবে তুলে ধরিনি। এটা গত বাজেট স্পিচে রয়েছে।

[3.50—4.00 p.m.]

মাননীয় সুভাষ নস্কর যখন গতবারে বক্তৃতা করেন সেখানে পরিষ্কারভাবে রয়েছে কেন এটা ৯০% ১০% করা উচিত। এটা যুক্তিসহ আছে এবং আলোচনাও হয়েছে। যাইহোক এখন আবার আমরা বলছি যে সুবর্ণরেখার যে গুরুত্ব সেটা আপনারা দেখবেন। কাজেই যতগুলো প্রকল্প আমাদের আছে, উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গ যতগুলো যা আছে সেগুলো বহু আলোচিত। আপনার এখানে আছে, আমাদের মেমোরান্ডামে আছে, আমি সেগুলোর প্রত্যেকটা ধরে ধরে যে বক্তৃতা করতে চাইছি তা নয়। কিন্তু এই একটা সমস্যা আপনি বলেছেন গঙ্গা-পদ্মা সম্পর্কিত যেটা ভাঙন ইত্যাদি, তা ছাড়া রক্ষণাবেক্ষণ এই সব নিয়ে। এটা ২০০৪ সালে ফারাক্কা ব্যারেজ কর্তৃপক্ষ উপরে ৪০ কি.মি., ৮০ কি.মি. নীচে, এই ১২০ কি.মি. নিয়ে নিল দায়িত্ব, তার পরে ওদের লোকজন নেই, তার পরে আপনার কাছে ডেপুটেশনে কয়েকজন চেয়েছিল। মাননীয় সুভাষ নস্কর যখন মন্ত্রী ছিলেন তখন তাঁর কাছে ডেপুটেশনে চেয়েছিল, তখন ডেপুটেশানেও দিয়েছিলেন। আপনারা নিশ্চয় দিয়ে রেখেছেন এখন। এটার নিষ্পত্তি হওয়া দরকার। দায়িত্ব নেবে আর কি অবস্থা হচ্ছে ওখানে, তাদের লোকজন রাখবে না ? দু রকম প্রস্তাব আপনি দিয়েছেন, আমি বলছি না এটা, কি ওটার পক্ষে বলছি না। এক, দুই ছাড়াও তৃতীয় অন্য কিছু হতে পারে, কিন্তু আলোচনার ভিত্তিতে হতে পারে, কিন্তু এটাতো সাধারণ দাবি, এটা কেন আমরা বলব না জোরের সঙ্গে ? সবাই মিলে কেন এ কথা আমরা বলতে পারব না ? ব্রহ্মপুত্র বোর্ডে স্থায়ী মেম্বারশিপ কেন আমাদের থাকবে না ? আমার খেয়াল আছে, আমি আর শ্রী প্রিয়রঞ্জন দাশমুন্সী কোচবিহারে ছিলাম বন্যার সময়, আর বোটে আমি গিয়েছিলাম এক জায়গায়, জল যখন চারদিকে, তখন কখন বাংলাদেশে ঢুকে গেছি বুঝতে পারিনি। কারণ জল হয়ে গেলে সীমানা থাকে নাতো। বোটে আছি, আর্মি বোট ছিল। যাইহোক আমি যখন ট্রেনে ফিরছিলাম, তখনও বললাম, সার্কিট হাউসেও বললাম, উনি আবার আসাম যাচ্ছিলেন। যাইহোক, আমি সে সব কথায় যাচ্ছি না। কিন্তু তখন থেকেই আমরা বলে আসছি এটা কি ব্যাপার ব্রহ্মপুত্র বোর্ডে আমাদের একজন স্থায়ী মেম্বার থাকবে না ? এই নিয়ে বিতর্ক করার কি কিছু ব্যাপার

আছে ? এই নিয়ে গত ৩৪ বছরে ফিরে যেতে হবে ? আবার এখন এই নিয়ে ঝগড়াঝাটি করতে হবে ? কোনো কারণ নেই। এই রকম অনেকগুলো বিষয় আছে যেগুলো আমরা একসঙ্গে আলোচনা করতে পারি। আপনি কয়েকটা বিষয় এখানে নতুন করে বলেছেন। আমি আপনাদের দু-একটা কথা বললাম, সব কথা বলতে পারব না। সেচ-জলপথ দপ্তর এই রকম একটা দপ্তর, যা নিয়ে বললে বলা শেষ হতে চায় না। আপনারা এখানে বলেছেন একটা বড়ো ধরনের সামগ্রিক পরিকল্পনা বন্যা নিয়ন্ত্রণ কমিশন একটা বলেছেন। আচ্ছা, অনেক কমিশন তো হয়েছে এর আগে, প্রীতম সিং কমিটি থেকে আরম্ভ করে তার পরে আমি আর নাম ধরে বলছি না। আমার এটুকু মনে আছে যখন ১৯৭৭ সালে জনতা সরকার হল তখন একটা বড়ো উদ্যোগ হয়েছিল। আর যে কোনো কারণেই হোক আমরা রাজ্যে বামপন্থী সরকার আর কেন্দ্রে যখন অন্যরা থাকেন তখন আমরা যথাযথভাবে সাড়া পাইনি। আর ওই সরকারগুলো বেশিদিন স্থায়ী হয়নি। অ-কংগ্রেসী সরকার। বিজেপি পরিচালিত সরকারের কথা আমি বলছি না। কিন্তু দেবগৌড়া যখন ছিলেন উনি একবার এসেছিলেন এখানে, একটা কথা দিয়েছিলেন। কিন্তু সেই সরকার তো থাকেনি। কিন্তু এখন একটা সুযোগ আছে এইসব নিয়ে কথা বলবার। এই যে কমিশনগুলো হয়েছিল, বিভিন্ন কমিটির রিপোর্ট ছিল, আবার নতুন করে সেটা নিয়ে একটা রিভিউ হতে পারে, একটা সামগ্রিক বক্তব্য হতে পারে, কিন্তু সব আবার নতুন করে কমিশন। একটা মুশকিল হচ্ছে কি জানেন তো একটা চালু কথা আছে if you want to do it do it, if you do not want to do then set up a committee or commission and then wait for it. তার মানে কিছু সময় নষ্ট হবে, সেই জন্য তার ভিত্তিতে আসল সমস্যাগুলো যেগুলো আপনি চিহ্নিত করেছেন সেগুলোর উপর যদি আমরা দৃষ্টি কেন্দ্রীভূত করি এবং দলের সামগ্রিক ব্যাপার নিয়ে যা বলেছেন আপনি—কেন আমি জানি না বনদপ্তরের অতিরিক্ত মুখ্যসচিব তাঁকে দায়িত্ব দেওয়া হয়েছে, জলের ব্যবহার নিয়ে। —কি ব্যাপার আমি ভালো বুঝতে পারলাম না। বনের সাথে জলের সম্পর্ক নেই আমি তা বলছি না। কিন্তু বন দপ্তরের অতিরিক্ত মুখ্যসচিব খাওয়ার জলের, সেচের জলের আর শিল্পের জল এসব বন দপ্তরের অতিরিক্ত মুখ্যসচিব তাঁকে কেন দায়িত্ব দেওয়া হয়েছে আমি জানি না। ভেবে দেখবেন এসব জিনিস। আমি খালি একটা কথাই আপনাকে বলতে চাইছি, এই সব সমস্যার সবচেয়ে বড়ো সমাধানের যেটা রাস্তা সারা পৃথিবীতে আলোকিত, আমাদের দেশে বহু আলোকিত সেটা হচ্ছে ইনটিগ্রেটেড মাইক্রো ওয়াটারশেড ডেভেলপমেন্ট। এই সুসংহত জল বিভাজিকা প্রকল্প। যেটা আমাদের সরকার পক্ষের একজন মাননীয় সদস্য বলবার চেষ্টা করছিলেন। জল আটকাতে হবে ছোটো ছোটো নদীতে। ছোটো ছোটো নদীতে বাঁধ দিয়ে আটকানো। তার আগে হচ্ছে, যে রিভুলেটস। তার থেকে আরও ছোটো, আরও ছোটো। যেখান থেকে জলটা আসছে এক ইঞ্চি মাটি হতে কয়েক লক্ষ বছর সময় লাগে টপ সয়েল-টপ সয়েল তৈরি হতে। আর লক্ষ লক্ষ, কোটি টন মাটি সিলটেশান হয়ে জমা হচ্ছে। এটার যেখান থেকে উৎস, যেখান থেকে সিল্ট আসছে, যেখান থেকে জলটা এসে সমুদ্রের লবনাক্ত জলের সঙ্গে মিশে যাচ্ছে, সেই উৎস স্থল যদি আমাকে আটকাতে হয় তার একমাত্র পদ্ধতি

হচ্ছে সুসংহত জল বিভাজিকা প্রকল্প। যাকে বলি আমরা ইনটিগ্রেটেড মাইক্রো ওয়াটারশেড ডেভেলপমেন্ট। এটা একটা মূল বিষয় হতে হবে এবং সেটা বহু দপ্তরের ব্যাপার। কিন্তু আপনাদের দপ্তরের একটা বড়ো ভূমিকা থাকা উচিত। আমি সেটাও আপনাকে একবার ভেবে দেখতে বলব। এই কয়েকটি কথা বলে আমি আপনার বাজেটকে সমর্থন করতে পারলাম না, এই কয়েকটা কথার জন্য। আর দু-একটা স্পষ্টিকরণ চেয়েছি—জলের পয়সা-টয়সা ইত্যাদি। সেসব বিষয় বিরোধিতা করেই আমার কথা শেষ করছি।

মিঃ স্পীকার : ডাঃ মিশ্র এখানে আমি একটা কথা বলব। আপনি একটা কমেন্ট করেছেন খুব সারকাস্টিকালি কমেন্ট করেছেন [***] এতে এনকারেজ্‌ড হবে অন্যান্য সদস্যরা, এই ধরনের কোনো মন্তব্য করাতে। সুতরাং এই মন্তব্যটা আপনারা বাদ দেবেন। এক্সপাঞ্জড করে দেবেন।

শ্রী শ্যামল মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমেই পশ্চিমবঙ্গ রাজ্য-সরকারের সেচ ও জলসম্পদ বিভাগের ৩২ নম্বর দাবির উত্থাপন প্রসঙ্গে ২০১১-২০১২ সালে বাজেটে, আমাদের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় মানস রঞ্জন ভূঞ্যা যে বাজেট উত্থাপন করেছেন আমি তাঁকে পূর্ণ সমর্থন জানানোর জন্যই মাননীয় বিধানসভার সদস্য-সদস্যাদের কা. উত্থাপন করছি। মাননীয় বিরোধী দলের নেতা ডাঃ সূর্য্যকান্ত মিশ্র প্রথমে অত্যন্ত ভারাক্রান্ত হৃদয়ে এবং সুস্পষ্ট প্রাঞ্জল ভাষায় বাজেটকে সমর্থন জানিয়ে, শেষে কিন্তু হাউসকে নিরাশ করলেন। তিনি কয়েকটি গুরুত্বপূর্ণ কথাও বলেছেন। আমাদের খুব ভালোও লেগেছে কারণ আমরা নতুন বিধানসভার সদস্য এবং মন্ত্রী হয়েছি। কিন্তু শেষে একটা জটিল কথা বলে, আমাদের এই বাজেটকে উনি সমর্থন করতে পারলেন না। পশ্চিমবাংলার সাড়ে ১০ হাজার কিলোমিটার নদী বাঁধ এবং তা বেহাল, শোচনীয় ও বিপর্যস্ত এলাকা। আমাকে বলতে দিন। সাড়ে ১০ হাজার যে নদী বাঁধ অধিকাংশেরই বেহাল এবং শোচনীয় অবস্থা। গত ৩৪ বছর ধরে আপনারা যখন ক্ষমতায় ছিলেন, হেসে কোনো লাভ নেই, আজকে এত বন্যা এবং জলোচ্ছ্বাস, ওয়াটার লগ আপনাদের জন্যই ঘটেছে। পরিষ্কার করে বলছি।

[4.00—4.10 p.m.]

কখনোই এটা হত না। আপনাদের কুফলের জন্যে, আপনারা নদীবাঁধগুলো সংস্কার না করার জন্যে, সেচ দপ্তরকে পরিচ্ছন্ন প্রশাসন উপহার না দেওয়ার জন্যে আজকের মালদায় মানুষ এবং পশ্চিমবাংলার বিভিন্ন জেলার মানুষ আজকে তারা জলমগ্ন অবস্থায় ভুগছে—এর দায়ভার আপনাদের। আমাদের সবে ৯০ দিনের সরকার। আমাদের কাজ করতে দিতে হবে। তবুও ৯০ দিনের মধ্যে আমরা আমাদের পূর্ণমন্ত্রী ডাঃ মানস রঞ্জন ভূঞ্যাকে নিয়ে একটার পর একটা পদক্ষেপ গ্রহণ করার চেষ্টা করেছি। পশ্চিমবাংলার বিভিন্ন প্রান্তে, আমরা দৌড়ে গেছি।

(গোলমাল)

*** অধ্যক্ষের আদেশক্রমে বাতিল করা হল।

হ্যাঁ, গেছি আমরা। বিভিন্ন জায়গাতে আমরা গেছি। আমরা ইছামতীতে গেছি, আমরা ডায়মণ্ডহারবারের বিভিন্ন জায়গার নদীবাঁধ পরিদর্শন করেছি, গোসাবার নদীবাঁধ পরিদর্শন করেছি, হেসে কোনো লাভ নেই, অনেক করেছেন ৩৪ বছরে, আমাকে বলতে দিন।

(গোলমাল)

সুন্দরবন এলাকার আয়লা বিধ্বস্ত সাড়ে তিন হাজার কিলোমিটার নদীবাঁধের মধ্যে, ৭৭৮ কিলোমিটার ভাঙনপ্রবণ নদীবাঁধ আমরা নির্মাণের জন্যে আমরা প্রস্তুত হয়েছি। তার জন্যে ১৪০০০ একর জমি দরকার। প্রথম প্যাকেজে ২৬৩ কিলোমিটারের জন্য শ'দেড়েক একর জমি আমাদের দরকার। তার জন্যে আমরা Block Level Monitoring Committee, District Level Monitoring Committee, রাজ্য Level Monitoring Committee এবং রাজনীতির সমস্ত উর্ধে গিয়ে সেই এলাকার পঞ্চায়েত প্রধান, জেলা পরিষদের সভাধিপতি, সাংসদ, বিধায়কদের সঙ্গে নিয়ে আমরা সুন্দরবনের যারা—নদীর পাশে যাদের জমি আছে, যে জমি অধিগ্রহণ করা দরকার তাদেরকে আমরা বোঝাবার চেষ্টা করব। এবং সেই বাঁধ নির্মাণ যাতে আমরা করতে পারি বাংলাদেশের অনুকরণে সেই বাঁধ হবে। সেই বাঁধ যাতে আমরা করতে পারি তার জন্য আমরা সহযোগিতা চাই। যেটা আপনারা করতে পারেননি আমরা সেটা আগামী দিনে করে দেখাবো—এটাই আমাদের মা-মাটি-মানুষের সরকারের একমাত্র দায়িত্ব এবং কর্তব্য বলে আমরা মনে করি। সুবর্ণরেখা ব্যারেজ থেকে আরম্ভ করে, তিস্তা প্রকল্প, সমস্ত প্রকল্পকে আমরা অধিক গুরুত্ব দিয়ে আমরা দেখার চেষ্টা করছি। আমাদের যা অফিসিয়ালস আছেন বিভিন্ন জায়গায়, সেচ দপ্তরটাকে গত ৩৪ বছর ধরে আপনারা পুরোপুরি বিপর্যস্ত করে রেখেছিলেন। সমস্ত অফিসারদেরকে আমরা বুঝিয়ে কর্মসংস্কৃতি ফিরিয়ে এনে সেচ ও জলপথ দপ্তরটাকে আমরা পরিষ্কারভাবে সুশাসন দেওয়ার চেষ্টা করছি। অনেক Engineer তারা অনেক সময় সরকারি উদাসীনতার জন্যে বামফ্রন্ট সরকারের সেই সমস্ত Engineerরা কাজ করতেন না। কিন্তু আমরা ভালো বলে, তাদেরকে কাছে ডেকে নিয়ে তাদের সমস্যার কথা শুনে আমরা কাজগুলো আরম্ভ করবার চেষ্টা করেছি। আগামী দিনে যে প্রকল্পগুলো আমরা গ্রহণ করেছি, যে কাজগুলো আমরা করতে চাই, সেই কাজগুলোতে আমরা কোনো রাজনীতির রঙ রাখবো না। আপনারাও পরামর্শ দেবেন, আপনারাও সহযোগিতা করবেন প্রত্যেকটা জায়গাতে সেচ দপ্তরে আমাদের কাজ হবে বলে আমি মনে করি। এই বাজেটকে আপনাদের সবার কাছে সমর্থন করার জন্য আবেদন জানিয়ে আমার সংক্ষিপ্ত বক্তব্য শেষ করছি।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজ ৩২ নম্বর সেচ এবং জলপথ দপ্তরের বাজেট এবং প্রস্তাবনার আলোচনা চলছে। আমি ধন্যবাদ জানাই যে সমস্ত মাননীয় সদস্য বিরোধী দল এবং সরকারি দল আব্দুল রহিম বক্সি সাহেব, দুলাল মুর্মু মহাশয়, তাজমূল হোসেন সাহেব, আমাদের শ্রদ্ধেয় দেব প্রসাদ রায় মহাশয়, গোকুল রায় মহাশয় এবং অরূপ খান মহাশয় এবং মাননীয় বিরোধী দলনেতা ডাঃ সূর্য্যকান্ত মিশ্র এবং আমার দপ্তরের সম্মানীয় রাষ্ট্রমন্ত্রী শ্রী শ্যামল মণ্ডল মহাশয় অংশগ্রহণ করেছেন, আমি

তাঁদের সবাইকে আন্তরিক ধন্যবাদ জানাই। আমরা যখন এই হাউসে সেচ দপ্তরের এবং জলপথ দপ্তরের বাজেট নিয়ে আলোচনা করছি তখন বাংলার বহু প্রান্তের বহু গ্রামে, জেলার অনেক জায়গায় অতিরিক্ত বর্ষণ এবং কিছু কিছু জায়গায় নদীর ফাটল ভাঙন এবং নদী বাঁধ উপচে জল ঢুকে যাওয়ায়, মানুষ ভীষণভাবে বিপর্যস্ত। আমরা যখন এই হাউসে এই দপ্তরের বাজেট নিয়ে আলোচনা করছি তখন প্রায় গতকাল অবধি যে খবর ছিল, ৬৬ জন মানুষ মারা গেছেন। আমরা যখন এই দপ্তরের বাজেট নিয়ে আলোচনা করছি তখন আমাদের রাজ্যের নতুন সরকারের সম্মানীয় মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে প্রতিটি বিধায়ক, পঞ্চায়েত, জেলা শাসক, মহকুমা শাসক, বি.ডি.ও.-রা দলমতনির্বিশেষে পঞ্চায়েত এবং বিধায়ক এবং সাধারণ মানুষ সর্বোপরি হাতে হাত লাগিয়ে, আমার পাশে বামদিকে বসে আছেন সম্মানীয় মন্ত্রী মহাশয় জাভেদ খান সাহেব ডিজাসটার্স ম্যানেজমেন্ট দপ্তরের ভারপ্রাপ্ত সম্মানীয় মন্ত্রী হাতে হাত লাগিয়ে বিপর্যস্ত এবং বন্যায় বিপর্যস্ত যেসব জায়গাগুলি হয়েছে, তাদের উদ্ধারের জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছেন আমাদের সরকার। আমি প্রথমেই ধন্যবাদ জানাব সাধারণ মানুষকে, তারপর ধন্যবাদ জানাব আমার দপ্তরের এবং ডিজাসটার্স ম্যানেজমেন্ট দপ্তরের আধিকারিকদের এবং সাধারণ প্রশাসনের বিশেষ করে জেলা মহকুমা এবং ব্লক স্তরের আধিকারিকগণ এবং পঞ্চায়েত-এর কর্মকর্তাগণ তাদের সবাইকে আমি ধন্যবাদ জানাচ্ছি যে এই দুর্যোগের মধ্যেও তারা হাতে হাত মিলিয়ে এবং আমি খুব পরিষ্কার করে বলছি আমার দপ্তরের কাজ করতে গিয়ে দেখেছি দলমতনির্বিশেষে মানুষের সাহায্য সহযোগিতা পেয়েছি। আমি মানুষকে ধন্যবাদ জানাচ্ছি সরকারের পক্ষ থেকে। মাননীয় মুখ্যমন্ত্রী তিনি প্রতিদিন দুটো আড়াইটে অবধি আমাদের সঙ্গে যোগাযোগ রক্ষা করেছেন, আমার দপ্তরের সচিব তার নাম যদি না করি, আধিকারিকদের যদি নাম না করি, খুব অন্যায় হবে শ্রী অঞ্জন চট্টোপাধ্যায় এবং মুখ্য সচিব তিনি রাত্রি একটা-দেড়টা-দুটো পর্যন্ত, আমরা কথা বলেছি, কথা বলতে হয়েছে। কারণ ডি.ভি.সি., সূর্য্যবাবু রয়েছেন, আনিসুর সাহেব রয়েছেন, বিশেষ করে আমার প্রাক্তন সেচমন্ত্রী রয়েছেন, সম্মানীয় সুভাষবাবু, ডি.ভি.সি.-র জল ছাড়ার প্রবণতাটা কখন তারা ধাপে ধাপে ষেটাকে আমরা ইংরাজিতে বলি ফেজিং ম্যানারে, ইন এ মেজার্ড ওয়ে, নিয়ন্ত্রিতভাবে বাই অ্যাসেসিং সিচুয়েশান অফ দি ডেপথ অ্যান্ড লেভেল অফ ওয়াটার, কথা শুনতেন, অনেক সময় শুনতেন না। কিন্তু এবারে আমরা বিশেষ করে প্রথম থেকে তাদের সঙ্গে সমন্বয় রক্ষা করি। আমি ধন্যবাদ জানাই ডি.ভি.সি. কর্তৃপক্ষকেও যে তারা মুখ্যমন্ত্রীর কথা শুনে, আমাদের দপ্তরের কথা শুনে চেষ্টা করেছেন যতটা সম্ভব ব্যারেজ এবং তার টেকনিক্যাল কন্টেইনমেন্ট অফ দি ক্যাপাসিটি অফ দি ব্যারেজ এটাকে বলে টেকনিক্যাল কন্টেইনমেন্ট অফ দি ক্যাপাসিটি অফ দি ব্যারেজ সেটাকে বজায় রেখে আস্তে আস্তে ফেজিং ম্যানারে জল ছেড়েছে, যদিও উদয়নারায়ণপুর বিপর্যস্ত হয়েছে।

[4.10—4.20 p.m.]

তবুও খানাকুল ক্ষতিগ্রস্ত হয়েছে। তবুও আমতা ক্ষতিগ্রস্ত হয়েছে। পারিনি। কিন্তু যেদিকের বাঁধটা ভেঙেছে আপনারা জানেন বা সাবসিডেন্স হয়েছে, জল উপচে জল গেছে। আমি

আমতার কথা যদি ধরি, আমার কাছে মিঃ দেবনাথের সমস্ত রিপোর্ট আছে এবং আমার ডিজাস্টার ম্যানেজমেন্ট দপ্তরের জাভেদ খান সাহেব রেগুলার আমাকে রিপোর্ট পাঠাতেন। ডাঃ মিশ্র আপনি শুনলে আশ্চর্য হবেন, ৬৬৮ মিলিমিটার শুধু আমতাতেই বৃষ্টি হয়েছে। ৬৬৮ মিলিমিটার আনপ্রিসিডেন্টেড।

Mr. Speaker: With the consent of the House, I am extending 15 minutes time.

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা: তো এটা ঘটনা। ডাঃ মিশ্র প্রথমে তুলেছিলেন যে প্রাকৃতিক দুর্যোগ কিনা। দুর্যোগ তো হয়েছে। এটাকে আমি কোনো সারকাস্টিক কমেন্ট করতে চাই না, I must say and confess and very straight. বৃষ্টি প্রচুর হয়েছে। নদীবক্ষ একেবারে খেলার মাঠ। ফুটবল মাঠ হয়ে গেছে নদীর বক্ষ। ডি-সিল্টেশান করা যায়নি। কেন হয়নি, কারা করেনি বিতর্কে যাচ্ছি না। হয়নি। নদীর বাঁধের দুই জায়গায় মৌজাগুলি একেবারে গভীর গর্ত। জল ঢুকেছে, অনেক জল হয়ে গেছে। ঘটনা। ব্যারেজের কেপেবিলিটি এবং ক্যাপাসিটি মেজর হয়নি। এতদিন হয়নি। কেন হয়নি, কারা করেনি বিতর্কে যাচ্ছি না। করতে হবে। করা উচিত। এটাই আমার মত। এটা আমার সরকারের মত। ফলে বর্ষণ যেমন অতিরিক্ত হয়েছে, নদীর জল ধারণের ক্ষমতা কম থাকার ফলে বাঁধ উপচে এলাকায় জল ঢুকেছে। কিছু জায়গায় ফাটল, কিছু জায়গায় সাবসিডেন্স মানে ধস নেমে বসে যাওয়া, কিছু জায়গায় ভাঙন। আমি একটা তথ্য দিচ্ছি, ১৬ই জুন থেকে ২৩শে আগস্ট বাঁধগুলো ক্ষতিগ্রস্ত হয়েছে, ৪০ জায়গায় ব্রিচ মানে ভাঙন হয়েছে, ৪০টা স্পট ভাঙন হয়েছে major slits, subsidence and lane cuts ১৪৯২টি জায়গায় হয়েছে। সিভিয়ার ব্যাক ইরোশান অর্থাৎ খুব ইরোশান হয়েছে, ভাঙন হয়েছে, ৫১টা জায়গায়। ঘোগস হয়েছে। ঘোগ মানে জানেন তো, গ্রামের দিকে ঘোগ বলে। ওই গর্ত দিয়ে ঝুর ঝুর করে বাঁধের ভেতর দিয়ে জল গড়াতে থাকে, ১১৩টি। স্লুইস এবং স্ট্রাকচারাল যেসব স্ট্রাকচারগুলো আছে, ক্ষতিগ্রস্ত হয়েছে, টোটাল ২৬টা। গত পরশুদিন মালদার ভূতনীদিয়ারাতে আবার একটা জায়গায় বাঁধ ভেঙেছে। সেখানে ক্ষতিগ্রস্ত হয়েছেন। মালদার রহিমবাবু, তাজমুল সাহেবরা বলছিলেন। আমি মাননীয় সদস্যদের সমস্ত প্রশ্নের উত্তরগুলো নির্ধারিত ১৫ মিনিটের মধ্যে শেষ করছি। আমি একটু নতুন ঘোষণা করেছি। সমস্ত বিধায়করা, জেলাভিত্তিক এবং প্রোজেক্ট ভিত্তিক জেলাশাসক থাকবেন, সম্মানীয় মন্ত্রীদের প্রতিনিধি, জেলা পরিষদের সভাপতিদের প্রতিনিধি নিয়ে কো-অর্ডিনেশান কমিটি হবে। ইতিমধ্যে আমি তিস্তা ব্যারেজে করে দিয়েছি। নোটিফিকেশান হয়ে গেছে। মালদার নোটিফিকেশান খুব শীঘ্রই যাচ্ছে। আমি যেটা বলেছি, আমাদের সরকার যেটা বলবে, সেটা করবে। This is the first time in the history of Bengal. আমি এক্সপ্ল্যানেশান এবং ক্লারিফিকেশান নিয়েছিলাম ডিপার্টমেন্টে। এর আগে সরকারি স্তরে এইরকম কোনো কমিটি কোনোদিন করা হয়নি। আমরা বিধায়কদের হাতে দায়িত্ব দিচ্ছি কো-অর্ডিনেট করার। To oversee, to observe and to pursue the implementation and status position report of the different projects and the position of the flood

situation including everything. আমি উত্তরবঙ্গে গিয়েছি। তিস্তা ব্যারেজের ব্যাপারে কমিটি করে দিয়েছি। ১৫-২০ দিন অন্তর, এক মাস অন্তর, সুবিধা মতো মিটিং করবে। শুধু তিস্তা ব্যারেজ নয়, উত্তরবঙ্গের জেলাগুলির নদীজনিত সমস্যা নিয়ে তারা আলোচনা করবেন। মাননীয় সদস্য দেবপ্রসাদ রায় কতগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ সমস্যার কথা তুলেছেন এবং সম্মানীয় বিরোধী দলনেতা সেটাকে আলোচনা করেছেন। হ্যাঁ, এটা আমি মনে করি গঙ্গা, ভাগীরথী, পদ্মা, ফুলহারের ভাঙনের বিষয়টি শুধু রাজ্যের এক্তিয়ারে রাখা উচিত নয়। আমরা এই বিষয়গুলো নিয়ে আলোচনা শুরু করেছি। আমি কৃতজ্ঞ সম্মানীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে, সরকারে এসেই তিনি ঘোষণা করেছিলেন, 'জল ধরো, জল ভরো', this is a big slogan. It is not a mere slogan—it is reality, এটাকে আমরা ইমপ্লিমেন্ট করব। সেই ইমপ্লিমেন্ট করতে গিয়ে দুটো কমিশান করা হয়েছে, একটা হচ্ছে Drought Control Commission এবং আরেকটি হচ্ছে Flood Control Commission। তিনি আমাকে এই কমিটির চেয়ারম্যান করেছেন। সেই কমিটিতে মুখ্যসচিব আছেন, গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশানের মেম্বার আছেন, সেন্ট্রাল গভর্নমেন্টের ওয়াটার কমিশানের মেম্বার আছেন, আবহাওয়াবিদরা আছেন, পরিবেশবিদরা আছেন, আধিকারিকরা আছেন, আমরা এর কাজ শুরু করেছি। প্রথম মিটিং আমাদের হয়ে গেছে, আমাদের থিম পেপার হয়ে গেছে। আমরা এগিয়ে চলেছি, সময় মতো সম্মানীয় বিরোধী দলনেতার সঙ্গে এই বিষয়টা নিয়ে আমি আলোচনা করব এবং তার গুরুত্বপূর্ণ মতামত নেব। পরবর্তী পর্যায়ে আমরা ইমপ্লিমেন্টিঙের ক্ষেত্রে সম্মানীয় মুখ্যমন্ত্রীর কাছে থিম পেপার সাবমিট করে আমরা সরকারের পক্ষ থেকে ঘোষণা করব এবং আমাদের পদক্ষেপ নেব। মাননীয় দেবপ্রসাদ রায় এবং বিরোধী দলনেতা যে কথা বলেছেন, এটাতো ঘটনা উত্তরবঙ্গের অধিকাংশ নদীগুলি ভুটান থেকে এসেছে এবং সিকিম থেকে দুটো নদী এসেছে, আর বাংলাদেশ থেকে এসেছে পাঁচটি নদী। কিন্তু তার ধাক্কা কাদের সামলাতে হচ্ছে ? তার অধিকাংশ ধাক্কাই সামলাতে হচ্ছে প্রথমে মালদহ, উত্তর দিনাজপুর-দক্ষিণ দিনাজপুরের কিছুটা অংশ, কোচবিহারের কিছুটা অংশ, তারপরে মুর্শিদাবাদ, তারপরে বর্ধমানের আপার পার্ট এবং নদীয়ার আপার পার্ট। আবার নীচে নেমে এসে হুগলি, নীচে নেমে এসে হাওড়ার কিছু অংশ। আমরা তাই চিন্তা-ভাবনা করছি, আলোচনা করছি এবং কমিশানের এজেন্ডা নোটে সেটা থাকবে। এই যে ভয়ঙ্কর ভাঙন চলছে, এই যে errati attitude of the flow of rivers, এর বৈজ্ঞানিক ভিত্তি আছে, প্রাকৃতিক ভিত্তি আছে, এই নিয়ে অনেক রিসার্চ আছে, আমি সেই বিতর্কে এখনই যাচ্ছি না, পর্যালোচনায় যাচ্ছি না, তাহলে অনেক সময় লেগে যাবে। কিন্তু যেহেতু ফারাক্কা ব্যারেজ অথরিটিকে উপরে ৪০ কিলোমিটার, নীচে ৮০ কিলোমিটার দায়িত্ব দেওয়া হয়েছে, তাই আমরা এই দাবিটা তুলতে চাই কেন্দ্রীয় সরকারের কাছে সম্মানীয় মুখ্যমন্ত্রীর মাধ্যমে, এই ভাঙনজনিত সমস্যাটাকে জাতীয় সমস্যা হিসাবে চিহ্নিত করতে হবে। জাতীয় সমস্যা হিসাবে চিহ্নিত করে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে এগিয়ে আসুন, সাহায্য করুন। এই বিষয়ে প্রধানমন্ত্রী, আমাদের রাজ্যের সম্মানীয় অর্থমন্ত্রী প্রণব বাবু, কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রী এবং প্ল্যানিং কমিশানকে দৃষ্টি দিতে হবে।

সেইজন্য একসঙ্গে সবাই সহমত হয়ে কেন্দ্রীয় সরকারের কাছে এটা উপস্থাপনা করতে হবে, আমি আপনাদের কাছে সেই আবেদনই পেশ করলাম। এটা তো ঘটনা ব্রহ্মপুত্র বোর্ডে আমাদের কোনো নমিনি থাকবে না, কেন ? এটা রাখতে হবে। ব্রহ্মপুত্র বেসিনের আন্ডারে যদি নর্থ বেঙ্গলের অধিকাংশ জুরিসডিকশান চলে যায়, তাহলে ব্রহ্মপুত্র বোর্ডে আমাদের কোনো প্রতিনিধিত্ব থাকবে না কেন, তাদের কাছ থেকে কেন আমরা সাহায্য পাব না ? এটা আমাদের জাস্টিফায়েড ডিমান্ড, এটা আমাদের গ্রহণ করতে কোনো বাধা নেই। আমি বরঞ্চ বলতে পারি আপনাদের বক্তব্যের সঙ্গে আমাদের সরকারের বক্তব্য মিলে একাকার হয়ে গেছে। এইজন্য আমি আরও একটা দাবি তুলছি, শিলিগুড়িতে ব্রহ্মপুত্র বোর্ডের যে অফিস আছে তাকে আরও বড়ো করা হোক এবং আরও গুরুত্ব দেওয়া হোক। উত্তরবঙ্গে ফ্লাড কন্ট্রোল কমিশানের আধিকারিকরা, তিস্তা ব্যারেজ প্রকল্পের আধিকারিকরা এবং আমার দপ্তরের যিনি সচিব থাকবেন তিনি কো-অর্ডিনেট করবেন ব্রহ্মপুত্র বোর্ডের সঙ্গে, যেমন করে গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশানের সঙ্গে আমরা কো-অর্ডিনেট করছি, তেমনি আমাদের এই বিষয়টাও লক্ষ্য রাখতে হবে।

[4.20—4.30 p.m.]

কারণ তা নাহলে, উত্তরবঙ্গ নিয়ে যে অভিমান রয়েছে, যে দাবি রয়েছে, যে বক্তব্য রয়েছে আমরা তা এড়াতে পারি না। এই জায়গায় আমাদের বক্তব্য পরিষ্কার করে বলতে হবে, এবং সেইজন্যই মাননীয়া মুখ্যমন্ত্রী যে ফ্লাড কন্ট্রোল কমিশন তৈরি করেছেন তার এজেন্ডা নোটেও আমরা উত্তরবঙ্গের এই বিষয়টিকে অনেক বেশি করে গুরুত্ব দিয়ে কথা বলতে চাই। নয়াগ্রামের ভাই দুলাল মুর্মু কিছুটা অভিমানের সুরে বলল আদিবাসী ভাইদের কথা, পিছিয়ে পড়া মানুষদের কথা, জঙ্গলের মানুষদের কথা। হ্যাঁ, কান্না তো রয়েছে এবং সেই কান্না রক্ত হয়ে বেরোচ্ছে। আমরা তো এই প্রোজেক্টটাকে অবহেলা করছি না। কিন্তু কিছু সমস্যা রয়েছে। সেই সমস্যা জমি অধিগ্রহণের বিষয়ে এবং স্থানীয় মানুষের কিছু বক্তব্য ছিল। সুখের বিষয় নতুন সরকারের দায়িত্ব গ্রহণের পরে আমরা আগের সরকারের ধারাবাহিকতাকে বজায় রেখে স্থানীয় মানুষদের সঙ্গে কথা বলেছি। সমস্ত রাজনৈতিক দলকে একসঙ্গে বসিয়েছি। বিধায়ক এম.পি., প্রতিনিধি, প্রশাসন, পঞ্চায়েত, আবহবিদ, পরিবেশবিদ, এমনকি একটি গোষ্ঠী তাঁরা চেয়েছিলেন নদী বিশেষজ্ঞ কল্যাণ রুদ্রের সঙ্গে বৈঠক করে বিষয়টাকে মেটাতে। সেই বৈঠকটাও আমরা, মহাকরণে করে ফেলেছি এবং তার ফল নিশ্চিতভাবে ভালো। তাঁরা সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছেন। আমরা সুবর্ণরেখা ব্যারেজকে ৯০:১০ এই রেশিয়োতে, কেন্দ্র এবং রাজ্যের শেয়ারে, যেহেতু এই প্রকল্পটি যেখানে রূপায়িত হবে, সেটা আদিবাসী অধ্যুষিত এলাকা, আমরা চেষ্টা করব, চেষ্টা করছি আগের ৭৫:২৫ রেশিয়োকে বাদ দিয়ে, যেহেতু ঝাড়খণ্ডে এবং উড়িষ্যাতে যে প্রকল্প রচিত হয়েছে এবং ইতিমধ্যেই তাঁরা কাজ করছেন দীর্ঘদিন আগে। সূর্য্যবাবু প্রাক্তন মন্ত্রী নিশ্চয় রাগ করবেন না, এটা তো ঘটনা সুবর্ণরেখা ব্যারেজ অনেক বিলম্বিত হয়েছে। অন্যান্য জায়গায় যে কনসেন্ট্রেশান আপনারা দিয়েছিলেন সুবর্ণরেখার ক্ষেত্রে তা দেননি। কারণ

পাশের দুটো রাজ্য সুবর্ণরেখা ব্যারেজ কমপ্লিট করে দীর্ঘদিন কাজ করছে। আমরা এখনো সামান্যতম এগোতে পারিনি। তবে আমি একথা বলতে চাই সুবর্ণরেখা ব্যারেজ আমরা পরিত্যাগ করছি না, আমরা নিচ্ছি এবং কেশিয়ারী সমেত, নয়াগ্রাম সমেত, গোপীবল্লভপুর সমেত, সাঁকরাইল সমেত ওই বিস্তীর্ণ আদিবাসী অধ্যুষিত এলাকায় সেচ বৃদ্ধি করতে আমরা এই প্রকল্প নিচ্ছি, এগিয়ে চলেছি, এবং চেষ্টা করছি কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলে যাতে এটাকে ৯০:১০ রেশিয়োতে আমরা এই প্রকল্পকে অনুমোদন করতে পারি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি খুব কম সময়ে শুধু কতগুলো গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের কথা আপনাদের অবহিত করতে চাই। সেই সিদ্ধান্তগুলো হল, আপনারা জানেন দ্বারকেশ্বর, গন্ধেশ্বরী নদীর বিষয়টা, আমাদের অরূপ খান মহাশয় বলেছেন, কাশীবাবু বলেছেন মনোরঞ্জন পাত্র মহাশয় তিনিও এর আগে বলেছেন। আমি আপনাদের বলি, কেন আমি বাজেট বক্তব্যে এটা আনিনি। কারণ আমরা এটা নিয়ে এগিয়ে চলেছি। কিছু প্রশাসনিক জটিলতা আছে। বনভূমির সঙ্গে কিছু জটিলতা আছে, এক্সচেঞ্জ অফ ল্যান্ড যতটা জমি বন থেকে নেব, তত পরিমাণ জমি বনকে ফেরত দিতে হবে। এটা না করতে পারলে হবে না। তবে আমি আশাবাদী এই বিষয়ে প্রক্রিয়াটা এগিয়ে চলেছে। দ্বারকেশ্বর, গন্ধেশ্বরী ইজ এ ভেরি ভাইটাল প্রোপোজড প্রোজেক্ট। এটাকে আমরা অবহেলা করছি না। এটা নিয়ে ইতিমধ্যেই আমরা তিনটে স্টেজে মিটিং করেছি। আমরা আশা করছি তারা এগিয়ে এসেছেন, দেবেন বলেছেন। বন দপ্তরের পক্ষ থেকেও সাহায্য সহযোগিতা করবেন বলে আশ্বাস দিয়েছেন। এইটা এগিয়ে গেলে আমাদের জরিপের কাজ, অন্যান্য আনুষঙ্গিক বিষয়টা সমান্তরাল গতিতে কিছু কিছু এগিয়ে চলেছে আর আপনারা জানেন দুটি এফ.এম.পি. প্রোজেক্ট, ফ্লাড কন্ট্রোল যে প্রোজেক্ট, ফ্লাড মনিটরিং যে প্রোজেক্ট, এর মধ্যে সর্ববৃহৎ প্রোজেক্ট সুন্দরবন এলাকায় আয়লা বিধ্বস্ত নদী বাঁধ এবং তার পুনঃ নির্মাণ। আমাদের তরফ থেকে প্রায় কাজ কমপ্লিট করে রেখে দিয়েছি। শুধু জমি হাতে পেলেই আমরা কাজটা শুরু করে দিতে পারব, সুভাষবাবু জানেন। আমি দায়িত্ব নেওয়ার পর প্রথম মিটিং করেছি, ওই জেলাতে আয়লা, নদী বাঁধের ব্যাপারে শ্যামলবাবুকে নিয়ে, সব বিধায়ককে নিয়ে, আধিকারিকদের নিয়ে। মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি ভূমি নীতি একটি ঘোষণা করতে চলেছেন। তা সত্ত্বেও এই বিষয়টা যেহেতু আগে থেকে গ্রহণ করেছি rehabilitation প্যাকেজ নিয়ে নতুন কি ঘোষণা হবে, সেটা হবে। কিন্তু চলতি অবস্থার মধ্যে থেকে সরকার আগের প্রক্রিয়ার ধারাবাহিকতা রেখে আমরা কাজ করছি। আধিকারিকরা বলেছেন, আশ্বাসও দিয়েছেন যে, ডিসেম্বর মাসের মধ্যেই তারা আরও অতিরিক্ত চার হাজার একর জমি আমাদের হাতে দেবেন। হাতে জমি দেওয়ার পরে, মাঠে নামবার পরেই সেচ দপ্তরের কাজটা শুরু হয়। এই জমি হাতে এসে গেলে কেলেঘাই-এর কাজটাও করতে পারব, আয়লার কাজও করতে পারব। আমার দপ্তর তৈরি, I can assure you we are ready to go for all works।.....(নয়েজ)... কলকাতা মহানগরীর নিকাশি ব্যবস্থা নিয়ে কিছুটা ব্যঙ্গ করা হল। আপনারা জানেন যে, কলকাতা মহানগরীর কর্পোরেশন এবং সেচ বিভাগের কিছু সাহায্য নিয়ে আমরা নিকাশি ব্যবস্থাটা চালাই। ইতিমধ্যে আমরা একটা বৈঠক করেছি এবং এই বৈঠকে আমরা একটা পরিকল্পনা

করেছি, মেয়রকে রেখে এবং বিধায়ক ও মন্ত্রীদের নিয়ে। আশা করি আমরা এটা করব। আমি পরিশেষে একটা কথা বলি, টাইম নেই, অনেক কথা বলার ছিল, বলা গেল না। পুরুলিয়া জেলার নেপালবাবু জানতে চান, ওখানে আমরা কয়েকটা ড্যাম করার পরিকল্পনা করছি এবং যে মিডিয়াম প্রবলেমগুলো রয়েছে সেগুলো চলছে—এগুলো বন্ধ হবে না, চলবে। বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর, উত্তরবঙ্গ, মধ্যবঙ্গ, মুর্শিদাবাদ এমনকি গোকুলবাবুর দিনাজপুর এইগুলো বন্ধ হবে না, চলবে। শুধু একটাই কথা, আমার দপ্তরের কাজ মাটির উপরে দাঁড়িয়ে, আমার দপ্তরের কাজ মানুষকে নিয়ে, আমার দপ্তরের কাজ জলকে নিয়ে, আমার দপ্তরের কাজ দুর্যোগকে নিয়ে, আমার দপ্তরের কাজ স্ফীতকায় জলরাশিকে নিয়ে। তাই মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে এই পবিত্র হাউসে সব সদস্যদের কাছে, দলমতনির্বিশেষে সমস্ত বিধানসভার সদস্যদের কাছে সহযোগিতা চাই, যাতে এই দপ্তরের কাজ আমরা এগিয়ে নিয়ে যেতে পারি। যে যে জায়গায় ভাঙন হয়েছে, ফাটল হয়েছে, সাবসিডেন্স হয়েছে—জলটা একটু কমে গেলেই আমি আপনাদের আশ্বস্ত করছি, সীমিত অর্থনৈতিক কাঠামোর মধ্যেও আমরা, মাননীয়া মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর সাহায্য নিয়ে সব জায়গাগুলোতে কাজ করে মানুষকে রক্ষা করার জন্য পদক্ষেপ নেব। আমি আবেদন করছি আপনারা সবাই মিলে এই বাজেটকে সমর্থন করে পাশ করিয়ে দেবেন।

Demand No. 32

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 2858,84,77,000 be granted for expenditure under Demand No. 32, Major Heads: "2250-Other Social Services, 2551-Hill Areas, 2700-Major Irrigation, 2701-Medium Irrigation, 2711-Flood Control, 3451-Secretariat-Economic Services, 4700-Capital Outlay on Major Irrigation, 4701-Capital Outlay on Major and Medium Irrigation and 4711-Capital Outlay on Flood Control Projects' during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 1104,90,03,000 and Rs. 476,47,06,000 already voted on account in March and June, 2011 respectively) was then put and agreed to.

[4.30—4.40 p.m.]

Demand No. 11

Mr. Speaker: There are no cut motions to Demand No. 11

I would request Hon'ble Members to make speeches within the time specified in the time schedule.

Now Shri Narmada Chandra Roy

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী ডাঃ মানসরঞ্জন ভূঞ্যা এবং রাষ্ট্রমন্ত্রী শ্রী মঞ্জুলকৃষ্ণ ঠাকুর পশ্চিমবঙ্গ সরকারের ক্ষুদ্র ও ছোটো উদ্যোগ এবং বস্ত্র বিভাগের যে ব্যয় বরাদ্দ দাবি এখানে উত্থাপন করেছেন সেই দাবি মঞ্জুরির পরিপ্রেক্ষিতে আমি দু-চারটি কথা এখানে উপস্থিত করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওনার ৫ পাতার সংশোধনী আমরা এই মাত্র পেলাম। যাই হোক আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে যে, পশ্চিমবঙ্গ সরকারের ক্ষুদ্র ও ছোটো উদ্যোগ, এই দপ্তর অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর। কারণ আমাদের রাজ্যে শুধু নয় গোটা ভারতবর্ষে উৎপাদনকারী এবং কর্মসংস্থানকারী সংস্থা হিসাবে পশ্চিমবাংলা ভারতবর্ষের কাছে একটা জায়গা করে নিয়েছে। কেন না এই দপ্তর কৃষির পরেই হচ্ছে কর্মসংস্থানের দিক থেকে দ্বিতীয়। এই ক্ষুদ্র এবং ছোটো শিল্প উদ্যোগ সমূহের কর্মসংস্থানের ব্যাপক সুযোগ আছে। আমি শুধু বলব যে আমাদের পশ্চিমবাংলায় ২১টি জেলায় শুধুমাত্র নতুন ইউনিট যেগুলো এই নতুন ইউনিটগুলিতে সবচেয়ে বেশি বিনিয়োগ হয়েছে আমাদের রাজ্যের মধ্যে শিলিগুড়িতে হয়েছে, তারপর হয়েছে জলপাইগুড়ি, তারপর কলকাতা তারপর হচ্ছে বর্ধমান। এখানে যে পরিমাণ বিনিয়োগ হয়েছে তার চেয়ে কর্মসংস্থানের সুযোগ এখানে সব চাইতে বেশি হয়েছে। তারপর কারখানার ক্ষেত্রে হাওড়াতে সবচেয়ে বেশি লগ্নী হয়েছে, ১১৫০৩ যেখানে ইউনিট প্রতি কর্মসংস্থান হয়েছে ৯ জন। আমাদের এই ২১টি জেলাতে শুধু নতুন ইউনিটের ক্ষেত্রে ছোটো শিল্পসমূহের যে সংখ্যা ৩৫৫৮ তাতে কর্মসংস্থান হয়েছে নতুন ইউনিটের ক্ষেত্রে ২৩৪১১। এখন আমি যদি ধরি নতুন ইউনিটের গড় কর্মসংস্থান হয়েছে ৭ জন। এই যন্ত্রপাতি বিনিয়োগকৃত অর্থের পরিমাণ ৩৮১৭৬.৪৮ লক্ষ টাকা। এটা শুধু নতুন ইউনিটের জন্য। এটা কোন বছরের জন্য ? এটা ২০০৯/১০ বছরের জন্য। সারা জেলা জুড়ে এই যে অসংখ্য ছোটো শিল্প, ক্ষুদ্র শিল্প, হস্ত শিল্প, রেশম শিল্প যা আছে এই শিল্পগুলো আজকে যদি আপনার দপ্তরের পক্ষ থেকে আর্থিক সহায়তা দেওয়া যায়। ডব্লু.বি.আই.এস., ২০০৭, উৎসাহ দান নীতি, এই উৎসাহ দান নীতির ব্যাপারে আজকে আমি আপনাকে বলব আমাদের সমগ্র উত্তরবঙ্গে এই রকম হস্ত শিল্প, রেশম শিল্প এবং তাঁত শিল্প আছে। এই শিল্পগুলোতে, যেখানে অনেক বেশি কর্মসংস্থান হয়। হস্তশিল্পে অনেক বেশি উৎপাদন হয় এবং তা রপ্তানি করার সুযোগও আছে। কিন্তু এই মন্দার বাজারে ওরা যে সমস্ত র-মেটিরিয়ালস কেনে এবং তা দিয়ে জিনিস উৎপাদন করে, তা থেকে দেখা যাচ্ছে যে ওরা বাজারে সেই জিনিস উৎপাদন করে প্রতিযোগিতায় পেরে উঠতে পারছে না। অসম বিকাশ---এই অসম বিকাশের ফলে সারা রাজ্য জুড়ে ক্ষুদ্র এবং ছোটো উদ্যোগ সমূহ যে ক্ষেত্রগুলো আছে, সেই ক্ষেত্রগুলোতে বেশি বেশি করে আমি আপনাকে অনুরোধ করব যে ওই ২০০৭-এর যে উৎসাহ প্রদান করার যে সুযোগ আছে, সেই সুযোগ আপনি উত্তরবঙ্গের কয়েকটি জেলাতে করবেন। আমি দুটো ক্ষেত্র আপনাকে বলব। একটা হচ্ছে গঙ্গারামপুরের তাঁত শিল্প, আপনি জানেন পশ্চিমবঙ্গের মধ্যে সেখানে ২০ থেকে ২২ হাজার গঙ্গারামপুরে তাঁতশিল্প আছে। এখানে ধুঁকে ধুঁকে চলছে, খুঁড়িয়ে

খুঁড়িয়ে চলছে। এক একটি তাঁত শিল্পে কাজ করে তিনটি করে পরিবার লালিত পালিত হয়। সেখানে আপনি উৎসাহ দান প্রদান করে এই যে ২০-২২ হাজার তাঁত শিল্প এবং তাঁত সমবায় আছে সেগুলোকে আপনি পুনরুজ্জীবিত করবেন, এই আবেদন করছি। রায়গঞ্জে স্পিনিং মিল আছে। তার কথা আপনি জানেন। আপনি গিয়েছিলেন রায়গঞ্জে। সেখানে প্রায় সাড়ে পাঁচশোর মতো শ্রমিক আছে যারা বেতন পাচ্ছে না। ফ্যাক্টরি বন্ধ হয়ে গেছে, কাজ পাচ্ছে না। প্রায় আড়াইশো কর্মচারী বেতন পাচ্ছে না। ফিফথ বেতন কমিশনের বর্ধিত যে টাকা.....(এই সময় মাইক অফ্ হয়ে যায়)

.....

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মহামান্য রাজ্যপালের সুপারিশক্রমে ১১ নং দাবির অধীনে সংশ্লিষ্ট বিভাগের মাননীয় মন্ত্রী ডঃ মানসরঞ্জন ভূঞ্যা এবং রাষ্ট্রমন্ত্রী শ্রী মঞ্জুলকৃষ্ণ ঠাকুর প্রদত্ত বাজেট ভাষণ এবং তারা যে দাবি চারশো বিরাশি কোটি চুরানব্বই লক্ষ বত্রিশ হাজার টাকা পেশ করেছেন, তাকে সমর্থন জানিয়ে আমি দু-একটি কথা বলছি। মাননীয় স্পীকার স্যার, এক্ষুণি বক্তৃতা শেষ করলেন বিরোধী দলের মাননীয় সদস্য নর্মদা বাবু। তিনি ঠিকই বলেছেন। ক্ষুদ্র শিল্পে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের একটা জায়গা আছে। আমি তার কথাটা মেনে নিচ্ছি। শুধু জায়গার আগে খারাপ কথাটা যুক্ত করছি, সেই জায়গাটার স্থান খুব badly named। কেন বললাম ? আমি এ কথাটা বললাম কেন ? আপনি জানেন যে পশ্চিমবাংলায় যারা বাই হেরিডিটির অর্থাৎ তাঁতির ছেলে তাঁতি, কামারের ছেলে কামার, এই রকম বংশগত সূত্রে ক্ষুদ্র শিল্প তারা পেশাগত ভাবে গ্রহণ করে থাকে। বাই পজেশান অর্থাৎ তারা হেরিডিটরি নয় কিন্তু তারা কর্মসংস্থানের সুযোগ নিয়ে এই ক্ষুদ্র শিল্পে অনুপ্রবেশ করে থাকে। আমি দেখলাম নর্মদা বাবু বললেন হোল কনসেনট্রেশান হয়ে গেল হোল শিলিগুড়িতে অর্থাৎ গোটা রিজিওন্যাল ইমব্যালান্সের উপরে ক্ষুদ্র শিল্পের বিনিয়োগটাকে ছেড়ে দিয়ে গেলেন। স্যার ক্ষুদ্র শিল্পকে অনুমোদন করে ডি.আই.সি.। প্রত্যেক জেলায় আছে। ডি.আই.সি.-র একটা স্কীম গেলে তাতে দুটি কথা লিখতে হয় স্যার, কি দুটি কথা ? যারা নতুন উদ্যোগপতি, তাদের জন্য—যে এটা টেকনিক্যালি ফিজিবল এবং ফিনান্সিয়ালি ভায়াবেল। কিন্তু দুর্ভাগ্যের ব্যাপার, দেখা যাবে বি.কম অথবা বি.এ. গ্র্যাজুয়েট দ্বারা টেকনিক্যালি ফিজিবল বলার উপযুক্ত যোগ্যতা নেই, তাই তারা লেখেও না এবং ইকোনমিক্যালি ভায়োবল কথাটা বাদ দিয়ে যায়। তার জন্য ব্যাঙ্ক থেকে সংশ্লিষ্ট উদ্যোগপতি, তারা অর্থ পায় না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[4.40—4.50 p.m.]

প্রতি জেলায় যদি রিজিওনাল ইমব্যালেন্সকে নষ্ট করতে হয় এবং যদি ক্ষুদ্রশিল্পকে সমৃদ্ধ করতে হয় তাহলে ডি.আই.সি.-তে এই ফিজিক্যাল যে 'টেকনিক্যালি ফিজিবল অ্যান্ড ইকোনমিক্যালি ভায়বল' কথার যোগ্যতা সম্পূর্ণ লোককে রাখতে হবে। স্যার, ক্ষুদ্রশিল্পে যেটা

দরকার সেটা হচ্ছে সরকারি উদ্যোগ। স্যার, বিহারের মুখ্যমন্ত্রী ছিলেন লালুপ্রসাদ যাদব। যখন রেলমন্ত্রী হয়েছিলেন তাঁর সব কাজকে বা তাঁকে সমর্থন করি না, কিন্তু তিনি একটা জিনিস করেছিলেন। একবার সিদ্ধান্ত নিয়েছিলেন সমস্ত মাটি রেলের বা সরকারি উদ্যোগের সমস্ত মাটির ভাঁড় চলবে। দেখা গেল, মৃৎশিল্পে একদম অর্থনৈতিক মানচিত্র পালটে গেল। মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞেস করব সরকারি যেগুলো দপ্তর সেগুলো কেন, হাতের তাঁত, যন্ত্রচালিত তাঁত রাজ্য সরকারের যে দপ্তর বা কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলে কেন্দ্রীয় সরকারের দপ্তর সেগুলো কেন নেবে না যেগুলো আমাদের রাজ্যে উৎপাদিত হয়। মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি যে, এই ক্ষুদ্রশিল্পের সমস্যাটা কি ? ক্যাপিটাল ইনঅ্যাডিকুয়েসি এবং যেখানে বৃহৎ শিল্পে ওয়ান-ডোর সিস্টেম করছেন যে একজন উদ্যোগপতি ঢুকলে সেখানে সংশ্লিষ্ট সমস্ত রকম সাহায্য পাবে। আপনি জানেন কাঁসা শিল্প, আপনি গ্রামের মানুষ, আপনি জানেন মাদুর শিল্প, আপনি জানেন তাঁত শিল্প, আপনি জানেন আরও বিভিন্ন রকম যে সমস্ত পেশাভিত্তিক শিল্প—সারা বাংলায় ছড়িয়ে আছে, তাকে আমরা সমৃদ্ধ করতে পারলাম না, তাকে আমরা শেষ করে দিলাম। কিসের জন্য ? আপনি যে কোনো ইউনিটে দেখুন, যে কোনো ইউনিট পর্যালোচনা করলে দেখবেন সেখানে অদক্ষ শ্রমিককে নিয়ে কাজ করতে হয়, শ্রমিকদের প্রপার ট্রেনিং দিতে পারিনি। আপনি যথার্থ বাজেট বুকে বলেছেন যে এতদিন গেল একটা আপনি ন্যাচারাল কালার কমপ্লেক্সের কথা বলছেন যার আন্তর্জাতিক মার্কেট হটকেকের মতো বিকাবে। আমার একটা ন্যাশনাল মার্কেট রেডি করতে পারলাম না। এই সমস্ত ক্ষুদ্র ইন্টারপ্রেনারদের জন্য, যারা তাদের উৎপাদিত দ্রব্য জানবে—মহারাষ্ট্রে গেলে এটা আমরা বিক্রি করতে পারব, গুজরাটে গেলে এটাই আমি কিনতে পারব, বিহারে গেলে এটাই আমি বিক্রি করতে পারব অর্থাৎ যে নেট-মার্কেটিং যেটা আপনি বাজেট বক্তৃতায় বলেছেন, এই জন্য ধন্যবাদ। জাতীয় এবং আন্তর্জাতিক মেলার জন্য বলেছেন, কিন্তু মেলা তো প্রচারের জন্য, মেলা তো প্রসারের জন্য, সেটার দরকার, সেখানেও বিক্রি হয়। কিন্তু স্টেবল মার্কেটিং সিস্টেমকে গড়ে তুলতে স্টেবল ন্যাশনাল এবং ইন্টারন্যাশনাল মার্কেটিং সিস্টেমটা গড়ে তুলতে আজকে আপনাকে ভাবতে হবে এবং ভাবতে হবে বলেই, কারণ কালকে উপেনবাবু বলছিলেন বক্তৃতার সময় খুব ভালো লাগছিল। বুদ্ধি দিয়ে, আবেগ দিয়ে যে এদের, যাদের অসম্মান করা হয়েছে তারা ইধার-উধার করে দিতে পারে। তেমনি এই ক্ষুদ্রশিল্প এবং তন্তুবায়শিল্প অর্থনৈতিক বিপ্লব আনতে পারে, স্যার। এটা শুধু আমার কথা নয়, যে সমস্ত জায়গা এগিয়েছে, পৃথিবীর যে সমস্ত জায়গা এগিয়েছে ক্ষুদ্রশিল্পের মতো নেগলেকটেড—এই রকম অবস্থায় যায়নি মানসবাবু। আপনি পারবেন, আপনি পারবেন তাঁতির মনে সুখ আনতে, আপনি পারবেন কামারের মনে সুখ আনতে, আপনি পারবেন কুমোরের মনে সুখ আনতে, আপনি পারবেন মাদুরশিল্পীর মনে সুখ আনতে এবং নতুন যারা শিক্ষিত ছেলে কেন যায় না ? আমার ভালো লাগল যে অজয়বাবু মুখ্যমন্ত্রীকে বলেছেন যে আই.আই.টি. চাই। কেন হয়নি ? চৌত্রিশ বছর চলে গেল ! ভারতবর্ষ অন্যান্য রাজ্যকে যে আই.আই.টি.

টেকনোলজি পেল। আমরা কেন সিলেবাসের মধ্যে এখনও ফুড-টেকনোলজি ঢোকাতে পারব না। হায়ার সেকেন্ডারিতে আমরা নানা রকম বলছি। আমরা বলছি যে ভোকেশনাল স্ট্রিম খোল। কেন আমরা কালার টেকনোলজি ঢোকাতে পারব না ? এগুলোকে ঢুকিয়ে সিলেবাস—শিক্ষা দপ্তরের সঙ্গে কথা বলে প্রকৃতপক্ষে কার্যকরী করে তুলুন। তবে দেখুন ক্ষুদ্রশিল্পের মাধ্যমে অর্থনৈতিক বিপ্লব সংগঠিত হবে। আপনার বাজেট পাশে আরও বিনিয়োগ করুন, ৩৯% প্ল্যানে খরচা করেছেন। নমস্কার, ধন্যবাদ।

শ্রী তাপস রায় : অনারেবল স্পীকার স্যার, পয়েন্ট অফ ইনফরমেশান। আবার কঙ্কাল ! এবং এবার লিডার অফ দ্য অপজিশানের কেন্দ্র, নারায়ণগড়ে কঙ্কাল পাওয়া গেছে এবং সেটা আমাদের সমর্থকের কঙ্কাল। সি.পি.এম.-এর নেতাকে জেরা করে এই কঙ্কাল পাওয়া গেছে। হাউসকে জানালাম স্যার আপনার মাধ্যমে। বাংলায় আর কোথায় কোথায় আনিসুর রহমানরা বলবেন কঙ্কাল পাওয়া যাবে। সূর্যকান্ত মিশ্র সেই জন্যেই বোধ হয় এই খবর পেয়ে হয়তো উঠে গেছেন।

Shri Ali Imran Ramz:

Honourable Speaker Sir,Honourable MIC Dr.Manas Ranjan Bhunia and Sri manjul Krishna Thakur Demand No. 11 কে পুরী মত্র সে আপনি হমায়েত নহিঁ দে সকতা। মে য়ে বতানা চাহুঁগা ابھی تھوڑی دیر پہلے یہ پانچ صفحے کا دستاویز ہاتھ میں دیا گیا اور ابھی یہ بجٹ پیش کیا جا رہا ہے۔ تو یہ ظاہری بات ہے کہ اتنے کم وقت میں ان پانچ صفات میں کیا لکھا ہے۔ اس کو پڑھ کر اس کے ساتھ یہ add کرنا مشکل ہے۔ یہ میں عزت مآب وزیر صاحب سے کہوں گا۔ کہ اس بات کا دھیان رکھیں اور اگلی بار سے ایسا نہ ہو، تا کہ ہم لوگوں کو تیار ہونے کا وقت ملے۔ ۳۴ برس میں ہوا یہ سہی بات ہے۔ لیکن ۳۴ سالوں میں آپ کو تین دن پہلے بجٹ ہاتھ میں پکڑا دیا جاتا تھا۔ اس کے بعد آپ لوگ آ کر ہاؤس میں بولتے تھے۔ ہم لوگوں کو بھی وہ حق ہے۔ اتنا موقع ہم لوگوں کو بھی ملنا چاہئے۔ اور رہا سوال کہ آج سب سے پہلے میں ڈاکٹر مانس رنجن بھوئیاں جن کے ساتھ بچپن سے میں ایم ایل اے ہوسٹل میں رہ رہا ہوں اور ان کے ساتھ چچا بھتیجا کا رشتہ رہا ہے۔ ہمیشہ ان کو میں نے کاکو بولا ہے۔ اور اس ہاؤس میں ان کے برابر میں بیٹھ کر، ان کا ساتھی ہو کر، وہ ہمارے ریاست کے وزیر ہیں اور ان سے بات کرنی پڑ رہی ہے۔ مجھے خوشی بھی ہے کہ آج میرے Uncle Minister ہیں۔ ساتھ ہی ساتھ میں یاد دلانا چاہوں گا کہ جب ہمارے عزت مآب وزیر مانس رنجن بھوئیاں اپوزیشن میں بیٹھا کرتے تھے تو سرکار کی طرف انگلی اٹھا کر کافی کچھ بولا کرتے تھے۔ اور میں سن کر کافی inspire ہوا کرتا تھا۔ ان کی باتوں میں کافی سچائیاں ہوا کرتی تھیں۔ لیکن آج ان کی اس بجٹ کو دیکھ کر مجھے ان کی کہی ہوئی تمام باتیں یاد آ رہی ہیں۔ جب وہ اس طرف بیٹھ کر بولا کرتے تھے اور آج اس طرف بیٹھ کر ان تمام باتوں کو انہوں نے جھٹلا دیا ہے۔ اسلئے میں کہنا چاہوں گا۔ وقت کی کمی کی وجہ سے زیادہ کچھ میں نہیں کہنا چاہتا۔ اتر دیناج پور، دکن دیناج پور، ندیا، ہگلی۔ اور ۲۴ پرگنہ، ان سب جگہوں پر ٹانت کی پیداوار بہت زیادہ ہے جہاں ٹانت کا ساری وغیرہ کا کپڑا بنتا تھا۔ لیکن افسوس آج ان کا ایک proper stable market نہ ہونے کی وجہ سے اس پیشے سے جڑے جتنے بھی کسان مزدور تھے۔ یہ تمام لوگ آج بے کار ہوتے جا رہے ہیں۔ اسی طرح کین پتا کا، بردوان ضلع کے جنگل مل، ہاؤس گرام میں شیڈول ٹرائب کا ایک بہت بڑا علاقہ ہے۔ جہاں شیڈول ٹرائب پتوں سے پلیٹ اور پیالہ بنا کر بیچا کرتے تھے۔ آج ان کا بازار کم ہونے کی وجہ دراصل سرکار

کی طرف سے کوئی مارکیٹ نہیں تیار کیا گیا۔ جس کی وجہ سے آج یہ شیدول ٹرائب کا جو بہت بڑا روزگار کا ذریعہ تھا۔ وہ ختم ہوتا ہوا دیکھائی دے رہا ہے۔ تو میں عزت مآب وزیر صاحب سے گزارش کروں گا۔ ان سب چیزوں کی طرف دھیان دیں تا کہ وہاں کے شیڈول ٹرائب کو آگے لانے کے لئے ہر بار سرکار اپنی بجٹ میں بولتی ہے۔ تو آج یہ موقع ان کے دفتر کو ہے اور اس دفتر کے وہ وزیر ہیں۔ تا کہ اس ST کو چھوٹی صنعت کے ذریعہ آگے آنے کا موقع ملے۔ ساتھ ہی ساتھ بانکوڑہ، hill area کے سوسونیا پہاڑ پر کاسہ کا برتن کا بہت زیادہ کام ہوتا ہے۔ وہاں پر کاسہ کا برتن بنایا جاتا تھا۔ لیکن آج اس کام میں کمی آتی جارہی ہے کیونکہ کاسہ کا مارکیٹ تیار نہیں ہے۔ تو یہی بات میں کہنا چاہوں گا کہ مالدہ، مرشد آباد، جلپائی گوڑی، اتر دیناج پور کے کچھ علاقے میں ریشم کی کھیتی کافی ہوتی ہے اور ریشم کا کام کافی بڑے پیمانے پر کیا جاتا ہے۔ لیکن ریشم کا مارکیٹ نہیں ہونے کی وجہ سے اس کی کھیتی میں بھی کمی آتی جارہی ہے۔ اور جہاں تک exhibition کی بات اس سے ہم اشتہار کر سکتے ہیں۔ لیکن وہ نیشنل یا انٹرنیشنل سطح پر اشتہار ہم تب لے کر جائے جب ہم exhibition کو ضلع اور بلک سطح پر لے جا پائیں۔ کیونکہ ہمارے ضلع میں ریشم کی کھیتی ہوتی ہے۔ ریشم کا پیداوار ہوتا ہے۔ لیکن ہمارے ضلع کے ہر بلک کو اس بات کی جانکاری نہیں ہے۔ ہر بلک میں ہمارے لوگ نہیں جانتے ہیں کہ ہمارے ضلع میں کس چیز کی پیداوار کہاں کس طرح سے ہو رہی ہے۔ جو ہینڈی کرافٹ handloom کا کام ہو رہا ہے۔ ہمارے الگ الگ ضلع میں، وہاں کے ہر بلک کو یہ پتہ نہیں ہے کہ ہمارے یہاں کیا کیا چیزوں کی کھیتی ہو رہی ہے۔ کس چیز کا کام ہو رہا ہے۔ اسلئے پہلے ہمیں اپنا exhibition کو ضلع اور بلک سطح پر لانا چاہئے۔ اس سے ہمارا اشتہار بڑھے گا۔ گاؤں گاؤں میں اس کا پرچار بڑھے گا۔ اس سے مارکیٹ بھی تیار کرنے میں ہمیں آسانی ہوگی۔ میں چاہوں گا کہ ہمارے یہاں ایک تجویز آئے، ہمارے اپوزیشن کے ایم ایل اے صاحب نے تجویز رکھا کہ ہمارے مغربی بنگال کی حکومت ہے اور ہینڈی کرافٹ handloom کا پروڈکٹ جو ہمارے ریاست میں تیار ہوتا ہے اس کو ہم ہمارے ریاستی حکومت کی جتنے بھی ڈپارٹمنٹ ہیں اس میں پہلے لاگو کرے۔ ہماری سرکار جہاں بھی یہ کھادی کا یا ہمارے پاس handloom کا product تیار ہوتا ہے۔ ان سب چیزوں کو لیکر پہلے ریاستی حکومت اپنے تمام دفتروں کے ذریعے سرکار کی جہاں جہاں ضرورت ہے ان تمام جگہوں پر لاگو کرے۔ اس سے ریاست میں ایک بڑا مارکیٹ تیار ہوگا۔ اور ان غریب کسانوں اور مزدوروں کو روزگار ملے گی۔ کیونکہ یہی ایک ذریعہ ہے۔ جو بات ہماری عزت مآب سی ایم صاحبہ نے کہا ہے۔ کہ بنگال میں دو سال میں دس لاکھ لوگوں کو نوکری دیں گی۔ یہ بات انہوں نے کہی ضرور ہے لیکن بجٹ میں اس بات کا کہیں بھی بیان نہیں دیکھ پا رہے ہیں۔ لیکن انہوں نے کہا ہے کوشش کر رہے ہیں یہ بہت اچھی بات ہے۔ اگر یہ ہوتا ہے تو ہماری طرف سے ان کو شکریہ میں کہوں گا۔ لیکن میں کہنا چاہوں گا کہ یہ جو ہمارے پاس micro small scale enterprise and textile یہ ایک سب سے بڑا راستہ ہے۔ ریاست میں سب سے زیادہ روزگار generate ہوگا۔ اسلئے میں چاہوں گا کہ روزگار generate کرنے کیلئے سب سے بڑا ہتھیار آج ہمارے پاس micro small scale enterprise and textile کا یہ شعبہ ہے۔ جس کے عزت مآب وزیر ڈاکٹر مانس رنجن بھوئیاں صاحب ہیں۔ تو یہ موقع ان کے ہاتھ میں آیا ہے اور وہ اس کو کارگر کریں گے۔ یہ امید کے ساتھ میں کہنا چاہوں گا جو اتر بنگال کے مالدہ میں یہ ریشم کی کھیتی آج زیادہ ہوتی ہے جلپائی گوری میں ان دو چیزوں کو لیکر ریشم کو لیکر وہاں پر چھوٹی صنعت کا کام شروع کیا جا سکتا ہے۔ اس پر غور وہ کریں۔ یہی کہہ کر میں اپنی بات ختم کرتا ہوں۔

[4.50—5.00 p.m.]

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এখানে পশ্চিমবঙ্গ সরকারের ক্ষুদ্র, ছোটো উদ্যোগ এবং বস্ত্র দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী মানসরঞ্জন ভূঞ্যা এবং রাষ্ট্রমন্ত্রী মঞ্জুলকৃষ্ণ ঠাকুর মহাশয় ১১ নং দাবি সম্পর্কে বাজেট ভাষণ রেখেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করে আমার সময় খুবই অল্প দুই-একটা কথা বলার চেষ্টা করছি। প্রথমেই বলি আমরা সকলেই জানি যে এই ছোটো শিল্প যাকে বলে ক্ষুদ্র এই শিল্পের একটা বিশাল পরিধি। নামে ক্ষুদ্র ছোটো হলেও কারণ বিভিন্ন গ্রাম এলাকায়, মফস্বলের বিভিন্ন জায়গায় এই শিল্পের উপর নির্ভর করে বহু মানুষ রুজি-রোজগার করছে এবং এর একটা বৃহৎ অংশ জুড়ে যে শিল্পটা রয়েছে সেটা আপনারা সকলেই জানেন আমরাও জানি তাঁত শিল্প। এখানে জ্যোতির্ময়বাবু কিছুটা আলোকপাত করেছেন স্বাভাবিকভাবে। এই তাঁত শিল্পের বর্তমান যে অবস্থায় এসে দাঁড়িয়েছে আমি মনে করি যে বিগত যে সরকার আমাদের এই পশ্চিমবাংলায় ছিল তাদের কোনো নীতি বলে কিছু ছিল না। অর্থাৎ ৩৪ বছরে একটা বস্ত্র নীতি পর্যন্ত তারা তৈরি করতে পারেননি এবং যার ফলে যেভাবে অব্যবস্থা চলেছে, যেভাবে অবহেলা চলেছে তাঁত শিল্প ক্রমশ ধ্বংসের মুখে গেছে বলা যেতে পারে এক কথায়। আজকে এই জায়গায় দাঁড়িয়ে আমি শুধু প্রথমেই বলবো যে এই শিল্পে আমাদের প্রথম যেটা দেখা দরকার অনেক সময় হ্যান্ডলুম এবং পাওয়ার লুমের মধ্যে একটা বিরোধ বাঁধিয়ে দেওয়া চেষ্টা হয়। অথচ এই হ্যান্ডলুমকে শক্তিশালী করবার জন্য আপনারা জানেন যে রিজারভেশান অফ আর্টিকেলস্ ফর প্রোডাকশান ১৯৮৫ যে আইনটা আছে সেখানে কিন্তু স্পষ্টভাবে বলা আছে ১১টি আইটেমে রিজারভেশান থাকবে। আমরা অনেক সময় দেখি যে যদি এখানে লিখেছেন যে এত আমরা বিদ্যুৎ চালিত যে সমস্ত তাঁতের কারখানা পরিদর্শন করেছি। বাস্তবে যেটা মনে হয়েছে যে এই ১১টি আইটেমে যে রিজারভেশান আছে সেখানে কোনো নজরদারি নেই। হ্যান্ডলুমে স্পেশিফিক বলা আছে এই এই বিষয়গুলো চলবে অথচ বিভিন্ন ক্ষেত্রে সেই রুলকে ভায়লেট করে, আইনকে ভায়লেট করে পাওয়ার লুমে সেই জিনিস চলছে। আমরা মনে করি, আমরা পাওয়ারলুমের বিরোধী নই। একটা কংক্রিট, কম্প্রিহেনসিভ প্ল্যান না থাকে স্বাভাবিকভাবে কি হ্যান্ডলুম কি পাওয়ারলুম মুখ থুবড়ে পড়তে বাধ্য। এই ক্ষেত্রে আমার মনে হয় দেখার দরকার এবং নজরদারি থাকার দরকার। দ্বিতীয় হচ্ছে যে আমাদের এই হ্যান্ডলুমকে যদি শক্তিশালী করতে হয় তাহলে কো-অপারেটিভগুলোকে শক্তিশালী করতে হবে। এই একটা চিন্তা-ভাবনা নিয়ে কো-অপারেটিভ মুভমেন্টকে যদি আমরা বাড়াতে না পারি সেই জায়গায় কিন্তু হ্যান্ডলুমকে বাঁচিয়ে রাখা যাবে না। এই কো-অপারেটিভ নিয়ে বিভিন্নভাবে খাতা-কলমে করা হয়েছে। কিছুদিন আগে আপনি দেখেছিলেন যে, কেন্দ্রীয় সরকার ৩ হাজার কোটি টাকা ঋণ যারা নিয়েছিলেন, তাদের ঋণ মকুব করেছেন। আমার খুব সন্দেহ হয় প্রকৃত মানুষগুলো এই সুযোগ পাবে কিনা। ইনডিভিজুয়াল পাবে কিনা এবং যারা প্রকৃত এই কাজের সঙ্গে যুক্ত তারা পাবে কিনা, মন্ত্রী নিশ্চিতভাবে এই ব্যাপারে বলবেন। এখানে গরিব মানুষ বলতে যেটা বোঝায়, তাদের চিনি কিভাবে 'রোটি কাপড়া আউর মাকান' এটা ওদের দরকার। কিন্তু এই কাপড়, আজকে

দেখছি এই চীপার শাড়ি রেশনের মাধ্যমে দেওয়া হত, গভর্নমেন্ট একটা সাবসিডি দিত। মন্ত্রী মহাশয় এটা ভাববেন। স্পিনিং মিলগুলো এদের আমলে, আমাদের ডানদিকে যারা বসে আছেন, একেবারে ধ্বংস হয়ে গেছে। সেই স্পিনিং মিলগুলোতে বিভিন্নভাবে দুর্নীতি হয়, প্রোডাকশান নেই। একটা বিরাট অর্থের বোঝা মাথায় নিয়ে চলতে হচ্ছে। যদিও আজকে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাব যে, এই অল্প সময়ের মধ্যে সব স্পিনিং মিলগুলোতে একটা ডাইরেক্টর অফ বোর্ড করেছেন। তাদেরকে ডাকছেন, আলোচনা করছেন একটা রিভাইভাল করার জন্য প্রচেষ্টা নিচ্ছেন। আমি বলব যে মনিটারিং করবার জন্য যে বিভিন্ন মনিটারিং ব্যবস্থা ডিস্ট্রিক্ট লেবেলে আছে, যেখানে ১৯৮৭, ১৯৮৮ সালের পর থেকে কোনো ফাংশান হয়নি, সেগুলো ধ্বংস হয়ে গেছে। সেগুলোকে আবর চালু করা। আর ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ হ্যান্ডলুম করতে বারবার বলছি এবং গত তিনদিন আগে মুখ্যমন্ত্রীকেও বলেছি এই কারণে যে, আজকে বিভিন্ন রাজ্য এগিয়ে গেল। আমরা যদি মর্ডানাইজেশান না আনতে পারি, আধুনিকতা যদি না আনতে পারি তাহলে প্রতিযোগিতার বাজারে টিকে থাকতে পারব না। মাননীয় মন্ত্রীকে বলব যে, বিভিন্ন রাজ্য করেছে কিন্তু আমাদের রাজ্য করেনি। আমি ১৯৯১ সাল থেকে আছি, আমি বারবার ওই সরকারকে বলেছি, তাদের কর্ণপাত করা সম্ভব হয়নি। আরেকটি বলব উনি বাংলাদেশে যাচ্ছেন খুব শীঘ্রই, আমাদের খুব গুরুত্বপূর্ণ ব্যাপার হচ্ছে যে বাংলাদেশ থেকে যেভাবে কাপড় আমাদের ঢুকছে এই বিষয়টা ভাববেন, তাহলে কিন্তু আমাদের এই হ্যান্ডলুমকে রক্ষা করা যাবে না। এই জায়গাটাতে আপনি কিছু করতে পারেন কিনা দেখবেন, আমার সময় খুব অল্প, আমি আর বক্তব্য দীর্ঘায়িত করতে চাইছি না। অনেক কিছু বলার ছিল, আমাদের এখানে কেন্দ্রীয় সরকারের সাড়ে ৮ কোটি টাকা এসেছে এক্সপোর্ট মার্ট হবে বলে, সেই টাকা ওদের অবহেলায় চলে গেছে। ব্যর্থতার জন্য এই শিল্প আজকে ধুঁকতে ধুঁকতে শেষ হয়ে গেছে। সুতরাং আমি জানি এই জায়গায় দাঁড়িয়ে রাজ্য সরকার বর্তমানে যে গঠনমূলক দৃষ্টিভঙ্গি নিয়ে ৯০ দিনের মধ্যে যে কাজ করবার চেষ্টা করছেন সেই ক্ষেত্রে মাননীয় মন্ত্রীকে আমি অনুরোধ করব এইগুলো রিভাইভাল করবার জন্য, এগুলোকে বাঁচাবার জন্য তিনি এগিয়ে চলুন আমাদের সমর্থন থাকবে।

শ্রী স্বপন দেবনাথ : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ সরকারের ক্ষুদ্র এবং ছোটো উদ্যোগ এবং বস্ত্র দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী মানসরঞ্জন ভূঞ্যা এবং রাষ্ট্রমন্ত্রী মঞ্জুলকৃষ্ণ ঠাকুরের প্রদত্ত বাজেট ভাষণকে আমি সমর্থন জানিয়ে কিছু বলছি। বলার অনেক ইচ্ছা ছিল কিন্তু সময় কম বলে আমি শুধু হ্যান্ডলুমটাকেই বলছি। কৃষির পরেই সবচেয়ে বেশি লোক নিযুক্ত আছে ক্ষুদ্র শিল্পে তার মধ্যে তাঁতের উপরে। গোটা পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের সবচেয়ে সাফল্য হচ্ছে যে শিল্পের উপর নির্ভর করে গরিব বেঁচে থাকে, সেই গরিবকে তারা কর্মহীন করে দিয়েছে। এটাই হচ্ছে সবচেয়ে বড়ো সাফল্য ওঁদের। আমরা তাঁতকে অনেক সময়ে ভেবে থাকি দুই প্রকারে যেমন হস্তচালিত, যন্ত্রচালিত। পশ্চিমবঙ্গে ৭ লক্ষ ১২ হাজার তাঁত পরিবার আছে। সেই একটা পরিবারের যদি গড়ে দুটো করে লোককেও দেখি তাহলেও অপ্রত্যক্ষভাবে বহু মানুষ জড়িয়ে আছে।

ওরাই তো প্রকৃত গরিব। যে নলি পাকায়, যে ববিন ঘোরায়, যে সুতো রং করে সেই লোকটাই তো গরিব। এই গরিব মানুষগুলোই কর্মসংস্থানের সঙ্গে যুক্ত বলেই তৎকালীন গরিবের সরকার এদের কথা ভাবেনি। তাই তাঁতটা সব শেষ হয়ে গেল। পাওয়ারলুমও সব শেষ হয়ে গেল। কো-অপারেটিভ তৈরি হয়েছিল। সরকার তাকে মূলধন হিসাবে পুঁজি দেবে, তাকে সুতো দেবে। সে শুধু কাপড় তৈরি সরকারি বিপণন কেন্দ্রে বিক্রি করবে, মজুরি পেয়ে যাবে। তৈরি হয়েছিল পশ্চিমবঙ্গে ২ হাজার ৮২টি কো-অপরেটিভ। আজ ৩৪ বছরের সরকারে এখন কি অবস্থা।

[5.00—5.10 p.m.]

৭৯২টি কো-অপারেটিভ টিকে আছে। অচল হয়ে গেছে ১০০৭টি, মৃত ২৮৩। কি বেহাল অবস্থা এতেই বোঝা যাচ্ছে। কি আছে ? বিপণন কেন্দ্র তৈরি হয়েছিল। গরিব তাঁতিকে সুতো দেবে, তাঁতি তাঁত বুনবে, তার উৎপাদিত কাপড় সরকার কিনে নেবে, বিক্রি করবে, তার কর্মসংস্থান হবে। তার জন্য কি হয়েছিল ? দি ওয়েস্ট বেঙ্গল হ্যাণ্ডলুম অ্যান্ড পাওয়ারলুম কর্পোরেশান লিমিটেড, একটি সরকারি সংস্থা। সেই কর্পোরেশান লিমিটেড—গভর্নমেন্টের সংস্থা শেষ ২০০৬ সালে, ওটা মৃত হয়ে গেছে। আমি জানি না আমাকে ওই সংস্থার চেয়ারম্যান করেছেন মাননীয় মন্ত্রী। কি কারণে করেছেন তাও বুঝে উঠতে পারছি না। যেটা সবচেয়ে গুটিয়ে গেছে ০৬ সালে। আর একটা বিপণন কেন্দ্র হয়েছিল। ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডিক্র্যাফট ডেভেলপমেন্ট কর্পোরেশান লিমিটেড। আমার পাশের বন্ধু, নবদ্বীপের বিধায়ক বসে আছেন। উনি তার চেয়ারম্যান হয়েছেন। সেটাও গুটিয়ে গেছে প্রায় গোটা অবস্থাতে। সরকারি পরিচালনাধীন দুটি বিপণন কেন্দ্র, ক্ষুদ্র কুটিরশিল্পের সঙ্গে যুক্ত গরিব তাঁতি আর হ্যান্ডিক্র্যাফট গরিব মানুষ, তাদের উৎপাদিত জিনিস ওরা কিনবেন। ওখান থেকে বিপণন হবে। দুটোই শেষ হয়ে গেল ৩৪ বছরে। অতএব গরিব বলে এই সরকার তাদের দিকে কতটা নজর দিয়েছে তার প্রমাণ আছে। আর একটা আছে—ওয়েস্ট বেঙ্গল হ্যাণ্ডলুম কো-অপারেটিভ সোসাইটি—তন্তুজ। আর একটি আছে—ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডিক্র্যাফট কো-অপারেটিক সোসাইটি। যার নাম হচ্ছে বঙ্গশ্রী। নামগুলো ভালো। তন্তুজ, তন্তুশ্রী, বঙ্গশ্রী আবার মঞ্জুষা, গালভরা নাম। একটাও ভালো চলছে ৩৪ বছরে ? কি করে বাঁচবে গরিব মানুষদের কর্ম সংস্থান ? আমর সময় নেই। আমি শুধু বলব বড়ো বড়ো সংগঠিত ক্ষেত্রে—বর্ধমান জেলার মানুষ আমি। আসানসোল-দুর্গাপুর যেখানে অসংগঠিত শ্রমিকের একটা বড়ো শিল্পের শিল্পাঞ্চল বলে আজও ঘোষণা হল না। টেক্সটাইল চর্মনগরী গড়ে ওঠে। কেন টেক্সটাইল পার্ক হয় না ? কেন হতে পারে না ? জুট পার্ক যদি তৈরি হতে পারে কেন আজকে এই ক্ষুদ্র কুটিরশিল্পে তাঁত অধ্যুষিত এলাকাতে তাঁত শিল্প বলে ঘোষণা করা হয় না। তার সঙ্গে বলি বিড়ি শ্রমিকদের পরিচয়পত্র থাকে। তাঁত শ্রমিকের কেন্দ্রীয় সরকারের নির্দেশ থাকা সত্ত্বেও আজ পর্যন্ত তাঁত শিল্পীদের কোনো পরিচয়পত্র চালু হল না। গালভরা বুলি কেন্দ্রীয় সরকারের। হাওলা, গাওলার চেয়েও বড়ো কেলেঙ্কারি বাংলায় ৩৪ বছরে হস্তশিল্পের কেলেঙ্কারি। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রজেক্টে কোটি কোটি টাকা শুধু আত্মসাৎ

করেছে পরিচালন ব্যবস্থার জন্যে। কি করে হবে ? মন্ত্রী মহাশয়ের পিছনে হয়তো অনেক সরকারি বড়ো বড়ো অফিসাররা বসে আছেন। দিল্লিতে হস্তশিল্পের হাট হয়। প্রকৃতপক্ষে গরিবরা দিতে পারে। সরকারি অফিসারদের বেনামে এন.জি.ও. আছে। এন.জি.ও. মারফত হ্যান্ডিক্র্যাফটসের মাল সেখানে প্রদর্শিত হয়, কেনা হয়। এই তো তন্তুজের এখন মাল কিনছে পুজোর সময়ে। গরিব তাঁতি দিতে পারছে। কো-অপারেটিভের নাম করে পেছনের দরজা দিয়ে সেই বড়োবাজারের দালালরা, ফোড়েরা মাল জমা দিচ্ছে। গরিব তাঁতির মাল কখনই সংগৃহীত হচ্ছে না। এই ব্যাপারে যথেষ্ট নজর দেওয়ার দরকার আছে। অযোগ্য লোকেরা বসে আছে, লাইন করা লোকেরা বসে আছে বাংলায়। আমি নিজে জানি, প্রমাণ দিতে পারি মাননীয় মন্ত্রী মহোদয়কে যে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং পাশ করেছেন। পি.এস.সি.-তে তিনি মনোনীত হয়েছেন। তাও প্রোমোশান হয় না। ডিপ্লোমা হোল্ডার যারা আছেন, মনোনীত হয়ে যায় শুধু টাকা চুরি করতে হবে বলে। কমরেডরা বলতে পারেন বামফ্রন্টের জমানায়, হিসাব দিন, একটা সার্ভে হোক যে কেন্দ্রীয় সরকারের প্রকল্পের কত টাকা অনুদান পাওয়া গেছে ? আর সেই টাকা গরিব ঘরে পৌঁছেছে কিনা ? শুধু সরকারি অফিসার আর কিছু কো-অপারেটিভের দালাল যোগসাজস করে গোটা বাংলার তাঁতকে শেষ করেছে। সেই বিষয়ে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। তাই আমার অনুরোধ, আমি সমর্থন জানিয়েও বলছি যে আজকে কো-অপারেটিভগুলোকে বাঁচানো হোক। হ্যান্ডলুম যেখানে আছে, যে জোন-টেক্সটাইল জোন সেখানে তৈরি করা হোক। দুর্ভাগ্য আমি গতবারও বিধানসভায় বলেছি। এইবার যখন বিধানসভায় গেছি আমি মন্ত্রীকে প্রমাণ দিতে পারি চেয়ারম্যান হওয়ার পরে, আমার চিঠিটা পাওয়ার পরে আমি গিয়েছিলাম। আমাকে অট্টহাসি দেওয়া হয়েছিল। বলা হয়েছে গভর্নমেন্টের মেয়াদ তো আর ৬ মাস আছে। এরা কি করে এখনও থাকে আমি জানতে চাই এই সরকারের অধীনে ? হ্যান্ডলুমকে শেষ করে দিয়ে, গরিব মানুষদের কথা চিন্তা না করে শুধু এই হস্তশিল্পকে বাঁচান। পশ্চিমবঙ্গের মানুষের বস্ত্র হচ্ছে সভ্যতার বড়ো অহঙ্কার, লজ্জা নিবারণ করে। মানুষের প্রয়োজনে পশ্চিমবঙ্গে ৩৪ বছরে মাত্র ১৫-২০% বস্ত্র উৎপাদন হয়। কাপড় আনতে হয় বাইরের রাজ্য থেকে। এটা কি লজ্জার নয় ? ধান উৎপাদনের চেষ্টা হবে, আলু উৎপাদনের চেষ্টা হবে, পাট উৎপাদনের চেষ্টা হবে। সভ্যতার বড়ো অহঙ্কার বস্ত্র। প্রয়োজনীয় বস্ত্র ৩৪ বছরে আজও উৎপাদন হল না। মাত্র ১৫-২০% বস্ত্র উৎপাদন হয়। বাইরের রাজ্য থেকে কাপড় আনতে হয়। এটা কি বাংলার লজ্জা নয় ? ধান উৎপাদনের চেষ্টা হবে, আলু উৎপাদনের চেষ্টা হবে, পাট উৎপাদনের চেষ্টা হবে। সভ্যতার বড়ো অহঙ্কার হল বস্ত্র, পশ্চিমবঙ্গে ৩৪ বছরে উৎপাদন হল না, মাত্র ১৫-২০% উৎপাদন হয় বাকিটা বাইরের রাজ্য থেকে আনতে হয়। কর্মসংস্থানের এত বড়ো সুযোগ যদি ৫০% যা কাপড় প্রয়োজন তা যদি পশ্চিমবঙ্গে উৎপাদন করতে পারতাম তাহলে বিকল্প কর্মসংস্থান করতে পারতাম। তাই সেদিকে নজর দিন। তাই কর্মসংস্থানের বড়ো জায়গাকে তৈরি করার চেষ্টা করুন। মাননীয় মন্ত্রীর সেদিকে দৃষ্টি আকর্ষণ করতে চাই। একথা বলে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয় আকস্মিকভাবে আজকে আমার উপর দায়িত্ব পরে এই ব্যাপারে কিছু বলার জন্য। আজকে আমি বইটা পেলাম। বইটা যখন পড়ছিলাম তখন আমার মনে হল কার বই পড়ছি ! মানসবাবুর না মানববাবুর ? বইটা পড়ে মনে হল পুরোটা একটা বামফ্রন্ট সরকারের সাফল্যের একটা ভালো বুলি। আমি ভাবলাম আর কোনো কথা বলব না। চোখ বন্ধ করে সমর্থন করব। শুধু সমর্থনই করব না, একটা কথাও বলব না। শুধু ওই বইয়ের কয়েকটা লাইন পড়ে দেব। এটাই ছিল আমার সিদ্ধান্ত। কিন্তু হঠাৎ করে ভাবতে লাগলাম মানসবাবুতো এত বোকা লোক নন। এরকম বই ছাপালেন কেন ? আমি প্রথম পাতাটা দেখলাম, দেখে অবাক হয়ে গেলাম। পাতার যেখানে সালটা লেখা আছে, জানি না আপনাদের চোখে পড়েছে কিনা, সেখানে সাদা কাগজ লাগানো আছে। সাদা কাগজটা তুলে দেখুন কি লেখা আছে। প্রথম পাতায় একেবারে কভারে একটা সাদা কাগজ আছে সেখানে সেটে দেওয়া আছে। আমি বহু কষ্টে তোলার পর দেখলাম লেখা আছে ২০১০-১১। বাজেট হচ্ছে ১১-১২। কেন লেখা আছে ? তখন আমার ধারণা হল মানসবাবু ভুলে গিয়ে ভুল ছাপিয়ে দিয়েছেন। তারপর আরো অবাক হয়ে গেলাম মাত্র ৫ মিনিট আগে আর একটা ৩-৪ পাতার বই দেওয়া হল। তাতে মানসবাবুর নাম আছে। আমি তো অবাক এই ৪ পাতা এখন কে পড়বে। তাতে লেখা একের এক থেকে একের ষোলো বাতিল। নতুন দেওয়া হবে। কারণ উনি বলেছেন এটা প্রিন্টিং মিসটেক হয়েছে। আমি আগেরটা পড়ে দেখলাম ছাপার ভুল খুব একটা হয়নি বললেন চলে। কিন্তু এবারে যে বইটা দিয়ে গেল সেটাতে ছাপা ভুলে ভর্তি। চার হাজার ছয়শো কত লেখা আছে মাঝখানে 'ই' দেওয়া আছে। এইরকম প্রিন্টিং মিসটেক আমরা কখনো দেখিনি। কোনটা দিয়ে বলব, কোনটা দিয়ে হিসাব করব ? এটাই হয়েছে মুশকিল তাই সমর্থন করা জটিল হয়েছে। দ্বিতীয় আমি বলতে চাই বাংলা ইংরাজিতে করা হয়েছে, ভালো করে পড়ে দেখবেন মানসবাবু আকাশ-পাতাল পার্থক্য। অনেক প্যারাগ্রাফ আছে যার বাংলাতে আছে কিন্তু ইংরাজিতে নেই, অনেক ইংরাজিতে প্যারাগ্রাফ আছে আবার বাংলাতে নেই। এই কাগজগুলিতো বাইরে যাবে লোকে হাসবে। এর মানে কি ? সেটা একটু ভালো করে দেখে নেবেন। তৃতীয় হল এই প্ল্যান, নন প্ল্যান বাজেটে হিসেব করিয়েছেন, আপনার কপাল খারাপ। এত ঢাক পিটিয়ে প্রচার হয়েছে যে ব্যাপক গুরুত্ব দেওয়া হচ্ছে। গড়ে ৫০ ভাগ আমাদের প্ল্যান বাজেট বেড়ে গেছে। আর আপনার হাল কি, প্ল্যান বাজেট বেড়েছে মাত্র ৮% আর ননপ্ল্যান বেড়েছে ২২%। ঠিক উলটো জিনিস ছিল মানববাবুর আগের বছর। ৫৫ ভাগ প্ল্যান বাজেটে বেড়েছিল আর ননপ্ল্যানে বেড়েছিল ৮%, উল্টে গেছে। একটু ভালো করে দেখে নেবেন। এইমাত্র সমালোচনা হচ্ছিল আমাদের বামফ্রন্ট সরকারের ক্ষুদ্র শিল্প দপ্তরের কাজ নিয়ে। আমার কথা নয়, মানসবাবুর বই একটু পড়ুন তাতে লেখা আছে ফোর্থ অল ইন্ডিয়ার যে সেনসাস হল ক্ষুদ্র এবং শিল্প দপ্তরের অধীনে সারা ভারতে একটা সেনসাস হল। তাতে কি বলেছে—পশ্চিমবাংলায় ২৫ লক্ষের বেশি SSI unit আছে। তাতে কাজ করছে ৬০ লক্ষ লোক। ভারতবর্ষে উত্তরপ্রদেশের পর দ্বিতীয় স্থানে পশ্চিমবাংলা। খুব খারাপ। মহারাষ্ট্রকে ছাড়িয়ে গেছি, তামিলনাড়ু ছাড়িয়ে গেছি, কেরালা ইত্যাদি সব ছাড়িয়ে

গেছি এটা খুব খারাপ। ঘাটতি বলা হল, শুধু এটুকু বলেই শেষ করে দেওয়া হয়নি সিক যে ইউনিট, আজকে সারা দেশের দিকে তাকিয়ে দেখুন এত যে ইউনিট আছে, তাতে অনেকগুলো সিক হওয়ার কথা। কারণ একটা কথা জেনে রাখা ভালো, এই যে আমাদের সাফল্যের মাপকাঠিটা হবে কোন বিচারে, কোন অবস্থার মধ্যে ? ১৯৯১ সালের আগে একটা নিয়ম ছিল আমাদের দেশের দুই হাজার আইটেম আছে যেখানে কোনো বড়ো শিল্প ঢুকতে পারবে না।

[5.10—5.20 p.m.]

মানসবাবু ভালো করে জানেন। সেখানে কোনো বড়ো শিল্প ঢুকতে পারবে না, এদেরকে বাঁচাবার জন্যে। ১৯৯১ সালের পর ওটাকে উঠিয়ে দেওয়া হল। যে যা পারো যেখানে খুশি ঢোকো। আমার গ্রামের খেতমজুর ছোট্ট ইউনিট যেখানে তৈরি করবে, সেখানে টাটা ঢুকবে, বিড়লা ঢুকবে, কোনো বাধা নেই। কে দায়ি ? এইরকম অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমাদের সাফল্যটা কোথায় ? আমি বলছিলাম সিক ইউনিট, সিক ইউনিটে আমাদের পজিশান কি ? আমাদের সিক ইউনিট হচ্ছে ১৪.৬৮ পারসেন্ট। আমরা তার অনেক নিচে। ইউ পি ২৫.৫৫ পারসেন্ট, তামিলনাড়ুতে ২৫.৬৮ পারসেন্ট, মহারাষ্ট্রে ২৪.৮৭ পারসেন্ট। খারাপ ? সিক ইউনিটে আমরা সব থেকে সামনে আছি। মোট সংখ্যাতে আমরা সামনে আছি। মোট এমপ্লয়মেন্টে আমরা সামনে আছি। তাও বলছেন খারাপ ! এই যে আর একটা স্কিম আছে প্রাই মিনিস্টার এমপ্লয়মেন্ট গ্যারান্টি প্রোগ্রাম, একটু পড়ে দেখুন কি লেখা আছে। পর পর তিন বছর আমরা ভারতবর্ষে প্রথম হয়েছি, পুরস্কার পেয়েছি। মাথা নত হয়েছে না উঁচু হয়েছে ? আপনি গায়ের জোরে বললে হবে না। সব জায়গায় কঙ্কাল আছে, আমার বাড়ির পাশেও তাহলে কঙ্কাল আছে, ওসব কথা বললে তো হবে না। আমি বলছি আপনার ছাপানো বইয়ে লেখা আছে, সারা ভারতবর্ষে আমাদের অবস্থানটা কোথায় আছে। এটা আমাদের কোনো বলার ব্যাপার নয়। সত্যিকে সত্যি বলতে হবে। এর থেকে বড়ো হাতিয়ার আর কিছু নেই পশ্চিমবাংলায়। কৃষির পরে এটাই হচ্ছে সব থেকে বড়ো হাতিয়ার আমাদের এমপ্লয়মেন্ট জেনারেশনে। আমি ধন্যবাদ জানাব মানসবাবুকে। আর এর আগে বলেছিলাম আমাদের যে বাজেট হয়েছে তাতে কোনো দিশা নেই ঐ কত ছেলের কাজ হবে, কিছু বলা নেই। মানসবাবু বলেছেন সাহস করে বলেছেন। কিন্তু এই চ্যালেঞ্জকে সামনে রেখে করতে হবে। খুশি হব এই টারগেট যেটা বলেছেন, সেগুলো যদি রূপায়িত হয় তাহলে নিশ্চয়ই খুশি হব, অভিনন্দন জানাব, ধন্যবাদ জানাব বারে বারে। কিন্তু আমি কয়েকটা বিষয় এখানে উল্লেখ করতে চাই, এই যে একটু আগে বলছিলেন চারিদিকে শুধু লোকসান আর লোকসান। কোথাও লেখা আছে ? পড়ে দেখুন WBSIDC জানেন কত আয় করেছে, পড়ে দেখুন। আমার বইয়ে না, আপনার বইয়ে। পড়ে দেখুন লেখা আছে। এইরকম অবস্থার মধ্যে দাঁড়িয়ে WBSIDC গত দুই বছর টাকা লাভ করেছে। গত বছরের আগের বছর ২ কোটি করেছে, গত বছরও লাভ করেছে। লেখা আছে। তাহলে ভুল লিখেছে মানসবাবু। এইরকম আরো কিছু বিষয় আছে সেগুলোর ব্যাপারে বলব। একটা সমস্যা হয়েছে আমাদের টেক্সটাইলে।

কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত নিয়েছে যে টেক্সটাইলের উপরে excise duty বাড়াবে। আজকে হাজার হাজার লোক এই কলকাতা শহরে আছে, যারা টেক্সটাইলের সঙ্গে যুক্ত আছে, তাদের জীবন বিপন্ন হবে। বাঁচার হাতিয়ার নষ্ট হয়ে যাবে। দিল্লিতে মানসবাবুদের সরকার আছে। আমি আবেদন জানাব, বহুবার বলা হয়েছে, আজকে আবার আমি বলছি যে এই ব্যাপারে একটা উদ্যোগ না নিলে সর্বনাশ হয়ে যাবে। তারপর আমি যেটা বলতে চাই তা হচ্ছে আপনারা ভালো করে জানেন যে অনেকগুলো সুযোগ আমাদের এখানে আছে পশ্চিমবাংলায়। একেবারে উত্তরদিকে চলে যান বেত, বাঁশকে নিয়ে বিরাট কিছু করার সুযোগ আমাদের আছে। চলে যান মালদহ এবং মুর্শিদাবাদের সিল্ক নিয়ে আমাদের অনেক কিছু করার আছে। মুর্শিদাবাদের শুধু কাঁসা পেতল না, মুর্শিদাবাদের পাটকে ভিত্তি করে আরও অনেক কিছু করা যেতে পারে। তার জন্য আমাদের শিল্প তালুকও করা হয়েছে, রেজিনগর থেকে আরম্ভ করে সব জায়গায়। এইরকম সারা পশ্চিমবাংলায় বিভিন্ন জায়গায় বিভিন্ন সুযোগ আছে। আমরা এই কথা বলছি না যে সব সদ্ব্যবহার করেছি। আমাদের কোনো ত্রুটি নেই, ঘাটতি নেই, কখনও বলিনি। এটা তো নিয়ম, নতুন নতুন আসবে, ভালো কাজ করব। আপনারা ভালো করে কাজ করুন এটা চাই। কিন্তু কাজ করতে গেলে যে বড়ো বাঁধা, আমি দেখলাম প্রধানমন্ত্রী এমপ্লয়মেন্ট জেনারেশনে যা টারগেট, তা অনেক সময় পার করে দেওয়া হয়েছে। কিন্তু তবুও বাধা। প্রথম বাধা হচ্ছে যারা ঋণ নিয়ে এই কাজটা করবে, তারা ঋণ ঠিকমতো পাচ্ছে না। এটা একটা বড়ো বাধা। আপনারা জানেন আমাদের সি ডি রেসিও কি। আজকে মহারাষ্ট্রে সি ডি রেসিও হচ্ছে ৮০ : ১০০ টাকা ব্যাঙ্কে জমা হলে ৮০ টাকা লোন পাবে। আর আমাদের এখানে ১০০ টাকা জমা হলে আমরা ৫০ টাকাও লোন পাব না। কার টাকা ? মানুষের টাকা মানুষ পাবে না। পাবে কে ? যার সঙ্গতি আছে সে পাবে। বেকার ছেলে কষ্ট পাচ্ছে, গরিব মানুষ যে কাজ করতে চায়, সে পাবে না। আমি অনুরোধ জানাব এই কাজ যাতে ভালো করে হয় তা দেখার জন্যে। দুই নম্বর হচ্ছে প্রপার ট্রেনিং দেওয়ার কাজ। শুধুমাত্র টাকা দিলে হবে না। যদি ট্রেনিং না পায় সে কাজ করবে কী ভাবে। এই জন্য ভালো ট্রেনিং-এর ব্যবস্থা এখন দরকার। তিন নম্বর হচ্ছে মনিটরিং অ্যান্ড সুপারভিশন। একটা ছেলে টাকা নিয়ে গেল, সে দাঁড়াতে পারছে না। কেন দাঁড়াতে পারছে না, কে দেখবে ? শুধু টাকা দিয়েছি, আর টাকা ফেরত দাও বললে তো হবে না। তাকে সাহায্য করতে হবে, তার পাশে দাঁড়াতে হবে, তাকে পথ দেখাতে হবে, বিপদে পড়লে সাহায্য করতে হবে, তা না হলে দাঁড়াতে পারবে না, এটা আমাদের বড়ো দরকার। তার সঙ্গে সব থেকে বড়ো দরকার হচ্ছে মার্কেটিং। আজকে অনেক কথা হয়েছে মার্কেটিং নিয়ে। আমি দেখলাম, বার্মিংহামে গিয়েছিল আমাদের একটা টিম, বলেছে ৩ কোটি টাকার নাকি একটা অর্ডার পেয়েছে মালের জন্য। কম কথা নয়। অনেক ফিরিস্তি দেওয়া আছে। মানসবাবুর বইতেই দেওয়া আছে, তাতে লেখা আছে কতগুলো মার্কেট করা হয়েছে কোথায় কোথায় দেশে বিদেশে, আমাদের পশ্চিমবঙ্গে, পশ্চিমবঙ্গের বাইরে কোথায় কোথায় এরকম মার্কেটের ব্যবস্থা করা হয়েছে, বিক্রির ব্যবস্থা করা হয়েছে, তা দেখানো আছে। এটা আরও বেশি আমাদের করতে হবে। আমি আগে প্রস্তাব দিয়েছিলাম, আমাদের যারা ক্ষুদ্র

শিল্পে শিল্পী আছে তার বাইরে ১৪ লক্ষ আমাদের সেল্ফ হেল্প গ্রুপের মেয়েরা আছেন, যারা বিভিন্ন কাজের সঙ্গে যুক্ত। আমি এই দপ্তরে ছিলাম পঞ্চায়েতে। আমি কলকাতায় একটা জায়গা ঠিক করেছিলাম, সেখানে একটা বড়ো মার্কেট করব, জমি কেনা হয়েছিল, তারপর তো আমি চলে এসেছি, সেখানে হবে। সিদ্ধান্ত করেছিলাম প্রত্যেকটা জেলা হেড কোয়ার্টারে মার্কেট হবে, প্রত্যেকটা সাব-ডিভিসনে হবে। আরও সিদ্ধান্ত করেছিলাম যে, পশ্চিমবাংলায় যত ঐতিহাসিক জায়গা অনেক আছে, যেখানে হাজারে হাজারে ট্যুরিস্টরা যায়। যেমন বহরমপুরে আছে, আমাদের লালবাগ, সেখানে প্রতি বছরে ১০ থেকে ১৫ লক্ষ লোক ট্যুরিস্ট হিসাবে যায়। কেন পারব না। শুধু আমার মুর্শিদাবাদ জেলাই নয়, সারা পশ্চিমবাংলায় যত ছোটো ছোটো জিনিস তৈরি হয়, কেন সেখানে পাবে না এই ১০ লক্ষ মানুষ ? এরকম আমাদের দীঘা আছে, সুন্দরবন আছে, বক্রেশ্বর আছে, দার্জিলিং আছে, এরকম বিভিন্ন জায়গা আছে, সেসব জায়গায় কেন আমরা মার্কেট করতে পারব না ? কেন কলকাতা শহরে এরকম কতগুলো জায়গা তৈরি হবে না ? আমরা পারিনি মানে এই নয় যে আপনারাও পারবেন না। আমাদের ত্রুটি থাকতে পারে বললাম তো। শুধু বক্তৃতা করলেই হবে না, আজকে আমাদের সামনে জরুরি দরকার এই বেকার ছেলেদের জন্য। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন ২ বছরে ১০ লক্ষ ছেলের চাকরি দেবেন— আমি আগের দিন বলেছিলাম মালা পাঠিয়ে দেব, অভিনন্দন জানাব। এটাই তো দরকার। করতে পারলে সবচেয়ে সুখী হব, দুঃখিত হব না। পশ্চিমবাংলার ১০ লক্ষ ছেলে চাকরি পাবে, এর থেকে গর্বের আনন্দের কি হতে পারে পশ্চিমবাংলার মানুষ হিসাবে ? আমরা চাই এটা। কিন্তু এটা করতে গেলে শুধু স্বপ্ন দেখলে হবে না, আর আমাদের এই বড়ো বড়ো শিল্প দিয়েও তা হবে না। এইজন্য আমাদের ক্ষুদ্র শিল্পে যে সুযোগগুলো আছে, সেইগুলো যদি ঠিকমতো ব্যবহার করতে পারি তাহলে মনে হয় এই বেকার ছেলেদের অনেক সাহায্য হবে। এরকম সুযোগ আমাদের অনেক আছে। ছোট্ট একটা ঘটনা মনে পড়ে। মুর্শিদাবাদ জেলার ডোমকলে আমার বাড়ি। সেখানে দুটো গ্রাম আছে, একটার নাম বাজিতপুর আর একটার নাম জিৎপুর। সারা পশ্চিমবাংলার সবচেয়ে সেরা শঙ্খ। শিল্পের কাজ সেখানে হয়। আমি নিজে একবার মন্ত্রী থাকার সময় গিয়েছিলাম দক্ষিণ ভারতে। কি করে শঙ্খ তোলা হয়, কি করে তার স্মাগলিং হয়, কি করে তার বিক্রি হয়, কি করে তার ব্যবসা হয়, সব চোখে দেখেছি। এই শিল্পের উপর নির্ভর করে তারা বেঁচে আছে। কিন্তু সেই পুরনো ব্যবস্থা এখনও আছে, তার পরিবর্তন হয়নি। এদের প্রশিক্ষণ দরকার, ঋণ দরকার, মার্কেট দরকার। এমনকি এমন একটা গ্রামে থাকে নদী দিয়ে ঘেরা, বাইরে যেতে পারে না। সেই গ্রামে ব্রীজ হয়েছে, আমি অনুরোধ করার পর সেখানে একটা বাসের ব্যবস্থা হয়েছে, কলকাতায় আসার ব্যবস্থা হয়েছে, এখন তারা উত্তরবঙ্গে যেতে পারে। গোটা রাজ্যে যত বাঙালি মেয়ে আছে, যারা বিয়ে করার পর শাঁখা পরে, সেসব ওরাই সরবরাহ করে। কিন্তু ওদের জীবন হচ্ছে দুর্বিষহ। এদের যদি ট্রেনিংয়ের ব্যবস্থা করতে পারি তারা অনেক কিছু করতে পারে। আজকে তাঁত বস্ত্র নিয়ে বললেন। কিছুই পরিবর্তন হয়নি ? ফুলিয়া কি একেবারে ফালতু ? সারা পৃথিবীর অনেকগুলো দেশে ফুলিয়ার মাল চলে যায়। আমি তো দেখতে গিয়েছিলাম। আমরা

তো বলি ফুলিয়া আমাদের গর্ব। সেখান থেকে সুতোর কাপড় চলে যাচ্ছে সব জায়গায়। শুধু তাই নয়, আজকে ন্যাচারাল কালার, ন্যাচারাল ডাইং, হয়নি সেখানে ? আরও দরকার। এই ব্যাপারে কোনো সন্দেহ নেই। কিন্তু শুরু হয়নি বললে অন্যায় হবে। আমি বারবার বলছি, আমাদের আরও সুযোগ আছে, আমাদের চেষ্টা করতে হবে। আমি গিয়েছিলাম দক্ষিণ ভারতে, সেখানে ফুডের একটা টেকনোলজি সেন্টার আছে, দেখতে গিয়েছিলাম। সেখানে লঙ্কাকে প্রসেস করে লঙ্কার রঙটাকে আলাদা করে দিয়েছে, লঙ্কার ঝালটাকে আলাদা করে দিয়েছে, সেই লঙ্কার রঙ দিয়ে ভারি সুন্দর কাপড় রাঙাচ্ছে। লঙ্কার ঝাল দিয়ে ঝালের কাজ করছে। এন.এফ.ডি.আই. না কি বলে। এরকম অনেক সুযোগ আমাদের আছে। আমাদের পশ্চিমবাংলায় অনেক ফুল হয়, সেই ফুলের রঙ কেন আমরা ব্যবহার করতে পারব না ন্যাচারাল ডাইংয়ের জন্য ? তারপর সবচেয়ে বড়ো সুযোগ আছে সিল্কের ক্ষেত্রে। আমি একবার চীন দেশে গিয়ে অবাক হয়ে গিয়েছিলাম—আমাদের এখানে বিশাল খরচা, অমুক তমুক না করে পলু চাষ হয় না। ওখানে তো মেঝের উপরেই হচ্ছে। আর এত সুন্দর সিল্ক তৈরি করছে ওরা যে আমরা ওর সঙ্গে কমপিট করতে পারব না। কিন্তু আমরা পারি ? আমাদের গবেষণা যদি আরও বাড়াতে পারি তাহলে এই কায়দাটা করতে পারি। এখনও অনেক সুযোগ আছে। আমি আর বেশি কথা বলতে চাই না, আমরা জানি যে আমরা হেরে এখানে এসেছি।

[5.20—5.30 p.m.]

এবং এই হারার কারণে আমাদের অনেক কথা শুনতে হবে। ৩৪ বছরের কথা বারেবারে শুনতে হবে। হাড়কাণ্ড শুনেত হবে, কঙ্কাল কাণ্ড শুনতে হবে। ৩৪ বছরের ব্যর্থতা শুনতে হবে। এটা জেনেই আমরা এসেছি। বারেবারে বলুন আপত্তি নেই আমাদের কিছু। কিন্তু শুধু যদি এটাই বলেন তাহলে নিজের পায়ে নিজে কুড়ুল মারবেন। কেননা আপনাদের শুধু এই কথা বলার জন্য মানুষ পাঠায়নি। বারেবারে বলুন আনিসুর রহমান অপদার্থ, সূর্য্য মিশ্র চোর। অমুক দুর্নীতিগ্রস্থ। সব বলুন বারেবারে কিন্তু শুধু এই কথাতে মানুষের পেট ভরবে না। আজকে দুদিন মানুষ মানতে পারে, কালকে মানতে পারে কিন্তু মানুষ কাজ চাইবে, কৃষক কাজ চাইবে, ক্ষেত-মজুর কাজ চাইবে। বেকার কাজ চাইবে। কাজ দিতে হবে। তখন অস্বীকার করতে পারবেন না। আমি ওই জন্য বিনীতভাবে বলব আমাদের সমালোচনা যত পারেন করুন কিন্তু দয়া করে নিজের কাজটা করুন। আজকে বন্যা নিয়ে এত কথা হচ্ছে। বন্যা হয়েছে অথচ ঘোষণা করতে পারছেন না। কেন টাকা তো আমরা পেতাম। ওই জন্য আমি আবেদন করব এই যে একটা ক্ষেত্র, ক্ষুদ্র শিল্প একটা ক্ষেত্র এখানে সত্যিকারের পশ্চিমবাংলার যাই সমালোচনা হোক না কেন সবচেয়ে বেশি সুযোগ আছে। আমরা সবটা করতে পারিনি। অনেক কাজই করেছি। করেছি বলেই আমরা সামনে আছি। কিন্তু এখনও অনেক কাজ করার আছে। কাজ করার ব্যাপারে এগিয়ে আসুন। যত রকমের সহযোগিতা দরকার আমরা করব। এটা আমরা পশ্চিমবাংলায় রেকর্ড তৈরি করলাম এর আগে পশ্চিমবাংলায় বন্যা হত। আমাদের শুনতে হত ম্যান মেড। আর আমরাই প্রথম শুনলাম

যে বিরোধী লোকেরা প্রধানমন্ত্রীকে গিয়ে বলছে টাকা দিন বন্যার জন্যে মানুষকে বাঁচাতে হবে। আর আগে আমরা দেখেছিলাম যে আমরা যখন টাকা চেয়েছিলাম দিল্লিতে এম.পি.-রা গিয়ে বলেছিল যে টাকা দেওয়া হবে না। এই জন্য আমি আবারও বিনীতভাবে বলব এখনও সুযোগ আছে এই সুযোগ কাজে লাগান। সাহায্য দরকার, সহযোগিতা দরকার সব সহযোগিতা করব এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : শ্রী মঞ্জুলকৃষ্ণ ঠাকুর তিনি বলবেন না সেই জন্য ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা এই দুটো দপ্তর মিলিয়ে তিনি তাঁর বক্তব্য রাখবেন।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকের ক্ষুদ্র কুটির শিল্প এবং বস্ত্র দপ্তরের পক্ষ থেকে যে বাজেট নিয়ে আলোচনা হচ্ছে আমি প্রথমে মাননীয় সদস্য যারা অংশগ্রহণ করেছেন নর্মদাবাবু, জ্যোতির্ময় কর সাহেব, আলি ইমরান মহাশয়, সম্মানীয় অজয় দে, সম্মানীয় স্বপন দেবনাথ, আর বিরোধী দলের প্রাক্তন মন্ত্রী আনিসুর রহমান সাহেব, আমার দপ্তরের রাষ্ট্রমন্ত্রী মঞ্জুলকৃষ্ণ ঠাকুর মহাশয় আমি সকলকে আমার দপ্তরের পক্ষ থেকে অভিনন্দন জানাচ্ছি। এটা খুব গুরুত্বপূর্ণ বিষয় যে আমরা সবাই আইডেনটিফাই করতে সক্ষম হয়েছি যে ক্ষুদ্র কুটিরশিল্প এবং বস্ত্র দপ্তর অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই ক্ষুদ্র, ক্ষুদ্র বলে একেবারে পিছনের সারিতে রাখা লাস্ট বেঞ্চার অব দি ইকনমিক অ্যান্ড ইনক্লুসিভ গ্রোথ অব দি কান্ট্রি। দিস ডিপার্টমেন্ট ওয়াজ আইডেনটিফায়েড ইন এ মাইক্রোসকোপিক ফিচার। বাট ভেরি ফরচুনেটলি ইন দি রিসেন্ট ইকনমিক অ্যানালিসিস থ্রু আউট দি ওয়ার্ল্ড অন্য রকম ভাবা হচ্ছে। সারা পৃথিবী এবং আমাদের দেশে। এম.এস.এম.ই. এবং এম.এস.এ.সি. আমাদের রাজ্যের ক্ষেত্রে বলা হয়। মিডিয়াম ইন্ডাস্ট্রিকে আমাদের ধরা হয় না। যদিও কেন্দ্রীয় সরকারের দপ্তরটা মিডিয়াম ইন্ডাস্ট্রিকে এর মধ্যে রেখেছে। সবাই মিলে বলতে শুরু করেছেন বাঃ এটাই তো সত্যি দপ্তর। আমি এই জন্য এই দপ্তরের বিভাগীয় ভারপ্রাপ্ত মন্ত্রী হিসেবে নিজেকে খুব গর্বিত মনে করি। কিন্তু এর পরেই আসছে খুব বেদনার দিকটা। বেদনার দিকটা কি ? পশ্চিমবঙ্গ আমরা নিজেরা গর্ব করি ইট ইজ দি হাউস অব দি স্কিল পাওয়ার। দক্ষতার কেন্দ্রবিন্দু এবং বিশাল একটি সম্ভাবনাময় রাজ্য। আর কি। গর্ব করে আমরা হাওড়াকে বলতাম শেফিল্ড অব দি ইস্ট। আর কি বলতাম বাংলার তাঁত ভারত শুধু নয় পৃথিবী বিখ্যাত, আর কি বলতাম আমার ক্ষুদ্র ইঞ্জিনিয়ারিং ভারতবর্ষের শ্রেষ্ঠ। আবার কি বলতাম আমার পাট ভারত, পৃথিবী বিখ্যাত আর কি বলতাম আমার ফাইটো কেমিকেলস যেগুলো এস.এস.আই. ইউনিটের আন্ডারে আছে, মেডিসিনাল প্রোডাক্টস যেগুলো এস.এস.আই. ইউনিটের আন্ডারে আছে। আচার্য প্রফুল্ল চন্দ্র রায়ের সময় থেকে, বিধানবাবুর সময় পর্যন্ত শুধু ভারত নয়, এটা পৃথিবীর শ্রেষ্ঠ সম্পদ হিসাবে পরিগণিত হত। আর কি নিয়ে গর্ব করতাম—আমার মুর্শিদাবাদের সিল্ক, মালদার সিল্ক, পুরুলিয়া, বাঁকুড়ার তসর নিয়ে। আমার বুক ফুলে উঠত। আর কি নিয়ে গর্ব করতাম—আমার ফুলিয়ার তাঁত নিয়ে। আর কি নিয়ে গর্ব করতাম—আমরা কৃষ্ণনগরের পুতুল, হস্তশিল্প নিয়ে। আমরা কুচবিহারের শীতলপাটি নিয়ে আমরা গর্ব করতাম। সবং এর মাদুর নিয়ে গর্ব করতাম। কাঁসা পিতলের বাসন নিয়ে আমরা গর্ব করতাম। আমরা হাতের শাঁখা থেকে সমস্ত ক্ষুদ্র

শিল্পকে নিয়ে আমরা গর্ব করতাম। এগুলি নিয়ে বাংলা একসময় গর্বিত ছিল। আমরা নিশ্চিতভাবে বলতে পারি সংখ্যার দিক থেকে পশ্চিমবঙ্গে ক্ষুদ্রশিল্পের ইউনিট, ২০০৬-০৭ সালে যে ন্যাশানাল সেনসাস হয়েছিল, তারপরে আর কোনো সেনসাস হয়নি। এরপরে আমরা আমাদের দপ্তরের পক্ষ থেকে একটা উদ্যোগ নিয়েছি, পশ্চিমবঙ্গে একটা সার্ভে করব। এই নিয়ে আমরা আলোচনা করে সিদ্ধান্ত নিয়ে ফেলেছি। এটাতে আমরা এগোব। সেখানে ২৫ লক্ষের উপরে ইউনিট আছে। কিন্তু আনিসুর রহমান সাহেব এটা আমার কাছে খুব দুশ্চিন্তার বিষয়, রেজিস্টার্ড অর্গানাইজেশন মাত্র ৬৫,০০০। এটা অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়। এটা কেন ? এই ব্যাপারে আমার দপ্তরের সচিব এবং আমাদের আধিকারিকদের বলেছি কি হচ্ছে ? কেন হয়নি এতদিন ? নাম্বার অফ ইউনিট ২৫ লাখস, রেজিস্টার্ড ইউনিট টোয়েন্টি ফাইভ থাউজেন্ড। দিজ ইজ সামথিং ইন্টারেস্টিং অ্যান্ড ফ্যান্টাস্টিক। এবং এই নিয়ে কোনো বিশ্লেষণাত্মক বা পর্যালোচনামূলক কোনো তথ্য আজ পর্যন্ত তৈরি হয়নি। আমরা ঠিক করেছি এটা নিয়ে একটা পর্যালোচনা ভিত্তিক রিপোর্ট তৈরি করতে হবে। হোয়াট ইজ দ্য একজ্যাক্ট স্ট্যাটিসটিকস রিপোর্ট অফ এম.এস.এস.ই.। আমার তাঁত কত আছে। এই ধরুন ৩০০০ কোটি টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছেন, অজয়বাবু বললেন। সমবায়ের সঙ্গে যুক্ত ঋণগ্রস্ত তাঁতি বন্ধু, তন্তুবায় বন্ধুদের আমরা ঋণ মকুব করে দেব ৩০০০ কোটি টাকা। আমি দপ্তরে জিজ্ঞাসা করেছি এবং রিপোর্ট সিক করেছি। আই ওয়ান্ট ইনভেস্টিগেশন রিপোর্ট অফ দ্য এগজিসটেন্স অফ উইভারস অ্যান্ড কো-অপারেটিভস। তার আগে আমি টাকা ছাড়ব না। এটা আমার নির্দেশ এবং আমি এই হাউসে দাঁড়িয়ে ঘোষণা করছি যে, পশ্চিমবঙ্গে যে ৩০০০ কোটি টাকা মকুব হবে কোন সমবায় সমিতি এবং কোন তন্তুবায় ভাই-বোনেরা আছেন। তার একজিসটেন্স ভেরিফিকেশন করে তারপরে মকুব হবে। তার আগে হবে না। এটা আমরা দেখব। ঠিক তেমনিভাবে প্রফেসর জ্যোতির্ময় কর বলেছেন রি-অর্গানাইজেশন অর নিউ ওরিয়েন্টেশন অফ ডি.আই.সি ডিস্ট্রিক্ট ইন্ডাস্ট্রিয়াল সেন্টার। হ্যা, এটা অত্যন্ত জরুরি। কিন্তু অধ্যাপক কর মহাশয়কে জানাই যে অর্থের খুব সঙ্কট রয়েছে। ম্যান পাওয়ার নেই। আমার খাদি এবং ভিলেজ ইন্ডাস্ট্রি অত্যন্ত গৌরবের একটা জায়গা। সেই জায়গায় ম্যান পাওয়ারের অভাবে খুবই ধুঁকছে, আমরা চেষ্টা করছি। অর্থ দপ্তরের সঙ্গে কথা বলব। মাননীয়া মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলব। রেশম সেরিকালচার এবং খাদি এই দুটো দিককে এবং হ্যান্ডিক্র্যাফটস-এ আরও বেশি ম্যান পাওয়ার দিতে হবে। আরও অর্থের জোগান দিতে হবে এবং আমাদের ইনডিজেনাস, ইনোভেটিভ আইডিয়াজগুলিকে আমরা যদি ইমপ্লিমেন্ট করতে পারি, তাহলে আমরা এগোতে পারব। কিন্তু আমাদের দপ্তরেরও অনেক ত্রুটি-বিচ্যুতি আছে। যার জন্য প্রথমেই আমি আনিসুর সাহেবের কাছে আমি মার্জনা চেয়ে নিচ্ছি। কারণ এটা প্রিন্টিং মিসটেক হয়েছে। আমি তো বিভাগীয় মন্ত্রী আমাকেই হাত জড়ো করে ক্ষমা চাইতেই হবে। এটা ছাপাখানার ভুল। এই দায়িত্বটা আমাকে নিতেই হবে। নিতে হচ্ছে। আমি নিজেই প্রথমে ডিটেক্ট করেছি। তারপরে সঙ্গে সঙ্গে নির্দেশ দিয়েছিলাম, প্রিন্টিং মিসটেক হয়েছিল আমার এটা স্বীকার করতে দ্বিধা নেই। ভুলকে ভুল বলে স্বীকার করে নেওয়াটাই ঠিক। যে স্বীকারটা আপনারা করেন না। এটাই মুশকিল। কারণ আপনারা বলেন যে, না আমরা ঠিক আছি। আপনারা বলেন ইনক্লাব

জিন্দাবাদ চলছে চলবে। আমরা বলছি ইনক্লাব জিন্দাবাদ মুখ থুবড়ে পড়েছে। এবার একটু ভাবুন ভারতের কথা। মহাত্মা গান্ধীর কথা ভাবুন, ভারতে আছেন তো ? আপনারা এবার একটু বিবেকানন্দের কথা ভাবুন, রামকৃষ্ণের কথা ভাবুন। লেনিন মার্কস এইসব তো সাগরপারের ব্যাপার, সেখানে আকাশ টপকে যেতে হয়। গান্ধীর কথা ভাবুন। তাহলেই দেখবেন আজকে ক্ষুদ্র কুটীরশিল্পের উদ্‌গাতা হলেন মহাত্মা গান্ধী। স্বরাজ—নিজের রাজ। রবীন্দ্রনাথ বলেছিলেন আমরা সবাই রাজা, আমাদেরই রাজার রাজত্বে। তারই কনসেপচুয়াল রিফ্লেকশন তো ক্ষুদ্র কুটীরশিল্পে।

[5.30 – 5.36 p.m.]

সঠিকভাবে মিস্টার দেবনাথ বলেছে। আমি যখন বিরোধী দলে থাকতাম, আমি বক্তৃতা করেছিলাম পান্নালাল মাঝি তখন তন্তুজের চেয়ারম্যান ছিলেন এবং বিধায়ক ছিলেন। একটা বিখ্যাত কথা আপনিও শুনেছেন, মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনিও শুনেছেন, 'পি.টি.'। পি. মানে পেপার, টি. মানে ট্রানজ্যাকশন। এই টোটাল কো-অপারেটিভের প্রোডাকশনটা ওই পেপার ট্রানজ্যাকশন হচ্ছিল। পি.টি.—পেপার ট্রানজ্যাকশন। আমি এই দপ্তরে অন্তত ১৫-১৬ বার বাজেট উদ্বোধন করেছি। আমি আমার দপ্তরের আধিকারিকদের বলেছি, আই অ্যাম নট গোয়িং টু টলারেট এনি ইনডিসক্রিপেন্ট অ্যাটিচিউড অ্যান্ড এনি ইনডিসিপ্লিন ইন মাই ডিপার্টমেন্ট। দ্যা কোরাপশন হ্যাজ টু বি আইডেনটিফায়েড অ্যান্ড হ্যাজ টু বি রিড্রেসড্ আউট এবং এই ব্যাপার আমার প্রথম নির্দেশ, এই তিন হাজার কোটি টাকা যে মকুব করা হবে, তার একজিসটেন্স ভেরিফিকেশন না করে টাকা রিলিজ করব না, একেবারেই করব না। এই ব্যাপারে আমি হাউসকে আশ্বস্ত করতে চাই। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর সঙ্গে বসেছি। আমার দপ্তরের অতিরিক্ত মুখ্য সচিবের নেতৃত্বে টেক্সটাইল পলিসি আমরা খুব শীঘ্রই—আমি কমিটি তৈরি করে দিয়েছি, পশ্চিমবঙ্গ ইজ এ ইম্পর্টেন্ট জোন ফর গার্মেন্ট, হোসিয়ারি অ্যান্ড টেক্সটাইল ডেভেলপমেন্ট। হ্যান্ডলুম অ্যান্ড পাওয়ারলুমে উই হ্যাভ নো কনফ্রনটেশন। ইন পাওয়ারলুম উই হ্যাভ নো ফেবারিটিজম্। আমি চাই পাওয়ারলুম গ্রো করুক, হ্যান্ডলুম গ্রো করুক। আমি সমস্ত বিধায়কদের কাছে অনুরোধ করছি, আমি একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছি। প্রতি জেলাতে টেক্সটাইলের জন্য একটি অ্যাডভাইসারি কমিটি তৈরি করে নেব, যেখানে বিধায়করা থাকবেন, তন্তুবায়রা থাকবেন, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট তার হেডে থাকবেন। প্রতি জেলাতে আমি একটি করে ক্ষুদ্র শিল্পের কমিটি তৈরি করে দেব, অ্যাডভাইসারি কমিটি যারা ডি.ই.সি.-কে অ্যাডভাইস করবে, কো-অর্ডিনেট করবে। সেখানে ডি.এম. থাকবেন মাথার ওপরে। আমি রাজ্যস্তরে বিভিন্ন চেম্বার অফ কমার্সের প্রতিনিধিদের নিয়ে, শিল্পপতিদের নিয়ে, আধিকারিকদের নিয়ে, টেকনিক্যাল এক্সপার্টাইজদের নিয়ে দুটি কমিটি—একটা টেক্সটাইল এবং একটা ইন্ডাস্ট্রির জন্য করে দিচ্ছি। যেখানে আমরা সবাই ই-গভর্নমেন্টের মাধ্যমে আগামি দিনের ক্ষুদ্র ও কুটির শিল্পকে এগিয়ে নিয়ে যেতে, আমরা উদ্যোগ নিতে পারব। আমি অজয়বাবুর প্রস্তাবকে স্বাগত জানাচ্ছি, অবশ্যই এখানে একটি টেকনোলজিক্যাল হওয়া দরকার হ্যান্ডলুমের ক্ষেত্রে এবং এক্সপোর্ট মার্ট যেটা হয়নি, টাকা

ফেরত গেছে, আমি দপ্তরে অনুসন্ধান করে দিল্লির কাছে জানার চেষ্টা করব, কেন এটা ফেরত গেল, কি ব্যাপার, কোন সময়ে। আমি এবার শেষ করি, সময় একেবারেই কম। অনেক কথা বলার ছিল। শুধু শেষ করি একটা কথা বলে, ক্ষুদ্র ও কুটির শিল্প হচ্ছে গ্রোথ্ অফ ইকনমিক ডেভেলপমেন্ট। অর্থনৈতিক উন্নয়নের ইঙ্গিত হচ্ছে ক্ষুদ্র ও কুটির শিল্প। মাননীয়া মুখ্যমন্ত্রী ইতিমধ্যেই ঘোষণা করেছেন, তিনি ক্লাষ্টারগুলিকে সব চাইতে অধিক গুরুত্ব দিয়ে এখানে প্রতিষ্ঠিত করবেন। তাই ক্লাষ্টার প্রতিষ্ঠার লক্ষ্যে কেন্দ্রীয় সরকারের সঙ্গে সহযোগিতা নিয়ে আপনাদের সবার সহযোগিতা নিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশকে সেখানে রূপায়িত করতে আমরা এগোবো। সেখানে রেশম, সেখানে তসর, সেখানে লাক্ষা, সেখানে হ্যান্ডলুম, সেখানে পাওয়ারলুম-সেখানে সমস্ত বিষয়গুলিকে নিয়ে এসে আমরা এগিয়ে যাব। গার্মেন্ট এবং হোসিয়ারির ওপর ঠিকই বলেছেন—১০.৩% যে সেন্ট্রাল একসাইজ ডিউটি চেপেছে, সেই বিষয়ে আমার কাছে বিভিন্ন সমিতির পক্ষ থেকে মেমোরেন্ডাম দেওয়া হয়েছে। আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি, কেন্দ্রীয় অর্থমন্ত্রী প্রণব মুখোপাধ্যায় মহাশয়কে আমি চিঠি দিয়েছি। আমি আশাবাদী কোনো একটা কিছু হবে। আমি আমার বক্তব্য শেষ করছি। আপনাদের সকলকে ধন্যবাদ জানাই। ক্ষুদ্র ও কুটির শিল্পকে এগিয়ে নিয়ে যেতে হবে। কারণ, কৃষির পরেই এই শিল্পের মাধ্যমে আমরা কর্মহীনতার এই সমস্যাকে মোকাবিলা করার সুযোগ পাব, কর্মসংস্থান তৈরি করার কথা ভাবতে পারব। একই সঙ্গে স্পিনিং মিলগুলোর জন্য আমরা একটা পরিকল্পনার কথা ভাবছি। এই বাজেটকে আপনারা সমর্থন করেছেন, ধন্যবাদ জানাই। কোনো কাটমোশন নেই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে সবাইকে আমি ধন্যবাদ জানাচ্ছি।

Demand No. 11

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 481,54,32,000 be granted for expenditure under Demand No. 11, Major Heads: "2401-Crop Husbandry, 2551-Hill Areas, 2851-Village and Small Industries, 3451-Secretariat-Economic Services, 4851-Capital Outlay on Village and Small Industries and 6860-Loans for Consumer Industries" during the year 2011-2012. (This is inclusive of a total sum of Rs. 160,51,38,000 and Rs. 80,25,52,000 already voted on account in March and June, 2011 respectively) was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5.36 p.m. till 11-00 a.m. on Monday, the 29th August, 2011 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 29th August, 2011 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 23 Ministers, 6 Ministers of State and 190 Members.

[11.00—11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

বসতিপূর্ণ আবাসন আগুনে ক্ষতিগ্রস্ত

*১১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৮) শ্রী তজমুল হোসেন : অগ্নিনির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জানুয়ারি, ২০১০ থেকে ৩১শে জুলাই, ২০১১ পর্যন্ত সময়ে রাজ্যে মোট কতগুলি বসতিপূর্ণ আবাসন আগুনে ক্ষতিগ্রস্ত হয়েছে ; এবং

(খ) ক্ষতিগ্রস্ত আবাসনগুলির বাসিন্দাদের পুনর্বাসন ও ক্ষতিপূরণের জন্য সরকার কি কি উদ্যোগ গ্রহণ করেছে ?

শ্রী জাভেদ খান :

(ক) উক্ত সময়ের মধ্যে ৫৩৬টি বসতিপূর্ণ আবাসন এবং ৫৪৮ বস্তি আগুনে ক্ষতিগ্রস্ত হয়েছিল।

(খ) আমরা যেখানে যেখানে, আপনারা জানেন ফায়ার সার্ভিস অ্যাক্ট হিসাবে ১৯৫০ কোনো জায়গায় আগুন লাগলে অ্যাক্টে কোনো ধারা নেই, যেখানে আমরা ক্ষতিগ্রস্তদের কোনো অনুদান দিই। কিন্তু অন্যান্য ডিপার্টমেন্ট আছে সেখানে আমরা তাঁদের কাছে যদি কোনো রিকোয়েস্ট আসে লিখিত সেখানে আমরা ব্যবস্থা করি। যেমন ডিজাস্টার ম্যানেজমেন্টের মাধ্যমে, আবার যেখানে আগুনে পুড়ে যায়, কারো ক্ষতি হয়—স্টিফেন—

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আপনার যা লিখিত আছে তাই পড়তে হবে।

শ্রী জাভেদ আহমেদ খান :

(খ) অগ্নিনির্বাপণ বিভাগ মানুষের জীবন ও সম্পত্তি রক্ষার কাজ করে থাকে, কিন্তু ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের পুনর্বাসন ও ক্ষতিপূরণের কোনো ব্যবস্থা ওয়েস্ট

বেঙ্গল ফায়ার সার্ভিস অ্যাক্ট ১৯৫০-এর কোনো ধারাতে নেই। কিন্তু অনেক সময় যখন ক্ষতিগ্রস্তরা আবেদন করেন, সেই আবেদন সরকার তার অধীনস্থ অন্য বিভাগগুলির মাধ্যমে সাহায্যদানের ব্যবস্থা করেন।

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, বর্তমানে আপনি যে ব্যবস্থাটি নিয়েছেন এটি ১৯৯৫ সালের এই অ্যাক্টে নেই। কিন্তু আবার অনেক সময় ক্ষতিগ্রস্তরা যখন আবেদন করেন এবং তখন সেই আবেদনের পরিপ্রেক্ষিতে অধীনস্থ বিভাগগুলিকে সাহায্যদানের ব্যবস্থা করা হয়। আমার প্রশ্ন হচ্ছে স্যার যে, বর্তমানে ক্ষতিপূরণ এবং পুনর্বাসনের ক্ষেত্রে কি কি ব্যবস্থা আছে ? এবং তা কীভাবে রূপায়িত হবে ? একটু দয়া করে জানাবেন কি ? এই যে ধারা আপনার নেই, কিন্তু আপনি বলেছেন।

শ্রী জাভেদ আহমেদ খান : Fire Service Act-এ কোনো এরকম ধারা নেই যে, এখানে ব্যবস্থা করা যাবে। আপনাকে প্রথমেই বলেছি যেটা অন্যান্য বিভাগে আছে যেমন, Disaster Management আছে তার মাধ্যমে আমরা ২ লাখ টাকা যাঁদের প্রাণহানি হয় তাঁদের দিই এবং সরকার সময় সময় মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে যখন আবেদন আসে তখন সেই অনুযায়ী যাঁরা physically injured হন তাঁদের জন্যে সরকার ধার্য করে, ব্যবস্থা করে এবং যাঁরা মারা যান সেই সময় কোনো special case হলে সেটা সরকার policy দিয়ে তখন মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেন।

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত দ্বিতীয় প্রশ্ন, রাজ্যে যেসব এলাকায় মানে বেশি বেশি আগুন লাগে বা আগুন লাগার ঘটনা ঘটে সেগুলো কি আপনি চিহ্নিত করেছেন ? একটু দয়া করে জানাবেন কি ?

শ্রী জাভেদ আহমেদ খান : রাজ্যে সব জায়গায় প্রায় অনেক জায়গায় আগুন লাগে। কলকাতার মধ্যে বেশ কিছু জায়গা আমরা দেখেছি বস্তিগুলোতে আগুন লাগত এবং মাঝে মাঝে এখনও লাগে। এটাকে survey করার কোনো ব্যবস্থা নেই Fire Service-এ, কিন্তু আমরা সেই সব যেখানে বস্তি আছে, যেখানে এই ধরনের industrial estate আছে industrial estate-এর মধ্যেও বেশির ভাগ আগুন লাগে, সেখানে Fire Service-কে আদেশ দেওয়া হয়েছে survey করে identify করে একটা Map-plan তৈরি করবার জন্যে যাতে ভবিষ্যতে আমরা তৈরি থাকতে পারি, কোথাও কোনোরকমভাবে যেখানে industrial estate আছে। ধরুন, এক জায়গায় chemical-এর factory-গুলো আছে সেখানে যদি আগুন লাগে তাহলে আগুন নেভানোর জন্যে কি ধরনের mechanism তৈরি করতে হবে সেই সব planning চলছে এবং অন্যান্য জায়গারও survey-এর report এলে জানিয়ে দেব।

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত শেষ প্রশ্ন যে, মাননীয় মন্ত্রী হয়তো এখন নতুন আছেন, যাই হোক আগামীতে আরো ভালো কাজ করবেন। আমার শেষ প্রশ্ন যে, স্যার, অগ্নিপ্রবণ এলাকায়

অগ্নিনির্বাপণ কেন্দ্র, দমকল কেন্দ্র নতুন করে স্থাপন করার কি কোনো পরিকল্পনা নিয়েছেন ? এবং কোথায় কোথায় এটা জানাবেন কি ?

শ্রী জাভেদ আহমেদ খান : প্রথমে বলি তজমুল হোসেন সাহেবকে, ৩৪ বছর ধরে কি অবস্থায় Fire Service বা Fire Brigade ছিল সেটা আপনি ভালো করে জানেন এবং আমরা আসবার পরে long term এবং short term planning দুটোই করেছি এবং খুব শীঘ্রই আজকে বাজেট পেশ হবে, বাজেট বইয়ের মধ্যে আপনি পেয়ে যাবেন কোথায় কোথায় নতুন station হবে এবং কোথায় কোথায় কাজ চলছে সবই জানানো হবে তার মাধ্যমে। কারণ, budget এখনও place হয়নি সেই জন্য বলতে পারছি না।

শ্রী অসিত মিত্র : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমি অতিরিক্ত প্রশ্ন করছি, আপনি বলেছেন তাঁদের ৩৪ বছরের দুরাবস্থার কথা। তবুও আমি আপনাকে বলছি যে, কিছুদিন আগে স্টিফেন কোর্টে যে আগুন লেগেছিল এবং ওঁরা খুব তৎপরতার সঙ্গে সেই আগুন নিভিয়ে ছিলেন, আট দিন, না দশ দিন, না পনের দিন, কতদিন সময় লেগেছিল। যাই হোক, আমি আপনাদের কাছে জানতে চাইছি, তাতে কতজন মারা গিয়েছিল এবং তাঁদের প্রত্যেককে আপনাদের কথা অনুযায়ী ডিজাস্টার ম্যানেজমেন্ট অথবা অন্য কোনো আবেদনের ভিত্তিতে তাঁদের কাউকে কোনো ক্ষতিপূরণ দেওয়া হয়েছে কিনা ? পরিমাণটা কত ?

[11.10—11.20 a.m.]

শ্রী জাভেদ আহমেদ খান : মাননীয় সদস্যকে ধন্যবাদ জানাই, স্টিফেন কোর্টে যে আগুন লেগেছিল, সেটা আপনারা জানেন। এটা আমাদের একটা কলঙ্ক এবং সেই সময় যাঁরাই মারা গিয়েছিলেন, ফায়ার সার্ভিসে তো আপনি জানেন, অ্যাক্টে ক্ষতিপূরণ দেওয়ার কথা নেই। কিন্তু সরকার তখন ঘোষণা করেছিল এবং ডিজাস্টার্স ম্যানেজমেন্টের মাধ্যমে প্রায় যাঁরাই মারা গিয়েছিলেন তাঁদের মধ্যে দুজন ছাড়া সবাইকে ২ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। আমার ফিগারটা মনে নেই, সেটা বোধহয় ৪৩ কি ৪৬ হবে, এত জন লোক মারা গিয়েছিলেন। ২ লক্ষ টাকা করে প্রত্যেককে দেওয়া হয়েছে। শুধু দু-একজন এর মধ্যে ডিসপিউট আছে, সেই জন্য সেখানে দিতে পারিনি আমরা।

ডাঃ সুদীপ্ত রায় : স্টিফেন কোর্টে যখন আগুন লেগেছিল গত বছরে, ঠিক সেই সময় আমরা অনেকেই দেখেছিলাম টেলিভিশনের মাধ্যমে যে, বেশ কিছু মানুষ তাঁরা যখন ছাদ থেকে ঝাঁপ দিচ্ছিলেন এবং ছাদ থেকে ঝাঁপ দেওয়ার পরে তাঁরা সরাসরি মাটিতে পড়ার জন্য মারা গিয়েছিলেন এবং সেই সময় দমকলবাহিনী বা ডিজাস্টার্স ম্যানেজমেন্টের কাছে কোনো জাল বা নেট ছিল না। বর্তমানে আপনি মন্ত্রীত্ব নেওয়ার পরে, আমাদের যে ডিজাস্টার্স ম্যানেজমেন্ট এবং অগ্নিনির্বাপক যে ব্যবস্থা, সেখানে নেটের কি ব্যবস্থা হয়েছে, যাতে করে ভবিষ্যতে যদি এইরকম কোনো ঝাঁপ দিলে এইরকম দুঃখজনক যে মৃত্যুগুলি হয়েছিল সেগুলি বন্ধ করা যায়।

শ্রী জাভেদ আহমেদ খান : ধন্যবাদ জানাই ডাক্তার সুদীপ্ত রায়কে, খুব সুন্দর প্রশ্ন তুলেছেন। আপনারা জানেন, স্টিফেন কোর্টে যখন আগুন লেগেছিল তখন এটা ভুল যে, ওইখানে কেন আমাদের ফায়ার ব্রিগেডের কাছে কোনোরকম নেট বা জাম্পিং কুশন ছিল না। ছিল। ৩২ লক্ষ টাকা দিয়ে কেনা হয়েছিল এবং ফায়ার সার্ভিস ডিপার্টমেন্টের যিনি তৎকালীন মন্ত্রী ছিলেন তাঁর আদেশেই কেনা হয়েছিল। কিন্তু আশ্চর্যজনক ব্যাপার সেটা ব্যবহার হয়নি। পরে মন্ত্রী সেই যে জাম্পিং কুশনটা আছে, সেই জাম্পিং কুশনটা যাতে ফেরত দেওয়া যায় এবং না নেওয়া হয় সেই আদেশটা দেওয়ার জন্য এখনও কোর্টে কেস চলছে। আমি একটা তদন্তের নির্দেশ দিয়েছি সেক্রেটারিকে এবং ফায়ার ব্রিগেডের হেড কোয়ার্টারের গোডাউনে সেই জাম্পিং কুশনটা পড়েছিল। কেন সেটা ব্যবহার হয়নি এবং ব্যবহার হলে অনেকগুলি প্রাণ বাঁচানো যেত। কিন্তু আজকে মন্ত্রী এবং ডাইরেক্টর যাঁরা আধিকারিক ছিলেন তাঁরা কেন সেটা ইউজ করতে পারেননি, কেন, কি কারণটা ? সেই সব এনকোয়ারি হয়ে রিপোর্ট আসলে পেশ হবে। কিন্তু একটা কথা ঠিক যে, যাঁরা মানুষের কথা বলেন, মানুষের জন্য ফায়ার ব্রিগেড-এর হেড কোয়ার্টারে জাম্পিং কুশনের যদি আদেশ দেন, সেই সময় অর্ডার দিতেন, ওইখানে যদি জাম্পিং কুশনটা যেত, অনেক মানুষের প্রাণ তাতে রক্ষা হত। কিন্তু লজ্জার ব্যাপার এটা। আমাদের এটা কলঙ্ক, ফায়ার স্টেশনের, জাম্পিং কুশনটা একটা বড়ো কলঙ্ক এর জন্য যাঁরা দায়ী হবেন তাঁদের বিরুদ্ধে অ্যাকশন নেওয়া হবে।

শ্রী সুভাষ নস্কর : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহাশয় বলছিলেন, স্টিফেন কোর্টের মতো বড়ো বড়ো জায়গাতে একটু বর্ধিষ্ণু পরিবারের লোকেরা বসবাস করেন। ক্ষতিপূরণ না দিলে চলে বা দেবেন না, সেটা যাই হোক আলাদা ব্যাপার। কিন্তু সাধারণভাবে গরিব মানুষ অনেকের বসতবাড়ি বা ছোটখাটো আবাসনে সেখানে যাঁরা বসবাস করেন, সর্বস্ব পুড়ে গেলে তাঁদের যদি ক্ষতিপূরণ কিছু না দেন তাঁদের ব্যবস্থাটা কি হবে ? তবে এটুকু হয়তো আপনার জানা আছে কিনা জানি না, একটা তো ক্ষতিপূরণের ব্যবস্থা ছিল, এন আই সি—ন্যাশনাল ইন্সিওরেন্স কোম্পানির পক্ষ থেকে এইরকম ঘরদোর বাড়িগুলির জন্য, তাঁদের তো একটা ক্ষতিপূরণ দেওয়া হত। এটা কি একেবারে—আপনার ডিজাস্টার্স ম্যানেজমেন্ট বন্যায় ক্ষতি হলে অন্যভাবে মারা গেলে দিচ্ছেন। হাউস বিল্ডিং, ফায়ারিং-এ সমস্তটা নষ্ট হয়ে গেলে, ওখানে কি অন্যভাবে কিছু ভেবেছেন অথবা ইন্সিওরেন্সকে বা ওদেরকে প্রভাবিত করে যাতে ওরা এই টাকাটা, ক্ষতিপূরণটা পায় সেই ব্যবস্থার কথা ভেবেছেন কি ?

শ্রী জাভেদ আহমেদ খান : ধন্যবাদ জানাই সদস্যকে। ভালো প্রশ্ন, ভালো সাজেশন নিশ্চয়। আপনি যে সাজেশন দিয়েছেন সেটা আমরা সরকারের কাছে রেখে প্রেস করে বিবেচনার জন্য রাখব এবং যখন কার্যকরী হবে তখন আপনাদের জানিয়ে দেব। কিন্তু ৩৪ বছর এই কাজটা আপনারা কেন করেননি সেটা বলুন। বাইপাসে দক্ষিণপাড়া সাড়ে পাঁচশো বাড়ি পুড়ে গেল ১০৮নং ওয়ার্ডে কলকাতা কর্পোরেশনের, আজ পর্যন্ত সেটা নির্মাণের জন্য এক পয়সা আপনাদের সরকার যখন ছিল নির্মাণও করল না, একটা পয়সাও দিল না। আপনি বলছেন—আমি ওইখানে থাকি, সেই জন্য বলছি। আমার ওয়ার্ডের প্রায় সাড়ে ছশো

ঝুপড়ি খালধারে পুড়ে গিয়েছিল। আপনারা উল্টোডাঙ্গায় রাজনীতি করতে গিয়ে ওইখানে ঝুপড়িগুলো বানিয়ে দিলেন, কিন্তু আমাদের অঞ্চলে তৃণমূল কংগ্রেস যেন অচ্ছুত—ওদের ছায়া দেখেও পালাতেন। সেইখানে যাঁদের ঘর পুড়ে গিয়েছিল সাড়ে ছশোজন মানুষের, আজ পর্যন্ত আপনারা সারাননি, আজ পর্যন্ত একটা পয়সা দেননি। এটি আমাদের লজ্জা। আপনাদের ডবল স্ট্যান্ডার্ড, আমাদের ডবল স্ট্যান্ডার্ড নেই। আমরা নিশ্চয় দেখব সব মানুষ সমানভাবে—যাই এখানে স্থির হোক, যাই গভর্নমেন্টের পলিসি হোক—সেটা যাতে পায় সেই ব্যবস্থাটা আমরা নিশ্চয় করব, আমরা বিবেচনা করে দেখব।

শ্রী নেপাল মাহাত : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটা অতিরিক্ত প্রশ্ন করতে চাই। স্যার, তিনি জানালেন যে, কিছু কিছু ক্ষেত্রে যাঁদের এই ঘরবাড়ি পুড়ে যায় বা ক্ষতি হয় তাঁদের ক্ষেত্রে ডিজাস্টার ম্যানেজমেন্ট থেকে কিছু কিছু ক্ষতিপূরণ দেওয়া হয়। আমাদের গ্রামেগঞ্জে ৯-১০ হাজার টাকা দেওয়া হয় যেগুলো পুড়ে যায়। আমাদের গ্রামেগঞ্জে যেগুলো দেখেছি, এখানে যাঁরা অনেক বড়ো ব্যাপার উল্লেখ করেছেন, আমি ছোটখাটো ব্যাপার বলছি, অনেক গরিব লোকের ঘরবাড়ি পুড়ে যাওয়ার পর তাঁদের গিয়ে থানায় ডায়েরি করে ব্লকে একটা দরখাস্ত করতে হয়। তারপর তাঁরা ডি.এম. অফিসে পাঠায় এবং সেখান থেকে তাঁরা একটা টাকা পায়। এই প্রসেসটা মোটামুটি সবাই জেনে গেছেন যে এক বছর লাগে। এর টাইম, ডিউরেশন হচ্ছে এই টাকাটা পাওয়ার জন্য মোটামুটি এক বছর। এটা মোটামুটি ওয়েল এস্টাবলিস্ড এত দিন থেকে। স্যার, আমি মাননীয় মন্ত্রীকে প্রশ্ন করতে চাই, এই ব্যাপারটা তো আপনার ডিপার্টমেন্ট প্লাস ডিজাস্টার ম্যানেজমেন্ট—দুটোতেই আপনি আছেন। এই যে টাইমটা লাগছে—গরিব লোক ১০ হাজার টাকা আপাতত পায় আমি যেটা জানি, এখন যদি বেড়ে থাকে আমি জানি না—এই টাইম ফ্যাক্টারটা ১-২ বছর যে লেগে যাচ্ছে এটাকে কমিয়ে আনার জন্য আপনার কোনো চিন্তা-ভাবনা আছে কি ? ক্ষতি যেটা হচ্ছে সেটার পেমেন্টও হচ্ছে অনেক দেরিতে। তার ফলে এই গরিব লোকগুলোর খুব অসুবিধা হচ্ছে। এই টাকাটা বাড়ানোর কোনো পরিকল্পনা আছে কিনা এবং কম সময়ের মধ্যে যেন পায় এই ব্যাপারে আপনি কিছু চিন্তা-ভাবনা করছেন কিনা এটা যদি দয়া করে জানান।

শ্রী জাভেদ আহমেদ খান : ধন্যবাদ জানাই সদস্যকে। উনি সাজেশন যেটা দিয়েছেন—আমাদের সরকার তো এই তিন মাস কিছুদিন হয়েছে—নিশ্চয় আমরা আপনার সাজেশনটা কন্সিডারেশনে রাখব। আপনি জানেন, যেখানে যেখানে আগুন লাগে বা কোনো বিপর্যয় হয় সেই সব জায়গায় যাঁরা ক্ষতিগ্রস্ত মানুষ তাঁদের কাগজপত্র সব শেষ হয়ে যায়, পুড়ে যায়, অনেক সময় জলের মধ্যে, বন্যার মধ্যে ভেসে যায়। কাগজপত্র অনেক সময় জোগাড় করতে না পারলে অসুবিধা হয়। সরকারের তো একটা নিয়ম-কানুন আছে, সেই হিসাবে একটু অসুবিধা হয়। কিন্তু আরো যাতে সরল করা যায়, টাইম যেটা আপনি বলেছেন, ১ বছর টাইম লাগছে, কি কারণের জন্য, সেটা যদি কম করা যায়, এটা নিশ্চয় আমরা খতিয়ে দেখব এবং ব্যবস্থা নেব। তার সঙ্গে বলি, একটা জিনিস তো ঠিক, ডিজাস্টার ম্যানেজমেন্টে যেখানে কম্পেনসেশন দেওয়ার কথা, যেখানে যেখানে মানুষ

কোনো বিপর্যয়ে মারা যান, সেটা সাইক্লোন হোক, সেটা ফ্লাড হোক, সেটা অন্য কোনো কারণ হোক, সেখানে কিন্তু যদি ডেথ সার্টিফিকেট অফ পোস্ট মর্টেমের কাগজটা থাকে আমরা এক সপ্তাহের মধ্যেও পয়সা দিয়েছি। এটা আমরা একটা ইতিহাস করেছি। আমরা সব জায়গায় পয়সা এক সপ্তাহ, দশ দিনের মধ্যে পেমেন্ট পাঠিয়ে দিয়েছি। কাগজ যেখানে না থাকে সেখানে একটু অসুবিধা হয়। সেই জন্য আপনি যেটা সাজেশন দিয়েছেন নিশ্চয় সেটা আমরা খতিয়ে দেখব। আরো কীভাবে সরল করা যায় এবং তাড়াতাড়ি দেওয়া যায় সেই ব্যবস্থা আমরা করব।

[11.20—11.30 a.m.]

শ্রী সমরেশ দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, বিগত সরকারের সময়কালে আগুন লেগে ক্ষতিগ্রস্ত হয়েছিল, কোনো ক্ষতিপূরণ দেওয়া হয়নি। বর্তমান সরকারের সময়কালে তেমন ক্ষতিপূরণ দেওয়া হয়েছে এমন কোনো হিসাব মাননীয় মন্ত্রী মহাশয় দিতে পারবেন কি ?

শ্রী জাভেদ আহমেদ খান : মাননীয় সদস্য ভালো প্রশ্ন তুলেছেন, আমি তথ্য ডিপার্টমেন্ট থেকে নিয়ে পরে আপনাকে জানিয়ে দেব এবং হাউসের কাছে প্লেস করে দেব; এখন আমার কাছে সেই তথ্য নেই, তাই আপনার এই প্রশ্নের উত্তর আমি এখনই দিতে পারছি না।

মিঃ স্পীকার : So far as *question no. 116 is concerned Shri Asit Mitra আমাকে মাননীয় মন্ত্রী মহাশয় একটি চিঠি দিয়ে জানিয়েছেন, উনি তথ্য সংগ্রহ করতে পারেননি। উনি তথ্য সংগ্রহ করার জন্য কিছুদিন সময় চেয়েছেন। সেই জন্য আমি এই প্রশ্নটা হেল্ড ওভার করলাম।

শ্রী অসিত মিত্র : স্যার, আপনাকে জানাচ্ছি মাননীয় মন্ত্রী মহাশয় ব্যস্ত আছেন, তাঁরা এই ব্যাপারে অনেক সময় সময় পান না, এটা অসুবিধা হতেই পারে। কিন্তু কোনো কোয়েশ্চেন যখন লিস্টেড হয়ে যায়, বিধানসভার আইন সম্পর্কে যতটুকু আমার ধ্যান-ধারণা আছে তখন তার উত্তর দিতে হয়। মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে মন্ত্রিসভার দিকে সারা বাংলার মানুষ তাকিয়ে আছে, আমি তার শরিক হয়ে আপনার কাছে বলছি, মাননীয় মন্ত্রী মহাশয় বলতে পারেন তাঁর এই প্রশ্নের উত্তর দিতে অসুবিধা আছে। তাহলে কিন্তু কোয়েশ্চেনটা লিস্টেড হয় না। স্যার, আপনি নিশ্চয় অনুসন্ধান করে দেখবেন, যখন কোয়েশ্চেনটা লিস্টেড হয়ে গেছে তখন সেই প্রশ্নের উত্তর দেওয়া উচিত। এটা কি প্রশ্ন দপ্তরের ব্যর্থতা, না ঠিক সময়মতো মন্ত্রী মহাশয়ের কাছে বিষয়টা পৌঁছচ্ছে না সেই জন্য মাননীয় মন্ত্রী মহাশয় সময় পাচ্ছেন না। আমি আপনাকে স্যার অনুরোধ করব, এই বিধানসভার দিকে তাকিয়ে আছে অনেক মানুষ এবং আমরাও। অল্পদিনের মধ্যেই বিধানসভা শেষ হয়ে যাবে। আমি আপনার কাছে অনুরোধ করছি স্যার, যাতে করে রুলের নিয়ম অনুযায়ী যদি মন্ত্রী মহাশয় উত্তর না দেন তাহলে বলে দেবেন। আমি আইন যা জানি, একবার লিস্টেড হয়ে গেলে তার important আছে।

মিঃ স্পীকার : আমি অধ্যক্ষ হওয়ার আগে দেখেছি, এর আগেও এই ধরনের প্রশ্ন অনেক হেল্ড ওভার হয়েছে, মাননীয় মন্ত্রী মহাশয় আমাকে চিঠি দিয়ে জানিয়েছেন তিনি কতগুলো তথ্য সংগ্রহ করতে পারেননি। সেই জন্য তিনি একটু সময় চেয়েছেন, তাই প্রশ্নটা হেল্ড ওভার হল। মাননীয় মন্ত্রী এখানে উপস্থিত রয়েছেন। নিশ্চয় উনি তথ্য সংগ্রহ করে পরবর্তীকালে আপনাকে এই প্রশ্নের উত্তর দেবেন।

পাটের সহায়ক মূল্য নির্ধারণ

*১১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩) **শ্রী নর্মদা চন্দ্র রায়** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমান আর্থিক বছরে পাটচাষীরা পাটের সহায়ক মূল্য পাচ্ছেন না ;

(খ) সত্যি হলে, পাটচাষীদের স্বার্থে পাটের সহায়ক মূল্য পাবার কোনো প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্য সরকার পেশ করেছে কি না ; এবং

(গ) করে থাকলে, প্রস্তাবিত মূল্য কত ?

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য :

(ক) সত্যি নয়।

(খ) পাটের সহায়ক মূল্য অত্যন্ত কম হওয়ায় ভারত সরকারের কাছে তা পুনর্বিবেচনার জন্য পাঠানো হয়েছে।

(গ) সহায়ক মূল্যের উপর প্রতি কুইন্টালে ৪০০ টাকা বোনাসের প্রস্তাব করা হয়েছে।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এই পাটের সহায়ক মূল্যের ব্যাপারে এখন আমরা বাজারে যা দেখছি তাতে ১৮০০ থেকে ২২০০ টাকা হচ্ছে পাটের কুইন্টাল। এইটা যদি সহায়ক মূল্য হয়, তাহলে এবার এক বিঘা জমিতে পাটচাষীর পাট উৎপাদন করতে খরচ হয়েছে ৪ হাজার টাকা। কিন্তু চাষীরা দাম পাচ্ছেন ৫ হাজার টাকা। এই যে বাজারে অগ্নিমূল্য, সে ক্ষেত্রে কৃষকদের কাছে এই পাটের দাম ঋণ মহাজন করে এই খরচ করে, পাট কেটে, ধুয়ে, তুলে তারা বাজারে নিয়ে যাচ্ছে, তাতে ওদের খুব সামান্য লাভ থাকছে। আমি জানতে চাইছি, পাটের সহায়ক মূল্য কম থাকার জন্য আপনি ভারত সরকারের কাছে যে পুনর্বিবেচনার জন্য বলছেন, তাহলে পাটের প্রকৃত সহায়ক মূল্য কত অনুগ্রহ করে জানাবেন কি ?

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য : এখন পাটের সহায়ক মূল্য, পাটের বিভিন্ন শ্রেণীভেদে ১৭০০ টাকা থেকে ১৭৩৮ টাকা পর্যন্ত আছে। এই পাটের দর নির্ধারণ করতে গেলে শুধুমাত্র পশ্চিমবাংলার সরকারের নির্ধারণ মূল্যই গৃহীত হয় না। এর সঙ্গে আমাদের কেন্দ্রীয় সরকারের অনুমোদন নিতে হয়। সেই জন্য পাটের সহায়ক মূল্য কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের প্রস্তাব করে পাঠাতে হয়েছে। এই প্রস্তাব আমরা ইতিমধ্যেই পাঠিয়েছি। কিন্তু

আপনি যে আনুমানিক মূল্য বললেন ৪ হাজার টাকা পাটের উৎপাদন খরচ পার কুইন্টাল, এটা কিন্তু আমরা সরকারিভাবে এই কথাটাকে স্বীকার করতে পারছি না। যেটা আমাদের সরকার আমরা পদ্ধতিগতভাবে মূল্য নির্ধারণ করেছি গত বছরে সেটা ১৭০০ টাকা থেকে ১৭৩৮ টাকা পর্যন্ত আমরা মূল্য পেয়েছি, অনুমোদিত হয়েছে। তার ওপরে বর্তমানে ৪০০ টাকা বোনাস মূল্য আমরা নির্ধারণ করেছি এবং আমরা যে প্রস্তাব করেছি সেটা ২৩৫০ টাকা প্রতি কুইন্টাল, এই মূল্য নির্ধারণ করে আমাদের দপ্তরের যাঁরা বিশেষজ্ঞ আছেন তাঁদের সহায়তায় এই মূল্য নির্ধারণ করে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে অনুমোদনের জন্য পাঠিয়েছি।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয়কে আমার অতিরিক্ত প্রশ্ন এই যে, গত দু বছরে পাটের সহায়ক মূল্য যা ছিল তাতে বাজারে পাটচাষীরা পাট বিক্রি করে কমপক্ষে ৩ হাজার টাকা করে লাভ করত। এইবারে অস্বাভাবিক সার, সুফলা থেকে শুরু সব জিনিসের দাম বৃদ্ধির ফলে আপনি যে সহায়ক মূল্যটা বলছেন এইটা তো তারা পাচ্ছে না। পাচ্ছে না তার কারণ, এখানে আমি আপনার কাছে অতিরিক্ত প্রশ্ন হিসাবে জানতে চাইছি যে, আপনার দপ্তর বিক্রেতা এবং ক্রেতার মাঝখানে যে ফড়েরা রয়েছে তাদের বাদ দিয়ে বাজার থেকে সরাসরি কৃষকের কাছ থেকে সহায়ক মূল্যে পাট কেনার জন্য আপনি কি ব্যবস্থা নিয়েছেন ? এ ক্ষেত্রে কি পদক্ষেপ নিয়েছেন যাতে পাটচাষীরা ফড়েদের হাত থেকে রেহাই পাবে এবং তারা সহায়ক মূল্যটা পাবে।

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য : এখানে আমাদের যে পরিকাঠামোগত ব্যবস্থা আছে, সেই পরিকাঠামোগত ব্যবস্থায় জে.সি.আই., এই সংস্থার মাধ্যমে আমরা পাট ক্রয় করে থাকি এবং সে জন্য তাদের ১০১টি ক্রয়কেন্দ্র পশ্চিমবাংলায় রয়েছে। সেই সব কেন্দ্রের মাধ্যমে সরাসরি চাষীদের কাছ থেকে আমরা পাট ক্রয় করে থাকি।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি তো দক্ষিণ দিনাজপুরে থাকি। মাননীয় মন্ত্রিমহোদয়, এবারে আবহাওয়া অনুকূল থাকার কারণে এবার পাট উৎপাদন ভালো হয়েছে। কিন্তু আপনি কি নির্দিষ্ট করে বলতে পারবেন যে, সারা রাজ্যে এবং বিশেষ করে এই সীমান্ত এলাকার যে সমস্ত জেলাগুলো আছে সেখানে প্রকৃত পক্ষে জে.সি.আই.-এর লোক কি পাট কেনার জন্য নেমেছেন ? আমি বলছি নামেননি। এখনো বাজারে ফড়েদের রমরমা, সুতরাং আমি নির্দিষ্ট করে বলতে চাইছি, আপনি যে পাটের নির্ধারিত দাম বলছেন মহায়ক মূল্য এইটা কেনার ব্যাপারে, সর্বত্র যাতে চাষীদের কাছ থেকে সরাসরি জে.সি.আই. পাট কেনে তার জন্য কোথায় কোথায় কত এজেন্ট কাজ করছে আপনি বলবেন কি নির্দিষ্ট করে ?

[11.30 – 11.40 a.m.]

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য : ব্যক্তিগতভাবে কারা পাটের ব্যবসা করে, চাষীদের কাছ থেকে সরাসরি পাট কিনছেন—সেটা হিসাব রাখা সম্ভব নয়। তবে সহায়ক মূল্যে জে.সি.আই.-এর ক্রয় কেন্দ্রে কখন চাষী যান ? তখনই যান যখন সহায়ক মূল্য পাটের দাম

তলানিতে নেমে আসে। সহায়ক মূল্যে পাটের দাম ঊর্ধ্বে থাকে, তখন জে.সি.আই.-এর কাছে কেউ বিক্রি করতে যাবেন না। স্বভাবতই ফোড়েরা যারা গ্রামের মধ্যে পাটের ব্যবসা করেন, তাঁরা যদি জে.সি.আই. কেন্দ্রের থেকে বেশি দাম দিয়ে ক্রয় করে থাকেন তাহলে চাষীরা তো জে.সি.আই. কেন্দ্রে যাবেনই না। নামবে কখন, যখন সহায়ক মূল্য থেকে দর নেমে যায় তখন তো জে.সি.আই.-এর কেনার প্রশ্ন। কিন্তু ঊর্ধ্বে থাকলে কখনই তো চাষীরা তাঁদের কাছে যাবেন না।

শ্রী আবু তাহের খান : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার স্পেসিফিক প্রশ্ন, এখনো জে.সি.আই. বাংলায় কোথাও পাট কিনতে লাগেনি। যেখানে গত বছর তিন থেকে সাড়ে তিন হাজার টাকা প্রত্যেক কুইন্টাল পাট বিক্রি হয়েছে বাজারে। সেখানে আমরা দেখছি, জে.সি.আই. সাপোর্টিং প্রাইসে পাটটা কিনেছে, কিন্তু এই সাড়ে তিন হাজার, তিন হাজার টাকা দামেই, ঠিক অন্যান্য ব্যবসায়ীদের সঙ্গে সমান তালে তাল মিলিয়ে পাটগুলো কিনেছে। এবারে কিন্তু জে.সি.আই. সেইভাবে পাট কিনতে শুরু করেনি। ঈদ চলে এসেছে, সামনে পুজো, চাষীরা সাংঘাতিকভাবে মার খাচ্ছে। এখন দুই হাজার টাকা প্রতি কুইন্টাল পাটের দাম। তাই আপনার মাধ্যমে আমি যেটা জানতে চাইছি—গত বছর যখন আপনারা সাপোর্টিং প্রাইসে কিনেছেন, সহায়ক মূল্যে নয়, সেখানে এবার কেন জে.সি.আই. পাটটা কেনা শুরু করেনি ? এবং এই সম্পর্কে আপনি কোনো ব্যবস্থা নিচ্ছেন কিনা ?

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য : জে.সি.আই.-এর ব্যাপারে আমি পূর্বেই বললাম, চাষীরা পাট বিক্রি করতে তখনই যাবেন বাজারে যদি ক্রেতা না থাকে অথবা সেখানে যদি সহায়ক মূল্যের থেকে দাম কমে যায়। যেখানে ব্যবসায়ীরা বাজারের নির্ধারিত মূল্যের ঊর্ধ্বে পাট কিনবেন, সেখানে জে.সি.আই.-এর যাওয়ার কোনো প্রশ্নই নেই, কেউ যানও না। যখন বাজারে সাড়ে তিন হাজার টাকা, তিন হাজার টাকা বা ওই রকম দামে ক্রেতারা পাট কিনতে থাকেন, তখন স্বভাবতই চাষীরা তাঁদের কাছেই পাট বিক্রি করেন। আর ঈদ আসছে, দুর্গাপুজোও আসছে—এই সময় চাষীদের যেটা সবচেয়ে অর্থকরী ফসল, সেটা হচ্ছে পাট। আমাদের কাছে যা খবর আছে, এখন পাট অবিক্রি হয়ে গেছে বা পোষক মূল্যের থেকে পাটের দাম নেমে গেছে, এটা কিন্তু নয়। আমাদের পোষক মূল্য ১৭০০ টাকা থেকে ১৭৩৮ টাকা। তার নিম্নে কমে গেলে, তখন জে.সি.আই. অবশ্যই পাট ক্রয় করবেন এবং যাতে করে, সেই ব্যবস্থা তৎপরতার সঙ্গে করব।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পাটের দাম নিয়ে এক হিসাবে রাজ্য সরকারকে কোনো সমালোচনা করতে চাই না। কিন্তু যেটা ঘটনা সেটা অস্বীকার করলে খুব মুশকিল হয়ে যায়। প্রথমত, পাটের মিনিমাম প্রাইস, এন.এস.পি. যাকে বলে, সেটা নির্ধারণ হবে কীভাবে ? আপনি নিশ্চয় ভালো করে জানেন যে, আমাদের দেশে প্রথম কৃষকদের একটা কমিশন হয়েছিল যার নেতৃত্ব করেছিলেন M. S. Swaminathan প্রখ্যাত কৃষিবিদ। তিনি যেটা বলেছিলেন, পাটের মিনিমাম প্রাইস যা নির্ধারিত হবে, তার থেকে actual cost 50% যোগ করতে হবে। যদি আসল খরচ হয় ১০০ টাকা, তাহলে দাম হবে ১৫০ টাকা।

এটা তিনি বলেছিলেন। কিন্তু এখানে যা বলা হল তা শুনে আমরা অবাক হয়ে গেলাম। সেইভাবে আপনি বললেন না। দ্বিতীয়ত, এর আগে আমরা একটা প্রশ্ন করেছিলাম, তার উত্তরে মাননীয়া মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারের কাছে চিঠি করেছেন। তাতে উনি বলছেন, ৪০০ টাকা করে বোনাস দেওয়ার ব্যবস্থা করা হবে। কিন্তু আমাদের প্রশ্ন হচ্ছে, গভর্ণমেন্ট, ভারত সরকার ঘটা করে কমিশন করেছিল। সেই কমিশন support প্রাইসে একটা formula বলেছিল। সেই formula-ই যদি কাজ না হয় তাহলে আমাদের গভর্ণমেন্ট-এর দায়িত্ব সেটা স্মরণ করিয়ে দেওয়া। সেই কাজটা হবে কিনা বলুন, না হলে চাষীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে—এক। দুই হচ্ছে, জে.সি.আই.-এর পাট কেনার ব্যাপারে দুটি পদ্ধতি চালু আছে। যদি কখনও মিনিমাম সাপোর্ট প্রাইসের নিচে চলে যায়, ফল করে, তখন জে.সি.আই. কেনে আবার যদি দেখা যায় বেড়ে আছে তখনও কিনতে পারে, তারও ব্যবস্থা আছে। কোয়েশ্চেন হচ্ছে, জে.সি.আই. নামবে কিনা ? জে.সি.আই. মাঠে নামলে, কিনতে শুরু করলে, এটা অন্যান্য যারা আছে, দালাল ফড়িয়া যারা আছে বা অন্যান্য প্রাইভেট ব্যবসায়ীরা আছে তারা চাপে পড়ে, তারা বেশি দামে কিনতে বাধ্য হয়। এটা হচ্ছে আমাদের রাজ্যে অন্যতম বৃহৎ ক্রপ। এটা যদি ক্ষতিগ্রস্ত হয় তাহলে শুধু আমাদের চাষীরা ক্ষতিগ্রস্ত হবে তা নয়, আমাদের রাজ্য ক্ষতিগ্রস্ত হবে। এই জন্য আমার আবেদন হচ্ছে যে, এই ব্যাপারে আপনি পরিষ্কার করে বলুন, আমি এখনও বলছি আপনার দায়িত্ব প্রধান নয়, কিন্তু আপনি একটা বড়ো দায়িত্ব পালন করতে পারেন যে, আপনার সরকারের পক্ষ থেকে যেগুলো করণীয় আছে সেই প্রশ্নগুলো পাঠাতে পারেন তাহলে সুবিধা হয়। এটা অনুগ্রহ করে করবেন কিনা জানানোর জন্য অনুরোধ করছি।

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য : মাননীয় সদস্যকে অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে জানাচ্ছি, পাটচাষীদের সর্বপ্রকার স্বার্থ রক্ষা করার জন্য আমার সরকার অত্যন্ত তৎপরতার সঙ্গে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে। ইতিমধ্যে এই বিশেষজ্ঞরা পাটের চাষের মিনিমাম মূল্য কত হওয়া উচিত এই বিষয়ে একটা নির্ধারণ করে যা সিদ্ধান্ত হয়েছে সেটা ২৩০০ টাকার কিছু বেশি। আমাদের সরকারও ভারত সরকারের কাছে প্রস্তাব রেখেছে ২৩৫০ টাকা পাটের সর্বনিম্ন মূল্য নির্ধারণ করা হোক। উনি যে কমিশনের কথা উল্লেখ করলেন, বিশেষজ্ঞরা নিশ্চয়ই সেই সমস্ত দাম নির্ধারণের যে পদ্ধতি সেই পদ্ধতি মোতাবেক এই সিদ্ধান্ত করেছেন এবং তার সর্বনিম্ন মূল্য নির্ধারণ করেছেন। ফলে এখানে আমরা খেয়াল-খুশি মতো, পাটের দর তিন হাজার টাকা, সাড়ে তিন হাজার টাকা, এখানে এক মাননীয় সদস্য বললেন যে, পাঁচ হাজার টাকা, কিন্তু এটা আমরা চাইলে সেটা অযৌক্তিক বলে বিবেচিত হবে। একটা যুক্তির মাধ্যমে একটা নীতি যেভাবে নির্ধারিত হয়, একটা মূল্য যেভাবে নির্ধারিত হয়, সেই পদ্ধতির মাধ্যমে যদি আমাদের এগোতে হয় বা হবে আমাদের। সেখানে পাঁচ হাজার টাকা তিন হাজার টাকা আমরা করতে পারি না দাবি। তাই যেটা বিচার সঙ্গত এবং যেটা পদ্ধতিগতভাবে মেনে চলতে হয়, সেই পদ্ধতিতে আমরা এই দাম নির্ধারণ করে সেটা পেয়েছি এবং সেই নির্ধারণ করা দামটি আমরা ভারত সরকারের কাছে অনুমোদনের জন্য পাঠিয়েছি।

শ্রী সমরেশ দাস : মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা প্রশ্ন। মন্ত্রী মহাশয়কে অসংখ্য ধন্যবাদ মাত্র তিন মাস সময়কালের মধ্যে গত ৩৪ বছরের সরকার যে কাজ করতে পারেনি, পাটের জন্য ৬০০ টাকার বেশি দাম বাড়ানোর প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে রেখেছেন। তার সঙ্গে সঙ্গে একটা অতিরিক্ত প্রশ্ন, কেবলমাত্র পাটের দিকে লক্ষ্য রাখলে হবে না, ধানের দিকেও লক্ষ্য রেখেছেন কিনা ? মাননীয় মন্ত্রী মহাশয় ধানের সহায়ক মূল্য বাড়ানোর জন্য কেন্দ্রীয় সরকারের কাছে কোনো প্রস্তাব রেখেছেন কিনা দয়া করে জানাবেন কি ?

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য : ধানেরও সহায়ক মূল্য নির্ধারিত করে থাকেন সরকার। সেই নির্ধারিত যেটি এখনও আছে সেটা হচ্ছে ১ হাজার টাকা পার কুইন্টাল। এই দাম নির্ধারিত আছে। কোনো কোনো জায়গায় আমরা অতি সম্প্রতি খবর পেয়েছি যে, ধান ক্রয় করবার কোনো ক্রেতা নেই। ফলে চাষিদের ইচ্ছা থাকলেও ধান বিক্রি করতে পারছে না—এই খবর আমাদের কাছে এসেছে। আসার সঙ্গে সঙ্গেই আমরা, যদিও এটা আমার দপ্তরের অন্তর্ভুক্ত নয়, যে দপ্তরের অন্তর্ভুক্ত সেই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ইতিমধ্যে এই সভায় ঘোষণা করেছেন যে, প্রত্যেক মিলে ক্রয় কেন্দ্রে এই সরকার ১ হাজার টাকা পোষক মূল্যে ধান ক্রয় করার ব্যবস্থা করেছেন। সুতরাং মাননীয় সদস্য ধানের ব্যাপারটা যদিও পাটের দামের সঙ্গে সম্পর্কিত নয় তবুও আপনার জ্ঞাতার্থে বলি, এই সরকার কৃষকদের কাছ থেকে সেই পোষক মূল্যে, সহায়ক মূল্যে ধান ক্রয় করবার ব্যবস্থা ইতিমধ্যে করেছেন এবং প্রত্যেকটি ধান মিলের দ্বারদেশে সেই সরকারি পোষক মূল্যে ধান ক্রয় করবার জন্য সুব্যবস্থা করা হয়েছে।

[11.40—11.50 a.m.]

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী এবং হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, অনেকগুলি বিভ্রান্তি হচ্ছে। একটা হচ্ছে পাটের দাম হোক আর ধানের দাম হোক, এগুলোর দাম নির্ধারণ করে কৃষিপণ্য মূল্য কমিশন (সি.এফ.পি.সি.), কেন্দ্রীয় সরকারের সংস্থা, তারা দাম ঠিক করে যে উৎপাদন খরচ কি হচ্ছে। দ্বিতীয়ত, ভার্মা কমিশন, যেটা কেন্দ্রীয় সরকার নিয়োগ করেছিলেন এম. এস. স্বামীনাথনের নেতৃত্বে, তাঁরা সুপারিশ করেছিলেন—যে সংগ্রহ মূল্যটা হবে এই যে মূল্য সি.এফ.ডি.সি. ঠিক করল, অর্থাৎ উৎপাদন খরচ যেটা ঠিক করল—এটা আপনি ঠিক করবেন ? এটা আমাদের রাজ্য সরকার ঠিক করে না, আপনার কি হিসাব তা দিয়ে কিছু যায় আসে না—প্রোডাকশান কস্টের উপর ৫০%, সেটাই হবে ন্যূনতম সংগ্রহ মূল্য (এম.এস.পি.) এবং সেই ন্যূনতম সংগ্রহ মূল্য কি পাটচাষি কি ধানচাষি কেউই পাচ্ছে না। মাননীয়া মুখ্যমন্ত্রী একটা চিঠি দিয়েছেন। এখানে আগের দিন মাননীয় অর্থমন্ত্রী ঘোষণা করেছেন আর সেটা লে' করা হয়েছে। চিঠি দিয়েছেন কেন এফ.সি.আই. ? কেন সরকারকে চিঠি দিচ্ছেন ? কারণ পাটচাষিরা দাম পাচ্ছে না। আর উনি চিঠি লিখছেন আর আপনি বলছেন যে—না, পাটচাষিরা দাম ঠিক পাচ্ছে, ওদের ডিসট্রেস হচ্ছে না। এই জন্য জে.সি.আই.-এর কোনো দায়িত্ব নেই। আমরা বলছি জুট কর্পোরেশন অফ ইণ্ডিয়া, ফুড কর্পোরেশন অফ ইণ্ডিয়া এদের পাট কেনা, সংগ্রহ মূল্যের

অতিরিক্ত বোনাস দেওয়া, যা লিখেছেন সেই সবগুলো সুনির্দিষ্ট করে দেয় কেন্দ্রীয় সরকার। আপনি আমার সরকার, সরকার আপনার নয়। সরকার গভর্নরের। তিনি রাজ্যপালের সরকার। এই সরকারের দৃষ্টিভঙ্গী কি ? সেটা আপনার ব্যাপার নয়। আপনি সুনির্দিষ্টভাবে বলুন, আপনি কনফিউজ করছেন, আপনি হাউসকে কনফিউজ করছেন। সেই জন্য সুনির্দিষ্টভাবে বলুন, সরকারের পক্ষ থেকে জুট কর্পোরেশন অফ ইণ্ডিয়া, ফুড কর্পোরেশন অফ ইণ্ডিয়ার কাছে দাম সংগ্রহের জন্য এবং জে.সি.আই. যাতে ন্যায্য মূল্যে পাট সংগ্রহ করেন, যাতে তাঁরা নামেন, সেই উদ্যোগ নিচ্ছেন না কেন ? আপনি তো ওদের পক্ষ নিচ্ছেন।

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য : এখানে আমি জে.সি.আই.-এর পক্ষ নিয়েছি এই যে বিভ্রান্তিকর উক্তি আপনি আমার কাছে করলেন এটা আমি গ্রহণ করতে পারছি না।

(ভয়েস : তার মানে পাটচাষিরা দাম পাচ্ছে ?)

.....(গোলমাল).....

বাঁকুড়া জেলার কেন্দুয়াডিহি গার্লস হাইস্কুল

*১১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭১) **শ্রী কাশীনাথ মিশ্র** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বাঁকুড়া জেলার কেন্দুয়াডিহি গার্লস হাইস্কুল-সহ টাউন উচ্চ বালিকা বিদ্যালয়ের শিক্ষিকারা দীর্ঘদিন যাবৎ অবসরকালীন সুযোগ-সুবিধা পাচ্ছেন না ; এবং

(খ) সত্যি হলে, কারণ কি ?

শ্রী ব্রাত্য বসু :

(ক) বাঁকুড়া জেলার কেন্দুয়াডিহি হাইস্কুলের শিক্ষিকা শ্রীমতী বাণী চ্যাটার্জী গত ৩১.১১.২০১০ তারিখে স্বেচ্ছা-অবসর নিয়েছেন। তিনি তাঁর পেনসনের কাগজপত্র বিদ্যালয় পরিদর্শকের অফিসে জমা দিয়েছেন ২৩.১২.২০১০ তারিখে। উক্ত পেনসনের সমস্ত নথিপত্র বাঁকুড়ার জয়েন্ট ডিরেক্টর অব অ্যাকাউন্টসের অফিসে ১৫ জুলাই, ২০১১ তারিখে পাঠানো হয়েছে।

এছাড়াও এই জেলার বাঁকুড়া টাউন উচ্চ বালিকা বিদ্যালয়ের শিক্ষিকা স্বর্গীয় শ্রীমতী আত্রেয়ী গুপ্তের পেনসনের কাগজপত্র সংশ্লিষ্ট জেলা পরিদর্শকের অফিসে ২০.০৬.২০১১ তারিখে দাখিল করা হয়েছে এবং এ নথিপত্রগুলি পরীক্ষা-নিরীক্ষার পর ২৩.০৬.২০১১ তারিখে বাঁকুড়া জয়েন্ট ডিরেক্টর অব অ্যাকাউন্টসের অফিসে পাঠানো হয়েছে।

(খ) উভয় ক্ষেত্রেই নথিপত্র পাবার পর জেলা পরিদর্শক কার্যালয়ে ইতিমধ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি জানাবেন কি যে, শ্রীমতী বাণী চ্যাটার্জী যিনি ৩১.১১.২০১০-এ স্বেচ্ছা-অবসর নিয়েছেন বা স্বর্গীয়া শ্রীমতী অত্রেয়ী গুপ্ত—এই যে বাঁকুড়ার টাউন গার্লস হাইস্কুলের হেড মিস্ট্রেস, শ্রীমতী বাণী চ্যাটার্জী বামফ্রন্ট রাজত্বে সেখানে প্রায় ষোলো-সতের বছর হয়ে গেল তাঁর হোল ফ্যামিলিটা আগ্রাতে বাস দুর্ঘটনায় মারা যাওয়ার পরেও আজ পর্যন্ত বামফ্রন্ট সরকারের তাদের এমন—এ.বি.টি.এ. করেছেন এই শিক্ষিকা, তারা এমন যে আজ পর্যন্ত সেখানে এই প্রধান শিক্ষিকার কোনোরকম কাগজপত্র স্কুলের তরফ থেকে বা ডি. আই. অফিস থেকে কোনোরকম তোড়জোর না করার জন্যে—আজকে আমি মনে করছি যে, মা-মাটি-মানুষের সরকারের যিনি শিক্ষামন্ত্রী তিনি এ ব্যাপারে তৎপর হয়ে সেখানে তাড়াতাড়ি এটা পাওয়ার জন্য কোনো চিন্তা-ভাবনা যদি করে থাকেন সেটা বলবেন কি ?

শ্রী ব্রাত্য বসু : আমি মাননীয় অধ্যক্ষের মাধ্যমে জানাতে চাই যে, আমরা ইতিমধ্যেই এ বিষয়ে ব্যবস্থা নিয়েছি এবং আপনাকে জানাতে চাই যে, এই কেন্দুয়াডিহি গার্লস হাইস্কুল নয়, আমরা আশা রাখছি ভবিষ্যতে আরো নির্দিষ্ট করে বলতে পারব। আপনি এ.বি.টি.এ. যে বিষয়টি বললেন, এই বিষয়গুলো আমাদের কাছে বিবেচ্য হচ্ছে না। যেখানে যেখানে যাঁরা অবসর নিয়েছেন তাঁরা যাতে অবসরের সঙ্গে সঙ্গে তাঁদের পেনশন পান আমরা সেই অনুযায়ী ব্যবস্থা নিচ্ছি।

শ্রী কাশীনাথ মিশ্র : আমার অতিরিক্ত প্রশ্ন স্যার, আপনারা এ.বি.টি.এ. বলে নিচ্ছেন না, কিন্তু গত ত্রিশ বছর এই চিহ্নটাকে ধরে আজকে সেখানে অন্যান্য শিক্ষক-শিক্ষিকাদের যেভাবে অবসরকালীন সুযোগ-সুবিধা থেকে আরম্ভ করে অন্যান্য আরো ক্ষেত্রে যে তাঁরা নিজস্ব দলীয় প্রভাবকে খাটিয়েছেন, সে ক্ষেত্রে আজকে এখনও পর্যন্ত সেই মেশিনারির কোনো পরিবর্তন হয়েছে কিনা বা তার মাধ্যমে আজকে এই শিক্ষক-শিক্ষিকারা যাঁরা মারা পড়ছেন, দীর্ঘদিন ধরে দেওয়ার পরেও তাঁরা মারা পড়ছেন, কিন্তু তাঁরা কোনো সুযোগ-সুবিধা পাচ্ছেন না, সে ব্যাপারে আপনি এবং এই সরকার নতুন করে চিন্তা-ভাবনা করছেন কিনা ?

শ্রী ব্রাত্য বসু : আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় সদস্যকে জানাতে চাই যে, আমি আপনাকে তো আগেই বললাম যে, এই ব্যাপারে চিন্তা-ভাবনা করছি এবং অতীতের যে বিষয়টা আপনি বললেন যে, গত ত্রিশ বছর ধরে যেটা হয়েছে, সেটা হয়তো আমাদের কিছু তার দায় বহন করতে হচ্ছে। কিন্তু সে দায় বহন করা সত্ত্বেও আমরা চেষ্টা করছি যে, ইতিমধ্যে সমস্ত জায়গাতে আমরা পেনশন যাতে দ্রুত পৌঁছে দিতে পারি এবং কি কি কাগজপত্র এদিক-ওদিক অনেক হয়ে আছে, আমরা সেভাবেও তৎপর হয়েছি যাতে কাগজপত্রগুলোর ক্ষেত্রে সরকারি আইনে বা সরকারি ফাঁসের যাঁতাকলে তাঁদের পেনশন যাতে আরো প্রলম্বিত না হয় এবং অন্যান্য সুযোগ-সুবিধা পেতে যাতে দেরী না হয় সে ব্যাপারে আমরা উদ্যোগ নিয়েছি।

শ্রী কাশীনাথ মিশ্র : অতিরিক্ত প্রশ্ন স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে জানাই যে, প্রকৃতপক্ষে আজকে এই যে স্বেচ্ছা-অবসর বলুন বা যাঁরা অবসর হয়ে গেছে তাঁদের বিভিন্ন কাগজপত্র জমা পড়ার পরেও বিভিন্ন ডি. আই, স্কুল বলুন বা আপনার সেখানে ডিরেক্টর অফ অ্যাকাউন্টস—এই অফিস আপনার দপ্তরের কাছে সেই সব কাগজগুলো আজকে ঠিকমতোভাবে পরীক্ষা-নিরীক্ষা করে তাড়াতাড়ি পাওয়ার জন্য—যেটা আমি বারে বারে বলছি যে, এটা এতদিনের হয়ে গেছে যে বহু শিক্ষক-শিক্ষিকা মারা গেছেন, বিভিন্নভাবে বহু ফ্যামিলি অনাহারে, অনিদ্রায় কাটাচ্ছে সেই ব্যাপারে তৎপর হয়ে আপনি কতটা বাস্তবায়িত করবেন মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি ?

শ্রী ব্রাত্য বসু : এটা আপনার তো প্রশ্ন নয়, এটা একটা আমাদের কাজের প্রতি সংশয় বা সন্দেহ। হ্যাঁ, এখন এই সংশয় বা সন্দেহকে অতিক্রম করে আমরা কতটা কাজ করতে পারব—যাদের জন্য বলছেন এটা হয়েছে তাদের নেতাকে কোট করে বলতে পারি, ওয়ান স্টেপ ব্যাকওয়ার্ড, টু স্টেপ ফরওয়ার্ড।

[11.50—12.00 noon]

শ্রী নেপাল মাহাত : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই। স্যার, আমাদের পুরুলিয়া জেলার ডিস্ট্রিক্ট প্রাইমারি স্কুল কাউন্সিল, এখানে দীর্ঘদিন ধরে ফিনান্স অফিসারের পোস্ট খালি আছে। এই ফিনান্স অফিসারের পোস্ট খালি থাকার জন্য, ওদের আমলেও বারবার বলা হয়েছিল, মাঝে মাত্র ৩ থেকে ৪ মাস একজন ডেপুটেশনে জয়েন করেছিল। তার ফলে পুরুলিয়ার বেশির ভাগ প্রাইমারি শিক্ষকের অবসরকালীন যে কাগজপত্র যেগুলো তৈরি করে পাঠাতে হবে কলকাতাতে, তবে পেনশন পাবে, সেগুলো প্রচণ্ড ডিলে হচ্ছে এবং কার্যত এখন পুরোপুরি কাজ বন্ধ হয়ে গেছে। আমি স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটি চিঠিও দিয়েছিলাম। আমি প্রশ্ন করতে চাই, অবিলম্বে ফিনান্স অফিসারের যে পোস্ট, এটা ভাইটাল পোস্ট পেনশন দেবার ক্ষেত্রে। সেই পোস্টটা পুরুলিয়াতে দীর্ঘদিন খালি আছে। সেটা পূরণ করার অবিলম্বে কিছু ব্যবস্থা করার কোনো চিন্তা-ভাবনা আপনার আছে কিনা ?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মাননীয় সদস্যকে আমি জানাতে চাই, বিষয়টি নিয়ে আমি খোঁজ-খবর নেব। যদি দেখা যায় ফিনান্স অফিসারের পোস্টের কারণে কাগজপত্রের যে প্রলম্বিত হওয়ার কথা বলছেন বা দীর্ঘসূত্রিতার কথা আপনি উল্লেখ করছেন, সে ব্যাপারে যাতে আশু ব্যবস্থা নেওয়া যায়, সে ব্যাপারে আমি তৎপর হব।

শ্রী রামেশ্বর দোলই : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে অতিরিক্ত প্রশ্ন—'৭৭-এ বামফ্রন্ট সরকার আসার পর, আমি যতদূর জানি শিক্ষকদের অবসরকালীন থেকে শুরু করে মাস মাইনে এই দায়িত্ব পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার গ্রহণ

করেছিলেন। অবসরকালীন সুযোগ-সুবিধাও এই বামফ্রন্টের ফ্রন্ট সরকার দীর্ঘ ৩৪ বছর ধরে ধারাবাহিকভাবে চালিয়ে গিয়েছিলেন। আমি মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন করছি, '৭৭-এর পূর্বে অবসরকালীন শিক্ষক মহাশয়দের পেনশন ব্যবস্থা ছিল কিনা—মাননীয় মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে জানাবেন কি ?

শ্রী ব্রাত্য বসু : কথা হচ্ছে, '৭৭-এর আগে পেনশনের ব্যবস্থা ছিল কিনা তার থেকেও বড়ো গুরুত্বপূর্ণ প্রশ্ন হচ্ছে, এখন যাঁরা রিটায়ার করছেন তাঁরা সময়মতো পেনশন পাচ্ছেন কি ? '৭৭ সালের আগেরটা যেমন আমায় খোঁজ নিতে হবে, তেমনই গত ৩৪ বছরে অবসর নেওয়ার পর যে যে শিক্ষক পেনশন পাননি, তাঁরাই বা কি কারণে পাননি, সেটাও একই সঙ্গে খোঁজ নেওয়ার দরকার। আমার এটা মনে হয়।

ডঃ আশীষ ব্যানার্জী : স্যার, আপনার মাধ্যমে একটি প্রশ্ন—একটু আগেই আমি শুনছিলাম '৭৭-এর আগে পেনশন-টেনশন নিয়ে। স্যার, একটা ক্ষেত্রে ওরা খুব তৎপর হয়েছিলেন। কান্তি বিশ্বাস যিনি মন্ত্রী ছিলেন, তিনি শিক্ষকও ছিলেন। স্যার, তিনি রিটায়ার করার পরের দিন বামফ্রন্টের সরকার অত্যন্ত তৎপরতার সঙ্গে তাঁকে পেনশন দিয়েছিলেন। আমি মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়কে প্রশ্ন করছি, '৭৭-এর পর থেকে ২০১১ মে পর্যন্ত দীর্ঘকাল ধরে কতজন শিক্ষকের পেনশন আটকে আছে, এরকম কোনো সংখ্যা আপনি বলতে পারবেন কি ?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে আমি মাননীয় সদস্যকে জানাচ্ছি, এই সংখ্যাটা একটা দীর্ঘ সংখ্যা। সেটা আমাকে খোঁজখবর করে প্রকৃত সংখ্যাটা জানতে হবে। তারপরেই আমি আপনাকে বিষয়টা অবগত করতে পারব। তবে একটা দীর্ঘ সংখ্যা আমাদের দপ্তরে ইতিমধ্যেই জমা হয়েছে।

শ্রী অসিত মিত্র : স্যার, মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, শিক্ষক মহাশয়দের মধ্যে অনেকে অবসরকালীন ভাতা পাচ্ছেন। সরকার সিদ্ধান্ত নিয়েছে অবসরের পর যাতে করে তাড়াতাড়ি শিক্ষকরা তাঁদের প্রাপ্য পান, পেনশন পান। এসব সম্পর্কে হাউসে অনেক আলোচনাও হয়েছে। আমি মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে জানতে চাইছি, কিছু শিক্ষক ভীষণ অসুবিধার মধ্যে আছেন। আপনি জানেন, আপনার পাশে যিনি বসে আছেন, মাননীয় কৃষিমন্ত্রী তিনিও একটি বিদ্যালয়ে ছিলেন। আমাদের মধ্যে একজন প্রধান শিক্ষকও আছেন। আমার প্রশ্ন সি.পি.এফ. এবং জি.পি.এফ. নিয়ে। সি.পি.এফ. এবং জি.পি.এফ.-এর প্রিন্সিপলই বলছি, পরিসংখ্যান নয়। because it is a question of the principle of the Government. আমি আপনার কাছে জানতে চাইছি, সি.পি.এফ. এবং জি.পি.এফ.-এর প্রশ্নে এর আগের বামফ্রন্ট সরকার অনেকবার শিক্ষকদের ডেকে তাঁদের কথা শুনেছেন। কখনো প্রাক্তন অর্থমন্ত্রী বলেছেন, কখনো অনেকে বলেছেন এটা ঠিক হয়ে গেল। তারপরে কেউ কেস করেছিলেন। তাঁরা বলেছিলেন যে, না এই কেসটা—তাঁরা জিতেছেন কেসে—হাইকোর্টের কেসেও। তারপর শোনা যাচ্ছে এঁরা নাকি আবার শিক্ষকদরদী মানুষ তো, এঁরা শিক্ষকদের হারানোর

জন্য সুপ্রিম কোর্টেও গেছেন। স্যার, প্রশ্নটা একটু বড়ো হয়ে গেল, কিন্তু অত্যন্ত প্রয়োজনীয় প্রশ্ন বলে স্যার আপনার কাছে জানছি, মাননীয় মন্ত্রিমহোদয় আপনি কি বলবেন সি.পি.এফ., জি.পি.এফ.-এর প্রশ্নে এই সরকার কি দৃষ্টিভঙ্গী গ্রহণ করেছেন এবং তাঁরা কি করছেন ?

শ্রী ব্রাত্য বসু : আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় সদস্যকে জানাতে চাই, এর আগে আমার যেদিন বাজেটের জবাবী ভাষণ ছিল, সেই দিন এই প্রসঙ্গটি ওঠে এবং একবার এর মধ্যে উত্তর দিয়েছি। আপনি মনে হয় ছিলেন না, আমি আবার আপনার জ্ঞাতার্থে জানাই, ইতিমধ্যে সি.পি.এফ. থেকে জি.পি.এফ.-এ কনভার্ট করার ফলে যে পরিমাণ উদ্বৃত্ত অর্থ সরকারের লাগবে সেটা আমাদের দপ্তর থেকে ইতিমধ্যে মুখ্যমন্ত্রীর কাছে সম্পূর্ণ পরিসংখ্যানে—৬ হাজারের সামান্য কিছু বেশি শিক্ষক এটা গোটা রাজ্যে আছেন তাঁদের সম্পর্কে নোট দিয়ে আমরা মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়েছি এবং তাঁর অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

শ্রী আনিসুর রহমান : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে ছোট্ট একটা অনুরোধ করব। যাঁরা বিধায়ক আছেন তাঁরা যে কোনো ফর্মে কোয়েশ্চেন করতে পারেন। প্রশ্ন করতে পারেন, দু-চারটে বাড়তি কথা বলতে পারেন—এটা সাধারণ নিয়ম, কিন্তু মন্ত্রীরা যখন উত্তর দেন তখন কিন্তু ওই কায়দা করেন।

(গোলমাল)

মিঃ স্পীকার : আপনি প্রশ্ন করুন। এগুলো কিছুই যাবে না কোয়েশ্চেনে যদি আপনি বলেন।

শ্রী আনিসুর রহমান : ওই কায়দায় উত্তর দেওয়াটা কাম্য নয়। ১৭ বছর পেনশন পাননি অথচ কাগজ ঠিক আছে একজনও আছেন ? কাশীবাবুর জানা উচিত, '৮৬ সালের আগে কি ছিল। এই ধরনের পেনশনের ব্যবস্থা চালু হল '৮৬ সালে। যারা সি.পি.এফ. নেবে তাদের এক ব্যবস্থা, যারা পেনশন, গ্রাচুয়িটি নেবে তাদের এক ব্যবস্থা হল। তখন অনেক মামলা-মোকদ্দমা হয়েছে। এটাকে গুলিয়ে দিয়ে এমন একখানা ভাব দেখাচ্ছেন যেন আপনি.....

(গোলমাল)

যা হয়েছে হয়েছে, এখন যদি নতুন কোন পরিকল্পনা থাকে, নতুন ভাবনা থাকে, যাতে তাড়াতাড়ি আরো ব্যবস্থা করা যায়। হয়নি তা নয়, লক্ষ লক্ষ লোকের পেনশন হয়েছে। একান্ত যদি কারোর দেরি হয়ে থাকে সেটার যাতে নতুন ব্যবস্থা নেওয়ার থাকে—আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই, তাড়াতাড়ি করার জন্য কোনো ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা ?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় সদস্যকে জানাতে চাই, আপনি যে কথাটা বলেছেন আমায় আমি তার মর্ম বোঝার চেষ্টা করছি। কেন না আপনি

যেটা বললেন, যে ফর্মে সদস্যরা প্রশ্ন করেন আপনি বোধহয় বলতে চাইলেন, মন্ত্রী সেই জায়গায় স্পেসিফিক উত্তর দিয়ে প্রশ্ন করার ক্ষেত্রে তাঁরা যে করণ-কৌশল ব্যবহার করছেন আমার সেই করণ-কৌশলের মধ্যে না ঢোকা বাঞ্ছনীয়। বোধহয় এইরকম কোনো পরামর্শ আপনি আমায় দিতে চাইলেন। সেইখানে দাঁড়িয়ে আপনাকে আমি বলতে চাই, আমার মনে পড়ছে না—আপনি যদি আমায় কোনো স্পেসিফিক উদাহরণ দিতেন কোন সদস্যের পরিপ্রেক্ষিতে কি কথা আমি বলেছি। তবে আপনাকে একটু স্মরণ করিয়ে দিতে চাই, মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র যখন এ.বি.টি.এ.-র প্রসঙ্গ তোলেন আমি তখন বলি ওটার ক্ষেত্রে আমাদের এগুলো কোনো বিবেচ্য বিষয় হচ্ছে না কে কোন সংগঠন করেন। সমস্ত সংগঠন নিরপেক্ষভাবে যাতে সমস্ত শিক্ষককে পেনশন দেওয়া যায় সেটাই আমাদের বিবেচ্য।

[12.00 noon—12.10 p.m.]

শ্রী নরেশচন্দ্র চাকী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির মাননীয় সদস্যরা অনেক অসত্য তথ্য পরিবেশন করছেন। প্রফুল্লচন্দ্র সেন এবং সিদ্ধার্থশঙ্কর রায়ের আমল থেকেই এই পেনশন ব্যবস্থা চালু আছে আমি জানি। আর এই বামফ্রন্টের আমলে এই পেনশন দেওয়ার ব্যাপারে শিক্ষকদের অযথা হয়রানি করা হয়েছে। আমি রিটায়ার করার দু বছর পরে পেনশন পেয়েছি বামফ্রন্টের আমলে। আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন আজকে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে মা-মাটি-মানুষের সরকার পেনশনপ্রাপ্ত শিক্ষকদের পেনশন দেওয়ার জন্য যে নীতি গ্রহণ করেছেন, কিন্তু পেনশন সেলে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কো-অর্ডিনেশন কমিটি ঘুঘুর বাসা তৈরি করে বসে আছে। আমাদের সরকারের নীতি তাঁরা কার্যকরী করছেন না। আমার কাছে স্পেসিফিক প্রশ্ন আছে রেখা চক্রবর্তী দত্তফুলিয়া গার্লস হাইস্কুলের টিচার, অখিল মণ্ডল অনন্তপুর হাইস্কুলের টিচার এবং আমার পাশে বসে আছেন সুশীল বিশ্বাস, সদস্য এঁরা পেনশন পাচ্ছেন না। আপনি দয়া করে জানাবেন কি, আপনার পেনশন সেল reorganisation করে যাতে শিক্ষকরা অবসরকালীন পেনশন ঠিক সময়ে পান এবং সরকারি নীতি ঠিকমতো কার্যকরী হয় সেই ব্যবস্থা করবেন কি ?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি আগেই জানিয়েছি যে, কারা কারা পেনশন পাচ্ছেন না সেই ব্যাপারে আমাদের দপ্তর ইতিমধ্যেই তৎপর হয়েছে এবং সেই নিয়ে একটা তালিকাও করছি। মাননীয় সদস্যর কাছে এবং সমস্ত সদস্যর কাছে আমার অনুরোধ থাকছে, আপনাদের জ্ঞাতব্য যদি এইরকম থাকে যে অমুকে পেনশন পাচ্ছেন না তার একটা তালিকা আমাদের দপ্তরে পৌঁছে দিতে চান, তাহলে পৌঁছে দিতে পারেন। ধন্যবাদ।

(Questions hour was over)

Starred Questions
(to which answers were laid on the Table)

প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকের সংখ্যা

*১১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৫) শ্রী মনোরঞ্জন পাত্র : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০৯-২০১০ ও ২০১০-২০১১ আর্থিক বছরে রাজ্য সরকার প্রাথমিক ও মাধ্যমিক স্তরে মোট কতজন শিক্ষক নিয়োগ করেছে ; এবং

(খ) বর্তমান আর্থিক বছরে প্রাথমিক ও মাধ্যমিক স্তরে কতজন শিক্ষক নিয়োগ করা হবে বলে আশা করা যায় ?

মাননীয় বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০৯-২০১০ আর্থিক বছরে রাজ্য সরকার মাধ্যমিক স্তরে ১৩,৬৭৭ জন মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করেছেন এবং ২০১০-২০১১ আর্থিক বছরে রাজ্য সরকার ১১,৭২৩ জন মাধ্যমিক স্তরে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করেছেন। উক্ত দুই আর্থিক বছরে প্রাথমিক স্তরে মোট ২০,৪৭৪ জন শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করা হয়েছে।

(খ) বর্তমান আর্থিক বছরে রাজ্যের বিভিন্ন জেলায় ৫,৪৪৫টি প্রাথমিক শিক্ষক-শিক্ষিকার পদ ও ৩৯,৫১০টি উচ্চ প্রাথমিক শিক্ষক-শিক্ষিকার পদ সৃষ্টি করা হয়েছে। উক্ত পদগুলি পূরণ করার জন্য এন.সি.টি.ই. রেগুলেশন ২০১০ অনুসারে নিয়োগ বিধি তৈরি করার প্রক্রিয়া চলছে।

কামদেবপুর বিবেকানন্দ আদিবাসী বিদ্যাপীঠ

*১২০। (অনুমোদিত প্রশ্ন নং *৫০২) শ্রী নরেশচন্দ্র চাকী : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

চাকদহ ব্লকের কামদেবপুর বিবেকানন্দ আদিবাসী বিদ্যাপীঠ বিদ্যালয়টিকে অনুমোদন দেবার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

মাননীয় বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

চাকদহ ব্লকের বিবেকানন্দ আদিবাসী বিদ্যাপীঠ স্কুলটিকে বিগত ৩১.১০.২০০০ তারিখে জুনিয়র হাইস্কুল হিসাবে এক বছরের জন্য সাময়িক অনুমোদন দেওয়া হয়। এই সাময়িক অনুমোদন গত ৩১.১০.২০০১ তারিখে শেষ হয়ে গেছে। তারপর তার সময়সীমা আর বাড়ানো হয়নি। এই স্কুলের শিক্ষক ও অশিক্ষক কর্মচারীদের স্বপক্ষে সরকারিভাবে কোনো অনুমোদন নেই। কিছু কর্মচারী এরপর আদালতের দ্বারস্থ হয়

(কেস নং--W.P. 4046(W) of 2007) এবং আদালতে তাদের আবেদন খারিজ হয়ে যায়। এই অবস্থায় এখনই বিদ্যালয়টিকে হাইস্কুল হিসাবে উন্নীত করা সম্ভব হচ্ছে না।

জে. সি. আই. কর্তৃক পাট ক্রয়

*১২১। (অনুমোদিত প্রশ্ন নং *২০৬) **শ্রী আনিসুর রহমান** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পাটের বিক্রয় মূল্য অস্বাভাবিকভাবে কমে যাওয়ার জন্য রাজ্য সরকার জে. সি. আই.-এর মাধ্যমে পাট কেনার সিদ্ধান্ত গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা কার্যকরী হবে বলে আশা করা যায় ?

মাননীয় কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সত্যি নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

উত্তর হাওড়ায় কলেজ স্থাপন

*১২২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৮) **শ্রী অশোক ঘোষ** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উত্তর হাওড়া বিধানসভা কেন্দ্রে কোনো কলেজ নেই ; এবং

(খ) সত্যি হলে, উক্ত কেন্দ্রে কলেজ স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কি ?

মাননীয় উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) নতুন বিধানসভা এলাকা পুনর্বিন্যাসের ফলে সৃষ্ট 'হাওড়া উত্তর' বিধানসভা কেন্দ্রে কোনো 'ডিগ্রী কলেজ' নাই—এটি সত্য।

(খ) বিবেচনাধীন।

যুব আবাসের সংখ্যা

*১২৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২৭) **শ্রী এস. এম. সাদি** : যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে ও অন্যান্য রাজ্যে যুব আবাসের সংখ্যা কত ;

(খ) উক্ত যুব আবাসগুলি থেকে বাৎসরিক আয়-ব্যয়ের পরিমাণ কত ; এবং

(গ) নতুন 'যুব আবাস' গঠনের কোনো পরিকল্পনা সরকারের আছে কি (জেলাওয়াড়ি তথ্য-সহ) ?

মাননীয় যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে রাজ্যে যুব আবাসের সংখ্যা ১৮ (আঠারো)-টি এবং অন্যান্য রাজ্যে যুব আবাসের সংখ্যা ৪ (চার)-টি।

(খ) উক্ত যুব আবাসগুলি থেকে বাৎসরিক আয় (২০১০-২০১১)—৫৪,৩৪,৫৯৬ (চুয়ান্ন লক্ষ চৌত্রিশ হাজার পাঁচশত ছিয়ানব্বই) টাকা। যুব আবাসের কর্মচারী ও অনিয়মিত কর্মচারীদের বেতন ব্যতীত বাৎসরিক ব্যয়—২৫,০৯,২০৭ (পঁচিশ লক্ষ নয় হাজার দুইশত সাত) টাকা।

(গ) শিলিগুড়িতে যুব আবাস-সহ যুব কল্যাণ কেন্দ্র। আর নদীয়ার মায়াপুরে যুব আবাস করার পরিকল্পনা আছে।

ফ্লাড শেল্টারের সংখ্যা

*১২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৬) **শ্রী অজিত ভূঞ্যা** : বিপর্যয় ব্যবস্থাপন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বন্যাকবলিত এলাকার মানুষদের জন্য ফ্লাড শেল্টার নির্মিত হচ্ছে ;

(খ) সত্যি হলে, রাজ্যে ফ্লাড শেল্টারের সংখ্যা কত (জেলাভিত্তিক তথ্য-সহ) ; এবং

(গ) মেদিনীপুর জেলার দাসপুর ২নং ব্লকে ভগ্নপ্রায় ফ্লাড শেল্টারগুলির মেরামতির কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ?

মাননীয় বিপর্যয় ব্যবস্থাপন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এটি সত্যি।

(খ) রাজ্যে ফ্লাড শেল্টারের সংখ্যা ৩১৫ (তিনশত পনের)।

জেলাভিত্তিক তালিকা হল :

১। দার্জিলিং	..... ০২	৯। বীরভূম	..... ০৫
২। জলপাইগুড়ি	..... ০৭	১০। হুগলি	..... ২৪
৩। কোচবিহার	..... ১৩	১১। হাওড়া	..... ১৮
৪। দক্ষিণ দিনাজপুর	..... ২৯	১২। দক্ষিণ ২৪ পরগনা	..... ২২
৫। উত্তর দিনাজপুর	..... ৩০	১৩। উত্তর ২৪ পরগনা	..... ৫২
৬। মালদা	..... ১৮	১৪। নদীয়া	..... ২৩
৭। মুর্শিদাবাদ	..... ১৪	১৫। পূর্ব মেদিনীপুর	..... ১৬
৮। বর্ধমান	..... ২১	১৬। পশ্চিম মেদিনীপুর	..... ১৬
		মোট	.....৩১৫

(গ) জেলাশাসকের কাছ থেকে প্রাপ্ত আশ্রয়শিবির নির্মাণের প্রস্তাব অর্থ দপ্তরের অনুমতিসাপেক্ষে মঞ্জুর করা হয়। এরকম প্রস্তাব পেলে মেরামতির জন্য প্রয়োজনীয় অর্থ জেলাশাসকের কাছে বরাদ্দ করা হবে।

আদালতে বিচারকের শূন্য পদের সংখ্যা

*১২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩১০) **শ্রী ঈদ্ মহম্মদ** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে মার্চ, ২০১০ পর্যন্ত হাইকোর্ট ও রাজ্যের অন্যান্য আদালতগুলিতে বিচারকদের শূন্য পদের সংখ্যা কত; এবং

(খ) শূন্য পদগুলি পূরণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করছে / করেছে ?

মাননীয় বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হাইকোর্টে বিচারপতিদের ৫৮টি অনুমোদিত পদের মধ্যে শূন্য পদের সংখ্যা ১৬ (ষোলো)। রাজ্যের অন্যান্য আদালতগুলিতে বিচারকদের শূন্য পদ :—

(১) জেলা জজ এন্ট্রি লেভেল-এ ২২২টি অনুমোদিত পদের মধ্যে শূন্য পদের সংখ্যা ৩৬ (ছত্রিশ)।

(২) অতিরিক্ত জেলা জজ ফাস্ট ট্রাক কোর্টের ১৫১টি অনুমোদিত পদের মধ্যে শূন্য পদের মধ্যে ৬৬ (ছেষট্টি)-টি পদ শূন্য।

(৩) সিভিল জজ (সিনিয়র ডিভিশন)-এ ১৮৫টি অনুমোদিত পদের মধ্যে ৩০ (ত্রিশ)-টি পদ শূন্য।

(৪) সিভিল জজ (জুনিয়র ডিভিশন-জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট)-এর ৩৭৫টি অনুমোদিত পদের মধ্যে কোনো শূন্য পদ নেই।

(খ) হাইকোর্টে বিচারপতিদের শূন্য পদগুলি পূরণের জন্য রাজ্য সরকারের মতামত কেন্দ্রীয় সরকারকে পাঠানো হয়েছে। বিষয়টি কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন। অন্যান্য আদালতগুলির বিচারকদের শূন্য পদ পূরণের ক্ষেত্রে জানানো যেতে পারে যে :

(১) জেলা জজ এন্ট্রি লেভেল-এ বিচারকদের শূন্য পদগুলি আদালতের শূন্য পদ নয়। এই শূন্য পদগুলি মূলত লিভ রিজার্ভ বা ডেপুটেশন রিজার্ভ অফিসারদের জন্য।

(২) অতিরিক্ত জেলা জজ ফাস্ট ট্রাক কোর্টে বিচারপতিদের শূন্য পদগুলি পূরণের জন্য উচ্চ ন্যায়ালয় পদক্ষেপ গ্রহণ করেছে।

(৩) সিভিল জজ সিনিয়র ডিভিশনের ক্ষেত্রেও উচ্চ ন্যায়ালয় যথাযথ পদক্ষেপ গ্রহণ করেছে।

N.B.S.T.C. Bus Service

*126. (Admitted Question No. *801) **Shri Joseph Munda :** Will the Minister-in-charge of the Transport Department be pleased to state—

(a) is there any proposal for running N.B.S.T.C. bus from Samsinjh to North Bengal Medical College, Jalpaiguri ; and

(b) if so, the steps taken by the Government ?

মাননীয় পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে এরকম কোনো প্রস্তাব এন.বি.এস.টি.সি. কর্তৃপক্ষের বিবেচনাধীন নেই।

(খ) এরূপ কোনো পরিকল্পনা নেই।

বাস স্ট্যান্ডে শেড তৈরির পরিকল্পনা

*১২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৩) **শ্রী বাসুদেব খাঁ :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় যাতায়াতকারী যাত্রীদের সুবিধার্থে ধর্মতলা ও বর্ধমানের বাস স্ট্যান্ডে শেড তৈরি করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি ?

মাননীয় পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

এই পরিকল্পনা বিবেচনাধীন।

সি.এস.টি.সি.-র বাস

*১২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৩) **শ্রী উপেন কিস্কু :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতা-বান্দোয়ান, কলকাতা-ঝাড়গ্রাম, কলকাতা-ছেঁদাপাথর ভায়া রাইপুর-ঘাটাল সি.এস.টি.সি. বাস চলাচল বর্তমানে বন্ধ আছে ; এবং

(খ) সত্যি হলে, কারণ কি ?

মাননীয় পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ঘটনা সত্যি, উক্ত রুটগুলিতে সি.এস.টি.সি.-র বাস বিগত বেশ কিছু বছর যাবৎ বন্ধ আছে।

(খ) ওই রুটগুলিতে বাস চলাচল বন্ধ হওয়ার কারণগুলি নিম্নরূপ :

(১) উপযুক্ত সংখ্যক যাত্রী না পাওয়া।

(২) অত্যন্ত খারাপ কিলোমিটার পিছু আয় (ই.পি.কে.এম.)।

C.S.T.C. Buses plying in Kolkata to Kakdwip

*130. (Admitted Question No. *821) **Shri Manturam Pakhira :** Will the Minister-in-charge of the Transport Department be pleased to state—

(a) number of C.S.T.C. Buses plying in Kolkata to Kakdwip route as on 31.7.2011 ; and

(b) number of staff engaged in this route ?

মাননীয় পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২৯টি বাস সি.এস.টি.সি. ইংরেজি ৩১.০৭.২০১১ তারিখ অনুযায়ী কলকাতা থেকে কাকদ্বীপ যাত্রা পথে চলাচল করেছে।

(খ) ৪৪ জন চালক ও ৪৪ জন কনডাক্টর উক্ত রুটে চলাচলের কাজে নিযুক্ত আছেন।

'সহজপাঠ'-এর পঠন-পাঠন চালু

*১৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৯) **শ্রী ইনসার আলি বিশ্বাস :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রবীন্দ্রনাথ ঠাকুরের 'সহজপাঠ' সরকারি ও বেসরকারি বিদ্যালয়গুলিতে পুনরায় পঠন-পাঠনের চিন্তা-ভাবনা সরকার করছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা কার্যকরী হবে বলে আশা করা যায় ?

মাননীয় বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রবীন্দ্রনাথ ঠাকুরের 'সহজপাঠ' পুস্তকটি ইতিমধ্যেই প্রাথমিক পর্যায়ে সিলেবাসে অন্তর্ভুক্ত আছে এবং বইটির প্রথম ও দ্বিতীয় ভাগ যথাক্রমে প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে পড়ানো হচ্ছে। বর্তমানে 'সহজপাঠ' বইটির অন্যান্য ভাগগুলি পরবর্তী শ্রেণিগুলিতে পাঠ্য বিষয়ে অন্তর্ভুক্ত করার ব্যাপারে রাজ্য সরকার বিশেষজ্ঞ কমিটির মতামতের অপেক্ষায় আছে।

(খ) আশা করা যায় যে, আগামী ৩ মাসের মধ্যে বিশেষজ্ঞ কমিটির অভিমত পাবার পর এ বিষয়ে পুনরায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

কেন্দ্রীয় বাস টার্মিনাস

*১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩৬) **শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মালদা জেলায় কেন্দ্রীয় বাস টার্মিনাস চালু করার পরিকল্পনা সরকার গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত টার্মিনাসটি চালু হবে বলে আশা করা যায় ?

মাননীয় পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মালদা জেলায় কেন্দ্রীয় বাস টার্মিনাস চালু করার পরিকল্পনা সরকার গ্রহণ করেছে।

(খ) আশা করা যায়, সব ঠিক থাকলে আগামী এপ্রিল, ২০১২ নাগাদ উক্ত টার্মিনাসটি চালু করা যাবে।

কালিম্পঙে আই.আই.টি. কেন্দ্র স্থাপন

*১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬৪) **শ্রী চৌধুরী মহম্মদ হেদায়েতুল্লা** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দার্জিলিং জেলার কালিম্পঙে রাজ্য সরকার নতুন আই.আই.টি. স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছে ;

(খ) সত্যি হলে, উক্ত কাজ কবে নাগাদ শুরু হবে কোন শিক্ষাবর্ষ থেকে পাঠক্রম চালু হবে বলে আশা করা যায় ; এবং

(গ) উক্ত প্রতিষ্ঠানে কতজন ছাত্র-ছাত্রী পড়ার সুযোগ পাবেন ?

মাননীয় উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) নির্দিষ্টভাবে কালিম্পঙে নয়, তবে দ্বাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দার্জিলিং জেলায় একটি আই.আই.টি. স্থাপনের উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ভারত সরকারের মানব সম্পদ উন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে অনুরোধ জানানো হচ্ছে।

(খ) ভারত সরকারের মানব সম্পদ উন্নয়ন দপ্তরের উক্ত বিষয়ে অনুমোদন পাওয়ার পর।

(গ) ভারত সরকারের উক্ত দপ্তর প্রস্তাবিত প্রতিষ্ঠানের জন্য কতগুলি বিষয় অনুমোদন দেন তার উপর নির্ভর করবে।

নতুন ডিগ্রী কলেজ স্থাপন

*১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৫) **শ্রী প্রবোধচন্দ্র সিংহ** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ক্রমবর্ধমান ছাত্র-ছাত্রীদের চাহিদার পরিপ্রেক্ষিতে রাজ্যে নতুন ডিগ্রী কলেজ স্থাপনের পরিকল্পনা সরকার গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, আগামী আর্থিক বছরে কতগুলি ডিগ্রি কলেজ স্থাপিত হবে বলে আশা করা যায় (জেলাওয়াড়ি তথ্যসহ) ?

মাননীয় উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ক্রমবর্ধমান ছাত্র-ছাত্রীদের চাহিদার পরিপ্রেক্ষিতে রাজ্যে নতুন ডিগ্রী কলেজ স্থাপনের প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

(খ) চাহিদানুসারে নতুন ডিগ্রী কলেজ স্থাপন হবে বলে আশা করা যায়। তবে এই মুহূর্তে সংখ্যা বলা সম্ভব নয়। এ বিষয়ে অতি শীঘ্রই ব্যবস্থা নেওয়া হচ্ছে।

Government Pleader

*136. (Admitted Question No. *666) **Shri Ali Imran Ramz :** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) Whether it is a fact that no Muslim Minority Government Pleader has been appointed by the Government; and

(b) if so, the reason thereof.

Will the Minister-in-charge of the Judicial Department:

(a) Out of 19 Districts, Govt. Pleader has been appointed in 4 Districts, namely Howrah, Paschim Medinipur, Burdwan and Nadia recently by the present Govt. and none of them are from the Muslim Minority Community. In fact no Muslim Minority Govt. Pleader was appointed in the said districts during 2006-2011.

(b) No reservation criteria is applicable in case of appointment of Govt. Pleaders as it is a single post. Nor it is made on the basis of religion.

According to rule the District Magistrate in consultation with the District Judge prepares names of persons, who are, in his opinion fit to be appointed as Govt. Pleaders for the district and the State Govt. appoint one of them as G.P. from the said panel. In the panel sent by the District Magistrate for the 4 districts there is none from the Muslim Minority Community.

Unstarred Questions
(to which written answers were given)

প্রাণীস্বাস্থ্য সহায়ক কেন্দ্র স্থাপন

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪) শ্রী তজমুল হোসেন : প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রতিটি গ্রাম পঞ্চায়েত এলাকায় প্রাণীস্বাস্থ্য সহায়ক কেন্দ্র স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) থাকলে, পরিকল্পনাটি কিরূপ ; এবং

(গ) কত দিনে সেটি রূপায়িত করা সম্ভব হবে বলে আশা করা যায় ?

প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এ রাজ্যের প্রতিটি গ্রাম পঞ্চায়েতে (পার্বত্য এলাকা বাদে) বর্তমানে প্রাণী সহায়ক কেন্দ্র রয়েছে, যেখান থেকে গবাদি ও গৃহপালিত অন্যান্য প্রাণীর প্রাথমিক স্বাস্থ্য সুরক্ষার পরিষেবা দেওয়া হয়। এ ছাড়াও ওই কেন্দ্রগুলি থেকে প্রাণীসম্পদ বিকাশ বিষয়ে বিভিন্ন সম্প্রসারণমূলক কাজের কর্মসূচী গ্রহণ করা হয়ে থাকে।

(খ) প্রযোজ্য নয়।

(গ) প্রস্তাবটি ইতিমধ্যেই রূপায়িত।

দূষণরোধে গৃহীত পদক্ষেপ

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮১) শ্রী তজমুল হোসেন : পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পরিবেশ দূষণ প্রতিরোধে সরকার কি ধরনের পদক্ষেপ গ্রহণ করছে / করবে ?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

- ১৯৭৪ সালের জল (প্রতিরোধ ও দূষণ নিয়ন্ত্রণ আইন) ও ১৯৮১ সালের বায়ু (প্রতিরোধ ও দূষণ নিয়ন্ত্রণ আইন) ও তাদের সংশোধনীসমূহের মাধ্যমে অনেকগুলি শিল্পকে সম্মতিভিত্তিক প্রশাসনিক আওতায় আনা হয়েছে। শিল্পগুলিকে দূষণ নিয়ন্ত্রণে বাধ্য করা, প্রয়োজনীয় সাহায্য ও আইন ভঙ্গ করলে জরিমানা তথা অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা ও প্রয়োজনে কারখানা বন্ধের নির্দেশ জারি করা হয়ে থাকে।
- যানবাহনজনিত দূষণ নিয়ন্ত্রণে ১৫ বছরের পুরাতন পরিবহন যানের ব্যবহার বন্ধ করা, অটোরিক্সার জন্য এল.পি.জি. জ্বালানীর ব্যবহার বাধ্যতামূলক করা, ধোঁয়া পরীক্ষার কেন্দ্রগুলির আধুনিকীকরণ, বিভিন্ন স্থানে বায়ুর গুণগত মান পরীক্ষা করা হয়ে থাকে।

- শিল্প সংস্থা কর্তৃক উদ্ভূত বিপজ্জনক বর্জ্য পদার্থের উপযুক্ত ব্যবস্থাপন, কঠিন বর্জ্য পদার্থের উপযুক্ত ব্যবস্থাপন, চিকিৎসাজাত জৈব বর্জ্যে উপযুক্ত ব্যবস্থাপন করা হয়ে থাকে। বর্তমানে ইলেকট্রনিক্স বর্জ্য পদার্থের উপযুক্ত ব্যবস্থাপনার চেষ্টা চলছে।
- উৎসবের দিনগুলিতে শব্দ দূষণ নিয়ন্ত্রণে লাউডস্পীকার ও অধিক শব্দ সৃষ্টিকারী বাজির ব্যবহারে নিষেধাজ্ঞা জারি করা তথা আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।
- প্লাস্টিক বর্জ্য পদার্থের উপযুক্ত ব্যবস্থাপন ও পরিচালন এবং নিষিদ্ধ প্লাস্টিক ক্যারিব্যাগের বিরুদ্ধে অভিযান চালানো হয়ে থাকে। রাজ্যের ৪০টি ঐতিহ্যমণ্ডিত স্থান ও পর্যটন কেন্দ্রগুলিতে প্লাস্টিক ক্যারিব্যাগের ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে।
- এ ছাড়া সাধারণ জনগণের মধ্যে পরিবেশ সচেতনতা বৃদ্ধির চেষ্টা ও জন অভিযোগের সুষ্ঠু প্রতিকারের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।

চুঁচুড়া শহরে স্টেডিয়াম নির্মাণ

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯) **শ্রী অসিত মজুমদার** : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

চুঁচুড়া শহরে স্টেডিয়াম নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

হ্যাঁ, চুঁচুড়া শহরে চুঁচুড়া স্টেডিয়াম নির্মাণের বিষয়ে সরকারি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ইতিমধ্যেই বিগত ২০০৯-১০ আর্থিক বর্ষে ওই খাতে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পূর্ত দপ্তরকে দেওয়া হয়েছে, স্টেডিয়ামটি নির্মাণ করার জন্য।

নতুন রেশন কার্ড

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৭) **শ্রী ঈদ্ মহম্মদ** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে নতুন রেশন কার্ড দেওয়ার কোনো পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি না ?

খাদ্য সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

অদূর ভবিষ্যতে পশ্চিমবঙ্গ রাজ্যবাসীর প্রত্যেককে ফটো ও বারকোডসম্বলিত রেশন কার্ড দেওয়ার পরিকল্পনা আছে। এ ব্যাপারে বিভিন্ন সংশ্লিষ্ট দপ্তর যথা—তথ্য প্রযুক্তি, গ্রামোন্নয়ন, নগরোন্নয়ন প্রভৃতি দপ্তরের সঙ্গে আলোচনা চলছে।

WIPRO যে এ ব্যাপারে DPR জমা দিয়েছে তাতে Photo রেশন কার্ড দেওয়া এমনকি অর্থের সংস্থান যদি করা যায় তবে Multipurpose 'Smart Card' দেওয়ার ব্যবস্থাও করা যাবে।

মুর্শিদাবাদ জেলায় রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ প্রকল্প

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৪) শ্রী অপূর্ব সরকার : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০ জুন, ২০১১ সাপেক্ষে মুর্শিদাবাদ জেলায় 'রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুতায়ন প্রকল্প'-এ মোট কতগুলি বি.পি.এল. তালিকাভুক্ত পরিবারকে বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হয়েছে (ব্লকভিত্তিক হিসেব-সহ) ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩০ জুন, ২০১১ সাপেক্ষে মুর্শিদাবাদ জেলায় 'রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুতায়ন প্রকল্প'-এ মোট ৬৩,৭৩৩টি বি.পি.এল. পরিবারে বিদ্যুৎ সংযোগ দেওয়া সম্ভব হয়েছে। ব্লকভিত্তিক হিসাব নীচে দেওয়া হল :

NESCL / MURSHIDABAD **BLOCKWISE STATUS**

Block	Villages (No.)	Format-III (BPL Chg. Data Subm.)	No. of Energised Villages
		BPL	Vill. Count
1	2	3	4
Beldanga-1	56	1531	11
Beldanga-2	62	4561	19
Berhampore	132	5303	17
Bhagawangola-1	52	1895	14
Bhagawangola-2	58	909	10
Hariharpara	56	3268	18
Lalgola	82	3091	11
Murshidabad-Jiaganj	122	3028	39
Nabagram	109	4457	34
Nawda	28	1793	13
Domkal	75	2837	17
Jalangi	43	2225	13
Raninagar-I	58	2470	15
Raninagar-II	30	3022	9
Bharatpur-1	80	2533	24
Bharatpur-2	52	1824	12
Burdwan	155	2237	35
Kandi	84	1308	17
Khargram	138	5261	27
Farakka	55	1532	17
Raghunathganj-I	57	1274	16
Raghunathganj-II	40	1865	9
Sagardighi	160	2395	35
Samserganj	31	1111	9
Suti-I	44	1156	6
Suti-II	36	847	7
26	**1735**	**63733**	**454**

মুর্শিদাবাদ জেলায় পানীয় জল প্রকল্প

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬০৯) **শ্রী তোয়াব আলি** : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কোন কোন পৌরসভার পানীয় জল সরবরাহ প্রকল্পের কাজ চলছে ;

(খ) উক্ত প্রকল্পগুলির কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(গ) কবে নাগাদ, উক্ত প্রকল্পগুলির কাজ সম্পন্ন হবে বলে আশা করা যায় ?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পৌরসভা এবং নগর অঞ্চলের পানীয় জল সরবরাহের কাজ সাধারণত পৌর কর্তৃপক্ষ এবং নগরীয় স্থানীয় প্রতিষ্ঠানের আওতাভুক্ত। যাই হোক, জনস্বাস্থ্য কারিগরী দপ্তর মুর্শিদাবাদ জেলার চারটি পৌরসভা বাল্ক জল সরবরাহের সঙ্গে যুক্ত।

১। মুর্শিদাবাদ পৌরসভা
২। জিয়াগঞ্জ-আজিমগঞ্জ পৌরসভা
৩। জঙ্গিপুর পৌরসভার পশ্চিম অংশ
৪। বেলডাঙ্গা পৌরসভা।

(খ) উপরি উক্ত প্রকল্পগুলির কাজ প্রায় সম্পন্ন হওয়ার মুখে।

(গ) মুর্শিদাবাদ পৌরসভার নভেম্বর—২০১১, জিয়াগঞ্জ-আজিমগঞ্জ পৌরসভার পূর্ব অংশ নভেম্বর—২০১১, জিয়াগঞ্জ-আজিমগঞ্জ পৌরসভার পশ্চিম অংশ মার্চ—২০১২ এবং জঙ্গিপুর পৌরসভার পশ্চিম অংশ ডিসেম্বর—২০১১ নাগাদ সম্পন্ন হবে বলে আশা করা যায়।

বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প

২০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৪) **শ্রী সুনীলকুমার মণ্ডল** : উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পে টাকার বরাদ্দ বৃদ্ধির কোনো প্রস্তাব কি সরকার বিবেচনা করছেন ; এবং

(খ) উক্ত প্রকল্পে বরাদ্দকৃত অর্থ খরচ করার ক্ষেত্রে বিধায়করা টেণ্ডার ডেকে কম সময়ের মধ্যে কাজ সম্পূর্ণ করতে পারেন কি ?

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১০-১১ আর্থিক বছরে বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পে আর্থিক বরাদ্দ ৫০ লক্ষ টাকা থেকে বেড়ে ৬০ লক্ষ টাকা হয়। ২০১১-১২ আর্থিক বছরে এই প্রকল্পে বরাদ্দ বৃদ্ধির কোনো প্রস্তাব উন্নয়ন ও পরিকল্পনা দপ্তরের কাছে রাখা হয়নি।

(খ) বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পে বরাদ্দকৃত অর্থ ব্যয় করার ক্ষেত্রে বিধায়করা টেন্ডার আহ্বান করতে পারেন না। কোনো প্রকল্প রূপায়ণের লক্ষ্যে সরকারি তরফ থেকে টেন্ডার আহ্বান করা হয়। বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প নির্দেশিকার ২.৯ অনুচ্ছেদ অনুসারে "রাজ্য সরকারের কোনো কর্ম প্রকল্প সম্পাদনের জন্য যে সাধারণ নিয়মনীতি মেনে চলা হয়, এই প্রকল্প সম্পাদনের ক্ষেত্রে তা মেনে চলতে হবে।"

কারখানা কর্তৃক দূষণ

২১। (অনুমোদিত প্রশ্ন নং ৭১১) শ্রী **অপূর্ব সরকার** : পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০ জুন, ২০১১ তারিখ সাপেক্ষে এই রাজ্যের কোন কোন কারখানার বিরুদ্ধে দূষণ সংক্রান্ত অভিযোগ পাওয়া গেছে ; এবং

(খ) কতগুলি কারখানার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১ জুলাই, ২০১০ থেকে ৩০ জুন, ২০১১ তারিখ সাপেক্ষে মোট ৯৫৬টি সংস্থার বিরুদ্ধে দূষণ সংক্রান্ত অভিযোগ পাওয়া গেছে।

(খ) ৩৯৫টি কারখানার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং ১২৬টি সংস্থার বিরুদ্ধে কারখানা বন্ধের নির্দেশিকা জারী করা হয়েছে।

প্লাস্টিকমুক্ত শহর

২২। (অনুমোদিত প্রশ্ন নং ৭১৯) শ্রী **অপূর্ব সরকার** : পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০ জুন, ২০১১ তারিখ সাপেক্ষে এই রাজ্যে নিষিদ্ধ প্লাস্টিকমুক্ত শহরের সংখ্যা কত ; এবং

(খ) ৪০ মাইক্রন-এর নীচে প্লাস্টিক ব্যবহারের জন্য উক্ত তারিখ পর্যন্ত কতজনের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সুন্দরবন অঞ্চল-সহ রাজ্যের বনাঞ্চল, সমুদ্র উপকূলবর্তী অঞ্চল, দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চল এবং শিলিগুড়ি মহকুমা ও জলপাইগুড়ি জেলাস্থিত শিলিগুড়ি পুরনিগম এলাকায় সব রকমের প্লাস্টিক ক্যারিব্যাগের ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ করা হয়েছে।

ইতিমধ্যেই রাজ্যের ৪০টি ঐতিহ্যমণ্ডিত স্থান ও পর্যটন কেন্দ্রে সমস্ত রকমের প্লাস্টিক ক্যারিব্যাগের ব্যবহার নিষিদ্ধ করা করা হয়েছে।

(খ) ২০১০ সালে ১৩৮টি সংস্থার বিরুদ্ধে আইন ভঙ্গের অভিযোগে শুনানীর আয়োজন করা হয়েছে। সম্প্রতি ১৫টি সংস্থার বিরুদ্ধে প্লাস্টিক বর্জ্য (ব্যবস্থাপনা ও ব্যবহার) আইন, ২০১১ লঙ্ঘনের অভিযোগে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

আর্সেনিকমুক্ত পানীয় জল

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭২৭) **শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ** : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

করিমপুর বিধানসভা এলাকায় আর্সেনিকমুক্ত পরিস্রুত পানীয় জল সরবরাহের জন্য কিরূপ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

করিমপুর বিধানসভা এলাকায় আর্সেনিকমুক্ত পরিস্রুত পানীয় জল সরবরাহের জন্য ইতিমধ্যে জনস্বাস্থ্য কারিগরী দপ্তর নলবাহিত জল সরবরাহ প্রকল্পের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। করিমপুর-১ নং ব্লকের অন্তর্গত ৬৫টি গ্রামকে এবং করিমপুর-২ নং ব্লকের ৬টি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ৬০টি গ্রামকে আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহের আওতাভুক্ত করা হয়েছে।

উল্লিখিত সম্পূর্ণ এবং নির্মীয়মাণ নলবাহিত প্রকল্পের বিস্তারিত তথ্য নিম্নে দেওয়া হল :

Block Karimpur-I

Sl. No.	Name of piped water supply schemes	Estimated cost (Rs. in lakh)	No. of villages covered	Total Pop covered (2001)	Remarks
List of Commissioned PWSS					
1.	Andharkota	124.38	1	12780	
2.	Karimpur	29.30	4	29634	
3.	Karimpur-Jalangi	442.83	17	46937	Commissioned
4.	Arabpur	225.77	10	8467	
5.	Baruipara	413.01	10	26634	
	Total	**1235.29**	**42**	**124452**	
List of Ongoing PWSS					
1.	Ber Ramchandrapur	234.81	6	6749	Expected to be commissioned by March 2012 (subject to availability of power connection)
2.	Madhugari	188.16	3	5426	
3.	Muktadaha	178.95	9	10388	
4.	Uttar Tajpur	181.66	5	6444	
	Total	**783.58**	**23**	**29007**	

Block Karimpur-II

Sl. No.	Name of piped water supply schemes	Estimated cost (Rs. in lakh)	No. of villages covered	Total Pop covered (2001)	Remarks
List of Commissioned PWSS					
1.	Dhoradaha	107.00	2	12506	
2.	Dogachi	88.30	1	18313	
3.	Mahisbathan	62.60	3	14616	
4.	Narayanpur	105.30	2	12091	Commissioned
5.	Karimpur-Jalangi	290.17	7	30756	
6.	Madhpur	182.16	5	4575	
7.	Topla	289.42	4	13462	
	Total	**1124.95**	**24**	**106319**	
List of Ongoing PWSS					Expected to be commissioned by **March, 2012** (subject to availability of power connection)
1.	Anandapur	176.18	3	8317	
2.	Fazilnagar	393.57	4	17012	
3.	Kisorepur	146.37	7	8778	
4.	Teinpur	600.25	14	15913	
5.	Thanapara	432.52	8	24167	
	Total	**1748.89**	**36**	**74187**	

মুর্শিদাবাদ জেলায় রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ প্রকল্প

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৩) **শ্রীমতী প্রতিমা রজক :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০শে জুন, ২০১১ সাপেক্ষে মুর্শিদাবাদ জেলায় বড়েঞা থানার অন্তর্গত মোট কতগুলি মৌজায় 'রাজীব গান্ধী বিদ্যুৎ যোজনায়' বিদ্যুৎ সংযোগ দেওয়া সম্ভব হয়েছে ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩০শে জুন, ২০১১ সাপেক্ষে মুর্শিদাবাদ জেলায় বড়েঞা ব্লকের অন্তর্গত মোট ৩৫টি গ্রামে 'রাজীব গান্ধী বিদ্যুৎ যোজনায়' বিদ্যুৎ সংযোগ দেওয়া সম্ভব হয়েছে।

পরিবেশ সংক্রান্ত গবেষণা কেন্দ্র

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৩) **শ্রী হুমায়ুন কবীর :** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমানে রাজ্যে মোট কতগুলি পরিবেশ সংক্রান্ত গবেষণা কেন্দ্র চালু আছে ?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বর্তমানে পরিবেশ বিভাগের অধীনে :

(১) দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ পরিচালিত পশ্চিমবঙ্গে মোট ছয়টি পরিবেশ বিষয়ক গবেষণাগার আছে এবং এ ছাড়াও পর্ষদ কুড়িটি পরিবেশ বিষয়ক গবেষণা কেন্দ্রকে স্বীকৃতি প্রদান করেছে।

(২) পরিবেশ সমীক্ষা ও জলাভূমি ব্যবস্থাপন প্রতিষ্ঠান (আই ই এস ডব্লিউ এম) পরিচালিত চারটি গবেষণাগার আছে।

(৩) পশ্চিমবঙ্গ জীববৈচিত্র্য পর্ষদ (ডব্লিউ বি বি বি) পরিচালিত একটি গবেষণাগার আছে।

(৪) পূর্ব কলকাতা জলাভূমি ব্যবস্থাপন কর্তৃপক্ষ (ই কে ডব্লিউ এম এ) পরিচালিত একটি গবেষণাগার আছে।

চা-বাগানকেন্দ্রিক পর্যটন শিল্প

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৯) **শ্রী হুমায়ুন কবীর** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চা-বাগান এলাকাগুলিকে নিয়ে পর্যটন শিল্প তৈরির পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কিরূপ ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) আছে।

(খ) কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায় উত্তরবঙ্গের চা-বাগান এলাকায় 'টি ট্যুরিজম সার্কিট' প্রকল্পের কাজ চলছে এবং কয়েকটি চা-বাগান কর্তৃপক্ষের কাছ থেকে তাদের চা-বাগানগুলির একটি অংশে পর্যটন প্রকল্প গড়ে তোলার প্রস্তাব বিবেচনাধীন রয়েছে।

Number of MIG / LIG Flats

27. (Admitted Question No. 775) **Shri Md. Ghulam Rabbani :** Will the Minister-in-charge of the Housing Department be pleased to state—

(a) Number of LIG / MIG flats vacant as on 30.06.2011 ; and

(b) Number of applications received in this regard as on 30.06.2011 ?

Will the Minister-in-charge of the Housing Department :

(a) 63 No.s LIG / MIG flats are vacat at present.

(b) Total Nos. of applications received in this regard are 74980 for MIG, HIG, LIG, IHE and SCP Housing Estate in Kolkata, Howrah, Hooghly, Durgapur & Burdwan among 74980 applicants 1070 have been allotted till 31.05.2011. Pending applications are 73910.

আই.সি.ডি.এস. কেন্দ্র

২৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮১) শ্রী উমাপদ বাউড়ি : নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় ৩১শে জুলাই, ২০১১ পর্যন্ত আই.সি.ডি.এস. কেন্দ্রের সংখ্যা কত (ব্লকভিত্তিক হিসাব-সহ) ; এবং

(খ) উক্ত কেন্দ্রগুলিতে কর্মরত কর্মীর সংখ্যা কত ?

নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পুরুলিয়া জেলায় ৩১শে জুলাই, ২০১১ পর্যন্ত চালু আই.সি.ডি.এস. কেন্দ্রের সংখ্যা ৪,৭০৪ (ব্লকভিত্তিক সংখ্যা নীচে দেওয়া হল)।

Sl. No.	Name of the Project	Sanctioned AWC	Operational AWC	AWW in position as on (31.07.11)	Remarks	AWW in position as on (31.07.11)	Remarks
1.	Manbazar-I	226	226	224		226	
2.	Manbazar-II	195	194	194		193	
3.	Balarampur	362	362	341		341	
4.	Hura	280	278	276		254	
5.	Kashipur	559	551	514		512	
6.	Puncha	241	241	241		208	
7.	Santuri	164	164	162		156	
8.	Burdwan	264	264	264	Honorarium held up for 9 AWWs	264	
9.	Para	272	245	237		260	
10.	Raghunathpur-I	187	187	185		186	
11.	Neturia	206	187	180		171	
12.	Purulia-II	215	215	202		215	
13.	Raghunathpur-II	223	199	195		195	
14.	Joypur	169	156	162		106	
15.	Purulia-I (NGO)	186	167	166		103	
16.	Arsha	217	217	213	Honorarium held up for 34 AWWs	215	Honorarium held up for 63 AWWs
17.	Jhalda-I	185	185	178		122	
18.	Jhalda-II	189	189	176		79	
19.	Bagmundi	193	169	161		103	
20.	Barabazar	235	235	231		228	
21.	Purulia (U)	77	73	73		72	
	Total	4845	4704	4575		4209	

(খ) উক্ত কেন্দ্রগুলিতে কর্মরত কর্মীর সংখ্যা (৩১-০৭-২০১১) পর্যন্ত নিম্নরূপ :
অঙ্গনওয়াড়ি কর্মী ৪,৫৭৫ জন।
অঙ্গনওয়াড়ী সহায়িকা ৪,২০৯ জন।

আর্সেনিক কবলিত ব্লক

২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮৮) **শ্রী আব্দুর রহিম বক্সী** : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের আর্সেনিক কবলিত ব্লকের সংখ্যা কত ; এবং

(খ) উক্ত ব্লকগুলিতে আর্সেনিকমুক্ত বিশুদ্ধ জল সরবরাহের কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে / হচ্ছে ?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যের ৮টি জেলার মধ্যে ৭৯টি ব্লক আর্সেনিক আক্রান্ত (মালদা, মুর্শিদাবাদ, নদিয়া, বর্ধমান, দক্ষিণ ২৪-পরগনা, উত্তর ২৪-পরগনা, হাওড়া, হুগলী)।

(খ) পশ্চিমবঙ্গের জনস্বাস্থ্য কারিগরী বিভাগ নির্ধারিত ২৫৬৮.৮৯ কোটি টাকার একটি ব্যাপক মহা পরিকল্পনা তৈরি করেছে, যা আর্সেনিক আক্রান্ত ৭৯টি ব্লকে আর্সেনিকমুক্ত বিশুদ্ধ জল সরবরাহ করবে। ১২টি বৃহৎ ভূতল জল ভিত্তিক পরিকল্পনা এবং ৩৩৮টি আর্সেনিকমুক্ত গভীরতর ভূগর্ভস্থ জলস্তর থেকে জল উত্তোলন ও সরবরাহ পরিকল্পনা আর্সেনিক রিমুভ্যাল প্ল্যান্টসহ এবং ছাড়া মহা পরিকল্পনায় প্রকাশ হয়েছে।

পূর্বোক্ত ১১টি মাস্টার প্ল্যান যেগুলি এখন শেষ হয়েছে বিশুদ্ধ জল সরবরাহের জন্য সেগুলি হল :

নদীয়া জেলার অন্তর্গত ১১টি বিশুদ্ধ ভূতল জল সরবরাহ, মালদা জেলার অন্তর্গত ২টি বিশুদ্ধ ভূতল জল সরবরাহ এবং বর্ধমান জেলার অন্তর্গত ১টি ভূতল জল সরবরাহ মহা পরিকল্পনার অন্তর্গত ১৯টি ভূতল জল সরবরাহ প্রকল্প বিভিন্ন জেলায় সমাপ্ত করা হয়েছে। অনেকগুলি ভূতল জল সরবরাহ প্রকল্প তৈরি করা হয়েছে, কিন্তু বিদ্যুৎ সংযোগের অসুবিধার জন্য যা বাস্তবে রূপায়িত হচ্ছে না। জুন, ২০১২-এর মধ্যে সমস্ত মহা পরিকল্পনা শেষ হবে বলে আশা করা যাচ্ছে।

সংক্ষেপে ৭৯টি ব্লকের জেলাভিত্তিক আর্সেনিক প্রভাবিত এলাকার মহা পরিকল্পনা পরের পৃষ্ঠায় উল্লেখ করা হল :

District	Surface Water Based Piped Water Supply Scheme					Ground Water Based Piped Supply Scheme with / without ARP					Provision of ARP in Ground Water Based Piped Water Supply Scheme					Grand Total (Rs. Lakh)
	No. of Scheme	No. of mouzas covered	Population (Lakh)		Cost (Rs. Lakh)	No. of Scheme	No. of mouzas covered	Population (Lakh)		Cost (Rs. Lakh)	No. of Scheme	No. of mouzas covered	Population (Lakh)		Tentative Cost (Rs. Lakh)	
			census (2001)	Design				census (2001)	Design				census (2001)	Design		
North 24-Pgs.	1	321	8.025	12.79	37624.00	70	394	8.969	14.719	22403.66	57	248	7.97	10.16	2159.41	62187.07
Nadia	3	484	12.977	20.48	46718.96	106	556	14.861	22.899	32792.37	59	232	10.29	13.34	2668.15	82179.48
Murshi-dabad	4	322	8.427	13.83	38003.39	117	425	14.946	23.642	33743.95	38	124	8.4	10.31	24.29.41	74176.75
Malda	2	48	0.666	1.03	2930.95	27	57	1.880	3.042	6324.95	8	39	1.47	1.8	810.89	10066.79
Howrah						1	1	0.034	0.056	128.91						128.91
Hooghly						7	25	0.400	0.649	1171.12						1171.12
Burdha-man	1	62	1.144	1.79	3978.00	10	13	0.259	0.240	867.50						4845.50
South / North 24-Pgs.	1	154	4.003	6.57	21932.00						3	20	0.71	1.01	201.37	22133.37
	12	1391	35.242	56.48	151187.30	338	1471	41.349	65.427	97432.46	165	663	28.84	36.62	8269.23	256888.99

মুর্শিদাবাদ জেলায় পর্যটন শিল্প

৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৯৭) শ্রীমতী শাওনী সিংহরায় : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মুর্শিদাবাদ জেলায় পর্যটন শিল্পকে ঢেলে সাজাবার জন্য রাজ্য সরকার কী কী পরিকল্পনা গ্রহণ করেছে / করছে ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

মুর্শিদাবাদ জেলায় পর্যটন শিল্পের উন্নতিকল্পে নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে :

(১) কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায় তিনটি সার্কিট পর্যটন প্রকল্প গড়ে তোলা হচ্ছে। প্রকল্পগুলির নাম :

(ক) ইসলামপুর-লালবাগ-জিয়াগঞ্জ সার্কিট পর্যটন প্রকল্প।

(খ) আহিরন-সুভাষদ্বীপ-সাগরদীঘি-নবগ্রাম সার্কিট পর্যটন প্রকল্প।

(গ) কাঁদি-কর্ণসুবর্ণ-বহরমপুর সার্কিট পর্যটন প্রকল্প।

(২) ওয়াসিফ মঞ্জিল প্রাসাদ সংস্কারের কাজ চলছে।

(৩) হাজারদুয়ারীতে লাইট অ্যান্ড সাউন্ড প্রদর্শনীর ব্যবস্থা হচ্ছে।

(৪) হাজারীবাগ ও জিয়াগঞ্জ-আজিমগঞ্জকে ঘিরে একটি বিশেষ 'মুর্শিদাবাদ উৎসব'-এর পরিকল্পনা নেওয়া হচ্ছে।

শব্দদূষণ প্রতিরোধে গৃহীত পদক্ষেপ

৩১। (অনুমোদিত প্রশ্ন নং ৮১২) শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা : পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

শব্দদূষণ প্রতিরোধকল্পে রাজ্য সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে / করছে ?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(১) উৎসবের দিনগুলিতে শব্দ সীমা যাতে নিয়ন্ত্রণের মধ্যে থাকে সেই বিষয়টি পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ সুনিশ্চিত করে থাকে। শব্দ দূষণ আইনভঙ্গের জন্য আইনভঙ্গকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।

(২) প্রতি বছর উৎসবের দিনগুলিতে, বিশেষ করে কালীপুজোর আগে বিভিন্ন আতসবাজি তৈরির কারখানা ও গুদামঘর পরিদর্শন করা হয়ে থাকে। বেআইনি আতসবাজি তৈরির কারখানা ও গুদামঘরের বিরুদ্ধে যথাযথ আইনি ব্যবস্থা নেওয়া হয়ে থাকে।

উৎসবের দিনগুলিতে পর্ষদ তার মুখ্য কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়গুলিতে একটি করে কন্ট্রোলরুম খোলে যেখানে শব্দদূষণের বিরুদ্ধে সাধারণ নাগরিক অভিযোগ জানাতে পারে এবং অভিযোগ পাওয়া মাত্রই তার প্রতিকারের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করে থাকে।

(৩) এ ছাড়া রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, কলকাতা ও রাজ্য পুলিশের আধিকারিকদের শব্দদূষণ ও তার পরিমাপ ও নিয়ন্ত্রণের ব্যাপারে নিয়মিত প্রশিক্ষণ দিয়ে থাকে।

(৪) রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ, পরিবহন দপ্তর, কলকাতা ও রাজ্য পুলিশ মিলিতভাবে রাস্তায় যানবাহনের অপরিমিত হর্ন ব্যবহার বন্ধের উদ্দেশ্যে নিয়মিতভাবে প্রচার ও নজরদারী করে থাকে।

(৫) বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা, বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে শব্দদূষণের বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন সভার আয়োজন করা হয়ে থাকে।

LIG / MIG FLATS in KMDA Area

32. (Admitted Question No. 825) **Shri Manturam Pakhira :** Will the Minister-in-charge of the Housing Department be pleased to state—

(a) Number of LIG / MIG flats ready for distribution in KMDA area ; and

(b) the details thereof ?

Minister-in-charge of the Housing Department :

(a) (a) 36 nos. LIG and 6 nos. MIG flats in KMDA area are ready for distribution at present.

(b) Housing Department, Government of West Bengal allot LIG / MIG flats to the common people through the Office of Estate Manager, Estate Directorate under the administrative control of Housing Department and these are being allotted on the basis of the seniority of applications submitted by the people. LIG / MIG flats are meant for the people belonging to all categories having the requisite income eligibility earmarked by the Government time to time. Usually LIG flats consist of 1/2 rooms and MIG flats of 2/3 rooms. But the number of LIG / MIG flats are very much insufficient in compression with the need. The Government of West Bengal is taking steps for construction of such flats in different Districts of West Bengal on urgent basis.

পশ্চিম বড়িশা আবাসনে পানীয় জলের ব্যবস্থা

৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৮) শ্রী মন্টুরাম পাখিরা : আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পশ্চিম বড়িশা সরকারি আবাসনে পানীয় জলের সরবরাহের জন্য সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছে / করছে ?

আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

পশ্চিম বড়িশা সরকারি আবাসনের পানীয় জল সরবরাহ আবাসন দপ্তরের নিজস্ব ৩টি গভীর নলকূপের মাধ্যমে করা হয়। ভবিষ্যতে পানীয় জল সরবরাহ সুনিশ্চিত করতে কলকাতা পুরসভার বরো নং ১৪-এর কাছে আবেদন জানানো হয়েছে।

বেলডাঙ্গায় আর্সেনিকমুক্ত পানীয় জল প্রকল্প

৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬৫) শ্রী সফিউজ্জামান : জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বেলডাঙ্গা বিধানসভা কেন্দ্রে আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহের জন্য কোনো পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, গ্রহণ করা হয়েছে।

(খ) বেলডাঙ্গা—১ নং ব্লকের অন্তর্গত সকল ৫৫টি গ্রামে আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহের লক্ষ্যে প্রকল্পের প্রাথমিক কাজ, যথা—সমীক্ষা, অনুসন্ধান, জমি অধিগ্রহণের কাজ যথাযথভাবে শুরু হয়েছে। ২০১৩ সালের জুন মাস নাগাদ সম্পন্ন হবে বলে আশা করা যায়।

[12.00—12.05 p.m.]

NOTICE OF CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received five notices of Colling Attention on the following subjects, namely :

	Subject		Name
i)	Proposal for construction of a bridge at Lakhiaghat in Harishchandrapur Block-II	:	Shri Tajmul Hossain
ii)	Death of some people in the recent flood in the State	:	Shri Subhas Naskar
iii)	Suspension of work at Texmaco in Agarpara and situation arisen therefrom	:	Shri Kashinath Mishra & Shri Manturam Pakhira
iv)	Deplorable condition of health sub centres in Burdwan district	:	Shri Sunil Kumar Mondal
v)	Absorption of non-formal teachers in Purulia district	:	Shri Nepal Mahata

I have selected the notice No. 1 of Shri Tajmul Hossain on the subject of Proposal for construction of a bridge at Lakhiaghat in Harishchandrapur Block-II.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

শ্রী পার্থ চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, তজমুল হোসেন কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীর সঙ্গে কথা বলে এই সভায় তাঁর বক্তব্য পেশ করতে অনুরোধ জানাব।

MENTION CASES

শ্রী জটু লাহিড়ী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হাওড়া কর্পোরেশনের ৯ নং ওয়ার্ডে বেনারস রোডে পি ২৮ বেনারস রোড, সেখানে ভিক্টোরিয়া আয়রন ওয়ার্কস এই কারখানার পাশ দিয়ে একটা খাল বর্তমানে যেটা হাওড়া কর্পোরেশনের hydrant হিসাবে ব্যবহার হচ্ছে, এই ড্রেন বা একটা সময়ে যেটা খাল ছিল, এই hydrant এবং খাল প্রায় ২৪ ফুট চওড়া এবং ৫০০ ফুট লম্বা। ভিক্টোরিয়া আয়রন ওয়ার্কস এই hydrant টাকে দখল করে এবং কমপ্লিটলি তার উপরে ঢালাই করে এবং মাথার উপরে শেড করে এই কারখানাটি ওই জায়গার খাল দখল করে নিয়েছে। এইভাবে ওখানে কারখানা চলছে। বিস্তীর্ণ ২১, ২২, ২৩, ৮, ৯, হাওড়া কর্পোরেশনের এই পাঁচটা ওয়ার্ড এবং আরো সংলগ্ন এলাকায় সমস্ত ড্রেনের জল, এমনকি বর্ষার জল বিশেষ করে, টিকিয়াপাড়ার স্টেশন সংলগ্ন এলাকার জল এই hydrant দিয়ে বা খাল দিয়ে যাচ্ছে। অথচ এই কারখানা—এখানে ব্লক করে কারখানার মধ্যে ঢুকিয়ে নেওয়ার ফলে জল পাশ করছে না এবং বিগত বর্ষায় ওই বিস্তীর্ণ এলাকায় তিন ফুট, চার ফুট জল দাঁড়িয়ে যায়। লক্ষ্য করার বিষয় যে, হাওড়া কর্পোরেশনের প্রাক্তন সাংসদ, প্রাক্তন মেয়র এবং বর্তমান মেয়র, যাঁরা এই ব্যাপারে অবহিত, কোনো অজ্ঞাত কারণে, কি স্বার্থে, কি দুর্নীতি, কত টাকার বিনিময়ে এই কারখানাকে জবরদখল করার অধিকার দিয়েছেন, যেটা আমাদের কাছে বিস্ময়ের ব্যাপার। এই ব্যাপারে আপনার মাধ্যমে আমি দাবি করছি যাতে অবিলম্বে এই কারখানার—যেভাবে, অবৈধভাবে এই খাল দখল করে কারখানা করেছেন, শেড করেছেন এবং কংক্রিট করেছেন, অবিলম্বে তা খুলতে হবে। যেভাবে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি সিঙ্গুরের জমি, রাজারহাটের জমি অবৈধভাবে বিক্রিবাটা করে পার্টিফান্ড বানিয়েছে। এখানেও এই খালের জায়গা কারখানাকে দিয়ে অবৈধভাবে পার্টিফান্ডে টাকা দিয়েছে এবং সেখানকার ক্যাডাররা নিয়মিতভাবে কারখানা থেকে টাকা গ্রহণ করেন, উৎকোচ গ্রহণ করেন। যার ফলে কারখানার মালিকের এত আস্পর্ধা যে মানুষের দাবি সত্ত্বেও তিনি কিন্তু এই খাল খোলেননি। আপনার মাধ্যমে তাই আমি পৌরমন্ত্রী এবং সেচমন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি অবিলম্বে এই খালকে দখলমুক্ত করতে হবে, যাতে এলাকার ড্রেনেজের জল সুষ্ঠুভাবে বেরিয়ে যায়। তা না হলে আগামী বর্ষায় এলাকার মানুষের ভয়ঙ্কর পরিণতি ঘটবে।

ডঃ আশীষ ব্যানার্জী : স্যার, আপনার মাধ্যমে আমার রামপুরহাট বিধানসভার মহম্মদ বাজার ব্লকের কুলেটা নদীর উপর একটি ব্রীজের সংস্কারের দাবি জানাচ্ছি। কারণ দীর্ঘদিন হল সেই ব্রীজ সংস্কার না হওয়ার ফলে এতটুকু জল হলেই মানুষের সমস্ত রকম হাঁটাচলা বন্ধ হয়ে যায়। এক পাড়ের মানুষ আর এক পাড়ে শুধু যেতে পারেন না তা নয়, ম্যাডাম, এই রকম ছবিও তোলা আছে যে ঘণ্টার পর ঘণ্টা রোগীরা দাঁড়িয়ে থাকছেন, তাঁদের অ্যাম্বুলেন্স নিয়ে যেতে পারছেন না। ফলে জীবন সংশয় হয়ে যাচ্ছে। বামফ্রন্টের কৃতিত্ব তো অনেক। সুতরাং এই কৃতিত্বে একটার পর একটা পালক চাপিয়েছেন মাথার উপরে। আদিবাসী অধ্যুষিত এলাকায় আদিবাসীদের জন্য চোখের জলে বুকের গেঞ্জি ভিজিয়ে দিয়েছেন। কিন্তু কাজের কাজ কিছুই করেননি। তাই আমি আপনার মাধ্যমে আদিবাসী এলাকার এই ব্রীজটি সংস্কারের দাবি জানাচ্ছি।

শ্রী তজমুল হোসেন : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী এবং ত্রাণমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এর আগেও আমি দৃষ্টি আকর্ষণ করেছিলাম। আমার বিধানসভা এলাকার দক্ষিণ দিকে ফুলহার নদী অবস্থিত। সেই নদীতে ভয়ঙ্কর বন্যায় আক্রান্ত ব্যক্তিরা এখনও পর্যন্ত ত্রাণ পায়নি। দ্বিতীয়ত, এখনও উপরের বাসস্থান পলিথিন পর্যন্ত তারা পায়নি। তাই আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, বিস্তীর্ণ এলাকার লোক—ফুলহার নদীর দক্ষিণ দিকের প্রায় ২৫টি গ্রাম এখনও জলের তলায়। যেমন গ্রামগুলি আছে পারভালুকা, ভালুকা, চাঁদপুর, ইসলামপুর, তেলজান্না, খোপাকাটি, উত্তর ভাকুড়িয়া, দক্ষিণ ভাকুড়িয়া, রশিদপুর, কাওয়াডোল। এই সমস্ত গ্রামের আক্রান্ত পরিবারের ব্যক্তিদের জন্য এখনও পর্যন্ত স্বাস্থ্যের ব্যবস্থা নেই, জলের ব্যবস্থা নেই, চিকিৎসার ব্যবস্থা নেই, পলিথিন পর্যন্ত পায়নি। চাল, ডাল এখনও পর্যন্ত পায়নি। আপনার মাধ্যমে এর আগেরবারও জানিয়েছি যে, আমার এলাকার আক্রান্ত ব্যক্তিরা যেন ত্রাণ পায়। এর জন্য আমি দাবি জানাচ্ছি। তাছাড়া মাননীয় সেচমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে, মিহাহাটে যে ফাটল হয়েছে, সেটা সংস্কারের জন্য। আশা করি এটার জন্য অবিলম্বে অ্যাকশন নেবেন। ধন্যবাদ।

শ্রী অশোক ঘোষ : মাননীয়া উপাধ্যক্ষ ম্যাডাম, আপনার মাধ্যমে জানাচ্ছি যে, হাওড়া শহরের রাস্তাঘাট একটা অবর্ণনীয় অবস্থায় এসেছে। শুধু বর্ষা নয়, এই রাস্তাগুলির অবস্থা কয়েক বছর ধরেই খারাপ। হাওড়া পুরসভায় কোনো প্রশাসন আছে কিনা জানি না। মানুষ হাঁটতে পারছে না। বাসে গেলে নাচতে নাচতে যেতে হয়, তাই লোকে নাম দিয়েছে—হাওড়া শহরে বাসে চাপলেই উদয়শংকর রোড। দুই দিন বাদে ঈদ, ম্যাডাম আপনি বিশ্বাস করতে পারবেন না সেখানকার কি অবস্থা। পিলখানায় বাচ্চা ছেলে-মেয়েরা ঈদে আনন্দ করতে রাস্তায় বেরতে পারবে না কারণ, রাস্তাঘাট এত জলে ভর্তি এবং খানাখন্দ ভর্তি। এটি ইমিডিয়েট আজ-কালের মধ্যে হাওড়া পৌরসভায় যাঁরা ঘুমিয়ে আছেন তাঁদের বলুন কিছু করতে। এই মুহূর্তে রাস্তাঘাট যদি সংস্কার না হয় তাহলে ভয়াবহ অবস্থা হবে। আর যানজট বিশালভাবে দেখা যায়। হাওড়া থেকে মানুষ আসতে পারে না। হাওড়া স্টেশন আসতে সময় নেয় আধ ঘণ্টার উপর। এই অবস্থায় ম্যাডাম, আপনি হাওড়া পুলিশ প্রশাসনকে বলুন যাতে হাওড়া স্টেশনে আসতে যানজট না হয় সেদিকে লক্ষ্য রাখতে এবং

পিলখানা বস্তি এলাকায় কাজ করার জন্য ঘুমন্ত পৌরসভাকে জাগান। বিগত কয়েক বছর ধরে শুধু চুরি, চুরি, চুরি। টাউন হল ভেঙে গেছে, সারানো হচ্ছে না। অন্তত রাস্তাটা সারানো হোক। ধন্যবাদ।

[12.10—12.20 p.m.]

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনি আপনার পয়েন্ট থেকে বাইফারকেট করে যাচ্ছেন। আসল পয়েন্টটা বলুন।

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর কাছে একটা দাবি করতে চাইছি এবং উল্লেখ করতে চাইছি। গত ২৪ আগস্ট এই হাউসে আমি ইঞ্জিনিয়ারিংয়ে ভর্তি সংক্রান্ত বিষয়ে উল্লেখ করেছিলাম এবং সেখানে বিশেষ করে যাদবপুর বিশ্ববিদ্যালয় এবং বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটিতে যেভাবে শূন্য আসনগুলি ভর্তি করা হয়েছে সেই বিষয়ে আমি উল্লেখ করেছিলাম। আমি এটাও বলেছিলাম, এইভাবে যদি ভর্তি হয় তাহলে দুর্নীতির flood gate open হবে, একটা chaotic situation তৈরি হবে। ইতিমধ্যে এই দুটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং ছাত্ররা প্রতিবাদে নেমেছেন। কোথাও ক্লাস বয়কট হচ্ছে। যখন আমি বলেছিলাম, তখন হাউসে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী ছিলেন না। পরবর্তীকালে তাই আমি মাননীয় মন্ত্রী পার্থ চ্যাটার্জীর সঙ্গে কথা বলে আশ্বস্ত হয়েছিলাম। কিন্তু দেখলাম, উচ্চ শিক্ষা দপ্তর একই রকমভাবে পদক্ষেপ গ্রহণ করেছে এবং ভর্তি প্রক্রিয়া চালু রাখার চেষ্টা করেছে। এটা আমাকে হতাশ করেছে। এর ফলে কোয়ালিটি উইল বি কমপ্রোমাইসড এবং এতে উৎকর্ষ মার খাবে। আমার বক্তব্য হল, একটা বিশ্ববিদ্যালয়ে কাকে পড়ানো হবে, কে পড়াবেন এবং কি পড়ানো হবে এটা সম্পূর্ণ বিশ্ববিদ্যালয়ের বিষয়, কারণ এটা একটা অ্যাকাডেমিক ইস্যু, এখানে গভর্নমেন্টের কোনো কিছু করার থাকতে পারে না, তাতে বিশ্ববিদ্যালয়ের স্বাধিকার বিনষ্ট হয়। যখন প্রেসিডেন্সি কলেজের উৎকর্ষের কথা ভাবছি, এখানে প্রেসিডেন্সি কলেজের ex student alumi অনেকে আছেন। যাদবপুর এবং BESU-এর মতো front ranking দুটো ইউনিভার্সিটিতে এইভাবে ভর্তির পদক্ষেপ নিয়ে আমরা কেন সেখানে একটা chaotic situation তৈরি করব এবং ইতিমধ্যে এখানে প্রতিবাদ সংঘটিত হচ্ছে cutting across political opinion । তাই মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীকে আমি অনুরোধ করব, তিনি যেন এই বিষয়ে কোনো বক্তব্য এখানে রাখেন। ধন্যবাদ।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি আপনার মাধ্যমে আমাদের এই মন্ত্রীসভা তথা পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার সর্বত্রই রাস্তাঘাটগুলির যে হাল হয়েছে সেটা দীর্ঘদিন ধরে এগুলির রক্ষণাবেক্ষণ না হওয়ার জন্য হয়েছে। ইন্দাস, সোনামুখী, বড়জোড়া ইত্যাদি বিভিন্ন জায়গার রাস্তাঘাটের বেহাল অবস্থা। সবচেয়ে বড়ো দুঃখের কথা হল, কেন্দ্রের দেওয়া টাকা নিয়েও বামফ্রন্ট সরকার এগুলি করতে পারেনি। ৬০ এবং ৬৮ নম্বর জাতীয় সড়কের আজ পর্যন্ত যে অবস্থা হয়েছে তাতে ভয়ঙ্করভাবে দুর্ঘটনা ঘটে যাবে। বাঁকুড়ার রাস্তাঘাটের যে বেহাল অবস্থা সেটা আমি কয়েকদিন আগেও বলেছিলাম

যে, আজকে পুরো মাছ চাষ করুন বা ধান চাষ করুন রাস্তাতে, আবার বলছি যে, আপনারা যদি আজকে সেখানে বামফ্রন্টের এই কৃতকর্মের ফল জনসাধারণ যে ভোগ করছে সেটাকে আমাদের পূর্তমন্ত্রী মহাশয় আজকে অবিলম্বে এটা ব্যবস্থা গ্রহণ করে বাঁকুড়ার রাস্তাঘাট এবং জাতীয় সড়কগুলি মেরামতের ব্যবস্থা করলে আমরা বাধিত হব।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, এটা খুবই গুরুত্বপূর্ণ বিষয় যে, সারা রাজ্যে সবজি-সহ প্রতিটা নিত্যপ্রয়োজনীয় জিনিসের যে মূল্যবৃদ্ধি হয়েছে তাতে আক্রান্ত হচ্ছে বাংলার মানুষ। মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি নিজেও বাজারে গিয়ে দেখেছেন কি পরিমাণে সবজি-সহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বৃদ্ধি পেয়েছে। আমি উল্লেখ করতে চাই যে, এখানে একটা সময়ে মাননীয়া মুখ্যমন্ত্রী এন.ডি.এ.-এর সঙ্গে যখন যুক্ত ছিলেন, তখন এই জিনিসপত্রের মূল্যবৃদ্ধি রোধের ক্ষেত্রে তিনি অত্যাবশ্যকীয় পণ্য আইন—এই আইন শিথিল করেছিলেন। এবারে তিনি ইউ.পি.এ. গভর্নমেন্টের দ্বিতীয় বৃহত্তম শক্তি এবং আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী, তিনি এই যে প্রত্যেকটি জিনিসপত্রের অগ্নিমূল্য, সেই অগ্নিমূল্যের ফলে যাতে এটাকে রোধ করা যায় এবং কালোবাজারি বন্ধ করতে এবং অস্বাভাবিক মূল্যবৃদ্ধি রোধ করতে তিনি যাতে কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করে যাতে অত্যাবশ্যকীয় পণ্য আইন কঠোর হাতে নেন তার জন্য আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

ম্যাডাম ডেপুটি স্পীকার : অনারেবল মেম্বার, আপনারা শুনলে খুশি হবেন যে, এই প্রথম বোধহয় বাংলার কোনো মুখ্যমন্ত্রী বাজারে বাজারে ঘুরছেন মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণ করার জন্য। তিনি কোলে মার্কেট পরিদর্শন করেছেন, গতকাল খিদিরপুর বাজারে গিয়েছিলেন এবং আরও একটি বাজার তিনি পরিদর্শন করছেন। কিন্তু আপনারা জানেন যে, অতি বর্ষণের ফলে সবজিগুলো কিছু মজুতদারদের কাছে মজুত থাকে। ফলে এই প্রাইস রাইস হাই হচ্ছে। অনারেবল চিফ মিনিস্টার ইজ অলসো ওরিড অ্যাবাউট দিস ম্যাটার এবং তিনি চেষ্টা করছেন মূল্যবৃদ্ধিকে নিয়ন্ত্রণে আনার।

শ্রী নির্মলচন্দ্র মণ্ডল : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি আপনার মাধ্যমে পরিবেশমন্ত্রী তথা সরকারের কাছে একটি বিষয়ে উল্লেখ করছি। এই বিষয়টি কার্যকরী করার জন্য আমি আপনার কাছে পিটিশনটা দেব। তবে আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে, আমাদের পশ্চিমবাংলা বিশেষ করে, আমার বারুইপুর পূর্ব এলাকায় এবং এমনকি স্পীকারের এলাকা বারুইপুর পশ্চিম অঞ্চলের হাজার হাজার মানুষ আতসবাজি শিল্পের সঙ্গে নিযুক্ত আছেন। আবার বিশেষ করে, বারুইপুর পূর্বে প্রায় ২৫ হাজার থেকে ৩০ হাজার মানুষ বাজি শিল্পের সঙ্গে নিযুক্ত। এরা যখন বাজি শিল্প শুরু হয় ১৯৯৬ সালের আগে, তখন আমাদের শব্দস্তরের কোনো মানদণ্ড ছিল না। পরবর্তীকালে ১৯৯৬ সালে একটা মামলা হয় এবং সেই মামলায় ৬৫ ডেসিবেল এটা মামলায় রায় হয়েছিল এবং এর বিরুদ্ধে মামলা করার পরে সেখানে এটা বিয়ন্ড লেভেলে স্তর বাড়ানোর জন্য কোর্ট বলেছিল। পরবর্তীকালে আমরা দেখছি আমাদের পশ্চিমবাংলায় ৯০ ডেসিবেল শব্দস্তর, এটাকে কার্যকরী রেখেছেন। আমার বক্তব্য ম্যাডাম, সারা ভারতবর্ষে যেখানে প্রত্যেকটি স্টেটে—আমাদের পশ্চিমবঙ্গ ভারতবর্ষের

বাইরে নয়, কাজে কাজেই পশ্চিমবঙ্গ ছাড়া সমস্ত ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে ১২৫ ডেসিবেল সেখানে রয়েছে। আমি প্রত্যেকটি রাজ্যের কাগজ আপনাকে দিয়ে দেব। এটা নিয়ে সুপ্রিম কোর্ট হয়েছিল। ওরা পশ্চিমবাংলায় এটা হাইকোর্টের কাছে ফের পাঠিয়েছে। এটা নিয়ে মামলা হচ্ছে। আমার আবেদন এবং বক্তব্য অনেক আছে মেনশনে সব বলা যাবে না। আমি আমার লিখিত বক্তব্যের মধ্য দিয়ে আপনার কাছে এটা পেশ করছি। মোটামুটি এটা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে যেন কার্যকরী হয়, শুধু সোনারপুর বা বারুইপুর পূর্বের ক্ষেত্রে নয়।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনি কাগজটা আমাকে দিয়ে দেবেন আমি সংশ্লিষ্ট মন্ত্রীকে দিয়ে দেব।

[12.20—12.30 p.m.]

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ইতিমধ্যেই ১০০ দিন পেরিয়ে গেছে নতুন সরকারের। এই সরকারের আমলে সরকারি মদতে গ্রাম-গঞ্জে কিছু ভাস্কর পণ্ডিতের দল তারা পঞ্চায়েতগুলোর উপর বর্গী হামলা শুরু করে দিয়েছে। এই বর্গী হামলার ফলে পঞ্চায়েতের বেশ কিছু সদস্যকে জোর জবরদস্তি করে পদত্যাগ করানো হচ্ছে। ইতিমধ্যেই বর্ধমান জেলার মোট ২৭৭টি পঞ্চায়েতের মধ্যে ২০০ জন গ্রাম পঞ্চায়েত সদস্যকে পদত্যাগ করানো হয়েছে জোর জবরদস্তি করে। অভিযোগ পর্যন্ত নেওয়া হচ্ছে না। সরকারি মদতে ৪৫০-এর মতো গ্রাম পঞ্চায়েত কর্মীদের উপর হামলা করা হয়েছে। এমনকি ম্যাডাম আপনাকে আমি বলি, কেন্দা গ্রাম পঞ্চায়েতের প্রধানকে মাইকে রবীন্দ্রসংগীত বাজাতে বাজাতে, আগুন জ্বালো, আগুন জ্বালো গান গাইতে গাইতে গিয়ে তার গায়ে পেট্রোল ঢেলে আগুন দিয়ে পুড়িয়ে মারার ভয় দেখিয়ে তাকে পদত্যাগ করানোর চেষ্টা করা হয়েছিল। পাণ্ডবেশ্বর থানাতে এই ব্যাপারে ডাইরি করা সত্ত্বেও পুলিশ প্রশাসন কোনো ব্যবস্থা নেয়নি। গোটা বর্ধমান জেলার বিভিন্ন জায়গাতে এইভাবে জোর জবরদস্তি করে ৯০টির বেশি গ্রাম পঞ্চায়েতকে ডিফাক্ক করে রেখে দেওয়া হয়েছে। আমি ম্যাডাম আপনার মাধ্যমে আমাদের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রীর কাছে আমার আবেদন, এইভাবে গ্রাম পঞ্চায়েতগুলোর কাজকর্ম বন্ধ করে দেওয়া, জোর জবরদস্তি করে পঞ্চায়েত সদস্যদের পদত্যাগ করানো, তাদেরকে মারা এবং হুমকি যে দেওয়া হচ্ছে, ভয় দেখানো হচ্ছে তার বিরুদ্ধে যাতে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয় সেই আবেদন রাখছি।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনি পঞ্চায়েতের যে ঘটনাটা বললেন, এইরকম ঘটনা আমরা যখন এদিকে বসতাম তখন শুনেছিলাম, আদিকান্ত দোলুই বলে একজন পঞ্চায়েতের সহায়ক ছিল, তাকে পুড়িয়ে মারা হয়েছিল আর বলা হয়েছিল, কুকুরকে মারা হয়েছে। সব ঘটনাই নিন্দনীয়। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন, আমাদের দলেরও যদি কেউ অন্যায় করে তাকে শাস্তি দেওয়া হবে। এখন গৌরাঙ্গবাবু ঠিক কাকে মেনশন করলেন, পঞ্চায়েতমন্ত্রীকে না স্বরাষ্ট্রমন্ত্রীকে, আমি ঠিক বুঝতে পারলাম না। আপনি এটা লিখিত জানান, আমি নিশ্চয়ই সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে পাঠিয়ে দেব। আদিকান্ত দোলুইকে পুড়িয়ে মারা হয়েছিল। তৎকালীন

মাননীয় মুখ্যমন্ত্রী হাতজোড় করে ক্ষমা চেয়েছিলেন। ঠিক আছে, আপনি ডাইরি নাম্বার দিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে দেবেন, তিনি বলেছেন, আমাদের দলেরও যদি কেউ অন্যায় করে তিনি ক্ষমা করবেন না। কিন্তু একটা তথ্য পরিবেশন করার আগে একটা জাস্টিফাই করে বলে দেবেন।

শ্রী নেপাল মাহাত : ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ম্যাডাম আপনি জানেন, রাঁচি পুরুলিয়া রোড, যেটা ঝালদার ওপর দিয়ে গেছে, আমার বিধানসভাতে পড়ে ঝালদা পৌরসভা। এই রাস্তাটা যেমন খারাপ, তেমন পুরুলিয়া পৌরসভার টাউনের ভেতরে রাস্তাতে প্রচুর জ্যাম হয়। আমি দীর্ঘদিন ধরে মাননীয় পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আসছি সেই রাস্তাতে একটা বাইপাস করার জন্য। কারণ ওটা খুবই গুরুত্বপূর্ণ রাস্তা, ন্যাশনাল হাইওয়ের মর্যাদা পেয়েছে। তাই আপনার মাধ্যমে আমি পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, অবিলম্বে ঝালদা পৌরসভার ভেতরে টাউনের যে রাস্তা, সেই রাস্তার জ্যাম অ্যাভয়েড করার জন্য বাইপাস রাস্তা যেন করা হয়। ইতিমধ্যেই তার জায়গা এবং পরিদর্শন রেল দপ্তরের সঙ্গে পি.ডব্লিউ.ডি. রোডস একসঙ্গে সেই জায়গার ইনস্পেকশন করেছে এবং জায়গাটা দেখানো হয়ে গেছে। অবিলম্বে এর কাজ ত্বরান্বিত করা এবং প্রোজেক্ট রিপোর্ট তৈরি করে কাজ যেন শুরু হয়, সেই ব্যাপারে আপনার মাধ্যমে মাননীয় পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয়া ডেপুটি স্পীকার, আজকে আমাদের একই সঙ্গে দুঃখের দিন এবং আনন্দের দিন। আজকে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের মৃত্যুদিন। আপনারা জানেন যে, রাজ্যের মুখ্যমন্ত্রী একটা নতুন সংস্কৃতি পশ্চিমবাংলায় তুলে ধরার চেষ্টা করছেন। আমাদের বাংলার যেসব কৃতী সন্তানরা ভারতবর্ষের মুখ উজ্জ্বল করেছেন পৃথিবীর দরজায়, তাঁদের আমরা ভুলে যেতে বসেছিলাম বা ভুলিয়ে দেওয়ার চেষ্টা চলছিল। তার থেকে বের করে এনে, আজকে রাস্তায় গাড়ি দাঁড়ালে আমরা শুনতে পাচ্ছি রবীন্দ্রসংগীত। গত পরশুদিন রাজ্য সরকার কাজী নজরুল ইসলামের উপর একটা নতুন অ্যাকাডেমিও তৈরি করেছে। শিশির মঞ্চে সভা ছিল, আমরা সেখানে গিয়েছিলাম। আজকে রিসেসে মাননীয় অধ্যক্ষ মহাশয় কাজী নজরুল ইসলামের প্রতিকৃতিতে মালা দেবেন এবং সরকারিভাবে রাইটার্স বিল্ডিংসেও দেওয়া হবে। আপনাদের সবাইকে সেই সভায় বা অনুষ্ঠানে যাবার জন্য আমরা আমন্ত্রণ জানাচ্ছি।

একই সঙ্গে জানাচ্ছি যে, আজকে ধ্যানচাঁদের ১০৬তম জন্মদিন। আজকে সকালবেলা যে পদযাত্রা হয়েছিল তাতে আমি নিজে ছিলাম। ভারতবর্ষের প্রাক্তন ওলিম্পিয়ান লেসলি ক্লডিয়াস, বলবীর সিং, ভাস্করন, হরপাল সিং, বীর বাহাদুর ছেত্রী এবং ধ্যানচাঁদের ছেলে অশোককুমারও এসেছিলেন সেই পদযাত্রায়। আজকে দুঃখের বিষয় যে, পশ্চিমবাংলা থেকে হকি খেলাটা আস্তে আস্তে খুব ইনসিগনিফিকেন্ট হয়ে যাচ্ছে ক্রমশ। গুরবক্স সিং দিনের পর দিন ধর্ণা দিয়েছে একটা মাঠের জন্য। তাঁকে একটা মাঠ দেওয়া হয়েছে এই পর্যন্ত, কিন্তু সেটা এখনও খেলার উপযোগী নয়। সেখানে অ্যাস্টোটার্ফ নেই। আমি সেই অনুষ্ঠানে ছিলাম। মাননীয় ক্রীড়ামন্ত্রী এখন নেই, থাকলে তাঁকে বলতাম। পশ্চিমবাংলা এক সময় অনেক

ওলিম্পিয়ান দিয়েছে, কিন্তু সেই খেলাটা আজকে প্রায় উঠে যাচ্ছে বিভিন্ন জায়গা থেকে। স্কুল-কলেজ থেকে তো প্রায় উঠেই গেছে। আমি চাই বা আমরা সকলেই চাই, যে খেলাটা ভারতবর্ষকে চিনিয়েছিল পৃথিবীর কাছে, সেই খেলাটা পশ্চিমবঙ্গ থেকে একেবারে প্রায় বিলুপ্ত হয়ে যাচ্ছে। একে বাঁচাবার জন্য যেন যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়।

শ্রী তপন চ্যাটার্জী : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ২০০৮ সালের ৬ই জুলাই পূর্বস্থলী উত্তর বিধানসভার অন্তর্গত পারুলিয়া গ্রামে প্রতিষ্ঠিত হয়েছে পূর্বস্থলী কলেজ। প্রতিষ্ঠার সময় থেকে আজ পর্যন্ত কলেজটা নানান অব্যবস্থা, অসুবিধার মধ্যে দিয়ে চলছে। কলেজটার পরিচালন ব্যবস্থা সম্পর্কে বিভিন্ন সময়ে বিভিন্ন অভিযোগ উঠেছে। যেমন—(ক) প্রতিষ্ঠার সময় থেকেই কলেজটা বামফ্রন্ট পরিচালিত অ্যাড হক কমিটি বিভিন্ন দুর্নীতিমূলক কর্মকাণ্ডে জড়িত। (খ) নির্দিষ্ট মেধা তালিকার বাইরে থেকেও ছাত্র ভর্তির ধারা অব্যাহত। (গ) কলেজের করণিক ও চতুর্থ শ্রেণির কর্মী নিয়োগের ক্ষেত্রে অপেক্ষাকৃত কম যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিয়োগ করা হয়েছে। (ঘ) আংশিক সময়ের শিক্ষক নিয়োগের ক্ষেত্রেও যথার্থ যোগ্যতামানকে গুরুত্ব দেওয়া হয়নি। কলেজটির সামগ্রিক কর্মকাণ্ডে রাজনৈতিক ছায়া স্পষ্ট। সমস্ত বিষয়গুলোকে নিয়ন্ত্রণ করেন ভারপ্রাপ্ত অধ্যক্ষ, যিনি বিগত বিধানসভা নির্বাচনে পূর্বস্থলী উত্তর বিধানসভা কেন্দ্রে সি পি এম-এর প্রার্থী ছিলেন এবং তিনি স্থানীয় উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকও বটে। উক্ত বিষয়গুলির পরিপ্রেক্ষিতে এলাকাবাসীর চাহিদার ভিত্তিতে বিধায়ক হিসাবে আমার আবেদন, অবিলম্বে এই কলেজটার পরিচালন সমিতি গঠন করতে হবে। দুই—সমস্ত ধরনের নিয়োগের ক্ষেত্রে তদন্ত করা প্রয়োজন, যাতে দুর্নীতিগুলো প্রকাশিত হতে পারে। তিন—পঠন-পাঠনের স্বার্থে অবিলম্বে কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে পূর্ণ সময়ের শিক্ষক নিয়োগ করা প্রয়োজন। চার—কলেজটিতে কেবলমাত্র বাংলা ও ইতিহাসে অনার্স চালু হয়েছে, অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়গুলোতেও অনার্স চালু করা প্রয়োজন।

[12.30 – 12.40 p.m.]

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনি কলেজের সম্বন্ধে বলেছেন। আমরা বুঝতে পেরেছি আপনার কলেজের দুরবস্থার কথা। এখানে উচ্চশিক্ষা দপ্তরের সচিবরা আছেন আপনার ডিমান্ডস আপনি ওঁদের কাছে পৌঁছে দিন।

শ্রী তপন চট্টোপাধ্যায় : কলেজটি ঘিরে বৃহত্তর পূর্বস্থলীর অগণিত ছাত্র-ছাত্রীর শিক্ষার, উচ্চ শিক্ষার স্বপ্ন সার্থক করতে গেলে একটি রাজনীতি নিরপেক্ষ আদর্শ শিক্ষাকেন্দ্রে পরিণত হোক পূর্বস্থলী কলেজ এবং দুর্নীতিগ্রস্ত অ্যাড হক কমিটির বিরুদ্ধে তদন্ত হোক।

শ্রী আনিসুর রহমান : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, সকলে কাগজে দেখেছেন যে, আমাদের একজন খুবই প্রবীণ এবং বিধানসভার সদস্য তাঁর নাম হচ্ছে বীরেন্দ্রনারায়ণ রায়। রাজা বীরেন্দ্রনারায়ণ রায়। রাজা মারা গিয়েছেন শুক্রবার। আমরা যেমন গিয়েছিলাম, তেমনই মাননীয় অধ্যক্ষ মহোদয় তাঁর ফুলের মালা তাঁর নাম দিয়ে পাঠিয়েছিলেন এবং সেদিন

যেহেতু ক্রিমেশন হয়নি, তখন হতে পারে না, আমার ধারণা ছিল আজ সকালে বোধহয় অবিচুয়ারি হয়েছে। কিন্তু আমি তালিকা দেখলাম যে কোনো অবিচুয়ারি প্রোগ্রাম নেই। আমার মনে হচ্ছে যে, এটা হয়নি। আমি অনুরোধ করব, আগামীকাল যেন অবিচুয়ারি হয় বা আজকে করা যায় কিনা। কিংবা এর পরে কবে করা যায়।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আগামীকাল হাউস বন্ধ থাকবে। নেক্সট্ দিন যখন হাউস বসবে নিশ্চয়ই তাঁকে শ্রদ্ধা জানানো হবে। অবিচুয়ারি হবে।

শ্রী অসিত মিত্র : ম্যাডাম, আমি আমার বিষয়ে আসার আগে সরকারি দলের মাননীয় মুখ্য সচেতক শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় কাজী নজরুল ইসলামের মৃত্যুদিনে তাঁর প্রতি শ্রদ্ধা জানানোর কথা বলেছেন। আমি বলছি যে, আমরা তাঁর উদ্দেশে শ্রদ্ধা জানাব এবং আমরা সকলেই থাকব। মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আপনার মাধ্যমে আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং একই সঙ্গে এখানে উপস্থিত আছেন মাননীয় ত্রাণমন্ত্রী, কৃষিমন্ত্রী আমি তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি। বিশেষ করে ত্রাণমন্ত্রীর। সাম্প্রতিক বন্যায় দুটো জিনিস পরিলক্ষিত হয়েছে। একটা জিনিস তা হল যে, পশ্চিমবাংলায় অতিরিক্ত বৃষ্টিপাতের ফলে এই বন্যার একটি কারণ বলে মনে করা হচ্ছে। বিশেষ করে ডি.ভি.সি. জলাধার থেকে অতিরিক্ত জল ছাড়ার ফলে আগে যে বন্যা হয়েছে এবারে সেটা কন্ট্রোল করা সম্ভব হয়েছে, যেটা আগে করা যেত না। এই বিষয়ে কোথাও কোনো সন্দেহ নেই। এই ব্যাপারে রাজ্য সরকার, রাজ্য সরকারের মুখ্যমন্ত্রী, মাননীয় সেচমন্ত্রী এবং তাঁর দপ্তরের ডিজাস্টার ম্যানেজমেন্টের মন্ত্রী সকলে মিলে তাঁরা চেষ্টা করেছেন যত কম পরিমাণ জল ছাড়া যায় এবং আস্তে আস্তে তাকে রক্ষা করা যায়। তার জন্য হয়তো কিছুটা রক্ষা পেয়েছে। আমি আপনাকে শুধু একটা কথা বলি যে, হাওড়া জেলার দুটো ব্লক। একটা ব্লক উদয়নারায়ণপুর, আর একটা ব্লক হল আমতা (২)। উদয়নারায়ণপুর ব্লককে ইতিমধ্যেই বন্যাপীড়িত বলে ঘোষণা করা হয়েছে। আমার বিধানসভা কেন্দ্রের অন্তর্গত হচ্ছে আমতা (২) ব্লক। এর ১৪টি গ্রাম পঞ্চায়েত। অধিকাংশ গ্রাম পঞ্চায়েতই জলের তলায় চলে গিয়েছে। আমি কিছুক্ষণ আগে মাননীয় ত্রাণমন্ত্রী জাভেদ খানের সঙ্গে কথা বলেছি। আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যে, যেভাবে এই গ্রামগুলো জলের তলায় চলে গেছে তাঁদের যদি সত্যিকারের সাহায্য দিতে হয়, তাঁদের ত্রাণ ব্যবস্থাকে আরো বাড়াবার দাবি জানাব। ঠিক তেমনই আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করব যে, মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলি যে, বিশেষ করে ত্রাণমন্ত্রীকে যে, অবিলম্বে এই ব্লকটিকে বন্যাপীড়িত বলে ঘোষণা করা হোক, তা যদি না করা হয় তাহলে এই এলাকার যাঁরা ক্ষতিগ্রস্ত মানুষ তাঁরা সাহায্য পাবেন না। ক্ষতিগ্রস্ত কৃষি ব্যবস্থায় যে সাহায্যের পরিমাণ দেওয়ার কথা সেটাও তাঁরা পাবেন না।

শ্রী সুনীল কুমার মণ্ডল : মাননীয়া ডেপুটি স্পীকার মহাশয়া, আমি আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বর্ধমান জেলার গলসি কেন্দ্র বন্যাতে ভীষণভাবে ক্ষতিগ্রস্ত। ওখানকার জেলা পরিষদের অধীনস্থ যে সমস্ত রাস্তা আছে, সেই রাস্তাগুলি যেরকম একেবারে অচল হয়ে আছে, ঠিক তেমনি অন্যান্য

সাধারণ রাস্তাগুলিরও একই অবস্থা। আমাদের ওখানে শ্রীরামপুর থেকে কসবা যাওয়ার যে রাস্তাটি হয়েছে, সেই রাস্তাটি গ্রামের সাধারণ মানুষের প্রধান রাস্তা। সেই রাস্তাটির এমন করুণ অবস্থা যে, সেই রাস্তা দিয়ে গাড়ি সাইকেল কোনো কিছুই চলার মতো অবস্থা নেই। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর কাছে অনুরোধ করছি যে, অনুগ্রহ করে যদি এই রাস্তাটির মেরামতির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী দেবশ্রী রায় : মাননীয়া ডেপুটি স্পীকার মহাশয়া, আমি একটা প্রস্তাব রেখেছিলাম যে, কলকাতাতে একটা পশু হাসপাতাল অবশ্যই করা দরকার। শুধু কলকাতাতেই নয়, বিভিন্ন জেলায় যে পশু হাসপাতাল আছে, সেগুলিকে যাতে ব্যবহারযোগ্য করা যায় সেই ব্যাপারে দৃষ্টি দিতে হবে এবং আর একটি ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি যে, মানুষের সচেতনতা ভীষণ প্রয়োজন এবং স্পেশালি কুকুর বেড়ালের যদি জন্ম নিয়ন্ত্রণ না করা যায়, যদিও এই ৩৪ বছরে এই কাজ করা হয়নি বলে পশু নির্যাতন দিনে দিনে বেড়ে চলেছে। যেমন, মানুষ সচেতন নয় বলে তাদের বিষ খাইয়ে মারা হচ্ছে। দিনের পর দিন অ্যাসিড ঢেলে দেওয়া হচ্ছে তাদের গায়ে এবং গরম জলও ঢেলে দেওয়া হচ্ছে। মানুষ এই উপায় বেছে নিয়েছে। তাই এই সমস্ত পশুদের জন্য মানুষের খুব সচেতনতার দরকার। দ্বিতীয়ত, পুলিশরা মানুষ সংক্রান্ত বিষয় ছাড়া পশু সংক্রান্ত কোনো কেস নেয় না। তাই পুলিশদের একটু সচেতন হওয়া উচিত। এটুকুই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলাম।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতুল্লা : ম্যাডাম ডেপুটি স্পীকার মহাশয়া, আপনার মাধ্যমে আমি আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব, তিনি যে বক্তৃতা করেছেন সেই বক্তৃতাকে পরিষ্কার করার জন্য আমাদের কাছে। গত ২৮শে আগস্ট রবিবার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস ছিল। তিনি সেদিন এখানে বক্তৃতা করেছেন। তিনি বক্তৃতা করতেই পারেন। কিন্তু তিনি সেদিন সেই বক্তৃতাতে সবচেয়ে বেশি যে বিষয়ের উপরে জোর দিয়েছেন সেটা হচ্ছে, ছাত্র ব্রিগেড তৈরি করা এবং সেখানে তিনি একটা কথা বলেছেন যে, তিনি একটা ছাত্র ব্রিগেড তৈরি করতে চান। ছাত্র ব্রিগেড দু-বছর যদি গ্রামে কাজ করেন, তাহলে তাদের চাকরীর ব্যবস্থা করা হবে। এটা আমরা পরিষ্কার হতে চাই কোন ছাত্র ব্রিগেড, কি কি কাজ করবে বা তার নথিপত্র কি হবে, কীভাবে হবে, একতরফাভাবে শুধু একটা দলের ব্রিগেড তৈরি হবে। সেই ব্রিগেডকেই কি শুধু চাকরী দেওয়া হবে ? সুতরাং এই নিয়ে গোটা রাজ্য জুড়ে তোলপাড় হচ্ছে। এই কথা আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে পাঠানোর জন্য অনুরোধ করছি।

ম্যাডাম ডেপুটি স্পীকার : হেদায়েতুল্লাহ্ সাহেব, যে সমস্ত ছাত্ররা নিরপেক্ষভাবে ছাত্রদের জন্য কাজ করবে, গ্রামে-গঞ্জে গরিব ছাত্রদের ব্যাপারে সাহায্য করবে, তাদের পড়াশোনার ব্যাপারে সাহায্য করবে, তাদের নিয়েই তিনি ছাত্র ব্রিগেড তৈরি করবেন। আমরা এই সম্যক ধারণাটা পেয়েছি। এখানে মাননীয়া মুখ্যমন্ত্রী আসলে আপনি তাঁর সঙ্গে ডাইরেক্টলি কথা বলে নেবেন।

শ্রীমতী কস্তুরী দাস : মাননীয়া ডেপুটি স্পীকার মহাশয়া, আমার মহেশতলা ৩৫টি ওয়ার্ডের মধ্যে ১০ নম্বর ওয়ার্ডে ৯২ বিঘা জমিতে একটা মাদার ডেয়ারী হবে বলে পরিকল্পনা হয়েছিল। কিন্তু দেখা গেল আজ পর্যন্ত সেখানে কিছুই হয়নি। ১৯৯৬ সালে সেখানে প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু একটি গার্মেন্টিস্ কমপ্লেক্স করবেন বলে একটি শিলান্যাস করে এসেছিলেন। তারপর ২০০৬-এ ওই জায়গাতেই আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধবাবু আবার একটা শিলান্যাস করেছিলেন। কিন্তু আজ পর্যন্ত, ২০১১ পর্যন্ত ওই ৯২ বিঘা জায়গার মধ্যে কিছু হয়নি। তাই আমি আপনার মাধ্যমে আমাদের মন্ত্রী মহোদয়কে জানাচ্ছি, ওখানে যদি একটি গার্মেন্টস্ কমপ্লেক্স হয় ইন্টারন্যাশনাল, তাহলে মহেশতলা, মেটিয়াব্রুজ গার্ডেনরিচের মানুষ খুবই উপকৃত হবে। ধন্যবাদ।

[12.40—12.50 p.m.]

শ্রী সমীর কুমার পোদ্দার : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, গত ৩৪ বছরে ভেঙে যাওয়া স্বাস্থ্য পরিষেবাকে যখন নতুন সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী নতুন দিশা দেখাচ্ছেন বাংলার মানুষকে, ঠিক তখনই আমার রানাঘাট উত্তর-পূর্ব বিধানসভা কেন্দ্রের চারটি হেল্‌থ সেন্টার এবং একটি গ্রামীণ হাসপাতাল আছে। সেই গ্রামীণ হাসপাতালের একটি ঘটনা গত ২৫-০৮-২০১১ আপনার সামনে তুলে ধরতে চাই। সকাল আটটার সময় চম্পা বিশ্বাস নামে একজন প্রসূতি ভর্তি হন ভগুলা গ্রামীণ হাসপাতালে। সকাল সাড়ে আটটার সময় যথারীতি চম্পা বিশ্বাসের একটি পুত্র সন্তান হয়। পাঁচ মিনিট পর কর্মরত ডাক্তার এবং নার্স বাড়ির লোকদের ডেকে বলে যে, বাচ্চাটিকে ট্রান্সফার করা হল কৃষ্ণনগর সদর হাসপাতালে। বাচ্চাটিকে অ্যাম্বুলেন্স ভাড়া করে সদর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সদর হাসপাতালের ডাক্তার বাচ্চাটিকে দেখেন—অদ্ভুত, বাচ্চাটির হাত-পা ভাঙা। তিনি জিজ্ঞাসা করেন, সদ্যজাত শিশুর হাত-পা ভাঙল কি করে ? অপরদিকে বাচ্চাটির মা চম্পা দেবী লেবার রুমে সকাল ৮টা থেকে ৯টা বাজে, ১০টা বাজে, ১১টা বাজে—বাড়ির লোক বারবার জিজ্ঞাসা করছে যে, পেসেন্টরা লেবার রুমে যাচ্ছে, বেরিয়ে আসছে, কিন্তু চম্পা বিশ্বাস কেন আসছে না ? ডাক্তার বলেন যে, চম্পা বিশ্বাস ভালো আছে। আটটা থেকে বারোটা—বারোটার সময় চম্পা দেবীকে ট্রান্সফার করা হয় কৃষ্ণনগর সদর হাসপাতালে। যেতে যেতে অ্যাম্বুলেন্সের দোলানিতে চম্পা দেবীর মৃত্যু হয়। আমি মনে করি যে, সম্পূর্ণ গাফিলতির কারণে হাসপাতালে চম্পা দেবীর মৃত্যু হয় এবং তার বাচ্চা আশঙ্কাজনক অবস্থায় মৃত্যুর সঙ্গে লড়াই করছে। তাই মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে জানাতে চাই যে, ওই হাসপাতালের মধ্যে দুর্নীতি ভরে গেছে, পূর্ণ তদন্ত হোক এবং গ্রামের স্বাস্থ্য বিভাগকে ঢেলে সাজাবার জন্য মাননীয়া মন্ত্রীর কাছে আমি আপনার মাধ্যমে নিবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী তোয়াব আলি : .....(অনুপস্থিত)

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিপণন মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায়

বন্যা—জলে ভাসছে, মানুষ ঘরছাড়া, গৃহছাড়া। ফসল ডুবে গেছে। এই সময় দাঁড়িয়ে আজকে পশ্চিমবাংলায় শাক-সবজির দাম আকাশছোঁয়া। মানুষের ক্রয়ক্ষমতার বাইরে। এর আগে এই বিধানসভায় উত্থাপিত হয়েছে, বাইরে উত্থাপিত হয়েছে যে, শাক-সবজির দাম কমানোর জন্য। পাটের দাম কম, ধানের দাম কম। মহাকরণে মাননীয় মুখ্যমন্ত্রী বললেন, এ ব্যাপারে রাজ্য সরকারের কিছু করার নেই দাম বৃদ্ধির ফলে। আবার দেখছি তিনি এলাকায় বাজারে যাচ্ছেন, ভালো কথা। আমার কথা হচ্ছে যে, অতি সত্বর শাক-সবজির যে দাম বৃদ্ধি পাচ্ছে, ফোড়েদের কথা বলা হচ্ছে কৃত্রিম অভাব সৃষ্টি করছে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক এবং সাধারণ মানুষ যাতে ন্যায্য দামে এই শাক-সবজি পায় তার ব্যবস্থা করবেন।

শ্রী বিপ্লব রায়চৌধুরী : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমরা সবাই জানি যে, বিগত প্রায় ২০ বছর ধরে ভারতীয় ক্রিকেট দল গোটা বিশ্বে সমস্ত ক্রিকেট দলকে শাসন করে এসেছে এবং আমাদের উজ্জীবিত করেছে, আমাদের পতাকাকে উজ্জ্বল করেছে। আমরা অত্যন্ত বেদনার সঙ্গে লক্ষ্য করলাম যে, এবার ভারতীয় দল ইংল্যান্ড সফরে গিয়েছিল, সেখানে যে চারটে টেস্ট খেলা ছিল, প্রত্যেক খেলাতেই তাঁরা পরাজিত হয়েছে এবং কোনোটাতে ইনিংসে পরাজিত হয়েছে। অত্যন্ত লজ্জাজনকভাবে ভারতীয় ক্রিকেটের সম্মানকে ধুলোয় লুটিয়ে দিয়েছে। ম্যাডাম, ভাবতে খারাপ লাগছে যে, এই দলটি যেভাবে পর্যুদস্ত হয়েছে তা অত্যন্ত লজ্জাজনক। কিন্তু যে কারণে আমি কথা বলতে উঠেছি তা হচ্ছে, আমরা সবাই জানি ভারতীয় দলে অন্তত বেশ কয়েকজন ভালো খেলোয়াড় আছেন। শচীন তেন্ডুলকার, রাহুল দ্রাবিড়, ভি.ভি.এস. লক্ষ্মণ। কিন্তু আপনি জানেন যে, এঁরা সবাই যথেষ্ট বয়স্ক এবং বয়স্ক হওয়ার জন্য স্বাভাবিকভাবেই এঁরা এঁদের প্রত্যাশা মতো খেলা দিতে পারছেন না। পরবর্তী পর্যায়ে বীরেন্দ্র সহবাগ থেকে আরম্ভ করে হরভজন সিং এঁরাও এঁদের অবসরের বয়স পার হয়ে এসেছেন। ফলে আস্তে আস্তে ক্রমশ আঘাতে আঘাতে ভারতীয় ক্রিকেট দল পঙ্গু হয়ে ভারতীয় ক্রিকেট দল একটা বৃদ্ধাশ্রমে পরিণত হয়েছে। আমরা অত্যন্ত বেদনার সঙ্গে লক্ষ্য করছি, এঁরা কেউই নির্দিষ্ট সময়ে অবসর নিচ্ছেন না, যখন এঁদের সামনে একটা গৌরবোজ্জ্বল অধ্যায় আছে সৌরভ গাঙ্গুলীর নির্দিষ্ট সময়ে অবসর নেওয়ার। আমাদের একটাই চিন্তা, ভারতীয় ক্রিকেট দলের এই বৃদ্ধ খেলোয়াড়রা তাঁরা যদি নিজেরা অবসর না নেয়, তাহলে নির্বাচকদের উচিত নতুন খেলোয়াড়দের, তরুণ খেলোয়াড়দের জায়গা করে দেওয়ার জন্য এঁদেরকে বাধ্যতামূলকভাবে সরিয়ে দেওয়া। ভারতীয় দলকে নতুনভাবে সাজানো, নতুন দলকে সামনে নিয়ে এসে ভারতীয় দলের সম্মানকে উজ্জ্বল করে তোলা। আমার মনে হয়েছে যে, হাউসের পক্ষ থেকে এই উদ্বেগ প্রকাশ করে ভারতীয় ক্রিকেট দলকে একটা বার্তা দেওয়া হোক, তাদের নির্বাচকদের একটা বার্তা দেওয়া হোক, অন্যথায় আমাদের সম্মান ভূলুণ্ঠিত হতে থাকবে আর আমরা অবাক হতে থাকব, খালি এই নির্বাক হয়ে দেখতেই থাকব, আর আমাদের সম্মান ভূলুণ্ঠিত হবে আর আমাদের পতাকা লজ্জিত হবে। ধন্যবাদ।

ZERO HOUR

ম্যাডাম ডেপুটি স্পীকার : এখন জিরো আওয়ার, আমরা একটার সময় সভার বিরতি ঘোষণা করব।

শ্রী তজমুল হোসেন : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আপনার মাধ্যমে একটা জ্বলন্ত সমস্যার কথা বলছি। জ্বলন্ত সমস্যা এটাই যে, আমরা যে সমস্ত বিধায়কগণ এম.এল.এ. হস্টেলে থাকি, যাঁরা হয়তো শিয়ালদহ স্টেশনে যাই, হাওড়া স্টেশনে যাই, তাঁরা এই সমস্যায় জর্জরিত। বিশেষ করে, আমরা যখন এম.এল.এ.-রা স্টেশনে যাওয়ার জন্য ট্যাক্সি ধরতে হস্টেলের গেটের সামনে আসি, সেই ট্যাক্সি ধরার জন্য আমাদের ১৫ মিনিট, ৩০ মিনিট থেকে এক ঘন্টা পর্যন্ত দাঁড়িয়ে থাকা সত্ত্বেও কোনো ট্যাক্সি দাঁড়ায় না। সেই জায়গায় যে ট্রাফিকের ব্যবস্থা করেছেন, সেই ট্রাফিককেও কোনো ট্যাক্সিওয়ালা গ্রাহ্য করে না। গত পরশুদিন আমি সেই সমস্যায় পড়ে বিশেষ করে, আমার আগের যে ট্রেনের টিকিট ছিল, সেটা মিস হয়ে যায়, ফেল হয়ে যায়। সেই জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, গোটা হাউসের দৃষ্টি আকর্ষণ করছি এই জ্বলন্ত সমস্যা—যাঁরা বিধায়করা আছেন তাঁরা সবাই জানেন তাঁরা এই জ্বালায় জর্জরিত। তাই আমি বলছি, ওখানে যেন সার্জেন্টের ব্যবস্থা করা হয়। ওখানে সার্জেন্ট দাঁড়িয়ে আমাদের যেন ট্যাক্সি ধরে দেয়। তাই আপনাকে বলছি আপনি এখনই একটা ব্যবস্থা করুন। এটা একটা জ্বলন্ত সমস্যা।

[12.50—1.00 p.m.]

ম্যাডাম ডেপুটি স্পীকার : অনারেবল মেম্বার তজমুল হোসেন আপনি বসুন। আমাকে বলতে দিন। আমাকে বলতে দিন। আমি আমার চেয়ার থেকে বলছি। আপনারা যদি হাওড়া স্টেশন বা শিয়ালদহ স্টেশনে ট্যাক্সির সমস্যায় পড়েন, যে ট্রাফিক থাকে তাঁকে গিয়ে যদি আপনার নিজের পরিচয় দেন বা আপনাদের দেহরক্ষীরা যদি পরিচয় দেন, তাহলে আপনারা সঙ্গে সঙ্গে ট্যাক্সি পাবেন। মাননীয় পরিবহনমন্ত্রী হাউসে নেই, আমি তাঁকে অনুরোধ জানাব, এম.এল.এ. হস্টেলের সামনে একটি ট্যাক্সি স্ট্যান্ড করার জন্য বা একজন সার্জেন্ট রাখার জন্য। যিনি মাননীয় এম.এল.এ.-দের ট্যাক্সি ধরে দিতে সাহায্য করবেন।

শ্রী তরুণকান্তি নস্কর : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, হাউসে অনেকবার এসেছে, আজও এসেছে এবং অতীতেও এসেছে। দ্রব্যমূল্য বৃদ্ধির পয়েন্টটা এখানে ডিসকাসন হয়েছে, কারণ এই ব্যাপারে প্রত্যেকে খুবই কনশার্ন। মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি নিজেও বাজারে ঘুরছেন এবং সেটাও আমাদের কাছে সংবাদ মাধ্যমের খবর। কিন্তু যে বিষয়টা আমি দৃষ্টি আকর্ষণ করতে চাইছি যে, বৃষ্টির জন্য সব্জি ইত্যাদির দাম বেড়েছে। বিষয়টা সত্যি হলেও, পুরোটা সত্যি নয় এই কারণেই যে, এই বৃষ্টি পর্বের আগেই কিন্তু দামটা ক্রমাগত বাড়ছিল এবং মাননীয়া মুখ্যমন্ত্রী নিজেও বলেছেন যে, পাইকারি বাজার এবং খুচরো বাজারের মাঝখানে একটি বিষয়বস্তু আছে—ফোড়ে বা মিডিলম্যান। তাদের একটা ভূমিকা এখানে আছে। আমি যে কথাটা উল্লেখ করতে চাইছি, এদের সম্পর্কে তদন্ত, এই বিষয় সম্পর্কে তদন্ত হওয়া দরকার। আরও একটা জিনিস ভাবার জন্য আমি আপনার মধ্য দিয়ে মাননীয়

মন্ত্রিমহোদয়কে রিকোয়েস্ট করছি, সেটা হল—এই মিডিলম্যান ব্যবস্থাটাকে আমরা তখনই তুলে দিতে পারি যদি মাঝখানে সরকার থাকে মিডিলম্যানের মধ্যে। সরকার নিজে জিনিস কিনবে এবং সরকার বিক্রি করবে। এই ব্যবস্থাটা যদি আমরা এনসিওর করতে পারি তাহলেই মনে হয় এটা সম্ভব এই কথাটা আমি আপনার মধ্য দিয়ে মাননীয় মন্ত্রীর কাছে রিকোয়েস্ট করছি।

ম্যাডাম ডেপুটি স্পীকার : অনারেবল মেম্বার, এই নিয়ে বোধহয় আজকে তিন-চারজন মেনশন করেছেন এবং জিরো আওয়ারেও আপনি বললেন। আমি আজকেও বলছি, মাননীয়া চিফ মিনিস্টার প্রত্যেকটা বাজারে বাজারে ঘুরছেন, যাতে মিডিয়েটাররা না থাকে। মানুষ গুদামঘরে যাতে জিনিসগুলোকে স্টক করে না রাখতে পারে। মানুষ যদি সহজে জিনিসগুলোকে পায় তাহলে জিনিসগুলোর দাম অনেক সহজলভ্য হবে। একটু সংক্ষেপ করবেন। কারণ ১টায় রিসেস হয়ে যাবে।

শ্রী নেপাল মাহাত : ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি মাননীয় এডুকেশন মিনিস্টার প্রাইমারি এবং মাস এডুকেশন। ম্যাডাম, যারা নন-ফরম্যাল টিচার ছিল দীর্ঘদিন ধরে—পুরুলিয়াতে গত যে প্রাথমিক শিক্ষক নিয়োগের পরীক্ষা হয়, তাতে নন-ফরম্যাল টিচাররা হাইকোর্টে গিয়েছিলেন এবং তার আগে বলা হয়েছিল একজ্যামটেড ক্যাটাগরিতে তাদের ইন্টারভিউ নেওয়া হবে। পরবর্তীকালে সেই ইন্টারভিউ নেওয়া হয়নি। আমি মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়ার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, এই ধরনের কয়েকশো বেকার ছেলে-মেয়েরা আছে যারা নন-ফরম্যালে দীর্ঘদিন ধরে কাজ করেছে এবং তাদের পুনর্বাসনের কোনো ব্যবস্থা এখনও পর্যন্ত হয়নি। তাই মাননীয়া ম্যাডাম, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে এই সব ছেলে-মেয়েরা যারা নন-ফরম্যালের কাজ করতেন, তাদেরকে প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কিছু অগ্রাধিকার দেওয়ার ব্যবস্থা যেন করা হয়। ধন্যবাদ।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি পরিবেশ মন্ত্রীর কাছে আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরতে চাইছি। কারণ সেদিন দেখলাম উনি পরিবেশ রক্ষার ব্যাপারে সদাতৎপর। সে জন্যই বিষয়গুলি আমি বলছি। আমাদের আসানসোল, দুর্গাপুর এলাকাতে যে সমস্ত স্পঞ্জ আয়রন কারখানাগুলো রয়েছে, এই কারখানাগুলো অধিকাংশ সময় বিদ্যুৎ সংশ্রয় করার জন্য ই.এস.পি. মেশিন চালায় না।।যার ফলে মারাত্মকভাবে ওই এলাকার পরিবেশ দূষিত হয়ে পড়ছে। এই ব্যাপারে সুনির্দিষ্টভাবে তাদের নিয়ন্ত্রণ রাখার দরকার আছে। বিশেষ করে, জামুরিয়া, মঙ্গলকোট, দুর্গাপুর এলাকাগুলিতে এই ঘটনাগুলো অনবরত ঘটছে এবং আরও একটি বিষয়, আমাদের রাজ্যের উন্নয়নের জন্য কয়লা খনি থেকে সি.বি.এম. (কোল-বেস্ড-মিথেন) গ্যাস তোলা হচ্ছে এবং এই গ্যাস যখন তোলা হচ্ছে লাউডোয়া, ফরিদপুর যে পঞ্চায়েত সমিতি এলাকা, সেই এলাকায় এসার অয়েল কোম্পানি এই গ্যাসগুলো তুলছে। এই সমস্ত গ্যাসগুলো মাটির থেকে তোলার সময় মাটির নীচের থেকে অন্যান্য যেসব পদার্থ বেরিয়ে আসছে, তাতে কয়েকশো একর জমি নষ্ট হয়ে যাচ্ছে এবং সেই জমিগুলোতে কোনো চাষ আবাদ হচ্ছে না। আমি এই

বিষয়টি মাননীয় পরিবেশ মন্ত্রীর কাছে ব্যাপারটি দেখার জন্য রাখছি। এ ছাড়াও যেটা বলছি, আমাদের কয়লা খনি এলাকাতে বিশেষ করে হরিপুর মোড় থেকে শঙ্করপুর কোলিয়ারি পর্যন্ত এমন ধূলোবালি উড়ছে যে তাতে মানুষ ভুগছে।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনি যে পয়েন্ট বলেছিলেন, এর বাইরে বলবেন না প্লিজ। আপনি এই বিষয়টা কালকে মেনশনে দেবেন। আজকে আমাদের একটায় রিসেস দিতে হবে। আরো অনারেবল মেম্বাররা আছেন, প্লিজ। আপনি নতুন বিধায়ক, আপনি বিষয়টি লিখিতভাবে পরিবেশ মন্ত্রীকে জানান, উনি নিশ্চয় ব্যবস্থা নেবেন।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : এবং যেভাবে গাছ ধ্বংস চলছে, যেভাবে গাছ কেটে দেওয়া চলছে ওই এলাকাতে, যার ফলে মানুষকে আরো কঠিন অবস্থার মুখোমুখি হতে হচ্ছে। আমি এই ব্যাপারটা দেখার জন্য অনুরোধ করছি।

শ্রী আশীষ ব্যানার্জী : (নট কল্ড)

শ্রী অসিত মিত্র : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের বিশেষ করে, মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, আজকে নজরুল ইসলামের মৃত্যুদিন, আমরা সকলে শ্রদ্ধার সঙ্গে পালন করছি, পালন করব এবং একই সঙ্গে এটা খুব আনন্দের কথা যে, জয় গোস্বামীকে সম্ভবত চেয়ারম্যান করে নজরুল অ্যাকাডেমি তৈরি হয়েছে। বর্তমান রাজ্য সরকারের মুখ্যমন্ত্রী এবং আপনারা সবাই মিলেই এদিকে দৃষ্টি দিয়েছেন—এটা আনন্দের। আমি শুধু আপনার মাধ্যমে আর একটি অনুরোধ রাজ্য সরকারের কাছে করব যে, রবীন্দ্র রচনাবলী, যেমন রাজ্য সরকারের উদ্যোগে একদিন গ্রহণ করা হয়েছিল রবীন্দ্র শতবর্ষে, যদিও এটা কোনো বিশেষ মৃত্যুর দিন নয়, তাঁর জন্মদিনে আমি সরকারের কাছে অনুরোধ করছি যে, নজরুল ইসলামের অনেক অপ্রকাশিত তথ্যও আছে যেটা আমরা কখনও কখনও কোনো কোনো পত্রিকাতে দেখে থাকি, আর কিছু প্রচলিত বই তো আছেই, যেগুলো পাবলিশ্‌ড হয়েছিল, সঞ্চিতা থেকে শুরু করে ব্যথার দান—যে সমস্ত জায়গায় তাঁর লেখা আছে সেগুলো আছে। আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে আবেদন জানিয়ে বলি, নজরুল গ্রন্থাবলী রাজ্য সরকার নিজের দায়িত্বে প্রকাশ করুন, যাতে করে বর্তমান প্রজন্মের ছাত্র-ছাত্রীরা এবং সাধারণ মানুষও নজরুলের সাহিত্যের অংশীদার হতে পারেন। ধন্যবাদ ম্যাডাম।

শ্রী আনিসুর রহমান : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি একটা খুবই গুরুত্বপূর্ণ বিষয় আজকে এই সভায় উপস্থাপন করতে চাই। গত শুক্রবার ২৬ তারিখ, আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী ঘোষণা করেছিলেন যে, সারে ভর্তুকি দেওয়া হবে এবং সে পরিমাণটা হচ্ছে প্রায় ৩৩ কোটি টাকা। তাতে ইউরিয়ার জন্য ছিল বোধহয় ১৪ কোটি টাকা এবং ১৮ কোটি টাকা ছিল অন্য সারের জন্যে। এটা নিঃসন্দেহে ভালো উদ্যোগ, এ ব্যাপারে কোনো আপত্তি নেই। কিন্তু আমি একটা হিসেব দেখছিলাম পরে কাগজটা পেলাম, আগে তো কাগজটা পাইনি, মুখে শুনেছিলাম, কাগজটা পেয়ে যেটা দেখলাম তা হচ্ছে যে, ৫০ কিলোর একটা ইউরিয়ার ব্যাগে পাওয়া যাবে মাত্র ৫ টাকা। পরিমাণটা এত কম, আর ওই অন্য সারে খালি দেখলাম

যে, ৫০ কিলোর একটা ব্যাগে পাওয়া যাবে মাত্র ৩-৪ টাকা। এটা খুবই insignificant। এর থেকে বড়ো কথা যেটা, যেটা আমার প্রশ্ন, যেটা আমি বলতে চাই, দুটো বিষয়, যেটা অর্থমন্ত্রী বলেছেন। একটা হচ্ছে যে, ইউরিয়ার উপরে সরকারের কিছুটা control আছে। আর বাকি সবটা decontrol করে দেওয়া হয়েছে। এখন চেষ্টা হচ্ছে যে, ইউরিয়াকেও decontrol করে দেওয়া হোক। অর্থাৎ যারা উৎপাদক তারা খুশিমতো দাম বাড়িয়ে দেবে, সরকারের কোনো নিয়ন্ত্রণ থাকবে না। এখন বেশির ভাগই নেই, শুধু ইউরিয়াটাতে আছে, এখন সেটাতেও বন্ধ করে দেওয়া হচ্ছে। আজকে পশ্চিমবঙ্গের চাষিরা যখন ফসলের দাম পাচ্ছে না, নানা সমস্যায় জর্জরিত, তখন তার সারটা হচ্ছে প্রধান হাতিয়ার। সেই সারের দাম যদি নিয়ন্ত্রণের বাইরে চলে যায় তাহলে সর্বনাশ হয়ে যাবে। এই জন্য আমি সরকারের কাছে আবেদন জানাব, এই ব্যাপারে একটা ব্যবস্থা নেওয়ার জন্যে। দ্বিতীয় একটা বিষয় তিনি বলেছিলেন যে, একে তো দাম বেড়েছে, তার পরে যা MRP আছে তার উপরে বেশি দামে বাজারে বিক্রি করছে যারা ফাটকাবাজ, কালোবাজারি—তারা বেশি দামে বিক্রি করছে। একে দাম বেশি, তার উপরে আবার বেশি দাম। এই সবটা মিলে একটা ভীষণ জটিলতা হচ্ছে, এই জন্য আমি সমস্ত বিষয়টা বিবেচনা করে সরকারের পক্ষে যা ব্যবস্থা নেওয়া দরকার যাতে আমাদের কৃষকরা ন্যায্য দামে সার ঠিকমতো পেতে পারে তার ব্যবস্থা করা আর কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন জানানো তারা যেন এই decontrol-টাকে উঠিয়ে দিয়ে control-এর একটা ব্যবস্থা করেন। ধন্যবাদ।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আমি অনারেবল মেম্বারদের অনুরোধ করছি, মাননীয় স্পীকারের অনুমতিক্রমে বা অনুরোধে আমরা সবাই লবিতে যাব কাজী নজরুল ইসলামকে শ্রদ্ধার্ঘ্য জানানোর জন্য। আপনারা অনেকেই মাল্যদান করতে পারেননি, যাঁরা পারেননি তাঁরা গিয়ে মাল্যদান করুন, তারপর আমরা BA Committee-র মিটিং-এ যাব।

এখন বিরতি, ১-৩০টার সময় আমরা আবার মিলিত হব।

[1.30—1.40 p.m.]

LEGISLATION

THE WEST BENGAL FINANCE BILL, 2011

Mr. Speaker : Hon'ble Minister-in-Charge of Finance and Excise Department may please introduce the Bill.

Dr. Amit Mitra : Hon'ble Speaker, Sir, I beg leave to introduce the West Bengal Finance Bill 2011.

(Secretary then read the Title of the Bill)

Mr. Speaker : Hon'ble Minister-in-Charge may move the motion for consideration of the Bill.

Dr. Amit Mitra : Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal Finance Bill, 2011 be taken into consideration.

শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল ফিনান্স বিল, ২০১১ ; যেটা পেশ করেছেন, এই বিলের বিষয়বস্তু সম্পর্কে আমাদের তেমন কোনো কিছু বলার নেই। কিন্তু কিছু কর আরোপ করতে হবে। কিছু কর সংগ্রহ করতে হবে, রাজ্যের রিসোর্স মবিলাইজেশান করতে হবে। এই যে পদ্ধতি বা প্রক্রিয়া যেখানে যেখানে উনি করার চেষ্টা করেছেন, সেই সম্পর্কে কোনোরকম এই মুহূর্তে আমার বলার নেই। কিন্তু একটা বিষয় যেটা আমি বলতে চাইছি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে, বিষয়টা হচ্ছে, আইনঘটিত কিংবা সংবিধানসম্মত। এই যে কাজগুলি হচ্ছে, এই কাজগুলি কি আইনের প্রক্রিয়ার সাথে ? এটা বিধানসভা তো ! আইন প্রক্রিয়ার সাথে সাযুজ্য রেখে কি কাজ হচ্ছে ? আমি আপনার মাধ্যমে অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি যে বাজেটটা দিয়েছেন, বাজেট অ্যাট এ গ্ল্যান্স, সেখানে লেখা আছে, অ্যাডিশনাল রিসোর্স মবিলাইজেশান আন্ডার ট্যাক্স রেভিনিউ—নীল। অর্থাৎ আপনি বাজেটে বলছেন, নতুন ট্যাক্স-এর মাধ্যমে বা অতিরিক্ত কর আরোপ করার মাধ্যমে, প্রক্রিয়ার মাধ্যমে কোনো কর আদায় করবেন না। আপনাদের দৃষ্টিভঙ্গীও তাই ছিল, নতুন কোনো কর আদায় করবেন না। কিন্তু যেটা অনুমান করা যায় যে, রাজ্যের বর্তমান আর্থিক অবস্থার প্রেক্ষাপটে আপনারা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আর্থিক সাহায্যের জন্য, প্যাকেজ বা অনুদানের জন্য যে আবেদন করেছিলেন সেখানে কি আলোচনা হয়েছে না হয়েছে সেই সম্পর্কে কোনো তথ্য বিধানসভায় পেশ করা হয়নি, যেটা উচিত ছিল। কারণ বিধানসভার সদস্যদের এ অধিকার আছে জানবার যে কোন কোন খাতে কি টাকা পাওয়া গেল বা কি দিল, কি তার শর্ত। কিন্তু আমরা সংবাদ মাধ্যমে যেটুকু দেখেছি তাতে বারেবারে কেন্দ্রের অর্থ মন্ত্রক দাবি করেছে যে, রাজ্যকে কর বসাতে হবে এবং করের মাধ্যমে অতিরিক্ত সম্পদ রাজ্য কীভাবে সংগ্রহ করছে সেইটা দেখে তার পরে ওরা আর্থিক অনুদানের বিষয় বা সহায়তার বিষয়টা বিবেচনা করবে। যদিও কিছু-অর্থ কেন্দ্রীয় সরকার আপনাদের দিয়েছে। এখন মনে করা যেতে পারে, সেই প্রেক্ষাপটে আপনারা কিছু কিছু ক্ষেত্রে কর, চারটে আইনের মাধ্যমে স্ট্যাম্প অ্যাক্ট, ভ্যাট, সেলস ট্যাক্স এবং ওয়েস্ট বেঙ্গল এন্টারটেইনমেন্টস অ্যান্ড লাক্সারিজ (হোটেলস অ্যান্ড রেস্টুরেন্টস) ট্যাক্স অ্যাক্ট, এই চারটে আইনের কিছু কিছু ধারায় সংশোধন করে কোথাও কিছু ট্যাক্স বাড়িয়েছেন, ২-১ জায়গায় কিছু ট্যাক্স ছাড় দিয়েছেন। এটা করে আপনি অর্থ বাড়াতে চেষ্টা করছেন। এবারে মাননীয় অর্থমন্ত্রী আপনি আমাকে বলুন, আপনার এই ফিনান্স বিলটা পাশ হবে, পাশ হলে এর সম্পর্ক কার সাথে থাকবে। আপনি যে অ্যানুয়াল ফিনান্সিয়াল স্টেটমেন্টটা আমাদের পেশ করেছেন বাজেটের সময় সেই অ্যানুয়াল ফিনান্সিয়াল স্টেটমেন্টের সাথে এই ফিনান্স বিলের কোনো সম্পর্কই নেই। কারণ কোনো অর্থ যে অর্থটা আপনি ফিনান্স বিলের মাধ্যমে সংগ্রহ করবেন অ্যানুয়াল ফিনান্সিয়াল স্টেটমেন্টে আপনার দেখানো নেই। আর যেহেতু অ্যানুয়াল ফিনান্সিয়াল স্টেটমেন্টে এই অর্থ দেখানো নেই তার মানে হচ্ছে যে টাকা আপনি আদায় করুন না কেন তা ব্যবহার করতে পারবেন না। আপনি অ্যাপ্রোপ্রিয়েশন বিল ২-১ দিনে পাশ করাবেন। কিন্তু সেই অ্যাপ্রোপ্রিয়েশন বিলের মাধ্যমে হাউস আপনাকে যে অর্থ গ্রহণ করার জন্য, অ্যাপ্রোপ্রিয়েট করার জন্য অধিকারটা প্রদান করবে সেই

অধিকারের মাধ্যমে আপনি এই ফিনান্স বিলে যে অতিরিক্ত অর্থ বা সম্পদ সংগ্রহ করবেন তা কিন্তু আপনি সেখান থেকে ড্র করতে পারবেন না। কারণ অ্যাপ্রোপ্রিয়েশন বিল যেটা পাশ হবে একদম ডিমান্ড ধরে ধরে পাশ হবে তো। আপনি বার্ষিক ফিনান্স স্টেটমেন্টে যা দিয়েছেন সেটাই তো অ্যাপ্রোপ্রিয়েশন বিলে একদম রি-প্রোডিউসড হয়ে যাবে এবং সেইটা পাশড হবে। তাহলে এই ফিনান্স বিলের মাধ্যমে যে অর্থ আপনি অতিরিক্ত কর হিসাবে সংগ্রহ করবেন সেই টাকাটা ড্র করে খরচ করতে গেলে আপনাকে সাপ্লিমেন্টারি বাজেট এবং সাপ্লিমেন্টারি অ্যাপ্রোপ্রিয়েশন বিলের জন্য অপেক্ষা করতে হবে। তাহলে এই যদি আইনগত এবং কনস্টিটিউশনাল প্রভিশান হয় আপনি আর্টিক্যাল ২০৩, ২০৪, ২০৫ সংবিধান দেখলে আপনি বুঝতে পারবেন যে এই পোজিশন। তাহলে আপনি তড়িঘড়ি করে এই সেশানে ফিনান্স বিল আনলেন কেন ? আপনি সাপ্লিমেন্টারি বাজেট দিয়ে সাপ্লিমেন্টারি বাজেটের সাথে এই ফিনান্স বিলটা আনলেই এটা সাযুজ্য হত বলে আমি মনে করি। সুতরাং এই যে একটা পরিস্থিতি আপনি তৈরি করেছেন, এই পরিস্থিতিতে তো এই বিলটা আমার নিজের বিবেচনায়—আপনারা মনে করবেন যে আমরা এই সরকারে এসেছি, আপনারা বিরোধিতা করছেন—না তা নয়, আমাদের বিরোধিতাটা নেই। আপনি টাকা সংগ্রহ করুন রাজ্যের উন্নতির জন্য, পরিকল্পনাকে বাস্তবায়িত করার জন্য যে অতিরিক্ত অর্থ সংগ্রহের প্রয়োজন হবে বলে মনে করছি সেটা হওয়া দরকার। কিন্তু আপনি আইনগত দিকটা তো ঠিক করে রাখবেন। সাংবিধানিক দিকটা তো ঠিক করে রাখবেন। তার পরে আপনি বলুন, ফিনান্স বিলে সাধারণত বলা হয় না। কিন্তু বাজেটের মাধ্যমে বলতে হয়। আপনি যে এতগুলো ট্যাক্স চাপাচ্ছেন, বাড়াচ্ছেন, কোথাও কমাচ্ছেন, আপনার এই বিলের ফলে যে ট্যাক্স কনসেশন আপনি দিলেন তাতে কত টাকা আপনার লস হচ্ছে। যে ট্যাক্সটা আপনি সংগ্রহ করছেন কত টাকা আপনার টোটাল আদায় হচ্ছে। এই ছবিটা আপনি স্টেটমেন্টস অফ অবজেক্টস অ্যান্ড রিজনসে দিতে পারতেন। কিন্তু সেখানেও সেটা দিলেন না। এটাও বাজেট স্পিচের মধ্যে আসা উচিত ছিল। সেটা যদি নাও এসে থাকে তাহলে আর একটা অপারচুনিটি ছিল এই বিলের স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনসে আপনি বলতে পারতেন যে, এই কর ছাড় দেওয়ার জন্য আমার এত টাকা ঘাটতি হবে।

[1.40—1.50 p.m.]

এবং এই কর বসানোর ফলে পুরো বছরের জন্য আমার এত টাকা রোজগার হবে, পার্ট ইয়ারের জন্য আমার এত টাকা রোজগার হবে, এটা যদি বলতেন, তাহলে বোঝা যেত, আপনার কি টাকা এল, আর কি টাকা গেল। সদস্যদের কিন্তু সেটা বোঝবার কোনো উপায় থাকছে না আপনার এই বিলের মাধ্যমে। শুধু সদস্য কেন বলব, রাজ্যের মানুষজনেরও জানবার অধিকার আছে আপনার এই ফিনান্স বিলের ফলে কোষাগারে কত টাকা আয় হবে, সেটা জানার সুযোগ কিন্তু তাদের নেই। আমি আর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, মাননীয় অধ্যক্ষা মহোদয়ের মাধ্যমে, আপনি Budget at a glance যে overall defecit, excluding opening balance, আপনার এই বছরের বাজেটে ৩ কোটি ৬৮ লক্ষ টাকা ডেফিসিট। তাহলে আপনি ফিনান্স বিলের মাধ্যমে যদি দু-আড়াই

হাজার কোটি টাকা বা পাঁচশ কোটি টাকা, যাই হোক না কেন, আপনি অতিরিক্ত অর্থ সংগ্রহ করবেন, তাহলে আপনার এই ডেফিসিট বাজেটে থাকবে না। বাজেটের স্ট্যাটাসটাই আপনার চেঞ্জ হয়ে যাবে। তাহলে আমরা দেখতে পাচ্ছি, একটা অস্পষ্ট ছবি এখানে তৈরি হয়েছে। বাজেটের সঙ্গে অ্যানুয়াল ফিনান্সিয়াল স্টেটমেন্টের কোনো সম্পর্ক নেই। আর এই ফিনান্স বিলের মাধ্যমে যে অর্থ আপনি সংগ্রহ করবেন, সেই অর্থ আপনার কীভাবে খরচা হবে তার রিফ্লেকশান যদি দেওয়া হত তাহলে আপনার বাজেট ঘাটতি কতটা হব বোঝা যেত। ১৫,৫৬১ কোটি টাকা আপনার ফাইনান্সিয়াল ডেফিসিট অ্যানুয়াল ফিনান্সিয়াল স্টেটমেন্ট এটা আপনি দেখিয়েছেন। তাতে কি পরিস্থিতির পরিবর্তন হত তা আপনি স্পষ্ট করে কিছু বললেন না ? সুতরাং আমি যেটা বলছি, এই ফিনান্স বিলটা ইন্ট্রোডিউস করার আগে বা ডিসকাশনের আগে আপনার একটা supplementing annual financial statement যদি দিতেন তাহলে সমস্ত জিনিসটা আইনানুগ হত বলে আমি মনে করি। আপনার সেই এক্তিয়ার আছে, আপনি সেটা দিতে পারেন। দিয়ে এই জিনিসটাকে যদি আপনি কভার্ড করতেন তাহলে ভালো হত, কিন্তু সেটা আপনি করলেন না। এই সমস্ত ইরেগুলারিটির মধ্যে আপনি অর্থ ব্যবস্থাটাকে নিয়ে চলেছেন। আমার বক্তব্য হচ্ছে—আইনগত, সরকারের কাজকর্মগত বা আপনি ট্যাক্স আদায় করবেন, কাজের জন্য অর্থ সংগ্রহ করবেন, তার বিরোধিতা করছি না। কিন্তু আপনি আইনগত দিকটাকে পরিচ্ছন্ন বা আইনানুগ করলেন না সেটাই আমার গুরুতর অভিযোগ আপনার এই বিলের সম্পর্কে। আপনারা নতুন কোনো কর আরোপ করার পক্ষে ছিলেন না। সরকারে প্রথমে এসে মানুষের কাছে ভাবমূর্তিটা ধরে রাখার জন্য আপনাদের কোনো কর আরোপ করার বাসনা ছিল না। কিন্তু একটা আর্থিক অবস্থার পরিপ্রেক্ষিতে আপনাদের এই কাজটা করতে হয়েছে এটা পরিষ্কার বোঝা যাচ্ছে। স্ট্যাম্প ডিউটির ক্ষেত্রে বা ভ্যাটের মাধ্যমে কিছু ধারাকে পরিবর্তন করে কিংবা সেলস্ ট্যাক্সের কিছু ধারাকে পরিবর্তন করে যেভাবে আপনি ট্যাক্স আদায় করার সুযোগ গ্রহণ করেছেন তাতে আমি কোনো আপত্তি করতে চাইছি না। একটা জায়গায় আছে গিফ্টের ক্ষেত্রে, আপনি ০.৫ থেকে ২ শতাংশ করেছেন। এটা এমন কিছু ব্যাপার নয়। কিন্তু আমাদের সোসাইটিতে সমস্ত রকমের মানুষ বসবাস করেন। উচ্চবিত্ত মানুষ আছেন, মধ্যবিত্ত মানুষ আছেন, নিম্ন মধ্যবিত্ত মানুষ আছেন এবং এই জিনিসটা লোয়ার সেকশান অফ দ্য পিপলকে এফেক্ট করবে এ বিষয়ে কোনো সন্দেহ নেই। এ ছাড়া আপনি যেসব জায়গায় ছাড় দিয়েছেন সেগুলো—ফ্যাশান জুয়েলারি, প্রসাধন সামগ্রী, সালোয়ার, কুর্তা ইত্যাদিতে আপনি কমিয়েছেন ঠিক আছে। একইভাবে প্লাস্টিক প্লেট, কাগজের ক্ষেত্রেও কিছু কমিয়েছেন। প্রতিবন্ধীদের ব্যবহৃত যে চেয়ার, হুইল চেয়ার, ওয়াকার, লাঠির মতো সরঞ্জামকে করের আওতার বাইরে রেখেছেন সেটাও ঠিক আছে। আর যেখানে আপনি বাড়িয়েছেন—সিগারেট, পান মশলা এসবের ক্ষেত্রে বাড়িয়েছেন এটা খুবই ভালো করেছেন। কারণ এটা শুধু ট্যাক্সের দিক থেকে তাই নয়, এটা মানুষের স্বাস্থ্যসম্মত যে বিষয় সে ক্ষেত্রেও এই জিনিসগুলোকে ডিসকারেজ করা দরকার। এটাও ঠিক আছে। তো সেই জন্য আমি বলব, আপনার এই

ট্যাক্স প্রোপোজালে এমন কিছু গুরুতর বিষয় নেই। কিন্তু আমি দৃঢ়তার সাথে আপনাকে বলছি, আপনার এই ফিনান্স বিল আইনগত দিক থেকে, সংবিধানের বিষয়গত দিক থেকে, আমার হিসেবে, আমার বিশ্লেষণে এটা যথেষ্ট ত্রুটিপূর্ণ, আইনগত দিক থেকে এটা ত্রুটিপূর্ণ। সুতরাং এই বিষয়টা আপনার লক্ষ্য রাখা দরকার ছিল এবং পারলে আপনি এটাকে সংশোধন করুন, তা না হলে এই বিলের মাধ্যমে যে অর্থ অতিরিক্ত আপনি সংগ্রহ করবেন সেই অর্থ কিন্তু আপনি সাপ্লিমেন্টারি বাজেট করে অ্যাপ্রোপ্রিয়েশান বিল না করলে, সেই অর্থ কনসোলিডেটেড ফান্ড অফ ইন্ডিয়া থেকে আপনার ড্র করার কোনো এক্তিয়ার থাকছে না। কারণ, অ্যাসেম্বলি আপনাকে অ্যাপ্রোপ্রিয়েশান বিলের মাধ্যমে যে টাকাটা ড্র করতে দেবে সেটা কিন্তু এই ফিনান্স বিলের মধ্যে আওতাভুক্ত নয় বা সম্পর্কযুক্ত নয়। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র দ্য ওয়েস্ট বেঙ্গল ফিনান্স বিল ২০১১ যেটা পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি। এই বিল পেশ করতে গিয়ে তিনি যে বাস্তব দৃষ্টিভঙ্গীর পরিচয় দিয়েছেন তার প্রশংসা না করে পারছি না। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় চাননি কানো অবস্থাতেই মানুষের ওপর কোনো কর বসানো হোক। মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র সেই অনুসারে কমাও সরলীকরণ করো এবং রাজস্ব বাড়াও এই নীতি, এই দর্শন প্রতিষ্ঠা করে এই বিলকে ঐতিহাসিক করে তুলেছেন। কোরাপশানের বিরুদ্ধেও একটি সদর্থক ভূমিকা গ্রহণ করেছেন। আমার পূর্ববর্তী বক্তা যেটা বললেন যে, কমালে তার রাজস্বে ঘাটতি হচ্ছে। আমার তো মনে হচ্ছে এটা উল্টো। কারণ কমালে রাজস্বের ঘাটতি হবে না এবং কমালে ক্ষতি হবে না, লস হবে না। কমালে দেখা যাবে এটা, তিনি বিলে যে প্রভিশনগুলো রেখেছেন তাতে কমালে বাড়বে। আমি বলি, স্ট্যাম্প ডিউটির ক্ষেত্রে দেখুন, আপনারা করেছিলেন কত ? আপনাদের ছিল কত ? ৭ পার্সেন্ট। ডঃ মিত্র করলেন কত ? সেটাকে রিডিউস করে ২ পার্সেন্ট করলেন। ফ্যামিলি সেটেলমেন্টের ক্ষেত্রে, ফ্যামিলি মেম্বার্সদের ট্রান্সফারের ক্ষেত্রে, ফ্যামিলি পার্টিশানের ক্ষেত্রে এই সমস্ত ক্ষেত্রেই রিডিউস করলেন। আপনি দেখুন, হোটেল চলছে রেজিস্ট্রেশন নেই। ফলে তার দায়বদ্ধতা কতখানি, এ প্রশ্ন ওঠা স্বাভাবিক। কিছু হোটেলের নানা বিষয় নিয়ে নানা সময় কত কথা উঠেছে। আমাদের বামফ্রন্টের বন্ধুরা তো জানবেন, কত কাণ্ডই না ঘটেছে। এমনকি প্রাক্তন সাংসদের স্বামীর হোটেলে কি সব ব্যাপার-ট্যাপার ঘটেছিল সকলেই জানেন। সুতরাং প্রপ্রাইটার রেজিস্ট্রেশন দরকার। সরকারের রেভিনিউ যাতে ফাঁকি না পড়ে, সে জন্য এটা যেমন দরকার, তেমন অবৈধ কাজকর্মকে রেস্ট্রিক্ট করার জন্য এটা দরকার। রেসিডেন্টের পার্মিশন নিচ্ছেন, সেখানে হোটেলের ব্যবসা চলছে।

[1.50—2.00 p.m.]

সুতরাং collection বাড়ছে না। তাই আমরা মনে করি হ্যাঁ, আপনারা ঠিকই করছেন, proprietor registration-টা দরকার এছাড়া ডঃ মিত্র যেটা দেখিয়েছেন সেটা হচ্ছে, ছোট ব্যবসার উপরে নজর রাখা হয়েছে। অর্থাৎ যে পরিবর্তন, শুধু রাজ্যে নয়,

নজরেও পরিবর্তন এনেছেন। আমি value added tax-এর কয়েকটি গুরুত্বপূর্ণ দিকে আলোকপাত করার চেষ্টা করছি। মাননীয় অর্থমন্ত্রী ডঃ মিত্র, Statement of objects and reasons, বি এবং ডি-তে বস্তুত input tax-এর benefit-এর ব্যাপারটা তুলে ধরেছেন। আগের আইনে কি আছে ? বিলে বিক্রেতা separate charge দেখালে input tax-এর benefit পাওয়া যাচ্ছে। আর বিক্রেতা যদি including tax বলে বিল করছে তাহলে input tax-এর benefit পাওয়া যাচ্ছে না। ধরা যাক দুইজনের registered dealer, একজনের turnover ৫০ হাজারের নীচে থাকার জন্য তিনি composite scheme under section 16(b) বিল করার সময় separate charge করছেন না, including tax বলে বিল করছেন। আর একজন dealer তার ৫০ হাজারের উপরে turnover, cross করার জন্য তিনি separately tax charge করে বিল করছেন। ফলে কোনো দোকানদার অর্থাৎ third party তিনি first party যিনি tax including করে বিল করছেন তার কাছে purchase করলে কোনো input tax benefit পাচ্ছেন না। whereas second party-র কাছে purchase করলে input tax-এর benefit পাচ্ছেন। First party-র কাছে purchase করলে তাকে full tax payment করতে হবে। যদি এটা ধরা যায় 13 & half % এর item হয়, তাহলে একবার first party tax charge করেই মালটা বিক্রি করছেন। আবার second time তাকে full tax charge করে বিক্রি করতে হচ্ছে। ফলে item তার দাম বিশাল জায়গায় পৌঁছে যাচ্ছে। তাতে কি হচ্ছে, না customer-এর ক্ষতি হচ্ছে plus দোকানদার ক্ষতিগ্রস্ত হচ্ছে। Competitive মার্কেটে সেই দোকানদার টিকতে পারবেন ? ডঃ মিত্র ছোট ব্যবসার উপরে সেই জন্য নজর দিয়েছেন। এই bill-এ আর একটা দিক দেখুন, দেখুন কত মারাত্মক কাণ্ড বামফ্রন্ট সরকার করে রেখেছিলেন। ধরুন কোনো ব্যবসাদারের ব্যবসা wind up হয়ে যায় বা বন্ধ করে দিলেন। তিনি properly ডিপার্টমেন্টে in writing জানালেন যে, আমার registration certificate cancel করা হোক। ধরা যাক তিনি application করলেন ২০০৯ সালে পয়লা এপ্রিল, office একটা procers করল ২০১১ পয়লা এপ্রিল As per circular তার cancellation-এর effect হবে ২০১১-এর পয়লা এপ্রিলে। As per rule assesse-এ return দাখিল করতে হবে, ২০০৯-এর পয়লা এপ্রিল থেকে ২০১১-র পয়লা এপ্রিল পর্যন্ত। বর্তমান নিয়ম অনুসারে তিনি return defaulter হয়ে যাচ্ছেন, for গত দু বছরের জন্য, for two years এবং যা নিয়ম আছে সেই নিয়ম অনুযায়ী তাকে late fee ছাড়া return দিতে পারবেন না, অথচ তার কোনো দোষ নেই। এই provision-টা modify করে এই যে cancel of certificate of registration যেটা second 29/3 এখানে করেছেন The cancellation of registration shall take effect from the date of order of such cancellation এটাকে পাল্টে দিলেন। এই প্রোভিশনটা modify করা হচ্ছে। বিরোধী বন্ধুরা বলবেন, এটা ঠিক হচ্ছে না। বর্তমান আইন অনুসারে দেখুন, revised return দিতে পারবেন up to next six months কিন্তু এখানে বলা নেই, তিনি কতবার revised করতে পারবেন। স্বাভাবিকভাবে

কোনো ব্যবসাদার দশবার revised return দেন, office-কে তা গ্রহণ করতে হবে। ফলে বাস্তব ক্ষেত্রে office-কে assessment-এর ব্যাপারটা দারুণ কষ্টসাধ্য। সেই জন্য বলা হচ্ছে, এর ফলে assessment-এর সুবিধা হবে। দেখুন আগের আইন অনুযায়ী late fee দিলে, late fee ছিল কত—১০ হাজার টাকা। অথচ তার বেশি tax payable হয়, সে ক্ষেত্রে প্রথম মাসের জন্য তাকে কত দিতে হবে, এক হাজার টাকা, পরের মাসগুলোর জন্য কত দিতে হবে—২৫০ টাকা। আর ১০ হাজারের নীচে হলে প্রথম মাসের জন্য ৩০০ টাকা। আর পরের মাসগুলো ৫০০ টাকা। এটা রয়েছে সেকশান ৪০। ভ্যালু অ্যাডেড ট্যাক্স অ্যাক্ট ২০০৩ আর রুল ২০৫, লেট ফি চালু হয়েছিল ১-৪-২০০৯ থেকে। ধরা যাক, কোনো একটা পার্টি এখনও ২০০৯-১০ সালের রিটার্ন দিতে পারেনি। তার ট্যাক্স পেয়েবেল ছিল ১১,০০০ টাকা। তিনি ২০০৯ জুনে রিটার্ন দিতে গেলেন। এক মাস ফ্রি পাবেন। তার জন্য জুলাইটা বাদ গেল। আগস্ট ২০০৯ সালের জন্য ২,০০০ টাকা, সেপ্টেম্বর ২০০৯ থেকে ২০০১ সালের আগস্ট পর্যন্ত তাকে দিতে হবে ১২,০০০ টাকা। অর্থাৎ ১২ যুক্ত ২ সমান ১৪,০০০ টাকা। তার ট্যাক্স সারা বছরের জন্য কত ? ১১,০০০ টাকা। আর দিতে হবে কত ? ১৪ যুক্ত ১১ সমান ২৫,০০০ টাকা। কার এটা অবদান ? আপনাদের। একটা কোয়ার্টারের জন্য তাকে দিতে হবে ১৪,০০০ টাকা, তার ৩টি কোয়ার্টার এখনও বাকি থাকল। সুতরাং মহাজন ওই পথে না করিবে গমন। বর্তমান বিলে সেটা মিনিমাইজ করার কথা বলেছেন। যুক্তি নেই, এক্সপেক্টেড নয় ? আপনার আর একটা ক্ষেত্রে দেখুন সিকিউরিটি মানি। এটা জরুরি। কারণ, একজন ব্যবসা করছেন, টেবিল নিয়ে বসে আছেন, যে রুমে বসে আছেন নট ওনড বাই হিম, আবার ইট ইজ নট রেন্টেড, ভাড়াও নিলেন না। তিনি ব্যবসার জন্য রেজিস্ট্রেশন চাইছেন। ব্যবসার জন্য যখন রেজিস্ট্রেশন চাইবেন তখন তাকে দিতে হবে। সেই রেজিস্ট্রেশনটা তিনি চাইতেই পারেন। এখন ধরা যাক, তার লায়েবিলিটি গ্রো করল এবং সেটা কালেকশান করতে গিয়ে দেখলেন যে, টেবিল নেই, চেয়ার নেই, যা মালপত্র সেই মালপত্রও নেই! ম্যাডাম, একদম বামফ্রন্টীয় কায়দা। ফলে কালেকশান করতে পারলেন না, রেভিনিউ লস হল। তাই সিকিউরিটিটা থাকলে কিছুটা বাধ্যবাধকতা থাকবে, রেভিনিউটা গভর্নমেন্টের লস হবে না। টেবিল স্পেস অফ এ রুম-এ যারা ব্যবসা করে তাদের ক্ষেত্রে এই সিকিউরিটিটা অত্যন্ত জরুরি। ম্যাডাম, একটা কথা বলে শেষ করব, আমি শিয়ালদা স্টেশন থেকে আসি। আপনাদের সম্পর্কে বলি যে, আপনারা কি করেছেন। শিয়ালদা স্টেশন থেকে আসার সময় মোড়ে মৈথিল কবি বিদ্যাপতি তার একটা আবক্ষ মূর্তি দেখি। সেই মূর্তি দেখার পরে তাঁর পদাবলীর কয়েকটি লাইন মনে পড়ে। হে মাধব তোমার ভজনা করতে পারলাম না। তার কারণ ? "আধ জনম হাম নিদেঁ গোঙায়লু, জরা শিশু কত দিন গেলা। নিধুবনে রমণী রসরঙ্গে মাতলুঁ, তোহে ভজব কোন বেলা।" ম্যাডাম, বামফ্রন্টও জনগণকে দেখতে পারল না, ৩৪ বছর দেখতে পারল না। কারণ, "আধব জনম হাম ভণ্ডামিতে গোঙায়লু, অন্তর আনাইতে কত দিন গেলা। নিধুবনে টংকা কামাইতে মাতলুঁ, জনগণ, তোহে দেখব কোন বেলা।" সুতরাং জনগণকে দেখতে পারলেন না। তাই ম্যাডাম মাননীয় অর্থমন্ত্রীর যে ফিনান্স বিল, সেই ফিনান্স বিলের প্রতি পূর্ণ সমর্থন জানাচ্ছি। এর

যে সদর্থক দিক, একটা ঐতিহাসিক দিক এখানে দেখিয়েছেন যে ক্ষমাও, রাজস্ব আদায় করো এবং সরলীকরণ করো। এই সরলীকরণের উপরেই তার জোর বেশি এবং এই সরলীকরণ করে বাংলার মানুষ দেখবেন আর ট্যাক্স দিতে আর পিছপাও হবেন না, তাঁরা ট্যাক্স দেবার জন্য ছুটবেন। যেটা বামফ্রন্ট সরকার শত চেষ্টা করেও পারেননি। কারণ, আদায় তার কত ? ৪% ছিল। ১০০ টাকার মধ্যে ৪ টাকা আদায় করতেন। আমি এই বিলকে পরিপূর্ণ সমর্থন করছি এবং সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2.00—2.10 p.m.]

শ্রী পরেশচন্দ্র অধিকারী : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি আপনার মাধ্যমে এই রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী যে বিল পেশ করেছেন সেই বিলের উপর আলোচনায় অংশগ্রহণ করে আমি কিছু বক্তব্য এই সভায় রাখছি। আমার আগেই আমার বিরোধী সদস্য মাননীয় প্রবোধবাবু কিছুক্ষণ আগে বক্তব্য রেখেছেন। আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী এর আগে বাজেটের যে বই দিয়েছিলেন—অ্যানুয়াল ফিনান্সিয়াল স্টেটমেন্ট—আমরা যদি এই দুটিকে পাশাপাশি দেখি তাহলে আমরা বুঝতে পারব ওই বইটির অভিমুখ যেটা ছিল গোটা রাজ্যবাসী সেটা দেখেছেন, আর এই ফিনান্স বিল আমরা যা দেখছি, সেটার মধ্যে কিন্তু আইনগত দিকটা বারে বারে উঠে আসছে। এটা নিশ্চয়ই আপনার বক্তব্যে আপনি বলবেন। এই ফিনান্স বিলে যে চারটি আইনের বিষয় আপনি বলেছেন, যে সংশোধনী প্রস্তাব আপনি রেখেছেন, সেই বিষয়ে আমার পূর্বের বক্তা যা বলেছেন, সেই দিকে আমি যাচ্ছি না। আপনি এখানে 'ইন্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্ট' (১৮৯৯)—বিষয়ে আপনি বলেছেন, আগ্রহী ক্রেতারা এর আগে ২৫ লক্ষ টাকা পর্যন্ত স্ট্যাম্প ডিউটি দিত, মুদ্রাস্ফীতির জন্য সেটা আপনি বাড়িয়ে ৩০ লক্ষ টাকা করেছেন। যা ওয়ান পার্সেন্ট রেট হিসাবে আপনি ট্যাক্সটা বৃদ্ধি করেছেন। এই বিষয়ে আমার মতামত আমি পেশ করছি। এই মুদ্রাস্ফীতির জন্য যেটা করেছেন, সেই বিষয়ে আমরা সহমত। কিন্তু তার পরেই আপনি যে বিষয়টা উল্লেখ করেছেন, বিশেষভাবে পারিবারিক বন্টননামার ক্ষেত্রে, আমরা যারা গ্রামে বাস করি, আমরা দেখি বর্তমান অবস্থার মধ্যেও এখনও পর্যন্ত গ্রামের মানুষ বিশেষভাবে এই পারিবারিক বন্টননামার ক্ষেত্রে যে আইনসিদ্ধভাবে এটাকে রেজিস্ট্রি করার ক্ষেত্রে তারা কেউ যেতে চায় না। কিন্তু শহরের মানুষ এই বিষয় জানেন যে, আইনসিদ্ধ করতে গেলেই আমাকে এটা রেজিস্ট্রি করতে হবে। এখনও সাদা কাগজের উপর গ্রাম পঞ্চায়েতের প্রধানের সই নিয়ে তারা বন্টননামাগুলো করছে স্ট্যাম্পের পয়সা দিতে পারে না বলে। এই জায়গাতেই স্ট্যাম্প ডিউটি যেখানে হাফ পার্সেন্ট ছিল, সেখানে বাড়িয়ে করলেন দু পার্সেন্ট। অর্থাৎ যে অবস্থা ছিল তারা আরও কঠিন অবস্থার মধ্যে গিয়ে পড়বে। আমি আপনাকে বিশেষভাবে বলব, এই বিষয়টা আপনার দেখা দরকার এবং এই বিষয়ে আমি বারবারই একটা অনুরোধ করব, এই বাড়ানোটা আমাদের গ্রামবাংলার ক্ষেত্রে একটা সাংঘাতিক প্রতিক্রিয়া হবে। এখানে আমি আর একটা বিষয় উল্লেখ করছি। এর আগে জমি রেজিস্ট্রি করতে গেলে আমরা দেখতাম সাব-রেজিস্ট্রি অফিসে গেলে পরে জমির অ্যাসেসমেন্টের হিসাবটা তখন হত না, জমিটা রেজিস্ট্রি হয়ে যেত, পরে

ভ্যালুটা অ্যাসেসমেন্ট হত, সেই স্ট্যাম্পটা পরে দিতে হত। কিন্তু দেখা যাচ্ছে, এই অ্যাসেসমেন্টের ক্ষেত্রে যে ভ্যালুটা ধরা হয়, অনেকে কিন্তু সেই টাকাটা দিতে পারেন না। গোটা পশ্চিমবাংলার সমস্ত সাব-রেজিস্ট্রি অফিসে পুরনো বহু দলিল এখনও তারা তুলতে পারছে না। তার কারণই হচ্ছে এর আগের সরকারের আমাদের আমলে মাননীয় অর্থমন্ত্রী দু-বার ছাড় দিয়েছিলেন। কিন্তু তবুও বহু দলিল এখনও রেজিস্ট্রি অফিসে পড়ে আছে। আমি আপনাকে বলব, এই বিষয়টাতে আপনি অন্তত কিছুটা ছাড় দিয়ে যাতে অনেক মানুষ যারা অনেকে মারা যাচ্ছেন, দলিল তুলতে পারছেন না, সেই বিষয়টা আপনি একটু লক্ষ্য রাখবেন। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আপনি যদি আবার এই হাফ পার্সেন্টকে যদি টু পার্সেন্ট করেন, তাহলে সাংঘাতিক অবস্থা দাঁড়াবে বলে আমরা মনে করছি। এরপরেই আমি ওয়েস্ট বেঙ্গল এন্টারটেনমেন্ট অ্যান্ড লাক্সারি ট্যাক্স অ্যাক্ট-১৯৭২-এতে আসছি। যেটাকে আপনি বলছেন যে, আগে বেশি টাকা জমা দিলে আগে সুদের হারটা বাড়ানো ছিল সেটাকে আপনি কমিয়ে দিলেন। এই একটা জায়গা আমরা দেখলাম। আবার যারা টাকাটা বিলম্বে দেবে বা দেরি করে দেবে, এর উপরে ট্যাক্সটা বাড়িয়ে দিলেন। পরের বিষয় নিয়ে আমাদের কোনো আপত্তি নেই। কিন্তু যারা অ্যাডভান্স বেশি টাকা জমা দেবে, তাদের ক্ষেত্রে সুদের হারটা এটা যদি আগের জায়গায় রাখেন তাহলে আগ্রহটা যেভাবে হওয়া উচিত সেভাবেই হয়তো হবে বলে আমি মনে করছি। এখানে আর একটা জায়গাতে সেল ট্যাক্স-এর ক্ষেত্রে আপনি দেশি মদের—আগে তো আপনার বিলেতি মদের ক্ষেত্রে আপনি ট্যাক্সটা ৩৭% থেকে ৫০% পর্যন্ত বাড়াচ্ছেন, এটা আরও বাড়ান আমাদের কোনো আপত্তি নেই। এটা যতটা পারেন আপনি বাড়ান। কিন্তু আমাদের উত্তরবঙ্গে লক্ষ্য করি যে, ভুটান থেকে এই জায়গাতে যে পরিমাণ ভুটানি মদ ঢুকে যাচ্ছে এটাকে আপনি কীভাবে রোধ করবেন ? যত বাড়াবেন তত দেখবেন আরও বেশি আসবে। সেটাকে অন্তত আপনি বন্ধ করার জন্য চেষ্টা করুন। এই জায়গায় আমরা কিন্তু অবাক হলাম সেল ট্যাক্সের ক্ষেত্রে যে, আপনি বিশেষভাবে প্রসাধন সামগ্রী, আলঙ্করাদি—এসবের ক্ষেত্রে আপনারা বিশেষ ছাড় দিয়েছেন—১৩.৫% থেকে আপনারা একেবারে ৪%-এ নামিয়ে নিয়ে এসেছেন। আমরা বুঝতে পারলাম না, আপনারা এত টাকা ছাড় দিয়ে এত অর্থ কোথা থেকে সংগ্রহ করবেন। যেভাবে ছাড়টা দিয়েছেন এর আগে অ্যানুয়াল স্টেটমেন্টে আপনি যেভাবে বললেন, যে কোনো জিনিসের উপর ট্যাক্স বসাবেন না, আমরা সেটা দেখলাম। এবার কিন্তু আমরা এই বিলে দেখছি যে ছাড়, সেখানে দেখছি আপনারা যেসব প্রসাধন সামগ্রীর উপর থেকে যেভাবে ছাড়টা নামিয়ে নিয়ে এলেন, প্রায় সাড়ে নয় শতাংশ। আপনার এত টাকা আসবে কোথা থেকে ? আপনার নীতিটাই বা কি ? আমরা এই ব্যাপারটা পরিষ্কার হতে পারলাম না। এই জায়গাতে আর একটা কথা বলি, যে বিষয়টা বিশেষভাবে উল্লেখ করা দরকার ছিল যে, আপনারা এর আগেই যে বাজেট আপনি পেশ করেছিলেন, সেখানে আপনি গ্রোথ রেটে দেখিয়েছিলেন যে, ৩১% আপনার গ্রোথ রেট। এই নিয়ে অনেক আলোচনা হয়েছে। আমরা সাধারণত জানি যে, ১৬%-এর উপরে ওঠা একটা সাংঘাতিক ব্যাপার। সেই জায়গায় আপনি ৩১% দেখিয়েছেন। এর আগে সরকারি পক্ষের পক্ষ থেকে মাননীয় শ্রী সুখবিলাসবাবু বিশদে

ব্যাখ্যা করেছেন। আপনি ওনার স্টেটমেন্টের বক্তব্যের মধ্য দিয়ে নিশ্চয়ই বুঝেছেন যে, অবস্থাটা কোন জায়গায়। শুধু মমতার অন-লাইন লটারির মধ্য দিয়েই আর কর ফাঁকি বন্ধের এই যে জায়গাগুলো যেগুলো উল্লেখ করা হয়েছিল, তার মধ্য দিয়ে যদি এত টাকা আপনি তুলবেন, এটা কিন্তু একটা অসম্ভব ব্যাপার। আমি এই সুযোগে আর একটা কথা বলি, যেটা আমাদের বিশেষভাবে উত্তরবঙ্গের মানুষকে আরও বিচলিত করেছে। সেটা হল, উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের জন্য একজন মন্ত্রী করেছেন উন্নয়নের জন্য। যে মন্ত্রী আমরা দেখছিলাম, তিনি বরাবরই শুধু স্টেটমেন্ট দিয়ে যাচ্ছেন এবং বরাবরই তিনি প্রতিশ্রুতি দিয়ে যাচ্ছেন। কিন্তু আমরা অবাক হই যে, এই দপ্তরের মন্ত্রী দপ্তরবিহীন মন্ত্রী উত্তরবঙ্গের, এনার কোনো দপ্তরই নেই। ওনার এই দপ্তরের কোনো হেড নেই। যেটা উত্তরবঙ্গের উন্নয়নের জন্য বরাদ্দের কথা বলেছেন, সেই বরাদ্দের বিষয়ে আমরা দেখছি ডেভেলপমেন্ট অ্যান্ড প্ল্যানিং হেডে আপনারা সেই টাকাটা দিয়েছেন, যেটা হচ্ছে আমাদের ডেভেলপমেন্ট অ্যান্ড প্ল্যানিং-এর। অথচ এই জায়গাতে এই উত্তরবঙ্গের উন্নয়নের বিষয় নিয়ে যেখানে ডেভেলপমেন্ট অ্যান্ড প্ল্যানিং-এ যেটা বলা ছিল যে দুশো কোটি টাকার বরাদ্দ, কিন্তু আমরা বই-এ সেখানে দেখেছিলাম—বিলের উপরই বলছি, ১৭০ কোটি টাকা বরাদ্দ ছিল। বাদ বাকি বিষয় নিশ্চয় আপনি এর আগের দিনেও চেষ্টা করেছিলেন, এবারও নিশ্চয় সেটা বলবেন। আমি শুধু এই কথাই বলতে চাই, আজ এই যে বিলের বিষয় নিয়ে এসেছেন, এখানে এই বিলের, মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমার বিশেষ অনুরোধ যে, ছবিটা পরিষ্কার করুন। বিলের ব্যাপার নিয়ে যেটা সংশোধনী, যেটা আমরা দিয়েছি, নিশ্চয়ই সেই ব্যাপার নিয়ে আপনার বক্তব্যে আপনি বলবেন এবং শেষ কথা বলে নিই যে, এই বিলের আমরা শুধু বিরোধিতাই নয়, গরিবদের বিষয় নিয়ে যে বিষয়টা আপনারা বাড়ানোর চেষ্টা করেছেন এটা নিশ্চয়ই করবেন না। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[2.10—2.20 p.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, মাননীয় অর্থমন্ত্রী যে ফাইনান্স বিলটি নিয়ে এসেছেন—যেটা The Indian Stamp Act. 1899, The West Bengal Entertainments and Luxuries (Hotels and Restaurants) Tax Act, 1972, The West Bengal Sales Tax Act, 1994 and The West Bengal Value Added Tax Act, 2003-এর সাথে সম্পর্কিত। মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, প্রকৃতপক্ষে এখানে যে আইন যখন পাশ হয়েছিল—'৭২ সালেই বলুন, ২০০৩-ই বলুন এবং তার আগে যেগুলো হয়েছে সেগুলোতে আমাদের সম্পর্ক নেই, কিন্তু প্রত্যেকটা ক্ষেত্রে যে জটিলীকরণগুলি ছিল, সেই জটিলীকরণগুলো ক্রমশ আমরা দেখলাম এমন দক্ষতার সঙ্গে আমাদের অর্থমন্ত্রী মহাশয় কীভাবে সরলীকরণ করার জন্য চেষ্টা করেছেন। ট্যাক্স আমাদের কাছে বোঝা হবে কেন ? ট্যাক্স আপনার কাছে একটা বিভিন্নভাবে liabilities হবে কেন ? ট্যাক্স আপনাকে কেন একটা অস্থিরতার মধ্য দিয়ে নিয়ে যাবে ? এটা কি করে হয়। আজকে

কিন্তু অর্থমন্ত্রী মহাশয় দেখিয়েছেন সরলীকরণ কীভাবে করতে হয়। যে harassment, হোটেল ট্যাক্স নিতে গিয়ে harassment বিভিন্নভাবে মানুষকে করা হত, আজকে তিনি সেগুলো তো সরলীকরণ করছেনই, তা ছাড়াও তিনি আজকে corruption-কে স্থান দিচ্ছেন না। corruption-কে আজকে clear করার জন্য উদ্যোগ নিয়েছেন। corruption কেন হবে ? প্রকৃতপক্ষে আজকে যারা ট্যাক্স দিতে যায়, মার্কেটে করতে গিয়ে বা বিভিন্ন ক্ষেত্রে তাদেরকে বিভিন্নভাবে অসুবিধায় পড়তে হয়। সেগুলিকে আজকে তিনি পরিষ্কার-পরিচ্ছন্ন উপায়ে নিয়ে এসে আজকে পশ্চিমবাংলার মানুষের কাছে নতুনভাবে একটা আশার সঞ্চার করেছেন। সত্যিই বলছি, আজকে এই বিলকে আন্তরিকতার সঙ্গে গ্রহণ করছি। মন্ত্রী মহাশয়ের যে চিন্তা-ভাবনার প্রতিফলন বিভিন্ন ক্ষেত্রে দেখুন—Indian Stamp Act.-এর ক্ষেত্রে ২৫ লাখের উপরে কেউ তার সম্পত্তি কেনে সেখানে ১ পার্সেন্টের বেশি স্ট্যাম্প ডিউটি নেওয়া হত, এখন ২৫ লাখ থেকে ৩০ লাখ—সেটাকে তিনি বাদ দিয়ে দিয়েছেন। ১ পার্সেন্ট অফ করে দিয়েছেন। বামফ্রন্ট সরকার যেটা করেছিলেন, যেটা ২০০৭-এ ছিল, সেখানে তিনি কিন্তু আজকে নতুনভাবে দেখা যাচ্ছে মানুষকে ছাড় দিয়ে বাকিগুলোর ক্ষেত্রে rent করে বিভিন্ন ক্ষেত্রে বিভিন্নভাবে ট্যাক্স দেওয়ার সুযোগ করে দিয়েছেন। ইন্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্ট-১৮৯৯ সালের, এই আইনের ক্ষেত্রে গুরুত্ব দিয়ে মানুষের স্বার্থে তিনি নিয়ে এসেছেন। আমরা দেখতে পাচ্ছি, আজকে আর্টিকেল ৩৫-এর সাবস্টিটিউশান হয়েছে। সেখানে substitute হয়েছে কতগুলো ক্ষেত্রে, ভ্যালু অ্যাভারেজে যে slab প্রকৃতপক্ষে যা করা ছিল সেখানে ১ পার্সেন্ট থেকে শুরু করা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি যে, বিভিন্ন ক্ষেত্রে বিভিন্নভাবে তিনি সেটা করেছেন। property যেখানে বেশি হবে সেখানে বেশি হবে। আর property যেখানে কম হবে তিনি সেখানে সুযোগ-সুবিধা দেওয়ার চেষ্টা করছেন। এটা করে প্রকৃতপক্ষে আজকে তিনি আমাদেরকে সেখানে একটা নতুন পথের সন্ধান দিয়েছেন এবং নতুন পথের দিশা প্রকৃতপক্ষে আমরা সব ক্ষেত্রেই দেখতে পাচ্ছি। আজকে ধরুন, এই যে ফরেন লিকার—ফরেন লিকারের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, সেখানে যেটা ছিল সেটার থেকে আপনার সেখানে ৫০ পার্সেন্ট করছেন। আজকে foreign liquor-এর সঙ্গে পাশাপাশি আরও অন্যান্য স্থানীয় যে liquor পাওয়া যায়, সরকার যেটা প্রকৃতপক্ষে দেশি লিকার সেটার ক্ষেত্রেও বিভিন্নভাবে অব্যবস্থাটা আর দেখা যাবে না। আমরা বিভিন্নভাবে দেখতে পাচ্ছি আজকে তিনি ছোটখাটোদের ক্ষেত্রে একটা fast track করে সেখানে তাদের সুবিধা দেওয়ার চেষ্টা করছেন। সেখানে প্রতিটি ক্ষেত্রে একটি ঐতিহাসিক পরিবর্তন আনবার চেষ্টা করছেন। রেজিস্ট্রেশনের ক্ষেত্রে বলুন, ভ্যাট সরলীকরণ করে অন লাইনে নিয়ে যাবে যেটা ১ আগস্ট থেকে চালু করে দিয়েছেন। ভ্যাটের সরলীকরণ, আমরা ২০০৩ সালে দেখেছি বহু ক্ষেত্রে বহুভাবে যেভাবে করা উচিত ছিল তদানীন্তন সরকার সেটা করতে পারেননি। সেখানে আমাদের বর্তমান অর্থমন্ত্রী পরিষ্কার-পরিচ্ছন্নভাবে অডিট হতে যে অ্যামাউন্ট পাওয়া গেছে তার থেকে জমা দিতে হবে। অডিট অ্যামাউন্ট জমা দিতে হবে তার মধ্যে অন্য কিছুর মধ্যে যেতে হবে না। ওই টাকাটা তার মাধ্যমে জমা দিতে পারবেন। সেখানে হিসাব করে একটা

আপনার উপর চাপ দেওয়া হবে, সেটা কিন্তু পরিষ্কার-পরিচ্ছন্নভাবে—অডিট যেটা বলবে সেই টাকাটা আপনি জমা দিতে পারবেন, সেখানে কিচ্ছু করার প্রয়োজন নেই। সাধারণভাবে সেখানে আয় বাড়বে। বিভিন্ন ক্ষেত্রে বিভিন্নভাবে আমরা যদি দেখি রিসেলার জিনিস কিনে কনট্রাক্টররা যেটা কোয়ার্টারলি যেটা দিতে হত সেটা অ্যানুয়ালি করে দেবেন। কোয়ার্টারলি না করে অ্যানুয়ালি কন্ট্রাক্টররা টাকাটা দিতে পারবেন। যেটা দুবারে দিতে হত সেটা তিনি একবারে দেওয়ার ব্যবস্থা করে দিচ্ছেন। সেখানে কোনোভাবে কারোর উপর প্রেসার দিয়ে নয়। মানুষকে তিনি বিশ্বাস করেন। মানুষের উপর বিশ্বাসের স্ট্যান্ড পয়েন্টের উপর দাঁড়িয়ে তিনি এগুলো স্থির করছেন। বামফ্রন্টরা মানুষকে বিশ্বাস করতেন না। মানুষকে ভালোবাসেননি। মানুষের অন্তর জয় করতে পারেননি। কেন-র জবাব আপনারা দিচ্ছেন। বুকে হাত দিয়ে বলুন তো আপনাদের শুয়ে, বসে আজকে আপনাদের ঘুম হচ্ছে না। কোথায় কোন কংকাল বেরবে এই নিয়ে আপনারা চিন্তায় পড়ে যাচ্ছেন। সেই পরিপ্রেক্ষিতে প্রকৃতভাবে যদি আমরা বলি, মানুষকে বিশ্বাস না করার এই তার প্রতিফলন হচ্ছে। মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, আজ আমরা দেখতে পাচ্ছি কতগুলো ইনসার্ট হয়েছে, কতগুলো সাবস্টিটিউট হয়েছে—বিভিন্ন ক্ষেত্রে বিভিন্নভাবে সুযোগ-সুবিধা দিতে পারব। প্রোপাইটারকেও বিভিন্নভাবে সুযোগ দেওয়া হচ্ছে। প্রোপাইটার কে সেটাকে জানাবার জন্য আজকে কি করা হচ্ছে ? হোটেল ম্যানেজমেন্টের মধ্যে কে প্রকৃত প্রোপাইটার আছে সেগুলোকে জানার জন্য রেজিস্ট্রেশন করছেন। কোনো টাকা এর জন্য দিতে হচ্ছে না। আপনি দেখুন এখানে যে ফিনান্সিয়াল মেমোরেন্ডাম আছে There is no financial implication involved in the Bill. এখানে নেই। প্রকৃত প্রোপাইটার কে সেটা বোঝা যাবে তার জন্য নামটা রেজিস্ট্রি করতে বলছেন। তার পাশে দেখুন, যে জিনিসগুলো ক্ষতিকারক টোবাকো থেকে আরম্ভ করে রিলেটেড জিনিসের উপরে ট্যাক্সের অধিকার যেটা হয়েছে সেটা দেখা যাচ্ছে সিগারেট থেকে আরম্ভ করে বিদেশি মদ থেকে আরম্ভ করে যেটা ২৩% ছিল সেটা ২৭% করা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি মিনিমাম রিটেল প্রাইস যেগুলো আছে সেগুলোকে ম্যাক্সিমাম করেননি। তাদের সেই সুযোগ-সুবিধা দিয়ে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন। আমরা মনে করি, পাওয়ার টু ইনক্রিজ যেটা সেটাকে যদি চিন্তা-ভাবনা করে, আমাদের যে পাওয়ার সেটাকে যদি অর্থমন্ত্রী চিন্তা-ভাবনা করে করতে পারেন—তিনি আগে থেকে লাফিয়ে গিয়ে কোনো কিছু বলছেন না। তিনি বলছেন, আমাকে ক্ষমতা দাও, আমি দেখব সরকারের কি করে আয় বাড়ে। আমি চেষ্টা করব কারোর উপরে বোঝা নয়। তাই তিনি চেষ্টা করছেন কারোর উপরে বোঝা না চাপিয়ে, সেখানে চাপ সৃষ্টি না করে গরিব মানুষের উপরে, মধ্যবিত্ত মানুষের উপরে, খেটে খাওয়া মানুষের উপরে কোনো চাপ সৃষ্টি করে নয়, সবাইকে আমরা সেখানে দেখতে পাচ্ছি সুযোগ দেওয়ার চেষ্টা করছেন। ম্যাডাম, যাইহোক, আমরা প্রকৃতপক্ষে এই যে ঐতিহাসিক বিল, এই ঐতিহাসিক বিলকে সমর্থন না করে অন্যভাবে তার যদি আমরা ব্যাখ্যা করতে যাই তাহলে ঠিক হবে না। প্রকৃতপক্ষে যে পথ ধরে আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আমাদের যে দিশারী, আমাদের অর্থমন্ত্রীকে দিয়ে করবার চেষ্টা করছেন সেইটাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

[2.20—2.30 p.m.]

শ্রী সুভাষ নস্কর : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আজকের মাননীয় অর্থমন্ত্রী যে The West Bengal Finance Bill, 2011, Indian Stamp Act. in its application to West Bengal, The West Bengal Entertainments and Luxuries (Hotels and Restaurants) Tax Act The West Bengal Sales Tax Act. and Value Added Tax Act—এই চারটের উপরে তিনি যে ফিনান্স বিল নিয়ে এসেছেন তার উপরেই আলোচনা হচ্ছে। আমি শুধু এইটুকু পড়েছি কাশীদার বক্তব্য এবং তাঁর পূর্ববর্তী বক্তা আশিসদার বক্তব্য শুনেছি, দুজনেই বলেছেন বিলটি ঐতিহাসিক। এ তো সাংঘাতিক ব্যাপার। ঐতিহাসিক শব্দটি কোন ক্ষেত্রে প্রযোজিত হতে পারে আমি জানি না। এইটাও কি মাননীয় অর্থমন্ত্রী উত্তর দেবেন—ঐতিহাসিক, ঐতিহাসিক, ঐতিহাসিক ? আমি শুধু জানি এটা একটা কঠিন, দুর্বোধ্য সাবজেক্ট, কিন্তু তার মানে না বুঝেই বলব ঐতিহাসিক, এটা বুঝতে পারলাম না। সেটা ঐতিহাসিক, সেটা আন্তর্জাতিক এইসব হয় না।

ম্যাডাম ডেপুটি স্পীকার : সুভাষবাবু, ঐতিহাসিক কথাটি কেবলমাত্র ভুলের ক্ষেত্রেই প্রযোজ্য হয় না।

শ্রী সুভাষ নস্কর : ভুলের কথা বলছি না, কার ক্ষেত্রে প্রযোজ্য হয় সেইটুকু জানতে চাইছিলাম। আমি শুধু এইটুকু জানতে চাই, এই কথাটা একটু পরিষ্কার করে বললে হয় না কি ? প্রবোধদা সঠিকভাবেই বলেছেন, কেউ বা গ্রহণ করেছেন, কেউ বা গ্রহণ করেননি। সেটা মাননীয় অর্থমন্ত্রী নিতে পারলেন কিনা। সাপ্লিমেন্টারি বাজেটে ইনক্লুড না করে ফিনান্স বিল আনছেন এখানে। টেকনিক্যালি এটা ঠিক হচ্ছে কিনা এবং ফিনান্স স্টেটমেন্ট না এনে তার আগে এটা আনছেন, এটা আগে হয়েছে কি এবং এতে টেকনিক্যালি আটকে যাবে কিনা দেখার দরকার আছে। আপনি প্রবীণ মানুষ, তাতে এটা ইনক্লুড না করে এখন আনছেন কি করে হবে ? দ্বিতীয় বিষয়টি হল, একটু খোলসা করে বললে কি হয় না কোন কোন আইটেমের উপরে অতিরিক্ত ট্যাক্স চাপাচ্ছেন ? কোন কোন আইটেমের উপরে, এখানে কিছু কিছু আইটেম বলা আছে, পড়েছি। রিল্যাক্স করছেন ঠিক কথা, কিন্তু একেবারে যেন এমন করছেন যেটা একটা কথাই প্রযোজ্য—রাঁধিব, বাড়িব, ব্যাঞ্জনও বাটিব কিন্তু হাঁড়ি তো ছোঁব না। হাঁড়ি তো ছোঁব না, হাঁড়ির কালি গায়ে লেগে যায়। খোলসা করে বলেতেই হবে, তা না হলে দুদিন পরে খোলসা হয়ে যাবে। মদের উপরে ট্যাক্স কত পার্সেন্ট বাড়াচ্ছেন, এতে ক্ষতি কাদের হবে সেটা খোলসা করে বলুন না, আমাদের সদস্য বলে গেছেন যত খুশি বাড়ান, কিন্তু গরিব মানুষের উপরে কত বাড়াচ্ছেন সেটা খোলসা করে বলুন না। আবছা আবছা না বলে পরিষ্কার করে বলুন। রাজ্যবাসীদের একটু জানা দরকার অতিরিক্ত ট্যাক্স আপনি কতটা আনছেন, আপনার এটা সারপ্লাস হয়ে যাবে কিনা। আপনার বাজেট বরাদ্দ যা আছে তার থেকে সারপ্লাস হবে কিনা, সেটা তো পরিষ্কার করে বলবেন। আপনি তো ঘাটতি দেখিয়েছেন স্টেটমেন্টে, সেই ঘাটতি ফিল আপ করে সারপ্লাস হবে কিনা। এমন কিছু করবেন না প্রত্যক্ষভাবে সাধারণ মানুষ, যাদের কথা আপনারা বলছেন

মা-মাটি-মানুষ, সেই মাটির মানুষ যারা, মাটিতে যাদের সম্পর্ক তাদের উপর এই আঘাত না পড়ে। সেটা অন্তত করবেন না। আপনারা অনেকবার বলেছেন ঠিক কথা যে, আমরা এমন একটা সরকার চালাচ্ছি, আমাদের সময় লাগবে, সময় লাগবে। তিন মাসে হয় না, ৯০ দিনে হয় না, একশো দিনে হয় না। এই জন্য আমরা আক্রমণাত্মক কোনো আলোচনায় অংশগ্রহণ করছি না। আমরা বলছি এই কারণে, হ্যাঁ, সময় নিন না, সময় নিন না। ভালো করেই বোঝেন তো। আপনারা তো সব পুরনো মেম্বার, পাশাপাশি বসে আছেন। সময় নিন না। সময় নিন না। কত সময় নেবেন ? পাঁচটা বছর তো আছে। সেই পাঁচ-দশ বছর সময় নিন না, দেখুন না। যেন ঝোলার ভেতর থেকে বেড়াল না বেরিয়ে যায়। আমি শুধু ট্যাক্সের কথা বলব। ঠিক আছে, আমরা কোনো মন্তব্য করছি না। যে কোনো সরকারকেই ট্যাক্স বাড়াতে বা কমাতে হবে। কোথাও রিলাক্স করতে হবে, কোথাও অ্যাড করতে হবে। না হলে সরকারটা চলবে কি করে ? আর অর্থনৈতিক বিষয়টাকে আপনারা কি করে রক্ষা করবেন ? এটা ঠিক কথা। কিন্তু ট্যাক্স যেখানে কমালেন, সেখানে ঘাটতি হল কিনা, যেখানে বাড়ালেন সেখানে উদ্বৃত্ত হল কিনা, এই স্বচ্ছ হিসাবটা পরিষ্কার করবেন না ? এইটুকু শুধু বলার, নতুন করে বলার জায়গা তো নেই। শুধু এইটুকু বলব যে, আপনি সম্পত্তির উপর—যেটা মাননীয় সদস্য তুলেছেন, গ্রামে-গঞ্জের দিকে সবচেয়ে বেশি এফেক্ট হয়। একটা পরিবারের মধ্যে গিফ্‌ট হবে, বিনিময় হবে, লিজ হবে, তার উপর আঘাতটা সাধারণ মানুষের উপর পড়ে। আমি পরিষ্কারভাবে বুঝতে পারছি না যে, মশারীর উপর কমাচ্ছেন না বাড়াচ্ছেন ? কাদের উপর পড়ছে, দেখুন না, সেইগুলি একেবারে যদি গ্রামের মানুষদের উপরে এফেক্ট হয়ে যায়, কাশীবাবু যদি বলেন এফেক্ট হবে না তাহলে ভালো কথা। সেই গভর্নমেন্টের মন্ত্রী ছিলেন, এই গভর্নমেন্টের আছেন। আর মাননীয় সদস্যকে বলি, আপনি অনেক পুরনো দিনের মানুষ। তাই আপনার শরীর ভালো আছে। এখনকার মানুষদের অত শক্তপোক্ত শরীর নয়। এই জন্য দেখুন একেবারে ডাইরেক্টলি এফেক্ট যাতে না হয়। সরকার ভালোভাবে চালাবেন, এটা আপনারা বলেছেন। স্ট্যাম্প ডিউটিটা দেখুন, যেন ভিলেজ লেভেলে এফেক্ট না হয়। আর ভিলেজ লেভেলে—গ্রামের মানুষদের উপর এমন কিছু ট্যাক্স না চাপান। আপনি একটু পরিষ্কার, খোলসা করে বলুন। রাজ্যবাসীরা জানুক যে আমরা এটার উপর এত পার্সেন্ট বাড়াচ্ছি। সেটা সরাসরি, প্রত্যক্ষভাবে সাধারণ মানুষের উপর এফেক্ট হবে না। যেটা উচ্চবিত্ত মানুষের উপর এফেক্ট হবে। সেগুলি খোলসা করে বলুন। আমি আমার বক্তব্য এখানেই সীমাবদ্ধ করলাম।

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, আজকে যে ফিনান্স বিলটি এখানে মুভ করা হয়েছে, তাকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। বিরোধী পক্ষের যে তিনজন মাননীয় সদস্য বললেন, ওনারা তিনজনই পূর্বতন মন্ত্রী। তাঁদের পক্ষ থেকে তোলা হয়েছে এই ফিনান্স বিল যেহেতু অ্যানুয়াল ফিনান্সিয়াল স্টেটমেন্টের সঙ্গে ট্যাগ নয় সেহেতু এর লিগালিটি কতটা আছে ? আমার ধারণা যতটুকু তাতে করে ফিনান্স বিল যেহেতু আলাদাভাবে পেশ করা হয়েছে, এই ফিনান্স বিলটাকে ফিনান্স বাজেটের সময় যখন অ্যানুয়াল ফিনান্সিয়াল স্টেটমেন্ট, যেটা দেওয়া হয়েছিল, সেটার কনস্টিটিউশনাল রিকোয়ারমেন্ট তার

সঙ্গে ট্যাগ করা হয়নি। সুতরাং ওই লিগালিটির প্রশ্নটা এখানে আসে না। তা যদি হত তাহলে কোনো বিধানসভাতেই বা পার্লামেন্টে, একমাত্র বাজেট অধিবেশন ছাড়া অন্য সময়ে ফিনান্স বিল আসত না, আনা যেত না। এটা আমরা বিভিন্ন স্টেটে দেখেছি। আমাদের স্টেটেও দেখেছি, পার্লামেন্টেও দেখেছি ফিনান্স বিল অন্য সময় আসে। এই ফিনান্স বিলের মাধ্যমে যে কাজটা মাননীয় অর্থমন্ত্রী করেছেন, যেটার উপর আমি বারবার জোর দিচ্ছি সেটা হচ্ছে যে, আমাদের রেট নয়, কার উপর কতটা রেট চাপালাম সেটা নয়, তার চাইতে বড়ো হচ্ছে ট্যাক্স কমপ্লায়েন্সটা। ট্যাক্স কমপ্লায়েন্সটা যদি এনসিওর করতে পারি, ট্যাক্সের কালেকশানটা যদি ভালো করতে পারি, বাড়াতে পারি, তাহলে মোটামুটি একজিস্টিং রেট যা আছে, তাতেই কিন্তু আমরা অনেকটাই এগোতে পারব।

[2.30—2.40 p.m.]

আমি আগেই উল্লেখ করেছিলাম, আজও মাননীয় সদস্যদের কাছে উল্লেখ করতে চাই যে, একই population, একই GSDP,NSDP, একই per capita income বা তার চাইতে কম per capita income, GSDP, NSDP যে স্টেটগুলি আছে সেগুলির tax revenue যদি double হয় তাহলে আমাদের কেন হবে না। আমরা যদি একবার study করে দেখি তাহলে দেখব, সেই সমস্ত স্টেটের সঙ্গে আমাদের স্টেটের রেটের সঙ্গে বেশি ফারাক নেই। It is a question of compliance, it is a question of collection. মাননীয় অর্থমন্ত্রী সেটার উপর জোর দিয়েছেন, আপনারা যদি বিলটা পড়েন তাহলে দেখবেন এখানে বেশ কিছু reorganization, restructuring-এর ব্যাপার আছে। Stamp bill-টাতে family-এর মধ্যে যখন কোনো conveyance হবে, গিফ্‌ট হবে তার একটা আলাদা করে treat করা হয়েছে। আবার family-এর বাইরে যারা তাদের আলাদা করে treat করা হয়েছে। একইভাবে কোথাও 33(I) সেটা অ্যাপ্লিকেশন হয়েছে in place of no. 23 আবার কোথাও করা হয়েছে reorganize করার জন্য, restructuring করার জন্য, যাতে tax compliance ভালো হয় আবার at the same time মানুষের উপর pressure না পড়ে। এখানে আমরা দেখতে পাচ্ছি মাননীয় অনেক অভিজ্ঞতাসম্পন্ন সদস্য শ্রী কাশীনাথ মিশ্র মহাশয় বলেছেন, আমার বন্ধু এবং একটা সময়ে আমরা একই জায়গায় ছিলাম, আমার গানের দলেও ছিল কিছুদিন ডঃ আশীষবাবু তিনিও বলেছেন sales tax-এর ক্ষেত্রে, turnover tax-এর ক্ষেত্রে বিলের মধ্যে যে পদ্ধতিগুলি আনা হয়েছে সেটা ঐতিহাসিক বললে হয়তো আপনারা আপত্তি করবেন, আমি ঐতিহাসিক বলতে চাই না। Definitely এর মধ্যে সুচিন্তা রয়েছে, collection-কে বাড়ানোর একটা চেষ্টা, compliance-কে বাড়ানোর একটা চেষ্টা করা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি যে, এই সব জায়গায় first track assessment—আজকে first track court নিয়ে বিচার ব্যবস্থায় অনেক কথা বলি। Govt. of India কিছু অর্থ সাহায্যে first track court করা হয়েছে। আমরা first track court এখনও চাইছি যাতে disposal বেশি হচ্ছে দেখতে পাচ্ছি। এখানে first track assessment করার জন্য যে special power দেওয়া হচ্ছে commissioner-কে প্রয়োজনবোধে তিনি এগুলি করবেন, প্রচুর

case যেখানে থাকে আমি আবার বলব যে, tax rate-টাই বড়ো কথা নয়, সেগুলি যদি দিনের পর দিন পড়ে থাকে এবং সেগুলি যদি দিনের পর দিন এই court সেই court-এ, এর কাছে ওর কাছে যেতে হয় তার থেকে আমি যদি compliance-টাতে অন্যভাবে ensure করতে পারি সেই ব্যবস্থা এখানে করা হয়েছে। করা হয়েছে special audit-এর ব্যবস্থা। বিভিন্ন জায়গায় accounts ঠিকমতো submit করতে না পারলে fine দিতে হবে, penalty দিতে হবে। যদি false claim করে input tax যেটা আমাদের আশীষবাবু বলেছেন, তার জন্য penalty হবে। বিভিন্ন ধরনের penalty ইত্যাদি impose করে রেখে যে ব্যবস্থাটা নেওয়ার চেষ্টা হচ্ছে, যে collection-টাকে বাড়ানো এবং এটাই হবে আমাদের প্রধান উপায়। আমরা at the same time জনগণের উপর অকারণে tax চাপিয়ে তাদের compliance-কে আরো খারাপ করব না। যে tax rate আছে তাকে restructuring করে, যেমন restructuring করার জন্য চেষ্টা করেছেন টেক্সটাইল গারমেন্টসে, সেখানে কিছু কমানোর জন্য টেক্সটাইল গারমেন্টস-এর উপর যে tax-টা আছে এটা নিয়ে দীর্ঘদিন নানা ধরনের প্রতিবাদ হয়েছে। এই যে ব্যবস্থা নেওয়া হয়েছে এই ব্যবস্থাগুলির মাধ্যমে আমি সিওর tax compliance বাড়বে, tax-এর collection-টা বাড়বে। আর তা যদি পারে তাহলে আমরাই আমাদের যে লক্ষ্য, সেই লক্ষ্যে আমরা পৌঁছতে পারব। কাজেই মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন সেই বিলকে আমি একেবারে আনন্দসহকারে, হৃষ্টচিত্তে, খুব উৎসাহসহকারে আমরা এটা সাপোর্ট করছি এবং সেই সঙ্গে সঙ্গে আমি অনুরোধ করছি , এই যে পদ্ধতিগত যে রিফর্মস এলো, যেগুলো আসবে, এই পদ্ধতিগত রিফর্মস-এর সঙ্গে সঙ্গে একটু সুপারভিশানের উপর জোর দেওয়া, আমার সুপারভিশানটা কিন্তু এই স্টেটে আমার মনে হয়েছে উই আর ল্যাকিং ইন। আমাদের অনেক সমস্যা হয়েছে। আগেরবারেও বলেছি, আবারও বলছি, হয়তো বিরোধী দল আমার সঙ্গে একমত হবেন কিনা—প্রত্যেকটা অফিসে ঘুঘুরবাসা রয়েছে। ওই কো-অর্ডিনেশান কমিটির লোকগুলো প্রত্যেকটা ঠিক ঠিক জায়গায় বসেছিলেন, আমি জানি না তারা হয়তো আবার এই দিকে ঘুরে যাচ্ছে কিনা—সেদিকে খেয়াল রাখতে হবে। কাজেই কালেকশান মেশিনারিকে যদি আমরা ঠিক করতে পারি তাহলে আমরা অনেক কিছুই করতে পারব। আবার আমি আপনার কাছে সেই অনুরোধ রাখছি যে, আমাদের কালেকশানের উপরে জোর দেওয়া। মাননীয় মন্ত্রী মহাশয়, এই সঙ্গে সঙ্গে যে ব্যবস্থাগুলো নিয়েছেন, এখানে একটি-দুটির কথা আমি যদি উল্লেখ করি তাহলে বোধহয় ঠিক হবে। যেমন ধরুন লিজের কথা। লিজ ব্যাপারটায় অনেকগুলোর যা অবস্থা ছিল, তার চাইতে রিস্ট্রাকচারিং করে লিজের উপরে, এমনকি সেই লিজে ৯৫% অফ দি মার্কেট ভ্যালু—লিজের মধ্যে যে একটা ইনোভেটিভ জিনিস হয়েছে, সেটা হচ্ছে মার্কেট ভ্যালু কনসেপ্টটাকে আনা হয়েছে, যেটা আগে ছিল না। এই যে মার্কেট ভ্যালু কনসেপ্টটাকে আনা হয়েছে লিজের মধ্যে এবং তার পার্সেন্টেজ এক বছরের উপরে যখনই হয়ে যাচ্ছে, তখনই বিভিন্ন পিরিয়ডে কখনও ১০% থেকে ২৫%, ৩৫%, ৭৫% এবং ৯৫% অফ দি মার্কেট ভ্যালু—এই করে যে একটা চেষ্টা করা হয়েছে, সেটাকেও আমি অভিনন্দন জানাচ্ছি। তবে হ্যাঁ, মাননীয় মন্ত্রীকে বলব, খুব কঠিন কাজ। এটার ক্ষেত্রেও আবার আমার কালেকশান মেশিনারি যদি ঠিক না হয় তাহলে অসুবিধা।

কারণ, লিজের ব্যাপারটা থেকে বহু টাকা আসতে পারে, এটা আমি অনেকের সঙ্গে আলোচনা করেছি কিন্তু সেটা ফলবতী হবে আমাদের সেই চেষ্টা যদি ওই সুপারভিশানটা থাকে, যদি কালেকশান মেশিনারিটাকে আমরা যদি একটু স্ট্রং করতে পারি—মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি সেই অনুরোধটা রাখব। এটা ঠিক যে, ফিনান্স বিলে আমরা আগে টাকার একটা আন্দাজ পাই সাধারণত যে হ্যাঁ, এত টাকা আদায় হতে পারে, এত টাকা রিবেটের জন্য গেল ইত্যাদি ইত্যাদি, সেটা মাননীয় মন্ত্রী মহোদয় এখানে করেননি কারণ, করতে পারেননি বোধহয়, কেন না অধিকাংশ পদ যেটা বলা হয়েছে ফিনান্স বিলের মধ্যে যা আনা হয়েছে, সেটা হচ্ছে মেথডলজিকাল। সেটা হচ্ছে পদ্ধতিগত পরিবর্তন এবং যে পদ্ধতিগত পরিবর্তনের মাধ্যমে ট্যাক্স কমপ্লায়েন্সটাকে বাড়ানো। আমি আবার এই ফিনান্স বিলকে সাপোর্ট করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী পরশ দত্ত : মাননীয়া ডেপুটি স্পীকার মহাশয়া, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র যে ফিনান্স বিল আজকে এখানে এনেছেন, আমি তাকে সম্পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা এখানে পেশ করতে চাই। এখানে আমি প্রথম থেকে শুনছিলাম মাননীয় প্রবোধবাবু, বিরোধী পক্ষের, তিনি বারবার বলছিলেন নতুন ট্যাক্স কোথায় বসানো হয়েছে বলুন, আরও অনেকেই বলছিলেন নতুন ট্যাক্স বেড়েছে কোথায় ? এইখানেই একটা মজার ব্যাপার আছে। আবার এই কারণেই ঐতিহাসিক বলছি, এঁদের ধারণা যে, কালেকশান বাড়াতে গেলে ট্যাক্স বাড়াতে হবে, এটাই সহজ হিসাব। এঁরা জানেন না কালেকশান বাড়িয়ে ট্যাক্স বাড়ালে যে কি বিপদ হয় তা পঞ্চাশের দশকে সারা পৃথিবীকে দেখিয়ে দিয়েছিল কঙ্গো—নতুন স্বাধীন হওয়া দেশটি।

[2.40—2.50 p.m.]

তাদের ঋণের জাল থেকে বেরিয়ে আসার জন্য তারা দেদার ট্যাক্স বাড়িয়েছিল। দেখা গেল তাদের কালেকশান ভীষণ কমে গেছিল। তারপরে বিভিন্ন আন্তর্জাতিক অর্থনৈতিক সংস্থা এসে ঝাঁপিয়ে পড়ে যদি না বাঁচাত, তাহলে বোধ হয় কঙ্গ বহু আগেই দেউলিয়া বলে ঘোষণা হয়ে যেত। যাই হোক, সেই কথায় যাচ্ছি না, যেটা মাননীয় অর্থমন্ত্রী করেছেন, ওনাকে টাকা বাড়াতে হবে। আমাদের মুখ্যমন্ত্রীর ফিলোসফি হচ্ছে মানুষের উপরে ট্যাক্স বসাবে না। কেন না, সারা দেশে এখন যেভাবে মুদ্রাস্ফীতি, তাতে যদি ট্যাক্স বসানো যায় আরো বেশি করে, তাহলে মানুষের জীবন আরো অতিষ্ট হবে। তাহলে কি করতে হবে ? বিরোধীরা জেনে রাখুন যে, ট্যাক্স কমিয়ে ট্যাক্সের জালটিকে বাড়াতে পারলে, সারা পৃথিবী তাই করে, যাঁরা অর্থনীতির পথ ধরে চলেন, তাঁরা তাই করেন। ট্যাক্সের জালটাকে বাড়ান, যে কথা সুখবিলাসবাবু বললেন কমপ্লায়েন্স বাড়বে। এখানে যেভাবে ডঃ অমিত মিত্র রিস্ট্রাকচার করেছেন তাতে তো আমি মনে করছি, এতদিন যাঁরা ট্যাক্স ফাঁকি দিয়ে পালাবার চেষ্টা করতেন, এখন তাঁরা মাথা উঁচিয়ে দৌড়ে দৌড়ে ট্যাক্স দিয়ে যাবেন, যে হ্যাঁ, এইটা আমার ন্যায্য ট্যাক্স, এই দিলাম, এই ট্যাক্স দেওয়াতে আমি মুক্ত থাকলাম, আর ভয়ে ভয়ে থাকতে হবে না। এর থেকে একটা জিনিস আসে। কি ? ইন্সপেক্টররাজ বন্ধ হবে। পুরোটা উনি অনলাইন করছেন। যেটা উনি একটু আগে বললেন, অথবা কাশীবাবু বা আশীষবাবু

বলেছেন যে, শুধু শুধু ইন্সপেক্টররাজ, অ্যাসেসমেন্ট, ম্যানেজ করা, দুর্নীতি এগুলো বন্ধ করে দিয়েছেন। বেলেঘাটার ওই বাড়িটা তো গত ৩৪ বছরে দুর্নীতির আখড়া করে তুলেছিলেন। ওই বাড়িটাকে নতুন রঙে, সৎ পথে থেকে ট্যাক্স আদায় করার পথটাকে প্রশস্ত করার চেষ্টা এই বিলে রয়েছে। এতদিন তো পারেননি, চেষ্টা তো নানানভাবে করেছেন। এই প্রথম ট্যাক্স সিমপ্লিফাই হয়েছে। হ্যারাসমেন্ট ফ্রি, কোরাপশান ফ্রি একটা ট্যাক্সসেশন স্ট্রাকচার, এখানে তার ইঙ্গিত দেওয়া হয়েছে। ভ্যাটের রেজিস্ট্রেশন করার ব্যবস্থা হয়েছে। এতদিন ছোটোখাটো ব্যবসায়ীরা তো ট্যাক্স রেটের বাইরে ছিল। আজকেও বাইরে রয়েছে। যখন ওইখানে বসেছিলাম তখন আপনাদের প্রাক্তন অর্থমন্ত্রীকে বলেছিলাম, শুধু একটা প্রফেশনাল ট্যাক্স থেকে ৫০০ কোটি টাকা আপনারা লস করছেন। কেন না রেজিস্ট্রেশনটাই করাতে পারেননি। এখানে ছোটো ব্যবসায়ীদের যাতে ভ্যাট কমপ্লায়েন্স না হয় তার রেজিস্ট্রেশনের ব্যবস্থা হয়েছে। সবাইকে দেখতে হবে না। কম্পিউটারে লিস্ট দেখে কারা কারা ট্যাক্সটা কমপ্লাই করল না, সেই একসেপশনাল কেসগুলো ধরে তাদের বিরুদ্ধে। হ্যাঁ, এটাও করা হয়েছে। এত সিম্পিল করে ট্যাক্স কমিয়ে যেখানে ৫-৭ পার্সেন্ট ছিল, সেগুলো সব ২ পার্সেন্টে নিয়ে এসে একটা প্যারিটি রাখা হয়েছে। এর পরেও যারা সেই ট্যাক্স দেবে না, তাদের বিরুদ্ধে ৩০০ পার্সেন্ট, ৪০০ পার্সেন্ট পেনাল্টি করুন। সংখ্যা কম হবে। আমরা বিশ্বাস করি, ১০০ জন নাগরিকের মধ্যে ৯৫ জন নাগরিক সৎ। তারা কিন্তু সচেতন এবং তারা সৎ। তারা যদি পারে সৎ পথেই চলবে। কিন্তু ট্যাক্সের জটিলতা যদি থাকে, ট্যাক্সটা ক্যালকুলেট করতেই যদি তার মাথা খারাপ হয়ে যায়, তাহলে সে সেখান থেকে পালিয়ে যাওয়ার চেষ্টা করবে। সেইটাকে সিম্পিল করা হয়েছে। অপরাধ হয়েছে ? একটা কম্পোজিট ফর্ম তৈরি করা হয়েছে ছোটো ব্যবসায়ীদের জন্য। যেমন ধাবা থেকে শুরু করে, রেস্টুরেন্ট, রিসেলার, ওয়ার্ক কনট্রাকটর্স, যারা বাইরে থেকে মেসিন নিয়ে এসে এখানে হয়তো রাস্তা বানাচ্ছেন বা কনস্ট্রাকশনের কাজ করছেন, তাঁদের মেসিনের উপরে যে একখানা বিশাল ট্যাক্স দিতে হত, সেইগুলিকে র‍্যাশনালাইজ করা হয়েছে, যাতে তাঁরা কাজটা করতে পারেন। প্রোপ্রাইটরের ব্যাপারে, ফ্যামিলি মেম্বারদের মধ্যে ডিড হলে সেখানে ট্যাক্স কমানো হয়েছে। ফ্যামিলি মেম্বারদের ভিতরে লিজ হলে সেখানে ট্যাক্স কমানো হয়েছে। ফ্যামিলি প্রপার্টি যদি পার্টিশান হয় তাহলে যাঁরা পেলেন তাঁদের উপর ট্যাক্স কমানো হয়েছে। কিন্তু একটা জিনিসে সামান্য বাড়ানো হয়েছে—যেটা নিয়ে সম্ভবত মাননীয় বিধায়ক সুভাষবাবু বলেছেন—০.৫ পার্সেন্ট ছিল, সেটা ২ পার্সেন্টে এনে অন্য সবের সঙ্গে প্যারিটি রাখার চেষ্টা হয়েছে। শহরাঞ্চলে বহু লোক সেল না করে, লিজ না দিয়ে তাদের প্রপার্টিটা গিফ্‌ট করে দেয়। ০.৫ পার্সেন্ট গিফ্‌ট ট্যাক্সটা ২ পার্সেন্ট করা হয়েছে, সেটা এমন কিছু বাড়ানো হয়নি। এর থেকে কতটা রেভিনিউ expect করছেন সেটা নিশ্চয় মাননীয় অর্থমন্ত্রী বলবেন। কিন্তু ক্লিয়ার মাইন্ডে ট্যাক্স ফর্মুলাটা যদি simplify করা যায়, আর ট্যাক্সটা afford করা যায়, আর যদি রেটটা বড়ো করা যায়—সুখবিলাসবাবু বললেন এতে অ্যাডমিনিস্ট্রেটিভ নজরদারির দরকার হবে—নজরদারির বিশেষ প্রয়োজন নেই। সমস্তটা কম্পিউটারে অন-লাইনে থাকলে আপনার ওই ইন্সপেক্টর, অ্যাসেসমেন্টের ঝঞ্ঝাটে পড়তে হবে না—যেখান থেকে দুর্নীতির শুরু হয়, বলে

ম্যানেজ করে দেব, আপনার অ্যাসেসমেন্ট কমিয়ে দেব। সেই জন্য সেল্ফ অ্যাসেসমেন্ট। অ্যাসেসমেন্টের আগেই ট্যাক্স দিয়ে দিন, কম্পিউটার থেকে সার্টিফিকেট পেয়ে যাবেন। তারপর যদি কোনো ডিসপিউট থাকে those exceptional cases will be handled by the Government or department. এর থেকে সহজ, সোজা, বাস্তবমুখী আর কি হতে পারে? এর থেকে বাস্তবমুখী তো হতে পারে না। আজ অবধি ভারতবর্ষের অনেকে, অনেক রাজনৈতিক নেতা, অনেক রাজনৈতিক পণ্ডিত কিছু ট্যাক্স সিম্পলিফিকেশন, tax reduction and increase of the tax rate-এর কথা বলেছেন। এটা বহুবার শুনেছি অনেকের ভাষণে, কিন্তু আজ অবধি কেউ সাহস করে করতে পারেননি। আমি অভিনন্দন জানাব মাননীয় অর্থমন্ত্রীকে যে, যেটা আজ বহু বছর ধরে শুনে আসছি বিভিন্ন স্টেটে, সেটা উনি করতে পেরেছেন। এই ধরনের সিম্পলিফিকেশন অফ ট্যাক্স একটা মাত্র রাজ্যই করেছে, সেটা হচ্ছে কর্ণাটক। কর্ণাটকের সঙ্গে পশ্চিমবাংলা একসঙ্গে এল taxation-এর একটা pioneering কাজ করবার জন্য। যেহেতু এই কাজটা আজ অবধিও হয়নি, এই কাজটা ট্যাক্সের ইতিহাসে লিপিবদ্ধ থাকবে যে—কর্ণাটক আর পশ্চিমবাংলায় এই ট্যাক্স সিম্পলিফিকেশন, রেটটা বাড়িয়ে total revenue generation ইনক্রিজ করতে পেরেছে, সেই কারণেই এটাকে ঐতিহাসিক বলছি। মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া বললেন—ঐতিহাসিক মানে শুধু ঐতিহাসিক ভুলই হয় না, ঐতিহাসিক মানে ঐতিহাসিক শুভ কাজও নয়, ঐতিহাসিক মানে জনগণের কাজও হয়। মা-মাটি-মানুষ বললে আপনাদের রসিকতা করতে ইচ্ছে হয়, তাই বারবার বলছিলেন 'আপনাদের মা-মাটি-মানুষ'। আপনারা তো তৈরি করেছিলেন একদল নিরন্ন, নিবস্ত্র, বঞ্চিত, খেটে খাওয়া মানুষ আর তাদের নেতা বানিয়েছিলেন কয়েকটি লুঠে খাওয়া মানুষকে। এই খেটে খাওয়া আর লুঠে খাওয়া চক্র থেকে বেরিয়ে গিয়ে এই যে নতুন taxation পলিসি আজকে নেওয়া হয়েছে এর জন্য মাননীয় অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি ও এই ফিনান্স বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2.50—3.00 p.m.]

ডাঃ সূর্যকান্ত মিশ্র : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি যে ওয়েস্ট বেঙ্গল ফিনান্স বিল, ২০১১ এখানে উপস্থাপিত হয়েছে সে সম্পর্কে আমার বক্তব্য তিন ভাগে বলতে চাই তিনটি বিষয়ে। প্রথমটা হচ্ছে পদ্ধতিগত বিষয়ে যেটা আমাদের সদস্যরা বলেছেন সেটা আমি আর একটু স্পষ্টিকরণ করতে চাই। দ্বিতীয়টা হচ্ছে যে, এই বিলে যে প্রস্তাবগুলি রাখা হয়েছে সে সম্পর্কে আমাদের বক্তব্য। আর তৃতীয় হচ্ছে এই বিলে যে বক্তব্য রাখা হয়েছে, আমাদের বক্তব্য সে সম্পর্কে আমাদের প্রস্তাব। সে সম্পর্কে বলার বাইরেও কতগুলো স্পষ্টিকরণ মাননীয় অর্থমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে আমি চাইব। প্রথম যেটা হচ্ছে সেটা পদ্ধতির ব্যাপার। মাননীয় বিরোধী পক্ষের সহকর্মীরা বলেছেন, এটা খুব স্পষ্ট করেই বলেছেন যে, আমরা এই ফিনান্স বিলটা আনা এটা পদ্ধতিগত ত্রুটি তা বলিনি। আমরা যেটা বলছি সেটা হচ্ছে যে, সেটা বোধহয় ডঃ সুখবিলাস বর্মা বলবার সময়ে উনি বোধহয় সরকার পক্ষের হয়ে জবাব দিচ্ছিলেন যে, এই ফিনান্স বিল আনা এটা কীভাবে চ্যালেঞ্জ

করা যেতে পারে। না, আমরা ওটা চ্যালেঞ্জ করিনি। আমাদের কোনো বক্তা তা চ্যালেঞ্জ করেনি। ফিনান্স বিল তো আপনি আনবেন। বলেছিলেন গতবারে আনবেন। সেটা ব্যাপার না। ব্যাপারটা হচ্ছে এইখানে যেটা প্রথম থেকে আমি বারবার বোঝাবার চেষ্টা করেছি এবং গতবারে আমি সেই জন্যে মাননীয় অর্থমন্ত্রীকে বলেছিলাম যে, আপনি গত সেশনে একটা ভোট অন অ্যাকাউন্ট বাজেট পাশ করেছেন। একটা ডিমান্ড পাশ করেছেন। তারপরে আপনি এই সেশনে যখন আপনি আবার.....

ম্যাডাম ডেপুটি স্পীকার : মোবাইল ইজ রিংগিং। বারবার অনারেবল স্পীকার বলছেন মোবাইল যদি বাজে নেক্সট টাইম আমরা কিন্তু মোবাইল সিজ করে নেব।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : যাই হোক, আমি যেটা বলছিলাম সেটা হচ্ছে যে, সংবিধান যা দাবি করে যে পদ্ধতি, সংবিধানে যা সুনির্দিষ্ট পদ্ধতি বলে দেওয়া আছে সেইটা লঙ্ঘিত হচ্ছে। ফিনান্স বিল আনার মধ্যে দিয়ে না। সেটা হচ্ছে, যে অ্যানুয়াল ফিনান্সিয়াল স্টেটমেন্ট এখানে করা হয়েছে, সেইটা যেভাবে গত অধিবেশনে পেশ করা হয়েছিল এবং এই অধিবেশনে পেশ করা হয়েছে তার মধ্যে দিয়ে। আমি এখান থেকে সংবিধান নিয়েছি। সংবিধানে প্রসিডিওর ইন ফিনান্সিয়াল ম্যাটার বলা হয়েছে ২০২ ধারায় অ্যানুয়াল ফিনান্সিয়াল স্টেটমেন্ট, ২০২ ধারা, ১ উপধারায়। 'The Governor shall in respect of every financial year cause to be laid before the House or Houses of the Legislature of the State a statement of the estimated receipts and expenditure of the State for that year- receipts and expenditure of the State for that year- in this Part referred to as the annual financial statement-. অ্যানুয়াল ফিনান্সিয়াল স্টেটমেন্ট কোট, আনকোট সংবিধানে দেওয়া আছে। যেখানে আপনাকে রিসিট আর এক্সপেন্ডিচার দেখাতে হবে। আপনি হাউসে বললেন এবারের অধিবেশনে যে, গতবারেই তো আমি এটা দিয়েছি। আমার আর তার উপরে কিছু দেবার নেই। আমি কয়েকটা ব্যাখ্যা করে আমি আর একটু সরলীকরণ করে বোঝাবার জন্যে আমি এই বইখানা দিলাম। আপনি রেখে দিন। আমার বক্তব্য যা অ্যানুয়াল ফিনান্সিয়াল স্টেটমেন্ট গতবারে দেওয়া ছিল সেইটাই বলবৎ রয়েছে। গতবারে যে আপনি অ্যানুয়াল ফিনান্সিয়াল স্টেটমেন্ট দিয়েছিলেন, খুব সহজ করে বলবার জন্য এই ৯ নম্বর পুস্তিকা দিয়েছিলেন, বাজেট অ্যাট এ গ্লান্স। আপনাকে বলার ধৃষ্টতা নেই সেটা এই যে বাজেট অ্যাট এ গ্লান্স ৯ নম্বর পুস্তিকায় আপনি ৪ নম্বর পৃষ্ঠায় নিজেই দেখতে পারেন, আপনাকে দেখাবার আমার কি প্রয়োজন আছে, আপনি নিজে অনেকবার দেখে থাকবেন। সেখানে আপনি অ্যাডিশনাল ট্যাক্স রেভিনিউ, বাড়তি কর রাজস্ব, এটা আপনি কি দেখিয়েছেন, কত পরিমাণ—না শূন্য '০'। এখন কথা হচ্ছে যে, আপনি আজকে ট্যাক্স ইত্যাদির যে প্রোপোজাল যা আপনি আনছেন, এই যে ফিনান্স বিলটা আনছেন, ডঃ সুখবিলাস বর্মা অনেক দিন ফিনান্স মিনিস্ট্রিতে ছিলেন, অনেক অভিজ্ঞ লোক, কিন্তু আপনার যাঁরা আছেন তাঁরাও কম অভিজ্ঞ নন। আপনি কি এর পরে তাহলে আপনার ওই অ্যানুয়াল ফিনান্সিয়াল

স্টেটমেন্ট ওটা কি পরিবর্তন করবেন ? কীভাবে আপনি এই সমস্যার সমাধান করবেন। এটাই প্রথম থেকে বারবার বলে আসছি। এটাতে সংবিধানের এই ধারা লঙ্ঘিত হচ্ছে। এ যাবৎকাল যে ধারা অনুসৃত হয়ে আসছে বিভিন্ন রাজ্য বিধানসভায়, লোকসভায় যে ধারা অনুসৃত হয়ে আসছে, তা লঙ্ঘিত হচ্ছে এবং সংবিধান লঙ্ঘনের এই দৃষ্টান্তের দিক থেকে এটা ঐতিহাসিক। এই ইতিহাস আমাদের ছিল না। এটাই হচ্ছে ঐতিহাসিক। এটা আপনি ঠিক বলেছেন। যাই হোক, আপনি সেই ব্যাপারে স্পষ্টিকরণ দেবেন। আমি আশঙ্কা করছি, আপনি একটা এমন দৃষ্টান্ত তৈরি করছেন যেটা ভবিষ্যতে চ্যালেঞ্জ হলে আপনি কোনোভাবেই আত্মপক্ষ সমর্থন করতে পারবেন না। বারবার বলা সত্ত্বেও এখানে স্পীকার সাহেব বলা সত্ত্বেও, উনি প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও একটা স্টেটমেন্টটা আজ পর্যন্ত পেলাম না, যেটা মুখে সেদিন বলেছিলেন। যাই হোক মুখ্যমন্ত্রী বললেন। মাননীয় পরিষদীয় মন্ত্রীও বললেন, কিন্তু আজ পর্যন্ত সেই স্টেটমেন্টটা আমরা পেলাম না। লিখিত স্টেটমেন্ট যেটা হাউসে রেকর্ডে থাকবার কথা সেটা পেলাম না। যাই হোক, এখন আমি আপনাদের দ্বিতীয় বিষয়ে যেটা যেতে চাইছি সেটা হল, আপনি যে প্রস্তাব ইত্যাদি এখানে করেছেন, এই প্রস্তাব সম্পর্কে কয়েকটি বক্তব্য আমি আপনাদের কাছে পেশ করতে চাই মাননীয়া—ডেপুটি স্পীকারের মাধ্যমে। এখানে আপনি এই যে প্রস্তাবগুলি রেখেছেন, আপনি যে অ্যামেন্ডমেন্টগুলি এখানে রেখেছেন, এটার মুশকিল হচ্ছে এই যে, এই বিলটা যখন এখানে সার্কুলেট হল তার সঙ্গে অরিজিনাল মূল যে সমস্ত আইন অ্যামেন্ডমেন্ট করছেন সেগুলি সার্কুলেট হওয়ার কথা। এটা জানেন তো ? ম্যাডাম আপনি ভালো করেই জানেন যে, সব সময় যখন কোনো অ্যামেন্ডমেন্ট দিতে হয়, তখন তার সঙ্গে অরিজিনাল আইনের নির্দিষ্ট অংশ, সেই সংশ্লিষ্ট অংশগুলি দিতে হয়। সেগুলি দেওয়া হয়নি। আজকে দেওয়া হয়েছে একটা নাগাদ, অর্থাৎ ব্রেকের একটু আগে দেওয়া হয়েছে। তাহলে সুবিধা হত বলতে, ধারা ধরে ধরে। আমি তার মধ্যে সেই জন্য যাচ্ছি না। এখন আপনি যেটা দিয়েছেন, তাতে তিন ভাগে আমি বলছি ওই প্রস্তাবগুলি সম্পর্কে। তার মধ্যে একটা হচ্ছে ইন্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্ট—আপনি সেখানে কতগুলি সংশোধনী এনেছেন। সাধারণভাবে আমার সেটা নিয়ে কিছু বলবার নেই। একটা বিষয়ের ব্যাপারে যা আমাদের সদস্যরা বলেছেন সেই ব্যাপারে বলছি যে, এই যে গিফ্‌ট, এটাকে দানপত্র ইত্যাদি করে, এর উপরে যে রাজস্ব আপনি আদায় করতে চান, সেটা এই পয়েন্ট ফাইভ পার্সেন্ট, হাফ পার্সেন্ট, দশমিক পাঁচ শতাংশ থেকে দুই শতাংশে আপনি বৃদ্ধি করেছেন। আচ্ছা একটা ফ্যামিলির মধ্যে, পরিবারের মধ্যে যখন দেয় কেউ কাউকে, পরিবারের এক সদস্য কাউকে দিচ্ছেন। কেন দেয় আপনি জানেন, আমি সেই বিশদ ব্যাখ্যাতে যাচ্ছি না। কেউ পার্টিশান তার জন্য অপেক্ষা করে। কেউ উইল করে। কেউ কিছু করে না, তারপরে পার্টিশান ডিড তাদের একজিকিউট করতে হয়। আর কেউ আগের থেকেই গিফ্‌ট করে যায়। কিন্তু আমাদের রাজ্যে ৯৭ পার্সেন্ট জমির মালিক। কৃষি জমির কথা বলছি। এঁরা হচ্ছেন ক্ষুদ্র প্রান্তিক কৃষক, ৮৪ ভাগ জমি এঁদের হাতে। এঁরা হচ্ছেন ৯৭ শতাংশ কৃষক। আপনি এই বোঝাটা চাপাচ্ছেন, এটা কিন্তু এই ৯৭ শতাংশ সমস্ত কৃষকের পরিবারের, এই ৯৭ শতাংশের উপরে মূলত এই বোঝাটা গিয়ে চাপবে।

[3.00—3.10 p.m.]

এটা আপনি ভেবে দেখবেন। এটা আপনি দেখেছেন কিনা জানি না। এটা মা-মাটি-মানুষের সরকারের ঘোষিত নীতির সঙ্গে কীভাবে সঙ্গতিপূর্ণ হবে, আমি বুঝতে পারছি না। আপনি ভালো করেছেন। অনেকগুলো পদ্ধতির পরিবর্তন আপনি করেছেন। প্রপার্টি লিজ—সেটা আপনি কনভিয়েন্স হিসেবে গণ্য করার জন্য সংশোধনী এনেছেন। সেটা ভালো, সেটা সমর্থনযোগ্য, আমি সেটার বিরোধিতা করছি না। কিন্তু কত পাবেন আপনি আশা করেন এটা করে ? এটা করে আমার অনুমান—আমার অনুমান ভুল হলে আপনি বলবেন—আমার অনুমান, খুব বেশি হলে ২০০ কোটি টাকা পাবেন, এর বেশি পাবেন বলে আমার মনে হয় না। তাহলে আর কি থেকে আপনি আশা করছেন ? এই ইন্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্টে যে অ্যামেন্ডমেন্টগুলো এনেছেন—সেই ইন্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্টের ব্যাপার হোক, সেল ট্যাক্সের ব্যাপার হোক, ভ্যাটের ব্যাপার হোক বা অন্য যে কোনো এন্টারটেনমেন্ট ইত্যাদির ওপরে যেসব অ্যামেন্ডমেন্ট এনেছেন, সেই সব ব্যাপারই হোক। দুটো তো মূল কথা—একটা হচ্ছে, যেটা এখানে বিরোধী সদস্যরাও বলেছেন, সেই বিষয়ে আমি একমত। আপনার রাজস্ব আদায়ের দুটো মূল কথা হচ্ছে—পদ্ধতি সরলীকরণ করে কমপ্লায়েন্স কি করে বাড়িয়ে আপনি আদায় বেশি করতে পারেন বা আপনি করের হার বাড়িয়ে আদায় বেশি করতে পারেন। কিন্তু সেখানে মূল কথাটা হচ্ছে, এটা বহু আলোচিত বিষয়, আমাদের সময় সমালোচনা করা হত, আমি মনে করি সমালোচনার কিছু বাস্তবতা আছে। কিন্তু সেটা এখনো ঠিক যে, মোট ট্যাক্স এস.ডি.পি. রেশিও কি হবে এসব করে ? অর্থাৎ মোট রাজ্যের অভ্যন্তরীণ উৎপাদন স্টেট ডোমেস্টিক প্রোডাক্টের পার্সেন্টেজ হিসেবে ট্যাক্স—সেটা কোথায় যাবে ? কি আপনি ভাবছেন ? আমার মনে হচ্ছে না যে, আপনি এটা ঠিক ঠিকভাবে বাড়াতে পারবেন। আপনি স্টেট ট্যাক্স রেভিনিউ—যে অ্যানুয়াল ফিনান্সিয়াল স্টেটমেন্টে দিয়েছেন, যেটা বাজেট অ্যাট এ গ্লান্সেও লেখা আছে, আপনি সেটা প্রায় ৩০ শতাংশ বাড়িয়েছেন। মানে ২১,৩০০ কোটি টাকা ছিল, আপনি প্রস্তাব করেছেন যেটা বেড়ে হবে ২৭,৬৯০ কোটি টাকা। আপনি স্টেট ট্যাক্স রেভিনিউ, রাজ্যের কর বাবদ যে রাজস্ব আদায় হবে, এটা ৩০ শতাংশ বাড়িয়েছেন। কিন্তু আপনি দেখে নিন যে, এই ক'মাসে—১০০ দিন বা যাই হোক, এ সরকার যে ক'দিন হয়েছে, আপনি কি এই ৩০ শতাংশ ছুঁতে পারছেন ? আমি ঠিক জানি না, আমার পক্ষে বোঝা মুশকিল, আপনি আছেন। কিন্তু আমার আশঙ্কা, এটা ১০ শতাংশও এখনো বৃদ্ধি পায়নি। এটা আমার ধারণা। কিন্তু আপনাকে ৩০ শতাংশ যদি বছরের শেষে অতিক্রম করতে হয়, এটা সেপ্টেম্বর মাস শুরু হতে যাচ্ছে, তখন আপনার কাছে আর ক'মাস হাতে থাকল ? তাহলে আপনি যদি এখন ১০ শতাংশের নীচে থাকেন, তাহলে ৩০ শতাংশ বাড়াতে হলে আপনাকে কী রকমভাবে আদায় বাড়াতে হবে, সেটা আপনি নিশ্চয়ই বুঝতে পারেন, সমস্যাটা কোথায় ? আপনার কি যথেষ্ট আত্মবিশ্বাস আছে যে, আপনি যা করছেন তা দিয়ে সেটা হবে ? কতখানি আপনি সরলীকরণ করে কমপ্লায়েন্স থেকে আনছেন ? আর কতখানি আপনি রেট বাড়িয়ে আনছেন ? এই দুটোর মধ্যে পার্থক্য করে আপনার কি আশা ? এই হাউসকে

একটু আশ্বস্ত করবেন এই ব্যাপারে। আপনি যেটা সেল ট্যাক্স—.....(নয়েজ) আপনি আবার কথা বলছেন, মন্ত্রী হয়ে ট্রেজারি বেঞ্চে বসে ! মুশকিল ব্যাপার। যাই হোক, আমি আপনাকে বলছি, সেল ট্যাক্স, ভ্যাট ইত্যাদি নিয়ে আমার যে প্রস্তাব সেটা হচ্ছে এই যে, ভ্যাটে চারটে ক্যাটাগরি আছে। সিডিউল এ, বি, সি, ডি। আমরা সবাই জানি। আমি ঠিক জানি না, আপনি বলবেন, মোট কতটা কমোডিটি কভার হয় ? চারটে মিলিয়ে ৭০৫—এইরকম কিছু ছিল। আমি জানি না, আপনি আমাকে একটু আপডেট করবেন। আপনি এখন সরকার, কাজেই আপনি আপডেট করবেন। এর মধ্যে এ ক্যাটাগরি যেটা—এ সিডিউলে যে এটা একজেমটেড—আপনার সেখানে যা প্রস্তাব আছে, আমি সেটার বিরোধিতা করছি না। বি-এর মধ্যে খুব কমই কম হবে, সিলভার আর গোল্ড দু-তিনটে আইটেম। আর সি schedule যেটা, সেটা সাধারণ মানুষ যেসব জিনিস ব্যবহার করে তার উপরে আমরা বেশি বাড়াতে পারি না। বেশির ভাগ যেটা আছে, প্রায় ৪০০ বেশি হবে, ৪০৫ হবে, এটা আন্দাজে বলছি, এটা হচ্ছে schedule ডি-তে, এগুলো luxary item, যেগুলোকে আমরা বলি বিলাসদ্রব্য। যেখানে আপনি বাড়াতে পারেন সেখানে আপনি বাড়িয়েছেন। বাড়িয়েছেন, আমি সমর্থন করছি। সিগারেটটাতে আপনি বাড়িয়েছেন, পান মশলা, চুরুট এই সব আপনি বাড়িয়েছেন, ভালো করেছেন। কিন্তু কত পাবেন আপনি ? আমি অভিজ্ঞতা থেকে বলছি, আন্দাজ করে বলছি ২০০ কোটির বেশি আপনি এখানে পাবেন না। আপনি বাড়াতে পারতেন, আপনি ছাড় দিয়ে গেলেন। কোথায় ? আরও luxary item, যেগুলো আমরা বাড়িয়েছিলাম, ধরুন কালার টিভি, হাই ভ্যালু রেফ্রিজারেটর, হাই ভ্যালু কার। এই যে কম্পাউন্ডে এখন গাড়ি দেখি, এর জন্য কোনোদিন আমাদের মিটিং করতে হয়নি, কিন্তু এখন করতে হচ্ছে। এত গাড়ি, ভর্তি হয়ে গেছে এই কম্পাউন্ড। আর এমন এমন সব গাড়ির মডেল, এগুলোর উপরে বাড়ালেন না কেন ? আপনি বিলাসদ্রব্য, যাদের আয় বেশি—আপনার হাতে ইনকাম ট্যাক্স নেই, আপনার হাতে কর্পোরেট ট্যাক্স নেই, আপনার স্টেটের হাতে ডায়রেক্ট ট্যাক্স নেই, কিন্তু আপনি যেখানে বাড়িয়ে আদায় করতে পারতেন। আপনি কেন ভয় পাচ্ছেন, কেন ওদের ছাড় দিচ্ছেন ? যখন প্রায় যতগুলো রাজ্য আছে আমাদের দেশে তার মধ্যে অর্ধেকের বেশি রাজ্য সাড়ে ১২, সাড়ে ১৩ ছাড়িয়ে বাড়িয়ে দিয়েছে। আমি আপনাকে বলছি, এই মুহূর্তে অর্ধেকের বেশি রাজ্য যে সাহসটা করেছে, যেটা আমরা খানিকটা করতে পেরেছিলাম, আপনি সেখানটায় কেন করলেন না ? এটা হচ্ছে দ্বিতীয় বিষয়। তাহলে এ সবের পর মোট আয় গিয়ে কোথায় দাঁড়াবে ? মোট রেভিনিউ ইনকাম কোথায় গিয়ে দাঁড়াবে ? আর আপনার খরচের সঙ্গে কি ফারাক হবে ? সেই হিসাবে আপনাকে আসতে হবে। গত দু মাসে ধরুন আমি যদি আপনাকে বলি জুন-জুলাই, এই দু মাস যদি আমি ধরি, আগস্ট আমি ধরছি না, এটা আপনার কাছে এ.জি. একচুয়ালস থাকতে পারে, কিন্তু আমি ঠিক জানি না। এটা কি ঠিক, আমি আপনাকে জিজ্ঞাসা করছি যে, এই বছর আপনি দায়িত্ব বুঝে নেওয়ার পর, গত বছরের জুন-জুলাইতে বাজার থেকে সরকারকে যে পরিমাণ ঋণ সংগ্রহ করতে হয়েছিল, Market borrowing সেটা কি আপনার গত বছরের চাইতে ছাড়িয়ে গেছে ? বেড়েছে ?

আমার আশঙ্কা ছাড়িয়ে গেছে। আমার হিসাব ভুল হতে পারে, আমি সুনির্দিষ্ট অঙ্ক বলছি না। কিন্তু আমি আপনার কথা শুনতে চাই, আমাকে বলতে হবে। আমার ধারণা যে, জুন-জুলাই মাসে আমরা রাজ্যগুলির মধ্যে যেখানে ছিলাম, সেই জায়গা থেকে আমাদের অবস্থা খারাপ হয়েছে এবং Market borrowing-এর দিক থেকে আমরা হয়তো ছয় নম্বর, সাত নম্বরে কোথাও ছিলাম, এখন এক নম্বর জায়গায় পৌঁছে গিয়ে থাকতে পারি। এমনকি জুন-জুলাই যদি আপনি বাদ দেন, আপনি যদি এপ্রিল-মে ধরেন আপনি দেখবেন, গত বছর এতসব বক্তৃতা হয়েছে ৩৪ বছর, ৩৪ বছর, এখন মুশকিল হচ্ছে কোনো কিছু কথা হলেই, যে কোনো কথা জিজ্ঞাসা করলেই ৩৪ বছর দিয়ে শুরু হয়। ৩৪ বছরের পরে তো আমরা বিরোধী পক্ষ, ৩৪ বছর পরে তো আপনারা সরকার পক্ষ। আপনি এখানে ১০০ দিনের হিসাব দিয়েছেন, ১০০ দিনের কাজের বিবরণ। এখন জবাব আপনাকেই দিতে হবে। এপ্রিল-মে মাসে আপনাকে আমি হিসাব দিয়ে বলতে পারি যে, আমরা যখন ছেড়ে গেলাম এপ্রিল-মে-তেও আমরা যা borrowing করেছিলাম, যা ঋণ নিয়েছিলাম, সেটা গত বছর তার আগের বছরের থেকে কম। আমরা কমাচ্ছি না, এই জুন-জুলাইতে আপনি বাড়াচ্ছেন।

[3.10—3.20 p.m.]

আমি অঙ্কে যেতে চাইছি না, তার জন্য মোট মার্কেট বরোয়িং আপনার বাড়ছে এবং আপনার ঋণের বোঝা বাড়ছে। এই ফাঁক পূরণ করার জন্যই ওই আগের কথা যা বললাম, যে প্রস্তাব সম্পর্কে বললাম এবং এ বিষয়ে আমি স্পষ্টিকরণ চাইলাম। সেগুলো এর সঙ্গে এভাবেই সম্পর্কযুক্ত। সেই জন্যই আবার আমাকে ওই কথায় ফিরে আসতে হচ্ছে। যে কথা আমি বারবার বলেছি আপনাকে। আজকে আমি একটা চিঠিও দিয়েছি আপনাকে। আপনি হয়তো দু-তিন দিন পরে পাবেন। মাননীয় মন্ত্রীদের অনেককে দিয়েছি। আমাদের রাজ্যের ন্যায্য দাবি কেন্দ্রের কাছে। ন্যায্য পাওনা। আমাদের সংবিধানসম্মত যে অধিকারগুলো, সেগুলো কেন আপনি ছেড়ে দিচ্ছেন ? আপনি বারবার বলবেন যে, আপনারা দুই হাজার, আড়াই হাজার কোটি টাকা ঘাটতি রেখে গিয়েছিলেন। ঘাটতি তো রাখিনি আমি যদি আমার ন্যায্য দাবিটা পাই। আমি তো আপনাকে বারবার বলেছি, আপনি আজ পর্যন্ত আমাদের বোঝাতে পারলেন না যে, কেন আপনি ছেড়ে দিচ্ছেন সংবিধানের রাজ্য তালিকায় ৪৯ এবং ৫০. এই দুটো এন্ট্রিতে সেস এবং রয়্যালটি—এই যে অধিকার দুটো আমাদের ছিল, অর্থাৎ আপনার রাজস্ব আদায়ের অধিকার দিয়েছে সংবিধান। রাজ্য তালিকা—আপনি সেস জমির উপরে বসাবেন। আপনি সেস বসানোর অধিকার ছেড়ে দিচ্ছেন। সংবিধান অধিকার দিয়েছে আপনাকে রয়্যালটি আপনি পাবেন। এটা রাজ্যের পাওনা। ওরা ঠিক করবে, দিল্লি ঠিক করে আর কি ঠিক করে। এত বছর ধরে বিহারের জন্য একটা হার আর পশ্চিমবাংলার জন্য বৈষম্যমূলক হার। বাড়েনি আমাদের। আমাদের ন্যায্য পাওনা ৫ হাজার কোটি টাকা। আমাদের পুরনো পাওনা। আপনি আবার মাথা নাড়ছেন। এটা বোঝাতে পারছেন না। আপনি মাথা নেড়েই যাচ্ছেন। অর্থাৎ নিজের দাবিটা আপনি ছেড়ে দিয়েছেন। আত্মসমর্পণ করেছেন। আপনি কি বলবেন সেটা আমি আন্দাজ করে নিতে পারি। আপনি বলবেন যে,

আমি সেস-এ বেশি আদায় করব। আপনি বলতে পারেন আপনি সেস-এ বেশি আদায় করবেন। সেস-এ যদি বেশি আদায় করবেন বলেন, তাহলে আমাকে মিলিয়ে হিসাবটা দেখিয়ে দিতে হবে যে, কি করে আপনি রয়্যালটির চাইতে বেশি আদায় করবেন। আমরা যেটা বলেছিলাম যে, সেস-এ আমরা ছাড় দিতে রাজি আছি। অর্থাৎ কয়লার মোট দাম যাতে না বাড়ে, দামের উপর যাতে চাপ না পড়ে। তাহলে আমাদের যে রয়্যালটি—এই রয়্যালটিটা আমাদের যা বকেয়া পাওনা আছে সেটা আমরা চাই আর সেসটাকে আমরা একটা কম-সম ধরে নামমাত্র আমার অধিকার আমাদের সংবিধান প্রদত্ত অধিকার বজায় রেখে। আমি রাজ্যের নাম করছি না। আমাদের মতো সেস অ্যাক্ট কোথাও নেই। একটা রাজ্যে বাতিল হয়ে গেল সাধারণ বুদ্ধির অভাবে। কারণ সেসটা হচ্ছে জমির উপরে, কয়লার উপরে নয়। কয়লাটা মাটির তলায় থাকে; কয়লার উপরে যে জমি তার উপরে সেস। তার রেট-টেট ঠিক করবার অধিকার পুরো আপনার, রাজ্যের অধিকার। আর মাটির নীচে যে কয়লা—তার উপর হচ্ছে রয়্যালটি। এই সাধারণ বুদ্ধিটা সেস ও রয়্যালটির উপর পার্থক্য না করার জন্য কেউ কয়লার উপর সেস বসিয়ে দিয়েছিল, যেটা জমির উপর হওয়ার কথা। তাদেরটা বাতিল হয়ে গেল। আর তার জন্য তাদের পুষিয়ে দেওয়ার জন্য, আমি এখানে কোনো রাজ্যের নাম ধরতে চাই না, কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের দায়িত্বে যাঁরা ছিলেন, কীভাবে তাঁদের সেটা পুষিয়ে দেওয়া হল। অথচ পশ্চিমবাংলার প্রতি বৈষম্য করা হল, অবিচার করা হল। আপনি মেনে নিচ্ছেন এই অবিচার, বৈষম্যটাকে। আপনি আপনার ন্যায্য দাবিটা নিয়ে যাচ্ছেন না। আর ভিক্ষার ঝুলি নিয়ে আপনাকে কেন ঘুরতে হবে ? আপনি কেন আপনার অধিকার প্রয়োগ করবেন না ? সেটাই আমি আপনার কাছ থেকে ব্যাখ্যা চাইছি। লাল আলো জ্বলেছে, আমি আর কথা বাড়াতে চাই না। স্যার, আমি আপনাকে এটা বলতে চাই, সাংবিধানিক প্রশ্ন আমি যেটা তুলেছি, যেটা আমি মনে করি সংবিধানের ধারা এ পর্যন্ত যা অনুষ্ঠিত হয়েছে, সমস্ত রাজ্যে বা আমাদের রাজ্যে এই বিধানসভায় তা লঙ্ঘিত হচ্ছে। এই দিক থেকে এটা ঐতিহাসিক। এই বিষয়ে আপনার রায় চাই। আপনি বিশেষজ্ঞদের মত নিন —এবং আমি চাই না সরকার ভবিষ্যতে এই নিয়ে বিপদে পড়ুক। ধন্যবাদ স্যার।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, মাননীয় সদস্যগণ এবং মাননীয় মন্ত্রীগণ, আজকে Finance Bill-এর সম্বন্ধে বলতে গিয়ে এবং আপনার প্রশ্নের জবাব দেওয়ার প্রচেষ্টায় আমি মনে করিয়ে দিতে চাই এই august House-কে যে, আমাদের প্রদেশের হাতে, আমাদের এই state-এর হাতে মোটামুটি তিন রকমের কর আছে। Excise duty, যেটা মাদকীয় বস্তুতে লাগানো হয়, আছে sales tax, যার মধ্যে আছে VAT, আর আছে stamp duty and entertainment and luxury tax । আমি স্মরণ করিয়ে দিতে চাই যে, নেই আমাদের হাতে corporate tax, নেই আমাদের হাতে import duty, export duty, নেই আমাদের হাতে বিরাট central excise, নেই আমাদের হাতে personal income tax । যে কথা আপনি বলেছেন আমি বাধিত, আমি শুধু স্মরণ করিয়ে দিতে চাই যাতে আপনি পরিপ্রেক্ষটা পুরোপুরি বুঝতে পারেন। সেহেতু প্রশ্ন উঠছে যে, আজকের বাস্তবিক তথ্যের বিশ্লেষণের

মাধ্যমে আমরা কি বলতে পারি যে, VAT-এর হার বাড়ানোটা, আরও কিছু বাড়ানোর কথা মাননীয় অধ্যক্ষ মহোদয়, Leader of the Opposition বলেছেন, এর হার বাড়ানোটা এই মুহূর্তে যুক্তিসাপেক্ষ হবে ? আমরা সবাই জানি যে, ভারত এবং পশ্চিমবঙ্গে মুদ্রাস্ফীতি বিপজ্জনকভাবে এগিয়ে যাছে। মাননীয়া মুখ্যমন্ত্রী শুধু উদ্বেগই প্রকাশ করেননি, তিনি নিজেই ময়দানে নেমে পড়েছেন মুদ্রাস্ফীতির সঙ্গে পাঞ্জা লড়ার জন্যে। গরিবদের মধ্যে ২ টাকার চাল বিলি করা, রান্নার গ্যাসের কর ছেড়ে দিয়ে relief, সারের উপরে ভর্তুকি দিয়ে চাষিদের মুদ্রাস্ফীতি থেকে বাঁচানো এবং চাষিরা যাতে minimum support price-এর সুবিধা পায় তার জন্যে খোলা হচ্ছে Targetted Centres । পাটের জন্যে বোনাসের appeal করা ইত্যাদি নানাবিধ প্রক্রিয়া এবং উদ্যোগ নেওয়া হয়েছে মাননীয়া মুখ্যমন্ত্রীর নিজের তরফ থেকে। তিনি নিজে wholesale and retail বাজারে ঘুরে ঘুরে নিজেই দেখেছেন মুদ্রাস্ফীতির ভয়ঙ্কর রূপ। তিনি স্পষ্টভাষায় ফড়েদের এ বিষয়ে সাবধান করেছেন, অত্যাধিক মুনাফা করা চলবে না বলে সতর্ক করে দিয়েছেন। সাথে সাথে cold storage এবং temperature-এর humidity controlled warehouse-এর পরিকল্পনা শুরু করে দিয়েছেন, যাতে ৩৫ শতাংশ সব্জি ও ফল পচে নষ্ট না হয়ে যায়। এ দুরন্ত প্রচেষ্টা বলে আমি মনে করব। আমরা জানি যে, বামফ্রন্ট সরকার ৩৪ বছর ধরে কেন্দ্রীয় সরকারকে দোষারোপ করে ক্ষান্ত ছিলেন, কেউ কেউ নন্দনের স্বপ্নের জালে নিজেকে ব্যস্ত করে রেখেছেন, আবার কেউ কেউ পার্টির প্রেসারে অর্থনীতির মারপ্যাঁচে নিজেকে হারিয়ে ফেলে jugglery-তে mastery কামিয়ে মুদ্রাস্ফীতির সম্মুখীন করেছেন। মাননীয়া মুখ্যমন্ত্রীর approach is radical, different action, action action. This is the heart of the matter. এবারে আপনাকে বলি, এই মুদ্রাস্ফীতি সম্বন্ধে, latest Economic Out Look 2011-12 যেটা এইমাত্র বেরিয়েছে। তার ৫১ নম্বর পাতা থেকে একটা লাইন পড়ে শোনাতে চাই, তাতে জবাব পাবেন যে, কীভাবে, কেন বিভিন্ন জিনিসের দাম বাড়ানো যায়নি, মানুষের উপরে চাপ দেওয়া যায়নি। আমি বলছি না, মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা Prime Minister-এর Economic Council বলছে, 'although primary food inflation has been at 8.4% in May and June, it is still remain at a fairly high level and possibility of such clearly exists.'

[3.20—3.30 p.m.]

তার মানে আমাদের সামনে যে আশঙ্কা রয়েছে, তা স্পষ্টভাবেই দেখতে পাচ্ছেন। মুদ্রাস্ফীতি তীব্রভাবে বেড়ে চলবে বলে তাঁরা মনে করেন, এই অবস্থায় সব জিনিসের উপর করের হার বৃদ্ধি করে রাজস্ব বাড়ানোর প্রচেষ্টার প্রলোভন অত্যন্ত বিপজ্জনক। সরকারের তরফ থেকে তাই বলছি, তাই এই সরকার যেসব বস্তুতে ভ্যাট ছিল না বা শূন্য ছিল তাতে হাত লাগাননি। এই সরকার হাত লাগাননি সেই সব বস্তুগুলিতে যা ইন্ডাস্ট্রিয়াল ইনপুট বা তথ্যপ্রযুক্তিতে ব্যবহৃত হয়, এগ্রিকালচার রিলেটেড ম্যাটার্স, ফুড রিলেটেড যেগুলিতে চার শতাংশ হারে ভ্যাট আছে, তাতেও হাত লাগাননি এই সরকার। হাত লাগাননি finished

প্রোডাক্টগুলিতে। এই মুদ্রাস্ফীতির নিদারুণ অবস্থায় কর বৃদ্ধি করলে মানুষের উপর আরো চাপ বাড়ত। তবে হ্যাঁ, দুটি বস্তুর উপর কর বাড়ানোর প্রস্তাব বা পাওয়ার নিয়েছে সরকার। এমন একটি বস্তু যা বেশি মাত্রায় সেবন করলে ক্যান্সার হয় বলে গবেষণায় বলছে এবং প্রত্যেকটি প্যাকেটের উপর কোম্পানিকে লিখতে হয়, দিস ইজ হার্মফুল টু ইয়োর হেল্‌থ অ্যান্ড ক্যান কজ ক্যান্সার। সেটি মুখেরই ক্যান্সার হোক বা লাংসের ক্যান্সার হোক বা গলার ক্যান্সার হোক, কিন্তু তা সেবন করা মানুষের গণতান্ত্রিক অধিকার, তামাকজাত দ্রব্যের উপর কর বসানোর ফলে এক শতাংশ মানুষও যদি কম তামাক সেবন করেন, তাহলে স্বাস্থ্যের উপর খরচ যেমন কমবে, অনেক জীবন ক্যান্সারের হাত থেকেও রেহাই পাবে। যা আমাদের মা-মাটি-মানুষের স্বপ্ন। ফরেন লিকার্স যাঁরা এম.আর.পি.-তে বিক্রি করেন না, তাঁদের ক্ষেত্রেই ৩৭ শতাংশ হারের কর থেকে ৫০ শতাংশয় আমরা নিয়ে গিয়েছি। এখন প্রশ্ন যে, সমুহভাবে কর না বাড়ানো হয় তাহলে রিসোর্স আসবে কোথা থেকে ? এটি ন্যায্য প্রশ্ন এবং তার জবাব এখন আমি দেব। তার জবাব হল, কর পরিচালনায় আমরা তিনটি বিপ্লব, তিনটি বিপ্লব আনার জন্য এই ফাইনান্স বিলে পেশ করেছি। ফার্স্ট ইন ট্যাক্স অ্যাডমিনিস্ট্রেশন রেভলিউশান যার মাধ্যমে দক্ষতা, এফিসিয়েন্সি ও ফলপ্রদতা নতুন ট্রাজেক্টরিতে নিয়ে যাবে এই সরকার। প্রতিবেদনশীলতা, রেসপন্সিভ টু ট্যাক্স সিস্টেম কর দিতে ফেসিলিটেট করবে এবং কর দেওয়ার মনোবৃত্তি বাড়িয়ে দেবে পশ্চিমবাংলার ব্যবসাদারের মধ্যে। তার সঙ্গে আমরা জুড়েছি ম্যাসিভ সরলীকরণ, অ্যাক্ট অ্যামেন্ড করে, ইট ইজ এ বোল্ড মুভ যা কিছু কিছু ক্ষেত্রে ভারতে প্রথম চেষ্টা বলে আমি মনে করি। পশ্চিমবঙ্গ উইল বি নাম্বার ওয়ান স্টেট ইন দি কান্ট্রি টু ব্রিং অ্যাবাউট সাচ এ মেজর সিমপ্লিফিকেশন। আমি বলতে লজ্জা পাচ্ছি যে, পশ্চিমবঙ্গ ডুইং বিজনেস ইন ওয়েস্ট বেঙ্গল যে স্টাডি বেরিয়েছে তাতে ১৭টি স্টেট সম্বন্ধে যে ইনডেক্স তৈরি হয়েছে, জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের নাম্বার কোথায় ? বলুন তো—১৭-তে। ১৭ নম্বর মানে লোয়েস্ট, ইট ইজ সেমফুল ফর ডুইং বিজনেস ইন বেঙ্গল, আপনারা ৩৪ বছরে সেখানে নিয়ে গেছেন। দ্যাট ১৭-এর মধ্যে আমরা একেবারে জিরোতে, তার মানে 17th no. এসেছে যে, সেখান থেকে আমরা নিজেদের উদ্ধার করছি। এবারে তৃতীয় বিষয়, সৎ ব্যবসাদারকে যেটা দেওয়া হবে, প্রতিদান-রিওয়ার্ড, বিশেষ আধারে। আর যে বিশ্বাসঘাতকতা করবে, সে পাবে বিরাট শাস্তি, পাবে অর্থনৈতিক দণ্ড, দ্যাট ইজ দি ফিলোজফি অফ দিস ফিনান্স বিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সরকার আনতে চায় মৌলিক পরিবর্তন। ছোটোখাটো এখানে-ওখানে খুচরো করে নয়, মৌলিক পরিবর্তন, বুনিয়াদী পরিবর্তন, তাই তো মা-মাটি-মানুষের সরকারকে বলা হয় পরিবর্তনের সরকার। তাই তো এই মা-মাটি-মানুষের সরকারকে বলা হয় পরিবর্তনের সরকার। এবারে আমি স্পেসিফিক ইস্যুর ওপরে আসি। আপনি প্রশ্ন করতে পারেন, মাননীয় সদস্যবৃন্দও প্রশ্ন করতে পারেন, কিসে সরলীকরণ করলেন, একটু বলে দেখান।

প্রথমে আসছি অ্যাসেসমেন্টে। একটু শুনুন, ভালো লাগবে। আপনারা শুনে খুশি হবেন যে Dealers who will fill their return এবং সময়মতো ট্যাক্স পে করেছেন, এই প্রথমবার they will be deemed to have be assessed. অ্যাসেসমেন্টই

হবে না। deemed to have be assessed. এটা কিন্তু বেশি স্টেটে নেই। একটা-দুটো স্টেটে হয়তো আছে, কর্ণাটক বলে যেটা বলেছেন আমাদের একজন মেম্বার। আর একটা কথা বলি—অ্যাসেসমেন্টের যে কোনো দু বছরের মধ্যে যে কোনো সময় একজন অফিসার—বইটা খুলে নিতে পারতেন—তারপরে হ্যারাসমেন্ট, তারপরে কোনো কোনো ক্ষেত্রে কোরাপশান। He cannot reopen the book. কেন না he is deemed assessed reopen only if the case was satisfied stringently by conditions at the Joint Commissioner and above level. যে অ্যাসেস করে সে খুলতে পারবে না আপনার বই।

নম্বর ২, proposal is to provide an opportunity to dealers to clear his dues arising out of non-payment of tax. ট্যাক্স দেয়নি, পালিয়ে বেড়াচ্ছে। ৩১শে ডিসেম্বর, ২০১১-এর মধ্যে যদি তারা সেই ট্যাক্স দিয়ে দেন তাহলে They will be welcomed. Dealers who will clear their dues by this period, they will not be taken up for assessment for the year 2009-10, 2010-11, unless otherwise required. আপনাদের সুবিধার জন্য Insertion Section 47A in West Bengal Vat Tax Act, 2003 তাকে আমি অ্যামেন্ড করছি এরই মাধ্যমে।

নম্বর ৩, Amendment is being proposed to make assessment compulsory. মাননীয় স্পীকার মহোদয়, যখন লিডার অফ দ্য অপোজিশান বলেছিলেন আমি মাথা নেড়েছিলাম, কিন্তু আমি কোনো কথা বলিনি, এটা মনে রাখবেন। সেই সৌজন্য রাখবেন আশা করি। Assessment is compulsory. Amendment is being proposed to make assessment compulsory. যে ডিলাররা tax holiday অথবা রেমিশান নিয়েছেন তাঁদের জন্য অ্যাসেসমেন্ট ইজ কম্পালসারি।

নম্বর ৪, ছোটো ব্যবসাদাররা, বিশ্বাস করুন ২১ হাজার ব্যবসাদারের কথা আমি বলছি। Instead of quarterly returns, they will now file yearly returns, এতে ২১ হাজার ব্যবসাদারের মধ্যে ২০ হাজার ব্যবসাদার বেনিফিটেড হবেন। ৯৫ হাজার ছোটো ব্যবসাদাররা বেনিফিটেড হবেন for filing their returns annually rather than quarterly.

এবারে আমি অডিটে আসছি। এতক্ষণ তো অ্যাসেসমেন্টে বললাম। এবারে অডিটে আসছি। The proposal is to provide access to the dealer to make payment of tax as arrived by an audit report. আপনি জানেন যে প্রথমে অডিট হয়। অডিটের পরে অ্যাসেসমেন্ট হয়। অডিটের কথাগুলো তাঁদের জানানো হয়। আজ সেই অপারচুনিটি দেওয়া হচ্ছে যে, অডিটের নম্বর জানলে তাঁরা যদি ট্যাক্স দিয়ে দেন There will be no assessment. এর নাম সিমপ্লিফিকেশান। যাঁদের Tax

growth has been 30% due to sales volume, they will not be audited. এটা একটা বিরাট পদক্ষেপ যে, তাঁরা যাঁরা ৩০% রেটে ট্যাক্স দিয়েছেন তাঁদের অডিটই হবে না, যাতে অনেস্ট যাঁরা তাঁদের আপনার সরকার সাপোর্ট করবেন। ট্যাক্স দিন, মুক্ত মনে চলুন।

Settlement of certificate dues, আমি ডিটেলে যেতে চাই না। সেও একটা দুর্দান্ত পরিবর্তন। আমি একটা উদাহরণ দিই। লেফ্‌ট ফ্রন্ট সরকারের সময় থেকে ১৯৯৪-এ অ্যাক্ট পাশ করেছিলেন আপনারা, ভালো কথা। সেই অ্যাক্টের ৩৫ হাজার কেসেস আজকে পড়ে রয়েছে যাঁদের অ্যাসেসমেন্ট সার্টিফিকেট হয়নি, তাঁরা জানেন না তাঁরা কি করবেন। তাই আমরা কি বললাম—নিউ সেটেলমেন্ট কেন হয়নি, তার কারণ বলা হয়েছিল, ৭৫% তাদের আপফ্রন্টে দিতে হবে, upto 5 lakhs। আমরা বলেছি—নিউ সেটেলমেন্টে ২৫% ডিমান্ড দিয়ে ৫% accumulated interest দিয়ে আপনারা এগিয়ে যেতে পারবেন। শুনে অবাক হয়ে যাবেন, দুটো কেস আমরা স্টাডি করেছি, তার যে ইন্টারেস্ট, সেই ইন্টারেস্ট তাদের দেওয়া সম্ভব নয়। Disposal cases by first track administration benches। এটা দারুণ পরিবর্তন।

[3.30—3.40 p.m.]

মিঃ স্পীকার : এই আলোচনার সময়টা শেষ হয়ে যাবে। সকলের অনুমতি নিয়ে সভার সময় আরও দশ মিনিট বাড়ানো হল। আশা করি এই ব্যাপারে সদস্যদের অনুমতি আছে।

(সকলের অনুমতিক্রমে সভার সময় আরও দশ মিনিট বাড়ানো হয়।)

ডঃ অমিত মিত্র : এবারে আসছি আমি ওয়ে বিল নিয়ে। ওয়ে বিল নিয়ে আপনারা কোনো প্রশ্ন করেননি। হয়তো এই ব্যাপারে পড়ার সময় আপনাদের হয়নি। ওয়ে বিলের ক্ষেত্রে আমরা পুরো পরিবর্তন নিয়ে এসেছি। তিন কোটি টাকার বেশি যাদের টার্নওভার তাদের আর ওয়ে বিল ক্যারি করতে হবে না। যে ট্রাক ওয়ে বিল নিয়ে যায় পুলিশ তাদের পেছনে ছোটে, ট্যাক্স অথরিটি তাদের পেছনে ছোটে। তিন কোটি টাকা যারা ট্যাক্স দেয় তাদের আর ওয়ে বিল ক্যারি করতে হবে না। যেহেতু তারা অনেস্টি দেখিয়েছে, সেইহেতু তারা এগিয়ে যাবে। প্রোপোজাল টু প্লাগ লুপ হোলস, নানান প্রোপোজালের মধ্যে আমি যাব না। তাদের টাইটেল হচ্ছে—রেজিস্ট্রেশন, রিটার্ন, ইমপোর্ট ট্যাক্স ক্রেডিট ইত্যাদি। আমি ১৯৯৪ সালের একটা কেস আপনাদের সামনে তুলে ধরব, আপনারা শুনলে অবাক হয়ে যাবেন। একটা কোম্পানিকে ২ লক্ষ ৮৬ হাজার টাকা ডিমান্ড ছিল, তার ইন্টারেস্ট হচ্ছে ৩ লক্ষ ৫৮ হাজার টাকা। আমরা সেই সিস্টেমটাকে simplify করেছি, special audit in certain cases withholding post assessment refund। বলতে বলতে আমার গলা শুকিয়ে যাবে। এতগুলো সরলীকরণ আমরা করেছি। আমি মনে করি, ভারতবর্ষের মধ্যে নাম্বার ওয়ান স্টেট হবে পশ্চিমবঙ্গ in doing business। সারা পৃথিবীর মানুষ বলবে doing business in West Bengal is the easiest।

যে স্ট্যাম্প ডিউটির কথা বলা হয়েছিল, সেই ব্যাপারে এবারে আমি জবাব দেব। শুনে খুশি হবেন, reduced stamp duty on family settlement deed । গ্রামের মানুষ, শহরের মানুষ ফ্যামিলি সেটেলমেন্ট যদি করতে যেত তাহলে সাত পার্সেন্ট, ছয় পার্সেন্ট বা পাঁচ পার্সেন্ট ট্যাক্স তাকে দিতে হত, যেমন কেনাবেচা করলে দিতে হয়। আমরা সেটাকে কমিয়ে দুই শতাংশে নিয়ে এসেছি। এবারে বলি, transfer of cess in family partition, সেটাও অনেক বেশি ছিল, তাকেও আমরা কমিয়ে দুই শতাংশে নিয়ে এসেছি। এখানে আপনারা গিফ্‌ট ট্যাক্সের কথা তুলেছেন, এই ক্ষেত্রেও আমরা uniformity এনেছি। বাকি সব স্টেটেই কিন্তু gift is treated as sale, সেখানে কিন্তু সাত-আট-দশ শতাংশ ট্যাক্স দিতে হয়। গিফ্‌ট ট্যাক্সও আমরা দুই শতাংশ করেছি। সমস্ত ফ্যামিলি সেটেলমেন্ট এবং ট্রান্সফার দুই শতাংশে আমরা নামিয়ে এনেছি। পার্টিশান ডিড পত্যেক দিনই হয়, আগে যেখানে সাত পার্সেন্ট, ছয় পার্সেন্ট ট্যাক্স দিতে হত, সেটাকে আমরা দুই শতাংশ করেছি। এই ধরনের ইউনিফর্ম সারা ভারতবর্ষে কোথাও নেই। আমি একটা বক্তব্য রাখব, শুনলে আপনারা খুশি হবেন, we also propose to allow incentive of 0.5% for registration of deed of flats within six months । ফ্ল্যাট কমপ্লিট হওয়ার ছয় মাসের মধ্যে রেজিস্ট্রেশন যদি করেন তাহলে ০.৫ শতাংশ তাকে ছুট দেওয়া হবে। দেখবেন মানুষ কেমন দৌড়ে দৌড়ে এসে রেজিস্ট্রি করবে। আজকে তারা ফ্ল্যাট রেজিস্ট্রি করতে আসছে না।

দুটো বড়ো প্রশ্ন অপোজিশান থেকে রেইজ করেছেন, তার উত্তর নিশ্চয় দেওয়া দরকার। আপনারা বলেছেন প্র্যাকটিকালি তিন কোটি আপনি ডেফিসিট দেখিয়েছেন, অথচ আপনার এ.আর.এম.-টা কোথায় ? স্পষ্টভাবে বলি যে ট্যাক্স দেখছেন, ৩০ শতাংশ রেটে আমরা ট্যাক্স বাড়ানোর টার্গেট নিয়েছি, যেহেতু ৩০ পার্সেন্ট অ্যাচিভ করার জন্যে টার্গেট নিয়েছি through simplification, through honest treatment and facilitation সেহেতু ওই ৩ কোটি টাকার যে কথা বলেছেন ৩ কোটিতেই থাকবে এ.আর.এম.এস. জিরো এবং বলেছেন সেন্ট্রাল গভর্নমেন্ট আপনাদের টাকা দেওয়ার সময় নিশ্চয় বলেছেন ট্যাক্স বসান। আমি সবার সামনে বলতে পারি, মাননীয় স্পীকার মহোদয়, এরকম কথা কেন্দ্রীয় সরকার বলেনি। এটা মিথ্যে কথা, যেই রটিয়ে থাকুন, এটা অসত্য, আমার সদস্যরা এটা বলেননি। তাঁরা বলেছেন, এরকম তাঁরা প্রশ্ন করেছেন। কেউ যদি বলে থাকেন, তাঁদের দয়া করে বলবেন এটা মিথ্যে কথা বা অসত্য। তার কারণ সেন্ট্রাল গভর্নমেন্ট এই কথা বলেনি। এবারে আসছি, প্রশ্ন তুলেছিলেন লিডার অফ দ্য অপোজিশান যে, আপনারা কত borrow করেছেন, কত লোন নিয়েছেন ? প্রথমেই একটা দুঃখের কথা বলি, যেদিন এই সরকার প্রথম এসে বসল, কি দেখল জানেন ? দেড় মাসের মধ্যে ৬ হাজার কোটি টাকা ঋণ নিয়ে নিয়েছিল। যেটা পুরো বছরে ১৭ হাজার, ৮২৮ কোটি টাকা ঋণ নেওয়া যেত নেট, তার ৬ হাজার কোটি টাকা অলরেডি ড্রন। আপনারা বলছেন ? এটাও সঙ্গে সঙ্গে বলছি, আপনাদের এই ঋণভারের জন্যে আমরা মাসে কত ইন্টারেস্ট দিই

জানেন, আপনাদের ঋণ শোধ করতে ? ১ হাজার ৫০০ কোটি টাকা মাসে। ১৮ হাজার কোটি টাকা বছরে। আমি জানতে চাই মাননীয় স্পীকার মহোদয় যে, এই আদায় কার কাছ থেকে হবে ? কোথা থেকে ? এটা লজ্জাস্কর। এই বিষয়ে আপনাদের অনেকে বলেছেন মুখ লুকিয়ে পালানোর দরকার যে, আপনারা এই ধরনের ঋণ ছেড়ে গেছেন। ভিক্ষার ঝুলির কথা বলেছেন, ভিক্ষার ঝুলি নিয়ে আমরা ঘুরব না। তবে আপনারা এমন অবস্থা করে গেছেন তার একটা উদাহরণ দিই। মাননীয় স্পীকার মহোদয়, আপনারা শুনুন, ৭ই এপ্রিল আপনারা ভিক্ষার ঝুলি নিয়ে সেন্ট্রালের কাছে গিয়েছিলেন। ১৭০০ কোটি টাকা সেন্ট্রাল আপনাদের দিয়ে বাঁচিয়েছে। না হলে আপনাদের ট্রেজারি বন্ধ হয়ে যেত। আবার সেই ভিক্ষার ঝুলি নিয়ে, ...(নয়েজ)..... আবার সেই ভিক্ষার ঝুলি নিয়ে ২১ এপ্রিল, ২০১১ সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে গেছেন। আবার ১৭০০ কোটি টাকা আপনাদের ভিক্ষার ঝুলিতে দেওয়া হয়েছে। যাঁরা এইভাবে ভিক্ষা নিয়ে ঘুরেছেন, তাঁরা আমাদের ভিক্ষার ঝুলির কথা বলছেন ! এত বড়ো ঋণ ছেড়ে গিয়ে বলছেন ! তাই বলি, মাননীয় স্পীকার স্যার, দুটো গুরুত্বপূর্ণ বক্তব্য ছিল—একটা হল আমরা আগে বাজেটের সম্বন্ধে যে কাগজ আপনাদের দিয়েছি—২৫টা বই। সেইটার সম্বন্ধে প্রশ্ন তুলেছেন যে, ৩ কোটি আপনারা বলেছিলেন, এখন কত রকমভাবে আপনারা ট্যাক্স নিচ্ছেন বা আপনারা ট্যাক্স বেসটা বাড়াচ্ছেন, সততা আনছেন সবই ভালো, কিন্তু ৩ কোটিটা কেন চেঞ্জ হচ্ছে না ? তার কারণ, আমরা ৩০ শতাংশ টার্গেট করেছি ট্যাক্স রেভিনিউ বাড়ানোর জন্যে। সেহেতু ৩ কোটিটা চেঞ্জ করবে না। There is no contradiction in what we have given and what we are doing today. And I would finally state that this Finance Bill ঐতিহাসিক বলে লোকে বলছেন, কেন ? তার কারণ, কোনো স্টেট এর আগে এক ঝটকায় এত বড়ো, এত বড়ো tectonicshift নতুন চিন্তাধারার মধ্যে বিজনেসম্যানকে trust করে এই ধরনের প্রচেষ্টা করেছে বলে আমরা জানি না। শুধু কর্ণাটকের সঙ্গে আমরা কমপিট করছি, আশা করি নেক্সট বাজেটে কর্ণাটককে ছাড়িয়ে পশ্চিমবঙ্গ নাম্বার ওয়ান পজিশনে যাবে এবং আমি এটাও মনে করি, এই যে আমাদের ১৭ নম্বর পজিশনে আছি, আমরা ১৭-র মধ্যে লোয়েস্ট, সবচেয়ে নীচে ১৭-য় আছি, একটু সময় দিন, ওই ১৭ থেকে উঠতে উঠতে অল্প সময়ের মধ্যে আমরা নাম্বার ওয়ান পজিশনে চলে যাব in doing business in West Bengal । ধন্যবাদ।

[3.40—3.50 p.m.]

The motion of Dr. Amit Mitra that the West Bengal Finance Bill, 2011 be taken into consideration was then put and agreed to.

Clauses 2–5

The question that clauses 2–5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill

The question that Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill do stand part of the Bill was then put and agreed to.

Dr. Amit Mitra : I beg to move that the West Bengal Finance Bill, 2011, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

PRESENTATION OF THE 7TH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the revised programme of business for the 2nd September, 2011. The Committee met in my chamber and recommened the following programme of business.

02.09.2011, Friday :	(i)	The West Bengal Appropriation (No. 2) Bill, 2011 **(Introduction, Consideration & Passing)**	... 1½ hours
	(ii)	The East Kolkata Wetlands (Conservation and Management) (Amendment) Bill, 2011 **(Introduction, Consideration & Passing)**	... ½ hour
	(iii)	The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2011 **(Introduction, Consideration & Passing)**	... ½ hour
	(iv)	The Gorkhaland Territorial Administration Bill, 2011 **(Introduction, Consideration & Passing)**	... 1½ hours
	(v)	Government Resolution under rule 169 regarding change of name of West Bengal to PASCHIMBANGA	... 1 hour

N.B. : (i) The House will sit at 10 a.m. on Friday, the 2nd September, 2011.
(ii) There will be no Question for Oral Answer and Mention Case on Friday, the 2nd September, 2011.

MOTION

Now Minister-in-charge of the Parliamentary Affairs may move the motion for acceptance of the House.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্য-উপদেষ্টা কমিটির সপ্তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে, তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

The motion was then put and agreed to.

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

Discussion on Demand No. 45

শ্রী আব্দুর রেজ্জাক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে যথার্থ কিছু বলতে চাই—পানীয় জল, এমনি জলের অপর নাম জীবন। জলের যে সংকট, তার মধ্যে মানুষের যে পানীয় জল, সেই পানীয় জল মানুষের কাছে চরম বিপদ হয়ে দাঁড়িয়েছে। যেটা মুর্শিদাবাদ, নদীয়া, ২৪-পরগনা—পশ্চিমবাংলার অন্যান্য জেলায় আর্সেনিক প্রবণতা এলাকা। এই জোন, নদীয়া, দুই ২৪-পরগনা, মুর্শিদাবাদ অত্যধিক আর্সেনিকপ্রবণ এলাকা। এই এলাকার মানুষ পানীয় জলের জন্য প্রতিদিন আর্সেনিকে আক্রান্ত হচ্ছে এবং দিনের পর দিন মানুষ মারা যাচ্ছে। এই আর্সেনিকমুক্ত জলের জন্য অতীতে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, বর্তমানে চলছে এবং ভবিষ্যতেও চলবে। আমার বলার কথা হচ্ছে যে, জলঙ্গী এবং রাণীনগর (১) এবং (২) এই দুই এলাকায় প্রবল আর্সেনিক দেখা দিয়েছে, প্রতিনিয়ত মানুষ মারা যাচ্ছে। যাদের হাত-পা-এ আর্সেনিকে আক্রান্ত হচ্ছে তারা বাঁচার তাগিদে কিছু সময় হাত-পা কেটে বাদ দিয়ে কিছুদিন বাঁচছে তারপর তাকে মৃত্যুবরণ করতে হচ্ছে। এই বিষয়ে আর্সেনিকমুক্ত জলের জন্য যে পি.এইচ.ই. বসানো হয়েছে সেগুলো কনট্রাক্টরি প্রথায় কাজ করতে গিয়ে দেখা গিয়েছে সেই জলের পাইপ নিম্নমানের দেওয়ার জন্য জল যে সাপ্লাই হচ্ছে সেই জলের প্রেসার সহ্য করতে না পেরে সেগুলো ফেটে ভেঙে বেরিয়ে যাচ্ছে। যে এলাকাকে চক আউট করে এই জল সরবরাহ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, দেখা যাচ্ছে সেই সমস্ত এলাকা কভার না করে শুধু পাম্প এলাকাতেই এইগুলো চলছে। কিছু কিছু এলাকায় এইগুলো দেখা যাচ্ছে যে মেনটেনেন্স খরচের অভাবে এবং বিদ্যুতের বিল বাকি থাকায় পি.এইচ.ই.-গুলো থেকে যে মানুষ আর্সেনিকমুক্ত জল পাবে সেই পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে। রাণীনগর (২) ব্লকে, মুর্শিদাবাদ জেলায় আমার বিধানসভা এলাকায়, কিছুদিন থেকে অনেক লোক মারা গিয়েছে আর্সেনিকে আক্রান্ত হয়ে। সেই পাম্পটাও বিদ্যুৎ বিলের অভাবে, বিদ্যুৎ বিল না মেটানোর জন্য সেই পাম্পটা বন্ধ হয়ে পড়ে আছে। আমার বলার বিষয় হল যে, আর্সেনিকমুক্ত পানীয় জল দেওয়ার জন্য যে পাম্পগুলো বসানো হচ্ছে সেখানে জলের লেয়ার নেমে গিয়েছে। আমার প্রস্তাব যে নদীতে চেক ড্যাম্প এবং বিরাট এলাকায় সারা বছর—যে সমস্ত বিল-খাল আছে সেইগুলো জলে পরিপুষ্ট থাকবে, সেই জল ব্যবহার করে মানুষকে আর্সেনিকমুক্ত পানীয় জল দেবার জন্য বর্তমান সরকার সদিচ্ছা গ্রহণ করবেন। বর্তমানে যেসব প্রকল্পগুলো গ্রহণ করা হচ্ছে, আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীকে বলতে চাই, ঠিকাদারদের দিয়ে যেসব কোটি কোটি টাকার প্রকল্পগুলো গ্রহণ করা হচ্ছে কিন্তু তারা নিম্নমানের পাইপ ব্যবহার করার ফলে সেই কোটি কোটি টাকার প্রকল্পগুলো বাস্তবে কিন্তু কাজ করছে না, সেইগুলো যে উদ্দেশ্যে করা হচ্ছে সেইগুলো ব্যাহত হচ্ছে। তাই আমি বলব যে, এই পাইপগুলো যাতে উচ্চমানের হয়, জলের প্রেসার ধরে রাখতে পারে এবং মানুষ যাতে আর্সেনিকমুক্ত পানীয় জল পায় সেই বিষয়টা দেখবেন। আমার বলার বিষয় হল, বিভিন্ন যে খাল-বিল আছে সেই খাল-বিলের জলকে শোধন করে আর্সেনিকমুক্ত করে মানুষের কাছে পৌঁছে দেবে। এই মানুষ প্রতিদিন আর্সেনিক আক্রান্ত হয়ে মারা যাচ্ছে। এই

যে মানুষগুলো পানীয় জল হিসাবে পান করছে তাঁরা জানেন যে এটা বিষ। কিন্তু তাদের কোনো উপায় নেই বিষজল পান করা ছাড়া। আমি এই বাজেট বিতর্কে যাচ্ছি না যে, কত টাকা বাজেটে বরাদ্দ করা হয়েছে, অপ্রতুল হয়েছে, এই সমস্ত কথায় আমি যাচ্ছি না। আমি বলতে চাইছি মানুষের জন্য যে পানীয় জলের পরিষেবা এবং সেই বিষজল থেকে রেহাই পেয়ে যাতে পানীয় জল পেতে পারে এবং এই আর্সেনিক আক্রান্ত থেকে রেহাই পায়, এই কথা বলে ধন্যবাদ জানিয়ে আমি বলা শেষ করছি।

[3.50—4.00 p.m.]

শ্রী সুশীল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দাবি নং ৪৫-এ মাননীয় মন্ত্রী যে বাজেট ভাষণ রেখেছেন তাকে সমর্থন করছি। সমর্থন করার কারণ যে নতুন আমাদের মা-মাটি-মানুষের সরকার ইতিমধ্যে যে সিদ্ধান্ত নিয়েছেন সেই গ্রামের মানুষের কাছে বিশুদ্ধ জল পৌঁছে দিতে হবে। আগের বক্তা যিনি বলছিলেন যে কনট্রাক্টররা নিম্নমানের পাইপ দিয়েছেন। কিন্তু উনি বললেন না সেটা কোন সরকার। কারণ সরকারটা ছিল বামফ্রন্ট সরকার না, সরকারটা ছিল কনট্রাক্টরের সরকার। কারণ ওদের আমলে লোকাল কমিটি থেকে নিয়ন্ত্রণ করা হত কনট্রাক্টরদের। যে কনট্রাক্টররা পেত এল.সি.এস.-কে টাকা দিতে হত, জোনাল কমিটির সম্পাদককে টাকা দিতে হত। জোনাল কমিটির সম্পাদক আর লোকাল কমিটির সম্পাদককে যদি টাকা দিতে হয়, তাহলে সেই কনট্রাক্টররা কাজ করবে কি করে ? স্বাভাবিক কারণেই নিম্নমানের কাজ হয়েছে। ৬৫তম স্বাধীনতা দিবসের মধ্যে শুধু ৩৪ বছর বললে হবে না, এদের পূর্বতন মা-বাবা ছিল, '৬৭-তে প্রথম যুক্তফ্রন্ট, '৬৯-এ দ্বিতীয় যুক্তফ্রন্ট। তাহলে আরও দুটো বছর যোগ হয়েছে। আর এই ৩৬ বছর ধরে ক্ষমতায় থেকে আজকে দাঁড়িয়ে বলছেন যে, পানীয় জলের সমস্যা আছে। একটা বেরিয়ার আছে দেখবেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, একেবারে মালদা থেকে শুরু হয়েছে। মুর্শিদাবাদ দিয়ে, নদিয়া জেলা দিয়ে, উত্তর ২৪-পরগনা দিয়ে, দক্ষিণ ২৪-পরগনা দিয়ে—নীচে দিয়ে আর্সেনিক এবং এটা প্রমাণিত হয়েছে যে, ডাবের জলে পাওয়া গেছে। ৩৬ বছর। ৩৪ বছর নয়, আরও আগের দু বছর, মানুষের পানীয় জলের ব্যবস্থা তারা করতে পারেনি। আমার মনে হয়েছে আজকের এই বাজেট বিতর্কে তাদের অংশগ্রহণটা না করাই উচিত ছিল। একেবারেই তাদের অংশগ্রহণ করা উচিত হয়নি। দাঁড়িয়ে বলুন যে, ৩৬ বছর থেকে কি কাজ করেছেন ? গত ৩৪ বছরে থেকে পানীয় জলের ব্যবস্থা, দিল্লির কোটি কোটি টাকা—বিভিন্ন প্রকল্প, এই যে ২০১০-১১—আমি পুরনোতে যাচ্ছি না, ১৯৯৭ সালে বা ২০০০ সালে যাচ্ছি না, এই ২০১০-১১ সালেই পেয়েছেন প্রায় ২৩৯ কোটি টাকা। কি কাজ করেছেন ? কোনো কাজ হয়নি। এই কাজের কিছু করেননি। আর যে জেলা পরিষদগুলো আছে, যাদের হাতে কাজ করবার ক্ষমতাটা আছে, আমরা দেখেছি এই কাজের পরিকল্পনার টাকা তৎকালীন রাজ্য সরকার ক্ষমতার বিকেন্দ্রীকরণের নামে জেলা পরিষদের হাতে দিয়েছেন। সেই জেলা পরিষদগুলো থেকে এই দপ্তরের কর্মকর্তা পার্টির নিয়ন্ত্রণে গিয়ে পুরো সি পি এম ক্যাডার ওই কনট্রাক্টরদের নিয়ে জেলা পরিষদে দাঁড়িয়ে সেই কাজগুলো করেছেন। আমার প্রশ্ন, এই

কাজগুলোতে যেমন অতীতে অনেক ক্ষতি হয়েছে, এখন সেটা না করে আর্সেনিকমুক্ত জেলা যেমন—মালদা জেলার ১৫টি ব্লকের মধ্যে ৭টি আর্সেনিকমুক্ত, মুর্শিদাবাদ জেলা ২৬টির মধ্যে ১৯টি, শুধু নদিয়া জেলার ১৭টি ব্লকের সব কটি, উত্তর ২৪-পরগনার ২২টি ব্লকের মধ্যে ১৯টি, দক্ষিণ ২৪-পরগনা জেলার ২৯টি ব্লকের মধ্যে ৭টি, হাওড়া জেলার ১৪টি ব্লকের মধ্যে ২টি, হুগলি জেলার ১৮টি ব্লকের মধ্যে ১টি, বর্ধমান জেলার ৩১টি ব্লকের মধ্যে ৫টি—এই ৭৯টি ব্লক, রাজ্যের ৩৪১টি ব্লকের মধ্যে, এর জনসংখ্যা প্রায় ৫ কোটি ৭৭ লক্ষ। এদের মধ্যে ৫০% প্রায় অর্ধেক মানুষ ক্ষতিগ্রস্ত। মাননীয় মন্ত্রী এই কদিন আগে নাকাশিপাড়াতে এই প্রকল্পের উদ্বোধন করেছেন, টালিগঞ্জে করেছেন। আমার প্রস্তাব, ভূগর্ভস্থ যে জল, যেমন পলদা এক প্রশস্ত বিল আছে। আপনি সেই বিলে যদি পাম্প বসিয়ে গঙ্গা থেকে যেমন জল নিয়ে এসে নাকাশিপাড়াতে করছেন, চাকদাতে করছেন, আরও অন্য জায়গায় করছেন, এই বিশুদ্ধ জল করে নিয়ে নলবাহিত প্রকল্পের মাধ্যমে যদি মানুষের কাছে পৌঁছে দেওয়া যায় তাহলে মানুষ উপকৃত হবে। চূর্ণী নদীর ধারে আমার বিধানসভা কেন্দ্র—কৃষ্ণনগর বিধানসভা কেন্দ্র। চূর্ণী নদীর ধারে হাঁসখালির একটা অংশ, রাণাঘাটের একটা অংশ। গঙ্গা থেকে যেমন জল নিয়ে আসছে, যদি চূর্ণী থেকে জল নেওয়া হয়, এই চূর্ণীর জল নিয়ে পরিশোধন করে মানুষের মধ্যে সেইভাবে জলের ব্যবস্থা করেন। আমার মাথার মধ্যে একটা এসেছে, যেখানে পি.এইচ.সি.-র পাম্পগুলো বসছে, যাঁরা জমি দিচ্ছেন বা জমি অধিগৃহীত করছেন তাঁদের একটা দাবি উঠেছে আমাদের কাজের ব্যবস্থা করা হোক। পাম্পের জায়গায় বিভিন্নভাবে দেওয়া হচ্ছে। কিন্তু দেওয়ার পরে তাদের জন্য কি ভাবনা-চিন্তা হচ্ছে জানাবেন। সেই জায়গার লজের টাকা দিয়ে দেওয়া হবে, না কি হবে এবং তার কি পরিকল্পনা হচ্ছে জানাবেন। এই বিষয়ে নিশ্চয় মাননীয় মন্ত্রী বলবেন। আমি বলতে চাই, নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনা—'৯৭ থেকে ২০০২, কারা ছিলেন ক্ষমতায় ? মা-মাটি-মানুষের সরকার তো ৯০ দিনের। আপনারাই তো ছিলেন ক্ষমতায়। যে ৭৯ হাজার ৩৬টি পরিমাণ টিউবওয়েল বসিয়েছিলেন আপনারা এই পর্যন্ত—কত খারাপ জানেন ? আপনারা একটু দেখুন না। আপনাদের জেলা পরিষদে অনেকে প্রশ্ন করেন এবং প্রশ্ন করে বলেন যে, আপনারা ৩৪ বছরে পানীয় জলের জন্য যে টিউবওয়েলগুলো বসিয়েছিলেন তার কটা বাস্তবে আছে। ব্লক ভিত্তিক ধরুন, প্রশ্ন করুন মাননীয় মন্ত্রীকে—প্রশ্ন করলে মাননীয় মন্ত্রী উত্তর দেবেন। কারণ, যেখানে ২২টি পাইপ বসানোর কথা, সেখানে বসিয়েছেন ১৬টা। ৬টা এল.সি.এস.-এর পকেটে চলে গেছে। এর একটা অংশ জল কমিটির সম্পাদক নিয়েছে। যেখানে এই পর্যন্ত উঁচু করার কথা সেখানে প্লাটফর্মটা সমানে করেছে, টাকা চলে গেছে আপনাদের পার্টির পকেটে। আজকে সেইখানে ৯০ দিনের সরকার মাননীয় মন্ত্রী যেভাবে পরিকল্পনা করেছেন, নিশ্চয় তাকে অভিনন্দন জানানো আপনার দরকার ছিল। রাজ্য পরিকল্পনার ২০১০-১১ আগে বলেছি, আমি আপনার কাছে ভারত সরকার, রাজ্য সরকার 75 : 25 রেসিও হারে আর্সেনিক প্রশমন জল সরবরাহ প্রকল্পের যে উদ্যোগ নিয়েছিলেন কেন্দ্রীয় সরকার প্রসূত নিয়মিত গ্রামীণ জল সরবরাহ প্রকল্প এ.আর.ডব্লু.এস.পি.-এর টেকনোলজি মিশনে আরোপ করলে আর্সেনিক বিয়োগ একটা অনন্য কার্যক্রম। আমি

মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করতে চাই যে, নদীয়া জেলায় আপনারা দেখেছেন যে, ১৭টির মধ্যে সব কটি ব্লক আর্সেনিকপ্রবণ। আর সেই জন্য চূর্ণী নদীর উপরে আপনি কোনো রিজার্ভার তৈরি করে পানীয় জলের ব্যবস্থা করবেন কিনা জানাবেন। উত্তর ২৪-পরগনার একটি অংশে—ইছামতীর উপরে এরকম কোনো পরিকল্পনা মাথায় আছে কিনা জানাবেন। যদি এটা করেন, তাহলে নিশ্চয়ই পানীয় জলের সুব্যবস্থা হবে। আমরা আশা করতে পারি, এই বাজেটটি নতুন দিশা দেখাবে। অতীতের পাপক্ষয় করে, পাপের মধ্যে ৩৪ বছর যে চালিয়েছে, তা ৯০ দিনের মধ্যে দিয়ে মা-মাটি-মানুষের সরকার তার বহুবিধ কার্যক্রমের মধ্যে দিয়ে নতুন দিক দেখাবে। এইটুকু বলে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় জনস্বাস্থ্য কারিগরী বিভাগের মন্ত্রী ৪৫ নম্বর দাবির অধীনে যে ব্যয় বরাদ্দের দাবি রেখেছেন তার উপরে কয়েকটি বিষয় আলোকপাত করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী সুশীল বিশ্বাস মহাশয়ের বক্তব্য শুনছিলাম। তিনি শুধু ৩৪ বছরের ঘটনা এখানে বলে গেলেন। ৩৪ বছরের বামফ্রন্ট সরকার কি করেছে তার উল্লেখ মাননীয় মন্ত্রী মহোদয় এখানে রেখেছেন। আপনি নিশ্চয় দেখেছেন, আমি শুধু কয়েকটি কথা এখানে বলতে চাই যে, ২০০৯ সাল থেকে ভারত সরকার জাতীয় গ্রামীণ পানীয় জল সরবরাহ প্রকল্পে যে টাকা দিত এবং রাজ্য পরিকল্পনা খাতে যে টাকা দিত তা নিয়ে আমাদের রাজ্যে অসংখ্য পানীয় জলের প্রকল্পের ব্যবস্থা হয়েছে, আমাদের রাজ্যের বহু গ্রামে পানীয় জলের ব্যবস্থা পৌঁছে দেওয়া হয়েছে। কিন্তু বিপদটা যেখানে সেই কথাটি আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেই বলছি, পশ্চিমবাংলা হচ্ছে নদীমাতৃক। এখানে অসংখ্য নদী, পুকুর, জলাশয় এখানে অনেক আছে। আমাদের এখানে মাটির নীচের জল যে পরিমাণ উত্তোলন করে পানীয় জল সরবরাহের কাজে ব্যস্ত থাকি, তার থেকে ভূপৃষ্ঠের জল, এই জল শোধন করে ব্যাপক হারে পানীয় জল হিসাবে মানুষের কাছে পৌঁছে দেওয়ার যে পরিকল্পনা, এই পরিকল্পনা বিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে বলব।

[4.00—4.10 p.m.]

কেন না উনি বলছিলেন, আমাদের ৩৪১টি ব্লকের মধ্যে ৭৯টি ব্লকই হচ্ছে আর্সেনিকপ্রবণ। আর্সেনিকপ্রবণ এলাকার নীচে যে নিরাপদ পানীয় জলের সম্ভার রয়েছে, সেটাকেই আপনাকে খুঁজে বার করতে হবে। কেন না নিরাপদ পানীয় জল যদি মানুষকে দিতে হয়, তাহলে যে যে আর্সেনিকপ্রবণ এলাকার যে যে টিউবওয়েলগুলো থেকে আর্সেনিক উত্তোলন হচ্ছে তা খুঁজে বার করতে হবে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা—যাকে 'হু' বলি, আজকে তারা পরিসংখ্যান করে বলছে, জলের সহনমাত্রা আজকে সেখানে ০.০১। আপনি একটা সময়ে মেয়র ছিলেন। আমাদের যাদবপুর ইউনিভার্সিটির 'স্কুল অব এনভায়রনমেন্টাল স্টাডিজ' তারা ১৭ বছর ধরে একটা সমীক্ষা চালিয়েছিল। তাদের সেই সমীক্ষা রিপোর্টে বলেছিল,

মহানগরী কলকাতার বহু টিউবওয়েল থেকে সাংঘাতিকভাবে আর্সেনিক বেরোচ্ছে এবং মহানগরী হচ্ছে আর্সেনিক প্রবণ। এই রিপোর্ট ছিল ২০১০ সালের। বর্তমান মেয়র তিনি স্বীকার করেছেন, মহানগরী আর্সেনিকপ্রবণে বা আর্সেনিক জলে দূষিত। অসংখ্য মানুষ আর্সেনিক দোষে দূষিত। সুতরাং তার জন্য তিনি কিছু পরিকল্পনা ঘোষণা করেছিলেন। সুশীলবাবু ৩৪ বছরের কথা বললেন, কলকাতার এখানে মেয়র আছেন, কিন্তু এখানে আপনাদের কি পরিকল্পনা জানতে পারলাম ? মহানগরীকে আর্সেনিক গ্রাস করছে, সেই আর্সেনিক থেকে মুক্ত করার জন্য, কলকাতাবাসীর বিশুদ্ধ পানীয় জলের কি ব্যবস্থা হয়েছে ? আপনি বলবেন। সেই জন্য আমি বলতে চাই, আজকে ৩৪ বছর নয়, আমি শুধু ওনাকে বলছি, আমাদের বছরে কম করে ১৪০০ মিলিমিটার বৃষ্টিপাত হয়। সেই জলকে ধরে রাখা এবং সংরক্ষণ করে যাতে বেশি বেশি করে আর্সেনিকমুক্ত জল সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে পারেন, সমস্ত গ্রামে পৌঁছে দিতে পারেন, আমি আশা করছি, সেই পরিকল্পনা আপনি নেবেন। আর জলের যে অপচয় হচ্ছে, এই অপচয়টাকে বন্ধ করতে হবে। আর মানুষকে আরো বেশি বেশি করে সচেতন করতে হবে। অনেকেই মনে করেন ভূপৃষ্ঠের যে জল, সেই জলে ব্যাকটেরিয়া আছে বা অন্য কোনো দূষণ আছে। আজকে বিজ্ঞান বলছে, সেই ভূপৃষ্ঠের জলকে শোধন করে, পরিশুদ্ধ করে পানীয় জলের ব্যবস্থা করা যায়। যেটা আজকে মালদহের ইংলিশবাজারে হয়েছে। সেখানে ৩০ কোটি টাকা দিয়ে মহানন্দা নদীর জলকে শোধন করে প্রচুর এলাকায় জল দেওয়া হচ্ছে। আপনি কোটি কোটি টাকা খরচ করে গ্রামে টিউবওয়েল বসিয়ে দিচ্ছেন—সাড়ে চারশো, এগারোশো ফিট নীচে। গভীর থেকে জল তুলছেন, মানুষকে দিচ্ছেন, কিন্তু আমরা কি দেখছি ? সেখান থেকেও কিন্তু আর্সেনিক উঠে আসছে। আজকে গভীরে টিউবওয়েল পুঁতলেও আর্সেনিক মুক্ত হচ্ছে না। পরিসংখ্যান বলছে, এর আগে যতগুলো আর্সেনিক এলাকাতে টিউবওয়েল বসিয়েছিল, তখন হয়তো ভালো জল পেয়েছিল, কিন্তু ধীরে ধীরে সেই সমস্ত টিউবওয়েল থেকে এখন আর্সেনিক উঠছে। সুতরাং তার কি পরীক্ষার ব্যবস্থা ? জেলায় জেলায় আর্সেনিকপ্রবণ এলাকার কোন টিউবওয়েল থেকে কি পরিমাণ আর্সেনিক বেরোচ্ছে তার কিন্তু পরীক্ষা পদ্ধতি জোরদার নয়। আমি দায়িত্ব নিয়ে বলছি, আপনি এটাকে দেখবেন, জোরদার করবেন। আর আপনি আর্সেনিকপ্রবণ এরিয়ার (আপনিও উল্লেখ করেছেন) মানুষের মূত্র টেস্ট করে অন্তত প্রমাণ করুন কোথায় কোথায় হচ্ছে ? কি পরিমাণ আর্সেনিক আছে ? সব চাইতে বড়ো কথা ৭টি জেলার ৪৩টি ব্লকে ফ্লোরাইড দেখা দিয়েছে। সেই ফ্লোরাইড দেখা দিয়েছে যেখানে সেখানে আপনি কি মেজার নেবেন। সেই কারণে আপনাকে অনুরোধ করব, বৃষ্টির জল, নদীমাতৃক আমাদের পশ্চিমবঙ্গ, সারপ্লাস জল সেটাকে শোধন করে, সংরক্ষণ করে জলের ব্যবহারকে ঠিক রেখে এই আর্সেনিক থেকে পশ্চিমবাংলাকে যাতে রক্ষা করতে পারেন তার জন্য পদক্ষেপ নেবেন। এই বলে আমি বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী যোগরঞ্জন হালদার : মাননীয় স্পীকার স্যার, আজকে পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য, কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট ভাষণ এখানে পেশ করেছেন তার আমি একটি কথা বলতে চাই। আপনি জানেন পশ্চিমবঙ্গে মা-মাটি-মানুষের সরকার ১০০

দিন অতিক্রান্ত করেছে এবং এই বাংলাকে ভারতসভার উচ্চ আসনে নিয়ে যাওয়ার জন্য আন্তরিকভাবে সচেষ্ট হয়েছেন এই বাংলার মুখ্যমন্ত্রী এবং পুরনো ভাবনা-চিন্তাগুলোকে সরিয়ে দিয়ে নতুন ভাবনা-চিন্তা আনার চেষ্টা করেছেন, বাংলাকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করেছেন, বাংলার জনগণকে আন্তরিকতার সঙ্গে ভালবেসেছেন, সেই জন্য তাঁকে আমি আন্তরিক শ্রদ্ধা নিবেদন করি। পরে বলতে চাইছি এই যে, এই দপ্তরের মাননীয় মন্ত্রী সুব্রত মুখার্জী মহাশয়, জননেতা, প্রাক্তন মন্ত্রী আপনারা সকলেই জানেন অভিজ্ঞ মানুষ। তিনি অত্যন্ত দক্ষতার সঙ্গে অত্যন্ত অল্প সময়ের মধ্যে রাজ্যের বিভিন্ন জায়গায় তিনি ঘুরেছেন, বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছেন, পরীক্ষা-নিরীক্ষা করাচ্ছেন কীভাবে বাংলার গ্রামেগঞ্জে বিভিন্ন প্রান্তে পুরুলিয়া, দার্জিলিং-সহ বিভিন্ন জায়গায় পরিশ্রুত পানীয় জল পৌঁছে দেওয়া যায় তার একটা পরিকল্পনা, রূপরেখা তিনি যেভাবে তৈরি করেছেন তাঁকে ধন্যবাদ না দিয়ে কেউ পারবে বলে আমার মনে হয় না। এই যে দপ্তর—এই দপ্তরের যে বিরোধিতা করা যায় তা আমার জানা নেই। কারণ জলের অপর নাম তো জীবন। এই জল যে জীবন দান করে তার বিরোধিতা কেউ করতে পারে না। আমরা মা-মাটি-মানুষের সরকার মাত্র দু মাস এসেছি। এর সমালোচনা কি করে করবেন যে আর্সেনিক কতটা দূর গেছে। আমরা দু মাসে সমস্ত পশ্চিমবাংলায় ৩৪৭টির মধ্যে ৭৯টি ব্লকে যেখানে আর্সেনিকযুক্ত সেই ব্লকগুলো আমরা কি দু মাসের মধ্যে পরিবর্তন করে দেব ? আমরা কি প্রশ্ন করতে পারি মাননীয় স্পীকার স্যার আপনার মাধ্যমে, যদিও বিরোধী পক্ষের আসন প্রায় শূন্য যাঁরা বক্তব্য রেখেছেন আমি তাঁদের কাছে জিজ্ঞাসা করছি আপনার মাধ্যমে, আপনারা ৩৪ বছরের কথা বললেই রেগে ওঠেন, কিন্তু ৩৪ বছরটা কি কম ? কত দিন হয় ? আমরা তো ১০০ দিন। ৩৪ বছর কত দিনে হয়, সেই দিনগুলিতে—আমি আগে সদস্য ছিলাম, ২০০১ সালে আমি দার্জিলিংয়ে গিয়েছি। দার্জিলিংয়ের মানুষ পানীয় জল পায় না। সেই উঁচু-নীচু রাস্তায় মাথায় করে জল বয়ে নিয়ে যেতে হয়। পানীয় জল তাদের কিনতে হয়। তো আপনি ৩৪ বছর ক্ষমতায় থাকলেন কেন্দ্রীয় সরকার টাকা দিল আপনাদের নির্দিষ্ট পরিকল্পনা করতে পারলেন না, সঠিক পরিকল্পনা করতে পারলেন না। সেই পরিকল্পনা বাস্তবায়িত করে বাঁকুড়ার মতো, জঙ্গলমহলের মতো গরিব খেটে খাওয়া, মেহনতি শ্রমিক মানুষের কাছে জল পৌঁছে দেয়নি যারা তারা গরিবের বন্ধু বলে দাবি করে, এই বিধানসভায় তাদেরকে আমরা প্রত্যাখ্যান করি। সেই জন্য মানুষ আপনাদের প্রত্যাখ্যান করেছে। পানীয় জল যারা দিতে পারে না তারা বলে আমরা বাংলার মানুষের বন্ধু। গরিবের বন্ধু ? খেটে খাওয়া মানুষের বন্ধু বলে তারা এতদিন বিভ্রান্ত করেছে। কিছুই করতে পারেনি। আজকে আমাদের এই যে দপ্তর জনস্বাস্থ্য, কারিগরী দপ্তর, তার কতগুলি বিষয় অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। যেমন আমাদের পশ্চিমবাংলায় ভূগর্ভে সমস্ত জায়গায় সমানভাবে জলস্তর নেই। আমাদের পুরুলিয়াতে যে জলস্তর আছে, দক্ষিণ ২৪-পরগনায় অনেক জায়গায় তার চেয়ে বেশি আছে। আবার দার্জিলিংয়ে জলস্তর অনেক কম আছে। এইভাবে দেখা যায়, বেশ কয়েকটি জেলায় আমাদের জলস্তর অত্যন্ত কম এবং সেখানে পরিশ্রুত পানীয় জলের অভাব। সেই কাজ করার জন্য কেন্দ্রীয় সরকার বহু টাকা দিয়েছে, কিন্তু বর্তমানে কেন্দ্রীয় সরকার এই অর্থ বরাদ্দ কমিয়ে

দিয়েছেন। ফলে রাজ্য সরকারের পক্ষে সেই কাজের অগ্রগতি করে এগিয়ে নিয়ে যাওয়া অনেকটা কঠিন হয়ে পড়বে বলে আমার মনে হয়। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্য নিশ্চয় বলবেন। যেটা আজ থেকে ৫ বছর আগে যে অর্থ বরাদ্দ হত কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে যে অর্থ বরাদ্দ করতেন এই কারিগরি দপ্তরের জন্য বা পরিশ্রুত পানীয় জল দেওয়ার জন্য, এখন বোধহয় সেই অর্থ বরাদ্দ কমিয়ে দিয়েছেন। ফলে এই রাজ্য সরকারের ঘাড়ে অনেক বেশি বোঝা। আপনারা তো চলে যাওয়ার সময় ২ লক্ষ কোটি টাকা আপনারা নতুন সরকারের ঘাড়ে চাপিয়ে দিয়েছেন।

[4.10—4.20 p.m.]

আজকে যে অর্থ বরাদ্দ করার জন্য দাবি পেশ করেছেন, তাতে অনেক বেশী অর্থ বরাদ্দ করা যেত, অনেক বেশী মানুষের কাছে পৌঁছে দেওয়া যেত, কিন্তু তা করা যায়নি আপনাদের জন্য। আজকে আপনাদের কারণে, আপনারা যখন ক্ষমতায় ছিলেন দীর্ঘ ৩৪ বছর ক্ষমতায় থেকে আপনারা ২ লক্ষ কোটি টাকার ঋণ রেখে গেছেন। যার ফলে গ্রামের মানুষকে আমরা জল দিতে পারছি না। এর জন্য আপনাদেরকেই দায়ী করব, এই সরকারকে দায়ী করব না। আর্সেনিকযুক্ত যে এলাকা, আমাদের দক্ষিণ ২৪-পরগনায় ৯টি ব্লকে আর্সেনিক আছে। পশ্চিমবঙ্গের অনেক ব্লকে আর্সেনিক আছে। ৭৯টি ব্লক তো কম নয়, সেই আর্সেনিক মুক্ত করার জন্য আপনারা কি করলেন ? ৭৯টি ব্লক যে আর্সেনিকযুক্ত হয়েছে, সেই ৭৯টি ব্লককে আর্সেনিকমুক্ত করার জন্য গত ৩৪ বছরে এই সরকার কি করেছিলেন ? এই বামপন্থী সরকার কতগুলো ব্লককে আর্সেনিকমুক্ত করতে পেরেছেন ? আমাদের ডিপার্টমেন্ট প্রত্যেকটি গ্রামে-গঞ্জের মানুষকে যে পরিশ্রুত পানীয় জল পৌঁছে দেওয়ার যে পরিকল্পনা, সেটা অনেকটা কষ্টকর হলেও সম্ভব করতে পারবেন আমাদের মন্ত্রী মহাশয় এবং আমাদের সরকার। কারণ আমি মনে করি যে, নতুন সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী যেভাবে অসম্ভব হলেও মাস পয়লায় বেতন দিতে পেরেছেন, পাহাড়কে ঠাণ্ডা করেছেন, শিক্ষার ক্ষেত্রে রাজনীতিমুক্ত করেছেন, আর্থিক সংকট থাকা সত্ত্বেও রান্নার গ্যাসের দাম কমিয়ে দিতে পেরেছেন, বাসের ভাড়া বৃদ্ধি করতে দেননি তিনি, বিদ্যুতের মূল্য বাড়াতে দেননি তিনি। সেই অসম্ভবকে যিনি সম্ভব করেছেন, আমরা মনে করি, আমাদের এই সরকারের এই মন্ত্রী এবং মুখ্যমন্ত্রী আগামী পাঁচ বছরের মধ্যে বাংলার ঘরে ঘরে পরিশ্রুত পানীয় জল দিতে পারবেন— এই আশা রেখে এবং এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী অসিত কুমার মাল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য এবং কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জী মহাশয় যে বাজেট ভাষণ রেখেছেন তাঁর সেই দাবিকে সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি। তিনি এই বাজেটে ১ হাজার ৩৬ কোটি ১৬ লক্ষ টাকার মঞ্জুরি চেয়েছেন। নিশ্চয় হাউসের প্রত্যেকটি সদস্য এটা সমর্থন জানাবেন। স্যার, আমাদের লজ্জা ৬৫ বৎসর আমরা স্বাধীনতা দিবস পালন করছি, আজও বাংলার মানুষকে শুদ্ধ পানীয় জল দিতে ব্যর্থ হয়েছি। এই লজ্জা ঢাকার আমাদের জায়গা নেই। কেন্দ্রীয় সরকার আমাদের একটি প্রকল্প করেছিলেন যার নাম হচ্ছে

সজলধারা প্রকল্প। ভারতবর্ষের প্রত্যেকটি রাজ্য যখন এগিয়ে যাচ্ছে, মানুষকে শুদ্ধ পানীয় জল দিচ্ছে, তখন ওই সরকার এমনভাবে এই সজলধারা প্রকল্পটিকে বাংলার মানুষের কাছে কুক্ষিগত করে রাখলেন যার ফলে আজ বাংলার মানুষ সেই সুযোগ থেকে বঞ্চিত হলেন। ৯০ পার্সেন্ট কেন্দ্রীয় সরকার দেবে আর ১০ পার্সেন্ট সাধারণ মানুষকে দিতে হবে তবে সেই প্রকল্পের কাজ শুরু হবে। আনলিমিট টাকা, পরবর্তী ক্ষেত্রে মাননীয় মন্ত্রী বলেছেন এটাকে একটু সংশোধন করে, আর সেই টাকা দিতে হবে না, সেই টাকা সম্পূর্ণভাবেই কেন্দ্রীয় সরকার ব্যয় করবেন এবং সেই টাকা জেলা পরিষদের মাধ্যমেই খরচ করা হবে। রাজ্যের মানুষ সজলধারা প্রকল্পটি কি সেটা জানেন না। অথচ কেন্দ্রীয় সরকারের অঢেল টাকা এই প্রকল্পের জন্য রাখা আছে। এই অঢেল টাকা আসা সত্ত্বেও মানুষ তার সুবিধা পেলেন না। আজ তাই বড়ো সংকট। আমি তাই মন্ত্রীকে ধন্যবাদ জানাব তিনি খুব পরিষ্কারভাবে বলেছেন রাজ্যের কতটা ব্লকে কি পরিস্থিতি তিনি তৈরি করেছেন এবং কি মঞ্জুরি তিনি দিতে চলেছেন এবং তিনি খুব পরিষ্কারভাবেই বলেছেন তার সরকারের কি ভূমিকা এবং ১লা এপ্রিল, ২০১১-এর আগে পর্যন্ত ১ হাজার ১১১টি নলবাহিত জল সরবরাহ প্রকল্প চালু অবস্থায় রয়েছে আরো ৬১টি নতুন প্রকল্প চালু হওয়ার ফলে তার পার্সেন্টেজ দাঁড়িয়েছে ৩৭.৯৫ শতাংশ এবং সমস্ত মঞ্জুরিকৃত নলবাহী জল সরবরাহ প্রকল্প সমাপিত হলে আওতাভুক্তির পরিমাণ বেড়ে দাঁড়াবে ৫২.৪৮%। এটা গর্বের, খুব আনন্দের। তাঁকে ধন্যবাদ জানাই। স্যার, সমস্যা দুটো। একদিকে আর্সেনিক, অন্যদিকে ফ্লোরাইড। আর্সেনিক সাবমিশান প্রকল্প কেন্দ্রীয় সরকারের, সেটা বন্ধ করে দিয়েছিলেন। আমি ধন্যবাদ জানাব রাজ্য সরকারকে এবং ধন্যবাদ জানাব কেন্দ্রীয় সরকারকে। ২০০৭ সালে সেটার আবার পরিবর্তন করেছেন। কেন্দ্রীয় সরকার কর্তৃক আর্সেনিক সাবমিসান প্রকল্পের জন্য অন্যান্য অর্থ প্রদান বন্ধ করে দেবার একক সিদ্ধান্তের বিরুদ্ধে সেদিন প্রতিবাদ জানানো হয়েছিল। কিন্তু বর্তমান ইউ পি এ সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর সাবমিসান প্রকল্প পুনরায় আরম্ভের প্রচেষ্টা চালিয়ে যা হয়েছে জানুয়ারি ২০০৭ থেকে কেন্দ্রীয় সরকার অবশেষে সংশোধিত আকারে সাবমিশান প্রকল্প পুনরায় চালু করেছেন। অতএব ভারত সরকারের আর্সেনিক সাবমিসানের আর্থিক সহায়তা এবং দ্বাদশ অর্থ কমিশনের আর্থিক অনুদান নিয়ে মাস্টার প্ল্যানের অন্তর্গত প্রকল্পগুলি রূপায়ণের একটা সার্বিক প্রক্রিয়া চালানো হচ্ছে। আমি রাজ্য সরকারকে ধন্যবাদ জানাব না ? আমি মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাব না ? স্যার, ফ্লোরাইড একটা বিশাল বড়ো সমস্যা। আমরা প্রত্যেকটা মানুষ আর্সেনিকমুক্ত, ফ্লোরাইডমুক্ত বিশুদ্ধ পানীয় জল পেতে চাই। কিন্তু একদিকে আর্সেনিক, অন্যদিকে ফ্লোরাইড একটা চরমতম এই প্রকল্পের সফলতা আনতে বাধা সৃষ্টি করছে। কেন্দ্রীয় ভূগর্ভ জল নিগম সি জি ডব্লু বি-এর প্রাক্তন অধিকর্তাকে চেয়ারম্যান ও জনস্বাস্থ্য কারিগরী অধিকারের মুখ্য বাস্তুকার জলের গুণমান ব্যবস্থাকে সদস্য আহ্বায়ক করে বিশেষজ্ঞ, প্রখ্যাত বৈজ্ঞানিক ও বিষয় বিশারদদের নিয়ে ২০০৭ সালে ফ্লোরাইড টাস্ক ফোর্স পুনর্গঠন করা হয়েছে। তারা বিভিন্ন জেলায়, বিভিন্ন ব্লকে তদন্ত করে দেখছেন কিভাবে তা থেকে মুক্ত করা যায়। এটা একটা বিশাল, বিশাল চেষ্টা এই রাজ্য সরকারের। এই উদ্যোগকে আমি স্বাগত জানাচ্ছি। আমরা সকলেই জানি

এই দপ্তরের যিনি মন্ত্রী, তিনি দীর্ঘদিন—সুব্রত মুখোপাধ্যায় মহাশয় এই বিধানসভার সদস্য। তিনি সরকারে ছিলেন খুব অল্প বয়সে। তিনি জানেন কীভাবে কাজ করতে হয়। তিনি বড়ো বাস্তববাদী মানুষ, সারা বাংলার মানুষ জানেন। আমি যেটা বলতে চাই যে, আজকে যদি আমরা এই সমস্যাগুলো কাটিয়ে উঠতে পারি, আগামী দিনে ৫২ পয়েন্ট সামথিং, যেটা এই রাজ্যের মানুষ বিশুদ্ধ পানীয় জল পাবে। এর পরে আস্তে আস্তে আরও তার পার্সেন্টেজ বাড়বে। আমি শুধু বিনীতভাবে মাননীয় মন্ত্রীকে বলতে চাই যে, দেখবেন গত ৯ মাস আগে বীরভূম জেলার রামপুরহাট দু নং ব্লকে বিষ্ণুপুর গ্রামে পাইপ লাইন ওয়াটার সাপ্লাইয়ের কাজ মাননীয় মন্ত্রী সেখানে গিয়ে এবং আমিও সেখানে ছিলাম, শিলান্যাস করেছিলেন। বহু টাকা স্যাংশান হয়েছিল। কাজ চলতে চলতে নির্বাচনের আগে কাজ বন্ধ হয়ে গিয়েছে। সেখানে পাথর, ক্রেন ভেঙে যাচ্ছে। একাধিকবার সেখানে বসানো সত্ত্বেও যদি একান্তই সেই জায়গা ঠিক না থাকে তাহলে অন্য জায়গায় সরিয়ে নিয়ে এসে সেই জল প্রকল্পটি চালু করা, সেই স্যাংশান টাকার কাজ করা, নইলে বিস্তীর্ণ আটখানা গ্রামের মানুষ অতিরিক্ত আয়রণযুক্ত জল খেয়ে তাদের পেটের অসুখ, টিউবওয়েলের জল আসে না। রাজ্য সরকারকে বলে বলে এই প্রকল্প স্যাংশান করা গিয়েছে। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব, বীরভূম জেলার রামপুরহাট দু নং ব্লকে বিষ্ণুপুরের জন্য, জল প্রকল্পের জন্য যে টাকা স্যাংশান হয়েছিল, সেই টাকার কাজ চলতে চলতে বন্ধ হয়ে গেছে। সেই কাজ যাতে চলে এটা আমি অনুরোধ করব। স্যার, আপনারা জানেন যে, পশ্চিমবাংলার সবচেয়ে বড়ো গ্রাম এমনকি ভারতবর্ষের সবচেয়ে বড়ো গ্রাম হচ্ছে মাড় গ্রাম। সেটা বীরভূমেই। সেই গ্রামে প্রায় চল্লিশ হাজার মানুষ বাস করেন। একটা গ্রাম একাই দুটো পঞ্চায়েত। সেখানে পাইপ লাইন ওয়াটার সাপ্লাইয়ের ব্যবস্থা থাকলেও অধিকাংশ মানুষের বাড়িতে জল পৌঁছায়নি এবং যে জলের ব্যবস্থা আছে সে জল মানুষ পাচ্ছে না। খুব অল্প সংখ্যক মানুষ জল পাচ্ছে। আমি মাননীয় মন্ত্রীকে বলব, দয়া করে আপনি সেখানে রিজার্ভারের ব্যবস্থা করবেন। তাহলে সরকারের যে পরিকল্পনা, সেই পরিকল্পনা সফলতা পাবে। মানুষ বিশুদ্ধ পানীয় জল পাবেন। আমার বক্তব্যের শেষে বলি, মৌখিকভাবে মাননীয় বিধায়ক মহাশয় রবীন্দ্রনাথ চ্যাটার্জী বলেছেন যে, কাটোয়া পৌরসভায় একটা প্রকল্পের কাজ শেষ হয়ে গেছে অথচ ওই প্রকল্পের কাজ চলছে। প্রকল্পটা এখনও শেষ হয়ে যায়নি, কাজটা আজও ইনকমপ্লিট। দয়া করে কমপ্লিট করার পরে কাটোয়া পৌরসভার প্রত্যেকটা মানুষকে শুদ্ধ পানীয় জল দেবেন। এই বাজেট বরাদ্দকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য এখানেই শেষ করছি। ধন্যবাদ।

[4.20—4.30 p.m.]

শ্রী সুনীলকুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় সুব্রত মুখার্জী মহাশয় ২০১১-১২ সালের যে বাজেট পেশ করেছেন সেই সম্পর্কে আমি কিছু কথা বলতে চাই। এতক্ষণ এই বাজেট নিয়ে অনেকে অনেক কথা বললেন। আমার কাছে দুটি বই আছে। এই দুটি বই আমি খুব ভালো করে পড়েছি। সরকারের ৯০ দিনের যে বইটি মাননীয়া মুখ্যমন্ত্রী বাজেটে জনস্বাস্থ্য কারিগরী

বিভাগের পেশ করেছেন সত্যিই এর জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই। ওনার বাজেট বক্তব্যের বিষয়গুলি মাননীয় মন্ত্রীর এই বইতে এতটুকু আছে কিনা পড়ে দেখবেন। আমি খুব ভালো করে পড়েছি। আমি মাননীয় মন্ত্রীর নাম ছোটোবেলা থেকেই শুনি, বিভিন্ন ক্ষেত্রে ওনার পারদর্শিতা আমি দেখেছি। কিন্তু আমার মনে হয় যে, উনি যে বাজেট পেশ করেছেন, ওনার বক্তব্যের বিষয় উনি সরকারের ৯০ দিনের বই থেকে বলেছেন। কারণ একটা অংশও এই বইটিতে নেই। মাননীয়া মুখ্যমন্ত্রী যে বিষয়গুলি উল্লেখ করেছেন সত্যিই প্রশংসনীয়, তিনি কাজের কথা বলেছেন। আমাদের ভারতবর্ষে যে সত্যি জলের অভাব, আমাদের যে জলের প্রয়োজন তার জন্য যে বিভিন্ন প্রকল্পগুলির তিনি উল্লেখ করেছেন সেই প্রকল্পগুলি সত্যিই প্রশংসনীয়। কিন্তু মাননীয় কারিগরি মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জীর এই জনস্বাস্থ্য কারিগরি দপ্তরটা সারা জীবন, সারা দিন, সারা বছর কাজ থাকবে। এমন অনেক দপ্তর আছে যে দপ্তরগুলিতে মন্ত্রীদের সারা বছর সব সময় কাজ থাকে না। কিন্তু মাননীয় মন্ত্রীর দপ্তরের কাজটা সারা বছর থাকবে। তার জন্যই মাননীয়া মুখ্যমন্ত্রী দায়িত্বপ্রাপ্ত লোককেই দায়িত্ব দিয়েছেন। কিন্তু একটা কথা মনে পড়ে যায়, অনেক সময় যারা জয়েন্টে ভালো ফল করে যখন তারা মেডিক্যাল পড়তে যায়, মেডিক্যাল পড়তে গিয়ে যারা জয়েন্টে দশের মধ্যে র‍্যাঙ্ক করেছে বা পঞ্চাশের মধ্যে র‍্যাঙ্ক করেছে তারা অনেক সময় ফেল করে যায়। কোনো কোনো বছর তারা ভাবে আমি আর কি পড়ব আমি তো জয়েন্টে ফার্স্ট র‍্যাঙ্ক বা টেন র‍্যাঙ্ক করেছি। এই বিষয়গুলির ক্ষেত্রে আমি বলতে চাই, আমার মনে হয় আমাদের মাননীয় মন্ত্রী বিষয়টাকে এত বেশি গুরুত্ব দেননি। আপনার সমালোচনা করার সাহস আমার নেই। আপনাকে কয়েকটি সংযোজনের কথা বলব। আপনারা দেখেছেন, প্রত্যেকটা বাজেটের মধ্যেই বিগত ৩৪ বছরের সরকারের কথাটাই আছে—করেছিল, করেছে, করা উচিত। তাদের প্রকল্প রূপায়ণ করা হবে, বাস্তবায়ন ঘটানো হবে এই কথার বাস্তব দিকগুলি বাজেটের বইয়ে নেই। যাই হোক, আমার প্রথম বক্তব্য হল যে, পানীয় জলে আর্সেনিক নিয়ে সবাই বলেছেন, আমি আর্সেনিক নিয়ে বলতে চাই না। আমি বলতে চাই, এই যে পানীয় জলের সমস্যা, অনেকেই বলছেন যে এই সমস্যার সমাধান হয়ে যাবে—কোনো দিন হবে না। কোনো মন্ত্রী কোনো কালে থাকবে না, তাহলেই মন্ত্রীত্ব শেষ হয়ে যেত। কিন্তু তার প্রশাসনকে আজকে এগিয়ে নিয়ে যেতে হবে, যাতে আমরা মানুষের দরবারে সেগুলোকে পৌঁছতে পারি। এখানে আমি একটা কথা বলতে চাই যে, এই যে আমাদের জলের যে ব্যবস্থা—গভীর নলকূপ সৃষ্টি করে বিভিন্ন পানীয় জলের যে ব্যবস্থাটা, সেই ব্যবস্থা আমার মনে হয় ১০০ ভাগের মধ্যে ৪০ ভাগ জল অপচয় হয়, ৫০ ভাগ হলেও হয়। বিভিন্ন শহরে আপনি দেখবেন, আমাদের গ্রামে দেখছি, গ্রামের ক্ষেত্রে দেখা যায় জলের যে অপচয় হয়, সেই অপচয় বন্ধ করার মতো এবং সেখানে তার কারিগরী কোনো প্রকল্প সাধারণভাবে রাখা হয় না। দিনের পর দিন জলগুলো অপচয় হয়ে যায়, সেই জলটাকে আমরা ধরে রাখতে পারি না। বিভিন্ন ক্ষেত্রে এই পানীয় জল দিয়ে রাস্তায় দেখুন মোটরসাইকেল ধুচ্ছে, গাড়ি ধুচ্ছে, আপনি দেখুন ফুলের বাগান করছে পানীয় জল দিয়ে— যে গভীর নলকূপ, আমাদের ভূগর্ভস্থ জলের যে অভাব, সেই অভাবের জন্য আজকে মানুষকে সতর্ক করা হচ্ছে, আর

আমরা সেই জল দিয়ে কি করছি ? আমরা ফুলগাছে দিচ্ছি, কলের জল খুলে, ঘরে টিউবওয়েল খুলে ফুলগাছের চাষ করছি। আমরা কি করছি ? গাড়ি ধুচ্ছি, রাস্তাঘাটে সবাই দেখবেন। কিন্তু আমরা তার কোনো প্রতিবাদ করি না। আমার মনে হয় এই দিকটায় আমার মাননীয় মন্ত্রী মহাশয় যদি একটু লক্ষ্য দেন খুব উপকার হয়। তার জন্য বলি যে, এই জলের অপচয় বন্ধ করা অবশ্যই দরকার। আর একটা কথা বলি, মাননীয়া মুখ্যমন্ত্রী যে কথাগুলো উল্লেখ করেছেন যে, ভিশান ২০০০ নামে যে দলিল তিনি প্রকাশ করেছেন, সেটা অবশ্যই মাননীয় মন্ত্রী চেষ্টা করবেন। জাপানী ইয়েনের যে অনুদান যে জল প্রকল্পের কথা ঘোষণা করেছেন, আশা করি সেই দিকগুলি তিনি দেখবেন। তাই আপনাকে আমার বলার কিছু নেই, আপনি অনেক বিচক্ষণ, অনেক বুদ্ধিমান, আপনার পদক্ষেপ সুদূরপ্রসারী হোক, আপনি বাংলার ঘরে ঘরে জল পৌঁছে দিন, এই আশা রেখেই আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রথমেই আপনার দৃষ্টি আকর্ষণ করি যে, এই পবিত্র সদন আমার মনে হয় অত্যন্ত লজ্জার এবং দুঃখের, যে সমস্ত পশ্চিমবাংলার নাগরিকবৃন্দ, যারা পশ্চিমবাংলার বিধায়কদের আশীর্বাদ দিয়ে স্বেচ্ছায় নির্বাচিত করে এসেছেন, বিশেষত বিরোধীপক্ষ যারা ৩৪ বছর ধরে যারা শুধু কেলেঙ্কারি আর আর্থিক কেলেঙ্কারি শোনবার জন্য এখান থেকে কি পালিয়ে গেছে ? তাই আমি মনে করি যে, তাদের থেকে বেশি সংখ্যায় পশ্চিমবাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী, পশ্চিমবাংলায় আজকে সারা দিন-রাত ধরে এই আর্থিক অনটনের ভিতর দিয়ে তিনি যা মানুষের জনস্বার্থে কাজ করছেন এবং আপনারা নিশ্চয়ই মাননীয় মন্ত্রীদের এখানে দেখছেন পশ্চিমবঙ্গের মা-মাটি সরকারের। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আবেদন করব যে, আগামীদিনে প্রতিটা বিধায়ক যাতে পবিত্র সদনের গুরুত্ব দিয়ে বাংলার মানুষের যে দায়বদ্ধতা, সেই দায়বদ্ধতাকে সঙ্গে নিয়ে এই আলোচনায় অংশগ্রহণ করেন। এবারে বলতে চাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, দাবি নম্বর ৪৫, পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শ্রী সুব্রত মুখার্জী কর্তৃক ২০১১, ২০১২-এর যে বাজেট ভাষণ উপস্থাপিত করেছেন, আমি সেই বাজেটের প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে দু-চারটি কথা বলতে চাই যে, গ্রামীণ জল সরবরাহ প্রকল্পগুলিতে বিগত দিনে যে রাজ্যের পরিকল্পনা খাতে বাজেটে ২৩৭.৪৩% বৃদ্ধি করে ১৯৮.৮০ কোটি টাকা মার্চ, ২০১১ থেকে ৬৭০.৮২ কোটি টাকা জুন, ২০১১ করার জন্য মাননীয় পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের নয়নের মণি, আমাদের নেত্রী শ্রীমতী মমতা ব্যানার্জী-সহ জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শ্রী সুব্রত মুখার্জীকে আমার আন্তরিক ধন্যবাদ ও শ্রদ্ধা জানাই।

[4.30—4.40 p.m.]

রাজ্যের প্রতিটি গ্রামীণ বসতিতে স্থায়ীভাবে পানীয় জল সরবরাহের নিরাপত্তা সুনিশ্চিত করার লক্ষ্যে ভারত সরকার ১.৪.২০০৯ থেকে জাতীয় গ্রামীণ রাষ্ট্রীয় জল সরবরাহ প্রকল্প চালু করেছিলেন। কেন্দ্রীয় সরকার গত আর্থিক বছরে যে ন্যাশনাল রুরাল

ড্রিংকিং ওয়াটার প্রোগ্রামে ৪৯৯.১১ কোটি মঞ্জুর করা সত্ত্বেও বিগত ৩৪ বছরের বাম সরকার গ্রামীণ সরবরাহ খাতে মাত্র ২১০.১০ কোটি টাকা বরাদ্দ থেকে বোঝা যায় বিগত সরকারের এই বিষয়ে কোনো সদিচ্ছা ছিল না। আমরা অত্যন্ত গর্বের সঙ্গে বলতে চাই, এই অল্প সময়ের ভেতরেও পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকারের প্রতিনিধি এই দপ্তরের মন্ত্রী মাননীয় শ্রী সুব্রত মুখার্জী ও শিল্পমন্ত্রী মাননীয় শ্রী পার্থ চট্টোপাধ্যায় কয়েক দিন আগে বর্ষার ভেতরেও নদীয়া জেলার আর্সেনিক আক্রান্ত হিসেবে কালিগঞ্জ, নাকাশিপাড়া, কৃষ্ণনগর দুই এবং নবদ্বীপ আংশিক চিহ্নিত হয়েছে। আমি এই সরকারের জনস্বাস্থ্য কারিগরী দপ্তরের মন্ত্রীকে ধন্যবাদ জানাই যে, তিনি দপ্তরের দায়িত্বভার গ্রহণ করার কয়েক দিনের মধ্যেই রাজ্যের মাননীয় শিল্প বাণিজ্যমন্ত্রীকে সঙ্গে নিয়ে নদীয়ার কালিগঞ্জ, নাকাশিপাড়ায় আর্সেনিকমুক্ত জল সরবরাহ প্রকল্পের উদ্বোধন করে এলাকার মানুষের মন জয় করে নিয়েছেন। আমি মনে করি, নদীয়া জেলার করিমপুর থেকে হরিণঘাটা সমগ্র এলাকা আর্সেনিক কবলিত। বিগত দিনে নদীয়া জেলায় কোটি কোটি টাকা ব্যয় করে বিগত সরকার যে জল প্রকল্পগুলির কাজ করেছিলেন, এতেও ব্যাপক দুর্নীতি রয়েছে। যথাযথ অনুসন্ধান করলে বুঝতে পারবেন যে, সি পি এম-এর জমি কেলেঙ্কারির মতো জল কেলেঙ্কারিও রাজ্যবাসীর কাছে উদ্‌ঘাটিত হবে। আমরা ৩৪ বছরে কঙ্কাল কেলেঙ্কারি দেখতে পাচ্ছি। বিগত বামফ্রন্ট সরকারের জনস্বাস্থ্য কারিগরি মন্ত্রীর জমি কেলেঙ্কারি দেখতে পাচ্ছি। আমি বর্তমান মাননীয় মন্ত্রীকে আবেদন করব, এই হাউসে আগামী দিনে শ্বেতপত্র প্রকাশ করে যাতে জল কেলেঙ্কারিও বিধানসভায় উপস্থাপিত হয়। এটা নিশ্চিত, এরা জলকেও রেহাই দেয়নি। জলে আর্সেনিক, ফ্লোরাইড, লবণাক্তে ভরে গিয়েছে। মেদিনীপুরে যেভাবে কঙ্কাল পাওয়া যাচ্ছে, কঙ্কাল মাটিতে মিশে জলের সংমিশ্রণের ফলে আজকে সারা পশ্চিমবাংলার জল বিষাক্ত হয়ে গিয়েছে। মানুষের আশীর্বাদ, দোয়া, শুভেচ্ছায় মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যে জল ধরো, জল ভরো কর্মসূচী নিয়েছেন, এই কর্মসূচীর ভেতর দিয়ে অতি অল্প সময়ে মাননীয় অভিজ্ঞ এবং দক্ষ মন্ত্রী শ্রী সুব্রত মুখোপাধ্যায় তিনি দায়িত্ব নিয়ে আর্সেনিক, ফ্লোরাইড, লবণাক্তযুক্ত জলকে বিশুদ্ধ পানীয় জল করে পশ্চিমবাংলার পাহাড় থেকে সাগর, সাগর থেকে জঙ্গল প্রতিটি জায়গায় মানুষের কাছে পৌঁছে দেওয়ার তিনি যে পরিকল্পনা করেছেন, এর জন্য তাঁর দপ্তরকে ধন্যবাদ জানাই, অভিনন্দন জানাই। আগামী ৫ বছরের তাঁর টোয়েন্টি টোয়েন্টি পরিকল্পনার কথা শুনেছি। বিগত দিনের জল কেলেঙ্কারি প্রমাণিত হবে। বিগত নির্বাচনে মানুষ তাদের চুন-কালি মাখিয়েছে। জল কেলেঙ্কারিটাও বাস্তব। আমি মাননীয় মন্ত্রীকে বলব, আমার জেলায় যে প্রকল্পগুলি হয়েছে নাগার্জুনের অধীনে, সেই প্রকল্পের ভেতরেও অনেক জল আছে। অনেক অর্থ তছরুপ হয়েছে। পশ্চিমবাংলায় গত ৩৪ বছরের বিভিন্ন প্রকল্পের মধ্যে অনেক আর্থিক কেলেঙ্কারি আছে। জলের ভেতরেও আজকে বিষ ঢুকিয়ে দিয়েছে। জল যেহেতু জীবন, তাই আগামী দিনে জল ধরো আর জল ভরো এই পরিকল্পনাকে বাস্তবে রূপ দিয়ে পুনরায় জল কেলেঙ্কারি উদ্‌ঘাটনের দাবি জানিয়ে এবং এই বাজেটের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী রবীন্দ্রনাথ ঘোষ : (নট প্রেজেন্ট)

শ্রী খগেন মুর্মু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জী যে বাজেট বিবৃতি এখানে উপস্থাপিত করেছেন তাতে নতুন কোনো দিশা দেখতে পেলাম না। আপনারা মানুষের আশীর্বাদ নিয়ে বিপুল সংখ্যায় নির্বাচিত হয়ে এসেছেন। যে সমস্ত কমিটমেন্ট আপনাদের ছিল মানুষের কাছে তার মধ্যে একটা জল। মানুষের সবচেয়ে বেশি প্রয়োজন জল। এখানে কিন্তু নতুন কিছু দেখতে পেলাম না মাননীয় মন্ত্রীর বাজেট বিবৃতিতে। ২০১০-১১ সালে তৎকালীন মন্ত্রী তাঁর বাজেট বিবৃতিতে যা যা উল্লেখ করেছিলেন, বর্তমান মন্ত্রী হুবহু সেটাই উল্লেখ করেছেন তাঁর এই বাজেট বিবৃতিতে। মাননীয় মন্ত্রী তাঁর বিবৃতিতে ১০৩৬ কোটি ১৬ লক্ষ টাকা মঞ্জুরের জন্য দাবি করেছেন, যা বিগত ২০১০-১১ সালের থেকে ৫২৪ কোটি ৬২ লক্ষ ১২ হাজার টাকা অতিরিক্ত। তিনি চেষ্টা করছেন, এই জন্য তাঁকে ধন্যবাদ জানাব। জুন মাসের মধ্যে ৬৭০ কোটি ৮২ লক্ষ টাকা মঞ্জুর হয়েছে। বাকিটা নতুনভাবে বর্ধিত বা মঞ্জুর করবার জন্য বলেছেন। সরকার পক্ষের বিধায়ক সুশীলবাবু, কল্লোলবাবু বললেন—বিগত বামফ্রন্ট সরকার গত ৩৪ বছরে এখানে কিছুই করেনি। আমি বলব, মানুষের কাছে পরিশ্রুত পানীয় জল পৌঁছে দেওয়ার জন্য নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১৯৯৯-০২-তে যেভাবে কাজটা শুরু হয়েছিল সেখানে ২৯০৩৬টা বস্তি ছিল। তখন থেকে সেই বস্তিগুলোতে পরিশ্রুত পানীয় জল পৌঁছে দেওয়ার কাজ শুরু হয়। দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময় আমাদের রাজ্যে ৯৬২৬৫টি বস্তির মধ্যে নন-কভারেজ বস্তি ছিল ৯৫২৮টি, পার্সিয়াল কভারেজ হ্যাবিটেশন ছিল ২৫৮০৩ এবং ফুললি কভারেজ হ্যাবিটেশন ছিল ৬১৬৩৪। ২০০৫-০৬ সালে দেখা গেছে ফুললি কভারেজ হয়েছে ৬৭২৩৩। ২০১০ সালে এই সংখ্যাটা বেড়ে দাঁড়িয়েছে ৮৩৪৬০। আজকে ওই দিকে বসে যাঁরা সরকার পরিচালনা করছেন তাঁরা অনেক কথা বলছেন। আপনারা জেনে নেবেন, ১৯৭৭ সালের আগে আমাদের রাজ্যে ০.৭০ শতাংশ ছিল নলবাহিত পানীয় জল। আর ২০১০ সালে সেটা দাঁড়িয়েছে ৩৬.৭০ শতাংশে। মাননীয় মন্ত্রী, আপনার বিবৃতিতেই আছে।

[4.40—4.50 p.m.]

আবার ২০১০-১১ সালের পরে ২০১১-১২ সালের বিবৃতি যেটা মাননীয় মন্ত্রী দিয়েছেন তিনি স্বীকার করেছেন। এখন পর্যন্ত ৩৭.২৫ শতাংশ মানুষ পশ্চিমবাংলায় পরিশ্রুত পানীয় জলের, নলবাহিত পানীয় জলের সুযোগ পাচ্ছেন। অর্থাৎ বামফ্রন্ট সরকারের এই ৩৪ বছরে, তিনি স্বীকার করছেন যে, ৩৭.২৫ শতাংশ মানুষ এখানে পানীয় জলের সুযোগ তারা পেয়েছে। তাহলে এই ৩৪ বছর যেটা বলছিলেন যে কিছুই হয়নি। তিনি বলছিলেন যে কেলেঙ্কারি। আজকে এখানে মাননীয় মন্ত্রী আপনি স্বীকার করেছেন যে, ৩৭.২৫ শতাংশ মানুষ তারা এই বামফ্রন্ট সরকারের আমলে ৩৪ বছরে পরিশ্রুত পানীয় জল পেয়েছেন, মন্ত্রীর বিবৃতিতে আছে। কিন্তু আজকে আমি আশ্চর্য হয়ে লক্ষ্য করছি যে, আজকে আমাদের যেভাবে তিনি বিবৃতি দিয়েছেন তাতে দেখা যায় যে, আমরা ২০১০-১১-র পর আজকে আমাদের এখানে ২০১১-১২ সালে যেটা এখানে বিবৃতিতে তিনি বলছেন, আমাদের এখানে মাত্র ৮ হাজার ৪৮৬টি নন-কভারেজ হ্যাবিটেশন থাকছে। কিন্তু আমি এখানে একটা

গরমিল দেখতে পাচ্ছি স্যার। ভারত সরকারের সমীক্ষা অনুযায়ী ৯ হাজার ৩৫৬টি হ্যাবিটেশন এখানে থাকার কথা, নন-কভারেজ হ্যাবিটেশন থাকার কথা। কিন্তু সেখানে আজকে বলছেন ৮ হাজার ৪৮৬টি। তাহলে ৮৭০টা হ্যাবিটেশন কোথায় গেল ? সেটা আমি মাননীয় মন্ত্রীকে বলব, এখানে আপনার হিসেবের সাথে আমি গরমিল দেখতে পাচ্ছি। এই বিষয়টা আপনি জবাবী ভাষণের সময়ে বলবেন। আমাদের রাজ্যে ১৯টা জেলার মধ্যে ৮টি জেলা ৩৪০টি ব্লকের মধ্যে ৭৯টি ব্লক হচ্ছে আর্সেনিক কবলিত। আমরা এখানে আর্সেনিকের ক্ষেত্রেও এখানে যেভাবে কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছিলেন এই আর্সেনিক মুক্ত করার জন্য যে এখানে ১৯৯৯ সাল থেকে সরকারের যে ৭৫, ২৫ রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের এখানে অর্থ ব্যয় করার কথা, সেখানে ১৯৯৯ সাল থেকেই এই ৭৫, ২৫ ভাগ অর্থ সেটাকে এখানে মাত্র ১৫ ভাগ ব্যয় করার জন্য অনুমতি দেওয়া হয়েছিল কেন্দ্রীয় সরকার থেকে। এটা আপনি আপনার বিবৃতিতে স্বীকার করেছেন। ফলে আমাদের এখানে শুধু আর্সেনিক বা ফ্লোরাইড এলাকা নয়, আজকে আমাদের যে সমস্ত নন-কভারেজ এলাকা বা যে সমস্ত এলাকাতে আমাদের যে পানীয় জল কলুষিত এলাকা সেই সমস্ত জায়গাতে পরিশ্রুত পানীয় জল পৌঁছে দেওয়ার ক্ষেত্রে একটা প্রতিবন্ধকতা তৈরি হচ্ছে। সেটা আপনিও স্বীকার করেছেন। এই ক্ষেত্রে কিন্তু আপনি পরিষ্কারভাবে কোনোটাই বলেননি যে, এখানে আপনাদের পদক্ষেপ কি থাকবে ? এখানে ২৮.০৭.০১ সালে পশ্চিমবঙ্গ বিধানসভার পক্ষ থেকে সর্বদলীয় প্রতিনিধিদল কেন্দ্রীয় সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রীর কাছে দেখা করতে গিয়েছিলেন, সেটা হচ্ছে আর্সেনিক সাবমিশনের অধীন যে প্রকল্পগুলোকে এখানে যাতে পুনরায় আরও অর্থ বরাদ্দ করা হয় তার জন্য। ২৬.০৯.০১ তারিখে তৎকালীন গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী জানিয়েছিলেন আর্সেনিক প্রশমন নিশ্চিত করার জন্য কেন্দ্রীয় সরকার নতুনভাবে অর্থ বরাদ্দ করার বিষয়টা বিবেচনা করবেন। দশ বছর পরেও কিন্তু সেই বিষয়টা আজকে এখানে কিছু লেখা হয়নি। এই বিষয়ে নিশ্চয়ই আপনি কিছু বলবেন। এই ব্যাপারে আপনার পরিষ্কার পদক্ষেপ কি আছে। ২০০০ সালের জানুয়ারী মাসে এখানে কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছিল যে, ভূগর্ভস্থ জলের আর্সেনিক চিহ্নিত করার জন্য কলকাতাতে একটা জাতীয় গুরুত্বসম্পন্ন আর্সেনিক প্রশমন কেন্দ্র স্থাপন করা হবে। রাজ্য সরকার তদনুযায়ী এখানে জমিও দিয়েছিল। কিন্তু এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকারের এই ঘোষণা কার্যকরী হয়নি। এই বিষয়টা কিন্তু আপনি আপনার বাজেট বিবৃতিতে বেমালুম অমিট করে দিয়েছেন। এই বিষয়ে আপনি কিছুই বলেননি। আমি এখানে বলব যে, ফ্লোরাইড এফেক্টেড যে সমস্ত এলাকা আছে আমাদের রাজ্যের ১২টি জেলার ১০৭টি ব্লকে তাহলে সেই ক্ষেত্রেও আপনি কি উদ্যোগ নিচ্ছেন ? যে ফ্লোরাইড এফেক্টেড যে এলাকাগুলো আছে এই মানুষগুলোকে পরিশ্রুত পানীয় জল দেওয়ার ক্ষেত্রে আপনার যে গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিচ্ছেন সেই জন্য বলি এই ব্যাপারটি দেখবেন। আমি সর্বোপরি বলি যে, আপনার যে উদ্যোগ এবং এই উদ্যোগের সাথে আপনার যে বাজেট বিবৃতি, তার সঙ্গে এর কোনো মিল আমি দেখছি না। আমি আশা করব, আপনার জবাবী ভাষণের সময়ে এই বিষয়টা এই মহতি সভায় আপনি পরিষ্কার করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এতক্ষণ ধরে বিভিন্ন মাননীয় সদস্যদের বক্তব্য শুনলাম এবং অনেকেই তাঁর এলাকার জল নিয়ে যে সামগ্রিক সমস্যা রয়েছে, তা নিয়ে বক্তব্য রেখেছেন এবং কয়েকটি বক্তব্য তো খুবই গুরুত্বপূর্ণ এবং সেটা আমরা নিশ্চয় লক্ষ্য রাখব এবং কি কি বিষয়ের উপরে লক্ষ্য রাখা দরকার সেটা দেখব। প্রথমেই আমি ধন্যবাদ জানাই আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীকে, যাঁরা এই বিভাগের শুধু ব্যয় বরাদ্দ নয়, এই বিভাগের গুরুত্ব যে অপরিসীম, সেটা বোধ করেছেন এবং আমাদের বোধ করিয়েছেন। আমি বিরোধী দলের, আগের সরকারের শুধু বিরোধিতা করাটা এখানে আমার কাজ নয়, আমি শুধু একটা কথা বলে রাখি যে, কোনো কোথাও কিছু ৩৪ বছর ধরে কাজ হয়নি, এটা আমি মনে করি না। কিন্তু এটা আমি গত ১০০ দিনে বুঝেছি, যে যে কাজ করা উচিত ছিল, যেভাবে করা উচিত ছিল, সেই কাজ করা হয়নি। শুধু হয়নি নয়, আপনারাও আমার সাথে হয়তো একমত হবেন। কারণ জলই জীবন। এটা নিয়ে রাজনীতি করা আমাদের দলের এবং আমাদের সরকারের উদ্দেশ্য নয় এবং লাভও নয়। যেভাবে এই দপ্তর উপেক্ষিত হয়েছে এবং এই দপ্তরের প্রতি যে উদাসীনতা আমি দেখেছি, তা এককথায় অত্যন্ত মর্মস্পর্শী বলা যায়। আপনারাও শুনলে অবাক হয়ে যাবেন বিরোধী দলে যাঁরা রয়েছেন, এই দপ্তরের যিনি মন্ত্রী ছিলেন, তাঁর কদাচিৎ যদি এই দপ্তরের কথা মনে পড়ত যে, ওখানে তাঁর একটা দপ্তর আছে, তাহলে হয়তো তাঁর পদধূলিতে ধন্য হত এই দপ্তর। তা না হলে তাঁর একজন সি এ এবং কিছু কনট্রাক্টর মিলে এই দপ্তরটার ৩৪-৩৫ বছর ধরে নেতৃত্ব দিয়েছে। এটা আমি আপনাদেরকে আক্রমণের জন্য বলছি না। যদি একটা সরকার তার দায়িত্বে আছে এইরকম গুরুত্বপূর্ণ, গুরুত্ব দিলে সব কাজ হয়তো হবে না। স্বচ্ছতা রাখবেন। আমি যেমন দেখলাম, একটু আগে বিধায়ক নর্মদা রায় বক্তব্য রাখলেন। আমি তো তাঁর সাথে, তাঁর বক্তব্যের একটা অংশের সাথে একমত। খুব ভালো পয়েন্ট তুলেছেন এবং আমি যেটা ভিশন টোয়েন্টি টোয়েন্টি করেছি, যেটা পরে আমি সবাইকে দিয়ে দেব, তার মধ্যেও কিন্তু এই নর্মদা রায়ের এই বক্তব্য, এই বক্তব্যটা কি ? না একটা ফান্ডামেন্টাল সলিউশন করতে হবে। টোকেন সলিউশন নয়। দীর্ঘদিন ধরে আপনারা আবার সেই ৩৪ বছর ধরে বললেই রেগে যাবেন। কিন্তু আপনারা ৩৪ বছর ধরে যদি '৭২ সালের কথা তুলে করে-কম্মে খেতে পারেন, তাহলে আপনাদেরও আমাদের এই ৩৪ বছরের কথা শুনতে হবে আরও ৩৫ বছর, কোনো উপায় নেই এবং আপনারা ওটাকে বলেই আমাদের বহু সদস্যকে দাবিয়ে রাখার চেষ্টা করেন। আমি আমাদের বিধায়কদের অনুরোধ করব যে, আপনারা কিন্তু এই ৩৪ বছর যাই বলুক, যেভাবেই কটাক্ষ করুক, এটা বলতে ছাড়বেন না। এই ৩৪ বছর জাতীর জীবনের অভিশাপ। কাজেই একে ছাড়া নেই। যদি একটা '৭২ সাল দেখিয়ে ৩৪-৩৫ বছর করে-কম্মে খায়, তাহলে ৩৪ বছর দেখিয়ে আমরাও ৫০ বছর থাকব।

[4.50—5.00 p.m.]

আমার বক্তব্যেও ৩৪ বছর আসবে। আপনারা যা ইচ্ছে করতে পারেন। আমি বলি, কেন ৩৪ বছর আসবে ? আপনারা বক্তৃতা করলেন জল। আমাদের এখানে কি শ্লাঘার কথা, এটা কি গর্বের কথা ? সব দলের ক্ষেত্রে আমি বলছি। স্বাধীনতার ৬৫ বছর হয়ে

গেল। আমরা অনেক কিছু দিয়েছি। আমাদের ভারতবর্ষ জি-২০-র সদস্য হতে চলেছে। সিকিউরিটি কাউন্সিলের মেম্বার হতে চলেছি। যে কয়েকটি দেশ অর্থনীতিতে, সমাজনীতিতে এগিয়ে যাচ্ছে, ভারতবর্ষ তার মধ্যে অন্যতম হচ্ছে। কিন্তু এটাও সত্য, একটা মানুষের সবচেয়ে প্রয়োজন যে জিনিসটা, আমরা ভারতবর্ষের সব রাজ্যের মানুষের কাছে সেটা পৌঁছে দিতে পারিনি। আমরা সবাই আগে রাজনীতি করা মানুষ, তারপর কেউ সি.পি.এম., কেউ তৃণমূল কংগ্রেস, কেউ কংগ্রেস। আপনারা ব্যাপারটার গুরুত্বকে উপেক্ষা করেছেন। আপনারা অনেকেই বলেছেন যে, আমাদের কয়েকটা সমস্যা আছে। ভারতবর্ষের অন্য রাজ্যে সেই সমস্যা নেই। ঝাড়খণ্ডে কিছু আছে, অন্য রাজ্যে কিছু আছে, পশ্চিমবঙ্গে এই জলের দিক থেকে সবচেয়ে সমস্যা। তাছাড়া চারটে জেলায় কমপ্লিট আর্সেনিক। দুটো চব্বিশ পরগনা, নদীয়া, মুর্শিদাবাদ এবং পার্ট অফ বর্ধমান, পার্ট অফ মালদা। ভয়ঙ্কর আর্সেনিক। আবার যিনি বললেন কলকাতা, কলকাতা এখনও আর্সেনিক প্রভাবিত এলাকা নয়। কিন্তু কলকাতার বর্ডার দক্ষিণ চব্বিশ পরগনার সাথে যুক্ত যে অংশ আছে, সেখানে কোনো কোনো জায়গায় আর্সেনিক দেখা এবং ধরা পড়েছে। এটাও ঘটনা। আমরা আবার মনে করি, যে হারে ডিপ টিউবওয়েল ব্যবহার হচ্ছে, যার পরিণতি আর্সেনিক। আর সেই আর্সেনিক কত ভয়ঙ্কর, সেই ভয়ঙ্কর জিনিসকে আপনাদের সরকার ৩৪ বছরে—যদি দুটো করে ব্লকে আপনারা আর্সেনিকমুক্ত জল দিতে পারতেন, তাহলে আজকে এই ৭৮-৮০টা ব্লকে ৩৪ বছর পর এসে গর্বের সাথে বলতে পারেন যে, আমরা পশ্চিমবঙ্গ থেকে আর্সেনিক মুক্ত করতে পেরেছি। আপনারা স্বীকার করবেন কিনা জানি না, কিন্তু আমার বলতে দ্বিধা নেই, ভোটের জন্য বলছি না, যে কটা কারণে আপনাদের এই পরাজয় হয়েছে, তার মধ্যে অন্যতম প্রধান কারণ, আপনারা মানুষের খাবার জল পৌঁছে দিতে পারেননি। কি শহরে, কি শহরতলিতে, কি গ্রামে, কি পঞ্চায়েতে। আজকে ৭৯টা মাত্র আর্সেনিক ব্লক। আপনারা মাত্র দুটো করে—একটা মন্ত্রী, তার কি কোনো ভিশন ছিল ? হি ওয়াজ এ ব্রেনলেস অ্যান্ড এইমলেস ক্রিচার, যার জন্য টার্গেটে পৌঁছাতে পারেনি। হোয়াট ইজ দ্য টার্গেট ? ইফ দেয়ার ইজ নো টার্গেট, দেয়ার ইজ নো কোয়েশ্চেন অফ অ্যারাইভাল। আপনার মন্ত্রী আপনার দপ্তরের, আপনার মুখ্যমন্ত্রী, আপনার সরকার সেই ভিশনই তৈরি করতে পারেনি। আমরা আপনাকে বলছি, একদিকে আর্সেনিক, তার পাশে ফ্লোরাইড, সেখানেও প্রায় ৪০টার ওপরে জায়গা এবং আর্সেনিক এত ভয়ঙ্কর হয়ে গেছে—ক্রমাগত টিউবওয়েল, ডিপ টিউবওয়েল, স্যালো টিউবওয়েল ব্যবহার করে করে শুধুমাত্র জল নয়, চব্বিশ পরগনার বহু জায়গায় ফসলের মধ্যে দিয়ে যে ধান-চাল আমরা খাচ্ছি, তার মধ্যে দিয়েও আমরা রোগ আমাদের দেহের মধ্যে নীরবে, অজান্তে গ্রহণ করছি। যখন মারা যাচ্ছি, তখন ডাক্তারবাবুরা লিখে দিচ্ছেন, তোমার হার্ট অ্যাটাক হয়েছিল, তোমার কিডনি ফেলিওর হয়েছিল। কিন্তু পিছনে গেলে দেখবেন, হয়তো আর্সেনিক ধরেছিল। কাজেই এই গুরুত্বটা কি উপলব্ধি করেছিল গত সরকার ? না, যদি করতেন—আমি তো বলছি পার ইয়ার—আমরা কেন ভিশন করেছি ? আপনাদেরই সুবিধা। কয়েক বছর পরে বলবেন যে, আপনারা কটা করেছেন ? যদি ২০টা করতে পারি তো বলব, ২০টা করতে পেরেছি। আর বাকিগুলো এই কারণে পারিনি। কিন্তু

কাজের স্বচ্ছতা থাকবে। ইট মিন্‌স গুড গভর্নমেন্স, যেটা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী প্রথম দিন থেকে গত তিন দিন আগেও এখানে বলে গেছেন। এটাই পার্থক্য। পরিবর্তন মানে ব্যক্তির পরিবর্তন নয়। আপনারা ব্যঙ্গ করলেও আমরা পরিবর্তন শব্দ তুলে দেব তা নয়। পরিবর্তন আচার-আচরণে, দৃষ্টিভঙ্গী, রুচিতে, সংস্কৃতিতে—দেখছেন না ? আজকে সেই জায়গায় এখানেও এই জলের ক্ষেত্রেও—এবারে আপনাদের উদাহরণ দিই, আপনাদেরও ভাবা দরকার আপনারা আগে সি পি এম, তার পরে দেশের জনসেবক। আগে জনসেবক তার পরে একটা পার্টি।

মিঃ স্পীকার : আমরা ১০ মিনিট সময় বাড়িয়ে নিচ্ছি সকলের সম্মতি নিয়ে।

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, আমি আপনার মাধ্যমে অনুরোধ করব, আপনাদের খারাপ লাগছে এতে আমি কেন মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ নয়, আমি এই দপ্তরের দায়িত্বে আছি বলে আমি কৃতজ্ঞতাও জানাই। এই টাকার অঙ্ক যথেষ্ট নয়, আরও অর্থ লাগবে, কিন্তু এই টাকাটার মধ্যে দিয়ে যে গুরুত্ব এই দুজন দিয়েছেন, আমি বেতো ঘোড়া হব না, আমি টাট্টু ঘোড়ার মতো দৌড়ানোর চেষ্টা করব। এই অঙ্কটা বড়ো কথা নয়, আমি জানি যে, মানি ইজ এ বিগ প্রবলেম ফর এনি পার্লামেন্ট, ফর এনি গভর্নমেন্ট। এটাই শেষ কথা নয়, আজকে এই উদার রাজনীতিতে পৃথিবী এত ছোটো হয়ে গেছে আপনি যদি কাজ করতে চান, অর্থ সবচেয়ে বড়ো প্রতিকূলতা নয়। ঠিক ঠিক সততা নিয়ে, স্বচ্ছতা নিয়ে কাজ করলে অর্থ এসে যাবে, আমার তাই মনে হয়েছে। আমি আপনাকে উদাহরণ দিই যেটা এই রাজ্যবাসীর লজ্জা, ২০১১-তে আপনারা স্টেট প্ল্যানে দিয়েছিলেন ২৬২ কোটি টাকা মাত্র। বক্তৃতা করে জল আসবে, ভাষণ দিয়ে জল আসবে ? না পরিকল্পনা করে, অর্থ বরাদ্দ করে এবং কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় ম্যাচিং গ্র্যান্ট, কখনও সজলধারা, কখনও NREGP-র টাকা, তার সঙ্গে আন্তর্জাতিক ক্ষেত্রে জাপানের অনুদান আসতে পারে, ওয়ার্ল্ড ব্যাংকের টাকা explore করেছেন আপনারা ? দেখাতে পারবেন কোনো বই, কোনো খাতা ? আজকে সেই টাকাটা যাতে পাওয়া যায় অর্থমন্ত্রী তার রাস্তাটা avenues আমাকে দেখিয়েছেন। করেছেন কি ? ২৬২ কোটি টাকা স্টেট প্ল্যানে দিয়েছিলেন, যেখানে আমাদের অর্থমন্ত্রী দিয়েছেন, মুখ্যমন্ত্রী দিয়েছেন ৭৩৪ কোটি ৩০ লক্ষ টাকা। This is the difference। আমি আজকে জানাতে চাই আপনারা ভালো করে পড়ে দেখবেন দুটি মাত্র দপ্তরকে গুরুত্ব দিয়েছেন—২৩৭, ২৩৮, আমার সহকর্মী পূর্তমন্ত্রী রোডসের উপরে, আর একটি তার নাম PHE ডিপার্টমেন্ট। এ থেকে অনুধাবন করবেন যে মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী যেটা গুরুত্ব দেন তাহলে কত বেশি গুরুত্ব আমাদের কাছে পেয়েছে এই দপ্তর এবং মানুষের স্বার্থে। আমরা দেখি আরও, সেন্ট্রাল শেয়ার আছে এটা দেখালেন কিন্তু ম্যাচিং গ্র্যান্টগুলো আপনারা দেননি। দিনের পর দিন ম্যাচিং গ্র্যান্ট দেননি। স্টেট সেন্ট্রাল গভর্নমেন্টের সঙ্গে আমি কথা বললাম জয়পাল রমেশজীর সাথে। তিনি বললেন, আমি চেক নিয়ে বসে আছি, আপনি আপনার সরকারকে দিয়ে টাকা বরাদ্দ করিয়ে প্রোজেক্ট সাবমিট করুন, আমি ম্যাচিং গ্র্যান্টের চেক আপনার কাছে তুলে দেব। আর সেই

পথ খুলে গিয়েছে আজকে। দেখুন নন-প্ল্যানে আরও রাস্তা খুলে গেছে এবং সব মিলিয়ে যেখানে আপনারা ৫৬৪ কোটি ১৬ লক্ষ টাকা দিয়েছিলেন, এখানে প্রাথমিক ভাবে, কারণ এর সঙ্গে আরও অনেক টাকা জাপানের অনুদান থেকে আরম্ভ করে আন্তর্জাতিক বাজার থেকে, প্রয়োজনে ম্যাচিং গ্র্যান্ট থেকে সব মিলিয়ে এটা যে কত বাড়বে সেটা আমি এখনও ক্যালকুলেশান করিনি, তবে not less than অন্তত ১৫০০ থেকে ২০০০ কোটি টাকা আমাদের চলে আসবে। এটাতেই বোঝা যায় ১০৩৬ কোটি ১৬ লক্ষ টাকা বরাদ্দ করেছেন, যেটা পার্সেন্টেজে ২৩৭% বৃদ্ধি করে দিয়েছেন। আর আপনারা করেছিলেন ৫৬৪ কোটি ১৬ লক্ষ টাকা। নর্মদাবাবু বলুন, আমি নর্মদাবাবুর নাম বলছি এই কারণে যে, অনেকেই সুন্দর বলেছেন, আমাদের কল্লোল খাঁ, দক্ষিণ ২৪-পরগনার যোগরঞ্জনবাবু, আমাদের অসিত মাল অনেকগুলি পয়েন্ট বলেছেন। আমি কেন্দ্রীয় সরকারের দোষ এখনও দেখিনি।

[5.00—5.12 p.m.]

আমি কেন্দ্রীয় সরকারের কোনো দোষ দেখছি না। কেন্দ্রীয় সরকারের যে ম্যাচিং গ্র্যান্ট-এর ব্যাপারে প্রাথমিক পর্যায়ে কথা হয়েছে তাতে আমার বিশ্বাস রয়েছে এবং তার সঙ্গে যে মানসিকতা মুখ্যমন্ত্রী দেখিয়েছেন—মুখ্যমন্ত্রী প্রথমেই গেলেন কোথায় ? জঙ্গলমহলে। জঙ্গলমহলে গিয়ে অনেক কিছু চাকরি ইত্যাদি দিলেন। যে কটা হেডে দিলেন, তার মধ্যে ১১২ কোটি টাকা জঙ্গলমহলের পানীয় জলের জন্য ঘোষণা করে এলেন এবং আমাকে নির্দেশ দিলেন বৃষ্টি থামলেই এর যেন রূপায়ণ হয়ে যায়। এটাই হল মানসিকতা। এই মানসিকতার মধ্যে দিয়ে আমাদের চলতে হবে। আমি কেন বলছি উনি ভালো প্রস্তাব দিয়েছেন, আমরা ঠিক ওই মানসিকতায় চলতে চাই বর্তমানে। এটাই পরিবর্তন। যত বেশি খুচরো কাজ হবে তত অসাধু কনট্রাক্টরদের লাভ হবে। আর যে সমস্ত পরিকল্পনা, কিছু কিছু দু-একটা আপনাদের সরকারও করেছিল, সব জায়গায় কমপ্লিট হয়নি উদাসীনতার জন্য। ডাঙ্গুড়িয়াতে, নোদাখালিতে একটা প্রোজেক্ট আপনারা করে গিয়েছিলেন, যদিও তার ডিস্ট্রিবিউশানটা অব্যবস্থা হয়ে আছে। আমরা অনেক জায়গায় করছি। বারুইপুরে আমি গিয়েছিলাম। স্যার, আপনার এলাকায়, আপনি অনেকটা সহযোগিতা করে কমপ্লিট করেছেন। কত দিন পরে ? স্পীকার সাহেব রয়েছেন, ওনারই এলাকায় এটা শেষ হল। এখনও বজবজ ওয়ান-টোয়ান এই সব জায়গায় লাইন ডিস্ট্রিবিউশান ঢুকতে পারেনি। কিন্তু মডেলটি ভালো। আমি গিয়েছিলাম, আমার সঙ্গে স্থানীয় এম এল এ অশোক দেব, সোনালী গুহ এনারা সব গিয়েছিলেন। আমি সেখানে দেখলাম—আমাদের সরকারের যা জমি পলিসি যে, আমরা জোর করে জমি অধিগ্রহণ করা বা অ্যাকুইজিশান করা—করব না। ওখানে দেখলাম ঘেরা জমি, প্রায় ৪৫ একর জমি একদম রেডিমেট রয়েছে। রেডিমেট জমির ওয়াটার, ইনটেক করার ব্যবস্থা সব দেখে আমাদের টেকনিক্যাল এক্সপার্টদের সঙ্গে কথা বলে আমরা ঠিক করি যে, ডাঙ্গুড়িয়ায় টু করব। যোগরঞ্জন শুনলে খুশি হবেন, ডাঙ্গুড়িয়া টু করলে বজবজ ওয়ান থেকে আরম্ভ করে পলতা, ডায়মন্ডহারবার, কুলপি এগুলো সমস্ত কমপ্লিট হলে—তাহলে কি দাঁড়াবে ? একদিকে বজবজ অঞ্চলে গার্ডেনরীচের জল যাচ্ছে,

খুব পর্যাপ্ত জল। ডাঙ্গুড়িয়া ওয়ান করার ফলে প্রায় ১১টি মৌজা কভার হয়েছে। আর এই টু-টা করে দিলে, স্যালাইন পার্টটা খানিকটা বাকি থাকবে। আমরা যেটা ভিসন ২০২০-তে ঘোষণা করেছি মুখ্যমন্ত্রীর সহযোগিতা, অ্যাডভাইস নিয়ে—সেখানে আমরা বলেছি, বাই ২০২০ আপনারা লিখে রাখুন আমরা পার ক্যাপিটা, পার হেড ৭০ লিটার করে খাবার এবং ব্যবহার্যের আর্সেনিকমুক্ত, ফ্লোরাইডমুক্ত, স্যালাইনমুক্ত জল আমরা মানুষের কাছে পৌঁছে দেব। আমাদের টার্গেট তাই। সেই পৌঁছে দেওয়ার ভঙ্গিমা যেমন নাকাশিপাড়ায় হয়েছে, যেমন কালিগঞ্জে হয়েছে, আমরা সঙ্গে সঙ্গে পরিকল্পনা করেছি উত্তরবঙ্গের সবচেয়ে ইমপর্টেন্ট সিটি শিলিগুড়িতেও। আমবাড়ি থেকে মহানন্দার যে জল আসে তাতে মানুষের যথেষ্ট হয় না। আমরা তিস্তা থেকে স্ট্রেট জল নিয়ে এসে গোটা শিলিগুড়ির মানুষের কাছে পৌঁছে দেব। জলের কোয়ালিটিও চমৎকার। আপনারা অনেকে দেখেছেন এত ভালো কোয়ালিটি PHE-র। আমি খুব খুশি যেখানে যেখানে এই জল আছে, অনেকে আমাকে অ্যাডভাইস করেছেন, সেই জল দিয়ে আপনারাও বিসলারি এবং কিনলে-র মতো টেস্ট করে বোতলের মাধ্যমে বাজারে নিয়ে আসতে পারে। কলকাতার মতো কল ঘুরিয়ে বাড়িতে জল খাওয়া। নাকাশিপাড়ায় কল্লোল খান গিয়েছিলেন, পুন্ডরীকাক্ষ সাহা গিয়েছিলেন। আমার সহকর্মী পার্থ চ্যাটার্জী উদ্বোধন করলেন, আমিও ছিলাম। সেখানে মাত্র কয়েকটি ব্লকের মধ্যে জল উৎপাদন হচ্ছে আর ডিস্ট্রিবিউশান হচ্ছে। ১২০০ কিলোমিটার শুধু পাইপ লাইন লে করতে হয়েছে। হ্যাঁ, একটা সামাজিক সমস্যা আছে। যখন ওই পাইপ যায় অনেক জায়গায় পাইপ ফাটিয়ে দেয়, নয় চুরি করে জল নিয়ে চলে যায় বা চাষের জন্য ব্যবহার করে। এটা আমাদের সবারই দায়িত্ব কারণ, প্রতি ইঞ্চি জায়গায় পাইপ লাইন গার্ড দেওয়ার জন্য PHE-র লোক থাকতে পারে না। আমাদের সবাইকে দেখতে হবে যাতে এই তৈরি করা জিনিসগুলো নষ্ট না হয়। আমরা যেমন শিলিগুড়িতে করেছি, যেমন আমরা উত্তরবঙ্গের প্রান্তিক জায়গাগুলোতে দেখেছি, আবার মুখ্যমন্ত্রী বললেন—যেদিন গোর্খাল্যান্ডের চুক্তি করলেন—'আমি পুজোর পরে আসব তার আগে যেন আমার এখানকার পরিকল্পনা শেষ হয়।' দার্জিলিং আপনারা করে গিয়েছিলেন, কিন্তু সেটাও ধ্বংস হওয়ার মুখে। কালিম্পং-এ নেওড়াখোলাতে করেছেন শুধু মিলিটারিরা জল পাচ্ছে, কিন্তু সিভিলিয়ানদের জায়গাগুলো নষ্ট হয়ে গেছে। তার কারণ, দুর্গম জায়গায় ভালো করে দেখা যাচ্ছে না। সব কথা বলাও যাবে না, পরে আবার বলা যাবে। কিন্তু বালাসন নদী থেকে যাতে কমপ্লিট হতে পারে এবং দার্জিলিং-এর মানুষেরা যাতে জল পেতে পারে, জল একটা দুর্মূল্য, ওখানে মানুষের যাতায়াতের কস্ট কম, কিন্তু জল এত দাম যে মানুষ, এমনকি ট্যুরিস্টরাও পর্যন্ত বিরক্তবোধ করে। সেই জন্য এটা কমপ্লিট হয়ে গেছে। জোড়বাংলোতে সব কিছু কমপ্লিট। এমনকি ভালো বাংলো করে দিয়েছি, আপনারা সব যাবেন, দেখবেন সেখানে থেকে। কিন্তু এখনও ডিস্ট্রিবিউশান সিস্টেমটা, ১৫০ বছরের পুরনো সেগুলোকে চেঞ্জ করবার জন্য আমি আমার আর একজন কলিগ, মিউনিসিপ্যালিটি ডিপার্টমেন্টের যিনি ইন-চার্জ অফ আর্বান ডিপার্টমেন্ট, ববি হাকিম, তাঁকে অনুরোধ করেছি যে, একটু দ্রুততার সাথে যদি ওটাকে শেষ করা যায়, তাহলে মুখ্যমন্ত্রী পুজোর পরই কোনো সময় গিয়ে ওটা উদ্বোধন করবেন এবং

স্বাধীনতার পর এই প্রথম দার্জিলিং-এর মানুষ বলবেন যে, আমরা সব কিছু ফ্রি একটা 'জল' প্রতি মানুষের বাড়িতে বাড়িতে পাচ্ছি। যা দার্জিলিং-এ গিয়ে ট্যুরিস্টরা পর্যন্ত কল্পনা করতে পারে না। আবার জঙ্গলমহলে, মুখ্যমন্ত্রী টাকা দিয়েছেন আমাদের, শালবনী থেকে শুরু করে বিস্তৃত এলাকায় করছি, আপনাদের তিনটে জেলায়, কমপ্লিটলি ড্রাই জোন আপনারা জানেন, acute water Crisis, আমরা চিহ্নিত করেছি, তাহলে বাঁকুড়া, পুরুলিয়া এবং পশ্চিম মেদিনীপুর। এই পুরুলিয়া, বাঁকুড়া এবং পশ্চিম মেদিনীপুরে, এই বাঁকুড়ায় একটা বড়ো পরিকল্পনা আমি গ্রহণ করেছি। অর্থাৎ বাঁকুড়ার অনেক জায়গায় কংসাবতী কখনও, কখনও দ্বারকেশ্বর, কখনও গন্ধেশ্বরী, কখনও বরাকর নদীতে আমরা জল খুঁজে বেড়িয়েছি। না, পাশে ডি ভি সি আছে। ডি ভি সি-র জল straight বড়জোড়া-মেজিয়ার উপর দিয়ে যাবে। মৌজা কভার করে আমরা একেবারে আর্বান এরিয়াতে বাঁকুড়াতে পৌঁছে দেব এবং এই বরাদ্দের মধ্যেই কেন্দ্রীয় সহযোগিতা ম্যাচিং গ্র্যান্ট পাওয়া যাবে আশা করি এবং আমি এই পরিকল্পনা করলে বাঁকুড়ার আর কোনো সমস্যা থাকবে না। শুনলে খুশি হবেন, সময় হয়ে গেছে কিন্তু অজস্র জলের প্রবলেম এবং জলের কথা আছে। কাজেই পরবর্তী সময় নেব। Check Dam যেটা বলছেন, সেটা শুরু করেছি। গন্ধেশ্বরী এবং দ্বারকেশ্বরে একটি Check Dam হয়েছে। যেটা আমি দেখতে যাচ্ছি ৭ তারিখে যে সেটা কতটা এফেক্টিভ হয়েছে। আর কংসাবতীতে আমরা 'অক্ষিত' বলে একটি কারখানা আছে, বড়ো স্টিল কারখানা, তার সাথে PPP Podel-এ একটি Memorandum of Understanding সই করতে যাচ্ছি। অর্ধেক টাকা তারা দেবে আর অর্ধেক আমরা দেব Check Dam হবে, submersible pump হবে, অর্ধেক জল তারা নেবে আর অর্ধেক জল আমাদের পাবলিক খাওয়ার জলের জন্যে নেবে। গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার কাছে সুখের কথা আগে সবচেয়ে important ছিল, direct device—সেচ। এখন সবচেয়ে priority number one—খাবার জল। কাজেই খাওয়ার জন্য পানীয় জল, ব্যবহারের জল, গবাদীপশুর জল আর water harvesting এইসবগুলোর দিকে, পাহাড় থেকে জঙ্গল এবং এলাকাভিত্তিক আমরা গুরুত্ব দিয়েছি। আমি সবকটা কথা বলতে পারলাম না। তবে বীরভূম জেলায় রামপুরহাটে যে ২৯ নম্বর ব্লকে, বিষ্ণুপুরে যে নলবাহী জলের প্রকল্পর কথা বলেছেন অসিতবাবু আমি নিশ্চয়ই ওটার ব্যবস্থা করতে পারব বলে আশা করছি এবং বীরভূম জেলার সবচেয়ে বড়ো গ্রামের নাম মাড়গ্রাম, সেখানে আপনি যদি একটু লিখে দেন তাহলে project মতো, মানে একটা information মতো তাহলে আমি দপ্তরকে নির্দেশ দেব যাতে এখুনি ইঞ্জিনিয়াররা গিয়ে একটা পরিকল্পনা করতে পারে। আমি আশা করি যে, এই সর্ট পরিকল্পনার মধ্য দিয়ে আমরা তৈরি করছি এবং আমরা আরো জানি যে, কেন্দ্রীয় সরকার যে আর্থিক সহযোগিতা করেছেন এটার যদি আমরা সদ্ব্যবহার আংশিকভাবে আমরাও করতে পারি তাহলে আমরা ২০২০-এর মধ্যে এই যে বিরাট সমস্যা তা অনেকটা মোকাবিলা করতে পারব—অনেক করেছেন ৩৪ বছরে, এখন আপনাদের ছুটি। কাজেই কয়েকটা বছর আমাদের করতে দিন, ৫ বছর, ৭ বছর পরে, বিশ সালে আপনারা হিসেব নিয়ে নেবেন। যদি করতে পারি তাহলে দু হাত ভরে আশীর্বাদ করবেন। যদি করতে না

পারি, তখন আপনারা সমালোচনা করবেন। কিন্তু এখন যে ব্যবস্থা হয়ে আছে, সেটা কিন্তু শূন্য থেকে শুরু হচ্ছে। আমি শেষ করব এই বলে যে, এখানে কয়েকটা সমস্যা আমার আছে, এখনও ইলেকট্রিসিটির একটু দাম কমিয়ে দেওয়া, কারণ আমরা জল কর মুখ্যমন্ত্রীর নির্দেশে নিচ্ছি না। কাজেই জল কর যখন নিচ্ছি না, তখন যদি ইলেকট্রিসিটির চার্জটা কমিয়ে দেয় তাহলে আমাদের বাজেটটা একটু সেভ হয়ে যায়। আর কেন্দ্রীয় সরকার এর ব্যাপারে এখনই আমাদের তদ্বির করার দরকার নেই, তাদের মন্ত্রীর সাথে যেভাবে কথাবার্তা চলছে, আমার মনে হয় পর্যাপ্ত সহযোগিতা পাওয়া যাবে। না পেলে আপনাদের সঙ্গে নিয়ে আবার অল পার্টি ডেপুটেশনে যাওয়া যাবে। দেখা যাবে কথা বলে। তবে আপনাদের কাছে আমি অনুরোধ করব যে, যে দৃষ্টিভঙ্গীর পরিচয় আমাদের সরকার দিয়েছেন তাকে শুধু আমি নয়, এই দপ্তরের আপনারাও সাধুবাদ জানাবেন এবং রূপায়ণের ক্ষেত্রেও আপনারা সহযোগিতা করবেন। নমস্কার স্যার।

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 1036,16,00,000 be granted for expenditure under Demand No. 45, Major Heads: "2059-Public Works, 2215-Water Supply and Sanitation, 2250-Other Social Services, 2251-Secretariat-Social Services and 2551-Hill Areas" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 188,05,36,000 and Rs. 172,69,30,000 already voted on account in March and June 2011, respectively)

Was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5.12 p.m. till 11 a.m. on Thursday, the 1st September, 2011.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 1st September, 2011 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 30 Ministers, 05 Ministers of State and 209 Members.

[11.00–11.10 a.m.]

OBITUARY REFERENCE

Mr. Speaker: Hon'ble Members, before taking up the business of the day, I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Birendra Narayan Ray, former Member of West Bengal Legislative Assembly who breathed his last on the 26th August, 2011 at a private nursing home in Kolkata. He was 86.

Born in the year 1926 in a zamindar family at Bulbulchandi in the district of Malda, Shri Ray was educated at M.N. Academy, Lalgola ; K.N. College, Berhampore and at Presidency College, Kolkata. Shri Ray was attracted to Leftist ideology and Communist movement from his student days. By profession he was a businessman. In his public life, he was associated with many social organizations and educational institutions in the district of Murshidabad.

Shri Ray was elected to the West Bengal Legislative Assembly in 1962, 1969 and 1971 as an Independent candidate and in 1977, 1982 and 1987 as a candidate of the Communist Party of India (Marxist).

At the demise of Shri Ray the State has lost a veteran politician and an ardent social worker.

Now I woud request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

....(At this stage Hon'ble Members rose from their seats for two minutes to respect to the deceased)....

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family.

শ্রী রামেশ্বর দোলুই : স্যার, একটি গুরুতর বিষয়, আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যাচ্ছে আমাদের রাজ্যে। গতকাল খাদ্য আন্দোলনের শহিদ দিবস পালিত হয়েছে। আজকে বহুল প্রচারিত সংবাদপত্রে খবর বেরিয়েছে। পুরুলিয়ার দুই নম্বর ব্লকের দুমলিদুসি গ্রামে তফশিলি জাতি সম্প্রদায়ের একটি পরিবার দীর্ঘদিন ধরে অভুক্ত অবস্থায় আছে। মুখ্যমন্ত্রী যখন বলছেন, খাদ্যমন্ত্রী যখন বলছেন দুই ঘন্টার মধ্যে খাবার যাচ্ছে তখন তারা খাবার পাচ্ছে না।

Mr. Speaker : Hon'ble Member, it is not a case of special mention. I can't allow it now. Please take your seat.

QUESTIONS AND ANSWERS

The Held Over questions, answers to which were laid on the Table

*107.—Not Called.

*109.—Not Called.

ইকো ট্যুরিজম পার্কের সংখ্যা

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৬) শ্রী এস. এম. সাদি : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি 'ইকো ট্যুরিজম' পার্ক আছে ;

(খ) ওই ধরনের নতুন পার্ক গড়ার পরিকল্পনা আছে কি না ; এবং

(গ) থাকলে, তা কীরূপ ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্য পর্যটন বিভাগের অধীনে রাজ্যে কোনো 'ইকো ট্যুরিজম' পার্ক নেই। তবে পর্যটন বিভাগের অধীনে কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায় দক্ষিণ ২৪ পরগনা জেলার সজনেখালিতে ও পশ্চিম মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম শহর ও সন্নিহিত অঞ্চলে পরিবেশ পর্যটন প্রকল্পের কাজ চলছে।

(খ) পর্যটন বিভাগের পক্ষ থেকে এই নতুন পার্ক গড়ে তোলার কোনো পরিকল্পনা বর্তমানে নেই। জেলাশাসকদের নিকট থেকে এই বিষয়ে কয়েকটি প্রস্তাব এসেছে।

(গ) প্রস্তাবগুলি সরকারের বিবেচনাধীন।

লালবাগকেন্দ্রিক পর্যটন শিল্পের উন্নয়ন পরিকল্পনা

*১০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩২১) শ্রী ঈদ মহম্মদ : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মুর্শিদাবাদ জেলার ঐতিহাসিক স্থান লালবাগকে নিয়ে পর্যটন শিল্পের উন্নতিকল্পে কী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

মুর্শিদাবাদ জেলার ঐতিহাসিক স্থান লালবাগকে নিয়ে পর্যটন শিল্পের উন্নতিকল্পে নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে—

(১) কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায় ইসলামপুর-লালবাগ-জিয়াগঞ্জকে নিয়ে একটি সার্কিট পর্যটন প্রকল্প গড়ে তোলা হচ্ছে। উক্ত প্রকল্পের অধীনে বিভিন্ন ঐতিহাসিক স্থানে বিটুমিনাস রাস্তা, বৃক্ষরোপণ, স্থান নির্দেশক ফলক স্থাপন ইত্যাদি কাজ করা হবে।

(২) লালবাগ এলাকায় ওয়াসিফ মঞ্জিলের সংস্কারের কাজ চলছে।

(৩) হাজারদুয়ারীতে লাইট অ্যান্ড সাউন্ড প্রদর্শনী চালু করার জন্য দরপত্র (tender) আহ্বান করা হয়েছে এবং ASI-এর সঙ্গে চুক্তিপত্র (Mou) স্বাক্ষরের ব্যবস্থা হচ্ছে।

(৪) হাজারদুয়ারীতে "সুফী উৎসব" আরও আকর্ষণীয় করে তোলার পরিকল্পনা নেওয়া হচ্ছে।

Starred Questions
(to which oral answers were given)

জাতিগত শংসাপত্র পাওয়ার ক্ষেত্রে হয়রানি

*১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮) শ্রী তজমুল হোসেন : অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে তফশিলি জাতি ও তফশিলি উপজাতিদের জাতিগত শংসাপত্র পেতে অযথা হয়রানি হতে হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, এ ব্যাপারে সরকার কী পদক্ষেপ গ্রহণ করেছে / করছে ?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

শ্রী তজমুল হোসেন : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, তিনি আমার প্রশ্নের উত্তরে জানিয়েছেন না এবং প্রশ্ন ওঠে না। কিন্তু গোটা হাউসের কাছেই আমি বলতে চাই, এটা সবার ক্ষেত্রেই একটা জ্বলন্ত সমস্যা। মাননীয় মন্ত্রী মহাশয় নতুন এসেছেন, এই গত তিন মাসের মধ্যে বিশেষ করে আমার মালদহ জেলায়, চাঁচল মহকুমায়, হরিশ্চন্দ্রপুর ১, ২ নম্বর ব্লকে বিডিও থেকে মহকুমা শাসক পর্যন্ত যাওয়া সত্ত্বেও, আবেদনপত্র চূড়ান্ত হওয়া সত্ত্বেও, সমস্ত আবেদনকারীর দরখাস্তগুলি আবার জি.পি.-র ওপিনিয়ান নেওয়ার জন্য পাঠানো হয়েছে। সেই সমস্ত বিষয়ে আপনার কত আবেদনপত্র জমা পড়েছে এবং জমা পড়ার কতদিনের মধ্যে শংসাপত্র আপনি দেবেন একটু দয়া করে জানাবেন কি ?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : স্যার, এই বিষয়ে আমার কিছু মন্তব্য আছে এবং এই প্রশ্নের মধ্যে কিছু বিষয়ও প্রাসঙ্গিক। প্রথমে বলি, আমরা এই বিষয়ে খুবই সিরিয়াস। স্যার, আপনার মাধ্যমে বলতে চাই, আগের সরকার আট সপ্তাহের মধ্যে সার্টিফিকেট দেওয়ার রুল করেছিল। এখন আমরা সেটা পরিবর্তন করে ক্যাবিনেটে ডিসিশান নিয়ে, নোটিফিকেশান করে, মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে এটা চার সপ্তাহ করেছি। বিভিন্ন জায়গায় ক্যাম্প হচ্ছে, বিভিন্ন জায়গায় বিডিও বা এস.ডি.ও. ক্যাম্প করে নিজেরাই সব জেনে নিচ্ছেন। কিন্তু এই কথা বলা যায়, ১ লক্ষ ৩৬ হাজার সার্টিফিকেট পেন্ডিং পেয়েছিলাম প্রিভিয়াস গভর্নমেন্টের কাছ থেকে। সেই বোঝাটা আপনার মাথা থেকে এক দিনে তো ফেলে দেওয়া সম্ভব নয়।

শ্রী তজমুল হোসেন : স্যার, এক দিনে সম্ভব নয়, কিন্তু আপনার এটাতো দীর্ঘদিনের সমস্যা। এই বিষয়টা একটা জ্বলন্ত সমস্যা এবং সবারই সমস্যা।

(নয়েজ)

এটা গোটা হাউসের সমস্যা। এতে গোটা এলাকায় সমস্যা হবে। ....(নয়েজ).... এটা গোটা হাউসের সমস্যা। স্যার, মাননীয় মন্ত্রী মহোদয়কে আমার দ্বিতীয় প্রশ্ন, প্রথম প্রজন্মের আবেদনকারীর ক্ষেত্রে কিভাবে তদন্ত করে শংসাপত্র দেওয়ার বিধি আছে দয়া করে জানাবেন কি ?

[11.10–11.20 a.m.]

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : এই প্রশ্নটাও প্রাসঙ্গিক নয়। অতএব এই প্রশ্নের উত্তর এখন এই জায়গায় দেওয়া অপ্রাসঙ্গিক হয়ে যাবে।

শ্রী তজমুল হোসেন : স্যার, আমার অতিরিক্ত শেষ প্রশ্ন, এই শংসাপত্র প্রদানের ক্ষেত্রে কি কি প্রমাণপত্র দেখা হয়ে থাকে দয়া করে জানাবেন ? যদি না জানেন তাহলে বলবেন।

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : এই কি কি দেখতে হয়, তার জন্য একটা বড় মেমরান্ডাম, প্রায় ১৫ পাতার মেমরান্ডাম দেওয়া হয়েছে। তার মধ্যে একেবারে পরিষ্কারভাবে বলা আছে

যে একজন প্রার্থী বা একজন ছাত্র বা যে কোনো ব্যক্তি তিনি কিভাবে দরখাস্ত করবেন। কিভাবে সেই দরখাস্তটা করলে, কিভাবে করা হবে সেই মেমরান্ডামের মাধ্যমে, এমনকি আমাদের ওয়েবসাইটে পর্যন্ত দেওয়া আছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এখানে সেইটা যদি আমি পড়তে যাই তাহলে আমার প্রায় ৩০ মিনিট সময় লাগবে। অতএব আমি আপনাকে বলব, যে মেমরান্ডামটা আছে 1464, BCW, M.R. 59 10 Dated 30.... ২০১০ সালে মেমরান্ডাম দেওয়া সেইটা আপনি খালি পড়ে নিন তাহলেই সবকিছু জানা যাবে।

শ্রী অশোক সাউ : মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে আমি মাননীয় সদস্যকে বলতে চাই, মাননীয় মন্ত্রী যেটা বলেছেন সেটা ঠিক বলেছেন। তাকে আমি সমর্থন করি। এখানে আমার প্রশ্ন হচ্ছে যে এতদিন ধরে ওনারা কি করছিলেন ? সমস্যাটা তো অনেক দিনের।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার বিশেষ অনুমতি নিয়ে বলছি। আমার কোনো প্রশ্ন নেই, কিন্তু আমি একটু অবগতির জন্য জানাই আগে আমাদেরও ধারণা ছিল যে এই সিডিউলড কাস্ট, সিডিউলড ট্রাইব সার্টিফিকেট নিতে অনেক অসুবিধে হয় এবং ডি.এম., এ.ডি.এম., অফিসে যেতে গিয়ে পায়ের শুকতলা ক্ষয়ে যায়। কিন্তু ইদানীংকালে আমিও এবার নির্বাচিত হবার পরে দেখেছি, এমন সিস্টেম উনি করে দিয়েছেন যে ওনার ডিপার্টমেন্টের সাথে যোগাযোগ করে অফিসার নিয়ে গিয়ে আমাদের এলাকায় সমস্ত মানুষদের ডেকে নিয়ে এসে ফর্ম ফিলাপ করে হাতে হাতে এটা দিয়ে দেওয়া সম্ভব। আমি নিজেও দিয়েছি। একটু জানা দরকার আছে, সিস্টেমটা এত ভালো চেঞ্জ হয়েছে, আগে আমাদের লোকেদের যেতে হত। এখন ওদের লোকেরা এসে, আমাদের সামনে ডায়াস করে লোকেদের নিয়ে ডিস্ট্রিবিউশান করে দিচ্ছে এবং আমি নিজে করেছি। ...(নয়েজ)... আমি নিজে করেছি, আমি দায়িত্ব নিয়ে হাউসের মধ্যে বলছি আমি নিজে করেছি এবং আপনারা একটু উৎসাহ নিয়ে দফতরের সঙ্গে যোগাযোগ করে একটু কাজ করার চেষ্টা করলে দেখবেন আপনারাও করতে পারবেন। এই দফতর এটা একটা অসাধারণ কাজ করে দিয়েছে।

শ্রী আবু তাহের খান : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন বিগত সরকার যেটা ৮ সপ্তাহের মধ্যে সার্টিফিকেট দিতেন, সেটা ৪ সপ্তাহের মধ্যে হয়েছে। মাননীয় মন্ত্রীকে অবশ্যই ধন্যবাদ জানাই, পাশাপাশি আমি প্রশ্ন যেটা রাখতে চাইছি যে, এটা আরও সরলীকরণ করার কোনো পদ্ধতি আছে কি না ? এবং বেশিরভাগ ব্লকে এই দফতরের কোনো অফিসার নেই, সেটা পূরণ করার জন্য আপনি কি পদক্ষেপ গ্রহণ করছেন ?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : স্যার, আপনার মাধ্যমে বলতে চাই, এমনই সরলীকরণ করেছি তার সম্বন্ধে দুই-চারটি কথা বলতে চাই—আগে একটা দরখাস্ত করতে গেলে, যাদের সার্টিফিকেট নেওয়া হত, তার মধ্যে প্রথম নাম ছিল ডিস্ট্রিক ম্যাজিস্ট্রেট। আমি এবং আমার ডিপার্টমেন্টের অফিসারদের নিয়ে আলোচনা করে এমন ব্যবস্থা করেছি যে, সার্টিফিকেট শুধু গ্রাম পঞ্চায়েতের কাছ থেকে নিলেই হয়ে যাবে। এই রকম সরলীকরণ আগে কিন্তু ছিল না,

এক। আর দুই, যারা একটু লেখাপড়া জানে, তারা তো এখন অন-লাইনেই দরখাস্ত করতে পারেন। আমি অন-লাইনে সার্টিফিকেট দেওয়াটা ১৫ই আগস্ট উদ্বোধন করেছি। অনেক OBC-র ছেলেরা এখন অন-লাইনে দরখাস্ত করছেন।

(গোলমাল)

শ্রী শেখ আমজাদ হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে কিছু জানতে চাই, উনি বলেছেন এটা ৪ সপ্তাহের মধ্যে করেছেন, যেটা আগে ৮ সপ্তাহ ছিল। অর্থাৎ কম-বেশি প্রায় তিন মাসের মধ্যে ৪ সপ্তাহ করে হলেও তিন-চারে ১২ সপ্তাহ। এই ১২ সপ্তাহে অর্থাৎ ১২টা term-এর মধ্যে জেলাওয়াড়ি কতগুলো SC, ST ও OBC-র সার্টিফিকেট ইস্যু হয়েছে, দয়া করে একটু জানাবেন ? তাহলে হাউস ধন্য হবে, এবং তার পাশাপাশি উনি যেটা বলেছেন, অন্য দফতরের মাননীয় মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জীর মাধ্যমে জানতে পারলাম যে কোনো এলাকায় গিয়ে হাতে হাতে বিলি করে দেওয়া যাবে— এই পদ্ধতি উনি বলেছেন। তাহলে আমরাও আমাদের এলাকায় এই পদ্ধতি প্রয়োগ করে মানুষদের উপকৃত করতে পারব। এটা যদি উনি দয়া করে জানান খুব ভাল হয়।

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : স্যার, প্রশ্নটা আগে একটু বৈজ্ঞানিক ভিত্তিতে আলোচনা করতে চাই যে, কত সার্টিফিকেট আমরা দিয়েছি, আর কত সার্টিফিকেট pending আছে। সমস্ত জেলার ফিগারগুলো বলতে অনেক সময় লাগবে, তাই সবগুলো একসঙ্গে আপনাদেরকে বলি, SC সার্টিফিকেট জুলাই ২০১১ দেওয়া হয়েছে ২৮ হাজার ৬০, ST সার্টিফিকেট দেওয়া হয়েছে ৪৪৫৯ এবং OBC সার্টিফিকেট ২৪৮৩-এর উপরে। কিন্তু স্যার, একটা জিনিস আমাদের মানতে হবে, যখনই আমরা দিচ্ছি আরও সার্টিফিকেট আসছে pending-এর জন্য এবং যেহেতু আমরা সরলীকরণ করেছি, তাই অনেক অনেক সার্টিফিকেট-এর দরখাস্ত পড়ছে, তাদের কোথাও হয়রানি হচ্ছে না।

শ্রী নেপাল মাহাত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে একটা অতিরিক্ত প্রশ্ন করতে চাই, সার্টিফিকেট দেওয়ার ব্যাপারে সরলীকরণ হয়ে উঠছে। মাননীয় বিধায়ক আবু তাহের খান বললেন যে, অনেক পোস্ট খালি আছে আপনার ডিপার্টমেন্টে। সেইগুলো পূরণ না হওয়ার জন্য দেরি হচ্ছে, এই ব্যাপারটা উনি দৃষ্টি আকর্ষণ করেছেন। আমি যেটা বলতে চাই, এই যে সাব-ডিভিশনাল অফিসাররা সার্টিফিকেটগুলো ইস্যু করেন—এটা আমাদের নীতি হয়ে আসছে বা চলছে। আমি অনেক জায়গাতে দেখছি, এটা নোটিফিকেশান করে BDO লেভেল পর্যন্ত নামানো হয়েছে। এই ধরনের আপনার কোনো পরিকল্পনা আছে কি ? কারণ গ্রামের লোককে সাব-ডিভিশনে আসা-যাওয়ার জন্য অনেকটা সময় চলে যায়। স্টেট গভর্নমেন্টের একটা নোটিফিকেশন দিয়ে, SDO-র বদলে BDO সার্টিফিকেটটা ইস্যু করতে পারবে এই ধরনের কোনো পরিকল্পনা সরলীকরণ সূত্রগুলোর মধ্যে আছে কি ?—একটু দয়া করে বলবেন।

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : আমি প্রথমেই বলি, inspector-দের যে vacancy আছে, সেটা আমরা অনেক বাড়ানোর চেষ্টা করছি। নতুন ১৫৮টি inspector দেওয়ার আমরা

ব্যবস্থা করছি। আরও সরলীকরণ বললেন যে আপনি, এস.ডি.ও. থেকে বি.ডি.ও.-তে কি করে নামিয়ে নিয়ে যায়। এখন যে পর্যায়ে আছে সেই পর্যায়ে বি.ডি.ও. কিন্তু সার্টিফিকেট দেয় না। বি.ডি.ও. তার যে ইন্সপেক্টর আছে তিনিই আসল কাজটি করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে বলতে চাই, সে যদি এনকোয়ারিটা না করে আর একটা ইনডিপেনডেন্ড এজেন্সী যদি এনকোয়ারি না করে, সেই অফিসারই যদি সার্টিফিকেট দেয় তাহলে সব সময় যে তার অবজেকটিভিটি থাকবে এটা সম্ভবপর নয়। তাই এখন পর্যন্ত আমাদের বি.ডি.ও. লেভেল পর্যন্ত এনকোয়ারিটা হবে আর ইস্যুয়িং, যিনি করবেন তিনি এস.ডি.ও.।

[11.20-11.30 a.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা অতিরিক্ত প্রশ্ন করছি। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, তিনি যে সরলীকরণ করলেন এই ৯০ দিনের মধ্যে এবং তার পরিপ্রেক্ষিতে বি.ডি.ও. এনকোয়ারিং অথরিটি, এনকোয়ারি তিনি করবেন, এস.ডি.ও. সেখানে সার্টিফিকেট দেবেন। কিন্তু আপনার এই সরলীকরণের মধ্যে আপনার এই যে প্রথা, এই ৯০ দিনের মধ্যে আপনার কতগুলো সার্টিফিকেট আজ পর্যন্ত দিয়েছেন। গত ২ বছরের মধ্যে বা তা আগে কত সার্টিফিকেট তফশিলি আদিবাসী বা ব্যাক ওয়ার্ড ক্লাস বা সংখ্যালঘু এই সার্টিফিকেটগুলো দরখাস্ত করেও পাইনি এই হিসাবটা মাননীয় মন্ত্রী মহাশয় দিতে পারবেন কি ?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : আগেই আমি বলেছি কত সার্টিফিকেট জুলাইতে দেওয়া হয়েছে। আর একটা ফিগার আমি দিচ্ছি। যে আমরা জুলাই ২০১১ সাল পর্যন্ত—

(গোলমাল)

মিঃ স্পীকার : উত্তর দিতে দিন, মন্ত্রী মহাশয়, উত্তরটা দিয়ে দিন। প্লিজ, ওনাকে উত্তর দিতে দিন আপনারা।

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : ২০১০ সালে আমি একটা ফিগার দিচ্ছি। ২০১০ সালে সম্পূর্ণ ১ লক্ষ ২৭ হাজার ৬৫৫টি সার্টিফিকেট দেওয়া হয়েছিল। আমরা ২০১১ সালে ১ লক্ষ ৪৬ হাজার ৭২৫ জনকে সার্টিফিকেট এখন পর্যন্ত দেওয়া হয়ে গিয়েছে। তাহলে বুঝতে হবে ওই বছরে যা দেওয়া হয়েছে, আগের সালে যা দেওয়া হয়েছে, ২০১১ সালের এখন অনেক সময় বাকি আছে তার মধ্যেও আমরা এতগুলো সার্টিফিকেট দিয়েছি। তাহলেই বুঝতে পারছেন আমরা কতটা তৎপর হয়েছি।

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, উনি যে ফিগারগুলো দিলেন এস.সি, এস.টি. অ্যান্ড ও.বি.সি., এই ও.বি.সি.-র মধ্যে 'এ' ক্যাটাগরির কতজন সার্টিফিকেট পেয়েছেন ? আর দু-নম্বর হচ্ছে, সম্প্রতি কলকাতা হাইকোর্টে একটা মামলা হয়েছে এই 'এ' ক্যাটাগরির সার্টিফিকেট নিয়ে। এই ব্যাপারে মন্ত্রী মহাশয়ের নিজস্ব স্ট্যান্ড কি একটু জানাবেন ?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : এই প্রশ্নটা পরের প্রশ্নে আছে 'এ' অ্যান্ড 'বি' আছে, আমি সেখানে সেটার উত্তর দেব। এখন হাইকোর্টে যে ব্যাপারটা বিবেচনাধীন আছে তার উপরে আমার পক্ষে এখনই মন্তব্য করা মুশকিল। তবে আমাদের 'এ' অ্যান্ড 'বি' ক্যাটাগরির স্বার্থ, যাদেরকে আপনাদের সরকারের সময় ইনক্লুড করেছেন, তারা যাতে আরো ভালো সুরক্ষিত থাকে সেই সম্বন্ধে আপনাদের কোনো চিন্তা করতে হবে না। কিন্তু কোর্টে কি হবে সেটা আমার পক্ষে বলা মুশকিল।

মিঃ স্পীকার : পরের যে স্টার্ড কোশ্চেন, মাননীয় মন্ত্রী মহাশয়ের একই ধরনের, সেইজন্য আমি আর এই প্রশ্নের সাপ্লিমেন্টারি অ্যালাউ করলাম না।

তফশিলি সম্প্রদায়ের জাতিগত শংসাপত্র পাওয়ার ক্ষেত্রে সমস্যা

*১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৭১) শ্রী জ্যোতির্ময় কর : অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, তফশিলি জাতিভুক্ত কিছু মানুষের জাতি সংক্রান্ত শংসাপত্র পাওয়ার ক্ষেত্রে সমস্যা থাকায় বিকল্প ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে ; এবং

(খ) সত্যি হলে, যে সব পরিবারের ১৯৬০ সালের পূর্বের দলিলপত্র অথবা ওই পরিবারের কারো শংসাপত্র নেই তাঁদের শংসাপত্র পাওয়ার বিষয়ে সরকারের ভাবনা কীরূপ ?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস :

(ক) তফশিলি জাতিভুক্ত মানুষের জাতিগত শংসাপত্র দেওয়ার ক্ষেত্রে বিশেষ কোনো পদ্ধতিগত সমস্যা নেই। ফলে বিকল্প ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তাও নেই।

(খ) যাঁদের ১৯৬০ সালের পূর্বের দলিলপত্র নেই অথবা পরিবারের কারো শংসাপত্র নেই তাঁদের ক্ষেত্রে অনুসন্ধান এবং শুনানীর মাধ্যমে শংসাপত্র বিতরণের ব্যবস্থা আছে।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে অতিরিক্ত প্রশ্ন যে এস.ডি.ও. যদি ডিনাই করে অ্যাপিলেট অথরিটিকে, সে কার কাছে যেতে পারবে ?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : এস.ডি.ও. যদি ডিনাই করে, তারপর তাহলে তাকে ডিস্ট্রিক্টে যেতে হবে। District Magistrate is the appellate authority.

শ্রী জ্যোতির্ময় কর : ডিস্ট্রিক্টের পরে ? এটা কমপ্লিট করে দিন মাননীয় মন্ত্রী মহাশয়।

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : আমি বললাম তাকে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে। অনেক সময় ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, এ.ডি.এম.-কেও কোনো একটা বিষয় ডিস্ট্রিক্টে নমিনেট করতে পারেন বা নর্মালি ডি.এম.-এর কাছে যেতে হবে।

শ্রী জ্যোতির্ময় কর : In the case of contradiction যেটা দেখা যাচ্ছে মাননীয় মন্ত্রী মহাশয়, যে এই এস.টি. হবে কি এস.সি. হবে, এটা একটা কনফিউসন ক্রিয়েটেড হচ্ছে। যেমন—'ঘোরিয়া' এস.সি. হবে না এস.টি. হবে। কিছু সার্টিফিকেটে এস.সি. আছে আবার কিছু সার্টিফিকেটে এস.টি. আছে। এই ব্যাপারে তো ইন্সপেক্টর কম্পিটেন্ট নন, গবেষক নন। কারণ এস.সি.-দের জীবনযাত্রাও অনেক চেঞ্জ হয়ে গেছে, মর্ডানাইজ হয়ে গেছে। সুতরাং এই সব ক্ষেত্রে who is the appropriate authority to determine।

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : এই জাতিগত বা এথনিক আইডেন্টিটি—স্যার আপনার মাধ্যমে আমি বলতে চাচ্ছি এই জিনিসটি অত সরল নয়। যদি এখানে কেউ প্রশ্ন করেন যে—কে এস.সি. বা কে এস.টি., আমাদের ডিপার্টমেন্টে প্রথমে জিনিসটি আসে। তারপর আমাদের একটি কালচারাল রিসার্চ ইনস্টিটিউট—সেদিনই জিনিসটা বলেছিলাম, এটা ভেঙে পড়েছে, যেখানে গাড়িটি ২০ বছর ধরে এক জায়গায় পড়ে আছে এবং সেই অবস্থায় পড়ে আছে, তাকে আমি পুনরুজ্জীবিত করছি—তারা গবেষণা করে বলবে কাদের এস.সি.-র মধ্যে যাওয়া যাবে, আর কাদের এস.টি.-র মধ্যে যাওয়া যাবে। তাদের গবেষণা হওয়ার পর আমাদের ডিপার্টমেন্ট বিবেচনা করে তারপর সিদ্ধান্ত নেবে।

শ্রী জ্যোতির্ময় কর : আপনি যে সরলীকরণ করেছেন চার সপ্তাহের মধ্যে দেবেন, তার জন্য ধন্যবাদ। কিন্তু আপনি অ্যাকাউন্টিবিলিটি কোনো ফিক্স করেছেন কিনা সংশ্লিষ্ট অফিসারের কাছে, Whether the accountability of the concerned office is or not ?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : নিশ্চয়ই অ্যাকাউন্টিবিলিটি ফিক্স-আপ করা আছে। সেখানে রুলসে পরিষ্কারভাবে বলা আছে।

শ্রী অর্জুন সিং : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন—বিগত সরকার বিশেষ করে অবাঙালিরা যেখানে ইন্ডাস্ট্রিয়াল বেল্টে বসবাস করে তাদের সিডিউল কাস্ট অ্যান্ড সিডিউল ট্রাইব সার্টিফিকেট নিতে গেলে ১৯৫০ সালের এটা ব্যান করে রেখে দিয়েছিল যে ১৯৫০ সাল থেকে ডকুমেন্ট দিতে হবে নাহলে সার্টিফিকেট পাওয়া যাবে না। তাহলে যারা লেবার বেল্টে থাকেন, কুলি লাইনে থাকে, তাদের কাছে কি করে সার্টিফিকেট আসবে ? তাদের বাপ-ঠাকুরদা সব এখানে বসবাস করে, তারা সিডিউল কাস্ট সার্টিফিকেট পাচ্ছেন না। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন এই ব্যাপারে কোনো সুনিশ্চিত চিন্তা-ভাবনা আছে কিনা ?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : লিখিতভাবেই ভাবনা রয়েছে। আরও চিন্তা হচ্ছে কিভাবে তারা সার্টিফিকেট পেতে পারেন। তবে যাদের কাছে কোনো পরিচয় পত্র নেই, সেখানেও দরখাস্ত করতে পারে। তারপর সুচিন্তিত ইনভেস্টিগেশনের মাধ্যম তাকে সেই সিদ্ধান্তে

উপনীত হতে হয়। এমনও হতে পারে যে প্রথম জেনারেশনেই সে সার্টিফিকেট পাওয়ার জন্য দরখাস্ত করছে। তার আত্মীয়স্বজনও নেই। সেটা নির্ভর করে ইনভেস্টিগেশন করে তাকে সুযোগ দেওয়া হবে। হিয়ারিং করা হবে। তাকে সম্পূর্ণ সুযোগ দিয়ে তারপর সিদ্ধান্ত নেওয়া হবে।

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহাশয় খুব সহজ সরল করে দিলেন। কোনো সমস্যাই নেই ইত্যাদি ইত্যাদি। কিন্তু আমরা প্রতিদিন এই সমস্যাগুলো পাচ্ছি। কালকেও আমাকে একজন ফোন করেছিলেন যে ৬০ বছরের আগের দলিল চাইছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটা প্রশ্ন করতে চাই—যাদের বাবা-মা-র সার্টিফিকেট আছে সেক্ষেত্রে আরও কোনো কিছু না দেখে সার্টিফিকেট অটোমেটিক্যালি ইস্যু করবে এই ধরনের কোনো নির্দেশপত্র পাঠানো যায় কিনা ? আর পূর্বতন সরকার বলেছিলেন যে, এফিডেভিট করলে সার্টিফিকেট পাওয়া যায়, সেটা এখনও বলবৎ আছে কিনা জানাবেন। তাতে আপনার ফেক সার্টিফিকেটের সংখ্যা ওখানে বেড়ে যাবে, সেটা এখনও বলবৎ আছে কিনা জানাবেন।

[11.30–11.40 a.m.]

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : প্রথম আপনি বলেছিলেন যে, মা-বাবার সার্টিফিকেট থাকলে সে সঙ্গে সঙ্গে পাবে কিনা ? যদি সত্যি কথা সে বলে থাকে এবং মা-বাবার সার্টিফিকেট যদি থেকে থাকে তাহলে সার্টিফিকেট দিতে খুবই সুবিধা হচ্ছে, এখনও হবে। আপনাকে এ কথাও বলি মাননীয় বিধায়ক মহাশয়, পশ্চিমবঙ্গের মধ্যে আমরা এমন ব্লক করেছি স্যার, যেমন আমি বলি—কৃষ্ণগঞ্জ ব্লক, সে এক মাস আগে একটা ফিগার দিয়েছিল যে তার ব্লকে একটাও পেন্ডিং নাই। সেই ক্ষেত্রে আমরা একটা প্রশংসাপত্র দিচ্ছি এবং বি.ডি.ও., এস.ডি.ও. যাঁরা এ ব্যাপারে আরো ভালো কাজ করবে তাদের প্রত্যেককে সার্টিফিকেট অফ পারফরমেন্স অফ এক্সেলেন্স দেব। আর আপনার যে দ্বিতীয় প্রশ্ন অ্যাফেডেভিটের বিষয়ে, সেটা এখনও বলবৎ আছে।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ স্যার, আমার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটি অতিরিক্ত প্রশ্ন এই যে, আমরা সার্টিফিকেট পাওয়ার জন্য আবেদন করছি, চৌত্রিশ বছর—বার বার আসবে এই কথাটা, চৌত্রিশ বছরে কত ফেক-সার্টিফিকেট দিয়ে দিয়েছেন অর্থাৎ জাল-সার্টিফিকেটগুলো দিয়ে দিয়েছেন ? আমি নিজে স্যার, ছয় বছর আগে একটা কমপ্লেন করেছিলাম, অনেকবার রিমাইন্ডারও দিয়েছি, কিন্তু ওই জাল-সার্টিফিকেটের হিয়ারিংও হয় না, কিছুই হয় না। আসলে একটা ঘুঘুর-বাসা আছে এই সার্টিফিকেট প্রদান করার। এই বিষয়ে মাননীয় মন্ত্রী কি একটা কোনো সুনির্দিষ্ট টাইম রেখে দেবেন যে এই টাইমের মধ্যে কমপ্লেন পেলে এই টাইমের মধ্যে নিষ্পত্তি হবে ?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : আপনার উদ্বেগ আমি সম্পূর্ণরূপে প্রশংসা করছি। আমার নিজেরও সেটা উদ্বেগ। তাই, আমরা কি করেছি স্যার, সেটা আপনার মাধ্যমে জানাতে চাইছি। আমরা একটা গ্রিভান্স-সেল করেছি। আমি নিজেও চারটে থেকে পাঁচটা—যেদিন

আমাদের অ্যাসেমব্লি নেই বা ট্যুর-এ না থাকি, আপনার যার যার গ্রিভেন্স সেটা শোনার আমরা চেষ্টা করি এবং যতদূর পর্যন্ত বহু চেষ্টা করে যাওয়া হচ্ছে তাতে মানুষ সেটা তাড়াতাড়ি পেতে পারে। ফেক-সার্টিফিকেটের কথা যেটা বলছেন, যদি কেউ ফেক-সার্টিফিকেট দেয় সেই ক্ষেত্রে দুটি আসপেক্ট আছে। যদি আমার ডিপার্টমেন্টের কোনো অফিসারের সাইন করা সার্টিফিকেট যদি ফেক হয় তাহলে আমার ডিপার্টমেন্ট দায়ি এবং আমরা এই ক্ষেত্রে কঠোরতম ব্যবস্থা নেব। দুই, যদি কেউ ফল্‌স-সার্টিফিকেট নিজে বানিয়ে দরখাস্ত করে তাহলে আপনাকে পুলিশের কাছে যেতে হবে—সেখানে দরখাস্ত করতে হবে, সেখানে এফ.আই.আর. করতে হবে।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : জাল-সার্টিফিকেট তার হিয়ারিং-এ কত দিন লাগবে ?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে আমি জানাতে চাই যে আপনি যদি কোনো স্পেসিফিক কমপ্লেন করতে চান যে এত ফেক-সার্টিফিকেট বা জাল-সার্টিফিকেট দেওয়া হয়েছে তাহলে আমরা নিশ্চয়ই খতিয়ে দেখব।

শ্রী খগেন মুর্মু : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন স্যার, আপনি বলেছেন তফসিলি জাতি মানুষদের তাদের জাতিগত শংসাপত্র পেতে কোনো সমস্যা নেই। কিন্তু আমাদের এখানে আমাদের রাজ্যে রাজবংশী এবং পলিয়া সম্প্রদায়—এরা সাধারণত সার্টিফিকেট পেয়ে থাকে। কিন্তু একই রকম তাদের কালচার এবং সবকিছু থাকা সত্ত্বেও যারা দেশী রাজবংশী, পলিয়া এবং দেশীয়া—তাদের কালচার একই রকম, অথচ দেশী লিখলে তাদেরকে শংসাপত্র দেওয়া হচ্ছে না। এই ক্ষেত্রে আপনি কি আপনার দপ্তর থেকে বিশেষ কোনো উদ্যোগ নিয়েছেন যাতে দেশীরাও এখানে শংসাপত্র পাবে ?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : আমি মাননীয় অধ্যক্ষের মাধ্যমে উত্তর দিতে চাইছি যে, সিডিউলড কাস্ট এবং সিডিউলড ট্রাইব—এগুলো যখন চিহ্নিত করা হয় তখন তাদেরকে পাঠানো হয় কেন্দ্রীয় সরকারের কাছে। কনস্টিটিউশান অ্যামেন্ডমেন্ট করে যেভাবে লেখা থাকবে সেই হিসাবেই তাকে সার্টিফিকেট দিতে হবে, অন্যভাবে সেই লেখা যদি হয় তাহলে এনকোয়ারিং অফিসারও কিছু করতে পারবে না, এস.ডি.ও. কিছু করতে পারবে না।

শ্রী সমর মুখার্জী : স্যার, মার্কসবাদী কমিউনিস্ট পার্টির ৩৪ বছরের শাসনে মালদা জেলার আমার কেন্দ্র রতুয়ায় ১১টি ছেলে যারা scheduled cast, scheduled tribe নয় কিন্তু সি.পি.এম.-লালপার্টি করে তারা ভুয়ো সার্টিফিকেট দিয়ে চাকরি করছে। আমি বার বার তৎকালীন মন্ত্রীর কাছে আবেদন করেছি। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে তার কপি দিতে চাই। Scheduled cast, Scheduled tribe-র সংরক্ষিত কোটায়, তাদেরকে বঞ্চিত করে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির আদেশে আপার কাস্টের লোকেরা সেই চাকরিগুলো নিয়েছে। আমার কেন্দ্রে এই রকম ১১ জন আছে যারা বিগত বামফ্রন্টের আমলে আদিবাসী, scheduled cast না হওয়া সত্ত্বেও চাকরি করছে। এ ব্যাপারে আমি বার বার

তৎকালীন আদিবাসী মন্ত্রীর কাছে অনুরোধ করেছি। স্যার ১১ জন ফেক সার্টিফিকেট নিয়ে চাকরি করছে।

মিঃ স্পীকার : আপনি কোশ্চেন করুন, কিছু থাকলে দিয়ে দেবেন।

শ্রী সমর মুখার্জী : মাননীয় মন্ত্রী নিশ্চয় উত্তর দেবেন এটার।

মিঃ স্পীকার : আপনার কাছে সে রকম তালিকা থাকলে দিয়ে দেবেন। এজন্য ওনার উত্তরের কোনো দরকার নেই। He need not reply. Document আপনি ওনাকে দিয়ে দেবেন।

শ্রী মৃগেন মাইতি : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে বলছি, ব্যাপারটা নিয়ে এত হইহই করার কিছু নেই। আমার বিধানসভা কেন্দ্র মেদিনীপুরে গত তিন বছরে কাস্ট সার্টিফিকেট দেওয়া হয়নি কারণ হার্মাদদের অত্যাচারে গ্রামের আদিবাসী সম্প্রদায়ের মানুষ scheduled cast, scheduled tribe সার্টিফিকেট নেওয়ার জন্য মেদিনীপুর শহরে আসতে পারেননি।

দ্বিতীয়ত, আমাদের মন্ত্রী মহোদয় পরিষ্কার করে বলে দিয়েছেন, সরলীকরণ করেছেন। গ্রাম-পঞ্চায়েত সার্টিফিকেট দিলেই, প্রধান তার ভিত্তিতে সার্টিফিকেট দেবেন এবং তার ভিত্তিতে এম.এল.এ. সার্টিফিকেট দেবেন। জঙ্গল মহলের মানুষকে যেহেতু তিন বছর কোনো সার্টিফিকেট দেওয়া হয়নি তাই এখন প্রতিদিন আমাকে ১০০টা করে সার্টিফিকেট দিতে হয়।

তৃতীয়ত, সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে যে নিয়ম ছিল সেই নিয়ম, মাননীয় মন্ত্রী মহাশয় ঠিকই বলেছেন যে, বি.ডি.ও.-র কাছে অ্যাপ্লাই করবেন এস.সি./এস.টি. সম্প্রদায়ের মানুষ। বি.ডি.ও.-র কাছে একজন অফিসার আছেন যিনি কাস্ট সার্টিফিকেট সঠিক কিনা তা তিনি বিচার করবেন এবং বিচার করার পর তিনি পাঠাবেন এস.ডি.ও.-র কাছে। ...(গোলমাল)... আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় পদ্ধতিটা সরল করে দিয়েছেন। বি.ডি.ও. সেটা পাঠাবেন এস.ডি.ও.-র কাছে এবং এস.ডি.ও. সিদ্ধান্ত গ্রহণ করবেন। কাজেই অফিসিয়ালি কাস্ট সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে এস.ডি.ও. হচ্ছেন অথরিটি।

মিঃ স্পীকার : There is no question from your side. Please don't waste valuable time of this House. Please sit down.

শ্রী গোকুল চন্দ্র রায় : মাননীয় মন্ত্রী মহাশয়, পশ্চিমবাংলার দক্ষিণ-দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ, নদীয়ার 'চাঁই' সম্প্রদায়ের মানুষ তফসিলি জাতি-ভুক্ত। আবার, উত্তর-দিনাজপুরেও হাজার হাজার চাঁই সম্প্রদায়ের মানুষ বসবাস করে কিন্তু তারা এখনও তফসিলি জাতির অন্তর্ভুক্ত হয়নি। উত্তর-দিনাজপুরের চাঁই সম্প্রদায়ের মানুষ যাতে তফসিলি জাতির অন্তর্ভুক্ত হয় তার জন্য ব্যবস্থা নেওয়ার অনুরোধ করছি।

মিঃ স্পীকার : ছেড়ে দিন।

[11.40–11.50 a.m.]

উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের শাখা সচিবালয় স্থাপন

*১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২) শ্রী নর্মদা চন্দ্র রায় : উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের শাখা সচিবালয় স্থাপনের কাজ শুরু হয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত সচিবালয়ের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ; এবং

(গ) উত্তরবঙ্গের ৬টি জেলার উন্নয়নের রূপরেখা কীরূপ ?

শ্রী গৌতম দেব :

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) উক্ত সচিবালয়ের কাজ গত ১৩ জুলাই ২০১১ থেকে মাটিগাড়া অঞ্চলের শিবমন্দিরে অবস্থিত অনগ্রসর কল্যাণ দপ্তরের অফিসে অস্থায়ীভাবে শুরু হয়ে গেছে।

(গ) গত ৮ই জুলাই, ২০১১ উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর গঠিত হয়েছে এবং ২১শে জুলাই, ২০১১ তারিখে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ পুনর্গঠিত হয়েছে। এই পর্ষদের মাধ্যমে উত্তরবঙ্গের সার্বিক উন্নয়নের জন্য এই দপ্তর কাজ করছে। এই পর্ষদের প্রথম সভা আগামী ৩রা সেপ্টেম্বর, ২০১১ ডাকা হয়েছে। এই সভায় আলোচনার মাধ্যমে উত্তরবঙ্গ উন্নয়নের রূপরেখা চূড়ান্ত হওয়ার পর জানানো সম্ভব।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন—স্যার উনি বললেন, ৮ই জুলাই ২০১১ উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর গঠিত হয়েছে এবং ২১শে জুলাই ২০১১ উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ পুনর্গঠিত হয়েছে। এই যে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ পুনর্গঠিত হল, কত জন সদস্যকে নিয়ে হল এবং এই সদস্যরা কারা কারা ? অনুগ্রহ করে বলবেন কি ?

শ্রী গৌতম দেব : মাননীয় স্পীকারের মাধ্যমে আমি জানাচ্ছি, উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠিত হয়েছে—তার চেয়ারপার্সন হয়েছেন অনারেবল চিফ মিনিস্টার (ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট), ভাইস চেয়ারম্যান—মিনিস্টার ইনচার্জ নর্থ বেঙ্গল ডেভেলপমেন্ট। আর যারা সদস্য আছেন তাঁরা হলেন শ্রী দেবপ্রসাদ রায় (M.L.A.), শ্রী অর্ঘ্য রায় প্রধান (M.L.A.), শ্রী রবীন্দ্র নাথ ঘোষ (M.L.A.), শ্রী খগেশ্বর রায় (M.L.A.), শ্রী বিপ্লব মিত্র (M.L.A.), শ্রী উদয়ন গুহ (M.L.A.), শ্রী জোয়াকিম বাকলা Ex M.P., এবং Commissioner, Jalpaiguri Divn., Member-Secretary.

শ্রীনর্মদা চন্দ্র রায়: মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয় বললেন পুনর্গঠিত কমিটি কাদের কাদের নিয়ে হয়েছে। উত্তরবঙ্গের সার্বিক উন্নয়নের প্রশ্নে আপনার যে রূপরেখা তৈরি করবার কথা এখানে বলেছেন—আগামী ৩রা সেপ্টেম্বর মিটিং ডাকবেন, তারপরেই আপনি জানাবেন। আপনার কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, উত্তরবঙ্গের সার্বিক উন্নয়নের প্রশ্নে উত্তরবঙ্গের সব M.L.A.-কে কমিটিতে অন্তর্ভুক্ত করার চিন্তা ভাবনা আপনার আছে কি ?

শ্রী গৌতম দেব : এই কমিটি North Bengal Development Ministry তৈরি করে না। এর একটা আলাদা প্রথা পদ্ধতি আছে, সেভাবেই কমিটি তৈরি হয়েছে। সুতরাং আমি মনে করছি এই প্রশ্নটা ঠিক প্রাসঙ্গিক হচ্ছে না।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি—স্থায়ী অফিস নির্মাণের ক্ষেত্রে আপনার পরিকল্পনা কি ? তার জন্য অর্থ বরাদ্দ হয়েছে কিনা ? কবে নাগাদ স্থায়ী ভবন নির্মিত হবে ?

শ্রী গৌতম দেব : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে জানাচ্ছি, স্থায়ী অফিস অবশ্যই হবে—মুখ্যমন্ত্রীর সচিবালয় এবং শাখা অফিস North Bengal Development। এ ব্যাপারে আপনার কোনো উদ্বেগের কারণ নেই, আপনাকে আমি আশ্বস্ত করছি। তার জন্য জায়গা চিহ্নিতকরণের কাজ হচ্ছে। আপনাকে এর আগের উত্তরেই বলেছি, সেপ্টেম্বর মাসের ৩ তারিখে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের সভা ডাকা হয়েছে। আর্থিক বরাদ্দের ক্ষেত্রে সেই সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন। উত্তরবঙ্গ মানে ৬টি জেলা, আমি যে জেলায় আছি যদি মাথা ধরেন তো মাথা আর লেজ ধরেন তো লেজ আসবে। গত যে কমিটি ছিল সেখানে প্রত্যেকটা জেলার একজন করে রিপ্রেজেন্টেটিভ ছিল। এবার কমিটিতে দেখা গেল উত্তর দিনাজপুর এবং মালদার কোনো মেম্বার নেই। স্যার, সেকেন্ড হচ্ছে মাননীয় মুখ্যমন্ত্রী দায়িত্ব নেওয়ার পরে বললেন উত্তরবঙ্গ অবহেলিত, উত্তরবঙ্গকে আমি নতুনভাবে তৈরি করতে চাই। ২০০ কোটি টাকা উনি বরাদ্দ করলেন সব পেপারে বেরোল। কয়েকদিন আগে পেপারে দেখছি ডিভিশনাল কমিশনার জেলা সমহর্তার কাছে জানিয়ে দিলেন এখন থেকে উত্তরবঙ্গের কোনো প্রজেক্ট আর পাঠানো যাবে না। তাহলে স্যার আমরা বঞ্চিত হচ্ছি। আমি আমার জেলার কথা বলতে পারি উত্তরবঙ্গের যদি লেজ ধরেন আর মাথাই ধরেন তাহলে ওখানকার কোনো রিপ্রেজেন্টেটিভ নেই বলতে পারবে না। আর অর্থনৈতিকভাবে কোনো সুযোগ সুবিধা দেওয়া হচ্ছে না।

Mr. Speaker: There is no question. You need not answer Hon'ble Minister. There is no specific question to this. I got your point, there is no specific question. You just highlighted some matter. Minister will take note of it. Please, take your seat.

শ্রী আব্দুর রহিম বক্সী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে ৬টি জেলা নিয়ে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠিত হয়েছে এবং সেখানকার যে সকল বিধায়করা আছেন জেলাওয়াড়ি উন্নয়নের ক্ষেত্রে সেই বিধায়কদের কোনো ভূমিকা থাকছে কি না ? তাদের মতামত নেওয়ার ব্যবস্থা এই উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের মধ্যে থাকছে কিনা এটা অনুগ্রহ করে জানাবেন।

শ্রী গৌতম দেব : আপনি নিশ্চিন্ত থাকতে পারেন যে উত্তরবঙ্গের নির্বাচিত সমস্ত বিধায়কদের এই সম্পর্কে তাদের মতামত তাঁরা নিশ্চয় জানাতে পারবেন এবং সেই ক্ষেত্রে যথাযথ ব্যবস্থা আমরা গ্রহণ করব।

শ্রী তজমুল হোসেন : স্যার, আমি একজন উত্তরবঙ্গের লোক। উত্তরবঙ্গের বিভিন্ন ধরনের উন্নয়নের প্রকল্প নিয়েছেন হাতে এটা ভাল। আমার প্রশ্ন হল, আমার মালদা জেলার হরিশচন্দ্রপুর বিধানসভার অন্তর্গত এলাকায় উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ থেকে সে সমস্ত রোড করা হয় সেই রোডের জন্য ভালুকা হইতে জগন্নাথপুর হয়ে ভৈরবপুর পর্যন্ত ওই রাস্তাটা করার কোনো পরিকল্পনা আছে। যদি থাকে তাহলে অনুগ্রহ করে জানাবেন।

মিঃ স্পীকার : আপনি অলরেডি ওই প্রশ্নটা করেছেন এর উপরে। এই প্রশ্নের উত্তর দিতে হবে না। এই কোয়েশ্চেনটা উনি আগের দিন করেছিলেন, এটা আমরা নিয়েছি অলরেডি আগে।

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের জায়গায় উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ হয়েছে সুতরাং আমাদের আশা অনেক, তারজন্য এত হৈ চৈ। উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ হল—আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই এই উন্নয়ন বিভাগের কি পরিকাঠামো তৈরি হবে বা হচ্ছে। কেন না পরিকাঠামো যদি না হয়—এখনও পর্যন্ত কমিশনার এবং কয়েকজন.....

মিঃ স্পীকার : উনি অলরেডি বলেছেন, আপনি যদি অ্যাডিশনাল কোয়েশ্চেন করতে চান বলুন। That reply he has already given.

শ্রী গৌতম দেব : মাননীয় অধ্যক্ষের অনুমতি নিয়ে আমি উত্তর দিতে চাইছি। মাননীয় সদস্য তিনি বোধহয় সবটা হোমওয়ার্ক করে না এসে কোয়েশ্চেন করছেন। I am sorry to reply কিন্তু উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ তার পরিকাঠামো তৈরি হচ্ছে এবং আপনি দীর্ঘদিন প্রশাসনের সঙ্গে যুক্ত ছিলেন নিশ্চয় আপনি জানেন, এই পরিকাঠামো তৈরি করতে কি পরিমাণ সময় লাগে। Let me finish first. You should allow me to say. সেখানে এই দপ্তরটি তৈরি হতে যে সময় লেগেছে সেটা নির্দিষ্টভাবে বলেছি। মাননীয়া মুখ্যমন্ত্রীর ঐকান্তিক প্রচেষ্টায় খুব তাড়াতাড়ি এই দপ্তরটি তৈরি হয়েছে। দপ্তরটির ইনফ্রাস্ট্রাকচারও তৈরি হয়েছে, ডিপার্টমেন্টের প্রিন্সিপাল সেক্রেটারি ইতিমধ্যেই appointed হয়েছেন। খুব অল্প সময়ের মধ্যে ডিপার্টমেন্টের ফুল ইনফ্রাস্ট্রাকচার তৈরি হয়ে যাবে আশা করি।

[11.50–12.00 noon]

কুটির শিল্পের সার্বিক উন্নয়ন পরিকল্পনা

*১৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮২) শ্রী কাশীনাথ মিশ্র : ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কুটির শিল্পগুলির সার্বিক উন্নয়নে সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছে/করছে ;

(খ) বাঁকুড়া জেলার কুটির শিল্পগুলির ও শিল্পীদের দুরবস্থা ও অচলাবস্থা দূরীকরণে সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করছে ;

(গ) উক্ত জেলায় বিগত ৫ বছরে কতগুলি শিল্প বন্ধ হয়েছে ; এবং

(ঘ) কতজন শিল্পী অনাহারে ও অভাবে মারা গেছেন ?

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা :

(ক) এই দপ্তর কুটির শিল্পগুলির সার্বিক উন্নয়নে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করেছে :

(I) ক্ষুদ্র ও ছোট উদ্যোগ অধিকার—

(১) ক্ষুদ্র ও ছোট উদ্যোগ মহল্লা বিকাশ কার্যসূচী (MSECDP)।

(২) পশ্চিমবঙ্গ প্রোৎসাহ পরিকল্পনার অধীনে উৎসাহ প্রদান (WBIS)।

(৩) উদ্যোগ বিকাশ কার্যসূচী (EDP)।

(৪) হস্তশিল্পের বিকাশে শহরে হাট নির্মাণ, মেলা ও প্রদর্শনীতে অংশগ্রহণ (রাজ্য, জেলা ও আন্তর্জাতিক স্তরে) হস্তশিল্পের রাজ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন।

(৫) হস্তশিল্প কারিগরদের জন্য বার্ধক্য ভাতা প্রদান।

(৬) প্রধানমন্ত্রীর কর্মসংস্থান উৎপাদন প্রকল্পের মাধ্যমে কর্মসংস্থান।

(৭) হস্তশিল্প কারিগরদের জন্য দক্ষতা উন্নীতকরণ কার্যসূচী।

(৮) প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে উদ্যোগীদের উন্নতমানের প্রশিক্ষণের ব্যবস্থা।

(৯) নারকেল ছোবড়া কেন্দ্রিক মহল্লা উন্নয়ন কার্যসূচী।

(১০) লাক্ষা উন্নয়ন কার্যসূচীর অন্তর্গত বিভিন্ন প্রকল্প রূপায়ণ।

(II) বস্ত্র অধিকার (হস্ততাঁত) বিভাগ

(১) সুসংহত হস্ততাঁত উন্নয়ন প্রকল্প (IHDS) (সেন্ট্রালি স্পনসরড)।

(২) বিপণন এবং রপ্তানি উন্নয়ন প্রকল্প (সেন্ট্রালি সেক্টর)।
(৩) হ্যানক ইয়ার্ন সাবসিডি প্রকল্প (স্টেট সেক্টর)।
(৪) হ্যান্ডলুম মার্ক প্রকল্প (সেন্ট্রাল সেক্টর)।
(৫) প্রাকৃতিক রং-এর ব্যবহারের প্রচলন (স্টেট সেক্টর)।
(৬) কমদামের সুতির শাড়ি উৎপাদন প্রকল্প (স্টেট সেক্টর)।
(৭) বৈচিত্র্যময় তসর বস্ত্র উৎপাদন প্রকল্প (স্টেট সেক্টর), তাঁতীপাড়া, বীরভূম।
(৮) মূল্যযুক্ত বেডকভার/বেডসীট উৎপাদন প্রকল্প (স্টেট সেক্টর)।
(৯) মিল গেট প্রাইস স্কীমের মাধ্যমে সুতো সরবরাহ।
(১০) হস্ত তাঁত বস্ত্রের রপ্তানি বাড়ানোর জন্য মহম্মা উন্নয়ন প্রকল্প।
(১১) রেশম বয়নের উন্নয়ন।
(১২) কার্পেট বয়নের উন্নয়ন প্রকল্প, মালগাঁও, দক্ষিণ দিনাজপুর।

(III) বস্ত্র অধিকার (রেশম শিল্প) বিভাগ—

রেশম চাষের বিকাশ সুনিশ্চিত করতে প্রয়োজন ভিত্তিক সক্রিয়তা মূলক বিশেষ প্রকল্প ও অনুঘটনীয় উন্নয়ন প্রকল্পের অধীনে পশ্চিমবঙ্গের ১৪টি মহল্লায় ৩৫টি স্কীম বর্তমান আর্থিক বছরে রূপায়িত হচ্ছে।

রেশম শিল্প ও শিল্পীদের সার্বিক উন্নয়নের জন্য পশ্চিমবঙ্গ সরকার নিজস্ব পরিকল্পনা বরাদ্দ থেকে উপরিউক্ত প্রকল্পের মাধ্যমে ব্যক্তিগত প্রচেষ্টায় রেশম খামার তৈরি, সেচের ব্যবস্থা, পলুঘর মেরামতি, পলুঘরের সাজসরঞ্জাম সরবরাহ, স্বয়ম্ভর গোষ্ঠীর মাধ্যমে পলুঘর শোধন, প্রতিকূল জলবায়ুকালীন বন্দে স্বল্পমূল্যে সংকর জাতের ডিম সরবরাহ, প্রশিক্ষণ, ডিম উৎপাদনকারীদের বীজাগার নির্মাণে সহায়তা ইত্যাদি ক্ষেত্রে আর্থিক ও কারিগরী সহায়তার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এছাড়াও কেন্দ্রীয় ও রাজ্য সরকারের যৌথ আর্থিক সহায়তার মাধ্যমে নতুন পলুঘর নির্মাণ, শস্য বীমা, মহিলা শিল্পীদের স্বাস্থ্য বীমা এবং রেশম শিল্পে অগ্রসর রাজ্যে শিক্ষামূলক ভ্রমণ, উন্নতমানের উষ্ণকুঠি ও সুতাকাটাই যন্ত্রপ্রদান ইত্যাদি সহায়তা প্রদানের ব্যবস্থা রয়েছে।

সর্বোপরি জাতীয় ও রাজ্য পর্যায়ে বিভিন্ন প্রকল্প (যেমন এম.জি.এন.আর.ই.জি.পি., আর.কে.ভি.ওয়াই., বি.এ.ডি.পি., আতমা) ইত্যাদির মাধ্যমে প্রয়োজন ভিত্তিক সহায়তাও উপভোক্তাদের দেওয়া হয়ে থাকে।

(IV) পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ

(অ) খাদি শিল্পের সার্বিক উন্নয়নে কেন্দ্রীয় সরকারের খাদি ও

গ্রামোদ্যোগ আয়োগ-এর সহযোগিতায় ব্যাঙ্ক ঋণ ও সুদের উপর ভর্তুকি প্রদানের ব্যবস্থা করেছে। এছাড়াও খাদিজাত পণ্য সামগ্রীর গুণগত মান ও বিপণন বৃদ্ধির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে।

(আ) খাদি শিল্পের সঙ্গে যুক্ত কাটুনী, তাঁতী ও অন্যান্য শিল্পীদের সামগ্রিক কল্যাণের জন্য খাদি ও গ্রামোদ্যোগ আয়োগ-এর সহযোগিতায় জনশ্রী বীমা যোজনা, শিল্পীদের কল্যাণের জন্য উন্নয়ন তহবিল ও কর্মশালা স্থাপনের উদ্যোগ গ্রহণ করেছেন।

(ই) রাজ্য সরকারের আর্থিক আনুকূল্যে :

(১) নদীয়ার নবদ্বীপে অতি সূক্ষ্ম মসলিন সুতো ও কাপড় তৈরির উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

(২) বাঁকুড়া জেলার সোনামুখীতে বালুচরী শাড়ী শিল্পের উন্নয়নের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

(৩) মুর্শিদাবাদ ও পশ্চিম মেদিনীপুরে খাদি কাপড়ের রেডিমেড পোশাক তৈরির প্রকল্প গ্রহণ করা হয়েছে।

(৪) পর্ষদের সুতি খাদি উৎপাদন কেন্দ্রের পুনরুজ্জীবনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

(৫) পর্ষদের কেন্দ্রীয় কার্যালয়ে খাদি মিউজিয়াম স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

(খ) (I) ক্ষুদ্র ও ছোট উদ্যোগ অধিকার—

বাঁকুড়া জেলার কুটির শিল্প ও শিল্পীদের উন্নয়নে ও সাহায্যে নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করা হয়েছে :

(১) শিল্পীদের বার্ধক্যভাতা বাবদ বছরে ১৫০ জন শিল্পীকে মাসিক ৭৫০ টাকা হারে অনুদান দেওয়া হয়ে থাকে।

(২) Artisan Credit Card প্রকল্পের মাধ্যমে এ পর্যন্ত ৩১৪ জন হস্তশিল্পী ব্যাঙ্ক থেকে ১ কোটি ৭ লক্ষ ৭৩ হাজার টাকা লোন পেয়েছেন।

(৩) প্রতি বৎসর বিভিন্ন মেলায় নিখরচায় অংশগ্রহণের ব্যবস্থার মাধ্যমে হস্তশিল্পীদের শিল্পসামগ্রীর বিপণনের ব্যাপারে সাহায্য করা হয়।

(৪) হস্তশিল্পীদের কুশলতায় উৎকর্ষ বাড়ানোর জন্য প্রশিক্ষণের শিবির আয়োজনের মাধ্যমে তাদের সাহায্য করা হয়।

(৫) বিড়ি শিল্প শ্রমিকদের সাহায্যার্থে ২০০৯-১০ সালে বাঁকুড়া বিড়ি শিল্প কোঃ সোসাইটি লিঃ-কে ছত্রিশ লক্ষ চুয়াল্লিশ হাজার টাকা অনুদান দেওয়া হয়েছে।

(৬) হাঁটগ্রামের শঙ্খ শিল্পীদের সাহায্যার্থে ২০০৭-০৮ সালে শিল্পীগোষ্ঠীকে ৫ লক্ষ টাকা অনুদান দেওয়া হয়েছে।

(৭) এ পর্যন্ত ২৩৪৪ জন হস্তশিল্পীকে পরিচয় পত্র দেবার ব্যবস্থা হয়েছে।

(II) বস্ত্র অধিকার (হস্ততাঁত) বিভাগ—

বাঁকুড়া জেলার তাঁত শিল্পীদের উন্নয়নে ও সাহায্যে নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করা হয়েছে :

(১) হেলথ ইনসুরেন্স প্রকল্প (HIS) (সেন্ট্রাল সেক্টর)।

(২) মহাত্মা গান্ধী বুনকর বীমা যোজনা প্রকল্প (MGBBY) (সেন্ট্রাল সেক্টর)।

(৩) হস্ততাঁত শিল্পীদের জন্য বার্ধক্য ভাতা প্রকল্প (স্টেট সেক্টর)।

(III) বস্ত্র অধিকার (রেশম শিল্প) বিভাগ—

অনুঘটনীয় উন্নয়ন প্রকল্পের অধীন গোবিন্দনগর বাঁকুড়া মহল্লায় কেন্দ্রীয় ও রাজ্য সরকারের যৌথ আর্থিক সহায়তার মাধ্যমে তুঁত রেশম শিল্পের সঙ্গে সংশ্লিষ্ট উপভোক্তাদের বিভিন্ন ধরনের সহায়তা করা হয়ে থাকে।

এছাড়াও বাঁকুড়া জেলার তসর চাষীদের জন্য গুটি সংরক্ষণ, গৃহনির্মাণে সহায়তা, তসরগুটি উৎপাদকদের প্রয়োজনীয় সরঞ্জামাদি দিয়ে সহায়তা, তসর ডিম উৎপাদন ঘরের পুনর্গঠন ইত্যাদি সুব্যবস্থা গৃহীত হয়েছে।

(IV) পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ

বাঁকুড়া জেলার কুটীর শিল্পগুলির ও শিল্পীদের দুরবস্থা ও অচলাবস্থা দূরীকরণে পর্ষদ নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করেছে :

কেন্দ্রীয় সরকারের খাদি ও গ্রামোদ্যোগ আয়োগ-এর সহযোগিতায় খাদি ও গ্রামীণ শিল্পের উন্নয়নে ব্যাঙ্ক ঋণ ও সুদের উপর ভর্তুকি প্রদানের ব্যবস্থা গ্রহণ করেছে। কেন্দ্রীয় সরকারের খাদি ও গ্রামোদ্যোগ আয়োগ-এর সহযোগিতায় প্রধানমন্ত্রী কর্মসৃজন প্রকল্প সফলভাবে রূপায়ণ করে চলেছে।

তাছাড়াও নিম্নলিখিত প্রকল্পগুলি যেমন :

পাঁচমুড়া টেরাকোটা শিল্পীদের গুচ্ছ প্রকল্প, বাসন শিল্প, বাঁশ শিল্প, ডোকরা শিল্প, পাতা শিল্প এবং তসরগুটি সংগ্রহ ও বিপণন এই কাজগুলি করা হয়েছে।

(গ) এ সংক্রান্ত কোনো তথ্য দপ্তরে নাই। কেবলমাত্র পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ

শিল্প পর্ষদের দ্বারা ৫ বছরে স্থাপিত ৬৭৪টি গ্রামীণ শিল্পের মধ্যে ৯টি প্রকল্প বর্তমানে বন্ধ অবস্থায় আছে।

(ঘ) এ সম্পর্কে কোনো তথ্য এই দপ্তরে নাই।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, আপনি যে তথ্যগুলো দিয়েছেন এই তথ্যগুলো কি বিগত সরকারের সময়ে ছিল না কি আপনারা নতুন করে ৯০ দিনের এই সরকার গঠিত হওয়ার পরে নতুন করে নতুন তথ্য দিয়েছেন এবং এই ক্ষুদ্র ও কুটির শিল্পীদের দুর্দশা দূর করবার জন্য আপনি কি কি ব্যবস্থা নিচ্ছেন দয়া করে জানাবেন কি ?

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র খুব ভাল প্রশ্ন করেছেন। আমাদের বয়স তো সবে ১০০ দিন পেরিয়ে কয়েকদিন হল। শিল্প বললেই তো আর শিল্প হয় না। শিল্পের জন্য পরিকাঠামোর দরকার হয়, জমির দরকার, বিদ্যুতের দরকার এবং পরিবহনের দরকার হয়। আর আমাদের এই দপ্তরের নামই ক্ষুদ্র এবং কুটির শিল্প এবং বস্ত্র। আমাদের দপ্তরের উপরে ৩১.০৩.২০০৭ সালে ভারত সরকার একটি সমীক্ষা করেছিলেন— ইন্ডাস্ট্রিয়াল সেনসাস। ইন্ডাস্ট্রিয়াল সেনসাস ২০০৭ সালের পর ২০১১ সালে হয়, তাতে না ভারতবর্ষে না পশ্চিমবঙ্গের কোনো সেনসাস হয়েছে। কোনো সেনসাস না ভারতবর্ষের না পশ্চিমবঙ্গের হয়েছে। কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রী সর্বাধিক গুরুত্ব এই ক্ষুদ্র এবং কুটির শিল্পের ক্ষেত্রে দেওয়ার পরে এবং সেই দায়িত্ব গ্রহণের পরে আমরা সরকারের পক্ষ থেকে ক্ষুদ্র এবং কুটির শিল্প দপ্তরের অগ্রাধিকার ভিত্তিক প্রগ্রেস আমরা গ্রহণ করেছি। সেই পথে বিগত তিন মাসে আমরা কাজ শুরু করেছি। এই রিপোর্টটি হচ্ছে চতুর্থ সর্বভারতীয় সেনসাস রিপোর্ট। ক্ষুদ্র এবং কুটির শিল্প বন্ধ আছে পশ্চিমবঙ্গে তার সংখ্যা হচ্ছে ৮ হাজার ৮৮১টি। সম্প্রতি এই বিষয়ে আমরা নতুন করে স্টাডি করার জন্য আমাদের দপ্তর একটি রূপরেখা তৈরি করেছে। অর্থ দপ্তরের অনুমতি সাপেক্ষে আমরা এটা Indian Statistical Institute-কে দেব। How many small units in our State are closed down এবং কিভাবে চলছে। Census report অনুযায়ী পশ্চিমবঙ্গে ক্ষুদ্র কুটির শিল্পের সংখ্যা ২৫ লক্ষ ছাড়িয়ে সামান্য কিছু। আর তাতে নিযুক্ত কর্মীর সংখ্যা প্রায় ৫৮ লক্ষ কিন্তু ৭ এর পর ১১, আজকে ১লা সেপ্টেম্বর আমাদের সরকার এই তথ্যটাকে যাচাই করতে আরো অগ্রাধিকার ভিত্তিক progress হয়েছে কিনা জানার জন্য আমরা জেলাভিত্তিক রিপোর্ট DIC-গুলো থেকে সংগ্রহ করার চেষ্টা করছি। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশক্রমে এই দপ্তরের গুরুত্বকে অবহিত করে, নতুন পরিকল্পনা করে Indian Statistical Institute-কে দিয়ে করার জন্য উদ্যোগ গ্রহণ করেছি। সবচেয়ে যেটা গুরুত্বপূর্ণ সেটা হল এই দপ্তরের খাদি এবং বয়নশিল্প, হস্তচালিত তাঁত এবং powerloom, সিল্ক যার মধ্যে আছে তসর, সিল্ক এবং লাক্ষা এবং handicraft. এই সমস্ত বিষয়টাকে আমরা সার্বিক গুরুত্ব দিয়ে আগামী দিনে এগিয়ে যাওয়ার সোপান তৈরি করছি। কারণ আপনারা জানেন সর্বভারতীয় ক্ষেত্রে হোক আর পশ্চিমবঙ্গের ক্ষেত্রে হোক ক্ষুদ্র কুটির শিল্প is the main growth engine of the economic and industrial development for inclusive growth.

শ্রী কাশীনাথ মিশ্র : অতিরিক্ত প্রশ্ন স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় (খ) প্রশ্নে বলেছেন—২০০৯-১০ সালে বাঁকুড়া বিড়ি শিল্প কোঃ সোসাইটি লিঃ-কে ছত্রিশ লক্ষ চুয়াল্লিশ হাজার টাকা অনুদান দেওয়া হয়েছে। এই সংস্থাটি পরিচালিত কাদের দ্বারা ? আমি যেটা জানি CITU পরিচালিত সংস্থা কিন্তু তার পাশে Forward Bloc যেখানে ৫২২, এখানে বিড়ি শ্রমিকদের সংখ্যাটা আরো বেশি, এখনো পর্যন্ত তারা কিন্তু একটা পয়সাও পায়নি। এই ব্যাপারে এদের প্রতি আপনি কোনো ব্যবস্থা নেবেন কি ?

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : ধন্যবাদ, বিধায়ক কাশীনাথ মিশ্র মহাশয়কে। হ্যাঁ, এই সমস্যাতো আছেই। আপনি জানেন যে, এই প্রজেক্টটা কেন্দ্রীয় সরকারের। কেন্দ্রীয় সরকার বিড়ি শ্রমিকদের গৃহ নির্মাণের ক্ষেত্রে তাদের প্রথমে আইডেন্টিফিকেশান ও কার্ড দেওয়া হয় এবং সেটা করে শ্রম দপ্তর। তারপর ধারাবাহিক পদ্ধতিগত কিছু পদক্ষেপ রয়েছে। সেগুলি কমপ্লিট হওয়ার পর গৃহ নির্মাণের জন্য তারা অর্থ পান। আমি কোনো রাজনীতির রং বেছে প্রশ্নের উত্তর দিচ্ছি না। এটা ঘটনা বা বাস্তব, এসব ক্ষেত্রে তদানীন্তন শাসকদলের শ্রমিক সংগঠনের একটা একাধিপত্য ছিল। আমার সরকারের মুখ্যমন্ত্রী বলেছেন রাজনীতির রং দেখবেন না, তাই আমরা শ্রমিককে শ্রমিক হিসাবে চিহ্নিত করে এই সমস্যা নিরসনের জন্য উদ্যোগ নেব।

শ্রী কাশীনাথ মিশ্র : অতিরিক্ত প্রশ্ন স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় এই বাঁকুড়া জেলার তাঁতশিল্পীদের যে দুরবস্থা, এই তাঁতশিল্পী সারা পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ আছে। বাঁকুড়া জেলাতে অন্তত ৩০ হাজারের উপর তাঁতশিল্পী আছেন। এরা আজকে একটা বিপদের মধ্যে পড়েছে। বিভিন্নভাবে সব সিল্ক প্রোডাক্ট প্রায় বন্ধ হয়ে গেছে। তন্তুজীবীদের রক্ষার জন্য আপনি কি ব্যবস্থা নিচ্ছেন সেটা জানাবেন কি ?

[12.00 noon-12.10 p.m.]

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় সদস্য কাশীনাথ মিশ্র শুধু বাঁকুড়া জেলার কথা বললেন। আমি বলছি তন্তুজীবী, তন্তুবায় এবং তাঁত শিল্পের সমস্যা সারা বাংলায় রয়েছে। এই ব্যাপার নিয়ে আমি দায়িত্ব গ্রহণ করার পরে আমাদের মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক করি, অর্থমন্ত্রীর সঙ্গে বৈঠক করি। আমরা সার্বিকভাবে এই সরকারের পক্ষ থেকে একটি নির্দিষ্ট textile policy declare করার জন্য উদ্যোগ গ্রহণ করেছি এবং খুব শীঘ্রই সেটা হবে। আমার দপ্তরের অতিরিক্ত মুখ্যসচিব ডঃ অনুপ চন্দ্রের নেতৃত্বে আমরা সেই কমিটি তৈরি করেছি। শুধু বাঁকুড়া নয়, আজকে নদীয়া জেলা, বর্ধমান জেলা, হুগলী জেলা এবং সারা বাংলার উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদহ থেকে শুরু করে সর্বত্র, দক্ষিণবঙ্গের সব জেলায় তাঁত শিল্প এবং তন্তুবায় যারা, যারা সত্যিই বিভিন্নরকম দুঃখ কষ্টের মধ্যে আছেন। আমি তাকে অবহিত করছি। আমাদের রাজ্যে তাঁত ছিল উৎকৃষ্ট মানের। আমাদের রাজ্যের ফুলিয়ার শাড়ি, মুর্শিদাবাদ-মালদহের সিল্ক, বাঁকুড়ার খাদি, পুরুলিয়া-বাঁকুড়ার তসর এতো ভারত বিখ্যাত শুধু নয়, পৃথিবী বিখ্যাত। কিন্তু দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি এখানে আবার রাজনীতির রঙ দেখবেন না, বিগত কয়েক বছরে এই তাঁত শিল্পের সংশ্লিষ্ট তন্তুবায় ভাই

বোনেরা এবং তাঁত শিল্পে, রেশম, তসর সংক্রান্ত সমস্ত বিষয়টা খুবই ধাক্কা খেয়েছে। এই জায়গা থেকে বেরিয়ে আসার জন্য আমাদের রাজ্যে যেকটি স্পিনিং মিল আছে, সেগুলোর অবস্থা যাচাই করা হচ্ছে। একটি বাদে খুব খারাপ অবস্থা বাকি স্পিনিং মিলগুলির। তন্তুবায় এবং তাঁত শিল্পকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমরা একটা টেক্সটাইল পলিসি খুব শীঘ্রই গ্রহণ করছি। তারা স্টাডি করবে এবং আমাদের রাজ্য সরকারের নীতি গৃহীত হওয়ার পর আমাদের কি কি করণীয়, আমরা আগামী দিনে আপনাদের জানাব ও নিশ্চিতভাবে তন্তুবায় এবং তাঁত শিল্পীদের পাশে আমাদের সরকার দাঁড়াবে।

শ্রী চৌধুরী মহম্মদ হেদায়েতুল্লাহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন বিগত পাঁচ বছরে আমাদের রাজ্যে কতগুলো নতুন ক্ষুদ্র শিল্প হয়েছে, তার সংখ্যা কি জানা আছে ?

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : বর্ধমান জেলার মাননীয় সদস্যকে বলি আপনি তো জানেন যে the industrial climate in Bengal কি ছিল ? Political confrontation, economic crisis and the concept of the industrialization আমাদের স্টেটে, আমি তখন ওই দিকটায় বসতাম, আপনারা এই দিকটায় বসতেন। আর আমি গত ৩০ বছর ধরে আপনাদের কর্মকাণ্ড নিয়ে কখনও মধুর, কখনও কঠিন, কখনও অতিকঠিন বক্তৃতা করেছি। আপনি যে প্রশ্নটা করলেন আমি শুধু এইটুকুই বলি The progress of industrialization is very sad in our state. আমাদের স্টেটে খুব একটা ভালো নয়। গত পাঁচ বছরের যে তথ্য আপনি চেয়েছেন, আমি ইতিমধ্যেই বলেছি আমাদের কাছে যে সেনসাস রিপোর্ট এখনও অবধি আছে, তাতে ৮৮৬১টি আপনারা জানেন যে এখানে বন্ধ হয়েছে। এটাই একমাত্র সেনসাস রিপোর্ট। পশ্চিমবঙ্গের প্রাক্তন মন্ত্রী সম্মানীয় মানববাবু কিংবা প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেববাবু Industrial census till date করেননি। আমরা শুধু করছি। তার জন্য মাননীয় অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর অনুমতি নিয়ে আমরা Indian Statistical Institute-কে দায়িত্ব দিচ্ছি to get the exact figure and picture of our state.

The Question Hour is over.

Starred Questions
(to which answers were laid on the Table)

পদ্মা ও গঙ্গার ভাঙন রোধকল্পে পরিকল্পনা

*১৪১। (অনুমোদিত প্রশ্ন নং *২১৩) **শ্রী আনিসুর রহমান :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার পদ্মা, গঙ্গা ভাঙন রোধে স্বল্পমেয়াদী বা দীর্ঘমেয়াদী কোনো পরিকল্পনা নেওয়া হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে তা রূপায়ণে কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) ১. চলতি মরশুমে ৩টি জায়গায় স্বল্পমেয়াদী প্রকল্প হাতে নেওয়া হয়েছে। আনুমানিক ব্যয় ১.৪১ কোটি টাকা।

২. ৪টি ভাঙন প্রবণ এলাকাকে অন্তর্ভুক্ত করে ১টি দীর্ঘমেয়াদী ভাঙনরোধী প্রকল্পের কাজ চলছে। যার আনুমানিক ব্যয় ২১.০৮ কোটি টাকা।

৩. ৫টি ভাঙন প্রবণ এলাকার জন্য ৫টি দীর্ঘমেয়াদী ভাঙনরোধী প্রকল্পের কাজ বর্ষার পরে শুরু হওয়ার কথা আছে। এই প্রকল্পে আনুমানিক ব্যয় ৩০ কোটি টাকা।

৪. আরো ৩টি ভাঙনরোধী প্রকল্প প্রস্তুত করে আর.আই.ডি.এফ. ১৭-এ অনুমোদনের জন্য রাজ্য অর্থ দপ্তরে পাঠানো হয়েছে। আনুমানিক ব্যয় ১৮.৫৮ কোটি টাকা।

চাকদহ ব্লকে গঙ্গা ভাঙন

*১৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৪) শ্রী নরেশ চন্দ্র চাকী : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গঙ্গা ভাঙনের জন্য চাকদহ ব্লকের পোড়াডাঙ্গা, মুকুন্দপুর, ঝাউচর, গঙ্গাপ্রসাদপুর, সান্যালচর প্রভৃতি গ্রামগুলি দারুণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে/হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, এই ভাঙন রোধকল্পে সরকার কী কী ব্যবস্থা নিয়েছে/নিচ্ছে ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, গঙ্গার ভাঙনের জন্য চাকদহ ব্লকে উল্লিখিত স্থানগুলিতে ভাঙনে কিছু ক্ষতি হচ্ছে।

(খ) সান্যালচরে ৩০০০ মি. এলাকায় গঙ্গার বাম পাড় বরাবর ভাঙন রোধের কাজ চলছে।

মুকুন্দপুরের কাছে পাড় নিয়ামতপুর ২২০০ মি. দৈর্ঘ্যের পাড় বাঁধানোর প্রকল্প আর.আই.ডি.এফ. XVII-তে দেওয়া হয়েছে। পোড়াডাঙা, ঝাউচর, গঙ্গাপ্রসাদপুর স্থানগুলি হল মুকুন্দপুর ও সান্যালচরের মধ্যবর্তী জায়গা। এগুলির ভাঙনের উপর নজর রাখা হচ্ছে। পোড়াডাঙায় ভাঙন রোধে একটি প্রকল্প রচনা করার উদ্যোগ নেওয়া হচ্ছে।

অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের সংরক্ষণ

*১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৭) শ্রী এস. এম. সাদি : অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে অন্যান্য অনগ্রসর শ্রেণির (তফশিলি জাতি, উপজাতি বাদে) শিক্ষায় এবং চাকুরিতে সংরক্ষণের কাজ কোন্ পর্যায়ে আছে ; এবং

(খ) এ পর্যন্ত কত সংখ্যক ওই শ্রেণীভুক্তকে শংসাপত্র দেওয়া হয়েছে ?

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যে অন্যান্য অনগ্রসর শ্রেণির (তফশিলি জাতি, উপজাতি বাদে) শিক্ষায় ভর্তির ক্ষেত্রে ৭% সংরক্ষণের ব্যবস্থা আছে। ওই শ্রেণির জন্য সরকারি চাকুরিতে মোট ১৭% সংরক্ষণের ব্যবস্থা আছে, যার মধ্যে ও.বি.সি.-এ ক্যাটেগরি-ভুক্তদের জন্য সংরক্ষণের মাত্রা ১০% এবং ও.বি.সি.-বি ক্যাটেগরির ক্ষেত্রে ওই সংরক্ষণের মাত্রা ৭%।

(খ) ১৯৯৮ সাল থেকে ২০১১ সালের জুলাই মাস পর্যন্ত অন্যান্য অনগ্রসর শ্রেণির মোট ৭,৬৭,৫৭৭টি শংসাপত্র দেওয়া হয়েছে। এর মধ্যে ২০১০-এর নভেম্বর থেকে ২০১১-এর জুলাই পর্যন্ত মোট ১,০৩,৪৮৪ জনকে ও.বি.সি.-এ এবং ৬৯,১৩৪ জনকে ও.বি.সি.-বি ভুক্ত শংসাপত্র দেওয়া হয়েছে। বাকি শংসাপত্রগুলি এই বিভাজনের আগের ও.বি.সি. শংসাপত্র।

শিল্প তালুকের সংখ্যা

*১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬০২) শ্রী অসিত মিত্র : ক্ষুদ্র ও ছোটো উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০শে জুন, ২০১১ তারিখ সাপেক্ষে রাজ্যে মোট কতগুলি শিল্প তালুক আছে (জেলাভিত্তিক তথ্য সহ) ?

ক্ষুদ্র ও ছোটো উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যে মোট শিল্প তালুকের সংখ্যা (জেলাভিত্তিক তথ্যসহ) নিম্নে বর্ণিত হল :

ক্র. নং	জেলা	শিল্প তালুকের সংখ্যা	কার্যকরী শিল্প তালুক ও নির্মীয়মাণ তালুক	বাণিজ্য তালুক	কার্যকরী বাণিজ্য তালুক
১।	কলকাতা	১২টি	**কার্যকরী শিল্প তালুক** ১. উদয়ন ২. বেলিয়াঘাটা ৩. ট্যাংরা-I	৪টি	১. বেহালা ২. ফিয়ার্স লেন ৩. শিল্প ভবন

ক্র. নং	জেলা	শিল্প তালুকের সংখ্যা	কার্যকরী শিল্প তালুক ও নির্মীয়মাণ তালুক	বাণিজ্য তালুক	কার্যকরী বাণিজ্য তালুক
			৪. ট্যাংরা-II ৫. খিদিরপুর ৬. কসবা-I ৭. কসবা-II ৮. কসবা-III ৯. বেহালা ১০. মানিকতলা ১১. উল্টোডাঙ্গা ১২. তারাতলা		
২।	হাওড়া	৪টি	**কার্যকরী শিল্প তালুক** ১. বালটিকুরি ২. বাউরিয়া ৩. শিবপুর-I ৪. শিবপুর-II	১টি	১. হাওড়া ময়দান
৩।	উত্তর ২৪ পরগনা	১টি	**কার্যকরী শিল্প তালুক** ১. অশোক নগর	শূন্য	শূন্য
৪।	দক্ষিণ ২৪ পরগনা	২টি	**কার্যকরী শিল্প তালুক** ১. সন্তোষপুর ২. বারুইপুর	শূন্য	শূন্য
৫।	নদীয়া	৩টি	**কার্যকরী শিল্প তালুক** ১. কল্যাণী-I ২. কল্যাণী-II **নির্মীয়মাণ শিল্প তালুক** ১. কল্যাণী-III	শূন্য	শূন্য
৬।	মেদিনীপুর (পূর্ব)	১টি	**কার্যকরী শিল্প তালুক** ১. খড়্গপুর	শূন্য	শূন্য
৭।	মেদিনীপুর (পশ্চিম)	১টি	**কার্যকরী শিল্প তালুক** ১. হলদিয়া	শূন্য	শূন্য
৮।	বর্ধমান	৫টি	**কার্যকরী শিল্প তালুক** ১. দুর্গাপুর ২. দুর্গাপুর আর. আই.পি.	১টি	১. দুর্গাপুর

ক্র. নং	জেলা	শিল্প তালুকের সংখ্যা	কার্যকরী শিল্প তালুক ও নির্মীয়মাণ তালুক	বাণিজ্য তালুক	কার্যকরী বাণিজ্য তালুক
			৩. শক্তিগড় ৪. দুর্গাপুর ই.পি.আই.পি. নির্মীয়মাণ শিল্প তালুক ১. দুর্গাপুর-II		
৯।	মুর্শিদাবাদ	২টি	কার্যকরী শিল্প তালুক ১. বহরমপুর ২. রেজিনগর (নির্মীয়মাণ)	১টি	১. বহরমপুর
১০।	বীরভূম	৩টি	কার্যকরী শিল্প তালুক ১. বোলপুর-I ২. বোলপুর-II নির্মীয়মাণ শিল্প তালুক ১. বক্রেশ্বর	১টি	সিউড়ি
১১।	মালদা	শূন্য	—	১টি	মালদা
১২।	উত্তর দিনাজপুর	১টি	নির্মীয়মাণ শিল্প তালুক ১. ইলুয়াবারি	১টি	রায়গঞ্জ
১৩।	জলপাইগুড়ি	৩টি	কার্যকরী শিল্প তালুক ১. শিলিগুড়ি ২. দেবগ্রাম নির্মীয়মাণ শিল্প তালুক ১. আমবাড়ি ফালাকাটা	শূন্য	—
	মোট	৩৮	(৩৩ + ৬)	১০	৯

গড়িয়া বাণিজ্য তালুক বর্তমানে বিচারাধীন অবস্থায় থাকার কারণে বণ্টনযোগ্য নহে।

নির্মীয়মাণ শিল্পতালুকের তালিকা (কাজ চলছে) :

১. আমবাড়ি ফালাকাটা (জলপাইগুড়ি)
২. ইলুয়াবারি (উত্তর দিনাজপুর)
৩. কল্যাণী ফেজ-III (নদীয়া)
৪. দুর্গাপুর ফেজ-II (বর্ধমান)
৫. বোলপুর ফেজ-II (বীরভূম)
৬. বক্রেশ্বর (বীরভূম)
৭. রেজিনগর (মুর্শিদাবাদ)

বৈরীপাল ড্যামের পুনর্নির্মাণ

*১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৭) শ্রী উপেন কিস্কু : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, জঙ্গলমহলের অন্তর্গত বাঁকুড়া জেলার বৈরীপাল ড্যামটি জলের তোড়ে ভেঙে গেছে ; এবং

(খ) সত্যি হলে, ড্যামটি পুনরায় নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এটি সেচ দপ্তরের অন্তর্ভুক্ত নয়।

(খ) সেচ ও জলপথ দপ্তর থেকে ওইরূপ কোনো পরিকল্পনা বর্তমানে নেই।

Erosion of Rivers

*146. (Admitted Question No. *799) **Shri Joseph Munda :** Will the Minister-in-Charge of the Irrigation and Waterways Department be pleased to state—

the steps taken by the Government for stopping erosion in Jaldhaka. Diana, Mal, Murti and Kurti Rivers as on 30th June, 2011 ?

Minister in-Charge of the Irrigation & Waterways Deptt.

The steps taken by the Government for stopping erosion for the following Rivers are :

Jaldhaka : Both the banks of river Jaldhaka are protected and there are several embankments at various places. But at some places the problem of erosion is there due to shortening of the waterway. Protective measures have already been undertaken at several places at Betgara/Maynaguri block at left bank of river Jaldhaka at an estimated cost of Rs. 96,48,000/- and the source of fund is Uttarbanga Unnayan Parshad but due to the onset of the Monsoon a few works are still in the incomplete stage.

Diana : Chengmani Embankment which is situated in the left bank of the river Diana is a flood protective embankment nevertheless some protective measures have already been undertaken during the Monsoon. However in the downstream of river Diana a scheme has been prepared on Dhumpara Embankment (left bank

of the river) at an estimated cost of Rs. 24.85 Lakhs. Effected length is 175m. The work will be taken up upon identification of suitable source of funding.

Mal : Some protective measures had already undertaken on the left bank of river Mal at Malkhola near Songachi Tea Estate. A scheme had already been prepared at the downstream of Salbani Embankment an estimated cost of Rs. 150 lakhs for protecting a length of 1.20 km to 1.50 km which will be placed in the next Board of Technical Committee (BTC) meeting.

Murti : A scheme on the right bank of river Murti is under preparation from road bridge on NH-31 to the downstream for a length of 1.0 km.

Kurti : At the confluence point of river Neora and Kurti at Chawafully a work is being taken up for protection of embankment (left bank). Tender had already been finalized. Estimated cost– Rs. 49 lakhs. Work will be taken up after Monsoon.

*147. (Held Over)

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received seven notices of Calling Attention on the following subjects, namely :

	Subjects	Name
(i)	Deplorable condition of Basta-Fatepur Road (via-Khidirpore) in Harishchandrapur Block-2	: Shri Tajmul Hossain
(ii)	Alleged illegal transfer of vested land to a private Engineering College in Chinsurah	: Shri Asit Mazumdar
(iii)	Damage of crops in Ratua Block-I and Harishchandrapur Block-2 Malda due to flood	: Shri Abdur Rahim Boxi & Shri Narmada Chandra Roy

(iv)	Apprehended stalemate condition of Burdwan University, Kalyani University and Jadavpur University due to non-submission of outstanding accounts	: Shri Kashinath Mishra & Shri Asutosh Mukherjee
(v)	Delay in appointment of A.N.M. in Galsi	: Shri Sunil Kumar Mandal
(vi)	Inadequate supply of relief materials in flood affected Amta Block	: Shri Asit Mitra
(vii)	Revised rate of compensation for damage of crop and vegetables by elephants	: Shri Nepal Mahata & Shri Umapada Bauri

I have selected the notice of Shri Asit Mitra on the subject of inadequate supply of relief materials in flood affected Amta Block.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রী অসিত মিত্র যে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব দিয়েছেন, সেই সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রীর সঙ্গে কথা বলে তার উত্তর আমি এই মহতি সভায় পেশ করবার জন্য অনুরোধ জানাব।

Mr. Speaker : Now I call upon the Chief Minister and Minister-in-Charge of the Health and Family Welfare Department to make a statement on the subject of treatment for AIDS affected patients.

(Attention called by Shri Kashinath Mishra on the 16th August, 2011)

Mr. Speaker : Now I call upon the Chief Minister and Minister-in-Charge of the Home (Police) Department to make a statement on the subject of proposal for setting up of a new Police Station at Bhaluka in Harishchandrapur Block-II.

(Attention called by Shri Tajmul Hossain on the 18th August, 2011)

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রী কাশীনাথ মিশ্র এবং মাননীয় সদস্য শ্রী তজমুল হোসেন দুটো গুরুত্বপূর্ণ বিষয়ের উপর সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী, যার দায়িত্বপ্রাপ্ত হচ্ছেন স্বয়ং মুখ্যমন্ত্রী, তাঁর দৃষ্টি আকর্ষণ করেছেন। বিষয়টা এখনও আলোচনার স্তরে আছে। পরবর্তী সময়ে এই দুটো ক্ষেত্রেই সংশ্লিষ্ট মন্ত্রী উত্তর দেবেন।

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge of the Animal Resources Development Department to make a statement on the subject to steps taken by the Government for appointment of 'Pranibandhu', and sanction of allowance to them.

(Attention called by Shri Nepal Mahata on the 23rd August, 2011)

শ্রী নুরে আলম চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে, প্রাণীবন্ধু সংক্রান্ত যে প্রশ্নগুলো এসেছে তার উত্তরগুলো আমি দিচ্ছি।

১। কৃত্রিম প্রজনন, দোহ ক্ষেত্রের উন্নতিসাধনের পক্ষে একটি গুরুত্বপূর্ণ বিষয়। প্রাণীবন্ধুরা কৃত্রিম প্রজননের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। এরা স্থনিযুক্ত কর্মী।

২। পূর্বতন সরকার প্রাণীবন্ধুদের আর্থিক সুবিধা প্রদানের কথা ভেবেছিলেন। কিন্তু আদর্শ নির্বাচনবিধি বলবৎ হওয়ার কারণে কোনও সরকারী নির্দেশিকা জারি করা হয়নি।

৩। বর্তমানে পশ্চিমবঙ্গে প্রজননক্ষম গাভীর সংখ্যা প্রায় ৬৮ লক্ষ। ২০১০-১১ আর্থিক বছরে কৃত্রিম প্রজননের লক্ষ্যমাত্রা ছিল ৩৫ লক্ষ। এর মধ্যে কৃত্রিম প্রজনন করা সম্ভব হয়েছে ৩২.৯ লক্ষ। সাধারণভাবে কৃত্রিম প্রজননের সাফল্যের হার ৩ : ১। ফলে ৬৮ লক্ষ প্রজননক্ষম গাভীর মধ্যে মাত্র ১১ লক্ষ গাভীকে সফলভাবে ২০১০-১১ সালে কৃত্রিম প্রজনন পরিষেবার আওতায় আনা সম্ভব হয়েছে। ২০১১-১২ আর্থিক বছরে কৃত্রিম প্রজননের লক্ষ্যমাত্রা ৩৭ লক্ষ।

৪। সাধারণত একজন প্রাণীবন্ধু ১০০০ প্রজননক্ষম গাভীকে পরিষেবা দিতে পারেন। বর্তমানে আমাদের রাজ্যে ৩০৯৭ জন প্রাণীবন্ধু আছেন। ২০১০-১১ সালে একজন প্রাণীবন্ধু গড়ে প্রতিমাসে ৬১টি করে কৃত্রিম প্রজনন করতে পেরেছেন।

৫। পশ্চিমবঙ্গ গোসম্পদ বিকাশ সংস্থা থেকে প্রাণীবন্ধুরা ২০ টাকা দরে প্রতিটি সিমেন স্ট্র ক্রয় করেন। কৃষকদের থেকে প্রতিটি কৃত্রিম প্রজননের জন্য ৬০ টাকা করে নেন। এর সঙ্গে প্রতিটি কৃত্রিম প্রজননের জন্য ১২ টাকা করে উৎসাহ ভাতা দেওয়া হয় পশ্চিমবঙ্গ গোসম্পদ বিকাশ সংস্থার তরফ থেকে।

এছাড়াও আনুমানিক অন্যান্য পরিষেবার জন্য নিম্নলিখিত হারে অর্থ নিয়ে থাকেন—

(ক) প্রাথমিক প্রাণী চিকিৎসা বাবদ — প্রাণী পিছু ১০ টাকা
(খ) বড় প্রাণীর টিকাকরণ — প্রাণী পিছু ৫ টাকা
(গ) ছোটো প্রাণীর টিকাকরণ — প্রাণী পিছু ১ টাকা
(ঘ) হাঁস ও মুরগীর টিকাকরণ — প্রাণী পিছু ২৫ পয়সা

৬। প্রাণীবন্ধুরা গোখাদ্য বিক্রয়, প্রাণী বিমা, বলদিকরণ ও খাসীকরণ, প্রাণী সুমারী (৫ বছর অন্তর) ইত্যাদির মাধ্যমে অতিরিক্ত অর্থ উপার্জন করতে পারেন।

৭। গোসম্পদ বিকাশ সংস্থার তরফ থেকে জনতা ব্যক্তিগত দুর্ঘটনা বিমার আওতায় সকল প্রাণীবন্ধুকে আনা হয়েছে।

৮। হিসাব করে দেখা গেছে যদি কোনো প্রাণীবন্ধু প্রতিমাসে ৬০টি করে কৃত্রিম প্রজনন করেন তাহলে সেই বাবদ এবং অন্যান্য পরিষেবা থেকে তার আনুমানিক মাসিক আয় ৫০০০ টাকা। যদি তিনি মাসে ১২০টি কৃত্রিম প্রজনন করেন তাহলে তার মাসিক আয় হবে ৮৫০০ টাকা।

৯। দ্বাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে কৃত্রিম প্রজনন এর ক্ষেত্রে ১০০% লক্ষ্যমাত্রা পূরণ করা প্রয়োজন।

১০। উপরি-উক্ত বিষয়গুলির পরিপ্রেক্ষিতে প্রাণীবন্ধুদের আর্থিক সুবিধা প্রদান সংক্রান্ত ব্যাপারটি সামগ্রিকভাবে পর্যালোচনা ও খুঁটিয়ে দেখা প্রয়োজন।

[12.10–12.20 p.m.]

শ্রী নেপাল মাহাত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী আমার কলিং অ্যাটেনশনের উত্তরে জানালেন প্রাণীবন্ধুদের বর্তমান স্ট্যাটাস কি বা তারা কি সুযোগ-সুবিধা পেয়ে থাকে। আপনি যে বিবৃতি দিলেন তার উপর ভিত্তি করেই আমি মাননীয় মন্ত্রীকে প্রশ্ন করতে চাই যে স্যার লাইভ স্টক ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট যারা আছে—এল.ডি.এ. পোস্ট সেগুলো বেশিরভাগ গ্রাম পঞ্চায়েতে খালি আছে। আপনার বিবৃতিতে আছে বিগত সরকার এই প্রাণীবন্ধুদের ভাতা দেওয়ার কথা ঘোষণা করেছিলেন। খবরের কাগজে দেওয়া হয়েছিল। এই যে বিবৃতি আপনি দিলেন পাঁচ হাজার, ছয় হাজার টাকা তাদের রোজগার হয়। মোটেই এর সঙ্গে বাস্তবের মিল নেই। তাদের রোজগার কিছু হয় না বললেই চলে। অনেকগুলো আইটেম এখন বন্ধ হয়ে গেছে। আমি স্যার, মাননীয় মন্ত্রীকে স্পেসিফিক প্রশ্ন করতে চাই এই যে ভাতা যেটা বাড়ানোর কথা ছিল সেই বিষয়ে এবং এল.ডি.এ. যে পোস্টগুলো খালি আছে সেগুলো অ্যাপয়েন্টমেন্ট দেওয়ার ক্ষেত্রে কিছু অগ্রাধিকার দেওয়া, এই দুটো বিষয়ে এদের কাজে লাগানোর জন্য আপনার কিছু চিন্তা-ভাবনা আছে কি ? কারণ গ্রামে গঞ্জে গবাদি পশুদের যে চিকিৎসা সেটা মোটামুটি উঠে গেছে। এল.ডি.এ. বা এইসব পোস্টগুলো খালি থাকার জন্য। এই বিষয়টা পূরণ করার জন্য এই লোকগুলো খুব কাজে লাগে। ভাতা কিছু

বাড়িয়ে দিয়ে ইনটারেস্ট জাগানো বা এল.ডি.এ. পোস্টগুলোকে এদের মাধ্যমে ফিল আপ করা, এই নিয়ে আপনার কিছু চিন্তা-ভাবনা আছে কিনা ?

শ্রী নুরে আলম চৌধুরী : আমি প্রথমে আপনাদের বলেছিলাম যে প্রাণীবন্ধুরা স্ব-নিযুক্ত কর্মী। সেলফ এমপ্লয়েড পার্সন। তাছাড়া, বর্তমানে এদের সংখ্যা তিন হাজার সাতানব্বই। প্রায় তিন হাজার একশো। আর এল.ডি. পোস্ট এর সঙ্গে কিছু খালি আছে। সেগুলো নিয়ে নিশ্চয়ই ভাবনা-চিন্তা হবে। সেগুলো ভরতি করার জন্য আমরা ভাবনা-চিন্তা করব।

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge of the Agriculture Marketing Department to make a statement on the subject of steps taken by the Government to control high prices of essential vegetables.

(Attention called by Shri Ajoy Dey on the 24th August, 2011)

The Minister-in-Charge is not present in the House at the moment. After coming to the House, he will give the statement.

(গোলমাল)

শ্রী অজয় দে : স্যার আফটার মানে কি ? এটা কি সেকেন্ড হাফে হবে ? আপনি সময় উল্লেখ করে দিন। আপনি রুলিং দিন।

মিঃ স্পীকার : মাননীয় পরিষদীয় দলের মন্ত্রীকে আমি অনুরোধ করব যে কলিং অ্যাটেনশনটা মিনিস্টার ইন চার্জ অব এগ্রিকালচার মার্কেটিং ডিপার্টমেন্টের উদ্দেশ্যে করা হয়েছে, তাঁর দৃষ্টি আকর্ষণ করে তাঁকে অন্তত আজকে হাউসে আসবার জন্য যেন বলা হয়।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী অরূপ রায় এই মুহূর্তে নেই। কিন্তু বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং যেহেতু এখানে তাঁর বিবৃতি দেওয়ার দরকার, আমি তাঁর সঙ্গে যোগাযোগ করছি। আপনি যদি অনুমতি দেন, তাহলে দ্বিতীয়ার্ধে শুরুর মুখেই তিনি দিতে পারেন। অনুমতি দিলে তা দেবেন। তা নাহলে কাল দেবেন।

Mr. Speaker : Thank you.

Now, I call upon the Minister-in-Charge of the Power Department to make a statement on the subject of steps taken by the Government to speedy implementation of the "Rajiv Gandhi Gramin Bidyut Yojana" Prakalpa.

(Attention called by Dr. Asish Banerjee on the 25th August, 2011)

শ্রী মণীশ গুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ক ডাঃ আশীষ ব্যানার্জী মহাশয় কর্তৃক উত্থাপিত বিধানসভায় দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের পরিপ্রেক্ষিতে আমি আপনার অনুমতি নিয়ে নিম্নবর্ণিত বিবৃতি এই সভায় পেশ করছি।

বিগত সরকার গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পে প্রয়োজনীয় গুরুত্ব দেননি। ২০০১ সালের পরিসংখ্যান (Census) অনুযায়ী মাত্র ১৭ শতাংশ গ্রামীণ বাড়িতে বিদ্যুৎ ছিল এবং মে, ২০১১ পর্যন্ত ৪৭ শতাংশ গ্রামীণ বাড়িতে বিদ্যুৎ পৌঁছেছে। অর্থাৎ বিগত দশকে গ্রামীণ এলাকায় মাত্র ৩০ শতাংশ বাড়ি বিদ্যুৎ পরিষেবার আওতায় এসেছে।

কেন্দ্রীয় সরকার ২০০৪ সালে রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকরণ যোজনায় কয়েকটি প্রকল্পের অনুমোদন দেন। এরপর ২০০৯ সালে রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকরণ যোজনায় একাদশ পরিকল্পনায় কেবলমাত্র শতাধিক জনবসতিপূর্ণ এলাকায় ট্রান্সফর্মার (Transformer) স্থাপনসহ অন্যান্য কাজের মাধ্যমে বৈদ্যুতিকরণের কাজ শুরু হয়। কিন্তু বিভিন্ন স্থানে অল্প কয়েকটি বি.পি.এল. পরিবার, যারা মূল বসতি থেকে বিচ্ছিন্নভাবে বেশ কিছুটা দূরে বাস করছে তাদের জন্য সেইসব এলাকায় বিদ্যুৎ পরিকাঠামো গড়ে তোলার কোনো পরিকল্পনা নেওয়া হয়নি। পূর্বতন রাজ্য সরকারও বিষয়টিতে গুরুত্ব দেননি।

বিগত সরকার ফেব্রুয়ারি ২০০৯-এ টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে এই প্রকল্প রূপায়ণের জন্য বিভিন্ন জেলায় টার্ন-কী কন্ট্রাক্টরদের নিয়োগ করেন। কিন্তু কোথাও কোথাও অযোগ্য কন্ট্রাক্টরদের গাফিলতিতে প্রকল্প রূপায়ণে দেরি হয় যেমন হাওড়া, দক্ষিণ ২৪-পরগনা ও বীরভূম জেলার কিছু অংশে মেসার্স রাম স্বরূপ ইন্ডাস্ট্রিজ লিমিটেড (M/s. Ram Swarup Industries Ltd.), কোচবিহার ও দক্ষিণ ২৪-পরগনা জেলার কিছু অংশে মেসার্স বিজয় ইলেক্ট্রিকালস্ লিমিটেড (M/s. Vijay Electricals Ltd.) এবং নদীয়া ও বীরভূম জেলার কিছু অংশে মেসার্স কে.ই.সি. ইন্টারন্যাশনাল লিমিটেড (M/s. KEC International Ltd.) ইত্যাদি। শুরু থেকেই এদের কাজে বিলম্ব পরিলক্ষিত হয়। এর মধ্যে মেসার্স রাম স্বরূপ ইন্ডাস্ট্রিজ লিমিটেড (M/s. Ram Swarup Industries Ltd.)-কে বাতিল করে পরিবর্ত কন্ট্রাক্টর নিয়োগ করা হয়েছে। উপরে উল্লিখিত অবশিষ্ট কন্ট্রাক্টরদের শো-কজ করা হয়েছে।

এই সব নানাবিধ কারণে রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পে বিদ্যুতিকরণের কাজ বিলম্বিত হয়েছে।

আগে রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পের তদারকি হত মূলত ইঞ্জিনীয়ার এবং আধিকারিক পর্যায়ে। জেলা পর্যায়ে তদারকি কমিটিতে স্থানীয় সাংসদ, বিধায়ক এবং জেলা শাসকগণ অন্তর্ভুক্ত আছেন। এই কমিটিকে আগের সরকার গুরুত্ব দিতেন না। বর্তমান রাজ্য সরকার এই কমিটিকে গুরুত্ব দিচ্ছেন যাতে কাজের অগ্রগতি ত্বরান্বিত হয়। ওই স্তরগুলি ছাড়া এখন মন্ত্রী স্তরেও নিয়মিতভাবে তদারকি করা হচ্ছে।

বিদ্যুৎ সংযোগ যাতে এ.পি.এল. / বি.পি.এল. নির্বিশেষে সকলের কাছে সব জায়গায় পৌঁছানো যায় সে ব্যাপারে উদ্যোগ নেওয়া হয়েছে। উপরন্তু উপভোক্তা যদি বি.পি.এল. তালিকাভুক্ত হন, তবে তিনি সম্পূর্ণ বিনামূল্যে বিদ্যুৎ সংযোগ পেতে পারেন। এছাড়াও

বর্তমানে মাত্র ৩৭৯ টাকা দিয়ে যে কোনো ব্যক্তি যে কোনো জায়গায় ন্যূনতম বিদ্যুৎ সংযোগ পেতে পারেন। তাঁকে খুঁটির খরচ বা অন্য কোনো পরিকাঠামোর খরচ দিতে হবে না।

গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য যে কটি প্রকল্প চালু রয়েছে সেগুলিকে সুসংহত করা হচ্ছে। যে সব জায়গায় ঘাটতি আছে সেখানে প্রয়োজনীয় অর্থের সংস্থান করে এবং প্রশাসনিক ব্যবস্থায় গতি এনে রাজ্য সরকার সুষ্ঠুভাবে গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ করবে। আগামী তিন বছরের মধ্যে সমগ্র পশ্চিমবঙ্গে ঘরে ঘরে বিদ্যুৎ পরিষেবা পৌঁছে দেওয়া হবে।

[12.20–12.30 p.m.]

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে জানাই, মাননীয় মন্ত্রী মহাশয় যে উত্তর দিয়েছেন, তারপর আর বাড়তি প্রশ্ন করার কোনো অবকাশ নেই। কারণ, আগের সরকার কি করেছেন, সেই ব্যাপারে আমরা সবাই ভুক্তভোগী। বিধায়কদের, সাংসদদের কোথাও ডেকে তারা কমিটির কাজ করতেন না এবং এখানে আমার একটিই নিবেদন যে, যে ক্রিটিক্যাল গ্যাপগুলো আছে, অর্থাৎ যে সমস্ত জায়গায় হয়তো চারটে খুঁটি দিলে একটা গোটা গরীব পাড়াতে বিদ্যুতটা চলে যাবে, সেখানে সার্ভে করার সময় যেটা হয়েছে, সি.পি.এম.-এর নেতারাই ঘুরিয়ে ঘুরিয়ে সার্ভে করিয়ে দিয়েছেন। তো স্বাভাবিকভাবেই বঞ্চিত হয়েছেন গরীব মানুষ। আমি আপনার কাছে সেই অনুরোধ করছি যে, যে সমস্ত জায়গায় চারটে, পাঁচটা পোল দিলে গোটা গ্রাম বৈদ্যুতিকরণের আওতায় আসবে, সেই রকম কোনো ব্যবস্থা গ্রহণের পরিকল্পনা কি আপনি করবেন ?

শ্রী মণীশ গুপ্ত : আমি যেটা আগেই বললাম, মূল ব্যাপারটা হচ্ছে যে, এই গ্রামীণ বৈদ্যুতিকরণের কয়েকটা বিষয়বস্তু আছে। যারা দূরে থাকেন, সেখানে যখন লাইন টানা হচ্ছে, তার মাঝখানে এ.পি.এল. যারা আছেন, তারা ওই পোল ইত্যাদি তুলে নিয়ে, চুরি করে নিয়ে যাচ্ছে। এগুলো একটা বিশৃঙ্খলার ব্যাপার। এটা আমরা দেখছি। জনপ্রতিনিধি যাঁরা আছেন, তাঁদের সবাইকে—দল নির্বিশেষে তাঁদের সহযোগিতা নিয়ে আমরা এই প্রবলেমগুলো সমাধান করব।

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge of the Animal Resources Development Department to make a statement on the subject of steps taken by the Government to improve infrastructure of veterinary hospitals in the State.

(Attention called by Debasree Ray on the 26th August, 2011)

শ্রী নুরে আলম চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমানে রাজ্যে গৃহপালিত প্রাণী চিকিৎসালয়ের সংখ্যা—

(ক)	জেলা প্রাণী চিকিৎসা কেন্দ্রের সংখ্যা	—	১৮টি
(খ)	রাজ্য প্রাণী চিকিৎসা কেন্দ্রের সংখ্যা	—	৯৩টি

(গ) ব্লক প্রাণী চিকিৎসা কেন্দ্রের সংখ্যা — ৩৩৯টি

(ঘ) অতিরিক্ত ব্লক প্রাণী চিকিৎসা কেন্দ্রের সংখ্যা — ২৭১টি

উপরোক্ত প্রাণী চিকিৎসালয়ের মাধ্যমে প্রাণী চিকিৎসার ব্যবস্থা বর্তমানে চালু আছে। এছাড়াও কলকাতার বেলগাছিয়ায় একটি, সল্টলেকে একটি ও আলিপুরে একটি প্রাণী চিকিৎসা কেন্দ্র আছে।

সামগ্রিকভাবে এগুলির মান সর্বত্র সমান নয়। বর্তমান চাহিদা অনুসারে এগুলির মান বাড়ানোর পক্ষে কিছু বাস্তবসম্মত পরিকল্পনার প্রয়োজন। অভিজ্ঞ ও দক্ষ শল্য চিকিৎসক ও প্রজনন বিশেষজ্ঞের অভাব রয়েছে। এজন্য কর্মরত চিকিৎসকদের আধুনিক প্রশিক্ষণ ও বর্তমানে বিশ্ববিদ্যালয়ে পাঠরত ছাত্র ছাত্রীদের পঠন-পাঠনের মান উন্নয়ন করা প্রয়োজন। বর্তমানে শিলিগুড়ি মহকুমা খড়িবাড়ি ও নকশালবাড়ি ব্লক উন্নয়নে কোনো ব্লক প্রাণী স্বাস্থ্য কেন্দ্র নেই। ৭৭টি ব্লকে মাত্র একটি করে প্রাণী চিকিৎসা কেন্দ্র রয়েছে। মানুষের কাছে পরিষেবা পৌঁছে দিতে চিকিৎসা কেন্দ্রের সংখ্যা বাড়ানো প্রয়োজন। বর্তমানে রাজ্যর ৩৩৫৪টি গ্রামপঞ্চায়েতের মধ্যে প্রাথমিক চিকিৎসা কেন্দ্র রয়েছে ২৬৫২টিতে। অর্থাৎ আরও চিকিৎসা কেন্দ্রের প্রয়োজন রয়েছে। শুধু তাই নয়, এই সব চিকিৎসা কেন্দ্রে বহু পদ শূন্য আছে। শূন্য পদগুলি পূরণ করা প্রয়োজন।

প্রাণী চিকিৎসায় গুরুত্বপূর্ণ অঙ্গ হল দ্রুত রোগ নির্ণয় ও টিকাকরণ। বেলগাছিয়াতে প্রাণী সম্পদ বিকাশ বিভাগের অধীনে সর্বাধুনিক মানের রোগ নির্ণায়ক পরীক্ষাগার ও টিকা উৎপাদন কেন্দ্র রয়েছে। এছাড়াও বিভিন্ন জেলায় আরও পাঁচটি পরীক্ষাগার রয়েছে। আরও বেশি সংখ্যায় রোগ নির্ণায়ক পরীক্ষাগারের বিশেষ প্রয়োজন।

এছাড়াও প্রাণী কল্যাণে অ্যানিম্যাল ওয়েলফেয়ার বোর্ড এ রাজ্যে রয়েছে। সমাজের বিভিন্ন স্তরের মানুষ এক সঙ্গে যুক্ত। তাদের এই প্রচেষ্টাকে অভিনন্দন জানাই। আমাদের রাজ্যে রয়েছে 'প্রিভেনশন অব ক্রুয়েলটি টু অ্যানিম্যাল' আইন। মানুষকে সঙ্গে নিয়ে আইনকে প্রয়োগ করার লক্ষ্যে বিশেষ প্রচার প্রয়োজন।

রাজ্যের প্রাণীপালনের সঙ্গে যুক্ত গরীব মানুষের স্বার্থে প্রাণী চিকিৎসা পরিষেবার সামগ্রিক মান উন্নয়নের জন্য মাননীয় সদস্য / সদস্যদের ঐকান্তিক সহযোগিতা একান্ত কাম্য। গৃহপালিত পশু-পাখির কল্যাণে এই বিভাগের অবিরাম প্রচেষ্টা আমাদের কাঙ্খিত লক্ষ্যে পৌঁছে দেবে এই বিশ্বাস রাখি।

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge of the Public Works Department to make a statement on the subject of proposal for construction on a bridge at Lakhiaghat in Harishchandrapur Block-II.

শ্রী সুব্রত বক্সী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্য শ্রী তজমুল হোসেন মহাশয় কর্তৃক উত্থাপিত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবে জানাতে চাই যেহেতু

সংশ্লিষ্ট রাস্তাটি মালদা জেলা পরিষদের আওতাধীন, সুতরাং ব্রিজ নির্মাণের প্রস্তাবটি যদি পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বপ্তরের ছাড়পত্র ও জেলা পরিকল্পনা কমিটির (D.P.C.) অনুমোদনসহ সংশ্লিষ্ট জেলা পরিষদের মাধ্যমে পূর্ত (সড়ক) দপ্তরে আসে তাহলে ২০১১-১২ আর্থিক বর্ষে অতিরিক্ত অর্থ সংস্থান করে প্রস্তাবিত ব্রিজ নির্মাণকার্য রূপায়ণের সমস্ত দিক খতিয়ে দেখা হবে।

স্যার, আমি একটা কথা আপনার মাধ্যমে বলতে চাই এটা সংসদের কিছুটা সময় নষ্ট তার কারণ যে আবেদনগুলো উল্লেখ পর্বে আসতে পারে সেই আবেদনগুলো যদি দৃষ্টি আকর্ষণী প্রস্তাবে আসে তাহলে সভার কিছুটা সময় নষ্ট হয়। সদস্যদের বলবেন যে সব আবেদন উল্লেখ পর্বে আসা উচিত সেগুলো উল্লেখ পর্বেই উল্লেখ করলে হয়তো কাজ চালাতে সরকারের সুবিধা হবে।

PRESENTATION OF COMMITTEE REPORT

First Report of the Standing Committee on Science & Technology, Information Technology and Bio-Technology (2011-2012)

Shri Khagendra Nath Sinha: Mr. Speaker, Sir, I beg to present the First Report of the Standing Committee on Science & Technology, Information Technology and Bio-Technology (2011-2012) based on the Action taken by the Government on the recommendations as contained in the First Report of the Committee (2009-2010) on the Activities of the Department of Bio-Technology, Government of West Bengal.

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Reports of the Comptroller and Auditor-General of India relating to the accounts of Government of West Bengal for the year 2009-2010

Dr. Amit Mitra: Speaker, Sir, I beg to lay the reports of the Comptroller and Auditor General of India for the year ended 31st March, 2010 pertaining to the Government of West Bengal as follows– (i) Report of the Comptroller and Auditor-General of India (Revenue Receipts) for the year 2009-2010; (ii) Report of the Comptroller and Auditor-General of India (commercial) for the year 2009-2010; (iii) Report of the Comptroller and Auditor-General of India (State Finances) for the year 2009-2010; and (iv) Report of the Comptroller and Auditor-General of India (Civil) for the year 2009-2010.

The 57th Annual Report and Accounts of the West Bengal Financial Corporation for the year 2010-2011

Dr. Amit Mitra : Hon'ble Speaker, Sir, with your kind permission I beg to lay before the Assembly the 57th Annual Report and Accounts for the year 2010-2011 on the working and affairs of the West Bengal Financial Corporation under section 38(2) of the State Financial Corporation Act, 1951 amended upto 2000.

The Audit Report, Audit Certificate and Certified Accounts in respect of the West Bengal Housing Board for the year 2009-2010.

[12.30-12.40 p.m.]

Mr. Speaker : Now, I see Mr. Arup Roy, Minister-in-Charge of the Agriculture Marketing Department, is present here. Calling Attention Notice could not be taken due to his absence. I would request the Hon'ble Minister to be very particular in this respect because when the matters are coming up it is expected that the Minister will remain present.

However, I call upon the Minister-in-Charge of the Agriculture Marketing Department to make a statement on the subject of steps taken by the government to control high prices of essential vegetables.

শ্রী অরূপ রায় : স্পীকার সাহেব, আপনার মাধ্যমে আমি বিধায়ক অজয় দের প্রশ্নের উত্তর দিতে চাই। আমরা গত ২৮ তারিখে মুখ্যমন্ত্রীর নির্দেশে এবং মুখ্যমন্ত্রীও গত ২৭ তারিখে বিভিন্ন মার্কেটে যান এবং গিয়ে খোঁজ খবর নেন।

একটানা বৃষ্টির কারণে গ্রীষ্মকালীন সব্জির সরবরাহে ঘাটতি পড়ায় উদ্ভূত পরিস্থিতির মোকাবিলায় পশ্চিমবঙ্গ সরকার, পাইকারী ও খুচরো ব্যবসায়ীদের সঙ্গে আলোচনার পাশাপাশি বাজারগুলিতে সরকারী নজরদারি জোরদার করার ব্যবস্থা করেছেন।

(১) ২৮/০৮/২০১১ তারিখে কৃষিজ বিপণন মন্ত্রী, দপ্তরের সচিব, পশ্চিমবঙ্গ বিপণন পর্ষদের মুখ্য নির্বাহী আধিকারিক, অধিকর্তা এবং পাইকারী সব্জি ব্যবসায়ীদের সঙ্গে আলোচনা করে দাম কমানোর নির্দেশ দেওয়া হয়েছে।

(২) ২৯/০৮/২০১১ তারিখে মাননীয়া মুখ্যমন্ত্রী, কৃষিমন্ত্রী, কৃষিজ বিপণন মন্ত্রী, খাদ্যমন্ত্রী, স্বরাষ্ট্রসচিব ও অন্যান্য সরকারী আধিকারিকদের সঙ্গে মহাকরণে সামগ্রিকভাবে পশ্চিমবঙ্গের সব্জির দাম কমানোর ব্যাপারে পর্যালোচনা করে বাজারগুলির উপর নজরদারিসহ কোনো ব্যক্তি কৃত্রিমভাবে দাম বাড়াচ্ছে কিনা, সমস্ত বাজারের উপর নজর রাখতে নির্দেশ দেওয়া হয়েছে।

(৩) ৩০/০৮/২০১১ তারিখে মহাকরণে খুচরো সব্জি ব্যবসায়ীদের সঙ্গে মাননীয়া মুখ্যমন্ত্রী, স্বরাষ্ট্রসচিব, দপ্তরের সচিব ও অন্যান্য আধিকারিকগণ বৈঠক করেছেন।

উল্লিখিত বৈঠকে সরকার একটি টাস্ক ফোর্স গঠন করার সিদ্ধান্ত নিয়েছেন, যেটি সব্জির মূল্যের উপর নজরদারি করবে এবং সরকারকে এই মূল্য নিয়ন্ত্রণ করার ব্যাপারে পরামর্শ দেবে। এই টাস্ক ফোর্সে কৃষি বিপণন দপ্তর, উদ্যানপালন দপ্তরসহ কলকাতা পুলিশ ও পশ্চিমবঙ্গ পুলিশের আধিকারিকগণ থাকবেন। এই টাস্ক ফোর্সের সঙ্গে সব্জি বিপণনে যুক্ত পাইকারি এবং খুচরো ব্যবসায়ীদের দুজন করে প্রতিনিধিকেও যুক্ত করা হয়েছে।

শ্রী অজয় দে : মাননীয় মন্ত্রীকে আমার একটা অতিরিক্ত প্রশ্ন। আপনি ঠিকই বলেছেন, যে অতিবৃষ্টির জন্যই এই সমস্যাটা দেখা দিয়েছে। বিষয়টা হচ্ছে, আমি ইতিমধ্যেই দেখছি যে আপনার দপ্তর এবং মাননীয়া মুখ্যমন্ত্রী বেশ কতকগুলো পদক্ষেপ গ্রহণ করেছেন। আমি স্যার, আপনার কাছে স্পীকারের মাধ্যমে জানতে চাইছি—আমাদের টোটাল যে ডিমান্ড, এই ডিমান্ড এবং সাপ্লাইয়ের মধ্যে মারাত্মক একটা ঘাটতি হবেই। আমাদের রাজ্যের ডিমান্ড কত এবং ঘাটতি এই মুহূর্তে কত ? সেটা যদি আপনার কাছে থাকে একটু বলবেন। পাশাপাশি যে নজরদারির কথা বলছেন, সবাইতো জানেন কিছু ফড়ে বা ফড়িয়া যারা এটা লুট করছে এবং তাদের জন্য এই অবস্থা। এদের বিরুদ্ধে আইনগতভাবে ব্যবস্থা নেওয়ার ক্ষেত্রে আপনার কোনো পদক্ষেপ আছে কিনা ? যদি থাকে সেটা লাগু করবেন কিনা এবং আর না থাকলে এ ব্যাপারে কোনো চিন্তাভাবনা করছেন কিনা ?

শ্রী অরূপ রায় : আমরা এ ব্যাপারে চিন্তাভাবনা করছি। এখনও পর্যন্ত এরকম কোনো আইন নেই। আমরা চিন্তাভাবনা করছি কিভাবে এই মাঝখানে যারা মধ্যসত্বভোগী, যারা এভাবে দাম অতিরিক্ত বাড়িয়ে দিচ্ছে, তাদের ব্যাপারে কি ব্যবস্থা নেওয়া যায়। এ ব্যাপারে পরবর্তীকালে আলোচনার মাধ্যমে কিভাবে এই ব্যাপারগুলো রোধ করা যায়, সে ব্যাপারে ব্যবস্থা নেওয়া হবে।

MENTION CASES

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আজকে....

মিঃ স্পীকার : এটা হয়ে গেছে। This has already been elaborately discussed, মিঃ হোসেন। এটা নিয়ে আজকে বিস্তারিত আলোচনা হয়ে গেছে। আমি আর এটা allow করলাম না।

শ্রী খগেন মুর্মু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আমাদের মালদা জেলার একটি বিশেষ এবং গুরুত্বপূর্ণ বিষয় এখানে উল্লেখ করতে চাই। মাননীয়া মুখ্যমন্ত্রী, মাননীয় সেচমন্ত্রী, ত্রাণমন্ত্রী এবং কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমি বলতে চাই, আমাদের মালদা জেলায় যে বন্যা, আজকে যেভাবে মানুষ দুর্গত হয়েছেন এবং ইতিমধ্যে ওখানে তিনটি বাঁধ ভেঙেছে এবং

দেবীপুরে প্রথম সেখানে বাঁধ ভেঙেছে, পারসিপাড়া, বামুনগোলা ব্লক—এটা আমাদের দক্ষিণ দিনাজপুর লাগোয়া করদহ এলাকা এখানে বাঁধ ভেঙেছে ফুলহার নদীর উপরেতে এবং ভূতনিতে বাঁধ ভেঙেছে স্যার। এখানে ইতিমধ্যে প্রায় ১২০০০ হেক্টর জমির ফসল নষ্ট হয়েছে। প্রায় পাঁচ লক্ষ মানুষ এখানে বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে। এখানে ২০০০০ এর বেশি বাড়ি জলে ডুবে গেছে এছাড়া partly বাড়ি ধ্বংস বা নষ্ট হয়েছে ১০০০০ এর উপর। জলে ডুবে মারা গেছে পাঁচ জন, বাজ পড়ে মারা গেছে ২ জন, সাপে কাটা একজন। আমি বলতে চাই যে, এত মানুষ এখানে দুর্গত হয়েছে পাঁচ লক্ষেরও বেশি মানুষ, এখনও পর্যন্ত ওখানে পর্যাপ্ত পরিমাণে ত্রাণ যা প্রয়োজন তা যায়নি এবং ত্রাণটাও ওখানে ঠিকমতো বন্টন হচ্ছে না। ওখানে আমাদের রতুয়া ব্লক এলাকার এবং রতুয়া বিধানসভা কেন্দ্রের মাননীয় বিধায়ক সমরদা এখানে আছেন, এখানকার মানুষ এখনও ত্রাণ পাচ্ছেন না, এলাকার মানুষ হাহাকার করছেন। হরিশচন্দ্রপুর দুই নম্বর এলাকাতে ত্রাণ ঠিকমতো পৌঁছাচ্ছে না, মানিকচক, যেখানে ভূতনিতে বাঁধ ভেঙেছে সেখানেও ত্রাণ পৌঁছাচ্ছে না, সেখানকার মানুষ এখনও নানাভাবে দুর্ভোগের সম্মুখীন হচ্ছেন। আমি বলতে চাই যে, আজকে ত্রাণের যে সমস্যা এবং সেখানকার মানুষ যে আজকে দুর্গত হয়েছেন, তাদের জন্য মন্ত্রীদের যেভাবে উদ্যোগ নেওয়া দরকার এখানে বিশেষ করে ত্রাণ এবং যেখানে বাঁধ ভেঙেছে, সেই বাঁধ যাতে সেখানে তাড়াতাড়ি মেরামত করা হয় তারজন্যে উদ্যোগ নেওয়ার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি এবং ত্রাণ যাতে ঠিকমতো পৌঁছায় সেই উদ্যোগ নেবেন মাননীয় মন্ত্রীরা। এই কথা বলে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অসিত মজুমদার : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আমার বিধানসভা এলাকা চুঁচুড়া বিধানসভার অন্তর্গত সাতটা পঞ্চায়েতে কোদালিয়া এক এবং কোদালিয়া দুই, সুগন্ধা, পোলবা, রাজহাট এবং ব্যান্ডেলে দীর্ঘ ৩৪ বছরে একটাও রাস্তা সংস্কার হয়নি। ১৯৯৪ সালে লাস্টে সিদ্ধার্থ শঙ্কর রায়ের সময়ে একটা রাস্তা সংস্কার হয়েছিল, তারপর ৩৪ বছরে কোনো রাস্তা সংস্কার হয়নি। আমি এই রাস্তা সংস্কারের জন্যে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে আবেদন করছি এবং রাস্তাগুলোর যে অবস্থা হয়ে দাঁড়িয়েছে সাধারণ মানুষ, বাড়িতে অসুস্থ রোগী হলে তাদের চুঁচুড়া হাসপাতালে নিয়ে যাওয়া অত্যন্ত কঠিন ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। চলাচলের সম্পূর্ণ অযোগ্য প্রায় ৪০টি রাস্তা আজকে এই অবস্থায় আছে। আমি দয়া করে আপনার কাছে অনুরোধ করব মন্ত্রিমহোদয় যাতে যথাযথ ব্যবস্থা নেন, তারজন্য আপনাকে আবেদন রাখছি। ধন্যবাদ।

[12.40–12.50 p.m.]

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়ার মাধ্যমে আমি দৃষ্টি আকর্ষণ করছি, যে গতকাল ঈদের দিনে দক্ষিণ ২৪ পরগনায় কৈখালিতে মাতলা নদীর তীরে যেখানে মুসলিম ধর্মের হাজার হাজার মানুষ জড়ো হয়েছিলেন এবং নৌকাতে করে তারা অনেকে বেড়াতে গিয়েছিলেন। নৌকা ডুবে যায়, তিনজনের মৃত্যু হয়। এবং এখন পর্যন্ত যা অবস্থা

২০ জনের মতো নিখোঁজ। যারা মারা গিয়েছেন তারা অত্যন্ত দরিদ্র পরিবারের। আমি আপনার মধ্য দিয়ে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীকে অনুরোধ করছি যেন তাদের উপযুক্ত ক্ষতিপূরণ দেওয়া হয়। কারণ এখানে যেটা বলতে চাইছি, প্রতি বছরই কিন্তু এখানে কুড়ি তিরিশ হাজার মানুষ জড়ো হন, এই নৌকা ভ্রমণে তারা যান ঈদের দিনে। নৌকায় যেটা হচ্ছে, সেটা হচ্ছে বহন ক্ষমতা থেকে বেশি যাত্রী সেখানে তোলা হচ্ছে। এবং কোনো নিয়ন্ত্রণ কিন্তু স্থানীয় প্রশাসন পুলিশ কোনো নিয়ন্ত্রণই সেখানে রাখে না। যার ফলে এই ঘটনা ঘটছে। উত্তাল নদী এবং তার সঙ্গে এই রকম এত বেশি লোক। ফলে আমি যেটা রিকোয়েস্ট করছি, আরো একটা যে ভবিষ্যতে এই দিনগুলিতে যেন এখানে একটা প্রশাসনের ব্যবস্থা করা হয়। এবং আরো একটা উল্লেখ করছি যে এই রকম অতিরিক্ত যাত্রী বহনের জন্য আজকেও একটা ঘটনা ঘটেছে কাকদ্বীপের ঘোড়ামাড়া দ্বীপ থেকে লট এইটে একটা বোট আসছিল সেটাও উল্টে গেছে। এবং বেশ কয়েকজন ইতিমধ্যে নিখোঁজ, সমস্ত ব্যাপারটা এখনও জানতে পারিনি। যদি এখানে কোনো কিছু জানা থাকে সংশ্লিষ্ট দপ্তরের কাছে তাহলে সেটাও জানাবেন। এবং এটাও বেশি যাত্রী বহন করার জন্য ঘটনা ঘটছে। আপনার কাছে অনুরোধ, আপনার মধ্য দিয়ে যে এই বিষয়টা সঠিকভাবে যেন দপ্তর দেখেন।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, একটা খুবই গুরুত্বপূর্ণ বিষয়ে আমি এখানে উপস্থিত করছি। দক্ষিণ দিনাজপুর জেলায় সমাজ কল্যাণ বিভাগে আই.সি.ডি.এস. প্রকল্প, এই প্রকল্পে অধিকাংশ আই.সি.ডি.এস. সেন্টারে খাবার সরবরাহ না হওয়ার জন্যে প্রায় সেন্টারগুলি বন্ধ হয়ে আসছে। আমি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে নির্দিষ্ট করে বলতে চাই, যে দক্ষিণ দিনাজপুর জেলায় বংশিহারী আই.সি.ডি.এস. প্রজেক্টে এই রকম প্রায় ৪৫টি আই.সি.ডি.এস. কেন্দ্রে সেখানে খাবার না যাওয়ায়, খাবার সরবরাহ না করার ফলে সেন্টারগুলো বন্ধ হচ্ছে। এলাকার মানুষের সাংঘাতিক ক্ষোভ হচ্ছে। এমনকি সেই সঙ্গে যে বাচ্চারা শিশুরা তাদের পঠন-পাঠন এটারও ক্ষতিগ্রস্ত হচ্ছে। এখানে মাননীয় খাদ্য দপ্তরের মন্ত্রী আছেন, আমি মাননীয় সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি তো মাংস খাওয়াবেন, মাছ খাওয়াবেন বলেছিলেন, তাহলে এখন খাবার কেন যাচ্ছে না সেন্টারগুলিতে ? এখন সেন্টারগুলিতে খাবার না সরবরাহ করার ফলে সেগুলো বন্ধ হয়ে আসছে। আমি মাননীয়া মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে সমস্ত সেন্টারে মানে আপনার শুধু চাল ডাল তো দূরের কথা ডিম পর্যন্ত অমিল হচ্ছে। মাছ মাংস তো দূরের কথা। কাজেই বলব, অবিলম্বে যাতে সেন্টারগুলিতে খাবার যায়, তার প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য মাননীয়া মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ধন্যবাদ।

শ্রী কেশব চন্দ্র রায় : (নট প্রেজেন্ট)

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয়া ডেপুটি স্পীকার, ম্যাডাম, আপনার মাধ্যমে মা মাটি মানুষের সরকারকে ধন্যবাদ জানিয়ে অবশ্যই মাননীয় শিল্পমন্ত্রীকে ধন্যবাদ জানাই যে তিনি পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্তে কোন জায়গায় শিল্প তৈরি হবে, সেটা যেমন দেখছেন। তেমনি আবার কোন কারখানা বন্ধ হয়ে আছে, সেটা চালু করার জন্য তিনি লক্ষ্য রাখছেন।

আমি বলব, আমার কেন্দ্র সাঁকরাইল, সাঁকরাইলে ন্যাশানাল জুট মিল, বন্ধ হয়ে গেছে, ২২ হাজার শ্রমিক কর্মচারীরা চাকরি করতেন সেখানে। একটা শুধু অনুরোধ করব, যে আজকে সেই মিলটি খুললে, সেখানে যদি পিচ চট তৈরি করা হয়, এই পিচ চট তৈরি করতে পারলে এই পিচ চট রাস্তার কাজে লাগবে। পি.ডব্লিউ.ডি.-র যে সমস্ত রাস্তাঘাট হয়, সেই পিচ চট রাস্তায় দিতে পারলে রাস্তাও অনেক মজবুত হবে। শুধু তাই নয়, গ্রামে গঞ্জে বিভিন্ন জায়গায় যে পিচের রাস্তা হচ্ছে, সেই পিচ চট যদি ইউজ করা হয় তাহলে সেই রাস্তা কিন্তু অনেক মজবুত হবে। ধন্যবাদ স্যার।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতুল্লাহ : ম্যাডাম, ডেপুটি স্পীকার, বামফ্রন্ট সরকার বিগত ৩৪ বছরে যা সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন, সেই সিদ্ধান্ত মা-মাটি-মানুষের কাছে, মা মাটি মানুষের সরকার তারা কোনোটাই ভালো দেখতে পাচ্ছেন না। এবং দেখতে না পেলেও এই সভাতে যে দফাওয়ারি বাজেট পেশ করা হয়েছে, সেই দফাওয়ারি বাজেটে তার প্রতিফলন ঘটেছে বামফ্রন্ট সরকারের ইতিবাচক দিকগুলি। আমি যে কথাটা বলতে চাইছি, এখানে শিক্ষামন্ত্রী নেই, পরীক্ষায় গ্রেডিং ব্যবস্থা চালু হয়েছিল এবং এই গ্রেডিং ব্যবস্থাটা হচ্ছে আধুনিক এবং সর্বজনগ্রাহ্য। সেই ব্যবস্থাকে তুলে দিয়ে আবার পুরনো ব্যবস্থা অর্থাৎ নম্বরের ব্যবস্থায় ফিরিয়ে আনার একটা প্রচেষ্টা শুরু হয়েছে এবং সেই কাজটা তাঁরা চালাচ্ছেন। বহু পরীক্ষা নিরীক্ষা এবং সামাজিক মতামত, শিক্ষকদের সঙ্গে কথা বলে এই গ্রেডিং ব্যবস্থা চালু হয়েছে। এই গ্রেডিং ব্যবস্থা শুধু পশ্চিমবাংলায় নয় অন্য রাজ্যেও এই গ্রেডিং ব্যবস্থা চালু আছে। এই গ্রেডিং ব্যবস্থা শুধু ভারতবর্ষে নয় বিশ্বেও এই গ্রেডিং ব্যবস্থা সর্বজনগ্রাহ্য। এই গ্রেডিং ব্যবস্থা হলে ছাত্রছাত্রীরা হীনম্মন্যতায় ভোগে না। আমি পরীক্ষা দিলাম, আর একজন পরীক্ষা দিল। নম্বরে ১-২ ডিফারেন্স থাকতেই পারে এবং সেই ডিফারেন্স হলে যেটা হয় সেটা হচ্ছে এই, যিনি খাতা দেখেন তার ওপর নির্ভর করে, এই ১-২ নম্বর, কোনো ইচ্ছাকৃত নয়। ১-২ নম্বর ডিফারেন্স হলে তারা হীনম্মন্যতায় ভোগে। সেইজন্য এই গ্রেডিং ব্যবস্থা চালু হয়েছিল। আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করব আবার নতুন করে যদি গ্রেডিং ব্যবস্থা চালু হয় এবং ছাত্রছাত্রীরা যাতে আবার হীনম্মন্যতার অবস্থার মধ্যে ডুবে না যায়। ধন্যবাদ।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়া, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় বলছি, যেটি এখানে হাউসে আজকে আমাদের মাননীয় ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মন্ত্রী মহাশয় বলেছিলেন এবং তার সঙ্গে আজকে যেটি সারা বিশ্বের কাছে একটা অভূতপূর্ব বিষয় যে বাঁকুড়া জেলার বিভিন্ন স্থানে যে-সব ক্ষুদ্র ও কুটির শিল্পের জিনিস তৈরি হয় যেগুলো বিশ্বের বাজারে যায়—সেটার মধ্যে আছে, পাঁচমুড়া যেখানে টেরাকোটা শিল্পীদের গুচ্ছ প্রকল্প আছে। এই গুচ্ছ প্রকল্পের মাধ্যমে হাতি, ঘোড়া থেকে আরম্ভ করে বহু জিনিস যেগুলো বাইরে যায়। এটা আধুনিকীকরণ করার জন্য গত বামফ্রন্ট সরকার যেসব ব্যবস্থা গ্রহণ করেছিলেন সেগুলো ঠিকভাবে বাস্তবায়িত না হওয়ার পরিপ্রেক্ষিতে আজকে এই শিল্পের শিল্পীরা মানে মৃৎশিল্পী যারা তারা ভয়ঙ্কর অবস্থার মধ্যে আছে। তার সঙ্গে বাঁকুড়ার বাসন শিল্প, বাঁশ শিল্প, ডোকরা শিল্প যেটা সারা বিশ্বে নাম করা।

ম্যাডাম ডেপুটি স্পীকার : মাননীয় কাশীনাথবাবু আপনি বিড়ি ওয়ার্কারদের সম্বন্ধে দিয়েছিলেন মেনশানে।

শ্রী কাশীনাথ মিশ্র : সেই সম্পর্কে বলছি। এই শিল্পগুলির সঙ্গে বিড়ি শিল্পের শ্রমিকরা আজকে বিভিন্নভাবে দুর্দশাগ্রস্ত হয়েছে। যার ফলে সেখানে বাচ্চা বাচ্চা ছেলেমেয়েরা বিড়ি বাঁধছে, মায়েরা বিড়ি বাঁধছে। সেখানে বহু কারখানা উঠে গেছে। এখন বিড়ি বাঁধা ঘরে ঘরে হচ্ছে। কিন্তু তাদের আজকে ন্যূনতম মজুরি বা তাদের প্রোটেকশান দেওয়া দরকার যারা বিড়ি তৈরি করছে ঘরে বসে। সেখানে দোক্তা ব্যবহার হচ্ছে যেগুলো শরীরের পক্ষে ক্ষতিকারক, সেগুলো দিনের পর দিন বাচ্চা শিশু থেকে আরম্ভ করে তারা.....

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

ম্যাডাম ডেপুটি স্পীকার : সবাই যে পয়েন্ট দিয়েছেন সেই পয়েন্টে বলবেন। আদারওয়াইজ আমি কিন্তু অ্যালাউ করব না।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি যে বিষয়টির ওপর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি বর্তমান সরকারের একশো দিনের বেশি বয়স হয়ে গেল কয়েকদিন. কিন্তু আমি যেটা লক্ষ্য করছি, আমি যে বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত সেই বিধানসভা কেন্দ্র এবং তার আশেপাশের এলাকাগুলিতে প্রায় প্রত্যেকদিন সরকারী দলের মদতে সরকার-বিরোধী কর্মীদের ওপর হামলা চলছে। আমি কয়েকটা নমুনার কথা আপনাকে বলছি। ইতিমধ্যেই ওই এলাকাতে একটি খুন হয়ে গেছে। পুলিশ সরাসরি লাঠি চালিয়ে মানুষজনকে মারছে। সাতজন বামপন্থী কর্মীদের বাড়ি বাড়ি গিয়ে ভয় দেখানো হয়েছে। মানসিক ও শারীরিকভাবে টর্চার করা হয়েছে পাঁচজনের ওপরে। জোর জবরদস্তি করে পার্টি অফিস এবং গণ সংগঠনগুলির অফিস প্রায় ২০টির বেশি দখল করে নেওয়া হয়েছে। একশোর ওপর কর্মীদের বিরুদ্ধে মিথ্যে কেস করা হয়েছে।

....(গোলমাল)....

ম্যাডাম ডেপুটি স্পীকার : মিঃ চ্যাটার্জী, আপনি আগের দিনও একই মেনশান করেছিলেন। আপনি নতুন মেম্বার, আপনি সিস্টেমটা জানেন না। রোজ এক মেনশান করা যায় না। আমি আপনাকে অনুরোধ করেছিলাম, মিঃ চ্যাটার্জী, I am on my leg. আপনি আগের দিনও একই মেনশান করেছিলেন। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন, যদি আমাদের দলের কেউ যুক্ত থাকে তাহলে তাকেও ছাড়া হবে না। আপনার যে অ্যালিগেশান আছে, সেটা মাননীয়া মুখ্যমন্ত্রী আসলে তাঁর কাছে সাবমিট করবেন। Now I will not allow you to speak.

[12.50–1.45 p.m.] (Including adjournment)

শ্রী গোকুল রায় : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উত্তর দিনাজপুর জেলায়,

করণদিঘি ব্লকে প্রতি বছর বর্ষার সময় নাগর নদীর ভাঙনে বাধোল, কুরকিটলা, দলুয়াখান্ডি, মতিগঞ্জ, বারৈল, হাওয়াডাঙি, ডাকাইতা এবং ভোগলা এলাকায় ব্যাপক বাড়িঘরের ক্ষতি হয় এবং ফসলের ক্ষতি হয়। অতি সত্বর নদীর পাড় বাঁধানোর জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সুনীল কুমার মণ্ডল : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার গলসি বিধানসভা এলাকায় ১৫টি পঞ্চায়েত। আর আমার পার্শ্ববর্তী যে সমস্ত বিধানসভাগুলো আছে সেখানে ৯টি বা ১০টি পঞ্চায়েত। ঈদ উপলক্ষ্যে আমাদের যে বস্ত্র দেওয়া হয়েছে, দেখা যাচ্ছে, নয়টি পঞ্চায়েত যেখানে আছে সেখানে যে সংখ্যায় বস্ত্র দেওয়া হয়েছে, পনেরোটি পঞ্চায়েত যেখানে আছে সেখানেও একই সংখ্যায় বস্ত্র দেওয়া হয়েছে। পাশাপাশি হওয়ার জন্য এলাকায় একটি ক্ষোভের সমস্যা তৈরি হচ্ছে। পঞ্চায়েত লেভেলের উপরে এই বস্ত্র দেওয়া উচিত। আমার পঞ্চায়েতগুলো জঙ্গলমহল এলাকায় এবং সব গ্রাম্য এলাকায়। পঞ্চায়েতকে মাপকাঠি করে যাতে এই বস্ত্র বিতরণ করা হয় তার জন্য আবেদন জানাচ্ছি। এরপরে দুর্গাপুজো আসছে, সেই সময় যাতে এই মাপকাঠি মানা হয় তার জন্য আমি ত্রাণমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়া, পি.টি.টি.আই.-এর শিক্ষা ব্যবস্থা নিয়ে এই রাজ্যে একদিন প্রচণ্ড আলোড়ন উঠেছিল। ৩৪ বছর বললে ওরা রাগ করেন, চার বছর বললে বোধহয় ভালো হবে। এখন আবার বলছে ৩৪ বছর বললে ওদের গর্ব হয়। লক্ষ লক্ষ ছেলের আপনারা সর্বনাশ করে এখন আপনাদের গর্ব হচ্ছে। এত ছেলের কঙ্কালের উপর দিয়ে আপনারা হাঁটছেন, তারপরেও আপনাদের গর্ব হচ্ছে, লজ্জা করে না আপনাদের। ম্যাডাম, এদের সম্বন্ধে যত কম বলা যায়, ততই ভালো। আমি আমার আসল কথাটা বলছি, পি.টি.টি.আই. এই ব্যবস্থার মধ্যে অনেকগুলো সেন্টার নতুন করে অনুমোদন পেয়েছে। যে সেন্টারগুলো অনুমোদন পেয়েছে সেগুলোকে যাতে অবিলম্বে অনুমোদন দেওয়া যায় তার দাবি আমি জানাচ্ছি। এই অনুমোদন দিলে প্রায় দু-হাজার ছাত্রছাত্রী এর সুযোগ পাবে। আমার কাছে যে নামগুলো আছে তার মধ্যে কৃষ্ণপুর প্রাইমারী টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, জঙ্গীপুর প্রাইমারী টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট এবং ত্রিদেব ইষিকেশ প্রাইমারী টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট আছে। আরও দুটো ইনস্টিটিউট আছে, মোট পাঁচটি ইনস্টিটিউট আছে। মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশক্রমে আগামী দিনে নতুনভাবে শিক্ষা ব্যবস্থাকে সরলীকরণ করার চেষ্টা হচ্ছে। বি.এড. ট্রেনিংকে যদি কম্পালসারি করে দেওয়া হয়, তাহলে কিন্তু এই টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটগুলিকে অবিলম্বে অনুমোদন দেওয়ার দাবি আমি বিদ্যালয় শিক্ষামন্ত্রীর কাছে করছি। আশা করি, পূর্বতন শিক্ষামন্ত্রীর মতো ব্যর্থতার ফাঁদে আমরা কেউ পা দেব না, মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে শিক্ষামন্ত্রী সেই পথেই অগ্রসর হবেন। ধন্যবাদ।

শ্রী আব্দুর রাজ্জাক : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে জল সম্পদ দপ্তরের সংশ্লিষ্ট মন্ত্রীর জ্ঞাতার্থে বলতে চাই মুর্শিদাবাদ জেলার তিনটে ব্লককে কেন্দ্র করে জলঙ্গী, রাণীনগর এবং ডোমকল এই তিনটে কেন্দ্রে বিশাল একটা জলাশয়, খয়রামারি

বিল আছে। সেই বিলটা পঞ্চায়েত সমিতি এবং পঞ্চায়েতের উদ্যোগে সংস্কার করার ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু ওটাকে পরিকল্পনামাফিক সংস্কার করতে গেলে রাজ্য সরকারের পক্ষ থেকে একটা বড় স্কীম গ্রহণ করা দরকার। আমি বলতে চাইছি, রাজ্য সরকার যে জল ধরো এবং জল ভরো নীতি গ্রহণ করেছে তার মাধ্যমে ওই বিলটাকে সংস্কার করা দরকার। ওই এলাকার কৃষকরা যে সোনার ফসল ফলান, সেখানে সেচের যে ব্যবস্থা ছিল সেইটা শেষ হয়ে যাচ্ছে। আবার মৎস্যজীবী কয়েক হাজার মানুষ সেখানে মাছ ধরে খেত এবং ফিশারি ডিপার্টমেন্ট থেকে সেখানে মাছ ছাড়া হত। আমি বলতে চাইছি যে জল ধরো জল ভরো নীতিকে বাস্তবায়িত করার মাধ্যমে ওখানে যদি মৎস্যজীবীদের জন্য মাছ ছাড়ো এবং মাছ ধরো নীতি এবং কৃষির জন্য জল ধরো ও জল ঢালো এই নীতিগুলো ওই খয়রামারি বিল সংস্কারের মাধ্যমে বাস্তবায়িত হলে ওই এলাকার মানুষ অত্যন্ত সুখী হবে এই কথা বলে ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

শ্রী নেপাল মাহাত : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি মাননীয় স্কুল শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, ম্যাডাম, আমার বিধানসভা কেন্দ্র বাগমুণ্ডী। অযোধ্যা পাহাড় সেখানে আছে, আমার বিধানসভা কেন্দ্রের মধ্যেই। সেই অযোধ্যা পাহাড়ের ওপরে একটা বালিকা বিদ্যালয়ের খুব দরকার। অযোধ্যা পাহাড়ে যে গ্রামগুলো আছে, সেই গ্রামের সংখ্যা প্রায় ৮৫টা। সেখানে বেশিরভাগই আদিবাসী সম্প্রদায়ের মানুষ। যদিও সেখানে সেন্ট্রাল গভর্নমেন্টের একটা স্কুল আছে। সেটা কো-এডুকেশান স্কুল। কিন্তু নির্দিষ্ট করে গার্লস স্কুলের জন্যে আমাদের দাবি, ওই এলাকার মানুষ এই দাবি দীর্ঘদিন থেকেই করছে। সেখানে যাদের নীচে পড়তে আসতে হচ্ছে, তাদের খুবই অসুবিধে হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে বলি, মাধ্যমিক শিক্ষা দপ্তরের যে মন্ত্রী আছেন তাঁকে আমি আবেদন জানাই অবিলম্বে এই অযোধ্যা পাহাড়ের যা পরিস্থিতি আপনারা জানেন, সেখানে আরো বেশি করে এডুকেশানটা মহিলাদের বা বালিকাদের মধ্যে নিয়ে যাওয়ার জন্যে অবিলম্বে এই বালিকা বিদ্যালয় খোলার একটা ব্যবস্থা যেন গ্রহণ করা হয়। এই ব্যাপারে আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ : অনারেবল ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং প্রথমেই বলতে চাই, শহর ও গ্রামের মধ্যে বৈষম্যটা যেন একটা চিরাচরিত নিয়ম হয়ে আসছে। যেখানেই কলেজ প্রতিষ্ঠা হোক, যেখানেই মেডিক্যাল কলেজ বা ইঞ্জিনিয়ারিং কলেজ প্রতিষ্ঠা হোক যেন একটা শহরকেন্দ্রিক ভাবধারা গতানুগতিকতা পাচ্ছে। আমি নদীয়া জেলার শেষ প্রান্তের ৭৭ করিমপুর বিধানসভার একজন বিধায়ক। সেই বিধানসভার অভ্যন্তরে একটিমাত্র কলেজ রয়েছে, করিমপুর পান্নাদেবী কলেজ। সেখানে বিভিন্ন বিষয়ে অনার্স পড়ানো হয়।

....(এই সময় দেখা যায় মাননীয়া সদস্যা শ্রীমতী নীলিমা নাগ (মল্লিক) সভাকক্ষে নিজের আসনে অসুস্থ হয়ে পড়েন)....।

ম্যাডাম ডেপুটি স্পীকার : মাননীয় সদস্য, আমাদের একজন মহিলা সদস্য অসুস্থ হয়ে পড়েছেন। প্লিজ কল দ্য মেডিক্যাল অফিসার। আমি অনুরোধ করব মেয়েরা যাঁরা

আছেন তাঁরা একটু সাহায্য করুন। যে যে দলেরই হোন, আমরা আগে এম.এল.এ., তারপরে কেউ স্পীকার, কেউ মন্ত্রী। মহিলারা একটু সাহায্য করুন। ডাঃ শশী পাঁজা আছেন। অসীম পাত্র, শশী পাঁজাকে যেতে অ্যালাউ করুন প্লিজ। ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার আছেন। সকলকে বলব, প্লিজ লেট দেম অ্যালাউ।

...(এই সময় ডাঃ সূর্যকান্ত মিশ্র, ডাঃ শশী পাঁজা, ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার এবং বিধানসভার মেডিক্যাল অফিসার-সহ একাধিক সদস্যকে অসুস্থ সদস্যাকে ঘিরে থাকতে দেখা যায়।)...

আমি এখন হাউস অ্যাডজার্নড করে দিচ্ছি। আমরা আবার ১.৪৫ মিনিটে মিলিত হব।

(At this stage the House was adjourned till 1.45 p.m.)

[1.45–1.55 p.m.] (বিরতির পর)

মিঃ স্পীকার : প্রথমেই আপনাদের জানাই, আমাদের একজন মাননীয়া সদস্যা হাউসের মধ্যে অসুস্থ হয়ে পড়েছিলেন তাঁকে বেলভিউ নার্সিং হোমে নিয়ে যাওয়া হয়েছে। আমাদের ডেপুটি স্পীকার-সহ, আরও কয়েকজন সদস্য সেখানে গেছেন, বেলভিউ নার্সিং হোমে আই.সি.সি.ইউ.-তে ভর্তি করানো হয়েছে। আমরা প্রত্যাশা করি তিনি দ্রুত আরোগ্য লাভ করবেন এবং সুস্থ হয়ে উঠবেন।

VOTING ON DEMANDS FOR GRANTS

Demand No. 39 and Demand No. 54

Mr. Speaker: Today is the last day for voting on demands for grants. There are as many as 39 heads of demands for grants for disposal. In conformity with the previous practice and in pursuance of Rule 209, Sub-rule 3 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I fix that the House will sit today up to 5.45 p.m. And I also fix that the guillotine will fall at 4.45 p.m. Immediately after 4.45 p.m., I shall put all the outstanding questions related to the Demands for grants to vote without any debate. I think that the member should try to be brief in their speeches. Now the business is Demand No. 39 and Demand No. 54. Demand No. 39 relates to Municipal Affairs Department and Demand No. 54 relates to Urban Development Department. Discussion on both the Demands will be taken together. There is no cut motion to Demand No. 39 and Demand No. 54. Time for discussion is for two hours.

শ্রী উদয়ন গুহ : মাননীয় স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী ফিরাদ হাকিম ২০১১-১২ সালে নগরোন্নয়ন খাতে যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন। তিনি একটি আর্থিক মঞ্জুরির কথা

বলেছেন, সেটা তো এখানে মঞ্জুরি দেওয়া হবে, সেটা তিনি পাবেন। সমস্যাটা সেখানে নয়, আমি কোনো সমালোচনা করতে চাইছি না। মাননীয় মন্ত্রী তিনি কলকাতার বাসিন্দা, কলকাতার কর্পোরেশনের সঙ্গে যুক্ত। ওনার কাছে মনে হয়েছে যে, নগরোন্নয়ন মানে কলকাতার উন্নয়ন। কলকাতা বাদ দিয়েও পশ্চিমবঙ্গের একটা উন্নয়ন আছে। সেটার সম্বন্ধে উনি চিন্তা-ভাবনা একটু কম করেছেন। আমি ওনাকে অনুরোধ করব, এটা নিয়ে একটু বিস্তারিত চিন্তা-ভাবনা করবেন। কলকাতা নিয়ে চিন্তা করছেন কিন্তু এবারের বর্ষা দেখিয়ে দিয়েছে—কলকাতা, কলকাতাতেই আছে। যে অবস্থা হয়েছে, আমার সৌভাগ্য সেই দুইদিন আমি এখানে ছিলাম না। কিন্তু যে সমস্ত সদস্য-সদস্যরা ছিলেন, তাঁরা জল পেরিয়ে হাউসে এসেছেন। আমরা ছবি দেখেছি, মাননীয়া মুখ্যমন্ত্রী তিনিও জল পেরিয়ে রাইটার্স বিল্ডিং-এ ঢুকছেন। অর্থাৎ যেটা ছিল সেটাই আছে, নতুন কিছু এখনও পর্যন্ত করা যায়নি। কিন্তু কর্পোরেশনের ক্ষেত্রে ৩৪ বছর কথাটা বলা যাবে না। এক বছর হয়ে গেছেন আপনারা আছেন। এর আগে মাননীয় মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায় তিনিও পাঁচ বছর মেয়র ছিলেন। সেই জন্য ৩৪ বছরের গল্পটা এখানে বলা যাবে না। যাই হোক আমি মাননীয় মন্ত্রীকে বলছি, তিনি বা তাঁর দল বা মাননীয়া মুখ্যমন্ত্রী কলকাতাকে লন্ডন করতে চাইছেন। হলে ভালো। হলে খুব ভালো, যদি হয় ভালো। তবে আমি বলছি লন্ডন কিন্তু দেখিয়ে দিয়েছে যে লন্ডনের সমস্যা আছে। সেই সমস্যাটা হচ্ছে বৈষম্য, সেটা হচ্ছে বঞ্চনা, সেটা হচ্ছে বেকারী, হ্যাভস অ্যান্ড হ্যাভস নট লন্ডনেও আছে। তার জন্য দাঙ্গা আছে। কলকাতাকে যদি লন্ডন করতে চাই তার আগে এই সমস্যাগুলোকে দূর করবার কথা আপনি চিন্তা করবেন। আপনি আপনার বাজেট ভাষণে আভাস দিয়েছেন, আজকে যে সভ্যতার সংকট, মানুষ শহরমুখী হচ্ছে। আমাদের এই রাজ্যের আয়তন হচ্ছে ৮৮,৭৫৮ কিলোমিটার। তার ৩ শতাংশ আরবান এরিয়া। কিন্তু আমাদের পশ্চিমবাংলার ৩০ শতাংশ মানুষ আরবান এরিয়ায় বাস করে। স্বাভাবিকভাবে সমস্যাটা অনেক বেশি। সেই সমস্যার কথা কিন্তু তাঁর বাজেট ভাষণে মাননীয় মন্ত্রী ঠিক তুলে ধরতে পারেননি। স্যানিটেশানের প্রবলেম আছে। জলনিকাশী ব্যবস্থা শুধু কলকাতা নয়, সারা রাজ্য জুড়ে সমস্যা আছে। ৩৪ বছরের মধ্যে ৬ বছর তো আপনারা আছেন। তারপর পানীয় জলের সমস্যা আছে। এইগুলোকে দূর করবার চেষ্টা করুন। এই সমস্যাগুলো দূর করতে না পারলে পশ্চিমবঙ্গের যে সমস্যা সেই সমস্যাকে দূর করা যাবে না। আমরা যারা বিধায়ক আছি, যাঁরা এম.পি. আছেন তাঁদের কাছে মানুষ অনেক সমস্যা নিয়ে আসেন। আমার মনে হয় যারা তৃতীয় সরকারের সঙ্গে যুক্ত তাদের কাছে আরো মানুষ আসেন, নানা সমস্যা নিয়ে আসেন। এই স্যানিটেশান প্রবলেম নিয়ে আপনি জানেন সুপ্রীম কোর্টের একটা রায় আছে যে মল মাথায় নিয়ে বা কাঁধে করে বাঁকে নিয়ে কেউ বহন করতে পারবে না। এটা সুপ্রীম কোর্টের নিষেধ আছে। কিন্তু এখনও আমাদের রাজ্যে অনেক পৌরসভা আছে, আমি অন্ততপক্ষে যে পৌরসভায় বাস করি সেই পৌরসভাতে এখনও খাটা পায়খানা আছে, সেখানে এখনও কুয়ো পায়খানা আছে। সব স্যানিটারি ল্যাট্রিন করা যায়নি। ১৯৯৯-২০০০ সালে সরকার একটা আইন করলেন আই.এল.সি.এস. প্রকল্প, ফুট স্টেপ পর্যন্ত ৫০০০ টাকা। তার ৫৫% দেবে বেনেফিসিয়ারী, ৪৫% দেবে সরকার। ২০০৮-০৯ সালে সেই এস্টিমেট্স কস্ট বেড়ে হয়ে গেল ১৩,০০০ টাকা। ৫ হাজার টাকা থেকে ১৩ হাজার টাকা। আজকের দিনে

সেটা হয়েছে ১৬ হাজার টাকা। এটাকে আপনি এখন কত টাকা দেবেন এই ব্যাপারে সেটা নিয়ে আপনি কিছু বলেননি। কিন্তু এটাকে দূর করতেই হবে। না হলে কোনো পৌর এলাকার সমস্যা আপনি দূর করতে পারবেন না। সব এলাকায় এই সমস্যা রয়েছে। জলনিকাশী ব্যবস্থার সমস্যা রয়েছে। পানীয় জলের সমস্যা একটা বড় সমস্যা। এখনও অনেক পৌরসভা আছে—৩৪ বছরের কথা বলছেন ঠিক আছে—কিন্তু এখনও এই রাজ্যে অনেক পৌরসভা আছে যেখানে ১৫/২০ বছর ধরে কংগ্রেস আছে, তৃণমূল কংগ্রেস আছে। কিন্তু সব পৌরসভাতে বাড়ি বাড়ি পানীয় জল দেওয়া গেছে এই কথা চ্যালেঞ্জ করে কেউ বলতে পারবে না। এই ব্যাপারটা আপনি লক্ষ্য করুন, বড় সমস্যা হচ্ছে, যে কথা আমি বলছিলাম, গ্রামে শিক্ষকতা করেন, গ্রামের মানুষ সরকারী চাকরি করেন, অবস্থাপন্ন কৃষক, ব্যবসায়ী, তারা এসে সব শহরে বাড়ি করছে। বাড়ির ৫ জন সদস্য, ২ জনকে পৌরসভার ভোটার তালিকায় নাম রাখছেন বাকি তিনজন পঞ্চায়েতের সঙ্গে যুক্ত থাকছেন যাতে পঞ্চায়েতী ব্যবস্থা সঙ্গে যুক্ত থাকা যায়। দেখা যাচ্ছে ৩০ হাজার একটা পৌরসভার ভোটার সংখ্যা, 'সি' ক্যাটাগরি, 'বি' ক্যাটাগরি পৌরসভা। কিন্তু আসল জনসংখ্যা সেখানে ৬০ হাজারের উপরে। স্বাভাবিকভাবে সরকারের কাছ থেকে যে অনুদান পাচ্ছেন, সেই অনুদান দিয়ে সেই পৌরসভা চালানো যাচ্ছে না। আপনি কর্মচারীর সমস্যার কথা জানেন। এর আগের দিন আপনি প্রশ্নোত্তর পর্বে বলেছেন, সেদিন অনেকে ৩৪ বছরের কথা বলেছেন, আমি বলছি যে এটা সব পৌরসভার ক্ষেত্রেই—সরকার যত কর্মচারীর ক্ষেত্রে অনুদান দিচ্ছেন, তার কয়েক গুণ বেশি কর্মচারীর প্রয়োজন হচ্ছে। কিন্তু সেখানে সরকার কোনোরকম সাহায্য সেই পৌরসভাগুলোকে দিচ্ছে না। তার ফলে পৌরসভার যে রোজগার করছে, সেই রোজগার কর্মচারীদের বেতন দিতে খরচ হয়ে যাচ্ছে। এর ফলে উন্নয়নমূলক কোনো কাজ হচ্ছে না। আরেকটি হচ্ছে সবাইকে আপনারা পেনশন দিচ্ছেন—শিক্ষকদের পেনশন সরকার দিচ্ছেন, সরকারী কর্মচারীদের পেনশন তো সরকার দিচ্ছেন, অন্যান্য ক্ষেত্রেও পেনশন দিচ্ছে দরকার। পৌরসভার ক্ষেত্রে দেখা যাচ্ছে সরকার পেনশন দিচ্ছে ৪০%, আর ৬০% পেনশন দিতে হবে সংশ্লিষ্ট পৌরসভাকে। অনেক জায়গায় আছে। আমি যেখানে বাস করি দিনহাটা পৌরসভা—সেই পৌরসভায় ৩০ জন সরকারী অনুমোদিত কর্মচারী, ৩৪ জন পেনশন হোল্ডার। তাদের ৬০% পয়সা পৌরসভাকে দিতে হয়। তাহলে পৌরসভা উন্নয়নমূলক কাজটা কোথা থেকে করবে। সেই টাকা ২০০৯-১০ সালের পরের পুরো টাকা পৌরসভাগুলো এখনও পর্যন্ত পায়নি। স্বাভাবিকভাবেই পৌরসভাকে নিজের ঘর থেকে সেই পয়সা দিতে হচ্ছে। তাদের উন্নয়নমূলক কাজ স্তব্ধ হয়ে গেছে। এই ক্ষেত্রে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব আপনি গুরুত্ব দিয়ে এইসব জিনিসগুলো বিবেচনা করুন। পৌরসভা শুধু কলকাতা কেন্দ্র করে চিন্তা করলে হবে না। রাজ্যে যে ১২৭টি পৌরসভা আছে, আপনি এখানে বাজেট ভাষণে কলকাতা এবং কলকাতার আশেপাশে ডেভেলপমেন্ট অথরিটিগুলোর কথা চিন্তা করেছেন, এগুলোকে নিয়ে যেমন চিন্তা করবেন তেমনি আপনি চিন্তা করবেন যে অন্যান্য পৌরসভাগুলোকে কিভাবে উন্নয়ন করে পশ্চিমবাংলাকে এগিয়ে নিয়ে যাবেন। আমি আপনার সাফল্য কামনা করি। পরের বাজেটে আপনাকে যেন সমর্থন করতে পারি সেই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

[1.55–2.05 p.m.]

শ্রী অর্জুন সিং : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ডিমান্ড নং ৩৯ এবং ৫৪ মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট বাজেটকে সমর্থন করে বলি যেহেতু বিরোধীরা কেন কাটমোশন জমা করেননি, এখন বিরোধীদের কথা বলারও কোনো যুক্তি ছিল না। কারণ আমরা দেখেছিলাম বিগত হাউসে একটা ঘটনাকে কেন্দ্র করে যখন বিরোধীরা কাটমোশন জমা দেননি, তখন এই বাজেট পেশ করা হয়নি। যাই হোক, বিরোধীরা কি বলছেন—নিজের কথা, ৩৪ বছরের কথা শুনতে কষ্ট হচ্ছে। কিন্তু যেটা বাস্তব সত্য সেটা তো মেনে চলতে হবে। আমি প্রথমেই ধন্যবাদ জানাই আমাদের মিনিস্টার ফিরহাদ হাকিম সাহেবকে। যিনি সঠিকভাবে চিন্তা করে প্রত্যেকটি ছোট থেকে বড় স্তরে নজর দিয়েছেন। ই.ওয়াই.জি.-র উপর উনি যে বিশেষভাবে নজর দিয়েছেন, কি করে উনি দেখতে পারেননি আমি বুঝতে পারলাম না, ই.ওয়াই.জি. স্কীম—একবারে বলতে গেলে খুব গরীব স্তরের মানুষের জন্য এটা করা হয়েছে। সেখানে প্রায় ৫৮টি স্কীম স্যাংশান হয়ে গেছে মাত্র এই কয়েকদিনের মধ্যে। আপনারা ৩৪ বছরের মধ্যে—যারা কংগ্রেস বা কিছুক্ষণ আগে বললেন ২০ বছর আগে তৃণমূলের বোর্ড ছিল, ২০ বছর পর তৃণমূল বোর্ড হয়নি কোনো জায়গায়। ১১-১২ বছরের দল আমাদের। এটা বলার আগে কিছু তথ্য জেনে বলা উচিত ছিল। যাই হোক, এটা নিয়ে আমার প্রশ্ন নেই। প্রশ্নটা হচ্ছে আমাদের মিনিস্টার ইনচার্জ যেটা বলেছেন, প্রত্যেকটি স্তরে যে কথাটা উনি বলেছেন, সেটা নিশ্চয়ই আপনারা পড়বেন। আমি যে কথাটা বলব তিন মাসের গভর্নমেন্ট যে জায়গায় পৌঁছে গেছে, আপনারা ৩৪ বছরে যা করতে পেরেছেন—প্রথমে গারবেজ ক্লিনিং সিস্টেম নিয়ে আমাদের এই সরকারকে কিভাবে তার কৈফিয়ত দিতে হচ্ছে। যত মিউনিসিপ্যালিটির লাইন ছিল, আপনার পার্টির ক্যাডাররা ওখানে বসে গেছে। মিউনিসিপ্যাল লাইনের উপর গারবেজ ডাম্প করা যাচ্ছে না। নতুন জমি কেনার জন্য যে টাকা দরকার সেটা আপনারা রেখে যাননি। সব টাকা কিভাবে তছনছ করে গেছেন। কোনো একটা প্রোজেক্ট—আজকে এস.ডব্লু.আর. প্রোজেক্ট যেটা হওয়া দরকার ছিল, আজকে এস.ডব্লু.আর.-র প্রোজেক্ট করতে পারা যাচ্ছে না। এটা আমি মাননীয় মন্ত্রীকে বলব আপনার মাধ্যমে স্যার, যে ভুলটা, যে কাজটা চৌত্রিশ বছর সরকার করে গেছে। একটা অফিস নেই—চৌদ্দখানা অফিস চৌদ্দখানা জায়গা, একটা ডিপার্টমেন্ট মিউনিসিপ্যাল অ্যাফেয়ারস-এ করা উচিত, কিন্তু আমার মনে হচ্ছে এটা হচ্ছে না। এইটা যদি এক ছাতার আন্ডারে কাজ করা যায়, তাহলে কাজের একটা অনেক গতি আসতে পারে। এটা আমি আমাদের মন্ত্রীমহাশয়কে বলব এর উপর নজর দিতে। একটা সরকারী পদ্ধতির মধ্যে কাজটা চলে যাচ্ছে, আর ফেরত আসছে না। উনি বলছিলেন যে কর্মচারীদের কে দেখবে। আপনাদের সরকারের সময় ডি.এল.বি. একটা আপনারা করে রেখে দিয়েছেন। ডি.এল.বি. মানেটাই হল একটা কাজকে কিভাবে ডিলে করা যায়।

আজকে জব সিকিউরিটি কোনো কর্মচারী পাচ্ছে না। আপনাদেরই সরকার, আপনাদেরই লোক—তারা আপনাদের সঙ্গে নেই, আপনাদের কথা শুনবেন না ? কেন ? কারণ আপনারা তাদের জব সিকিউরিটি রাখেননি। আজকে তারা বছর বছর ধরে ব্যাজুয়ালে

কাজ করছে। তাদেরকে ভোটের আগে বলে দিলেন ছয় হাজারের উপরে মাইনে পাওয়া যাবে দশ বছর যাদের চাকরি হল। আপনারা জানেন কি করে ছয় হাজার টাকা দশ বছরে তাদেরকে চাকরি আপনারা করতে দিয়েছিলেন এবং যারা তাদেরকে বসিয়ে দিয়েছিলেন, আজকে যাদের প্রোমোশান দেওয়ার দরকার ছিল, তাদেরকে দেননি। আজকে তাদের কাছ থেকে কাজ আদায় করা, যারা কিছু জানে না। তারা শুধু সি.পি.এম.-এর ঝাণ্ডা নিয়ে ইনক্লাব জিন্দাবাদ করার জন্য চাকরি দিয়ে রেখেছেন। তাদের কাছে উন্নয়ন কাজ করার জন্য যখনই সরকার জি.ও. পাঠাচ্ছেন, গভর্নমেন্টের তরফ থেকে কোনো অর্ডার যাচ্ছে, তারা ইমপ্লিমেন্ট করতে যাতে না হয় তার জন্য তাদের মধ্যে নানা রকম টালবাহানা করে যাচ্ছে। আজকে আমরা বই ছড়াচ্ছি যেখানে তৃণমূল বা কংগ্রেসের বোর্ড আছে তারা, তাদের চেয়ারম্যান তারা ভালো করে কথাটা বুঝতে পারছেন। আর আপনাদের যে সরকারী পদ্ধতি করে রেখে দিয়েছেন সেটা ঠিক করতে আমাদের সরকারের সময় লাগছে। সময়ে আপনি সেই জায়গাটা দেখতে পাচ্ছেন। আপনি বলে দিলেন শুধু কলকাতা কর্পোরেশনকে দেখে বাজেটটা পেশ করা হয়েছে। কতদিন ধরে আপনারা যে সমস্ত করে রেখেছেন—সেখানে কেন্দ্রীয় সরকার টাকা দিয়েছিল, আপনাদের টাকা ছিল, এর টাকা ছিল তবে চালু হতে পারল না কেন ? কারণ সেই জায়গায় মিউনিসিপ্যালকে যে শেয়ার দেওয়ার কথা, যে মিউনিসিপ্যাল টাকাগুলো যে দেবে সেই টাকাগুলো কোথা থেকে দেবে, কোন জায়গা থেকে দেবে। আজকে এই প্রোজেক্টটা চালু হতে পারছে না। আজকে বি.এস.ইউ.পি. স্কীম, আপনারা সেখানে একদম দলগত হিসাবে, আপনাদের পার্টির যেখানে লোক আছে তাদের বাড়ি তৈরি হবে, সেই জায়গায় ইনফ্রাস্ট্রাকচার তৈরি হবে। আমাদের মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ দেব। তিনি সঠিক পদক্ষেপ নিয়ে সমস্ত মানুষ যাতে উপকৃত হন তার ব্যবস্থা করার জন্য তার সমস্ত প্রোজেক্টগুলো স্যাংশান করে কাজ আরম্ভের জায়গায় পৌঁছে গেছে। কেন্দ্রীয় সরকারের টাকাও পাওয়া গেছে। আর আমাদের রাজ্য সরকারের তরফ থেকেও পাওয়া গেছে।

আমি শুধু মন্ত্রীমহাশয়কে বলব যে বেনিফিসায়িরিদের টাকা দেওয়র জন্য বলা হচ্ছে, সেই জায়গায় গভর্নমেন্টকে চিন্তা-ভাবনা করা দরকার। যখন বি.এস.ইউ.পি.—একটা গরীব মানুষ নিজের যদি ক্ষমতা থাকত নিশ্চয়ই সে বাড়ি তৈরি করতে পারত, কিন্তু সেই জায়গায় এই স্কীমে মনে হচ্ছে কিছু অ্যাডিশান হওয়ার দরকার আছে। সেই গরীব মানুষ আর ওই কাজ করতে পারছে না, টাকা দিতে পারছে না তাতে অনেক অনেক অসুবিধা হচ্ছে। এই স্কীমটাকে ইমপ্লিমেন্ট করতে অনেক প্রবলেম ফেস করতে হচ্ছে। এখন আমরা কেন্দ্রীয় সরকারের একটা অর্ডার দেখেছি—ব্যাক সাইটে। ব্যাঙ্ক থেকে বেনিফিসিয়ারিরা লোন পাবে চার শতাংশ হারে সুদে। আমি বুঝতে পারলাম না চার শতাংশ সুদে, যাদের সেই টাকা দেওয়ার ক্ষমতা নেই, সেখানে কি করে তারা ব্যাঙ্কের কাছে যাবেন। বিশেষ করে যে রিফিউজি যাঁরা আছেন, যাদেরকে রিফিউজি পাট্টা দেওয়া হয়েছিল, যাদেরকে আপনাদের দল হলে পাট্টা দেবেন, কাগজ দেবেন। দল না হলে কাগজটা দেবে না। তাদের কাছে কোনো পেপার নেই। কী করে ওই বি.এস.ইউ.পি. স্কীমে লাভ হবে তা আগামী দিনে চিন্তা-ভাবনা করার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

আরেকটা কথা না বলে থাকতে পারছি না। আজকে আপনি মিউনিসিপ্যালিটিগুলোর গার্বেজ সিস্টেমের ব্যাপারে চিন্তা-ভাবনা করছেন। ৮/১০টা মিউনিসিপ্যালিটিকে আপনি এক জায়গায় করে এই প্রোজেক্ট করার পরে ওখান থেকে যদি আমরা এনার্জি ডেভেলপ করতে পারি তাহলে একটা ভালো জিনিস হবে। ওয়ার্ল্ডের প্রত্যেকটা ডেভেলপড কান্ট্রিতে এই জিনিসটা হচ্ছে ; ইজরায়েল, আমেরিকা, যে কোনো ডেভেলপড কান্ট্রিতে যান তারা সবাই গার্বেজ দিয়ে বিদ্যুৎ উৎপাদন করার চেষ্টা করছে। আমরা আমাদের গভর্নমেন্টকে বলব ওই গার্বেজ থেকে যদি কিছু বিদ্যুৎ উৎপাদন করা যায় তাহলে পশ্চিমবাংলার অনেক উপকার হতে পারে।

শেষ কথা বলে আমি শেষ করছি, পি.পি.পি. মডেল যে সিস্টেমে চলছে তাতে শুধু পার্টির লোক, যারা প্রোমোটার, এঁদের দালালি করেছিল তাদের এই পি.পি.পি. মডেলে উপকার করেছেন। আমি বলব, আমাদের যে সরকার আছে, মা-মাটি-মানুষের সরকার, সেই সরকার সব চিন্তা-ভাবনা করে সঠিক টাইমে যদি এই ডেভেলপমেন্টের কাজ করে তাহলে মিউনিসিপ্যালিটিতে ডেভেলপমেন্টের যে গতি আনার চেষ্টা এই সরকার করছে সেই জায়গায় পৌঁছতে পারবে। ধন্যবাদ।

[2.05–2.15 p.m.]

শ্রী চাঁদ মহম্মদ : (হাউসে অনুপস্থিত)।

শ্রীমতী অপর্ণা সাহা : মাননীয় স্পীকার সাহেব, উপস্থিত বিধানসভার মাননীয় সদস্য-সদস্যা, দর্শকমণ্ডলী এবং সাংবাদিক-বন্ধুগণ, আজকে পৌর বিষয়ক ও নগরোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট এখানে রেখেছেন সেই বাজেটের আমি সম্পূর্ণরূপে বিরোধিতা করতে পারছি না এইজন্য যে উনি পক্ষান্তরে ৩৪ বছরকে স্বীকার করে নিয়েছেন। উনি ৩৪ বছরের যে সাফল্য সেই সাফল্যকে একটা একটা করে তুলে ধরেছেন এই বইটির মধ্যে। আমরা বলতে চাই, একটা সরকার, যে সরকারের স্থায়িত্ব ৩৪ বছর, সেই সরকারকে যাঁরা "৩৪ বছর, ৩৪ বছর" বলে উপেক্ষা করছেন আমি সেই উপেক্ষাকে দূর করে গর্ববোধ করছি। ৩৪ বছরকে স্বীকার করে নেওয়ার জন্য এই বইটিকে আমি সমর্থন করছি। অন্যদিকে বিরোধিতা করছি এইজন্য যে কলকাতা মহানগরীর যে বিষয়গুলো এখানে তুলে ধরা হয়েছে তাতে আমার মনে হয়েছে বাকি যে পৌরসভাগুলো রয়েছে, যেমন ছোট হলেও কাটোয়া পৌরসভা, এখানে মাননীয় বিধায়ক রয়েছে, সেখানে আরো কিছু পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন ছিল। বর্ধমান পৌরসভা, সেখানে বর্ধমান ডেভেলপমেন্ট অথরিটির কথা বলা হয়েছে। বর্ধমান ডেভেলপমেন্ট অথরিটিতে বিগতদিনে যে পরিকল্পনাগুলো নেওয়া হয়েছিল আজকে নতুন সরকার ১০০ দিনে পদার্পণ করলেও এখনও পর্যন্ত একটি সভাও ডাকল না। আমরা দুঃখিত ! যে পরিকল্পনার কাজগুলো শুরু হয়েছে সেই পরিকল্পনার কাজগুলোকে কীভাবে ত্বরান্বিত করা যায় সেই বিষয়ে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি একথা বলতে চাইছি যে, বর্ধমান ডেভেলপমেন্ট অথরিটির অন্তর্ভুক্ত রায়ান-১ গ্রাম-পঞ্চায়েতে মালিরবাগান-ডাঙাপাড়া বলে যে স্কুলটি আছে তা প্রাইমারী স্কুল হয়েও হাইস্কুলের সমতুল্য

যা ছাত্রছাত্রীর সংখ্যা। সেখানে বিশেষ করে বেশিরভাগটাই সংখ্যালঘু সম্প্রদায়ের ছাত্রছাত্রী। আর মিড-ডে-মিল শুরু হওয়ার সাথে সাথে সেখানে সংখ্যালঘু মা-বোনেদের নিয়ে একটা দল গঠন করা হয়েছিল। সেই দলটিকে মিড-ডে-মিলের কাজে যুক্ত করা হয়েছিল। সেই দলটিকে আজকে তাড়িয়ে দিয়ে নিজেদের দলের মহিলাদের মধ্যে কাজটি দেওয়ার চিন্তা-ভাবনা করে তারা হিংসাত্মক মনোভাবের পরিচয় দিচ্ছেন। এরই নাম হচ্ছে গণতন্ত্র। আমি বলতে চাইছি এইজন্য আমাদের বর্ধমান ডেভেলপমেন্ট অথরিটির অন্তর্ভুক্ত বাঘাড় ২নং গ্রাম পঞ্চায়েত, সেখানে দেখা যাচ্ছে প্রধান-সহ আটজন সদস্যকে পদত্যাগ করতে বাধ্য করেছেন। এখন শুনছি, দেখছি—এক হাজার গণস্বাক্ষর করানো হচ্ছে নতুন করে দলের লোককে প্রধান নির্বাচন করার। এরই নাম হচ্ছে গণতন্ত্র। আমরা বুঝতে চাইছি, পরিবর্তনের যুগে গণতন্ত্র কাকে বলে। তাই আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, স্বরাষ্ট্রমন্ত্রী এই বিষয়টির দিকে লক্ষ্য দেবেন। আমরা চাই নিরপেক্ষতা। প্রশাসন নিরপেক্ষভাবে কাজ করুন। বর্ধমান মিউনিসিপ্যালিটিতে যে সাতক্ষিরা নদীটি আছে যেখানে যদি ১০০ কিলোমিটার বাঁকটা সংস্কার করা না যায়, তাহলে বর্ধমানের দূষণ উত্তরোত্তর বৃদ্ধি পাবে। আমি বলতে চাইছি, বর্ধমানের যে জলপ্রকল্পগুলি নেওয়া হয়েছিল, সেই জলপ্রকল্পগুলোর কাজের কথা এখানে বিশেষভাবে উল্লেখ নেই। দুটি বাসস্ট্যান্ড করার কথা বলা হয়েছে। আমরা জানি যে নবাঘাট বাসস্ট্যান্ড এবং উল্লাস মহানগরীর কাছে বাসস্ট্যান্ড। বর্ধমানের যে লোকালিটি, তার ভীড়টাকে কমানো, জঞ্জালটাকে সরানোর জন্য এই লক্ষ্য, সেটার কথাও এখানে কোনো উল্লেখ নেই। আমরা PPP মডেলের জন্য বর্ধমানের হেল্‌থ সিটির কাজও স্থগিত রয়েছে। এ বিষয়ে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আর এই বইটিতে দুটি জায়গায় ভুল আছে। সেটির সংশোধনের জন্য আবেদন রাখব। একটা হচ্ছে ৩১ নম্বর পাতায় শেষের লাইনের আগের লাইন। এতে লেখা আছে কাটিয়া গ্রাম। এটা হবে কানটিয়া গ্রাম। আর ৩২ নম্বর পাতার তিন লাইনে আছে নবঘাট এটা হবে নবাঘাট। এই দুটো কারেকশানের জন্য আমি অনুরোধ জানাচ্ছি। আজকে যে চিন্তা-ভাবনা নিয়ে বিগত সরকার পঞ্চায়েতের ৪টি স্তরের কথা বলেছিলেন—উন্নয়ন সমিতি। সেই উন্নয়ন সমিতির প্রত্যেককে পদত্যাগ করিয়ে তারা দলতন্ত্রের পরিচয় দিয়েছেন। কারণ হচ্ছে এটাই, উন্নয়ন সমিতিতে কোনো পার্টির লোক ছিল না। সেখানে ছিল সরকারী আধিকারিক, সচিব, পঞ্চায়েতের নির্বাচিত সদস্য, সভাপতি। আর বাকি যাঁরা সদস্য ছিলেন, সেই সদস্যদের মধ্যে সর্বাপেক্ষা গুরুত্ব দেওয়া হয়েছিল নির্বাচিত হননি এমন বিরোধীপক্ষের সদস্য যে সর্বপ্রাপ্ত ভোট পেয়েছিলেন। গুরুত্ব দেওয়া হয়েছিল, সেখানকার সেল্ফ হেল্প গ্রুপের মহিলা, আই.সি.ডি.এস. কর্মী ইত্যাদিকে। কোথায় পেলেন সেখানে দলতন্ত্র ? দলতন্ত্র কিভাবে হয় সে আজকে পশ্চিমবঙ্গের মানুষ মনে হয় ভালোভাবেই উপলব্ধি করতে পারছেন। তাই আমি এই বিষয়গুলো আপনাদের সকলের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে যে সন্ত্রাস নেমে এসেছে, সেই সন্ত্রাসকে বহিষ্কার করে যে গণতন্ত্র আমরা চাইছি, পশ্চিমবঙ্গের মানুষ যে পরিবর্তন চেয়েছে, সেই পরিবর্তনের সঠিক ব্যাখ্যা আপনারা মানুষকে বোঝাতে সাহায্য করুন। সন্ত্রাস নয়, আমরা শান্তি চাই। সেই শান্তির বাতাবরণ আপনাদের পৌঁছে দেওয়ার জন্য আবেদন রেখে, সকলকে যথাযোগ্য শ্রদ্ধা, সম্মান জানিয়ে আমি আমার কথা শেষ করলাম। নমস্কার।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই দপ্তরের মাননীয় মন্ত্রী ২০১১-১২ সালের ব্যয় বরাদ্দের জন্য বাজেট বিবৃতি পেশ করেছেন। তিনি তাঁর আলোচনার প্রথমেই বলেছেন, আমাদের পশ্চিমবঙ্গে দ্রুত নগরোন্নয়ন গড়ে উঠছে। সাধারণ মানুষ গ্রাম বাংলা ছেড়ে শহরের দিকে এগোচ্ছেন। গ্রামাঞ্চলে যেসব গঞ্জগুলি ছিল, সেইসব গঞ্জগুলি শহরে রূপান্তরিত হতে চলেছে, লোকসংখ্যা বেড়ে যাচ্ছে। যার ফলে তারা স্বাভাবিক কারণেই পৌরসভার দাবি করছেন। কারণ গ্রাম পঞ্চায়েত, তারা একটি নির্দিষ্ট সংখ্যা গ্রাম পঞ্চায়েতে রাখতে পারবে।

[2.15-2.25 p.m.]

২৫-এর বেশি সদস্য গ্রাম পঞ্চায়েত রাখতে পারবে না। এই সংখ্যা সঠিক রাখতে গিয়ে যে সব এলাকায় জনগণ বা ভোটার বেড়ে গিয়েছে সেই সব দুটো, তিনটে বুথকে একটা বুথ করে ওয়ার্ড করে পঞ্চায়েত সদস্য সংখ্যা ঠিক করে পঞ্চায়েত ঠিক রাখার ব্যবস্থা করা হচ্ছে। পঞ্চায়েতের পক্ষে এই সব নগরোন্নয়নের যে সব উন্নতি সেই উন্নতি করা তাদের পক্ষে করা সম্ভব নয়। রাস্তাঘাট, পয়ঃপ্রণালী, জলনিকাশী ব্যবস্থা, পরিশ্রুত পানীয় জল—এইসবগুলি সঠিকভাবে পূরণ করার জন্য যে পরিকাঠামো সেই পরিকাঠামো তাদের নেই, সেই অর্থ তাদের নেই। আপনি স্বীকার করে নিয়েছেন তার জন্য দীর্ঘদিন ধরে বহু এলাকা গোটা রাজ্যের এই পৌরসভার অন্তর্ভুক্ত হওয়ার জন্য তাদের আবেদন, তাদের দরখাস্ত, তাদের দাবি তারা করে আসছেন। হয়তো একবার সবগুলি পারা যাবে না ধাপে ধাপে যতটা পারা যায় সেইগুলিকে পৌরসভাতে রূপান্তরিত করার জন্য চেষ্টা করতে হবে। কারণ এইসব এলাকার মানুষ যখন চাষীর উপর নির্ভরশীল নয় ব্যবসা-বাণিজ্য, বিভিন্ন কর্মকাণ্ডের সঙ্গে তারা যুক্ত হচ্ছে। নির্দিষ্ট সংখ্যক লোকসংখ্যা একটা এলাকায় হলে তাকে পৌরসভা হিসাবে গণ্য করা যেতে পারে সেইজন্য মাননীয় মন্ত্রী মহোদয়কে বলব আপনি সেইদিকে নজর দেওয়ার চেষ্টা করবেন। তিনি কলকাতার সৌন্দর্যায়নের জন্য খুব নজর দিয়েছেন বা বলেছেন। ভাগীরথী নদীর পাশে যে পার্ক—এর আগে বামফ্রন্ট সরকার মিলেনিয়াম পার্কের নামে D.F.I.D.-এর টাকায় উন্নয়নের নামে তারা একটা পরিকল্পনা করেছিলেন এবং তারা খানিকটা এগিয়েছিলেন। আপনি আবার এগোতে চাইছেন, এগিয়ে যান। এলাকার মানুষের বিনোদনের জন্য এইসব পার্ক বা সৌন্দর্যায়নের প্রয়োজন আছে। কিন্তু সঙ্গে সঙ্গে যে জলনিকাশী ব্যবস্থা কারণ কলকাতা শহরের বিস্তীর্ণ এলাকা ধীরে ধীরে বৃদ্ধি পাচ্ছে। বিভিন্ন দিক থেকে লোক কলকাতা বা শহরের দিকে আসছে। যার ফলে সেখানে যে পানীয় জলের ব্যবস্থা ঠিকমতো নেই। জলনিকাশী ব্যবস্থা নেই, রাস্তাঘাট জলে ডুবে যাচ্ছে। আপনারা কয়েকদিন আগের বর্ষায় দেখলেন কলকাতা জলমগ্ন হয়ে গেল। অল্প বৃষ্টিতে জলমগ্ন হয়ে যাচ্ছে। সেইসব জলমগ্ন এলাকাগুলিতে যাতে দ্রুত জল নিকাশের ব্যবস্থা করা সেই ব্যবস্থা করতে হবে। পরিশ্রুত পানীয় জলের ব্যবস্থা করতে হবে। বিশিষ্ট বস্তিগুলি যেগুলি আছে সেই বস্তিগুলির উন্নয়নের আজকে প্রয়োজন আছে। কলকাতা বা শহরাঞ্চলের মানুষের তাদের যে বসতবাটি, আবাসন তার প্রচণ্ড ঘাটতি আছে, অসুবিধা আছে। সেই আবাসন তৈরি করে যাতে মানুষকে সেই আবাসন দেওয়া যেতে পারে সেই দিকে লক্ষ্য রাখতে হবে।

বস্তিগুলির উন্নয়ন করতে হবে। বস্তিগুলির ছেলেমেয়েদের লেখাপড়া যদিও শিশু শিক্ষা কেন্দ্র আছে, প্রাথমিক বিদ্যালয় আছে, মাধ্যমিক শিক্ষা কেন্দ্র আছে, অঙ্গনওয়াড়ি ওয়ার্কার্স আছে তা সত্ত্বেও সেইসব এলাকায় আরো বেশি পরিকাঠামো, আরো বেশি তাদের সুযোগ সুবিধা দেওয়া যায় সেইদিকে লক্ষ্যটা রাখতে হবে। শুধু কলকাতার দিকে লক্ষ্য রাখলে চলবে না আমাদের দেশের প্রায় ৩১% মানুষ শহরাঞ্চলে বসবাস করছেন। আমাদের মফঃস্বলে যেসব পৌরসভাগুলো আছে সেইসব পৌরসভাগুলির এখন অনেক ঘাটতি আছে। এই সব পৌরসভাগুলির দ্রুত এলাকা বেড়ে যাচ্ছে। গ্রামাঞ্চলের কথা আগেই উল্লেখ করেছি। গ্রামের মানুষ আর্থিক দিক থেকে অনেকটা স্বয়ম্ভরতার দিকে এগিয়ে গেছে, আর্থিক স্বচ্ছলতা বেড়েছে। সেইসব মানুষরা তাদের ছেলেমেয়েদের শিক্ষার দিকে লক্ষ্য রেখে তারা শহরের দিকে বসবাসের দিকে এগোচ্ছে। শহরের এলাকা বেড়ে যাচ্ছে। বাড়ার সঙ্গে সঙ্গে সেই এলাকার মানুষের দাবি উঠছে তাদের পৌরসভার যে পরিকাঠামো, যে সুযোগ সুবিধা দেওয়া দরকার আছে সেই সুযোগ সুবিধা তারা আজকে ডিমান্ড করছে। তার রাস্তাঘাট, পানীয় জল, পয়ঃপ্রণালী, তার নিকাশী ব্যবস্থা, স্যানিটেশন যে প্রোগ্রাম সেগুলি তাদের করা দরকার আছে। একটা সময়ে পৌরসভার কর্মচারীদের বেতন পৌরসভাকেই বহন করতে হত। পৌরসভার যে নিজস্ব আয় তার উপরে নির্ভর করেই কর্মচারীদের বেতন দিতে হত। কিন্তু বামফ্রন্ট সরকার এসে পৌরসভার কর্মচারীদের সরকারী কর্মচারী হিসাবে স্বীকৃতি দেয় এবং সরকারীভাবে তাদেরকে বেতন দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেন। আর পেনশন যারা পায়নি তার কারণ হচ্ছে তারা সিডিউলের মধ্যে পড়েনি, তারা বাইরের লোক বলে তাদেরকে সরকারীভাবে নিয়োগ করা যায়নি। তারা ক্যাজুয়াল ওয়ার্কার হিসাবে কাজ করছে। কিন্তু একটা সময়ে এই বামফ্রন্ট সরকারই পৌরসভার কর্মচারীদের সরকারী কর্মচারী হিসাবে স্বীকৃতি দিয়েছেন। বামফ্রন্টের আমলেই পৌরসভাগুলোর যে উন্নয়ন, যেটা অনেকটা পিছিয়েছিল, সেটা করা সম্ভব হয়েছে এবং শহরের উন্নয়ন বাড়াবার জন্য সিদ্ধান্তও গ্রহণ করেছিলেন এবং তারই পরিপ্রেক্ষিতে পৌরসভাগুলোর উন্নতি সাধন হয় এবং পৌরসভাও আগের থেকে অনেকটা বৃদ্ধি পেয়েছে। কিন্তু পৌরসভাগুলোর আর্থিক ইনকাম যাতে বাড়ানো যায় তার সুযোগ গ্রহণ করতে হবে। শুধু সরকারের টাকা কিংবা কেন্দ্রীয় সরকারের টাকা বা রাজ্য সরকারের টাকা দিলে হবে না, সেগুলো হলেই হবে না। তার উপরে নির্ভর না করে পৌরসভাগুলোকে তার আর্থিক ইনকাম বাড়ানোর জন্য রেভিনিউ বাড়াতে হবে। রেভিনিউ কালেকশান করার জন্য খানিকটা দায়িত্ব গ্রহণ করতে হবে। এলাকায় বহু সুযোগ রয়েছে রেভিনিউ কালেকশানের ব্যাপারে, সেখানে অনেক সুযোগ-সুবিধা রয়েছে, ট্যাক্সেসানের অনেক সুযোগ রয়েছে। গাড়ি ভাড়ার থেকে টোল ট্যাক্স ইত্যাদি মাধ্যমে ইনকাম বাড়ানো যেতে পারে। সেইজন্য এই ব্যাপারে মাননীয় মন্ত্রীকে বিশেষ নজর দিতে বলব। মাননীয় সদস্য উদয়ন গুহ যেটা বলেছেন যে বহু পৌরসভা আছে যেমন কোচবিহার থেকে আরম্ভ করে অনেক পৌরসভা আছে, যেগুলোর সঙ্গে সরাসরি শহরাঞ্চলের যোগাযোগ করা সম্ভব নয়, কিন্তু ওইসব পৌরসভাগুলোকে উন্নতির দিকে নজর দিতে হবে। তার যে পরিকাঠামো আছে, সেই পরিকাঠামোকে গুরুত্ব দিয়ে যাতে মানুষের কাছে গ্রহণযোগ্য বা গ্রহণীয় করা যায় সেই পদ্ধতি গ্রহণ করতে হবে। আপনি ওভারঅল বাজেটে অনেক কথা উল্লেখ করেছেন। বামফ্রন্টের আমলের অনেক কিছুই আপনি ধরে

আনবার চেষ্টা করেছেন। গ্রামাঞ্চলে বা বস্তীর মানুষ যারা আছে তাদের জন্য যেসব স্বর্ণ জয়ন্তী যোজনা কর্মসূচী এবং অন্যান্য যেসব কর্মসূচী আছে সেগুলো যাতে সঠিকভাবে রূপায়িত হয় সেইদিকে সরকারকে লক্ষ্য রাখতে হবে। সর্বশেষে আমি বলব আপনি নতুন এলেও আপনার উদ্যোগ আছে। আপনি সেই উদ্যোগকে কাজে লাগিয়ে শহরাঞ্চলের লোককে যাতে দ্রুত উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়া যায় এবং তার জন্য যে পরিকাঠামো দরকার এবং সুযোগ-সুবিধা দেওয়া মানুষদের দরকার সেটা দিতে হবে এবং তার জন্য মাননীয় মন্ত্রী উদ্যোগ গ্রহণ করবেন এই কথা বলে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছেন ৩৯নং দাবির উপরে, সেই দাবিকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য পেশ করছি। মাননীয় মন্ত্রী আপনি জানেন যে, এই পৌরসভাগুলোকে third tier government বলা হয়। প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধী এই third tier government-কে কিছু ক্ষমতা অ্যামেন্ডমেন্ট করে ন্যস্ত করেছিলেন। দীর্ঘদিন ধরে এই third tier government-এর সম্মান পেয়েছে, কিন্তু ক্ষমতা পাইনি। সেই ক্ষমতা থাকার প্রয়োজন আছে এই তৃতীয় স্তরের সরকারের, কিন্তু সেই ক্ষমতা ওই সরকার দেয়নি। আর আমাদের এই সরকারের নাম হচ্ছে 'মা মাটি মানুষ'এর সরকার। অর্থাৎ যারা মাটির সঙ্গে যুক্ত থাকে, সেইসব মানুষদেরকে ইনভলভ্ করার জন্য এই সরকার তৈরি হয়েছে। যে মানুষগুলোকে এতদিন ধরে বঞ্চিত করা হয়েছে সেই মানুষগুলোকে উজ্জীবিত করার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী এই সরকারকে সাধন করেছেন। এই পৌরসভাগুলোতে গ্রাস রুট লেভেলের পিপলদের নিয়ে কাজ করার জন্য সবচেয়ে ideal জায়গা।

[2.25–2:35 p.m.]

রাজ্য সরকারের কিছু স্কীম আছে এবং কেন্দ্রীয় সরকারের সেই স্কীমগুলি আছে। কিন্তু দেখা যাচ্ছে সেই স্কীমে কাজ করতে গিয়ে যে ক্ষমতা দরকার সেই ক্ষমতাগুলি আমাদের উপর ন্যস্ত হচ্ছে না। ফলে অনেক সময় পৌরসভাগুলি কাজ করতে গিয়ে পিছিয়ে পড়ছে। মাননীয় স্পীকার স্যার, মাননীয় মন্ত্রীকে তাই আপনার মাধ্যমে বলতে চাই আমাদের যারা প্রতিনিধি পৌরসভায় আছে তাদের যে remuneration, সাম্মানিক ভাতা খুবই অল্প। এই ভাতা যদি না বাড়ান তাহলে অন্না হাজারের যে আন্দোলন তার মধ্যে আমাদের পরে যেতে হবে। কারণ যে ভাতা দেওয়া হয় সেই ভাতা নিয়ে প্রতিদিন যে কাজ করে তাতে অসুবিধা হয়। বিধানসভায় বেড়েছে, লোকসভায় বেড়েছে, মন্ত্রীদেরও বাড়ছে। কিন্তু যারা জনপ্রতিনিধি, যারা সত্যি grassroot কাজ করে, বিভিন্ন স্কীমে কাজ করে তাদের ভাতাগুলি বাড়েনি। আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করব যাতে বাজেটে কিছু ভাতা বাড়ান। আর একটা কথা মাননীয় মন্ত্রীকে বলতে চাই সেটা হল, এখন প্রত্যেকের হাতে মোবাইল ফোন থাকছে তার সামর্থ্য থাকুক বা না থাকুক। কলকাতা কর্পোরেশন ও অন্যান্য জায়গায় টেলিফোন ভাতা পায়। অন্তত ৫০০ টাকা করে যারা জনপ্রতিনিধি আছেন তাদের ভাতা দিন টেলিফোনে। কারণ এখন বাড়িতে বসে জেলা সমাহর্তা বলুন, RS অফিস বলুন তাদেরকে কাজ করতে হয়। সেই ভাতাটা অন্তত বাড়ান। মাননীয় মন্ত্রী বাজেটে অনেকগুলি বিষয়ে বলেছেন যেমন

পানীয় জল, জঞ্জাল অপারেশান ইত্যাদি সব। Solid Waste Management আমাদের একটা ভাইটাল রোল আছে। দ্রুত নগরায়ন হচ্ছে। গ্রামের মানুষ শহরে চলে আসছে। আবার ছোট শহর থেকে বড় শহরে যাওয়ার প্রবণতা বাড়ছে। আমাদের জেলা সদরে যারা বাস করে তারা কলকাতায় আবাসন খুঁজছেন। দ্রুত urbanisation-এর জন্য আপনি বলেছেন dense population। এই dense population-এর জন্য যে পরিষেবাগুলি দেওয়া উচিত সেই পরিষেবাগুলি পাচ্ছে না অর্থাৎ এলাকা বৃদ্ধি করা দরকার। আমি মাননীয় মন্ত্রীকে বলব জেলা স্তরে এইরকম একটা কমিটি করুন, সে জেলা সমাহর্তাকে সামনে রেখে যাতে dense population-কে পরিকল্পিতভাবে করা যায়। কিছুদিন আগে দেখলাম কলকাতা কর্পোরেশানে এলাকা বর্ধিত করা হয়েছে। তেমনই আমাদের জেলার এলাকাগুলোকে বর্ধিত করেন plan wise তাহলে অনেকে উপকৃত হবেন। Solid Waste নিয়ে আমরা বলছিলাম, এত জঞ্জাল হচ্ছে সেই জঞ্জালগুলি একটা জায়গায় dump করার মতো জমি কেনার ক্ষমতা পৌরসভাগুলির নেই। শহরে এক কাঠা জমির দাম ১০-১৫-২০ লক্ষ টাকা। কিন্তু জমি যে দরকার সেই জমির জন্য আপনি ধরেছেন। আমি যতটুকু জানি সেই জমির ব্যাপারে অনেক question mark আছে, এটাকে সরলীকরণ করা দরকার। পৌরসভার সেই টাকা নেই। পৌরসভাগুলির কাছে যদি টাকা থাকত তাহলে পৌরসভা আপনাদের কাছ থেকে জমি কিনে নিতে পারত পারমিশান নিয়ে। আমি আপনার কাছে অনুরোধ করব যেসব পৌরসভাগুলি Solid Waste management করতে পারছে না, মুখ থুবড়ে পড়ছে। পঞ্চায়েত লেভেলে যদি ভেস্ট জমি থাকে, জেলা কালেকটরেটের মাধ্যমে তাদেরকে অন্তত ভেস্ট জমিগুলো দেওয়া হোক। নচেত একটা টাকা দেওয়া হোক এই সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট করার জন্য। এই সলিড ওয়েস্টকে কাজে লাগিয়ে নন কনভেনশনাল এনার্জি, ওখান থেকে বিদ্যুৎ তৈরি করা যায়। ওখান থেকে সার তৈরি করা যাবে। ওটাকে রি-সাইকেলিং করে অনেক কিছু করা যাবে। জঞ্জালটাকে যদি আমরা প্ল্যানিং-এ না আনতে পারি তাহলে জঞ্জাল বাড়বে, আর আমাদের সমস্যাগুলো বাড়বে। আমি জানি মাননীয়া মুখ্যমন্ত্রী এই দপ্তরে যাঁকে দায়িত্ব দিয়েছেন পৌরসভার যে নলেজ মাননীয় মন্ত্রীর আছে। পৌরসভা পরিচালনা করার জন্য, পৌরসভার সমস্যাগুলো দেখার জন্য আমি মাননীয় মন্ত্রীকে বলব যে আপনি এই বিষয়ে সজাগ আছেন, আপনি এটা দেখুন। মাননীয় মন্ত্রী এখানে অনেকেই বলেছেন ১০ বছরের অধিক যারা কাজ করেছেন তাদের জন্য ৬৬০০ টাকা করে একটা ধার্য করা হয়েছিল এবং রিটায়ার করার সময় তারা ১ লক্ষ টাকা করে পাবেন। অনেকে বলেছেন এটা তো চাকরি হচ্ছে না, একটা উপঢৌকন দেওয়া হচ্ছে। পরিকাঠামোগুলো পরিচালনা করার জন্য কর্মচারী দরকার, এই কর্মচারী নেই। আমি মাননীয় মন্ত্রীকে বলব ৬৬০০ না, আপনি দেখুন, আলোচনা করুন তাদের পারমানেন্ট জব দেওয়া যায় কি না। কোর্টে একটা কেস আছে শুনেছি, সেটাকেও আপনাদের তদ্বির করে, এদের ভিক্ষে না, এরা যাতে প্যারাটিচারের মতো ভিক্ষে না পায়, এদেরকে স্বয়ংসম্পূর্ণ করে যদি কাজগুলো করা যায়—পি পি পি মডেলে বলা হচ্ছে, পি পি পি মডেল করার জন্য যদি একটা সিঙ্গল উইন্ডো থাকে, আমি বলতে চাইছি আমাদের জমি আছে, সেই জমিটা নিয়ে যদি আমরা প্রোজেক্ট করতে পারি তাহলে পৌরসভার লাভ হবে, এটা আপনি উল্লেখ করেছেন। কিন্তু

দেখা যাচ্ছে এক দপ্তর থেকে আর এক দপ্তরে একটা ফাইল যেতে যদি ৬ মাস লাগে তাহলে পৌরসভার ইনকাম আর বাড়বে না। আমি মাননীয় মন্ত্রীকে বলব দপ্তরে একটা পি পি পি-র প্রস্তাব দেওয়ার সঙ্গে সঙ্গে যদি একটা টাইম ফ্রেম করে দেন এবং সিঙ্গল উইন্ডো করে দেন, দরখাস্ত পাওয়ার সঙ্গে সঙ্গে কি ধরনের বিল্ডিং করবেন, কি ধরনের মার্কেট করবেন, তার থেকে কত আয় হবে, পৌরসভা কতখানি স্বাবলম্বী হবে এটার যদি একটা সুনির্দিষ্ট পরিকল্পনা থাকে তাহলে পি পি পি মডেল আমাদের এখানে অনেক বেশি আসবে।

Madam Deputy Speaker : I see mobile phone is ringing inside the House. I think, it should be kept in switched off mode or silent mode. Otherwise, it will be seized.

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় মন্ত্রী জানেন কেন্দ্রীয় সরকার থেকে অনেক প্রোজেক্ট আসছে। কিন্তু দেখা যাচ্ছে যারা ইউ সি দিয়ে দেয়, বিভিন্ন প্রোজেক্টের যে ইউ সি-গুলো দিচ্ছে যেমন ISDPএগুলো ইউ সি দেওয়ার পরেও টাকা রিলিজের ক্ষেত্রে অনেক বাধা হচ্ছে। আমি আপনার কাছে অ্যাপিল করব অন্তত এই টাকাগুলো যাতে বৃদ্ধি করা যায়, যাতে সঠিকভাবে পাওয়া যায়—একটা ব্যাপারে পেপারে দেখলাম যে কলকাতা কর্পোরেশন ট্যাক্স ওয়েভার নিতে চলেছে। আমি মাননীয় মন্ত্রীকে বলব নিশ্চয়ই বিভিন্ন স্কিমের মাধ্যমে সুযোগ দেওয়া উচিত, কিন্তু যারা রেগুলার ট্যাক্স দেয়, যারা দিনের পর দিন দেয় না, ইচ্ছাকৃত দেয় না তারা এই সুযোগ নিক কিন্তু যারা রেগুলার ট্যাক্স দেয় তাদেরও আপনার কিছু দেওয়া উচিত। আপনি এমন একটা স্কীম করুন যাতে তারাও বেনিফিট পান। এটা একটু বাড়ানো উচিত। গত বিধানসভায় পূর্বতন মন্ত্রী বলেছিলেন ঔরঙ্গাবাদ, চাঁচল ইত্যাদি এলাকাগুলো মিউনিসিপ্যালিটি হবে। বাস্তবে তা রূপায়িত হয়নি, সরকার চলে গেছে। এরকম মিথ্যা শুনতে শুনতে মানুষ সেই সরকারকে বিদায় দিয়েছে। সর্বশেষে বলব, ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেন্টে অনেক স্টাফের অভাব আছে, যারা আছে তাদের উপর লোড পড়ে যাচ্ছে। কর্মচারী নিয়োগ করার ব্যাপারে পৌরসভাগুলোকে একটা অধিকার দেওয়া হোক, বা পৌরসভাগুলিতে টেম্পোরারি বেসিসে কনসালটেন্ট নিয়োগ যাতে করতে পারে। ....(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)।

[2.35–2.45 p.m.]

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আজকে যে বাজেট বিবৃতি মাননীয় মন্ত্রী মহোদয় পেশ করেছেন তাকে সমর্থন করতে পারছি না। আগামী বছর যদি এর থেকে ভালো বাজেট রাখেন তখন ভাবব সমর্থন করা যায় কিনা। অন্যান্য বারে প্রথা ছিল প্রত্যেকটা মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানদের নিয়ে মোটামুটি তিন মাস বা একশো দিনের মধ্যে একটা সভা করা, কিন্তু তিন মাসের বেশি হল সরকার গঠিত হলেও এখনও পর্যন্ত এরকম কোনো সভা হল না, ভাবের আদান প্রদান হল না। এই বিষয়ে মাননীয় মন্ত্রী কি ভাবছেন বা মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানরা কি ভাবছেন সেটা জানাবেন। দ্বিতীয়—স্টাফ প্যাটার্ন সম্বন্ধে সরকার কি ভাবছে সেই বিষয়ে কিছুই উল্লেখ নেই এই বাজেটের মধ্যে, তাই এই বাজেটকে সমর্থন করতে পারছি না। তৃতীয়—ক্যাজুয়াল ওয়ার্কার্সদের সম্বন্ধে, যারা দশ বছরের বেশি

কাজ করছেন তাদের বেতন এবং অন্যান্য সুযোগ-সুবিধার বিষয়ে কিছুই বলা নেই এই বাজেটে। এটা না থাকার জন্য মিউনিসিপ্যালিটিগুলোর উপর অনেক চাপ আসছে। সেখানে নতুন করে কর্মী নিয়োগের বিষয় থেকে যাচ্ছে। মিউনিসিপ্যালিটিগুলোতে ভ্যাকান্ট পোস্ট সম্বন্ধেও পরিষ্কার কিছু উল্লেখ নেই এই বাজেটে, ফলে বিষয়টা ঠিক বোঝা যাচ্ছে না। বিভিন্ন জায়গায় জে.এন.এন.ইউ.আর.এম.-এর যে প্রোজেক্টগুলো হচ্ছে—আগের সরকার ঠিক করেছিল এক্ষেত্রে বরাদ্দ বৃদ্ধি করবে বলে, কিন্তু এই সরকারের কাছ থেকে এক্ষেত্রে ব্যয়বরাদ্দের বিষয়ে নির্দিষ্টভাবে কোনো নির্দেশিকা পাওয়া গেল না। সাধারণ গরীব মানুষের ঘর তৈরি করার ক্ষেত্রে দেখা যাচ্ছে অনেক অসুবিধা হচ্ছে, তাদের ঘরবাড়ি ঠিকমতো তৈরি হচ্ছে না। এই প্রশ্নে বিগত সরকারের যে সিদ্ধান্ত ছিল সেই সিদ্ধান্তকে আপনারা খারিজ করলেন, না সেই সিদ্ধান্তকে রেখে দিলেন সেই সম্পর্কে বিস্তারিত বা সংক্ষেপে কিছু বলা উচিত ছিল। কিন্তু সেটাও আমরা দেখতে পেলাম না। এই কারণে এই বাজেটকে সমর্থন করতে পারছি না এবং এত মন্দ বাজেট গত ৪০ বছরে দেখিনি। মিউনিসিপ্যালিটির এত মন্দ বাজেট গত ৪০ বছরে দেখিনি। সেই কারণে আপনার এই বাজেট দেখার পরে অন্যান্য বাজেটগুলো দেখছিলাম। তাতে দেখলাম যে এত মন্দ বাজেট, এই বাজেট কিন্তু কোনোদিন এইভাবে দেখা যায়নি। এছাড়াও কতগুলো বিষয় সম্পর্কে যেমন ধরুন, যে বর্ধমান শহরে জল সরবরাহের ব্যাপারটা, প্রচণ্ড কষ্টকর বিষয়। দামোদর নদ থেকে যে জল সরবরাহের প্রশ্ন এই সম্পর্কে মাননীয় মন্ত্রীকে বলব এই বিষয়টা একটু দেখতে। যদি এটা করা যায় খুব ভালো হয়। আসানসোল এলাকায় প্রচণ্ড জলকষ্ট। সেই সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব যে এটা একটু দেখার বিষয়। আর একটি বিষয় আছে যেটা বলতে চাইছি বিশেষ করে আসানসোল দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটি এরিয়া যেখানে কয়লা খনি, 'সেল' এদের প্রচুর কলকারখানা রয়েছে। এরা বছরের পর বছর কোটি কোটি টাকা ট্যাক্স ফাঁকি দিচ্ছে। অথচ তাদের দূষণ থেকে শুরু করে সমস্ত কিছু সেই এলাকার মানুষরা ভোগ করছে। এই সমস্ত প্রতিষ্ঠানের কাছ থেকে কিভাবে ট্যাক্স আদায় করা যেতে পারে আসানসোল বলুন, বার্ণপুর বলুন, কুলটি বলুন, হীরাপুর বলুন দুর্গাপুর বলুন ইত্যাদি সমস্ত জায়গায় কোটি কোটি টাকার ট্যাক্স এরা ফাঁকি দিয়ে রাখছে। কয়লা খনিগুলো যে সমস্ত মিউনিসিপ্যালিটির মধ্যে পড়ছে সেগুলো রয়েছে। আমি এই বিষয়গুলো মাননীয় মন্ত্রীর কাছে রাখলাম। এছাড়া, মিউনিসিপ্যালিটির যে সমস্ত রাস্তাঘাট সেই ক্ষেত্রে যদি টোল ট্যাক্স বসাতে পারেন, সেই ক্ষেত্রে তাদের অধিকার দেওয়ার ক্ষেত্রে কোনো আইন কানুন সংশোধন করতে পারেন কিনা এই বিষয়টিও আমি বলছি। এই সমস্ত কারণের জন্য যেহেতু আমাদের চিন্তা-ভাবনার সঙ্গে আপনাদের বাজেটের কোনো মিল পাচ্ছি না এবং এই বাজেট হচ্ছে মিউনিসিপ্যালিটি এলাকার জনসাধারণের দুর্দশাকে আরও বেশি করে প্রতিষ্ঠিত করবে এবং দীর্ঘ কয়েক দশক ধরে যে ভালো বাজেট আমরা দেখে এসেছি তার পরিপ্রেক্ষিতে এই মন্দ বাজেটকে সমর্থন করতে পারলাম না। ধন্যবাদ।

শ্রী অশোক ঘোষ : ম্যাডাম ডেপুটি স্পীকার, আমি প্রথমেই আমাদের পৌর নগরোন্নয়ন মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি যে মা-মাটি-মানুষের পদযাত্রার সঙ্গে, গতির সঙ্গে

মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টিভঙ্গির সঙ্গে এই বাজেট অত্যন্ত জনমুখী বাজেট তিনি আমাদের উপহার দিয়েছেন। আমি মাননীয় মন্ত্রীর কাছে দু-একটি আবেদন রাখতে চাইছি যে উনি কর্মসংস্থান প্রকল্প, শহরী রোজগার যোজনা, দারিদ্র্য দূরীকরণ, রাজীব আবাস ইত্যাদি ব্যাপারে উনি যে কথা বলেছেন, পৌরসভার কাছে যেগুলো পৌঁচচ্ছে বিশেষ করে হাওড়া শহরে যেখানে আমি থাকি, হাওড়া করপোরেশন এখানে একটু নজরদারি দরকার। একজন মহিলা সদস্যা বললেন বা প্রথমে উদয়নবাবু বললেন যে ৩৪ বছরের কথা বলবেন না। আমাদের দুর্ভাগ্য এই ৩৪টা বছরই হাওড়া করপোরেশন এনাদের দখলে আছে। কখনো পিছনের দরজা দিয়ে প্রথম ৭৭ সালে। তারপরে হাওড়া করপোরেশনে ভোট লুঠ করে। পরপর ক্ষমতায় আছে। তারা কাজটা কি করলেন। আমি আবার প্রসঙ্গে ফিরে যাই। ধন্যবাদ দিচ্ছি মাননীয় মন্ত্রীকে এই কারণে যে উনি জলকর, জঞ্জাল কর, উন্নয়ন ফি ইত্যাদি বসাননি বলে। আগের বাজেটে আমি দেখেছি যে যারা বলছিলেন সমর্থন করতে পারছি না। গৌরাঙ্গবাবু বক্তৃতা দিলেন। আমার মনে হচ্ছে যে ওঁর নামের সঙ্গে যাঁর নামযুক্ত সেই মহান মহাপ্রভু তাঁর নামের অপব্যাখ্যা হচ্ছে। উনি সেই নামের বোধহয় উপযুক্ত নন। এত মিথ্যা কথা, এত অসত্য কথা উনি যেগুলি বললেন, সেটা টোটালটাই ভুলে ভরা এবং এই প্রসঙ্গে আপনাকে একটা কথা বলি মাননীয়া ডেপুটি স্পীকার মহাশয়া, (গোলমাল) এখনও প্রসঙ্গ আসেনি। চেঁচামেচির কথা আছে। এত সুন্দরভাবে আপনারা হাওড়া কর্পোরেশান ৩৪ বছর চালাচ্ছেন বলব, (গোলমাল)

[2.45–2.55 p.m.]

ম্যাডাম ডেপুটি স্পীকার : আমি নিয়মটা আপনাদের থেকে বেশি জানি। আমি একজন সিনিয়র মেম্বার এই হাউসের। প্লিজ, যেটা একস্পাঞ্জ করার করে দেব। সময় নষ্ট করবেন না। ক্যারি অন প্রিজ। উনি কাউকে ব্যক্তিগতভাবে আক্রমণ করেননি। প্লিজ মি: অশোক ঘোষ বলুন।

শ্রী অশোক ঘোষ : ম্যাডাম, প্রথমেই বলে রাখি হাওড়া কর্পোরেশন চলছে যার চিফ ইঞ্জিনীয়ার নেই, কালেক্টর নেই, বিল্ডিং-এর কোনো অফিসার নেই, একজিকিউটিভ ইঞ্জিনিয়ার নেই। এই অবস্থায় মেয়র সমস্ত ক্ষমতা কুক্ষিগত করে তাঁর নিজের খেয়ালখুশিমতো কর্পোরেশন চালাবার চেষ্টা করছেন। ম্যাডাম এই হাওড়া কর্পোরেশানকে এমন জায়গায় এনে ফেলেছে যে জলনিকাশীর ব্যাপারে দুদিন আগে দেখেছেন, লজ্জার কথা এটা, কাগজে বেরিয়েছে, কোর্টের দ্বারস্থ হতে হয়েছে হাওড়া শহরবাসীকে। জলনিকাশী ব্যবস্থা এমন জায়গায় চলে গিয়েছে। ওখানকার মানুষ ডুবছে। এদের এত সুন্দর শাসনব্যবস্থা ছিল যে, সেখানকার জল এখনও বেরোয়নি। ম্যাডাম আপনি যদি লোক পাঠান, তাহলে দেখতে পাবেন যে, এখনও পর্যন্ত কয়েকটি জায়গায় এক কোমর জল আছে। এটার জন্য দায়ী কি আমাদের এই একশো দিনের সরকার ? এত বছর ধরে কেন জলনিকাশী ব্যবস্থা সুন্দরভাবে হয়নি ? আমি মাননীয় মন্ত্রীকে এই ব্যাপারে দৃষ্টি দিতে বলছি যে, আপনি দয়া করে এই ব্যাপারে নজর দিন। আজকে ওখানকার মানুষ কেন ত্রাহি ত্রাহি করছে। হাওড়ার জঞ্জাল সাফাই হয় না। লক্ষ লক্ষ টাকা দিয়ে গাড়ি কেনা হয়েছে। সেই গাড়িগুলি কোথায় আছে, তার কোনো হদিশ নেই। গাড়ির ব্যাপারে কন্ট্রাক্টরকে দিয়ে দেওয়া হয়েছে। কন্ট্রাক্টররা জঞ্জাল সাফাই করছে এবং সেই

টাকা পৌরসভার নিজের গাড়ি থাকা সত্ত্বেও এই দায়িত্ব কেন কন্ট্রাক্টরকে দেওয়া হয়েছে, এই ব্যাপারে তদন্ত হওয়ার দরকার আছে। আজকে ২৭ বছর ধরে এখানে কোনো অডিট হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয় শুনবেন ২৭ বছরের বেশি অডিট রিপোর্ট প্লেস করা হয়নি। আয় ব্যয়ের হিসাব নেই। কাগজে খতিয়ান পেশ হচ্ছে না আইনের বাধ্যবাধকতা সত্ত্বেও। সম্পত্তির পুনর্মূল্যায়ন বন্ধ। একের পর এক বহুতল বাড়ী উঠে যাচ্ছে। ছোটো ছোটো জায়গাগুলিকে জোর করে প্রোমোটারকে দিয়ে দেওয়া হচ্ছে। প্রোমোটার সেখানে বাড়ী করছে। কিন্তু ট্যাক্স আদায় হচ্ছে না। আয় না থাকলে ব্যয় বেড়ে যাচ্ছে। আজকে ম্যাডাম এই অবস্থাতে হাওড়া কর্পোরেশানের মানুষগুলির নাভিশ্বাস উঠে গিয়েছে। আমরা তো চেয়েওছিলাম যে, অবিলম্বে নির্বাচন হোক। কিন্তু আমি জানি না, এখনও কতদিন আমাদের এই নরক যন্ত্রণা ভোগ করতে হবে। ম্যাডাম আপনি আলো জ্বালিয়ে দিয়েছেন। তবে আমি দুটো দুর্নীতির ব্যাপারে এখানে তথ্য পেশ করতে চাইছি। জানি না তারপরে চেঁচাবেন কিনা। আমার কাছে ডকুমেন্ট আছে। একটা হচ্ছে, হাওড়ার লোকরা বলেন "কাশীরাম দাশ কহে শুন পুণ্যবান, হাওড়া কর্পোরেশানের দুর্নীতি অমৃত সমান।" আজকে এরা এমন অবস্থা করে ফেলেছে। সুইমিং পুলের জন্য যে বেশ কয়েক একর জমি নেওয়া হল, সেই কয়েক একর জমি নিয়ে বাড়ী তৈরি করা হল। কিন্তু তার কোনো প্ল্যান নেই। সেখানে সি পি এমের প্রমোদ উদ্যান বানানো হল। সন্ধ্যার পর থেকে সেখানে সি পি এমের কাউন্সিলারস যারা মেয়র ছিলেন, তারা ওখানে গিয়ে জমায়েত হন। এটা হওয়ার পরে কর্পোরেশানের আয় কিছু বাড়েনি। বছরে মাত্র এক হাজার ট্যাক্স তাদের কাছ থেকে ধার্য হল এই সুইমিং পুলের কাছ থেকে। অথচ কোটি কোটি টাকা সুইমিং পুলের যারা কর্মকর্তারা আছেন, তারা কিন্তু আদায় করছেন। বিয়ে বাড়ী ভাড়া দিচ্ছেন, নানারকম অনুষ্ঠানে ভাড়া দিচ্ছেন, ব্যাংককে ভাড়া দিয়েছেন। এই অবস্থার মধ্যে সুইমিং পুল চলছে। মানুষকে দেখানো হচ্ছে 'আমরা কিছু করলাম।' আর একটা বড় কথা এসে গেছে ম্যাডাম, "হাওড়া হাট"। সংবাদপত্রে দেখেছেন, সি পি এমের ওই কেলেঙ্কারীর কথা। হাওড়া হাটে ৬ স্কোয়ার ফিট জায়গা ঘিরে আকাশের নীচে গরীব মানুষ সোমবার, মঙ্গলবার ভাড়া নিতে যায়। এক হাজার টাকা দিতে হয়। সেখানে ২১ কাঠা জমি ১৫,১২০ স্কোয়ারফিট, ২০০ টাকা প্রতি কাঠা। প্রতি মাসে ভাড়া পার স্কোয়ার ফিট ৩ টাকা ৬০ পয়সা দরে দেওয়া হল। কাদের সঙ্গে লিজ হল ? সেটা হচ্ছে ম্যাডাম, গোপিকিষণ আচার্য, সুখময় আচার্য—এদের সঙ্গে উইল হয়েছিল কর্পোরেশনের। তারপর এরা মারা যাওয়ার পর ওর ছেলে এবং বৌমার নামে উইল হল। এবার কি হল ম্যাডাম জানেন, লিজ দেওয়ার সময় এই দুজন ছাড়াও নন্দকিশোর ভুতরা নামে—মাননীয় মন্ত্রী নোট করবেন—নন্দকিশোর ভুতরা নামে একজনের আবির্ভাব হল। এই ভুতের আবির্ভাব কোথা থেকে হল ? আগে তো ছিল না। তাকে লিজ দিয়ে দেওয়া হল, মানে জমিটা ৫ হাজার টাকা পার স্কোয়ার ফিট হিসেবে দিয়ে দেওয়া হল। এত বিশাল জায়গা। আর দুজনের সঙ্গে চুক্তি আমি বুঝলাম, কিন্তু তৃতীয় ব্যক্তির আবির্ভাব কোথা থেকে ঘটল ? আজকে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমি আবেদন করছি, যে ডিড্ আছে, এদের সঙ্গে কর্পোরেশনের যে ডিড্ আছে, সেই ডিড্ আমি মাননীয় মন্ত্রীকে দিয়ে দিচ্ছি। উনি বিষয়টা বিস্তারিতভাবে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা করবেন, ধন্যবাদ।

শ্রী সুনীল কুমার মণ্ডল : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম মহাশয়ের ২০১১-১২ সালের ৫৪ নম্বর যে ব্যয়-বরাদ্দ পেশ করা হয়েছে, তার সম্বন্ধে দু-চার কথা বলতে চাই। এই পৌর এলাকায় যে সমস্যাগুলো আমরা বাস্তবিক দিক থেকে দেখছি, পৌর এলাকার যে সমস্ত বস্তিগুলো হয়েছে, সেগুলো এমনভাবে হচ্ছে, দিনের পর দিন একজন আসছে, ১০ জন এসে বসবাস করছে। সেখানে কোনো শৌচাগার নেই, কোনো ব্যবস্থা নেই। ফলে ওই বস্তি এলাকাবাসীরা অন্যান্য এলাকাগুলোতে দূষণ করে তুলছে, শৌচাগার তৈরি করছে নিজেরাই এবং নিজেরাই সেই জায়গাগুলোকে নোংরায় পরিপূর্ণ করছে। এই সম্বন্ধে মাননীয় মন্ত্রী তাঁর বাজেটে বলেছেন, তিনি বস্তি মুক্ত করবেন। কিন্তু বস্তি মুক্ত করবেন, একদিকে যেমন করছেন, আরেকদিকে তেমনই বস্তি এলাকায় জনসংখ্যা দিনের পর দিন বেড়েই যাচ্ছে। শুধু তাই নয়, আমাদের দুর্গাপুর, বর্ধমানে আমরা দেখছি, যে সমস্ত এলাকাগুলো রয়েছে, সেই এলাকাগুলোতে দোকান, রাস্তা দখল করে কিছু দোকান-পাট হয়ে যাচ্ছে। দোকান-পাট হয়ে যাওয়ার ফলে ধীরে ধীরে তারা সেখানে পার্মানেন্ট সেটেলআপ করছে। ফলে সেখানকার রাস্তায় যানজটের সৃষ্টি হচ্ছে। কিন্তু এই সম্বন্ধে মাননীয় মন্ত্রীর কোনো দৃষ্টিভঙ্গি আছে কিনা যে, বসার পূর্বেই— যারা রাস্তাঘাটের পাশে বসছে—তাদের প্রথমেই সেখান থেকে তুলে দেওয়া যায় কিনা। কারণ, পরে কি হচ্ছে, আমি আমার পানাগড়ের সমস্যা নিয়ে দেখছি, যখন তাদের আর্থিক রোজগারের জন্য, বিশেষ করে পুজো-পার্বণের সময়—দুর্গাপুজো, কালীপুজো—এই সময় কেউ দোকান নিয়ে বসল, কিন্তু তারপর তার আর্থিক অবস্থার দিকে তাকিয়ে তাকে তোলা হয় না। তারপর কিন্তু সেখানে তার পার্মানেন্ট সেটেল্আপ্ হয়ে যায় এবং তখন তাকে সেখান থেকে দখলমুক্ত করা খুব সমস্যা হয়ে যায়। এই জন্য মাননীয় মন্ত্রীর কাছে আমার অনুরোধ, সেই জায়গাগুলো আশা করি আপনি একটু লক্ষ্য রাখবেন যে, এইভাবে যদি আমাদের সমস্ত এলাকা দখল হয়, তাহলে যে যানজটের সৃষ্টি হচ্ছে, আর বেশি করে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় যেটা দুর্গাপুর এলাকায় তৈরি হয়েছে, আমাদের পৌর এলাকায় যে সমস্ত ইংলিশ মিডিয়াম স্কুলগুলো আছে, সেই স্কুলগুলো কোনোভাবেই পৌর নিয়ম মানে না। তাদের নিজেরা স্বাধীনভাবে চলে। তারপরে যখন-তখন স্কুলে বেতন বৃদ্ধি... তারপরে তাদের নিজেদের ইচ্ছামতো তারা ছাত্রদের নিয়ন্ত্রণ করে এবং তাদের পরিকাঠামোতে যেটা বলা আছে যে তারা ৩৪টির বেশি ছাত্র ভর্তি করবে না, কিন্তু অনেক সময় পয়সার খাতিরে দেখা যায় তারা বেশি বেশি করে ছাত্র ভর্তি করে পয়সার জন্য। তার পরে দূষণ তো রয়েছেই, আমাদের দুর্গাপুর এলাকায় যে সমস্ত স্পঞ্জ আয়রন কারখানা আছে, ডি.এস.পি.-র ধোঁয়া আছে, এসব দুর্গাপুর শহরটাকে দূষণে পরিপূর্ণ করে তুলছে। এই জন্য আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করব এই দিকগুলো আপনি আশা করি লক্ষ্য রাখবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2.55–3.05 p.m.]

শ্রী উজ্জ্বল চ্যাটার্জী : মাননীয়া ম্যাডাম, মাননীয় মন্ত্রী পৌরবিষয়ক এবং নগর উন্নয়ন বিভাগের ২০১১-১২ সালের উন্নয়ন খাতে যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তার প্রতি আমি

পূর্ণ সমর্থন জানাচ্ছি। অত্যন্ত সুন্দর একটা বাজেট তিনি এর মধ্যে ফুটিয়ে তুলেছেন। পশ্চিমবাংলার যদি উন্নয়ন করতে হয় তাহলে দুটো বিভাগের অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে, একটা নগরোন্নয়ন বিভাগ এবং গ্রামোন্নয়ন বিভাগ। সুতরাং এই বিভাগের গুরুত্ব অপরিসীম। যেভাবে বাজেটে ব্যয় বরাদ্দ তিনি পেশ করেছেন তাতে বিরোধিতা করার তো প্রশ্ন থাকতেই পারে না, আমাদের সকলেরই উচিত পূর্ণ সমর্থন জানানো। আমি মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাব দীর্ঘ প্রায় ২ বছর কুলটির জল প্রকল্পের যে বিষয়টি ঝুলে ছিল, অত্যন্ত দ্রুততার সঙ্গে তিনি তার সমাধান করেছেন। কুলটিবাসীর পক্ষ থেকে তাঁকে ধন্যবাদ জানাচ্ছি এবং এই বিভিন্ন প্রকল্প তিনি যেভাবে রূপায়িত করার তিনি চিন্তা-ভাবনা করছেন, তার জন্য আমরা সকলে তাঁকে ধন্যবাদ জানাব। ধন্যবাদ জানাব পশ্চিমবাংলার মাননীয় মুখ্যমন্ত্রীকে, যাঁর উদ্যোগে বিভিন্ন জায়গায় এই ধরনের উন্নয়নমূলক কাজগুলো আস্তে আস্তে করার জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কিন্তু আমি দু-একটা কথা বলতে চাই এই বিষয়ে যে কাজগুলো করতে গিয়ে পৌরসভায় যে সমস্যাগুলো দেখা দেয়, সেই বিষয়ে আমাদের চিন্তা-ভাবনা করার বিষয়টা রয়েছে। এই বিষয়গুলো কিন্তু আজকের নয়, এই বিষয়টা যে নতুন তৈরি হয়েছে, তা নয়, এই বিষয়গুলো দীর্ঘদিনের বিষয়। মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করব এই বিষয়গুলো কেন্দ্রীয় সরকারের সঙ্গেও তিনি যদি আলাপ-আলোচনা করে সমস্যার সমাধান করতে পারেন তাহলে আমার মনে হয় সমস্ত পৌরসভাগুলো এতে উপকৃত হতে পারে। কারণ পৌরসভার নিজস্ব আয় বাড়াবার ক্ষমতা খুব কম, পৌরসভাগুলো টাকার অভাবে ধুঁকছে। উন্নয়নখাতে যে সমস্ত টাকাগুলো পেয়ে থাকে পৌরসভাগুলোকে সেই খাতেই কাজগুলোকে করতে হচ্ছে। যে সমস্ত খাতে রাজ্য সরকার টাকাগুলো দিয়ে থাকেন, সঙ্গে সঙ্গে কেন্দ্রীয় সরকার যে সমস্ত প্রকল্পগুলোর অনুমোদন দিয়ে থাকেন, সেই সমস্ত খাতে কাজ করতে গিয়ে যে কতগুলো অসুবিধা দেখা দেয়। যেমন দু-একটা উদাহরণ দিয়ে আমি বলছি, JNNURM প্রকল্পে যে কাজগুলো হচ্ছে বিভিন্ন পৌরসভায় হচ্ছে, এই সমস্ত কাজগুলো করতে গিয়ে দেখা যাচ্ছে এখানে যে সিডিউলটা তৈরি হয়ে থাকে সেটা ২০০৭ সালের সিডিউল। এখন ২০১১ সালে যে সিডিউল করা হয়েছে তাতে কাজ করতে গিয়ে দেখা যাচ্ছে বিরাট অঙ্কের টাকার একটা তফাত এখানে থেকে যায়। কাজটা উন্নতমানের করার ক্ষেত্রে একটা অসুবিধা দেখা দেবে। কারণ একটা কাজ করতে গেলে দেখা যাচ্ছে যে যদি একটা ৫ লক্ষ টাকার কাজ করা যায়, আমি ব্যক্তিগতভাবে নিজেও দেখেছি ৫ লক্ষ টাকায় যদি কাজটা করা যায়, সেখানে কন্ট্রাক্টর বা ঠিকাদারদের দিয়ে আমাদের কাজটা করাতে হয়, এখানে ডিপার্টমেন্টাল কাজের কোনো ব্যবস্থা নেই এই সব স্কীমে। সুতরাং কাজ করতে গিয়ে যখন দেখা যায়, একটা কাজ করতে গেলে দেখা যাচ্ছে যে ২০১১ সালের যে সিডিউল তাতে ৫ লক্ষ টাকার কাজে ৭৫ থেকে ৮০ হাজার টাকা একজন কন্ট্রাক্টর লাভ করতে পারে। সে ক্ষেত্রে ২০০৭ যে সিডিউল এবং সেই সিডিউল অনুযায়ী সেই সময়কারের যে ডি.পি.আরের ভিত্তিতে যদি কাজটা করা যায়, তাহলে কিন্তু ঠিকাদার কোনোভাবে লাভ করতে পারে না। এ ক্ষেত্র কিন্তু আমাদের কেন্দ্রীয় সরকারের যে প্রকল্প রয়েছে এবং যেভাবে আমাদের কাজটা করতে হচ্ছে ২০০৭ সালের সিডিউলের উপরে, এগুলো যদি আলাপ-আলোচনার মাধ্যমে ঠিক করে দেওয়া যায়। তাহলে কিন্তু এই কন্ট্রাক্টরদের কাজ করার ক্ষেত্রে অনীহা যেটা থাকে

সেটা থাকবে না এবং কাজের মানটা ভালো হবে। এ বিষয়গুলির উপর আমি অনুরোধ করব করার জন্য। কারণ আমাদের কারেন্ট সিডিউল এবং ২০০৭ সালের সিডিউল এগুলোর মধ্যে কিন্তু রয়েছে। আরও আছে সেন্ট্রাল ভ্যালুয়েশান বোর্ড। এই সেন্ট্রাল ভ্যালুয়েশান বোর্ডের মাধ্যমে কর নির্ধারণ করা হয়ে থাকে। হাউস হোল্ডিং ট্যাক্সের কথা যেটা আমি বলছি, হোল্ডিং ট্যাক্স এগুলো দশ বছর পর পর পৌরসভায় হয়ে থাকে। কিন্তু এখানে একটা বিরাট তফাত হয়ে যায়। একই ধরনের বাড়ি যেখানে কর নির্ধারণ করা হয়তো আগের ভ্যালুয়েশান বোর্ড করেছিল, দেখা যাচ্ছে পরে তার থেকেও একটা ছোটো বাড়ির ক্ষেত্রে অন্যরকম হচ্ছে—একটা তারতম্য থেকে যায়। জনসাধারণের মনের মধ্যে এর ফলে একটা ক্ষোভের সৃষ্টি হয়। সেই সেন্ট্রাল ভ্যালুয়েশান বোর্ড যে করটা নির্ধারণ করে থাকে, এটা যাতে সামঞ্জস্য হয়, সেই ধরনের ব্যবস্থার উদ্যোগ যদি মাননীয় মন্ত্রী গ্রহণ করে থাকেন এবং এই সব দপ্তরের অফিসারদের বলে দেন তাহলে ভালো হয়। কারণ এর আগেও আমি বলেছিলাম কিন্তু বলে লাভ হয়নি। কারণ এইসব সমস্যাগুলো সমস্ত পৌরসভার সমস্যা। আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করব তিনি যদি এই বিষয়গুলি দেখেন তাহলে আমার মনে হয় খুব ভালো হবে। কেন্দ্রীয় সরকারের যে সমস্ত প্রকল্পগুলো আছে বা অন্যান্য যে সমস্ত খাতে আমরা টাকাগুলো ব্যয় করে থাকি তাতে কিন্তু গ্রামীণ যে বিদ্যুতের বিষয়গুলো রয়েছে, যোজনায়—তাতে কিন্তু রাজীব গান্ধীর যে প্রকল্প রয়েছে বা অন্যান্য কেন্দ্রীয় সরকারের প্রকল্প রয়েছে সেখানে করা হয়ে থাকে। কিন্তু আমরা দেখেছি পৌর এলাকায় এইসব কাজ করতে গিয়ে, বিশেষ কোনো খাতে ওই সমস্ত জায়গায় বৈদ্যুতিকরণের ব্যবস্থা করা যায় না। এর আগেও প্রথমবার হয়তো কিছু দূর হয়েছিল। এর পরবর্তীকালে ২০০৭-০৮ সাল থেকে বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্প থেকে এই পৌর এলাকায় বৈদ্যুতিকরণের যে ব্যবস্থাটা অর্থাৎ উন্নয়ন খাতে যা দিতেন, সেটা তারপর থেকে বন্ধ হয়ে গেছে। যার ফলে কিন্তু পৌর এলাকায় বিভিন্ন জায়গায় রয়েছে যেখানে আমরা বিধায়করা চাইলেও হয়তো সেই সমস্ত জায়গায় আমরা বৈদ্যুতিকরণের জন্য সেই খাতে বরাদ্দ করতে পারি না। আবার দেখা যাচ্ছে এই সমস্ত জায়গাতে প্রচণ্ড চাপে মানুষ থাকে আবার পৌরসভাগুলিকে এই ধরনের নির্দিষ্ট কোনো খাতে টাকা না দেওয়া হয়ে থাকে তাহলে কিন্তু এই জায়গাগুলিতে বৈদ্যুতিকরণের ক্ষেত্রে অত্যন্ত অসুবিধা হয়ে থাকে। পৌরসভাকে করতে গেলে তার নিজস্ব আয় থেকে বা ওন ফান্ড থেকে কিন্তু পৌরসভার নিজস্ব সেই আয় থাকে না। যার ফলে এখানে বৈদ্যুতিকরণের ব্যবস্থাগুলো সেরকমভাবে করা যায় না। সুতরাং আমি অনুরোধ করব মাননীয় মন্ত্রীকে, যে সমস্ত ছোটোখাটো বিষয়গুলি রয়েছে, তিনি যেভাবে বাজেট পেশ করেছেন তাতে সমালোচনা করা যায় না, সমালোচনা করা সম্ভব নয়। অত্যন্ত সুন্দর একটি বাজেট পেশ করেছেন। প্রতিনিয়ত পৌরসভাগুলোকে সমস্যার মধ্যে পড়তে হচ্ছে কিন্তু এই সমস্যাগুলো এখনকার নয়। এগুলো দীর্ঘদিনের সমস্যা। যাতে এই সমস্যাগুলোকে কাটিয়ে তোলা যায় তার চিন্তা-ভাবনা যদি আমাদের মাননীয় মন্ত্রী করে থাকেন, তাহলে পৌরসভার কাজে স্বচ্ছতা আসবে, কাজে গতি আসবে। এবং আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যে জিনিসটা করতে চাইছেন—যে উন্নয়ন—সেই উন্নয়নের কিন্তু গতি আরও বেড়ে যাবে। এই কথা বলে, আমি ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী এস. এম. সাদি : সম্মানীয় উপাধ্যক্ষ মহোদয়া, আমাদের এই মহতী সভাতে— জনাব ফিরহাদ হাকিম পৌর বিষয়ক এবং নগর উন্নয়ন বিভাগের ৩৯ নাম্বার এবং ৫৪ নাম্বার দাবির সপক্ষে যে ব্যয় বরাদ্দের প্রস্তাবনা রেখেছেন, দুঃখের সঙ্গে জানাতে হচ্ছে, আমি একে সমর্থন করতে পারছি না। এবং যে আলোচনাটা চলছে আমি খুশি, এখানে পুরনো অনেক বিধায়ক আছেন। এই বিতর্কের উপর আলোচনায় অংশগ্রহণ করবার জন্য আমি লাইব্রেরীতে গিয়েছিলাম। ৩৪ বছর নিয়ে দীর্ঘদিন আলোচনা হচ্ছে, সেই ৩৪ বছরের আগে আমাদের রাজ্যে বিগত দিনের পৌরসভার হালহকিকত কেমন ছিল। কোন এলাকায় কত আয় হত ? কত ব্যয় হত ? কত কালেকশান হত ? এখানে আছেন পুরনো সেই সময়কার মন্ত্রী, তিনি কিছুদিন সেই দপ্তরের দায়িত্বেও ছিলেন।

[3.05–3.15 p.m.]

অর্থাৎ ফিরহাদ হাকিম মহাশয় এখানে যে বাজেট রেখেছেন সবই ৩৪ বছরের মধ্যে এর বাইরে না। এখানে আলোচনা করতে গিয়ে উঠেছে বামফ্রন্ট সরকারের যে দৃষ্টিভঙ্গী, ক্ষমতা বিকেন্দ্রীকরণের যে দৃষ্টিভঙ্গী। নির্বাচন, পশ্চিমবাংলায় নির্বাচন হত, পঞ্চায়েতে নির্বাচন হত, পৌরসভায় নির্বাচন হত, পুরনো কাগজগুলো খুললে দেখা যাবে আজকে যারা চিৎকার করছেন সেদিন তারাই এই পৌরসভা নির্বাচনে বাধা দিয়েছিল। বামফ্রন্ট সরকার যখন ১৮ বছরে ভোটাধিকার পৌর এলাকায় স্বীকৃতি দিচ্ছিল, এরাই সেদিনকে মামলা করেছিল হাইকোর্টে, নির্বাচন আটকানোর জন্যে, সর্বোত অতীতকে অস্বীকার করা যায় না, যতই বলুক না কেন এগুলো লিপিবদ্ধ আছে! একজন সম্মানীয় সদস্য বলেছেন, নগরপালিকা বিল, পঞ্চায়েতরাজ। আমাদের রাজ্যে প্রথম '৭৭ সালে বামফ্রন্ট সরকার আসার পর '৮১ সালে প্রথম, '৮০ সালের পৌরআইন সংশোধন করার মধ্য দিয়ে পৌরসভা নির্বাচন হয়েছিল। এতো আছে, দেখে নিলেই দেখা যায় এটা। নগরপালিকা বিল তারপরে। পঞ্চায়েতরাজ নিয়ে স্বর্গীয় রাজীব গান্ধী যে আলোচনা করেছিলেন তারপরে। এটাকে model হিসাবে দেখেছিলেন ভারতবর্ষের জন্যে, যে পশ্চিমবাংলায় পঞ্চায়েতি ব্যবস্থা, পশ্চিমবাংলার পৌরসভা তার ক্ষমতার বিকেন্দ্রীকরণ, তার মানুষের কাছে যাওয়া, পৌর এলাকার পিছিয়ে পড়া বিশেষ করে শহরতলি এলাকার মানুষের, বস্তি এলাকার মানুষের উন্নয়ন করা, সম্পদ সংগ্রহ এবং শুধু সম্পদ সংগ্রহ না, তার যে distribution উন্নয়নের খাতে মাথাপিছু ব্যয় বরাদ্দ করবার ক্ষেত্রে যে নির্দিষ্ট পরিকল্পনা, সেই পরিকল্পনা আছে, এইসব আমাদের কাছে যে পুস্তিকা দেওয়া হয়েছে এই পুস্তিকার মধ্যেই আছে। সেইজন্যই আমি ফিরহাদ হাকিম সাহেবকে ধন্যবাদ জানাব। তিনি নতুন কোনো পথে হাঁটেননি। ৩৪ বছরে বামফ্রন্ট সরকারের পৌর উন্নয়নের ক্ষেত্রে যে পথ সেই পথেই তিনি হেঁটেছেন। ধন্যবাদ। যে কোনো দায়িত্বশীল সভা মহতী সভার কাজ হচ্ছে যে কোনো নির্বাচিত সংস্থার কাজ হচ্ছে তাকে এগিয়ে নিয়ে যাওয়া, আরো এগিয়ে নিয়ে যাওয়া। উন্নয়নকে ত্বরান্বিত করা। যদি কিছু ঘাটতি থাকে, দুর্বলতা থাকে সেগুলোকে সুসংহত করে ঘাটতি দুর্বলতাগুলোকে কাটিয়ে তোলা। আমি বলতে চাই, এই দৃষ্টিভঙ্গী থেকে আমার মনে হচ্ছে যে বর্তমান মন্ত্রী কিছুটা সরে আসছেন। ক্ষমতা বিকেন্দ্রীকরণের নীতি থেকে সরে আসছেন। যার ফলে গোটা রাজ্যের পৌরসভাগুলির মধ্যে

পরিকল্পনা রচনা করবার ক্ষেত্রে নির্বাচিত যারা চেয়ারম্যান তাদের পরিকল্পনা রচনা করবার ক্ষেত্রে তারা কিছুটা অসহায়তা বোধ করছেন। আলোচনা হয়েছে আগে যে, চেয়ারম্যানদের নিয়ে সভা করা। চেয়ারম্যান সি.পি.এম.-এর আছে, সে তৃণমূল কংগ্রেসের থাকতে পারে, কংগ্রেসের থাকতে পারে—তারা জনপ্রতিনিধি। স্ব-স্ব পৌরসভা এলাকায় তাদের যে প্রতিদিনকার সমস্যা, নাগরিক সুখ-স্বাচ্ছন্দ্য দেওয়ার ক্ষেত্রে তাদের প্রতিদিনকার যে সমস্যা, কর আদায় করবার ক্ষেত্রে, স্বাবলম্বী পৌরসভা গড়ে তুলবার ক্ষেত্রে তার প্রতিদিনকার যে সমস্যা, এই সমস্যাগুলোর যদি মত বিনিময় করা হত, আর মত বিনিময় করবার মধ্য দিয়ে তা যদি বাজেটে প্রতিফলন ঘটত আগামীদিনে যা আপনারা চাইছেন সুসংহত নাগরিকদের সুস্থ উন্নয়ন করবার ক্ষেত্রে যে পরিকল্পনা তাতে কিছুটা সাহায্য হত। আমি খোঁজ নিয়ে দেখলাম, আমাদের কলকাতার যে Metropoliton Standing Committeeগুলো রয়েছে তার সভাগুলো হচ্ছে না। মাননীয় মন্ত্রী বলবেন, যদি হয়, তাহলে খুশি হব। কেন হচ্ছে না ? কেন সেখানে মত বিনিময় করা হচ্ছে না ? আগে চেয়ারম্যানরা পরিকল্পনা করতেন একটা, একবছর ধরে একটা পরিকল্পনা হত। সে পরিকল্পনা রচনা করবার ক্ষেত্রে তারা কোনো দিশা পাচ্ছেন না। সেইজন্য আমার মনে হয়, এই বাজেট, আজকে যখন আলোচনা হচ্ছে, বাজেটের উপর যখন বিতর্ক হচ্ছে, সামগ্রিকভাবে নগর এলাকায় বসবাসকারী যাঁরা মানুষ রয়েছেন, তাঁদের কাছে নতুন দিশা, আরো, আরো কাজের যে পরিকল্পনা সেটা করার ক্ষেত্রে এ বাজেটে তার কোনো নির্দিষ্ট প্রতিফলন নেই। বিগত ৩৪ বছরে যাই বলুন না কেন এই যে ওয়ার্ড কমিটি, এরিয়া কমিটি করার ভাবনা এ শুধু সি.পি.এম. না, শুধু বামফ্রন্ট না, সকলকে নিয়ে একযোগে রাজ্যের পৌর এলাকার নাগরিক উন্নয়নের যে বিষয়, আজকে আমি জানি এই এরিয়া কমিটি বলুন বা ওয়ার্ড কমিটিগুলো সেই ওয়ার্ড কমিটিগুলোর function করানোর ক্ষেত্রে যথাযথভাবে যে function সেটা হচ্ছে না। আমি মাননীয় মন্ত্রীকে বলব এই বিষয়টিকে দেখার জন্য। আমাদের এই সরকার বলছেন যে শিল্পে তাদের একটা নির্দিষ্ট নীতি আছে। তাঁরা বলছেন। রাস্তাঘাটের যে হাল, কিছুদিন আগে আমাদের কল্যাণীতে কনভোকেশানে মাননীয় রাজ্যপাল গেছেন, আমাদের যে ব্যারাকপুর কল্যাণী বাইপাস সেটা ভেঙে পড়েছে একেবারে। বিভিন্ন রাস্তাগুলি একেবারে ভেঙে পড়েছে, সেগুলিকে নির্দিষ্ট পরিকল্পনার মধ্যে এনে, পরিকল্পনার মধ্যে নিয়ে নেওয়ার যে বিষয়, সেগুলির ব্যাপারে আমি বলব, যে এগুলিকেও দেখা দরকার। আমাদের দেখা দরকার, এটা যেটা নগরায়ন হবে। সুব্রতবাবু আপনাদের সময় থেকেই হয়েছে, আপনিও মন্ত্রী ছিলেন, কৃষ্ণনগর পৌরসভার চেয়ারম্যান সারাদিন আপনার দপ্তরের সামনে বসেছিলেন, কোনো টাকা পাননি, স্বর্গীয় ভোলানাথ দত্ত মহাশয়। আপনি জানেন। সেই সময় কংগ্রেসের চেয়ারম্যান ছিলেন, আপনি জানেন সুব্রতবাবু। আপনি সিনিয়ার লোক। যাই হোক, আমি যে কথা বলতে চাই, যে শব্দ দূষণ হচ্ছে, যে সময়কালের মধ্যে, সেটা খুবই আলোচিত হচ্ছে। পৌরসভা এলাকায় শব্দ দূষণের ব্যাপারে মাননীয় মন্ত্রীকে বলব, পৌরসভা এলাকার মধ্যে, বিভিন্ন ধরনের যে শব্দ দূষণ হচ্ছে, সেগুলিকে নিয়ে দেখা দরকার। যানজট নিয়েও সমস্যা হচ্ছে, এই যুগে, এই গতির যুগে। যানজট নিয়ে গতির যুগে বিভিন্ন ধরনের সমস্যা হচ্ছে। কিন্তু এগুলি নিয়ে একটা নির্দিষ্ট পরিকল্পনা হওয়া দরকার। বামফ্রন্ট সরকার যে পরিকল্পনাগুলি করেছে, আমি দেখলাম এখানে একটা রিপোর্ট রয়েছে....

ম্যাডাম ডেপুটি স্পীকার : মিঃ সাদি আপনি মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্সের উপর বলছেন, আপনি যানজটে চলে যাচ্ছেন। এটা পৌর এলাকার সমস্যা, কিন্তু পৌরসভার সমস্যা নয়, পৌর বিষয়ক সমস্যাও নয়। আপনি পয়েন্ট ওয়াইজ বলুন।

শ্রী এস. এম. সাদি : যানজটটা পৌর এলাকার সমস্যার সঙ্গে সম্পর্কযুক্ত। পৌরসভা হচ্ছে লোকাল সেল্ফ গভর্নমেন্ট। পৌরসভার যে আইন সেটা হচ্ছে লোকাল সেল্ফ গভর্নমেন্টের। শব্দ দূষণ রোধ করবার ক্ষেত্রে যে রকম দপ্তরের দায়িত্ব থাকে, সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদেরও দায়িত্ব থাকে, লোকাল সেল্ফ গভর্নমেন্টেরও একটা দায়িত্ব থাকে, সেই দায়িত্ব আমরা এড়াতে পারি না। আপনারা যদি দেশে বিদেশের পৌর বিষয়গুলিকে দেখেন, সেখানে দেখবেন সংশ্লিষ্ট মেয়রদের একটা ভূমিকা থাকে, সেখানকার পুলিশ যে রকম ভূমিকা পালন করে, সংশ্লিষ্ট মেয়ররা সেখানকার কাউন্সিলররা তারা নিজ নিজ পৌর এলাকায় তার সমস্ত শব্দ দূষণ, তার পরিবেশ তার ক্রীড়া সংস্কৃতি সমস্ত ক্ষেত্রে তার ভূমিকা থাকে। সেইজন্য আমি বলব, এটা খুবই প্রাসঙ্গিক বিষয়, যেগুলি আজকে আমি সভাতে তুলে ধরতে চাই। আমি মাননীয় মন্ত্রীকে বলব, এখানে একটা বিষয় তিনি রেখেছেন। আমি জানি না, তার দৃষ্টি এড়িয়ে গেছে কিনা, সেটা হচ্ছে যে বাঘাযতীন রেলওয়ে স্টেশনের কাছে ই.এম.বাইপাসের উপর প্রস্তাবিত উড়ালপুল। আমি বলব, মাননীয় মন্ত্রীকে, এটায় নির্মীয়মাণ শব্দটা থাকলে ভালো হয়। কারণ অনেকখানি কাজ আগেই হয়ে গেছে, শুধু রেলের কিছুটা কাজ বাকি আছে। সেইজন্য এখানে যেটা বলা হয়েছে যে বাঘাযতীন রেলওয়েজ স্টেশনের কাছে ই.এম.বাইপাসের উপর প্রস্তাবিত উড়ালপুল এখানে নির্মীয়মাণ বলতে পারলে সম্পূর্ণ হয়। কারণ তাহলে আপনি যে ৩৪ বছরটাকে এড়িয়ে যেতে চাইছেন, যেটাকে প্রস্তাবিত করবার মধ্যে দিয়ে সম্পূর্ণ একটা নতুন প্ল্যান হিসাবে দেখাতে চাইছেন। আমার মনে হয়, কিছুটা সংশোধন করে নেওয়া উচিত। আমরা তো বাইরে আপনাদের বক্তৃতা শুনি। এখানে আপনাদের যে লন্ডন হবে, সুইজারল্যান্ড হবে বলছেন তাহলে অন্যান্য শহরগুলির কি হবে ? এবং সেক্ষেত্রে কি বলা আছে ? আমাদের—বামফ্রন্ট সরকার—শহর এলাকায় যে জমিগুলি রয়েছে, সেই জমিগুলিকে মাননীয় মন্ত্রী কি কাজে লাগাবেন ? শহর এলাকায় যে খাস জমিগুলি রয়েছে, বামফ্রন্ট সরকার ভূমিহীন মানুষদের লীজ দিয়েছেন, শহরের গরীব মানুষদের মধ্যে। এখানে আছেন, মাননীয় মন্ত্রীকে বলব, লন্ডন করুন, সুইজারল্যান্ড করুন, গরীব মানুষের জন্য বামফ্রন্ট সরকারের যে কর্মসূচী, এখানে সুইজারল্যান্ড না বানিয়ে শহরের যে খাসজমিগুলি আছে সেই খাস জমিগুলিকে ভূমিহীন বিশেষ করে যাদের মাথার উপরে ছাদ নেই, শহরে সহায় সম্বলহীন লোক যারা বসবাস করে, বস্তি এলাকায় বসবাস করে, আমি দেখলাম আপনার রিপোর্টে, বস্তির কাজ সম্পূর্ণ। কিন্তু আরো কি পরিকল্পনা আরো অসংখ্য বস্তি আছে, বস্তিগুলির ব্যাপারে কি পরিকল্পনা করেছেন বলবেন। আপনার যে বাজেট সেই বাজেটের মধ্যে সুস্পষ্টভাবে সেগুলির সম্বন্ধে কিছু বলা নেই। সেইজন্য আমি বলব, যে কাগজে দেখলাম কে.এম.ডি.এ. তার চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান মন্ত্রী মহাশয় নেই, আমি জানি না, আমার জানার মধ্যে ভুল থাকতে পারে। কিন্তু পরিকল্পনাটা কি করে হবে ? ডিপার্টমেন্ট পরিকল্পনা করবে ? মন্ত্রী মহাশয় নেই শুনলাম, তাহলে কে চেয়ারম্যান, কে ভাইস চেয়ারম্যান হবে ? এটা ভাইটাল বিষয়, এটা খুব গুরুত্বপূর্ণ, এই নগর উন্নয়ন দপ্তরটা।

(সময় শেষ হয়ে যাওয়ায় বক্তার মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।)

[3.15-3.25 p.m.]

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয়া ডেপুটি স্পীকার মহাশয়া, আপনার অনুমতি নিয়ে একটি কথা বলি। একটু আগে এই যে সদস্য বক্তৃতা করেছিলেন, উনি একটা কটাক্ষ করলেন যে সুইজারল্যান্ড হবে নাকি এটা। তা আমার শুনে এটা মনে হয়েছে, যেভাবে শহরে এই কাজ শুরু হয়েছে তাতে বাসের পেছনে একটা লেখা থাকে দেখবেন, 'দেখবি আর জ্বলবি, লুচির মতো ফুলবি।' আমার মনে হয় আপনি দেখে যাবেন আর লুচির মতো ফুলবেন।

শ্রী ফিরহাদ হাকিম : মাননীয় স্পীকার স্যার, অনেকক্ষণ ধরে সরকারপক্ষ এবং বিরোধীপক্ষ তাদের নিজেদের বক্তব্য আমার বাজেটের উপরে রেখেছেন বলে তাদের সবাইকে আমি ধন্যবাদ জানাই। স্যার প্রথমেই আমাদের বিরোধীপক্ষের শ্রী উদয়ন গুহ যেভাবে বললেন, এটা আমি বলতে চাই, যে স্বপ্ন দেখে সেই তাকে বাস্তব করার চেষ্টা করে। ৩৪ বছর ধরে যে স্বপ্ন দেখেনি, তারা জেগে ঘুমিয়েছেন, তাই পশ্চিমবঙ্গের আজকে এই অবস্থা হয়েছে। আজকে বারবার কটাক্ষ করা হয়েছে লন্ডন নিয়ে। কলকাতাকে লন্ডন করা হবে এটা আমাদের মুখ্যমন্ত্রীর স্বপ্ন। সেই স্বপ্নটা কেন ? কারণ যারা সিটি আর্কিটেক্ট কলকাতা বানিয়েছিলেন তারা লন্ডন থেকে এসেছিলেন। লন্ডনটা দেখে তারা সিটি আর্কিটেক্ট কলকাতা বানিয়েছিলেন। তাই সেই আর্কিটেকচুয়াল ভিউটা আমাদের এখনো রয়েছে। যদি আমরা তার হেরিটেজটাকে প্রিজার্ভ করতে পারি, যদি আমরা এই রিভার ফ্রন্টটাকে ঠিক করতে পারি, টেমসের মতো করতে পারি, যদি পরিষ্কার-পরিচ্ছন্ন সুন্দর কলকাতা করতে পারি, তাহলে কেন কলকাতা লন্ডন হবে না। নিশ্চিতভাবে হবে লন্ডন। এইটা আমাদের স্বপ্ন। আমার মুখ্যমন্ত্রীর স্বপ্ন। আমাদের এটা বাস্তব করতে হবে। এটা আমাদের দায়িত্ব। নিশ্চিতভাবে ওয়াটার লগিং নিয়ে বলেছেন কলকাতায়। আমি অত্যন্ত আনন্দিত হতাম যদি আমার হাওড়া পৌরসভাও কলকাতা পৌরসভার মতো ওয়াটার লগিং প্রবলেমটা চট করে সমাধান করতে পারত। নিশ্চিতভাবে বৃষ্টি প্রচণ্ডভাবে হয়েছে—যা মরশুমে হওয়ার কথা তার থেকে বেশি বৃষ্টি হয়েছে, তাই ওয়াটার লগিং হয়েছে। কিন্তু যে দ্রুত হারে কলকাতায় জল বেরিয়ে গেছে সেটাই যদি হাওড়ায় হত তাহলে কলকাতার মেয়রের মতো হাওড়ার মেয়রকেও আমি ধন্যবাদ জানাতাম। কিন্তু সেটা করতে পারছি না। আজকে ছোটো সিটি নিয়ে আপনাদের মুখে কিছু বলা ঠিক নয়। কারণ ছোটো ছোটো যে শহরগুলো—আমাদের এই একশো দিনের সরকার আসার পরে আমরাই এর মধ্যে পরিকল্পনা করেছি ছোটো শহরের। ২৬টার সাথে সাথে আরো ২১টা নতুনভাবে ই.ওয়াই.ডি.এস.এস.এম.টি.-র মধ্যে দিয়ে আমরা শহরের পরিকল্পনা করছি। আমার মুখ্যমন্ত্রীর নির্দেশে ছোটো শহরগুলোতে যাতে জল প্রকল্প হয়, এই ২১টা শহরে আবার নতুন করে জল প্রকল্পের জন্য আমরা অলরেডি সার্ভে করেছি এবং তার যে প্ল্যানিং সেই প্ল্যানিংও আমরা করে ফেলেছি। আপনারা শুনলে আনন্দিত হবেন যে প্রায় দু বছর ধরে আজকে উলুবেড়িয়া ওয়াটার সাপ্লাই প্রোজেক্ট ফেজ টু বন্ধ হয়ে পড়েছিল। আমার মুখ্যমন্ত্রীর উদ্যোগে রিসেন্টলি এই ৪-৫ দিন হল এই ১২৪ কোটি টাকা স্যাংশান হয়ে এসেছে। দুবছর ধরে থমকে যাওয়া কাজটা শীঘ্রই সেটা শুরু হবে। বি.এস.ইউ.পি.-র ক্ষেত্রে ছোটো ছোটো শহরে মহেশতলা, চাপদানি, দমদম, কোন্নগর, বারুইপুর, পূজালি এই ক্ষেত্রেও

আমরা—আজকে দু বছর ধরে যে কোনোটার ইউ.সি. দেওয়া হয়নি, কোনোটায় ঠিকমতো সমন্বয় করা নেই—এই ১০০ দিনের মধ্যে এসে সেই সমন্বয় সাধন করে সেইখান থেকে আমরা টাকা বার করে নিয়ে এসেছি। এইগুলো কোনোটা সেকেন্ড ফেজ, কোনোটা ফার্স্ট ফেজ আমরা করছি। ইউ.আই.জি.-র ক্ষেত্রেও আমরা বাঁশবেড়িয়া, বজবজ, ই.এম.বাইপাস কনট্যাক্টে যে রাজডাঙা পড়েছিল, পরমা আইল্যান্ডের পার্কসার্কাস পর্যন্ত, আপনারা যেটা করেছিলেন একেবারে সর্বনাশ করে দিয়েছেন। আমরা একটা কথা ছোটোবেলায় শুনি, 'ভাবিয়া করিও কাজ, করিয়া ভাবিও না।' আগের সরকার প্ল্যানিং করে ডি.পি.আর. জমা দেওয়ার পরে দেখা গেল পুরো প্রোজেক্টটাই ভুল। সেটাকে আবার সংশোধনী করে আমাদের নতুন করে স্যাংশান করতে হল। এই অবস্থার মধ্যে দিয়ে আমাদের চলতে হচ্ছে, কারণ ৩৪ বছরের পাপ আমরা ধুয়ে ফেলতে পারছি না, সেটাকেই আমাদের বহন করতে হচ্ছে। নিশ্চিতভাবে আমাদের মুখ্যমন্ত্রী যে হারে চেয়েছিলেন, সেই হারে করা হচ্ছে না, কারণ আমাদের ভাঁড়ার যদি শূন্য থাকত তাহলে একটা কথা ছিল, কিন্তু ভাঁড়ারকে ফুটো করে দিয়ে ওরা চলে গেছে। তাই ইচ্ছা থাকলেও সেই জায়গায় আমরা যেতে পারছি না। শুধু আমরা কলকাতার গঙ্গা উন্নয়ন নয়, কে.এম.ডি.এ.-র আন্ডারে আমাদের টোটাল যে রিভার ফ্রন্ট আছে তার ডেভেলপমেন্ট করব। সেটা রিষড়ায় হচ্ছে, চন্দননগরে হচ্ছে, বৈদ্যবাটিতে হচ্ছে, নৈহাটিতে হচ্ছে, হাওড়ায় হচ্ছে, কামারহাটিতে হচ্ছে, মহেশতলা, বজবজ, হালিশহর, চুঁচুড়া, কল্যাণী, ভাটপাড়ায় হচ্ছে। আর গঙ্গার ধারের সৌন্দর্যায়নের সেকেন্ড ফেজের কাজ হবে খড়দহ, বালি, পানিহাটি, টিটাগড়, নর্থ ব্যারাকপুর এবং আরও অনেকগুলো জায়গায়। কে.এম.ডি.এ.-র ক্ষেত্রে একসিকিউটিভ এজেন্সি হচ্ছে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশান। আমরা রিভার ফ্রন্ট ডেভেলপমেন্টের সাথে সাথে ক্রিমেটোরিয়ামের জন্যও কাজ করছি। কলকাতার যানজট নিয়ে আপনারা বলছিলেন। কলকাতার যানজট নিয়ে এই প্রথমবার একটা সার্ভে হয়েছে, রিভিউ হয়েছে। সেখানে বেলেঘাটার সার্কুলার ক্যানেলটাকে আমরা নর্থ ক্যালকাটার একটা একসেস ড্রেনেজ হিসাবে বার করে কাজ করার চেষ্টা করছি। যানজটের জন্য পুরো মাইনরিটি বেল্টকে টোট্রিশ বছরে কেউ গুরুত্ব দেয়নি। পুরো খিদিরপুর এরিয়া থেকে আরম্ভ করে বিশাল এলাকা জলের মধ্যে থাকত। এবার আমরা প্রথম চেতলা বোট ক্যানেলটাকে রিনোভেট করে যে জলটা জমে যায় সেই জলটা বার করার চেষ্টা করেছি। এটা হচ্ছে ঈদের উপহার। এরজন্য আমাদের প্রায় ৪৪.৩২ কোটি টাকা খরচ হবে, বোট ক্যানেলে আমাদের ৮.৫০ কোটি টাকা ধরা আছে। গঙ্গা অ্যাকশান প্ল্যান নিয়ে একেবারে কোনো কাজ করা হয়নি, পুরো টাকাটা নিয়ে নয়ছয় করা হয়েছে। সেন্ট্রাল থেকে যে টাকাটা এসেছিল সেই টাকা দিয়ে যে কাজটা করা উচিত ছিল সেটা করা হয়নি। এবার প্রথমবার আমরা ন্যাশনাল গঙ্গা রিভার বেসিন অথরিটি প্রোজেক্টটা যেটা প্রায় ৪৪৯ কোটি টাকার প্রোজেক্ট। এখানে স্টেট কন্ট্রিবিউশান হচ্ছে ১৯৬ কোটি টাকার। এটাকে আমরা পুরোপুরি কাজে লাগাব। হাউস কানেকশান থেকে শুরু করে পুরো প্রোজেক্টটা আমরা শীঘ্রই হাত দেব। আমরা আপনাদের মতো নয়, আমরা ভেবে কাজ করব। কাজ করে ভাবব না, তাই আগের থেকে আমরা এই কাজগুলো হাতে নেব। BSUP ছাড়াও আমাদের EYDSSMT, এইরকম আমাদের প্রায় ২৬টি প্ল্যানিং হয়েছে। এখানে প্রায় ৪৭ কোটি টাকা আমরা এই প্রোজেক্টে খরচ করছি। আমাদের বি.পি.এল. এতদিন ছিল সুভার মাধ্যমে।

আমরা প্রথমবার চেষ্টা করছি নিশ্চিতভাবে এটা তৈরি করতে। কলকাতার পৌরসভার ক্ষেত্রে ১৫টি বরোকে দিয়ে বি.পি.এল. তালিকাটাকে তৈরি করতে। বি.পি.এল.টাকে ডে টু ডে তৈরি করতে, ধরুন একটা পরিবারের যে রোজগার করত সে মারা গেল, পরের দিন সেই পরিবারটা বি.পি.এল. হয়ে যাবে।

[3.25–3.35 p.m.]

আবার কেউ একটা চাকরি পেয়ে গেল, সে নন বি.পি.এল. হয়ে গেল। এই ডে টু ডে সার্ভেটা, বরো ফিফটিনের পনেরোটা বরোর মাধ্যমে পাইলট প্রোজেক্ট হিসেবে আমরা কলকাতায় শুরু করেছি এবং অতি শিগগিরিই আমাদের সব পৌরসভায় যদি এটা আমাদের সাকসেসফুল হয় আমরা প্রত্যেকটা পৌরসভায় এটাকে ছড়িয়ে দেব। আমরা যে কথা আগে বলেছি যে, আমাদের ১৬টা ডি.পি.আর. অলরেডি হয়ে গেছে। আর ১৫টা ডি.পি.আর.-এর জন্যে আমরা দিল্লিতে পাঠাচ্ছি এই স্মল অ্যান্ড মিডিয়াম টাউনসের উন্নতির জন্য।

পেনশানের কথা বলেছেন, হ্যাঁ, আমরা এইটা নিয়ে কথাবার্তা বলছি এবং আমরা আগামীদিনে এইটা দেখব যাতে এই পেনশান এবং ডিয়ারনেস অ্যালাউন্সের ব্যাপারে, যেটা আগের সরকার কোনো কাজ করে যায়নি পৌর কর্মচারীদের ক্ষেত্রে নিশ্চিতভাবে আমরা সেই কাজটা করব।

বর্ধমান ডেভেলপমেন্ট অথরিটির কথা নিশ্চিতভাবে বলেছেন। বর্ধমান ডেভেলপমেন্ট অথরিটি আমাদের কনস্টিটিউট হয়ে গেছে এবং নিশ্চিতভাবে এটা কাজ করবে। এই ৯টা ডেভেলপমেন্ট অথরিটির মতন বেশিরভাগ ডেভেলপমেন্ট অথরিটি প্রায় ডিফাংক্ট অবস্থায় পড়ে ছিল এতদিন। আমাদের সরকার আসার পরে এই ডেভেলপমেন্ট অথরিটিগুলো তৈরি করে নতুনভাবে ফরমেশান করে, এটার মধ্যে আমরা স্টাফ দিই। এই ডেভেলপমেন্ট অথরিটিগুলো যাতে ঠিকমতো কাজ করে এইজন্যে আমরা উদ্যোগী হয়েছি। এই ৯টা ডেভেলপমেন্ট অথরিটি নিয়ে আমি নিজে বসেছি এবং এটাকে নিয়ে প্রত্যেককে বলা হয়েছে যে প্রোজেক্টগুলো দিন এবং নিশ্চিতভাবেই সেই প্রোজেক্টগুলো যাতে আগামীদিনে বাস্তবায়িত হয় সেই কাজটা আমরা দেখব। হ্যাঁ, এটা ঠিক যে জয়গাঁও ডেভেলপমেন্ট অথরিটি, আরো বেশিভাবে এটার ওপরে ফোকাস ফেলা উচিত ছিল। কারণ এইটা একদম আমাদের বর্ডারে এবং এই ডেভেলপমেন্টের মধ্যে দিয়ে অনেক গরীব মানুষ, চা বাগানে যুক্ত মানুষ এই ডেভেলপমেন্টের মধ্যে দিয়ে সুযোগ-সুবিধা পেত। কিন্তু সেটা এখনো হয়নি। আমরা এই ফরমেশান করে ফেলেছি। এরপরে সেখানে আমরা কাজকর্মগুলো করব।

ওয়াটার সাপ্লাইয়ের ক্ষেত্রে, বর্ধমানে অলরেডি আমাদের স্যাংশান হয়ে গেছে এবং বর্ধমান ডিস্ট্রিক্টে ডেভেলপমেন্ট অথরিটি মধ্যে দিয়েই আমরা এই কাজগুলো করব। কাটোয়ার জন্য আমাদের ১২.৯৮ কোটির, ইওয়াইডিএসএসএমটি প্রোজেক্ট স্যাংশান হয়ে গেছে। এই কাজটা অতি দ্রুত শুরু হবে। আমরা আর একটা জিনিস জানাই যে, আমাদের সরকার সব সময় চায় যে নিজের পায়ে পৌরসভাগুলো দাঁড়াক এবং সেইজন্যেই আমরা সবসময় পৌর চেয়ারম্যানদের, যাঁরা আমাদের কাছে এসেছেন বার বার বলেছি যে নিজেদের পায়ে দাঁড়ান।

আমরা ডাইভারসিফিকেশান অফ্ প্রোজেক্ট, আগের সরকার যেটা কিছুদিন আগে, আপনি বললেন যে হাওড়ায় সুইমিং পুল তৈরি করেছে, সেই সুইমিং পুলের মধ্যে একজন কাউকে দিয়ে দিয়েছে হাওড়ায় ১ হাজার টাকা বছরে। অথচ সরকারকে কিংবা হাওড়া পৌরসভাকে হয়তো তার থেকে অনেক বেশি টাকা দিতে হচ্ছে। অনেক জায়গায় আমরা দেখেছি, আগের সরকার স্টার থিয়েটার তৈরি করেছে। সেই স্টার থিয়েটারকে একটা অল্প টাকায় কাউকে দিয়ে দিল, দিয়ে দিয়েছে। সেখানে কাউকে কনট্রাক্টে দিয়ে দিয়েছে। অনেকগুলো ম্যারেজ হল কনট্রাক্টে দিয়ে দিয়েছে। এইগুলো হল পার্টির লোককে পাইয়ে দেওয়ার সিস্টেম। বছরে ১ হাজার টাকায় পাইয়ে দিচ্ছে। অথচ সেখানে লাখ লাখ টাকা রোজগার হচ্ছে। এইটা আমরা নীতিগতভাবে একেবারেই বন্ধ করব। এই ডাইভারসিফিকেশান অফ্ অ্যাসেট্স এইটাকে আমরা, আমাদের সরকার নিশ্চিতভাবে বন্ধ করবে এবং আগামীদিনে আমরা এই ডাইভারসিফিকেশান অফ্ অ্যাসেট এটাকে আমরা অ্যালাউ করব না। আমরা সব পৌরসভাকে অলরেডি বলে দিয়েছি এবং ডেভেলপমেন্ট অথরিটিকে বলা আছে যে আমাদের ই-গভর্ননেন্স করতেই হবে। সবাইকে আমাদের কানেকটিভিটিগুলো নিতেই হবে। ৩১ তারিখের পরে হবে না। অশোকবাবুকে বলি, হাওড়া পুরসভাকেও বলা হয়েছে ভবল এন্ট্রি সিস্টেমের অ্যাকাউন্টিং যদি না করতে পারেন তাহলে ১ এপ্রিল থেকে সরকারী কোনো অনুদান দেওয়া হবে না। আমরা সম্পূর্ণভাবে স্বচ্ছতা চাই। যে স্বচ্ছতার মধ্যে দিয়ে আমাদের সরকার এগোচ্ছে সেই স্বচ্ছতার মধ্যে দিয়ে প্রত্যেকটা পৌরসভাকে এগোতে হবে। যা ইচ্ছে তাই এটা করা যাবে না। অনেক কমপ্লেন্ট পাচ্ছি—পৌরসভা এটা করছে, পৌরসভা ওইটা করছে। কিন্তু আমরা যেটা চাই....(নয়েজ).... এই স্বচ্ছতার মধ্যে দিয়ে আমাদের সরকার যেমন চলছে, আমাদের পৌরসভাগুলো সেইভাবেই চলবে। আর সেকেন্ড হচ্ছে আমরা বিশেষভাবে জোর দিতে চাই, গরীব মানুষের জন্য যে আবাসন, এই আবাসনের জন্য আমাদের প্রত্যেকটা পৌরসভা এগিয়ে আসুক। অনেক পৌরসভা আছে যারা বি.এস.ইউ.পি. প্রোজেক্ট বা ইউ.আই.ডি.এস.এস.এম.টি. প্রোজেক্টে এগিয়ে আসছেন না, আমাদের কাছে। এগিয়ে আসলে আমরা চাই প্রত্যেক শহরে যারা দরিদ্র রয়েছে, তাদের সবার জন্য বাসস্থান হোক। আমরা গরীব মানুষকে বাসস্থান করে দিয়ে সবাই যাতে ভালো থাকি এবং সবাইকে ভালো রাখি, এটা আমাদের সরকারের উদ্দেশ্য এবং সেই অনুযায়ী আমরা কাজ করব, এইটুকু বলে আবার আপনাদের ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

MOTION

Demand No. 39

Mr. Speaker: The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 3682,79,28,000 be granted for expenditure under Demand No. 39, Major Heads: "2052-Secretariat-General Services, 2211-Family Welfare, 2215-Water Supply and Sanitation, 2217-Urban Development, 3604-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions, 4217-Capital Outlay on Urban development and 6217-Loans for Urban Development" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 1177,41,83,000 and Rs. 613,79,80,000 already voted on account in March and June, 2011 respectively) was then put and agreed to.

Demand No. 54

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 1929,93,66,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads: "2059-Public Works, 2215-Water Supply and Sanitation, 2216-Housing, 2217-Urban Development, 2551-Hill Areas, 3451-Secretariat-Economic Services, 3475-Other General Economic Services, 3604-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions, 4216-Capital Outlay on Housing, 4217-Capital Outlay on Urban Development and 6217-Loans for Urban Development" during the year 2011-2012. (This is inclusive of a total sum of Rs. 643,31,27,000 and Rs. 321,65,48,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

Before taking up the next demand, I want to Make an announcement with the consent of the House that the House which was schedule to start at 10 a.m. tomorrow will start at 11 a.m. and the business which have already been laid for tomorrow's programme, will be as usual. On completion of the business আমাদের এখানে একটা বন মহোৎসব হবে। আপনারা জানেন প্রত্যেক বছর এই বন মহোৎসব বিধানসভায় হয় এবং মাননীয়া মুখ্যমন্ত্রী এখানে আছেন তাঁকেও অনুরোধ করব, তিনি যেন বন মহোৎসবে উপস্থিত থাকেন।

[3.35-3.45 p.m.]

DISCUSSION ON DEMAND NO. 38

Mr. Speaker: Demand No. 38 relates to Minority Affairs and Madrasah Education Department. There is no cut motion to Demand No. 38. Discussion for the Demand is one hour.

শ্রী আবদুর রেজ্জাক মোল্লা : মাননীয় স্পীকার স্যার, আপনাকে এবং আপনার মাধ্যমে এই সভার সমস্ত সদস্য ভাই এবং বোনেদের আমি ঈদ মুবারক জানাই। মাননীয়া মুখ্যমন্ত্রী মহোদয়া আপনি নিজের হাতে এই সংখ্যালঘু দপ্তরকে নিয়েছেন, আপনাকে ধন্যবাদ। আমি খুশী, আমি আশান্বিত। কিন্তু আবার কিঞ্চিৎ চিন্তিত। এই কারণে যে এই দপ্তরটার প্রতি আপনি জাসটিস করার মতো সময় আপনি দিতে পারবেন কিনা ? যদি সময় দিতে পারেন ভালো, না দিলে আর কিছু করার নেই। স্বামী বিবেকানন্দ বলেছিলেন শূদ্রের জাগরণ ছাড়া ভারতবর্ষের মুক্তি হবে না। তেমনি আমাদের পশ্চিমবাংলায় আড়াই কোটি মুসলিম আছে।

তার মধ্যে বাঙালী মুসলমান যারা, যত খেতমজুর আছে তার মধ্যে ৫২ ভাগ হচ্ছে বাঙালী মুসলিমরা। যত ভূমিহীন আছে পশ্চিমবাংলায় তার ২৪ ভাগ বাঙালী মুসলিম। এদেরকে যদি এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা না করেন, এদের উন্নয়ন ছাড়া পশ্চিমবাংলার উন্নয়ন হবে না। আর এদেরকে বাদ দিয়ে যদি উন্নয়ন করতে চান তাহলে ওরা আপনাদের পিছু ধরে টানবে। কবিতার লাইনটা বললাম না কারণ আপনি ওটা আমার চেয়ে ভালো জানেন। আপনার এই দপ্তরের বাজেটের মধ্যে প্ল্যান বাজেট ৩৩০ কোটি টাকার। এই ৩৩০ কোটি টাকা দিয়ে সংখ্যালঘুদের সুরক্ষা দেওয়া যাবে না। তাই আপনার সরকারের অন্যান্য যে দপ্তর আছে, লাইম দপ্তর যেগুলো আছে, রাস্তা, পানীয় জল, বিদ্যুৎ, শিক্ষা, স্বাস্থ্য, স্বনিযুক্তি প্রকল্প কর্মসংস্থান, এই সমস্ত দপ্তরে সংখ্যালঘুদের কাজে লাগান। কাজে লাগালে কিছুটা অ্যাড্রেস করা যাবে। আমাদের সময়টা ছেড়ে দেন, আপনাদের সময়টা ধরুন, আমাদের সময় চলে গেছে, ওটা অতীত, আপনারা বর্তমান। ভবিষ্যৎ অন্ধকার হবে সেই জন্য আমি বলে রাখছি। আপনি যদি মনে করেন ১০ বছরে এই মুসলমানদের, অন্যান্য যে সব লোকেরা আছেন তাদের ধারে কাছে আনবেন তাহলে আপনি কেন্দ্রকে চাপ দিন। এস.টি.-দের যেমন সফ্‌ট লোন আছে পশ্চিমবাংলাতে সেই রকম একটা সাব-প্ল্যান করুন এবং কেন্দ্রকে একটা সাব-প্ল্যান করতে বলুন। তা না হলে এই সমস্যা সমাধান হবে না। মুসলমানদের বেশিরভাগ হচ্ছে আর্টিযান, এরা জরির কাজ করে, বুটির কাজ করে, বিড়ি বাঁধার কাজ করে, চামড়ার কাজ করে, এরা রাজমিস্ত্রীর কাজ করে, এরা হস্তশিল্পী। দেখবেন যত কাঠের কাজ আছে, ফারনিচারের মিস্ত্রী হচ্ছে মুসলমান। কিন্তু ফারনিচারের দোকান কিন্তু মুসলমানের নেই। এদেরকে যদি আপনার স্বনির্ভর করতে হয় তাহলে একটু সফ্‌ট লোন দিতে হবে এবং সফ্‌ট লোনটা যদি দিতে পারেন তাহলে এরা নিজেদের মতো করে একটু দাঁড়িয়ে বাঁচতে পারে এবং বাঁচাবার ব্যবস্থা ওদের নিজেদের আছে। মুসলমানরা দেশের সব আইন মানে কিন্তু নিজেরা চলে নিজস্ব শরিয়ত অনুযায়ী, মুসলিম পারসোনাল 'ল' অনুযায়ী। সেটা না বুঝতে পারলে এদের উন্নয়ন ঘটানোর ক্ষেত্রে অসুবিধা হবে। আপনি বলেছেন ১০ হাজার মাদ্রাসার অনুমোদন দেবেন। ভালো দিন। টাকা দেবেন না বলেছেন, তাতেও আমার আপত্তি নেই। কিন্তু এই যে ১০ হাজার মাদ্রাসা, এরা যদি খারিজি মাদ্রাসা হয় তাহলে এখানে কেবল কোরাণ এবং হাদীসের চর্চা হয়। তাতেও আমার আপত্তি নেই। কারণ মুসলমানরা পশ্চিমবাংলায় দুটো জায়গায় হয়, একটা হচ্ছে জেলে আর একটা হচ্ছে হাজতে। তার পরিবর্তে যদি হাদীস, কোরাণ পড়ে চোর-জোচ্চোর না হয়, ডাকাত না হয়, সমাজবিরোধী না হয়, লুমপেন না হয় সেটা ভালো। কিন্তু আপনি একটা কথা ভেবে রাখেন যে সর্বশিক্ষা অভিযানের টাকা দিয়ে এই মাদ্রাসাগুলোতে একদল বাংলা একদল ইংরাজী টিচার কনট্রাকচুয়াল বেসিসে দিতে পারেন কিনা। দিতে পারলে ওদের বাংলা, ইংরাজী চর্চা হবে, লেখাপড়াটা একটু ভালো হবে। এটা আপনি বিবেচনা করে দেখতে পারেন। আর আমাদের এই যে আর্টিকেল নং থার্টি ক্লজ ওয়ান এবং আর্টিকেল ৩০(২)-এতে আছে মাইনরিটি স্ট্যাটাস। মাইনরিটি স্ট্যাটাসে তাদের নিজের মতো স্কুল-কলেজ করতে পারে এবং তাদেরকে স্ট্যাটাস দেওয়ার ব্যবস্থা আছে। আমাদের এখানেও আছে। লা মার্টিনেয়ার থেকে আরম্ভ করে যত ইংলিশ মিডিয়াম স্কুলগুলো আছে, রামকৃষ্ণ মিশন আছে, তারা মাইনরিটি স্ট্যাটাস পায়। কিন্তু আমাদের রাজ্যে মাইনরিটি

স্ট্যাটাস পেয়েছে এমন একটা স্কুলের নাম আমি জানি। তাদেরকে বলা হচ্ছে সেল্‌ফ ফিনান্সিং। আর্টিকেল ৩২(২)-তে বলা আছে সরকার ইচ্ছা করলে ওদের অনুদান দিতে পারেন। আপনি এই উদ্যোগটা নিয়েছেন মাইনরিটি স্ট্যাটাস নেওয়ার জন্য, তার জন্য আমি আপনাকে অভিনন্দন জানাচ্ছি, ধন্যবাদ জানাচ্ছি এবং সাধুবাদ জানাচ্ছি। সেইসঙ্গে আমি বলি আর্থিক অনুদান দেওয়ার বিষয়টা আপনি বিবেচনা করুন তাহলে ভালো হবে। আর উচ্চশিক্ষা লাভ না করতে পারলে মুসলমান ছেলেমেয়েরা কম্পিটিশানে দাঁড়াতে পারবে না। এই কম্পিটিশানে যদি দাঁড়াতে না পারে তাহলে ওদের চাকরি-বাকরি হওয়া মুশকিল আছে। সেইজন্য আমি বলছি উচ্চশিক্ষার ক্ষেত্রে—ইঞ্জিনিয়ারিং, মেডিকেল—এইসব জায়গায় আপনি রিজার্ভেশন দেন। রিজার্ভেশন দেওয়ার ব্যবস্থা করুন। এই সংখ্যালঘু মুসলমানরা আপনাকে আশীর্বাদ জানাবে, অলরেডি জানিয়েছে, আরও জানাবেন, কোনো অসুবিধা হবে না। আমি আপনাকে ধন্যবাদ জানাব এই কথা বলে যে আপনি সাচারকে এখানে ডেকে এনেছেন। উনি কিছু সুপরামর্শ দিয়েছেন। কিন্তু সাচার কমিটির রিপোর্টের মূল অংশ হচ্ছে ইক্যুয়াল অপারচুনিটি অ্যান্ড জাস্টিস। এই ইক্যুয়াল অপারচুনিটি অ্যান্ড জাস্টিস যদি না দিতে পারেন তাহলে সাচারকে এনে কোনো লাভ হবে না। সেইজন্য আপনাকে কেন্দ্রের উপর চাপ সৃষ্টি করতে হবে। আর্টিকেল নং ৩৪০—তাতে বলা আছে ইক্যুয়াল অপারচুনিটি দেওয়ার জন্য। এস.সি./এস.টি. ব্যতিরেকেই, আমরা অল আর ইক্যুয়াল। কিন্তু এদের যেমন স্ট্যাটাস দেওয়া হচ্ছে, এদের যেমন সাপোর্ট দেওয়া হচ্ছে, তেমনি ইক্যুয়াল অপারচুনিটি হল আজকে বড় কোয়েশ্চেন। এই ইক্যুয়াল অপারচুনিটির জন্য আপনি চেষ্টা করুন এবং ইক্যুয়াল অপারচুনিটি কমিশন করার ব্যবস্থা করুন। এটা করলে সারা ভারতবর্ষ আপনাকে মনে রাখবে। মনে রাখবেন আইডেন্টিটি পলিটিক্স, আইডেন্টিটি পলিটিক্স সামনে এসে যাচ্ছে এবং এটা যদি সকল ক্ষেত্রে সমসুযোগ আপনি না দেন তাহলে মুসলমান পশ্চিমবাংলায় একটা ম্যাজিক ফিগার, এটা মনে রাখবেন মুসলমানরা ম্যাজিক ফিগার, সেটা একটু দেখবেন। মুসলিমদের যদি মনস্তত্ত্ব না জানেন তাহলে কাজ করা মুশকিল হবে। 'মুসলিম মাই ইন্ডিয়া' রাজমোহন গান্ধীর লেখা। 'মুসলিম মাই ইন্ডিয়া'—এই বইটা একটু পড়ে নিতে পারলে ভালো হবে। সকলেরই ভালো হবে। বর্তমান যুগে জ্ঞান-বিজ্ঞানের চর্চা ছাড়া মুসলমানরা এগিয়ে যেতে পারবে না। মুসলমানরা সব দলে ফুটবলের মতো ব্যবহার হয়। আপনি চেষ্টা করুন এদের তাড়াতাড়ি ফুটবলার করতে। আর যদি তা না করেন এরা নিজেরাই মাঠে নেমে যাবে। তখন যা হওয়ার হবে। একটা ভয়ঙ্কর কাণ্ড হবে। সেইজন্য বলছি সেদিন সমাগত। আগের সরকার 'এ' ক্যাটাগরিতে মুসলমানদের ১০% রিজার্ভেশন দিয়েছিল। তাতে অমলচন্দ্র দাস বলে একজন হাইকোর্টে একটা কেস করেছেন এবং আপনার বি.সি.ডব্লু. মিনিস্টারের মেসেজের মধ্যে যা কথাবার্তা আছে, সেটা হচ্ছে এই রিজার্ভেশন তার বিরোধী। আপনি এর পক্ষে ? আপনি কি মত দেন, আপনার সরকার কি মত দেন, এর জন্য মুসলিম ছেলেরা অধীর আগ্রহে তাকিয়ে আছে। আপনি সেটা একটু জানাবেন, জানালে আমরা খুশি হব। আপনি কাজী নজরুল ইসলামের জন্মদিন পালন করছেন, নজরুল অ্যাকাদেমি করেছেন। আমি শুনে খুব খুশি। আপনি অনেক কিছু করবেন বলে ঘোষণা করেছেন। ঘোষণাটা ঘোষণা করতে পারেন কিনা ভেবে দেখুন। নজরুলের জন্মদিনটা যদি ভাষা চেতনা দিবস হিসাবে পালন করতে

পারেন তাহলে অনেক ভালো হবে এবং সেটা আপনি চেষ্টা করে দেখতে পারেন। আমাদের সরকারের সময় দশটা ইংলিশ মিডিয়াম স্কুলকে স্যাংশান দেওয়ার কথা বলা হয়েছিল। সেটা কতদূর কাজ হয়েছে, সেটা আপনি বিবেচনা করবেন কিনা। ইংলিশ মিডিয়াম ব্যবস্থা করার উদ্দেশ্য হচ্ছে এই—আরবী শহরে যেটুকু ইংলিশ জানে, মিডিল ইস্টের ওইসব তেলের দেশগুলোতে প্রচুর চাকরির সুযোগ আছে। কেরলের মুসলমান ছেলেমেয়েরা এই সব সুযোগটা নিয়ে তারা পেট্রো ডলার পাঠিয়ে দিচ্ছে বাড়িতে। আমাদের মুসলমানরা ছেলেমেয়েরা দেখুন ছেঁড়া, ভাঙা ঘর, সেখানে তাদের ভালো ভালো ঘর-বাড়ি আছে। সেই জায়গায় আপনি চেষ্টা করবেন। আলিয়া মাদ্রাসার জন্য জমি অধিগ্রহণ না করে কতদূর এগিয়েছে সেটা একটু বলতে পারলে ভালো হয়। আর যেটা বলব সেটা হল, চারটি জিনিস আপনি দয়া করে শোনেন। দশ শতাংশ ও.বি.সি. সার্টিফিকেট সেটা তাড়াতাড়ি দেওয়া যায় কিনা সেটা আপনি দেখবেন। আপনাকে ধন্যবাদ জানাচ্ছি, অভিনন্দন জানাচ্ছি। আমি আমার বক্তব্য শেষ করছি।

[3.45-3.55 p.m.]

ডঃ আবুল কাশেম মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাইনরিটি অ্যাফেয়ার্স এবং মাদ্রাসা এডুকেশান নিয়ে আমি প্রথমেই অসংখ্য ধন্যবাদ জানাই মা-মাটি-মানুষের নেত্রী, বাংলার উন্নয়নের প্রতীক ও দিশারী, বাংলার মুখ্যমন্ত্রী মাননীয়া শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়কে বাংলার সংখ্যালঘু ভাইবোনদের পাশে দাঁড়ানোর জন্য। এই প্রসঙ্গে বিগত চৌত্রিশ বছরে মার্কসবাদী-কমিউনিস্ট পার্টির বাম জমানার কার্যকলাপের কিছু উদ্ধৃত করতে চাই। চৌত্রিশ বছরে বাংলার উন্নয়ন যেমন অবলুপ্ত থেকেছে তেমনি শূন্য থেকেছে বাংলার সংখ্যালঘুর উন্নয়নের দিকটাও। মাননীয় বিধায়কগণ আপনারা অবগত আছেন মাননীয় বিচারপতি শ্রী রাজেন্দ্র সাচারের রায় সম্পর্কে। আমরা দেখলাম সংখ্যালঘুর সংখ্যা পশ্চিমবঙ্গে ২৮%। সরকারী চাকরিতে চৌত্রিশ বছরে সি.পি.এম. তথা বামফ্রন্টের জমানায় চাকরি কেবল ২.১%। একটু আগে মাননীয় রেজ্জাক মোল্লা সাহেব বলছিলেন যে ভূমিহীন মজদুর, কৃষক মজদুর ৫৪%। চৌত্রিশ বছরে আপনারাই তো সংখ্যালঘু ভূমিহীন কৃষক আর মজদুরে পরিণত করেছেন। যদি না করতেন তাহলে আপনাদের জায়গাটা মনে হয় আমাদের এখানে হত আর আমরা আপনাদের জায়গায় বসতাম। তাই, আবার আমি ধন্যবাদ জানাই মাননীয়া মুখ্যমন্ত্রী তথা বাংলার উন্নয়নের দিশারী আগামীদিনের—মা-মাটি-মানুষের নেত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়কে।

বিগত একশ দিনের মধ্যে, দশ দিনের মধ্যে দশ হাজার মাদ্রাসাকে উনি রেকগনাইজেশান দিয়ে দিয়েছেন। আপনারা চৌত্রিশ বছরে যেটা করতে পারেননি সেটা দশদিনে সম্ভব হয়েছে। একটু সহ্য করুন, একটু শুনুন। এ যাবৎ ওয়েস্টবেঙ্গল মাইনরিটি ডেভেলপমেন্ট ফাইনান্স কর্পোরেশনের মাধ্যমে সাত লক্ষ ছাত্রছাত্রীকে স্কলারশিপ দেওয়ার বন্দোবস্ত করা হয়েছে। সম্প্রতি ৩০শে আগস্ট নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে বাংলার নেত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় নিজের হাতে চেক তুলে দিয়েছেন চুয়ান্ন হাজার একশ একচল্লিশ জন ছাত্রছাত্রীকে এবং সেখানে যে প্রতিশ্রুতি করা হয়েছে—২০১০-১১ আমরা মাইনরিটি

মানুষকে টার্মলোন, মাইক্রোফাইনান্স লোন এবং মাইনরিটি ওম্যান এমপ্লয়মেন্ট প্রোগ্রামের মাধ্যমে প্রায় এক লক্ষ নয় হাজার তিনশ মানুষকে লোন দেওয়া হবে এবং এটা প্রায় ১৪৫ কোটি টাকা। বিগত দিনে বামফ্রন্ট এটাই ২০১০-১১-তে মাত্র ষাট হাজার জনকে দিয়েছিল। আর স্কলারশিপ স্কীমের মাধ্যমে ২০১১ এবং ২০১২-তে আমরা নয় লক্ষ চুয়াত্তর হাজার আটশো জন ছাত্রছাত্রীকে মেরিট-কাম মিন্স স্কলারশিপ, পোস্ট-ম্যাট্রিক স্কলারশিপ, প্রি-ম্যাট্রিক স্কলারশিপ, স্টেট গভর্নমেন্ট স্টাইপেন্ড, এডুকেশান ইত্যাদি লোন দেওয়া হচ্ছে। মহসিন সাহেব একটা "মহসিন ফান্ড" রেখে গিয়েছিলেন। বহুদিন তার হদিশ পাওয়া যাচ্ছিল না। সেটা উদ্ধার হয়েছে এবং এ বছর ১০০ জন যারা মাইনরিটি কমিউনিটির মেরিটোরিয়াস স্টুডেন্ট, মাধ্যমিকের ৭০ জন, ২০ জন মাদ্রাসার মাধ্যমিক স্তরে যারা পড়াশোনা করে ভালো রেজাল্ট করেছে এবং ১০ জন আলিম, ফাজিল—এই ১০০ জনকে ২০ হাজার টাকা করে দেওয়ার ব্যবস্থা করেছে আমাদের ১০০ দিনের মা-মাটি-মানুষের সরকার। সেজন্য আবার ধন্যবাদ জানাই। আর, বামফ্রন্ট ৩৪ বছরের রাজত্বে সংখ্যালঘু ছাত্রছাত্রীদের ঝাণ্ডা আর ডাণ্ডার মাধ্যমে রাইটার্স দখল করার বন্দোবস্ত করেছিল। তাই আজকে যখন মাইনরিটি কমিউনিটির আই.এ.এস. অফিসার কিংবা ডব্লু.বি.সি.এস. অফিসার খোঁজা হচ্ছে পাওয়া যাচ্ছে না, ডাক্তার, ইঞ্জিনীয়ার, সায়েন্টিস্ট তো দূরের কথা। বিগত ৩৪ বছরে আপনারা মাইনরিটিকে ব্যালট বহন করার জন্য, ব্যালট চুরি করার জন্য, ব্যালট লুঠপাট করার জন্য গুণ্ডা বানিয়েছেন। মাননীয় রেজ্জাক সাহেব বলেছেন যে, মুসলমানরা খালি চোর-জোচ্চর। ৩৪ বছরে কে করল ? আপনারাই করেছেন, অবহেলা করেছেন। মাইনরিটিকে নজর আন্দাজ করেছেন। আপনারা মাইনরিটিদের দেখেননি। আর, দেখেননি বলে আজকে ওইদিকে আছেন। যদি মাইনরিটিদের দেখতেন তাহলে এদিকে থাকতেন আমরা ওইদিক থেকে আপনাদের মতো কথা বলতাম। আপনি ধন্যবাদ জানিয়েছেন মাননীয় মুখ্যমন্ত্রীকে তাই আপনাকেও ধন্যবাদ জানাই। আর, এই যে সরকার, এই গতিশীল সরকার যেভাবে মাইনরিটির পাশে দাঁড়িয়েছে তাতে পশ্চিমবঙ্গের সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের আশা-আকাঙ্ক্ষা ৫ বছরের মধ্যে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে মা-মাটি-মানুষের সরকার, বিগত ৩৪ বছরের বাম আমলের বঞ্চনাকে মুছে ফেলে উন্নয়নের ফসল দেখতে পারবে। সেইজন্য মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে বাজেটে মাইনরিটি অ্যাফেয়ার্স ও মাদ্রাসা এডুকেশনের জন্য যে টাকা বরাদ্দ হয়েছে তাকে সাপোর্ট করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী আলি ইমরান রামজ : (সভায় অনুপস্থিত)।

[3.55–4.05 p.m.]

Shri Michael Shane Calvert : Hon'ble Speaker and Members of this august House, on behalf of the Anglo-Indians and Christianity, I would like to wish my Muslim brothers and sisters 'Eid Mubarak'. At the outset, I would like to place on record my sincere gratitude to His Excellency. The Governor for having nominated me to this

coveted position of responsibility of representing the Anglo-Indian community on the recommendation of this Government under the dynamic leadership of our Hon'ble Chief Minister. Miss Mamata Banerjee. Hon'ble Speaker Sir, since this is my maiden speech, with the permission of the Chair, I would like to begin on a personal note before presenting my views on the subject at hand.

I belong to the teaching fraternity having spent fourteen years in North Bengal—nine years as a teacher in St. Paul's School, Darjeeling and five years as Headmaster of Dr. Graham's Homes, Kalimpong. After fourteen beautiful years, I have spent the last decade in South Bengal as the Principal of National Gems Higher Secondary School, Behala.

Sir, our state is on the move. It is not just a phenomenon of resurgence but the promise of renaissance as well, of inclusive economic growth and development. The Anglo-Indian and Christian Communities seek a role to play in this historic march to reclaim Bengal's once pre-eminent position in the comity of Indian states. I am confident that this new Government will identify and appreciate what more this community needs, to enable it play a more meaningful and constructive role in the rebuilding West Bengal. The Hon'ble Chief Minister has already emphasized that minorities in West Bengal, namely, Muslims, Sikhs, Christians, Buddhists, Jains and Parsis are not separate from the larger human community of the state. She also truly understands that the problems and aspirations of the common people of Bengal-are the problems and aspirations of the minorities.

Sir, as the MLA representing my community in Bengal I would like to place on record my sincere appreciation on behalf of me and my community for the unprecedented step taken by the Hon'ble Chief Minister for having allowed for the first time after independence, a fellow member of my community Mr. Derek O'Brien to be elected to the Rajya Sabha. The Anglo Indian community has had a determining and influential role to play in the making of modern India. They left an indelible mark of their contribution in the development of the railways, roadways, telegraph, armed forces and above all in the spread of English education, the pillars on which modern Indian stands today.

The Anglo-Indian community has always stood as a vanguard of value-based education, setting up and administering premier

educational institutions in Kolkata and all over the state. Anglo-Indian teachers are icons of dedication and discipline.

Anglo-Indians today have realized the value of education and are doing all they can to ensure that their children go to schools. The All India Anglo-Indian Association and other Anglo-Indian bodies strive to ensure that every Anglo-Indian child goes to school and does yeoman's service in providing scholarships to the needy. Notwithstanding, there is a great deal more that could be done provided assistance is forthcoming.

Facilitating the admission of financially constrained/economically backward Anglo-Indian and Christian candidates to institutions of higher learning, providing funds for scholarships, and reimbursement of tuition fees by the State at the primary and secondary levels is desirable. It is heartening to note that about 10 lakh minority students are intended to benefit from such educational loans.

We also would like to turn out a few IAS professionals, PhD's, MBAs, doctors, engineers, etc. Since securing a seat in a specialized course is highly competitive, the government may consider earmarking a few seats in the medical, engineering, nursing, polytechnic and teaching streams. Some of these viz. nursing and teaching are traditional Anglo-Indian professions. Other States viz Karnataka, Kerala and Andhra have already implemented this system of reservation.

Those unable to find gainful employment in the salaried class workforce should be encouraged to explore other avenues viz self-employment and have access to multipurpose projects after suitable training. What is inspiring is that the government proposes to ensure that about 50000 candidates gain from Skill Development and Vocational Training and various self-employment schemes.

Sir, Kolkata, once the Mecca of higher learning, is now poised to regain this once coveted position, thanks to the programmes and policies of the new people-friendly administration. One foresees an influx of students from other cities in West Bengal and India to Kolkata, to pursue higher studies in a move conducive and scholarly environment. I am sure that the government is considering suitable hostel accommodation for outstation Anglo-Indian/Christian students and also on a long-term scale providing them with suitable placements giving preference to sons/daughters of the soil.

The Anglo-Indian community is mainly an urban community. Housing which is a bare necessity has been completely overlooked in the last 3 decades. The Calcutta Anglo-Indian Service Society has taken a small step in this direction by creating a night shelter for about 5 individuals. A single bedroom, kitchen and toilet accommodation is beyond the affordable reach of many of the community. Provision of basic housing, even tenement type is a prime necessity.

One of the indices of progress of a welfare state is the treatment of its senior citizens. More old-age homes, subsidized medicines and hospitalization, free nourishment is imperative to enable these veterans grow old gracefully and walk into the sunset with dignity and peace. The differently-abled need extra-special care.

Sir, the Anglo-Indians who are a micro minority, in other words we are a minority within a minority, together with other Christian communities, dedicate ourselves to strengthening the hands of our Honorable Chief Minister, to help her redeem the pledge she has made to the people of West Bengal. এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আব্দুর রহিম বক্সী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনাকে এবং আপনার মাধ্যমে এই পবিত্র হাউসের সমস্ত সম্মানীয় সদস্যকে পবিত্র ঈদের মোবারকবাদ জানিয়ে আজকে যে ৩৮নং ব্যয় বরাদ্দের দাবি, বাজেট ভাষণ সেই ভাষণের উপর দুই-একটি কথা বলতে চাইছি। প্রথমে আমরা লক্ষ্য করে দেখছি মাইনরিটি যে শব্দটা আমাদের মনে হয়েছে নির্বাচনী ইস্তাহারে নির্বাচনী বৈতরণী পার করার জন্য একটা শব্দ। কারণ সময় সময়ে নির্বাচনী ইস্তাহারের মধ্যে দিয়ে মাইনরিটি নামটাকে তুলে এনে মাইনরিটিদের ভোট সংগ্রহ করার একটা কলাকৌশল বলে আমি মনে করি। ফলে লক্ষ্য করে দেখেছিলাম বিগত বিধানসভা নির্বাচনে মা-মাটি-মানুষের সরকারের নির্বাচনী ইস্তাহারে মাইনরিটি সম্পর্কে যে কথাগুলো বলা হয়েছিল আজকে ৩৮নং বাজেটের কপি আমাদের হাতে আছে তার সঙ্গে কোনো মিল নেই। এই কপিটা বিগত সরকারের প্রতিলিপি হিসাবে এখানে রাখা হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী মহোদয়া এখানে উপস্থিত আছেন আমি জানতে চাইব, গোটা ভারতবর্ষে সংখ্যালঘু অধ্যুষিত জেলা হিসাবে ৯০টি জেলাকে চিহ্নিতকরণ করা হয়েছে। তার মধ্যে ১২টি জেলা আমাদের পশ্চিমবঙ্গে। এই বাজেট ভাষণে একটা জায়গায় যখন বলা হচ্ছে ১২টি জেলা মাইনরিটি অধ্যুষিত যখন নাম লেখা হচ্ছে তখন একটা জেলাকে পুরোটা বাদ দিয়ে দেওয়া হচ্ছে। ১১টি জেলার নাম আছে এখানে একটি জেলা দক্ষিণ দিনাজপুরের নাম এখানে নেই। আমরা জানি যে এই ৯০টি যে জেলা এটা তিনটি ক্যাটাগরিতে ভাগ করা হয়েছে। ক্যাটাগরি-এ, ক্যাটাগরি-বি-১ এবং ক্যাটাগরি-বি-২। সরকার ১২টি বলেছে অথচ ১১টি লেখা আছে, আমি আবেদন করব যাতে দক্ষিণ দিনাজপুরটা এর মধ্যে যুক্ত করা হয় অনুরোধ করছি।

এর মধ্যে এ-ক্যাটাগরি ডিস্ট্রিক্ট হিসাবে উত্তরবঙ্গের ৪টি জেলা আছে। উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদা এবং কোচবিহার—পশ্চিমবঙ্গে যে ৯টি এ-ক্যাটাগরি ডিস্ট্রিক্ট তার মধ্যে ৪টি হচ্ছে উত্তরবঙ্গে। হিসাব করে দেখলে ৪৫% হচ্ছে উত্তরবঙ্গে। আমি আবেদন রাখব মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়ার কাছে উত্তরবঙ্গেও যাতে একটা আলিয়া বিশ্ববিদ্যালয় করা যায় যেহেতু এ-ক্যাটাগরির ডিস্ট্রিক্ট হিসাবে ৪টি ডিস্ট্রিক্ট হচ্ছে উত্তরবঙ্গে ফলে একটা আলিয়া ইউনিভার্সিটি সেখানে গড়ার জন্য আমি আবেদন করব। এম.এস.ডি.-র বিভিন্ন কর্মসূচি গত সরকারের সময় থেকে নেওয়া হচ্ছে সেই কথাগুলো কিন্তু এই বাজেট ভাষণে বলা হয়েছে। আমি শুধু আবেদন করব এখানে এটা যুক্ত করা যায় কিনা 'স্কীল ডেভেলপমেন্ট অ্যান্ড ইনকামিং অ্যাকটিভিটি' অর্থাৎ যে সমস্ত মাইনরিটির যুবক-যুবতীরা আছে তাদের বিভিন্ন ভোকেশনাল ট্রেনিংয়ের মধ্যে দিয়ে স্বনির্ভর করে গড়ে তোলা যায় কিনা। বেসিক হেল্‌থ, ইনফ্রাস্ট্রাকচার তৈরি করে সেখানে তাদেরকে স্বাস্থ্য পরিষেবা দেওয়া যায় কিনা, ড্রিংকিং ওয়াটার অ্যান্ড ইলেকট্রিসিটি সাপ্লাই সেখানে করা যায় কিনা—এই কথাগুলো বলব। এখানে মাননীয় রেজ্জাক মোল্লা সাহেব বলছিলেন, আমি খুব দুঃখিত আমি এটা, দেখার জন্য অনুরোধ করব মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়াকে, কাজী নজরুল ইসলাম তাঁর কবিতায় বলেছিলেন "হিন্দু না ওরা মুসলিম জিজ্ঞাসে কোন জন, ডুবিছে সন্তান মোর মার।" Expunged by the order of Hon'ble Speaker. ....(গোলমাল)...। মাননীয়া মুখ্যমন্ত্রী শায়েরি পছন্দ করেন তাই আমি একটি শায়েরি বলছি আপনাদের সামনে একটা শায়েরি বলে আমি শেষ করতে চাই।

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

[4.05–4.15 p.m.]

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা কোনো রাজনৈতিক দলের নয়, আমাদের এখানকার হাউসের একটা ঐতিহ্য আছে। আমরা কোনোভাবেই আমাদের চিরস্মরণীয় মানুষদের অসম্মান করে রাজনীতি করি না, করিও নি। কাজী নজরুল ইসলামের অ্যাকাডেমি করা হয়েছে এবং আমি নিজে ব্যক্তিগতভাবে দেখেছি যে, আমাদের মুখ্যমন্ত্রী বললেই আপনাদের রাগ হবে, কিন্তু যখনই রবীন্দ্রনাথের কথা বলেন তখন একবারও কাজী নজরুলের নাম না নিয়ে বলেন না। সেই জায়গায় দাঁড়িয়ে আপনি আজকে কাজী নজরুল ইসলামকে নিয়ে অসম্মান করার রাজনীতি যেভাবে করলেন সেটা আজকে এই বিধানসভার সদস্যদের মধ্যে থেকে বেরুবে ? কালকেই সংবাদপত্রে বেরুবে। আমি এটাকে expunge করার জন্য আপনার কাছে অনুরোধ করছি যে কাজী নজরুল ইসলামকে অসম্মান করা হয়েছে বলে যেটা বলা হয়েছে সেটা করা হয়নি, এই মিথ্যা অভিযোগটা এখানের রেকর্ড থেকে বাদ দেওয়া হোক।

Mr. Speaker : Hon'ble members please, cool down. I will give a ruling on this. Please take your seat.

.....Noise.....

In view of this, it will not go on record. Hon'ble Members, the sarcastical comment made by Hon'ble Member, Shri Abdur Rahim boxi will not go on record. It will not go on record.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য তাঁর বক্তৃতার মধ্যে যেভাবে কাজী নজরুল ইসলামকে নাম করে অপমানকর মন্তব্য করেছেন আমার মনে হয় সকলেই এই সভা থেকে নিন্দা করে একে expunge করা হোক। (নয়েজ)

মিঃ স্পীকার : প্লিজ, আপনারা একটু বসুন, আমি বলছি। যে কমেন্টটি sarcastically করা হয়েছে that comment will not go on record.

শ্রী আবু তাহের খান : মাননীয় স্পীকার স্যার, প্রথমেই সকলকে আমি আসালাম আলেকুম গতকাল সব থেকে বড় উৎসব মুসলমান সম্প্রদায়ের ঈদ উল ফিতার সেই অনুষ্ঠানে আমাদের মুখ্যমন্ত্রী উপস্থিত হয়েছেন রেড রোডে এরজন্যই এই সভার পক্ষ থেকে ওঁনাকে আন্তরিক শুভেচ্ছা, অভিনন্দন জ্ঞাপন করি। আমরা জানি মার্কসবাদী কমিউনিস্ট পার্টি তারা ধর্মে বিশ্বাস করে না। তারা নাস্তিকবাদে বিশ্বাস করে। সুতরাং তাদের কাছে মাইনরিটি কমিউনিটির কতটুকু সুযোগ এবং সুবিধা দিতে পারে আমরা তা হাড়ে হাড়ে উপলব্ধি করেছি। কারণ দীর্ঘ ৩৪ বছর এই মার্কসবাদী কমিউনিস্ট পার্টি বাংলায় ক্ষমতায় থেকে কিভাবে তিলে তিলে এই মাইনরিটি কমিউনিটিকে বিভিন্ন দিক থেকে পিছিয়ে দিয়েছে আমরা তা উপলব্ধি করেছি। Justice Sachar-এর নেতৃত্বে যে কমিটি তৈরি হয়েছিল বাংলার মুসলমানদের আমরা নিশ্চয়ই দেখতে পেয়েছি। যেখানে বাংলায় ২৬% মাইনরিটি বাস করে সেখানে চাকরির ক্ষেত্রে মাত্র ২%, আর গুজরাটে ৯% মাইনরিটি কমিউনিটি বাস করে আর চাকরির ক্ষেত্রে ৫% সুযোগ সুবিধা ভোগ করে, কেরলে প্রায় ১১% মাইনরিটি কমিউনিটি চাকরির সুযোগ সুবিধা পেয়েছে। তাইতো বাংলার মানুষের চিন্তা ভাবনার সুযোগ হয়েছে দীর্ঘ ৩৪ বছর ধরে যে বঞ্চনা, যে অত্যাচার, বিভিন্ন দিক থেকে পিছিয়ে পড়া তার প্রতিবাদস্বরূপ আজ মা-মাটি-মানুষের সরকার কংগ্রেস এবং তৃণমূল কংগ্রেসের জোট সরকারকে প্রতিষ্ঠিত করেছে আমরা ধন্যবাদ জানাই। এই সরকার নিশ্চয়ই এই মাইনরিটি কমিউনিটিদেরকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আমি একটা বিষয় উল্লেখ করতে চাই, মাইনরিটি কমিউনিটিদের লোনের নামে যে প্রতারণা করা হয়েছে সেখানে guarantor থাকবে চাকরিজীবী। যারা পিছিয়ে পড়া মানুষ তারা কোথায় guarantor পাবে ? আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলব এই সম্পর্কে ভেবে দেখতে হবে। কারণ এই পিছিয়ে পড়া মানুষ এদেরকে উন্নত করার জন্যই, এদের অর্থনৈতিক দিক থেকে স্বাবলম্বী করবার জন্য এই মাইনরিটি কমিউনিটিদের লোনের ব্যবস্থা করা হয়েছে। চাকরিজীবী যদি guarantor হয় তাহলে bank তো এমনি বসে আছে তাকে টাকা দেওয়ার জন্য তাহলে মাইনরিটি কমিউনিটিদের কি সুযোগ সুবিধা দিয়েছে ? আজকে এই রেজ্জাক মোল্লা সাহেবদের বলব এই জিনিসগুলি আপনারা দীর্ঘদিন করেছেন। আপনাদের ভেবে দেখতে হবে এ ব্যাপারে। আজকে আপনারা অনেক কথাই বলছেন কিন্তু সবথেকে বড় কেলেঙ্কারী বাংলায় ওয়াকফ্ কেলেঙ্কারী, ভারতবর্ষে যে কেলেঙ্কারী হয়নি। এই রাঘব বোয়ালরা জড়িয়ে আছেন এই কেলেঙ্কারীতে।

যদি ওয়াকফ্ কেলেঙ্কারীর পূর্ণাঙ্গ তদন্ত হয় তাহলে অনেক রাঘব বোয়াল বেরিয়ে আসবে। এই ওয়াকফ্ কেলেঙ্কারীর নায়ক কারা, কারা এই ওয়াকফ্ কেলেঙ্কারীর কোটি কোটি টাকা তছরূপ করছে ? এই আল্লার সম্পদ যা কিনা কলকাতার বুকে ওয়াকফ্ প্রোপার্টি হয়ে আছে। সেই ওয়াকফ্ প্রোপার্টি নিয়ে আমরা বিধানসভায় বারবার প্রতিবাদ করেছি। আগের বিরোধী দলনেতা পার্থবাবু এখানে আছেন। আগের স্পীকার সাহেব যিনি ছিলেন তার নামও অনেক সময় জড়িয়ে গেছে। আমরা বারবার প্রতিবাদ করেছি কিন্তু কোনো কার্যকরী হয়নি। আমি অনুরোধ করব এই ওয়াকফ্ প্রোপার্টি নিয়ে পূর্ণাঙ্গ তদন্ত হোক। যারা দোষী ব্যক্তি তাদের কঠোর শাস্তি হোক, যারা আল্লার প্রোপার্টি নিয়ে এইভাবে লুটেপুটে খায় তাদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি হোক। আমি দাবি করছি এই ওয়াকফ্ কেলেঙ্কারীর তদন্ত হোক। আমরা জানি ভারতবর্ষের মধ্যে পিছিয়ে পড়া জেলা মুর্শিদাবাদ। এই জেলায় গোটা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি মাইনরিটি বাস করে। বিড়ি শ্রমিক কোথায় মুর্শিদাবাদ জেলায়, নির্মাণ শ্রমিক কোথায় মুর্শিদাবাদ জেলায়, সবথেকে বেশি লাঞ্ছিত কোন জেলা ? মুর্শিদাবাদ জেলা। তাই ভারতবর্ষের মধ্যে সবচেয়ে পিছিয়ে পড়া জেলা মুর্শিদাবাদ জেলা। সেই জেলার সার্বিক উন্নয়নে অন্তত একটা প্রকল্প ঘোষণা করা হোক। সেই জেলার পাশে মুর্শিদাবাদ, মালদা, দিনাজপুর আছে। মাইনরিটি অধ্যুষিত জেলায় এখনো শিক্ষার বিস্তার হয়নি, যেমন জঙ্গলমহল বিভিন্ন দিক দিয়ে পিছিয়ে আছে। তার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী এগিয়ে এসেছেন তাই তাকে ধন্যবাদ। যেমন পাহাড় পিছিয়ে আছে তার জন্যও উনি এগিয়ে এসেছেন তাই আমরা সাধুবাদ জানাই। যেসব মাইনরিটি কমিউনিটি অধ্যুষিত জেলা, যে জেলা আমাদের অভিশাপ সেই জেলার সার্বিক কল্যাণে এই ধরনের একটা প্যাকেজ ঘোষণা করা হোক এবং অনুসন্ধান করা হোক স্পেসিফিকভাবে কিভাবে মাইনরিটি ডেভেলপমেন্ট করা যায় তার জন্য চিন্তা-ভাবনা করবেন। গোটা বাংলার মুসলিম সমাজ তাকিয়ে আছে এই সরকারের দিকে। সিদ্ধার্থবাবু পদক্ষেপ নিয়েছিলেন তিনি প্রত্যেক থানায় থানায় একজন করে সাব-ইন্সপেক্টর দেওয়ার ঘোষণা করেছিলেন। সেটা ৭২ সালের পর আজও কার্যকরী হয়নি। প্রত্যেক থানায় মাইনরিটি কমিউনিটির সাব-ইন্সপেক্টর কনস্টেবল দেওয়া হোক। যেখানে সব থেকে বেশি অত্যাচারিত হয় এই কমিউনিটির মানুষ, সেইদিক থেকে অন্তত প্রত্যেক থানায় থানায় যেন মাইনরিটির অফিসার যায়, তার ব্যবস্থা করা হোক। গোটা বাংলার মুসলিমরা যেভাবে পিছিয়ে আছে, মাননীয়া মন্ত্রীর দিকে বাংলার মানুষ চেয়ে আছে। বাংলার মানুষ দুই হাত তুলে তাঁকে আশীর্বাদ করেছে, দু-হাত তুলে তাঁকে সমর্থন করেছে। আমি আশা করব, আগামীদিনে এই সরকার আরো দীর্ঘস্থায়ী হবে এবং মাইনরিটি কমিউনিটির সার্বিক কল্যাণে উনি এগিয়ে আসবেন। আমরা ওনার পাশে আছি, উনি এগিয়ে চলুন—এই কথা বলে এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4.15–4.25 a.m.]

শ্রী শেখ আমজাদ হোসেন : মাননীয় মুখ্যমন্ত্রী তথা রাজ্যের সংখ্যালঘু উন্নয়ন ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের মন্ত্রী ২০১১-২০১২ আর্থিক বছরের আয়ব্যয় সংক্রান্ত যে বাজেট ভাষণ এই মহতী সভায় পেশ করেছেন, তার বিরোধিতা না করে পারছি না। কারণ বাজেট

হচ্ছে সংশ্লিষ্ট দপ্তরের একটা বার্ষিক উন্নয়নের দিশা। এর মধ্যে দিয়ে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের পরিচালিত যে সরকার, সেই সরকারের সদিচ্ছার প্রতিফলন ঘটে। মাননীয়া মুখ্যমন্ত্রী, আপনি এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী, তাই সংখ্যালঘু মানুষের প্রত্যাশাও অনেক বেশি। যেমন তাহের ভাই বলছিলেন। আমাদের সংখ্যালঘু মানুষের প্রত্যাশা অনেক বেশি আপনার কাছে। সংখ্যালঘু মানুষ আশা করেন নির্বাচনের আগে আপনি বিভিন্ন সভা-সমিতি করেছিলেন, তৃণমূল কংগ্রেস তার ইস্তেহার প্রকাশ করেছিল, সেখানে যে সমস্ত প্রতিশ্রুতিগুলো দেওয়া হয়েছিল আমরা আশা করেছিলাম বাজেটে তার প্রকাশ ঘটবে। কিন্তু বাজেটে কী দেখতে পেলাম আমরা ? আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করলাম যে সংখ্যালঘু উন্নয়ন এবং মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে আগের বামফ্রন্ট সরকারের কাজগুলোকেই আপনার বাজেটে খানিকটা অনুসরণ করা হয়েছে। এর জন্য ধন্যবাদ। তবে বামফ্রন্ট সরকার—আমাদের গ্রামের দিকে আমরা 'খালা' বলি, যে মাসি মাঝে মাঝে বলে ব্যাটা তোর মায়ের চেয়ে তোকে আমি বেশি ভালোবাসি। কিন্তু মাকে বলতে হয় না তোকে আমি কত ভালোবাসি। বামফ্রন্ট সরকারকে বলতে হয়নি, পূর্ববর্তী মুখ্যমন্ত্রীকে বলতে হয়নি যে আমি কতটা করেছি আর কতটা করিনি। এখানে কোনো নতুন ঘোষণা দেখতে পেলাম না। আর যে সাচার সাচার করছেন আপনারা, মাইনরিটি কথাটা সব রাজনৈতিক দলের ক্ষেত্রে নির্বাচনী ম্যানিফেস্টোতে ভালো স্থান পায়, নির্বাচনী ইস্তেহারে ভালো মানায় সংখ্যালঘু উন্নয়ন, তফসিলি জাতি, উপজাতি, এই সমস্ত বলা হয় ভোটের ঝুলি ভরার জন্যে। কারণ আমরা দেখতে পাচ্ছি ১৮৭২ খ্রীস্টাব্দে উইলিয়াম হান্টারের লেখা 'দা ইন্ডিয়ান মুসলমান', ব্রিটিশ সরকার ভারতবর্ষের মুসলমানদের আর্থ-সামাজিক অবস্থা দেখার জন্য সমীক্ষা করেছিল। সেটা উইলিয়াম হান্টার লিপিবদ্ধ করে গেছেন তাঁর 'দা ইন্ডিয়ান মুসলমান' গ্রন্থে। সেখানে যা কারণ দেখানো হয়েছে, তারপর ১৯১৬ খ্রিস্টাব্দে মৌলানা আজাদ কমিশন, ১৯৬১-তে ইন্দিরা কমিশন, ১৯৭২ সালে সৈয়দ আহম্মেদ কমিশন, ১৯৮৮ সালে স্যার কৃষ্ণ কমিশন, ডঃ এ আর কিদুয়াই কমিশন, ডঃ মহম্মদ সামিম কমিশন, অনেক কমিশন হয়েছে। প্রত্যেকটা কমিশনের রিপোর্টে মুসলমিদের যে অর্থনৈতিক দুরবস্থা, সেটা উল্লেখ করা হয়েছে। এর পরবর্তীকালে প্রত্যেকটা জায়গাতে দেখা হল মাইনরিটিদের পিছিয়ে পড়ার অন্যতম কারণ প্রভার্টি অ্যান্ড ইললিটারেসি। তাদের দারিদ্র এবং তাদের নিরক্ষরতা এই দুটো প্রধান অন্যতম কারণ। এতগুলো কমিশন হল তারপরে আমরা—আজকে ব্রিটিশ গভর্নমেন্ট ২০০ বছর, তার আগে মুঘল সাম্রাজ্য ২০০ বছর মুসলমানরা ভারতকে শাসন করেছে। স্বাধীনতার পর থেকে আজ অবধি পিল্লিতে কারা দেশটাকে শাসন করল ? যে সারা ভারতবর্ষটা পিছিয়ে পড়ল। কারণ রাজেন্দ্র সাচারের রিপোর্টটা শুধু পশ্চিমবাংলার জন্য রিপোর্ট প্রকাশিত হয়নি। ২০০৭ সালে সাচার সাহেবের রিপোর্টে জানা গেল ৮৮,৫০,০০০ স্থায়ী সরকারী কর্মীর মধ্যে মুসলমান মাত্র ৪.৯ শতাংশ, আবু তাহের ভাই শুনবেন, এটা সারা ভারতবর্ষের চিত্র। ভারতবর্ষের মোট আই.এ.এস. অফিসারের মধ্যে ৩ শতাংশ মুসলমান। আই.সি.এস. অফিসার ১.৮ শতাংশ। আই.পি.এস. অফিসার ৪ শতাংশ, ইন্ডিয়ান রেলওয়েতে সাড়ে ৪ শতাংশ। আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী ইন্ডিয়ান রেলের মিনিস্টার ছিলেন। সেখানে সাচার সাহেব বলে গেলেন—মাত্র সাড়ে ৪ শতাংশ মুসলিম ইন্ডিয়ান রেলে চাকরি করে। CRPF, CISF, BSF, SSB, ডিফেন্স, সমস্তটা মিলিয়ে ৩ শতাংশ মুসলমান ভারতবর্ষে। সারা ভারতবর্ষে যখন এরকম প্রেক্ষাপট, তখন ৩৪ বছরের বাংলার দিকে আঙুল দেখানো

শুধুই রাজনীতি হবে, মুসলমানদের প্রকৃত উন্নয়নের কোনো দিশা নেই। সারা ভারতবর্ষে ৫৪.৬ লক্ষ মুসলিম ছেলেমেয়ে স্কুলে যায় না। সারা ভারতবর্ষের গ্রামে শতকরা .৮ শতাংশ মুসলমান স্নাতক। এরকম একটা বাস্তব চিত্র, সেখানে দাঁড়িয়ে সেটা বলা হচ্ছে, যার নেতৃত্বে আমাদের এই সরকারটা চলছে, যিনি এই মাইনরিটি ডিপার্টমেন্টের মিনিস্টার, সেই যে দলটা, তৃণমূল কংগ্রেস দলটার শিকড়, সেই শতাব্দী প্রাচীন কংগ্রেস, হেরিডিটিকে স্বীকার করতেই হবে, হেরিডিটি অস্বীকার করা যায় না। বর্তমানের মুখ্যমন্ত্রী, যিনি আগে চারবার কেন্দ্রীয় দপ্তরের মন্ত্রী ছিলেন—পি.ভি. নরসিমহা রাওয়ের আমলে ছিলেন, রাজীব গান্ধীর আমলে ছিলেন, বাজপেয়ীজির আমলে ছিলেন, মনমোহন সিং-এর আমলে ছিলেন, সেখানে দাঁড়িয়ে কিছুই দেখতে পেলেন না। আমরা দেখতে পাব পুঁজিবাদী যে রাজনীতি তার চরিত্রটা পরিষ্কার হচ্ছে স্যার। একদিকে মুসলমানদের তোল্লা দেওয়ার জন্য মসজিদে মসজিদে শরবত আর ছোলা খাওয়া হচ্ছে, আর একদিকে বাংলাকে উৎসাহ দেওয়া হয়। (এই সময় মাইক বন্ধ হয়ে যায়)।

ডাঃ এম. নুরুজ্জামান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ডিমান্ড নং ৩৮, সংখ্যালঘু উন্নয়ন এবং মাদ্রাসা এডুকেশন ডিপার্টমেন্টের এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করে এবং আপনাদের সবাইকে সালাম এবং ঈদ মুবারক জানিয়ে দু-একটি কথা উল্লেখ করতে চাই।

স্যার, আমার মনে পড়ে যাচ্ছে ইরাকের জনপ্রিয় কবি দুন্না মিখাইলের একটা কবিতার লাইন—'অনেক দীর্ঘ সময় কেটে গেছে, অনেক দূরে পড়ে আছি আমরা ভিন্ন দুই তীরে।' আমরা মনে করতে পারি স্বাধীনতার ক্রান্তি লগ্নে ভারতবর্ষের প্রথম প্রধানমন্ত্রী জয়ওহরলাল নেহরু সংসদের উভয় কক্ষের ভাষণে 'Tryst with destiny'-র বক্তৃতার কথা আমাদের স্মরণে থাকতে পারে। সেখানে তিনি বলেছিলেন যে সংখ্যালঘু মানুষ যারা, তাদের আস্থা রাখতে হবে সংখ্যাগুরু সমাজের উপরে এবং সংখ্যাগুরু সমাজকেও সংখ্যালঘু সমাজের সেন্টিমেন্ট এবং মর্যাদার দিকে গুরুত্ব দিতে হবে। রাজনৈতিক মন্ত্রগুরু স্যার স্টুয়ার্ট মিল বলেছিলেন, সংখ্যালঘুদের ভাবনার প্রতি যদি গুরুত্ব না দেওয়া হয় তা হবে আমাদের অপমান। ৩ এপ্রিল, ১৯৭৮ সালে এই সদনে প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু স্বীকার করেছিলেন, বলেছিলেন 'আমি স্বীকার করি নানান ঐতিহাসিক কারণে মুসলিম ভাই-বোনরা পিছিয়ে আছে।' ঠিক বলেছিলেন। কিন্তু ২০০৫ সালে আর এক প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য পার্ক সার্কাসের মিলন মেলায় বললেন—'আমার রাজ্যে মুসলমানরা যে এত পিছিয়ে আছে আমি তো জানি না।' আমি জিজ্ঞেস করি—৩৪ বছর ধরে ক্ষমতায় থাকার পরেও যে সরকারের মুখ্যমন্ত্রী বলে যে, আমার রাজ্যের সংখ্যালঘুরা কেমন আছেন আমি জানি না, তাদের কি ক্ষমতায় থাকা উচিত ? মানুষ এর বিচার করেছে, তারা আর ক্ষমতায় নেই। আজকে আপনারা বলছেন ৩৪ বছরের রাজত্বের কথা। আমি বলি, সাচার সাহেব তৃণমূল কংগ্রেস করতেন না, তিনি ছিলেন দিল্লী হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি। তিনি রিপোর্টে বলছেন, পশ্চিমবাংলার সংখ্যালঘুদের অবস্থা অন্যান্য রাজ্যের সংখ্যালঘুদের থেকে অনেক অনেক খারাপ। বামফ্রন্ট সরকার ৩৪ বছর ক্ষমতায় ছিল, আজকে তাদের জবাব দিতে হবে না বন্ধু কেন সংখ্যালঘুরা চাকরি পায়নি ? রাজ্জাক সাহেব বলছিলেন যে, সংখ্যালঘুদের স্থান হয়েছে জেলে। সেটা তো আপনারাই করেছেন। ৩৪ বছরে কার রাজত্বে সংখ্যালঘুরা জেলে

গেল, কেন তারা এত ক্রিমিনাল হল ? আপনারা বলেন যে, আমরা এই রাজ্যে দাঙ্গা হতে দিই না। ভালো কথা। আমি বলি, সেই কৃতিত্ব মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নয়, সেই কৃতিত্ব বাংলার মানুষের, বাংলার হিন্দু-মুসলিমরা এখানে দাঙ্গা চায় না, সেইজন্য এখানে দাঙ্গা হয় না। সেই কৃতিত্ব মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নয়।

[4.25-4.35 p.m.]

আজকে তাহলে সংখ্যালঘুরা কিভাবে জেলে গেল ? এত সংখ্যার মানুষ। প্রায় ৪০ শতাংশ সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ এখন জেলে। সেই কাজটা আপনারা করেছেন। তার মানে আপনারা তাদের ক্রিমিনাল বানিয়েছেন। তাদের লেখাপড়া আপনারা শিখতে দেননি। আজকে আপনারা বলছেন যে দাঙ্গা হয়নি কিন্তু রাজনৈতিক সংঘর্ষে যারা মারা গিয়েছেন তাদের অধিকাংশ হচ্ছেন সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ। আজকে ৩৪ বছরের ইতিহাস কি বলে। এখানে রিজওয়ানুর রহমানরা মারা যায়। আর যারা রিজওয়ানুর রহমানকে মারল সেই অপরাধীদের কোনো শাস্তি হয়নি বামফ্রন্ট সরকারের আমলে। এই তো আপনারা করেছেন। আজকে শিক্ষার কথা যদি বলি আমি চাকরির কথা বলছি না। চাকরির কথা বললে আপনাদের গায়ে লাগে। আমি শিক্ষার কথা বলি। আপনারা শিক্ষার কথা বললেন যে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষকে এগিয়ে আনতে হবে। মাদ্রাসা শিক্ষার কথা। মাদ্রাসা শিক্ষা কত পারসেন্ট মানুষ পড়ে। সাচার সাহেব বলেছেন, অনলি ফোর পারসেন্ট মুসলমানরা মাদ্রাসায় যায়। তাহলে বাকি ছিয়ানব্বই পারসেন্ট মুসলমানরা কোথায় যায়। আজকে রিপোর্টে বলছে যে শিক্ষায় এই রাজ্যের মুসলমান ছেলেমেয়ে ১১.৯ শতাংশ মাধ্যমিক, ৯.১০ শতাংশ উচ্চমাধ্যমিক এবং উচ্চশিক্ষায় ৩.০৭ শতাংশ পড়াশোনার সুযোগ গ্রহণ করতে পেরেছে। ৩৪ বছরে তাহলে এই হাল। এই কাজ আপনারা করেছেন। জবাব আপনাদের দিতে হবে বন্ধু পার পাবেন না। একশো দিনের সরকার হতে পারেনি তার কাছ থেকে আপনারা এত জবাব চাইছেন আর ৩৪ বছরে আপনারা সংখ্যালঘুদের কোথায় নামিয়ে এনেছেন তার উত্তর আপনারা দেবেন না ? আজকে আমি আপনাদের বলি, জাফর আলি খান সাহেব বলেছিলেন "তু ইধার উধার কি না বাত কর, এ বাতা কে কাফালা কিউ লুটা। মুঝে রেহেজনি সে গরজ নাহি, তেরি রেহবারি কা সাওয়াল হ্যায়।" আজকে আপনারা রাজত্ব করেছেন ৩৪ বছর আপনাদের জবাব দিতে হবে না ? আজকে অনেক প্রশ্ন আছে। মাদ্রাসা শিক্ষা। আপনারা আলিয়া ইউনিভার্সিটি করেছেন। ২০০৭ সালে আলিয়া ইউনিভার্সিটি বিল পাশ হয়েছে। সেই বিল ইউনিভার্সিটির কোনো ইনফ্রাস্ট্রাকচার এখনো তৈরি হল না। না জায়গা হয়েছে, না বিল্ডিং হয়েছে। একটা বেসরকারি প্রতিষ্ঠানের কাছে সেই আলিয়া ইউনিভার্সিটিতে কিছু সিলেবাস সেখানে পড়ানো হচ্ছে। তাহলে এই তো আলিয়া ইউনিভার্সিটির অবস্থা করেছেন। আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন রাখব যে প্রেসিডেন্সী কলেজের উৎকর্ষ সাধনের বিষয়ে যেমন চিন্তা-ভাবনা করেছেন তেমনই আলিয়া ইউনিভার্সিটির উৎকর্ষ সাধনের জন্য মেন্টর গ্রুপ বা বিশেষজ্ঞ গ্রুপ তৈরি করা হোক যে কিভাবে ইউনিভার্সিটিকে আগামীদিনে রূপ দেওয়া যায়। মুসলমান সমাজের মধ্যে শিক্ষার প্রসার ঘটানো যায়। এই বিষয়ে নিশ্চয়ই মাননীয় মুখ্যমন্ত্রী চিন্তা-ভাবনা করবেন। আমি আর একটা কথা বলি যে আমাদের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, কালকে যেমন রেড রোডে ঈদের নামাজে সামিল হয়েছিলেন, তেমনই তিনি খাদ্য

আন্দোলনের শহীদ নুরুল ইসলামকে ভোলেননি। অথচ ওই নুরুল ইসলামকে ব্যবহার করে এক সময়ে আপনারা ক্ষমতায় এসেছিলেন। কিন্তু নুরুল ইসলামের মা আসিয়া বিবির চোখের পানি মোছানোর জন্যে মমতা ব্যানার্জির দরকার হল। আজকে মমতা ব্যানার্জি আসিয়া বিবিকে সম্মান জানিয়ে তিনি কালকে মহাকরণে তাকে সম্মানিত করেছেন। তার পুত্র নুরুল ইসলামকে স্মরণ করেছেন। গণ আন্দোলনের আরও অনেক শহীদকে তিনি স্মরণ করেছেন। আপনারা এম.এস.কে করেছিলেন। এম.এস.কে-রা দশ মাসের মাইনে পায়নি। সেই মাইনে দিতে হল মমতা ব্যানার্জীকে। নতুন সরকারে এসে তিনি এই মাইনে দিলেন। আবাসনের কি রকম নাটক আপনারা করেছেন আমি বলছি। আমি মমতা বন্দ্যোপাধ্যায়কে প্রশংসা করি তিনি সংখ্যালঘুদের জন্য ৫০ হাজার আবাসন তৈরি করার জন্য গুরুত্ব দিয়েছেন। তিনি ঘোষণা করেছেন সংখ্যালঘু মানুষ শুধু মুসলমান নয়। তার মধ্যে বৌদ্ধ আছে, শিখ আছে, জৈন আছে, খ্রীস্টান আছে এবং উর্দুভাষীদের জন্য তিনি উর্দু অ্যাকাডেমি তৈরি করেছেন এবং ১০% উর্দুকে সরকারী স্বীকৃতিদানের ঘোষণা করেছেন। আবাসনের জন্য ২০০৮ সালে বৈষ্ণবঘাটা পাটুলিতে....(মাইক অফ।)

মি: স্পীকার : আমি আপনাদের কাছে একটা অনুরোধ করব। আপনারা তো অনেকে বলছেন যে আমাদের যে ডিপার্টমেন্টের প্রশ্নোত্তর চলছে সেটা হচ্ছে মাইনরিটি অ্যাফেয়ার্স অ্যান্ড মাদ্রাসা এডুকেশন। কোনো আলাদা আলাদা সম্প্রদায়ের নাম উল্লেখ করে কিন্তু এটা নয়। এটা একটু আপনারা স্মরণে রাখবেন।

শ্রী এস. এম. সাদী : সম্মানীয় স্পীকার স্যার, এখন খুবই আনন্দের কথা যে সংখ্যালঘুদের নিয়ে আলোচনা চলছে। ৩৪ বছর আগে এই সংখ্যালঘুদের নিয়ে এত আলোচনা কখনো ঘটেনি। আমার কাছে দুটো বাজেট বই রয়েছে। বিগত বামফ্রন্ট সরকারের বাজেট বই, আর একটা হচ্ছে মাননীয়া মুখ্যমন্ত্রীর বাজেট বই, যিনি এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী। স্যার, আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী অত্যন্ত ব্যস্ত। জিনিসের দাম বাড়ছে। বাজারে বাজারে তিনি যাচ্ছেন। তিনি ঘুরছেন যে কি করে এর ব্যবস্থা নেওয়া যায়। তিন পাতা—সংখ্যালঘুদের জন্য তিন পাতা বরাদ্দ হয়েছে। আর ছোটো-বড়ো প্যারা হচ্ছে ২০টা। ভোটের সময় তো অনেক প্রচার হল সংখ্যালঘুদের জন্য সবাই বলছেন—আগে আমাদের আত্মবলিদান করব। আর কথায় আছে যত গর্জায়, তত বর্ষায় না। দুটো বাজেট আমার হাতে আছে। ৩৩ কোটি টাকা কমে গেছে। জিনিসের দাম বাড়ছে। মুদ্রাস্ফীতি হচ্ছে। সংখ্যালঘুদের বরাদ্দ কমে গেল। এখন আমাদের বলবার সময়ে বাধা দেওয়া হচ্ছে। আমি ১৯৭৬-৭৭ সালে দেখলাম মাদ্রাসা শিক্ষার জন্য বরাদ্দ কত—৫ লক্ষ ৬০ হাজার টাকা। তাহলেই বুঝুন। ১৯৭৬-৭৭ সালে পশ্চিমবঙ্গে মাদ্রাসা শিক্ষার জন্য বরাদ্দ কত—তৎকালীন রাজ্য সরকারের আমলে ৫ লক্ষ ৬০ হাজার টাকা বরাদ্দ ছিল। ২০০৯-১০ সালে কত—৪১০ কোটি টাকা। এটা কোনো গুণগত পরিবর্তন নয় ! আরে ভাঁড়ে মা ভবানী। টাকা কোথায় ? (গোলমাল) ভোটের সময়ে চেঁচিয়ে বলছে, আর ৩৩ কোটি টাকা কমিয়ে দিল। কমল কোথায়, না সংখ্যালঘুদের ক্ষেত্রে কমল। কথায় আছে না ভোটের সময় কাজী, ভোট ফুরলেই পাজি। আমি মাননীয়া মন্ত্রী মহাশয়কে বলব মুসলমান সংখ্যালঘুদের জন্য এটা করা হচ্ছে না। স্যার, আমি বলতে চাই এই সময়ে এই যে আমরা বাজেট বিতর্ক

করছি, সারা পশ্চিমবঙ্গের সংখ্যালঘু সমাজ তাকিয়ে রয়েছে যে, সংরক্ষণের কি হল। বিগত সরকার যে সংরক্ষণ করেছিলেন, মাননীয়া মুখ্যমন্ত্রী এখানে আছেন, ৯০ দিনের যে সালতামামি, সংখ্যালঘুদের জন্য বিল পাশ করব, আছে এখানে। স্পীকার সাহেব এখানে আছে। আমাদের কাছে যে বিলটা রয়েছে, সেই বিল কি হল, সেই বিলটার কি হল ? এই বিধানসভায়, এই মহতী সভায় পাশ হয়েছে ? সংখ্যালঘুদের সংরক্ষণ—যে স্বামী রঙ্গনাথন মিশ্র কমিশনের রিপোর্টকে কার্যকরী করার জন্য বিদায়ী বামফ্রন্ট সরকার করেছে। গোটা পশ্চিমবঙ্গের সংখ্যালঘু সমাজ বুক বেঁধেছে। এই বাজেটে সুস্পষ্ট কোনো বক্তব্য নেই। এই বাজেট গোটা পশ্চিমবঙ্গের সংখ্যালঘু সমাজকে হতাশ করেছে। বেকার যুবক-যুবতীদেরকে ছাত্রছাত্রীদেরকে হতাশ করেছে। যারা সংরক্ষণের মধ্য দিয়ে কর্মসংস্থানের ক্ষেত্রে শিক্ষাক্ষেত্রে তাদের যে অগ্রগতি, ঐতিহাসিক কারণে যারা পিছিয়ে ছিলেন, হান্টার কমিশন থেকে শুরু করে বিভিন্ন সময়ে ঐতিহাসিক কারণে গোটা ভারত সঙ্গে সঙ্গে, গোটা পশ্চিমবঙ্গের সংখ্যালঘু সমাজ অর্থনৈতিক দিক থেকে সামাজিক দিক থেকে যে পিছিয়ে ছিলেন, তারা হতাশ হচ্ছে। বাজেট নেই। আর একটা গুরুতর বিষয় আছে। ওয়াকফের ক্ষেত্রে কি হল, আমরা জানতে চাই। ওয়াকফের ক্ষেত্রে সেখানে কমিশন হয়েছে। সার্ভে হয়েছে। সার্ভে কমিশন হয়েছে। সেখানে ১৮,০০০-এর উপরে ওয়াকফ সম্পত্তি ওয়াকফ তালিকাভুক্ত হয়েছে। এবং বিদায়ী সরকারের আমলে তারা একে ওয়েবসাইটে দিয়ে দিয়েছে। গেজেট নোটিফিকেশন আমি বলতে চাই হোক। এই ২৫,০০০-এর উপর ওয়াকফ তার নির্দিষ্টকরণ করা হয়েছে গোটা পশ্চিমবাংলার গ্রামবাংলায়। সেখানে ওয়াকফ সম্পত্তির সমীক্ষা হয়েছে। আমি চাই এই সমীক্ষা যেটা হয়েছে, সেটা গেজেট নোটিফিকেশন করা হোক। গোটা পশ্চিমবাংলার মানুষের কাছে একটা স্বচ্ছতা আনা হোক। সম্মানীয় স্পীকার স্যার, আমি বলতে চাই এস.এস.কে-র ছেলেরা প্রায় চার লক্ষের উপরে ছেলেরা পড়ছে। (গোলমাল) শিক্ষাক্ষেত্রে অগ্রগতি ঘটেছে। (গোলমাল) আমাদের যে ছাত্রী আবাসগুলি রয়েছে, সেখানে সংখ্যালঘু মেয়েরা পড়ে। কলকাতার দিলখুশা স্ট্রিট.... (মাইক অফ হয়ে যায়)

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বারবার দেখেছি এবং বারবার আমি এই অধিবেশনে এই মহতী সভায় সকলকে আহ্বান করেছি মেম্বার অন্তত আপনারা যারা একটু আগে বক্তৃতা দিলেন, আপনারা বাজেট বক্তৃতা দেওয়ার নাম করে আপনারা যে বাক্য ব্যয় করলেন, যে ৯০ দিন বলে যে কথাটা বললেন, আমি উচ্চারিত করতে চাই না। মাননীয় অধ্যক্ষ মহোদয়কে আবার বলছি, এই ধরনের বাক্যগুলো এক্সপাঞ্জ করা হোক।

[4.35–4.45 p.m.]

মিঃ স্পীকার : অলরেডি আমি বলে দিয়েছি, যে সমস্ত কমেন্ট করা হয়েছে সার্কাস্টিক্যালি অ্যাবাউট কাজি নজরুল ইসলাম এবং অন্যান্য সার্কাস্টিক্যাল কমেন্টগুলো—দ্যাট উইল নট গো অন রেকর্ড।

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে সংখ্যালঘুদের ব্যাপার নিয়ে, মাইনরিটি ডিপার্টমেন্টের ব্যাপার নিয়ে আলোচনা আমি শুনছি অনেকক্ষণ ধরে বসে। বিরোধী পক্ষ এবং সরকার পক্ষ থেকে কয়েকজন সদস্য ভাগ নিয়েছেন। তাদের বক্তব্য

শোনার সুযোগ আমার হয়েছে। সদ্য গতকাল আমরা সবাই ঈদ পালন করেছি। ৩০ দিন রোজা পালন করবার পর অনেক ত্যাগ এবং তিতিক্ষার মধ্যে দিয়ে খুশির ঈদ আমাদের সকালের কাছে আসে এবং ভারতবর্ষের মানুষ আমরা। হিন্দু-মুসলমান-শিখ-খ্রিস্টান সকলে মিলেই ভারতবর্ষের যত উৎসব আছে, সবই আমাদের উৎসব। দুর্গাপুজোও যেমন আমাদের প্রধান উৎসব, ঈদও আমাদের প্রধান উৎসব, আবার বড়োদিনের উৎসবও যেন আমাদের উৎসব হয়ে যায়, কখনো বা শিখদের উৎসব, কখনো বা সাঁওতালিদের উৎসব, আদিবাসীদের উৎসব, তফশিলিদের উৎসব—আমরা প্রত্যেকটা উৎসবকেই নিজের মতো করে বিচার করি। একটা সাবজেক্টে আলোচনা হতে পারে, মতামত থাকতে পারে। এমন কিছু ঘটেনি—৫ বছর বাদেও কিছু বললে শুনতে পারতাম—৫ বছরে এই সরকার কিছু করেনি। ৩৪ বছর পর 'ভূতের মুখে রাম নাম'। একটা সাবজেক্ট, সেই সাবজেক্টে আমি কনস্ট্রাকটিভ কিছু আছে, সেটা দেখলাম না। টোটালটাই যেন 'ঠাকুর ঘরে কে, আমি তো কলা খাইনি।' আর 'আমি তো কলা খাইনি' বলে যে বাক্যবান উৎসারিত হয়েছে, সেই বাক্যবান....(প্রচণ্ড গোলমাল) আমি মনে করি, এটা রবীন্দ্রনাথের ভাষা নয়, নজরুল ইসলামের ভাষা নয়। হিংসা থাকা ভালো, নিজেরা করতে পারেনি, কাউকে করতে দেব না। এই অ্যাটিচুড থেকে বড়ো বড়ো কথা যারা বলছেন, তাদের উদ্দেশ্যে আমি বলব, আপনারা ৩৫ বছর যা করেননি। সংখ্যালঘু ভাই-বোনের জন্য কাজ করা তো দূরের কথা, আপনাদের অনেক অপমানকর মন্তব্য, কাজ না করার মানসিকতা, আপনারা রাজনীতি করার উদ্দেশ্যে, রাজনৈতিক ক্ষমতা এবং লিপ্সাকে চরিতার্থ করার উদ্দেশ্যে যেভাবে ব্যবহার করছেন, কথা বলছেন—কথা বলার অধিকার আপনারও আছে, আমারও আছে। কথা বলার অধিকার আপনাদেরও আছে, আমাদেরও আছে। আপনারা যখন বলছিলেন, আমি শুনছিলাম আর হাসছিলাম। আপনাদের পালা এখন শেষ, আমার এখন বলবার পালা। আই হ্যাভ টু রিপ্লাই। আই হ্যাভ টু ক্ল্যারিফাই। এত রাগ হচ্ছে কেন ? আপনাদের যা যা বক্তব্য, আপনারা তো বলেছেন। তাহলে আপনাদের এত রাগ হচ্ছে কেন ? যা যা মনে ছিল, সবই বলেছেন, বাকি তো কিছু রাখেননি। উল্টো-পাল্টা বই কোট করেছেন কেউ কেউ। যা ইচ্ছে বলে গেছেন। আমি প্রথম রেজ্জাক মোল্লার একটা সাজেশন মেনে নিয়ে শুরু করব। তিনি বলেছেন, ওয়াকফ কেলেঙ্কারি নিয়ে যদি তদন্ত হয়, আমরা স্বাগত জানাব। আমি এটা সি.বি.আই. তদন্ত করব। তার কারণ হচ্ছে অনেকদিন ধরেই আমরা চাই এটা হোক, আজ নয়, শুনে রাখুন আজ থেকে বেশ কয়েক বছর আগে আমি সুপ্রীম কোর্টে একটা PIL করেছিলাম সি.বি.আই. চেয়ে ওয়াকফ্ প্রপার্টির দুর্নীতির বিরুদ্ধে। আমি কৃতজ্ঞ যে আপনারা আমাকে সুযোগটা করে দিয়েছেন এবং কংগ্রেস দল, তৃণমূল কংগ্রেস দল, বিরোধী দল একসাথে যখন চেয়েছেন তখন আমার তো সুবিধেই হয়ে গেল। আমি তো এখানে বসেই সেটা সিদ্ধান্ত নিলাম। আমি যখন অ্যাপীল করেছিলাম, তখন এই বিধানসভাতেই সব মিটিং করে আপনারা বলেছিলেন, জুডিশিয়াল কমিশন হবে, এনকোয়ারি হবে, ফলে আমার সেই অ্যাপীলটা সুপ্রীম কোর্টে সেই PIL বাঁচাবার জন্য, সি.বি.আই. এনকোয়ারি করবার জন্য—আমাদের সরকার কিন্তু তখন ছিল না, সরি, বামফ্রন্ট সরকার ছিলেন—তাঁদের এই ডিসিশানের জন্যই সেদিন কিন্তু সি.বি.আই. এনকোয়ারি হতে পারেনি। ইট ইজ অন রেকর্ড, আমি যেটা বলছি যদি কারোর কিছু বলার থাকে যে I am wrong,

please correct me। সুতরাং বলে না খুদিকো কর বুলন্দ ইতনা কে হর তকদির সে পহেলে, খোদা বন্দে সে খুদ্ পুছে, বতা তেরি রজা কেয়া হ্যয়। আপনারা চাইলেন, আর ঈদের পরের দিন এটা আল্লার মেহেরবানীর মতো বর্ষণ হল রোশনি চাঁদসে হোতা হ্যয়, সিতাঁরোসে নেহি, আর কামিয়াব লোকতন্ত্রসে হোতা হয়, অর ভাষণসে নেহি, আমি এখনও তাই মনে করি। আজকে আপনাদের কথা শুনে Thank you রেজ্জাক সাহেব, আপনাদের ভাবল ঈদ মোবারক। আর অন্যান্য কংগ্রেস দল, তৃণমূল কংগ্রেস দল-সহ যাঁরা বলেছেন তাঁদেরও অনেক অনেক ধন্যবাদ। এখনও যে কমিশন আছে বা কমিটি আছে আমরা কিন্তু ওটা এখনও ভাঙিনি। প্লিজ জানবেন এটা আপনারা যা করে গিয়েছিলেন তাই আছে। কতগুলো কমিটি আমরা করতে পেরেছি, অনেক কমিটির কতগুলো টাইমের ব্যাপার আছে, কনস্টিটিউশনের ব্যাপার আছে, আমরা করিনি। সুতরাং ওই কমিটিই আছে, চিন্তা করার কোনো কারণ নেই। আজকে অ্যাসেমব্লিতে সবাই যখন বলছিলেন আমি খুব খুশি, অ্যাটলিস্ট আমার একটা মনোবাঞ্ছা দীর্ঘদিন বাদে পূরণ হবে। আমরা চাই, সাথে সাথে আর একটা কথাও বলি মাইনরিটি ডেভেলপমেন্ট কর্পোরেশনের টাকা আমি জানি না কি করে প্রাইভেট শেয়ারে চলে যায় ? সেগুলো মাইনরিটি ডেভেলপমেন্ট কর্পোরেশনের টাকা প্রাইভেট ব্যাঙ্কে চলে গেছে, প্রাইভেট শেয়ারে চলে গিয়ে অনেক টাকা লোকসান হয়ে গেছে গভর্নমেন্টের। খুব সিরিয়াস ব্যাপার ঘটেছে এখানে। অলরেডি তদন্ত হচ্ছে, আমি আপনাদের বলি আমাদের এই সরকার তো মাত্র তিন মাস কিছুদিনের সরকার। আজকে আপনারা যদি মনে করেন গায়ের জোরে, গলার জোরে তিলকে তাল করার চেষ্টা করে যে অপপ্রচার এবং কুৎসা বাংলা জুড়ে চলেছে দীর্ঘদিন, ৭২ থেকে ৭৭ দেখিয়ে আপনাদের ৩৪ বছর পার হয়েছে।

মিঃ স্পীকার : ১৫ মিনিট সময় বাড়িয়ে নিলাম সবার মত নিয়ে।

শ্রীমতী মমতা ব্যানার্জী : ধন্যবাদ, আমি শর্ট টাইমের মধ্যেই বলব, যতটুকু বলা সম্ভব। যাই হোক এত অল্প টাইমের মধ্যে আমরা কতগুলো কাজ করতে পেরেছি, যা ৩৫ বছরেও হয়নি, আমি চ্যালেঞ্জ করে বলতে পারি সেই কাজটা আমরা মাত্র ১০০ দিনে করেছি, ৯০ দিনে করেছি। আমি খুব খুশি যে আমাদের এই বইটা দেখিয়ে আপনারা বক্তৃতা করছেন, তবু এতদিন বাদে একটা ডকুমেন্টেশান পেয়েছেন। এতে আমরা অনেক কিছু মিসও করেছি। কারণ এতো হয়ে গেছে যে এত দিতে পারছি না, তাহলে বড়ো বড়ো রামায়ণ, মহাভারত, কোরান, বাইবেল হয়ে যাবে, তাই। রেজ্জাক সাহেব আপনি প্রথম ডিবেটটা মুভ করেছেন, মানে ভাষণটা ইনিসিয়েট করেছেন। আপনি বলছিলেন ৩০০ কোটি টাকা দেওয়া হয়েছে ফর মাইনরিটি ডেভেলপমেন্ট। আমার মনে হয় আপনি আরও একটু ভালো করে দেখুন, ৩০০ কোটি টাকা নয়, ওটা প্ল্যান এবং নন-প্ল্যান মিলিয়ে ৬৩১ কোটি টাকা আছে এবং তাছাড়াও মাল্টি টাইপ অফ ডেভেলপমেন্টের জন্য আরও ৬৮৬ কোটি টাকা দেওয়া আছে।

[4.45-4.55 p.m.]

আমার সময় খুব লিমিটেড। এর মধ্যেই আমরা সিদ্ধান্ত নিয়েছিলাম, আমাদের ম্যানিফেস্টোতে যা কমিটমেন্ট ছিল—এটা বললাম যেহেতু আমাদের এক বন্ধু বলেছেন

ম্যানিফেস্টো নিয়ে—আমি মনে করি ৯০% সংখ্যালঘুদের ব্যাপারে আমরা করে দিয়েছি। আপনাকে এটাকে অ্যাপ্রিসিয়েট করতে হবে। আমরা ম্যানিফেস্টোয় যা বলেছিলাম, ১০%-র বেশি যেখানে উর্দু স্পিকিং আছে, সেখানে আমরা সেকেন্ড ল্যাঙ্গুয়েজ হিসাবে উর্দু ল্যাঙ্গুয়েজকে স্বীকৃতি দেব। আমরা সিদ্ধান্ত নিয়ে ইন্সট্রাকশান পাঠিয়েছি। মাইনরিটির সাথে অন্য ল্যাঙ্গুয়েজও, যেমন—আদিবাসী, নেপালী, উড়িয়া, গুজরাটি, গুরুমুখী ভাষা, হিন্দি ভাষা, সাঁওতালি ভাষা সেগুলিকেও আমরা লিঙ্গুইস্টিক মাইনরিটির মধ্যে নিয়ে এসেছি। মাননীয় বন্ধুগণ শুনলে খুশি হবেন, যে আমরা ১০ মাস অনারিয়াম এরিয়ার পড়েছিল সব আন্ডার প্রভিশান অর এমবার্গো, সেই সমস্ত মাইনরিটি টিচারদের ১০ মাসের মাইনে, ৩৫৬ জন টিচারকে অলরেডি আমরা মাদ্রাসা শিক্ষাকেন্দ্র দিয়েছি। আমাদের ৬০৯টি মাদ্রাসা টিচারস ব্যাঙ্কের মধ্যে দিয়ে প্রথম দিনে তারা যাতে টিচারদের মতো টাকা পায় সেটাও আমরা নিয়ে এসেছি। আমরা ৬৫০টি টিচিং পোস্ট-হাই এবং হায়ার মাদ্রাসা অলরেডি অনুমোদন করেছি। আমরা ১৮০০ টিচার্স যারা অলচিকি ল্যাঙ্গুয়েজে, অলচিকি ভাষায় পড়াবে জঙ্গলমহলে আমরা স্যাংশান করেছি। আমরা অলচিকি ভাষা, সাঁওতালি ওয়ার্ড, ...(গোলমাল).... এগুলো আমি ভালোভাবে জানি। অলচিকি স্ক্রিপ্টে পড়াবে এবং তাছাড়াও ১০ হাজার মাদ্রাসাকে—গভর্নমেন্টের টাকা নেই, কেন তা আপনারা জানেন ভালো করে, ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার উপর সম্ভবত দেনা, দেনায় দেনায় মাথা বিক্রি, তা সত্ত্বেও সংখ্যালঘু ভাই-বোনেরা যাতে সম্মানের সঙ্গে মাথা তুলে দাঁড়াতে পারে. তাই ১০ হাজার মাদ্রাসাকে without financial aid আমরা recognition দিচ্ছি। লাভ নিশ্চয়ই আছে। আপনাদের কাছে লাভ হবে না কারণ আপনাদের কোনো একজন নেতা বলেছিলেন—মাদ্রাসায় উগ্রপন্থীরা থাকে। Please realise, I have not forgotten. আমি ভুলে যাইনি। আমি ভুলে যাইনি। আমার নজরে আছে এগুলো। এই সমস্ত কথা বলে কোনো লাভ নেই। বন্ধু, শুনুন একটাই স্কুল যদি recognition পায় তাহলে সে অন্যান্য জায়গা থেকেও টাকা পেতে পারে। আপনারা কি জানেন কেন recognition দেওয়া হয়েছে without financial aid ? তার কারণ কেন্দ্রীয় সরকারী প্রকল্পে অনেক টাকা আছে, যে টাকা শুধু তারা মাত্র recognised নয় বলে পাচ্ছে না। Recognition হয়ে গেলে তারা সেই টাকাটা পাবে। আপনারা তো চান মাদ্রাসায় আমাদের মুসলিম ছেলে-মেয়েরা পড়াশুনা করুক। মাদ্রাসা শিক্ষণকেন্দ্রে আসুক। তারাও হায়ার এডুকেশানে আসুক। আমি চাই আমার মুসলিম ঘরের ছেলেমেয়েরা ইঞ্জিনিয়ার তৈরি হোক, তারা ডাক্তার তৈরি হোক, তারা ব্যারিস্টার তৈরি হোক, তারা ল-ইয়ার তৈরি হোক, তারা প্রফেসার তৈরি হোক, তারা এম.পি. তৈরি হোক, তারা এম.এল.এ. তৈরি হোক, তারা ভালো করে সমাজের কাজে কাজ করুক। এটা আমরা নিশ্চয়ই চাই। এটা তো শুরুয়াত, খুব কম। রেলে কত রিক্রুটমেন্ট হয়েছে, তাতে এত মাথা ব্যথা। এখানে কি হয়নি তখন কি মাথা ব্যথা হয়নি—তখন কি পেটে ব্যথা হয়েছিল। জেনে রাখবেন রেলে আমি মাত্র ২ বছরের মধ্যে ১ লক্ষ ৮৭ হাজার নতুন লোক নিতে বলেছি। আর তাতে মাইনরিটিরা কত পাবেন দেখে নেবেন। আমি একটা স্কোপ পেয়েছি আর তাতেই করে দিয়েছি। মিথ্যে কথা শুধু বলবেন না। একটু সত্য কথা বলতে শিখুন। মিথ্যে কথাটা হচ্ছে Unparliamentary word, that is why I withdraw the word. মিথ্যে কথা। সত্যি কথা বলতে

শিখুন। এত রাগ কিসের ? ৩৪ বছর কত সুযোগ পেয়েছেন। আর একটা সরকারকে ৩৪ বছর নয়, ১০ বছর সুযোগ তো দেবেন। ৩৪ বছর সুযোগ পেয়ে করতে পারেননি আর আজকে এর মধ্যেই ধৈর্যহীন। ধৈর্য নেই, সহ্য নেই, [***] সৌজন্যতা নেই—কী করছেন ? আমি ভুলে যাইনি সেই দিনগুলোর কথা। নন্দীগ্রামে-নন্দীগ্রামে-নন্দীগ্রামে আমি দেখেছি। বন্ধু আমি নন্দীগ্রামে দেখেছি, যে আপনারা কী করেছেন।

(গোলমাল)

মিঃ স্পীকার : ভদ্রতা নেই কথাটা বাদ যাবে। আমি বলেছি। মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলতে দিন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : আমি সত্যিই দুঃখিত এবং আমি মর্মাহত, যে আপনারা নিজেরা যা ইচ্ছা তাই বলে যাবেন। আর আমাদের বলবার ব্যাপারে মনে রাখবেন প্রথম দল এখানে তৃণমূল কংগ্রেস, দ্বিতীয় দল কংগ্রেস এবং তৃতীয় দল আপনারা। তা সত্ত্বেও মনে রাখবেন আমরা কখনও এটা করি না, আপনাদের সম্মান দিয়ে আমরা কথা বলি। প্রত্যেকটা জিনিসের একটা গণ্ডি থাকা উচিত, একটা সীমারেখা থাকা উচিত। নজরুল ইসলাম কে তিনি ? কোনোদিন ভেবেছেন ? কোনোদিন ভেবেছেন নজরুল ইসলাম বাংলার ছেলে ? তাঁর জন্য কী কী করা উচিত ? কোনোদিন ভেবেছেন ? আমরা তো প্রথমে থেকেই ভেবেছি, আমরা রবীন্দ্র-নজরুল-দ্বিজেন্দ্রলাল থেকে শুরু করে বাংলার সভ্যতার, সংস্কৃতির, জাগরণের পথিকদের নিয়ে আসব, আলোকের ধারায় এবং আলোকের ঝরনাধারায়—আমরা এঁদের নিয়ে আসব, প্রতিষ্ঠিত করব। (গোলমাল) কেন না জেনে নিয়ে কথা বললেন ? নজরুল ইসলাম অ্যাকাডেমি করা হবে বলেছি, কেন হবে না ? কেন করেননি ? নজরুল ইসলাম—কী করেছেন, আমার দেখা আছে। (গোলমাল) ও আমি দেখেছি আপনারা কী করেছেন। নজরুল ইসলাম অ্যাকাডেমি কেন হবে না ? আমরা চাই। নজরুল ইসলাম এখনও পর্যন্ত যে গান গেয়েছেন, যে লিখেছেন, তাঁর সব কিছু নিয়ে গবেষণা করা উচিত এবং নজরুল ইসলামের লেখা আমাকে প্রেরণা দেয়। তাঁর সংগ্রামী চেতনা, তাঁর শ্যামাসংগীত, তাঁর দেশি-বিদেশি চিন্তাধারাকে গানের মধ্যে, সুরের মধ্যে, ওয়ার্ডের মধ্যে নিয়ে এসে যেভাবে তিনি link up করেছেন আমরা সেগুলো দেখব না ? ৩৫ বছর ধরে একটা মনীষীদের কথা চিন্তা করেছেন আপনারা ? রবীন্দ্রনাথ ঠাকুরের সার্ধশতবর্ষে একবারও ভাবেননি। নজরুল ইসলাম, তাঁর একটা বাড়ি চুরুলিয়া, আসানসোলের চুরুলিয়া গ্রাম, সেখানে নজরুল ইসলামের জন্মস্থান। আমি গিয়েছিলাম একবার, অটলজি যখন প্রধানমন্ত্রী ছিলেন, তাঁকে নিয়ে দেখাতে। এই পঞ্চায়েতটা আমাদের হাতে নেই, কিন্তু আমি জানি ওখানে একটা ছোট্ট জায়গা, রাস্তাটা পর্যন্ত হয়নি। ছোট্ট একটা জায়গা। নজরুল ইসলামের নামে কিছু করতে পারেননি আপনারা। আজকে কেন আপনারা চিৎকার করে তাঁকে অপমান করছেন ? আমি এখনও আপনাদের বলি, নজরুল ইসলামকে অপমান করার অধিকার আমারও নেই, আপনারও নেই। রবীন্দ্রনাথ ঠাকুরের সহজপাঠ বাতিল করে দিতে পারেন, বাংলার হৃদয় থেকে রবীন্দ্র-নজরুলকে সরাতে

*** Expunged by the order of Hon'ble Speaker.

পারেন না, এটা মাথায় রাখতে হবে। আমি এখনও মনে করি, নজরুল ইসলাম সংহতির প্রেরণা, আমি এখনও মনে করি এসব চিৎকার করে nuisance create করে আমার বক্তৃতা স্টপ করবার জন্য চেষ্টা করবেন না। আপনি আমায় দেখালে আমিও কিন্তু দেখাতে পারি, charity begins at home. Don't behave like this. Please listen. যখন আপনি বলেছেন আমি শুনেছি, আমি যখন বলব আপনাকে শুনতে হবে। আপনার যদি পছন্দ না হয়, you can reply later on. You can speak later on. There is a system, there is a procedure. এটা নির্বাচনী যুদ্ধ নয় যে, এখানে আপনার সাথে আমার নির্বাচনী লড়াই হচ্ছে। এটা বিধানসভা। বিধানসভা হচ্ছে, লোকসভা হচ্ছে গণতন্ত্রের সবচেয়ে বড়ো মন্দির, সবচেয়ে বড়ো মসজিদ, সবচেয়ে বড়ো গুরুদোয়ারা, সবচেয়ে বড়ো গীর্জা। এটা আপনাদের monopoly নয়। এটা হচ্ছে গণতন্ত্রের monopoly। তাই আপনাদের বলি বন্ধু নজরুল ইসলামের অ্যাকাডেমি হবে। আমরা জায়গা দেখছি, জয় গোস্বামীকে চেয়ারম্যান করে একটা Committee করে দেওয়া হয়েছে। ২৬ তারিখে ওনার জন্মদিবস ছিল না, ওনার মৃত্যুদিবস ছিল। আমরা programme করেছিলাম। নজরুল ইসলামের জন্মদিবসে আমরা সারা বাংলা জুড়ে programme করব। এবং আমার ইচ্ছে আছে রবীন্দ্র-নজরুল-সহ দ্বিজেন্দ্রলাল-সুকান্ত-সহ বাংলার যত মনীষী আছে এমনকি স্বামী বিবেকানন্দের জন্মদিনও আছে, ২০১৩ সাল থেকে শুরু, তাঁর ১৫০ বছর পূর্তি। সেটাও আমরা করব। আপনারা জানেন, সংখ্যালঘুদের ব্যাপারে অনেক কিছু করার ছিল, করা হয়নি। ২৬% মানুষ তারা কিন্তু সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে পড়ে বাংলায়, highest in India. এবং তাদের জন্য আমরা already চিন্তা-ভাবনা করছি। আমি আমার সংখ্যালঘু department-কে আমার নিজের হাতে রেখেছি একটাই কারণে, এই department যেন অবহেলিত না থাকে। আমাদের অফিসারদের অভাব আছে জেনে রাখুন। এখানে অফিসার্স নেই, খুব কম। ৩১৪ জন আমাদের IAS-এর দরকার ছিল, আমি এসে দেখলাম মাত্র ২১২। তার মানে ১১২ পোস্ট নেই। চলে গেছে সব কোথায় ? create-ই হয়নি। বাদবাকি যাও আছে ২১২-এর মধ্যে অনেকে Central deputation-এ চলে গেছে। আপনারা কি জানেন বাংলার এই হাল ? একটা Principal Secretary তিন-চারটে Department দেখছে। আপনারা কেন এগুলো ভাবেননি ? Total infrastructure-কে শেষ করে দিয়ে চলে গেছেন আপনারা।

[4.55–5.05 p.m.]

এবং সেই জায়গায় দাঁড়িয়ে আমাদের কাজ করতে হচ্ছে। আমার ডিপার্টমেন্টের নুরুল হক চৌধুরী প্রিন্সিপাল সেক্রেটারী হয়েছেন। আমি নুরুল সাহেবকে নিয়ে এসেছি, খলিল সাহেবকে নিয়ে এসেছি। আমি সাচারের সাথে, আমাদের কমিটমেন্ট ছিল বলে আমি জাস্টিস সাচার সাহেবের সঙ্গে কথা বলেছি। তাঁকে আমি রিকোয়েস্ট করেছিলাম এখানে আসতে, এসে কাজ করতে, তাঁর বয়সটাকে আমরা সম্মান করি, ৮৭ বছর বয়স। তিনি ডেলি এইভাবে যাতায়াত করতে পারেন না, যদি একটু ইয়াং এজ থাকত তাহলে হয়তো উনি আমাদের প্রস্তাবে রাজী হতে পারতেন। ৮৭ বছর বয়স বলে ওনার পক্ষে রোজ দিল্লি কলকাতা এইসব করা সম্ভব

নয়। তাও আমরা দিল্লিতে বসেও ওনাকে কাজ করতে অনুরোধ করেছিলাম। সুতরাং আমরা আমাদের যে ম্যানিফেস্টো ছিল উর্দু টেন পারসেন্ট দিতে হবে, আমরা করেছি। আমরা মাদ্রাসাগুলোকে রেকগনাইজড করব বলেছি, আমরা অলরেডি অ্যাক্ট করেছি, নোটিফিকেশান করেছি, তাদের অ্যাপ্লিকেশান করতে বলা হচ্ছে। আমরা অলরেডি বলেছি, যে আমরা সাচার কমিটির সঙ্গে কথা বলব। জাস্টিস সাচারকে নিয়ে, জাস্টিস সাচারের সঙ্গে অলরেডি কথা বলছি। আমরা মনে করি যে ১২টি ডিস্ট্রিক্ট এই জেলাগুলি আগেই সেটেল করা হয়েছিল মুসলিম অধ্যুষিত ডিস্ট্রিক্ট বলে। আপনি দক্ষিণ দিনাজপুর নিয়ে আজকে বলছেন, আমি করিনি। এটা আগের সরকারের সেটেলমেন্ট ছিল ১২টা ডিস্ট্রিক্ট। কেন্দ্রীয় সরকারের সাথে কথা বলে, আমরা যখন সুযোগ পাব নিশ্চয় করব। কারণ দক্ষিণ দিনাজপুর আমি জানি। কুমারগ্রাম থেকে শুরু করে বালুরঘাট থেকে শুরু করে প্রচুর মুসলিম ভাইবোনেরা বাস করেন। আমি জানি কোথায় কোথায় তাঁরা বাস করেন। আমরা মনে করি, আমি অলরেডি রিকোয়েস্ট করেছি, হাউস ফর সংখ্যালঘু, তাদের জন্য ৫০ হাজার বাড়ী আমরা তৈরি করব। ৩৭ হাজার বাড়ী ইন্দিরা আবাস যোজনার মধ্যে দিয়ে দেওয়া হচ্ছে আমাদের সংখ্যালঘু ভাইবোনেদের। ৮ হাজারের উপর অঙ্গনওয়াড়ী সেন্টার তাদের জন্য তৈরি করা হচ্ছে। অলরেডি ৩৯টা নতুন উর্দু স্কুল করবার জন্য বলা হয়েছে। অলরেডি আমরা মনে করি যে অনেকগুলো মাদ্রাসা শিক্ষণকেন্দ্র নতুন করে করা হবে এবং করা হচ্ছে। এছাড়াও ২০ হাজার ছেলেমেয়েদের আমি মনে করি—আমি চাই, আপনাদের একটা কথা বলি—তারা ডাক্তার তৈরি হোক, ইঞ্জিনিয়ার তৈরি হোক, টেকনিক্যাল এক্সপার্ট তৈরি হোক, শুধুমাত্র তারা জেলের কাজ করবে কেন ? রেজ্জাক সাহেব বলছিলেন, নয় জেলে, আর নয় জেলে। মানে দুটো জেলে—একটা জেল বলতে কারাগার আর একটা জেল হচ্ছে মৎস্যজীবী। আমার কথা হচ্ছে, আমরা সেটা চাই না। তাই আমি এসেই ডিসিসান নিয়েছি, প্রতি বছর আমরা ২০ হাজার সংখ্যালঘু ছেলেমেয়েদের ট্রেনিং দিয়ে স্কিল্ড করব এবং প্রত্যেকটা ছেলেমেয়েকে আমরা চাকরি দেব। প্রত্যেকটা ছেলেমেয়েকে আমরা চাকরি দেব। এবং এখন চার হাজার দেওয়া হয়েছে, চলছে অলরেডি। চার হাজার দেওয়া হয়েছে এবং ২০ হাজার ছেলেমেয়েদের ট্রেনিং দিয়ে তৈরি করব। যেগুলো স্কিল্ড অ্যাপয়েন্টমেন্ট, তাদের পাওয়া উচিত, সেগুলো আমি সঙ্গে সঙ্গে করব। আমি অনেক সময় দেখি আই.এ.এস. খুঁজলে পাই না, দুটো তিনটে হাতে গোনা। একটা আই.পি.এস. খুঁজলে পাই না। সুতরাং তৈরি করে এদের নিয়ে আসতে হবে আগে। আমি এখনও মনে করি আপনারা রিজার্ভেশানের নামে যেটা করেছিলেন সেটাও কোর্ট কেস হয়ে আছে। কোর্ট কেস হিসাবে পড়ে আছে। সেটাও তড়িঘড়ি করতে গিয়ে এমন কিছু করা হয়েছে যে আমরা এটাকে নতুন করে বিল করে আমরা নিয়ে আসব। সেটা আইনে পরিণত হয়নি। তার কারণ ইচ্ছা থাকলে উপায় হয়, আপনারা ইচ্ছা করেননি, রাজনীতি করতে গিয়েছিলেন। ওটা আমরা ভালো করে করব দেখেটেখে নিয়ে এক্সপার্টদের ওপিনিয়ন নিয়ে। আমি এখনও মনে করি মাল্টি সেক্টোরিয়াল ডেভেলপমেন্টাল প্রোগ্রামে ১২টা ডিস্ট্রিক্টে ৬৮৬ কোটি টাকা দেওয়া হয়েছে, তার ডেভেলপমেন্ট পারপাসে। এছাড়াও ইতিমধ্যে আমরা মাইনরিটি ডেভেলপমেন্ট ফাইনান্স কর্পোরেশান তৈরি করেছি, ওয়েস্ট বেঙ্গল মাইনরিটিজ কমিশন করেছি, স্টেট হজ কমিটি তৈরি করেছি, ওয়েস্ট বেঙ্গল মাদ্রাসা সার্ভিস কমিশন

করেছি, উর্দু আকাডেমি আমরা তৈরি করেছি এবং এছাড়াও আরো কমিটি গঠন করেছি। এছাড়াও আমরা মনে করি যে, আমাদের যে অন্যান্য কাজ সংখ্যালঘুদের হবে, সেটা হচ্ছে, এই বছরে আমরা বিশেষ করে সংখ্যালঘু ডেভেলপমেন্টের যে কাজ আমরা প্রায় ১০ লক্ষ ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেব। ১০ লক্ষ ছাত্রছাত্রী জেনে রাখুন। সংখ্যালঘু ছাত্রছাত্রী যারা ভাইবোনেরা আছেন তারা স্কলারশিপ পাবেন। সংখ্যালঘু সম্প্রদায়ের ছাত্রছাত্রীদের জন্য ২০১১-১২ আর্থিক বছরে ১২২ কোটি টাকা খরচ করা হবে। এর মধ্যে রয়েছে স্কলারশিপ এবং ৮২ কোটি টাকা ঋণ। এছাড়াও ইন্দিরা আবাস যোজনায় অন্তর্গত ৩৭ হাজার বাড়ী, ৭ হাজার ২টি অঙ্গনওয়াড়ী কেন্দ্র, ৩৯টি উর্দু মাধ্যমিক স্কুল, ৬৫২৭ নলকূপ স্থাপন—এসব হবে। তাছাড়াও ৫০ হাজার ফ্ল্যাট তৈরি করবার জন্য আমরা একটা প্ল্যান অফ অ্যাকশানও তৈরি করছি। এছাড়াও আমরা মনে করি যে মাদ্রাসা শিক্ষকদের বেতনও শুরু হয়ে গেছে ১লা তারিখ থেকে। সরি স্যার জাস্ট ওয়ান, টু মিনিট্স। এছাড়াও আমরা মনে করি যে স্ব-নির্ভর প্রকল্পে আমরা ইতিমধ্যেই পাঁচ কোটি আঠারো লক্ষ টাকা দিয়েছি। আরো অনেক ছেলেমেয়েদের স্বনির্ভর প্রকল্পে চান্স দেব। আমরা চাই তারা নিজের পায়ে দাঁড়াক। এছাড়াও শিক্ষা ঋণ দেওয়া হয়েছে অনেককেই ইতিমধ্যে এবং প্রাথমিক থেকে পি.এইচ.ডি. স্তর পর্যন্ত স্কলারশিপ দেওয়া হয়েছে এক লক্ষ তিন হাজার ছয়শো চল্লিশ জন ছাত্রকে। এছাড়াও আরো অনেক প্রোগ্রাম আছে, টাইম টু টাইম আমরা করব। সংখ্যালঘুদের ব্যাপারে আমি মনে করি তারা চাকরিতে প্রাধান্য পাক। আমি মনে করি তারা সব ক্ষেত্রে প্রাধান্য পাক। পুলিশ থেকে শুরু করে সর্বত্র। মনে রাখবেন, 'একই বৃন্তে দুটি কুসুম হিন্দু মুসলমান, একজন তার নয়নমণি, আর একজন তার প্রাণ।' এই থিওরিতে আমরা বিশ্বাস করি। তাই আইন দেখে, সংবিধান মেনে সংখ্যালঘুদের জন্য সবকিছু প্রাধান্য দিয়ে কাজ করবার আমার ইচ্ছে আছে, আমাদের সরকারের ইচ্ছে আছে। আমরা শুধু টাইমমতো করে দেব এবং সেগুলো আমরা করব। আমাদের কাজ চলছে। সময় খুব কম। তাই আমি বলি তাদের সামাজিক নিরাপত্তা, তাদের ধর্মীয় নিরাপত্তা, তাদের প্রশাসনিক নিরাপত্তা, তাদের শিক্ষার জীবন, তাদের সামাজিক জীবন, তাদের কর্ম জীবন, তাদের উন্নয়ন এটা আমাদের দিশা। এখান থেকে আমরা সরছি না, আমরা সরব না। আগামীদিন মাইনরিটি এডুকেশান, অন্যান্য লিঙ্গুইস্টিক মাইনরিটিতে যাঁরা আছেন তাঁদের জন্য স্যার আমরা টোটাল টেক কেয়ার করব এবং টোটাল ভালোভাবে কাজ করব। আমি শেষ করার আগে কবি নজরুল ইসলামের একটা ছোট্ট লাইন বলি। নজরুল ইসলাম সবার উর্ধ্বে। এত ভালো কথা বলতেন, একটি কথা অনেক ভাষণের থেকে বড়। তিনি বলতেন, 'কোরাণ, পুরাণ, বেদ, বেদান্ত, বাইবেল, ত্রিপিটক, জেন্দ-আবেস্তা, গ্রন্থ সাহেব, পড়ে যাও যত সব।' তার মানে সব কিন্তু বুঝিয়ে দিলেন দুটো লাইনের মধ্য দিয়ে। তাই আমরা বলি, 'তোরা সব জয়ধ্বনি কর, ওই নূতনের কেতন ওড়ে কালবোশেখীর ঝড়, তোরা সব জয়ধ্বনি কর।' সংখ্যালঘু ভাইবোনেরা আগামীদিন আশার আলো, দিশার আলো দেখবেই। আমরা তাদের জন্য নতুন নতুন সবকিছু তৈরি করব। সবে তো একশোটা দিন, অপেক্ষা করুন। মাত্র ২-৩ বছর অপেক্ষা করুন, দেখতে পাবেন অনেক কিছু। একটু ওয়েট করুন। কালকে সবে ঈদ গেছে। রাজ্জাক সাহেব অনেক অনেক ঈদ মুবারক। ভালো থাকবেন এবং আমাদের সকলকে বলি অনেক অনেক পবিত্র ঈদ মোবারক। সকলকে ভালো রাখবেন,

ভালো থাকবেন, সুস্থ থাকবেন, দীর্ঘজীবী হবেন, আর অন্যায়ের বিরুদ্ধে লড়াই করবেন। আমি এটুকু বলে আপনাদের সকলকে ধন্যবাদ জানাই এবং এই বাজেটটাকে পাশ করার জন্য আমি অনুরোধ করছি।

MOTION

Mr. Speaker : The Motion of Dr. Amit Mitra that a sum of Rs. 958,80,36,000 be granted for expenditure under Demand No. 38, Major Heads : "2052-Secretariat-General Services, 2202-General Education, 2204-Sports and Youth Services, 2235-Social Security and Welfare, 2250-Other Social Services, 2251-Secretariat-Social Services, 2515-Other Rural Development Programmes, 4202-Capital Outlay on Education, Sports, Art and Culture, 4235-Capital Outlay on Social Security and Welfare and 4250-Capital Outlay on other Social Services' during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 319,60,10,000 and Rs. 159,79,97,000 already voted on account in March and June, 2011 respectively), was then put and agreed to.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার যখন আলোচনা হচ্ছে এমন হতে পারে যে, কোনো একটা বক্তব্য এক্সপাঞ্জ করার মতো, আপনি মনে করেন নিশ্চয় করবেন। মাননীয় সদস্যরা কেউ পয়েন্ট আউট করতে পারেন, তাদের সম্পূর্ণ অধিকার আছে। সিদ্ধান্ত নেওয়ার এক্তিয়ার আপনার। কিন্তু আপনি ট্রেজারি বেঞ্চের মেম্বারদের বলতে দিচ্ছেন যে এটা আপত্তিকর, এটা স্যাটারিক। আপনি বলছেন স্যাটার যেগুলো আছে বাদ যাবে। আমি আপনাকে ভালো করে দেখতে বলব, মাননীয় মুখ্যমন্ত্রী যা বলেছেন তার মধ্যে স্যাটায়ার আছে। সেগুলো বাদ যাবে। তার মধ্যে অসত্য কথা আছে। অসত্য কথা। উনি অসত্য হাউসে বলছেন, সহজপাঠ প্রত্যাহার করে নেওয়া হয়েছে। সহজপাঠ প্রত্যাহার করা হয়নি। আপনি বাদ দেবেন। ওর মধ্যে আনপার্লামেন্টারি ওয়ার্ড আছে। আনপার্লামেন্টারি ওয়ার্ড আছে। (noise).... সেগুলো আপনি এক্সপাঞ্জ করবেন।

মিঃ স্পীকার : লিডার অফ দ্য অপোজিশান বলেছেন, আমি শুনেছি। দেখুন আমি এখানে রয়েছি, I will look into the proceedings এবং আমি unedited প্রসিডিংসটা দেখব এবং যেটা আমার মনে হবে, যে শব্দগুলো আমার আনপার্লামেন্টারি মনে হবে, যে শব্দগুলো মনে হবে খুব sarcastically করা হয়েছে যেসব comments আমি কোনো পক্ষের হয়ে বলব না আমি নিশ্চয় সেগুলো লিপিবদ্ধ করব না এটা আশ্বস্ত করতে পারি আপনাদের। ধন্যবাদ।

[5.05-5.15 p.m.]

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, উনি কিছুদিন আগেও আমাদের মাননীয় অর্থমন্ত্রীকে বাংলা শেখাতে চেয়েছিলেন। তা আপনার বাংলায় স্যাটায়ারের মানেটা

যদি বলতেন তাহলে আমাদের বোধগম্য হত। আর মাননীয় মুখ্যমন্ত্রীর ভাষণে এই রকম আপত্তিকর কিছু নেই, তাই কিছু এক্সপাঞ্জ করা যাবে না।

(নয়েজ)

মিঃ স্পীকার : প্লিজ, আমাকে বলতে দিন। ডাঃ মিশ্র, আপনার স্পিরিট আমি বুঝতে পেরেছি, প্রতিশব্দ কি হবে, না হবে সেটা অন্য কথা। কিন্তু আপনি যা বলতে চেয়েছেন, that spirit I have got. I will act accordingly. পার্থবাবু also may be rest assured. আপনারা যারা বক্তব্য রেখেছেন তাদের মর্যাদা, সম্মান যেন বজায় থাকে আমি নিশ্চয় সেদিকে দৃষ্টি রাখব। There will be no further time. All other demands are put to guillotine.

(At this stage the Demands were put to guillotine)

DEMAND No. 1

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 60,19,79,000 be granted for expenditure under Demand No. 1, Major Heads: "2011-State Legislatures, 2059-Public Works and 4059-Capital Outlay on Public Works" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 20,06,59,000 and Rs. 10,03,28,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 3

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 6,63,37,000 be granted for expenditure under Demand No. 3, Major Head: "2013-Council of Ministers" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 2,21,12,000 and Rs. 1,10,56,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 4

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 52,98,95,000 be granted for expenditure under Demand No. 4, Major Heads: "2401-Crop Husbandry, 2408-Food, Storage and Warehousing, 2435-Other Agricultural Programmes, 3451-Secretariat-Economic Services, 4401-Capital Outlay on Crop Husbandry and 4435-Capital Outlay on Other Agriculture Programmes" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 17,66,34,000 and Rs. 8,82,95,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 8

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 281,41,27,000 be granted for expenditure under Demand No. 8, Major Heads : "2216-Housing, 2250-Other Social Services, 2401-Crop Husbandry, 2404-Dairy Development, 2425-Co-operation, 2515-Other Rural Development Programmes, 3451-Secretariat-Economic Services, 4216-Capital Outlay on Housing, 4250-Capital Outlay on Other Social Services, 4401-Capital Outlay on Crop Husbandry, 4425-Capital Outlay on Co-operation, 6250-Loans for Other Social Services and 6425-Loans for Co-operation" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 93,80,35,000 and Rs. 46,90,13,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 10

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 47,89,12,000 be granted for expenditure under Demand No. 10, Major Heads : "2052-Secretariat-General Services, 3456-Civil Supplies and 3475-Other General Economic Services" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 15,96,41,000 and Rs. 7,98,07,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 12

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 497,18,78,000 be granted for expenditure under Demand No. 12, Major Heads : "2401-Crop Husbandry, 2505-Rural Employment, 2575-Other Special Areas Programmes, 3451-Secretariat-Economic Services, 3454-Census, Surveys and Statistics, 4059-Capital Outlay on Public Works and 4575-Capital Outlay on Other Special Areas Programme" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 129,06,25,000 and Rs. 82,86,39,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 14

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 248,61,58,000 be granted for expenditure under Demand No. 14, Major Heads :

"2202-General Education, 2205-Art and Culture, 2235-Social Security and Welfare, 2251-Secretariat-Social Services, 2515-Other Rural Development Programmes, 3454-Census, Surveys and Statistics and 4202-Capital Outlay on Education, Sports, Art and Culture" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 82,87,29,000 and Rs. 41,43,42,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 17

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 109,18,61,000 be granted for expenditure under Demand No. 17, Major Heads: "2039-State Excise, 2052-Secretariat-General Services and 4059-Capital Outlay on Public Works" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 36,39,52,000 and Rs. 18,19,72,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 18

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 7648,71,20,000 be granted for expenditure under Demand No. 18, Major Heads: "2014-Administration of Justice, 2020-Collection of Taxes on Income and Expenditure, 2029-Land Revenue, 2030-Stamps and Registration, 2035-Collection of Other Taxes on Property and Capital Transactions, 2040-Taxes on Sales, Trades etc. 2045-Other Taxes and Duties on Commodities and Services, 2047-Other Fiscal Services, 2052-Secretariat-General Services, 2054-Treasury and Accounts Administration, 2058-Stationery and Printing, 2059-Public Works, 2070-Other Administrative Services, 2071-Pensions and Other Retirement Benefits, 2075-Miscellaneous General Services, 2235-Social Security and Welfare, 2250-Other Social Services, 3454-Census, Surveys and Statistics, 3475-Other General Economic Services, 4059-Capital Outlay on Public Works, 4216-Capital Outlay on Housing, 4885-Other Capital Outlay on Industries and Minerals, 5465-Investments in General Financial and Trading Institutions and 7610-Loans to Government Servants etc." during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 2549,57,22,000 and Rs. 1274,78,13,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 19

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 249,85,39,000 be granted for expenditure under Demand No. 19, Major Heads: "2052-Secretariat-General Services, 2059-Public Works, 2070-Other Administrative Services and 4070-Capital Outlay on Other Administrative Services" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 83,28,47,000 and Rs. 41,64,17,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 20

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 228,53,04,000 be granted for expenditure under Demand No. 20, Major Heads: "2235-Social Security and Welfare, 2401-Crop Husbandry, 2405-Fisheries, 2415-Agricultural Research and Education, 2515-Other Rural Development Programmes, 2551-Hill Areas, 3451-Secretariat-Economic Services, 4401-Capital Outlay on Crop Husbandry, 4405-Capital Outlay on Fisheries and 6405-Loans for Fisheries" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 76,17,84,000 and Rs. 38,08,63,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 22

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 118,30,97,000 be granted for expenditure under Demand No. 22, Major Heads: "2401-Crop Husbandry, 2408-Food, Storage and Warehousing, 2551-Hill Areas, 2852-Industries, 3451-Secretariat-Economic Services, 4401-Capital Outlay on Crop Husbandry, 4860-Capital Outlay on Consumer Industries and 6860-Loans for Consumer Industries" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 39,43,61,000 and Rs. 19,71,42,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 23

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 419,97,10,000 be granted for expenditure under Demand No. 23, Major Heads:

"2401-Crop Husbandry, 2402-Soil and Water Conservation, 2406-Forestry and Wild Life, 2415-Agricultural Research and Education, 2551-Hill Areas, 3451-Secretariat-Economic Services and 4406-Capital Outlay on Forestry and Wild Life" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 139,99,14,000 and Rs. 69,98,66,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 24

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 4055,20,40,000 be granted for expenditure under Demand No. 24, Major Heads : "2210-Medical and Public Health, 2211-Family Welfare, 2236-Nutrition, 2250-Other Social Services, 2251-Secretariat-Social Services, 2515-Other Rural Development Programmes, 2551-Hill Areas and 4210-Capital Outlay on Medical and Public Health" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 1308,73,84,000 and Rs. 675,85,08,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 26

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 358,63,49,000 be granted for expenditure under Demand No. 26, Major Heads : "2551-Hill Areas and 3451-Secretariat-Economic Services" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 119,54,49,000 and Rs. 59,77,22,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 27

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 3792,08,92,000 be granted for expenditure under Demand No. 27, Major Heads : "2015-Elections, 2052-Secretariat-General Services, 2055-Police, 2059-Public Works, 2070-Other Administrative Services, 2075-Miscellaneous General Services, 2235-Social Security and Welfare, 2250-Other Social Services, 2575-Other Special Areas Programmes, 3451-Secretariat-Economic Services, 3454-Census, Surveys and Statistics,

4055-Capital Outlay on Police, 4059-Capital Outlay on Public Works, 4216-Capital Outlay on Housing and 4575-Capital Outlay on Other Special Areas Programmes" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 1395,36,42,000 and Rs. 599,17,38,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 28

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 695,99,56,000 be granted for expenditure under Demand No. 28, Major Heads: "2216-Housing, 2217-Urban Development, 2251-Secretariat-Social Services, 2852-Industries, 4210-Capital Outlay on Medical and Public Health and 4216-Capital Outlay on Housing" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 231,99,89,000 and Rs. 115,99,76,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 30

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 156,99,15,000 be granted for expenditure under Demand No. 30, Major Heads: "2059-Public Works, 2202-General Education, 2205-Art and Culture, 2220-Information and Publicity, 2235-Social Security and Welfare, 2250-Other Social Services, 2251-Secretariat-Social Services, 2551-Hill Areas, 4059-Capital Outlay on Public Works, 4202-Capital Outlay on Education, Sports, Art and Culture, 4220-Capital Outlay on Information and Publicity 6220-Loans for Information and Publicity and 6875-Loans for Other Industries" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 52,33,01,000 and Rs. 26,16,19,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 33

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 172,02,33,000 be granted for expenditure under Demand No. 33, Major Heads: "2052-Secretariat-General Services, 2056-Jails, 2058-Stationery and Printing, 2059-Public Works, 4059-Capital Outlay on Public Works and 4216-Capital Outlay on Housing" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 57,34,22,000 and Rs. 28,66,74,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 34

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 411,11,89,000 be granted for expenditure under Demand No. 34, Major Heads : "2014-Administration of Justice, 2029-Land Revenue, 2052-Secretariat-General Services, 2059-Public Works, 2070-Other Administrative Services, 2216-Housing, 2235-Social Security and Welfare, 3454-Census, Surveys and Statistics, 4059-Capital Outlay on Public Works and 4216-Capital Outlay on Housing" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 137,04,18,000 and Rs. 68,51,57,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 36

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 1018,94,10,000 be granted for expenditure under Demand No. 36, Major Heads : "2029-Land Revenue, 2052-Secretariat-General Services, 2053-District Administration, 2059-Public Works, 2070-Other Administrative Services, 2216-Housing, 2250-Other Social Services, 2401-Crop Husbandry, 2402-Soil and Water Conservation, 2506-Land Reforms, 3604-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions, 4059-Capital Outlay on Public Works and 5475-Capital Outlay on Other General Economic Services" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 339,64,79,000 and Rs. 169,81,69,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 37

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 6,34,52,000 be granted for expenditure under Demand No. 37, Major Head : "2052-Secretariat-General Services" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 2,11,50,000 and Rs. 1,05,76,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 41

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 6,18,11,000 be granted for expenditure under Demand No. 41, Major Heads: "2052-Secretariat-General Services and 2070-Other Administrative Services" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 2,06,04,000 and Rs. 1,03,00,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 42

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 88,34,39,000 be granted for expenditure under Demand No. 42, Major Heads: "2052-Secretariat-General Services, 2070-Other Administrative Services, 4059-Capital Outlay on Public Works and 4216-Capital Outlay on Housing" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 29,44,75,000 and Rs. 14,72,31,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 46

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 75,67,11,000 be granted for expenditure under Demand No. 46, Major Heads: "2235-Social Security and Welfare, 2251-Secretariat-Social Services, 4235-Capital Outlay on Social Security and Welfare and 6235-Loans for Social Security and Welfare" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 25,22,41,000 and Rs. 12,61,07,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 47

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 769,94,62,000 be granted for expenditure under Demand No. 47, Major Heads: "2059-Public Works, 2235-Social Security and Welfare, 2245-Relief on account of Natural Calamities, 2251-Secretariat-Social Services and 4059-Capital Outlay on Public Works" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 256,64,89,000 and Rs. 128,32,37,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 48

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 15,58,08,000 be granted for expenditure under Demand No. 48, Major Heads: "3425-Other Scientific Research and 3451-Secretariat-Economic Services" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 5,19,35,000 and Rs. 2,59,70,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 49

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 133,49,98,000 be granted for expenditure under Demand No. 49, Major Heads: "2059-Public Works, 2204-Sports and Youth Services and 2251-Secretariat-Social Services" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 44,49,93,000 and Rs. 22,24,87,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 51

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 542,08,08,000 be granted for expenditure under Demand No. 51, Major Heads: "2203-Technical Education, 2230-Labour and Employment, 2251-Secretariat-Social Services, 4202-Capital Outlay on Education, Sports, Art and Cultural and 4250-Capital Outlay on Other Social Services" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 180,69,32,000 and Rs. 90,34,42,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 52

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 53,38,91,000 be granted for expenditure under Demand No. 52, Major Heads: "2250-Other Social Services, 2551-Hill Areas, 3451-Secretariat-Economic Services, 3452-Tourism and 5452-Capital Outlay on Tourism" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 17,79,63,000 and Rs. 8,89,79,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 53

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 1108,66,46,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads : "2041–Taxes on Vehicles, 2070–Other Administrative Services, 2235–Social Security and Welfare, 2250–Other Social Services, 2251–Secretariat–Social Services, 3051–Ports and Lighthouses, 3053–Civil Aviation, 3055–Road Transport, 3056–Inland Water Transport, 3075–Other Transport Services, 3451–Secretariat–Economic Services, 5053–Capital Outlay on Civil Aviation, 5055–Capital Outlay on Road Transport, 5056–Capital Outlay on Inland Water Transport, 5075–Capital Outlay on Other Transport Services, 7055–Loans for Road Transport, 7056–Loans for Inland Water Transport and 7075–Loans for Other Transport Services" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 336,22,16,000 and Rs. 184,77,46,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 57

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 13,87,19,000 be granted for expenditure under Demand No. 57, Major Heads : "2052–Secretariat–General Services, 3425–Other Scientific Research and 5425–Capital Outlay on Other Scientific Environmental Research" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 4,62,39,000 and Rs. 2,31,18,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 58

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 199,99,63,000 be granted for expenditure under Demand No. 58, Major Heads : "2052–Secretariat–General Services, 2575–Other Special Areas Programmes and 4575–Capital Outlay on Other Special Areas Programme" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 29,32,23,000 and Rs. 33,33,24,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 59

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 225,47,58,000 be granted for expenditure under Demand No. 59, Major Heads: "2052-Secretariat-General Services, 2204-Sports and Youth Services, 2435-Other Agricultural Programmes, 2515-Other Rural Development Programmes and 4435-Capital Outlay on Other Agriculture Programmes" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 75,15,89,000 and Rs. 37,57,90,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 60

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 292,18,81,000 be granted for expenditure under Demand No. 60, Major Heads: "2052-Secretariat-General Services, 2070-Other Administrative Services, 2235-Social Security and Welfare, 4070-Capital Outlay on Other Administrative Services and 4216-Capital Outlay on Housing" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 97,39,78,000 and Rs. 48,69,44,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

DEMAND No. 61

The motion of Dr. Amit Mitra that a sum of Rs. 1,97,85,000 be granted for expenditure under Demand No. 61, Major Head: "2052-Secretariat-General Services" during the year 2011-2012.

(This is inclusive of a total sum of Rs. 65,96,000 and Rs. 32,94,000 already voted on account in March and June, 2011 respectively.) was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5.50 p.m. till 11 a.m. on Friday, the 2nd September, 2011 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 2nd September, 2011 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 29 Ministers, 07 Ministers of State and 234 Members.

[11.00—11.10 a.m.]

Unstarred Questions
(To which answers were laid on the Table)

রেশনে ভর্তুকি

৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫) শ্রী তজমুল হোসেন : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রেশনে খাদ্যশস্য সরবরাহের ক্ষেত্রে রাজ্য সরকার কী ধরনের ভর্তুকি দিচ্ছে

এবং

(খ) মূল্যবৃদ্ধি রোধে রাজ্য সরকার কী কী পদক্ষেপ নিয়েছে/নিচ্ছে ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বি.পি.এল. এবং এ.এ.ওয়াই. রেশনকার্ডধারীদের মধ্যে গণবন্টন ব্যবস্থার মাধ্যমে প্রতি কিলো ২ টাকা দামের চাল বিলি করার জন্য রাজ্য সরকার যে পরিমাণ ভর্তুকি প্রতি মাসে বহন করে চলেছে তার পরিমাণ প্রায় ৫৬ (ছাপ্পান্ন) কোটি টাকা।

এছাড়াও পরিবহন খরচ বাবদ রাজ্য সরকারকে প্রতি মাসে প্রায় ১৫ (পনেরো) কোটি টাকা ভর্তুকি হিসাবে বহন করতে হয়।

(খ) দ্রব্যমূল্য বৃদ্ধি রোধে সরকার খাদ্য দপ্তরের মাধ্যমে বিভিন্ন সময়, সংশ্লিষ্ট পণ্যের সরবরাহ সুনিশ্চিত করার ব্যবস্থা করে থাকে এবং করছে। এরই অঙ্গ হিসাবে, রাজ্যের রেশন দোকানের মাধ্যমে বিভিন্ন নিত্য প্রয়োজনীয় সামগ্রী যেমন, সরিষার তেল, আস্ত মটরডাল, সাবান, ডিটারজেন্ট, এ.পি.এল. গ্রাহকদের জন্য চিনি প্রভৃতি পণ্য সরবরাহ করা হয়ে থাকে। আলুর বাজার দর যাতে সুনিয়ন্ত্রিত থাকে তার জন্য চাষীদের কাছ থেকে আলু কিনে তা কম দামে বিক্রির ব্যবস্থা করা হয়।

এছাড়া আরও কিছু Non-PD-item যেমন, বিস্কুট, খাতা, লবণ, হলুদ, দেশলাই ইত্যাদি পণ্য রাজ্যের রেশন দোকানের মাধ্যমে বিক্রির ব্যবস্থা করা হয়েছে।

নতুন বি.পি.এল. রেশন কার্ড

৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭) **শ্রী তজমুল হোসেন** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমান বি.পি.এল. তালিকা সংশোধনসাপেক্ষে নতুন রেশনকার্ড দেওয়ার ক্ষেত্রে সরকার কী ধরনের পদক্ষেপ নিয়েছে / নিচ্ছে ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : জঙ্গলমহলে তিনটি জেলা—পুরুলিয়া, বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুর—২৩টি ব্লকের জন্য বি.পি.এল. তালিকা সংশোধন করা হয়েছে। ওই সকল ব্লকে যে সকল পরিবারের বার্ষিক আয় ৩৬,০০০ টাকার নীচে এবং যে সকল আদিবাসী পরিবারের বার্ষিক আয় ৪২,০০০ টাকার নীচে তাদের বি.পি.এল. তালিকাভুক্ত করা হয়েছে।

আয়ের এই মাপকাঠিকে আয়লা বিধ্বস্ত এলাকা ও পার্বত্য এলাকায়—বি.পি.এল. তালিকা সংশোধন করার বিষয় এখন সরকারের বিবেচনাধীন আছে।

এছাড়া চাল ও চিনির মতো অতি অত্যাবশ্যকীয় ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির মূল্যবৃদ্ধি প্রশমনের জন্য নিম্নলিখিত কন্ট্রোল অর্ডারগুলি জারি আছে :

(১) W.B. Rice (Storage Control) Order, 2008.

(২) W.B. Sugar (Storage Control) Order, 2009.

ট্রান্সফরমার প্রতিস্থাপন

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৩) **শ্রী তজমুল হোসেন** : জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ক্ষুদ্রসেচ প্রকল্পের ট্রান্সফরমার পুড়ে গেলে / চুরি হলে তা প্রতিস্থাপনের কোনো ব্যবস্থা আছে কি ; এবং

(খ) মালদা জেলায় ১লা জানুয়ারি, ২০১০ থেকে ৩১শে জুলাই, ২০১১ পর্যন্ত এই রকম কতগুলি ট্রান্সফরমার প্রতিস্থাপিত হয়েছে ?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ক্ষুদ্রসেচ প্রকল্পের ট্রান্সফরমার পুড়ে গেলে, ভারপ্রাপ্ত চালক/সহ-চালক সংশ্লিষ্ট সহ-বাস্তুকার মহাশয়কে রিপোর্ট করেন এবং সহ-বাস্তুকার মহাশয় WBSEDCL কর্তৃপক্ষকে তাহা প্রতিস্থাপনের জন্য লিখিতভাবে অনুরোধ জানান। WBSEDCL কর্তৃপক্ষ উপযুক্ত অনুসন্ধানসাপেক্ষে ট্রান্সফরমারটি মেরামতি/ প্রতিস্থাপনের ব্যবস্থা করেন। ট্রান্সফরমার প্রথমবার চুরি গেলে, ভারপ্রাপ্ত চালক/সহ-চালক ব্লক ডেভেলপমেন্ট আধিকারিকের মাধ্যমে থানায় FIR করে সংশ্লিষ্ট সহ-বাস্তুকার মহাশয়কে রিপোর্ট করেন এবং সহ-বাস্তুকার মহাশয় WBSEDCL কর্তৃপক্ষকে লিখিতভাবে অনুরোধ জানালে উক্ত কর্তৃপক্ষ বকেয়া বিলের দেয় প্রমাণসাপেক্ষে ট্রান্সফরমারটি প্রতিস্থাপন করেন। ট্রান্সফরমার উপর্যুপরি চুরি গেলে, ভারপ্রাপ্ত চালক/সহ চালক ব্লক ডেভেলপমেন্ট

আধিকারিকের মাধ্যমে থানায় FIR করে সংশ্লিষ্ট সহ-বাস্তুকার মহাশয়কে রিপোর্ট করেন। সহ-বাস্তুকার মহাশয় অনুসন্ধানপূর্বক চাষী ভাইদের সঙ্গে আলোচনা করেন। চাষী ভাইরা, নতুন ট্রান্সফরমারটি রক্ষণাবেক্ষণের দায়িত্ব নিতে সম্পূর্ণভাবে রাজি থাকলে সহ-বাস্তুকার মহাশয় WBSEDCL কর্তৃপক্ষকে লিখিতভাবে ট্রান্সফরমারটি প্রতিস্থাপনের অনুরোধ জানান। উক্ত কর্তৃপক্ষের পাঠানো দরপত্র অনুযায়ী অর্থ জমা ও বকেয়া বিলের দেয় প্রমাণ সাপেক্ষে WBSEDCL কর্তৃপক্ষ ট্রান্সফরমারটি প্রতিস্থাপন করেন। এই ক্ষেত্রে ট্রান্সফরমার প্রতিস্থাপনে প্রায়শ প্রচুর বিলম্ব ঘটে।

(খ) মালদা জেলায় ১লা জানুয়ারি, ২০১০ থেকে ৩১শে জুলাই, ২০১১ পর্যন্ত আনুমানিক মোট ৬৬টি ট্রান্সফরমার প্রতিস্থাপিত হয়েছে। তন্মধ্যে

(১)	WBSMIC LTD.	—	৫টি
(২)	মালদা কৃষি-যান্ত্রিক (১)	—	৯টি
(৩)	মালদা কৃষি-যান্ত্রিক (২)	—	১২টি
(৪)	মালদা কৃষি-সেচ	—	৪০টি
	মোট	—	৬৬টি

হরিশ্চন্দ্রপুর-লাভা রাস্তা নির্মাণ

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৪) শ্রী তজমুল হোসেন : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মালদহ জেলার হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত হরিশ্চন্দ্রপুর থেকে বিহারের লাভা পর্যন্ত রাস্তা নির্মাণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : মালদহের গাজোল থেকে বিহারের লাভায় অবস্থিত বেওয়া সেতু অবধি ৬০,৪২৯ কি.মি. রাস্তা আপাতত জাতীয় সড়ক-৮১, পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের অধীনে আছে। এই রাস্তার ৪৮,৫৭ কি.মি. থেকে ৬০,৪২৯ কি.মি. অর্থাৎ শেষের প্রায় ১১ কি.মি. রাস্তা মিসিং লিঙ্ক অবস্থায় আছে, এই মিসিং লিঙ্ক অংশের জন্য কোনো প্রকল্প তৈরি করে পাঠানো হয়নি। কিন্তু, প্রথম ৪৮,৫৭ কি.মি. রাস্তা নির্মাণের জন্য প্রকল্প তৈরি করে মন্ত্রকে পাঠানো হয়েছে।

দারিদ্র্য দূরীকরণে গৃহীত কর্মসূচি

৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৫) শ্রী তজমুল হোসেন : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে মার্চ ২০১১-এর হিসাব অনুসারে রাজ্যে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী মানুষের সংখ্যা কত ছিল ; এবং

(খ) দারিদ্র্য দূরীকরণের জন্য সরকার কী কী কর্মসূচি গ্রহণ করেছে / করছে ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩,০৬,৬৯,৩৬৪ (তিন কোটি ছয় লক্ষ উনসত্তর হাজার তিনশত চৌষট্টি) জন।

(খ) কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সাহায্যপ্রাপ্ত ও পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের তত্ত্বাবধানে ত্রিস্তর পঞ্চায়েতের দ্বারা রূপায়িত প্রধান প্রধান কর্মসূচি হল :

(১) মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্ম নিশ্চয়তা কর্মসূচি

(২) ইন্দিরা গান্ধী জাতীয় বার্ধক্য ভাতা প্রকল্প

(৩) ইন্দিরা গান্ধী জাতীয় বিধবা ভাতা প্রকল্প

(৪) ইন্দিরা গান্ধী জাতীয় প্রতিবন্ধী ভাতা প্রকল্প

(৫) জাতীয় পরিবার সহায়তা প্রকল্প

(৬) ভূমিহীন কৃষিশ্রমিকদের জন্য ভবিষ্যনিধি প্রকল্প (প্রফলাল)

(৭) আম আদমি বিমা যোজনা

(৮) ইন্দিরা আবাস যোজনা

(৯) সহায়

(১০) স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা (SGSY)

(১১) সার্বিক স্বাস্থ্যবিধান (TSC)

(১২) পিছিয়ে পড়া গ্রামগুলির উন্নয়ন (Development initiatives for identified backward villages) নামে কর্মসূচি

(১৩) রাষ্ট্রীয় সম বিকাশ যোজনা

(১৪) পশ্চাৎপদ এলাকা উন্নয়ন তহবিল (BRGF) নামে কর্মসূচি (রাষ্ট্রীয় সম বিকাশ যোজনা কর্মসূচিটির পরিবর্তিত নাম)

(১৫) তৃতীয় রাজ্য অর্থ কমিশন তহবিল নামে কর্মসূচি

(১৬) ত্রয়োদশ কেন্দ্রীয় অর্থ কমিশন তহবিল নামে কর্মসূচি

(১৭) পশ্চিমবঙ্গ সামগ্রিক অঞ্চল উন্নয়ন পর্ষদের বিভিন্ন কর্মসূচি

প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় রাস্তা নির্মাণ

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ২৯) **শ্রী তজমুল হোসেন :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জানুয়ারি, ২০১০ থেকে ৩১শে জুলাই, ২০১১ পর্যন্ত প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় কত কিলোমিটার রাস্তা নির্মাণ করা হয়েছে ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২৪৮৬.৪৮ কিলোমিটার।

মহিলা স্বনির্ভর গোষ্ঠী

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪) শ্রী তজমুল হোসেন : স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সরকার স্বনির্ভর গোষ্ঠীর মাধ্যমে গ্রামাঞ্চলের মহিলাদের স্ব-নির্ভরতার লক্ষ্যে কোন কোন ধরনের প্রকল্প গ্রহণের কথা বিবেচনা করছে / করবে ?

স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা (এস.জি.এস.ওয়াই) প্রকল্পে দরিদ্র পরিবারগুলি থেকে মহিলা সদস্যদের নিয়ে তাদের প্রশিক্ষণ ও আর্থিক সহায়তা দেওয়া হয়। এই প্রকল্পটি কেন্দ্রীয় ও রাজ্য সরকারের উদ্যোগে ১৯৯৯ সালের ১লা এপ্রিল থেকে বলবৎ রয়েছে। গোষ্ঠী গঠনের পর ছয়মাস অতিক্রান্ত হলে প্রথম মূল্যায়নের পর্ব ব্যাঙ্কের মাধ্যমে আবর্তনীয় তহবিল ও ক্যাশ ক্রেডিটের সহায়তা প্রদান—যা থেকে তারা আয় বৃদ্ধির জন্য বিভিন্ন উপায় যথা কৃষি, প্রাণীপালন, ক্ষুদ্র ব্যবসা ইত্যাদি কাজে নিজেদের নিয়োজিত করতে পারে। আবর্তনীয় তহবিল পাওয়ার ছয়মাস পরে দ্বিতীয় মূল্যায়ন হলে প্রকল্প ভিত্তিক অনুদান ও ব্যাঙ্ক ঋণের সহায়তা দেওয়া হয়। স্বনির্ভর গোষ্ঠীগুলি যে সমস্ত অর্থনৈতিক প্রকল্প গ্রহণ করেছে তা হল কৃষি কাজ, সবজি চাষ, ফল ও ফুলের চাষ, মাশরুম উৎপাদন, হাঁস-মুরগি, ছাগল পালন, বাঁশ ও বেতের কাজ, মাটির তৈরি নানারকম শৌখিন দ্রব্যাদি, গামছা, লুঙ্গি, চিকন ও এমব্রয়ডারি করা, উলের নানারকম পোশাক, আচার, বড়ি, পাপড় সহ নানারকম মুখরোচক খাবার, নানারকম খুচরা ব্যবসা ইত্যাদি। এই উৎপাদিত দ্রব্যসামগ্রী বিপণনের জন্য মেলায় অংশগ্রহণের ব্যবস্থা করা হয়।

জেলাস্তরের বরাদ্দকৃত অর্থের ২০% অর্থ উৎপাদন, বিপণন-এর মান উন্নয়নের জন্য খরচ করা হয়। বর্তমানে স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা প্রকল্পটিকে পুনর্গঠিত করে জাতীয় গ্রামীণ জীবিকা মিশন গঠন করা হয়েছে। এর অধীনে রাজ্য পর্যায়ে গঠিত রাজ্য মিশন স্বনির্ভর গোষ্ঠী গঠন ও তাদের উন্নয়নের কাজগুলি রূপায়িত করবে।

স্বনির্ভর গোষ্ঠীগুলিকে প্রশিক্ষণ এবং তাদের তৈরি দ্রব্যগুলির বিপণনের জন্য জেলার গুরুত্বপূর্ণ স্থানে এবং সদর শহরে বিভাগ প্রশিক্ষণ তথা বিপণন কেন্দ্র গড়ে তুলবার পরিকল্পনা গ্রহণ করেছে। এই উদ্দেশ্যে বিভাগ আর.আই.ডি.এফ. প্রকল্পে ১১টি প্রকল্প নির্মাণের কাজ শুরু করে দিয়েছে। এর মধ্যে চারটি প্রায় সমাপ্তির পথে।

বিভাগীয় বাজেট থেকে দুর্গাপুর সিটি সেন্টারে একটি স্বনির্ভর গোষ্ঠীর তৈরি পণ্যের বিপণনের জন্য শোরুম নির্মাণের কাজ চলছে যার প্রকল্প মূল্য ১৩২.৩৫ লক্ষ টাকা। দুর্গাপুরের ফুলঝোরে একটি প্রশিক্ষণ ও বিপণন কেন্দ্র নির্মাণের কাজ চলছে যার প্রকল্প মূল্য ৭১২.৪২ লক্ষ টাকা। হিডকোর তত্ত্বাবধানে রাজারহাট নিউটাউনে একটি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের কাজ চলছে যার প্রকল্প মূল্য ৫০৬.২৩ লক্ষ টাকা।

এই বিভাগের অধীনে "পশ্চিমবঙ্গ স্বনির্ভর সহায়ক প্রকল্প" নামে একটি প্রকল্প চালু আছে। স্বনির্ভর গোষ্ঠীগুলির উপকারের জন্য এটি একটি সুদ-ভর্তুকি প্রকল্প। ওই প্রকল্পের লক্ষ্য হচ্ছে ব্যাঙ্ক থেকে গৃহীত ঋণের উপর অধিক সুদের বোঝা লাঘব করা।

প্রকল্প অনুযায়ী স্বনির্ভর গোষ্ঠীগুলি ব্যাঙ্ক থেকে গৃহীত ঋণের উপর ৪% হিসাবে ব্যাঙ্ক সুদ পরিশোধ করবে এবং অবশিষ্ট সুদ সরকার ব্যাঙ্কে জমা দেবে। রাজ্য সরকারের তরফ থেকে সর্বোচ্চ ৭% সুদ হিসাবে ভর্তুকি পুনর্ভরণ করা হয়ে থাকে। বছরে ২ বার সুদ ভর্তুকি দেওয়া হয়।

এছাড়া রাষ্ট্রীয় কৃষি ও গ্রামীণ বিকাশ ব্যাঙ্ক-এর অধীনে ৫৭৬৮৫০টি স্বনির্ভর গোষ্ঠী এবং ৫৯৬৫৪৮৩ জন সদস্য আছে। এদের মধ্যে সেচ ও পশুপালন ক্ষেত্রে ৩৮% নিযুক্ত। ২০১১-১২ সালে আরও ১,৫০,০০০ স্বনির্ভর গোষ্ঠী গড়ে তোলার লক্ষ্য ধার্য করা হয়েছে। এদের মধ্যে মহিলা স্বনির্ভর গোষ্ঠীগুলিকে গুরুত্ব দেওয়া হচ্ছে। আরও ভারতীয় লঘু উদ্যোগ বিকাশ ব্যাঙ্কের অন্তর্গত বিভিন্ন মাইক্রো ফিনান্স ইনস্টিটিউশান কর্তৃক গঠিত ও পুষ্ট স্বনির্ভর দলগুলিকে আর্থিক ঋণ দেওয়া হয়েছে। WBSSP প্রকল্পে সুদ ভর্তুকি বাবদ সরকার এ যাবৎ মোট ৫.৪৪ কোটি টাকা খরচ করেছে।

চাষীদের জন্য উন্নয়নমূলক পরিকল্পনা

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮) শ্রী তজমুল হোসেন : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের আলু চাষি, পাট চাষি ও ধান চাষিদের স্বার্থ রক্ষার্থে সরকার কী কী উন্নয়নমূলক পরিকল্পনা গ্রহণ করছে ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : পাট চাষিদের জন্য উন্নয়নমূলক পরিকল্পনা—

- ✓ ভর্তুকিতে বীজ বিতরণ
- ✓ পাট বীজের মিনিকিট বিতরণ
- ✓ পাটের প্রদর্শন ক্ষেত্র
- ✓ পাট পচানোর জন্য ভর্তুকিতে কাঁচা ও পাকা গর্ত তৈরি
- ✓ পাটের উৎপাদন বৃদ্ধির জন্য ইউরিয়া বিতরণ
- ✓ বিভিন্ন রকম কৃষি যন্ত্রপাতি ভর্তুকিতে বিতরণ
- ✓ উন্নত প্রযুক্তি শেখানোর জন্য কৃষক প্রশিক্ষণ শিবির ইত্যাদি।

- ধান চাষীদের জন্য উন্নয়নমূলক পরিকল্পনা—
  - ✓ ভর্তুকিতে বীজ বিতরণ
  - ✓ ধান বীজের মিনিকিট বিতরণ (উচ্চফলনশীল ও শঙ্কর জাতের)
  - ✓ বিভিন্ন রকম কৃষি যন্ত্রপাতি ভর্তুকিতে বিতরণ (পাম্প সেট, রোটোভেটর, স্প্রে মেশিন, কোনোউইডার, জিরো টিল সিড ড্রিল ইত্যাদি)
  - ✓ ধানের প্রদর্শন ক্ষেত্র (শ্রী / উন্নত চাষ পদ্ধতি)
  - ✓ ভর্তুকিতে অনুখাদ্য ও অম্ল জমিতে চুন প্রয়োগ
  - ✓ উন্নত প্রযুক্তি শেখানোর জন্য কৃষক প্রশিক্ষণ শিবির
  - ✓ দ্বিতীয় সবুজ বিপ্লবের আওতায় ৪৬০০০ হেক্টর জমিতে ধানের প্রদর্শন ক্ষেত্র স্থাপন ইত্যাদি।

- আলু চাষীদের জন্য উন্নয়নমূলক পরিকল্পনা—
  - ✓ সময়মতো সুষম রাসায়নিক সার জোগানের নিশ্চিতকরণ
  - ✓ সরকারি কৃষি খামারে শংসিত বীজ উৎপাদন ও কৃষকদের নিকট ন্যায্য মূল্যে বিক্রয়ের ব্যবস্থা ইত্যাদি।

বি.পি.এল. কার্ড বণ্টন

৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩) **শ্রী তজমুল হোসেন** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ২০১১ তারিখ সাপেক্ষে রাজ্যের কত সংখ্যক মানুষের কাছে বি.পি.এল. কার্ড বিলি করা সম্ভব হয়েছে ; এবং

(খ) দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী অবশিষ্ট মানুষদের কবে নাগাদ উক্ত কার্ড বণ্টন করা সম্ভব হবে বলে আশা করা যায় ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ১লা জানুয়ারি, ২০১১ তারিখ সাপেক্ষে বিলি করা বি.পি.এল. কার্ডের সংখ্যা—১,৭৯,০২,৫৪৫টি।

(খ) গ্রাম ও শহরে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী মানুষের চিহ্নিতকরণ করে থাকে যথাক্রমে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর ও শহরোন্নয়ন দপ্তর। চিহ্নিতকরণ হয়ে গেলেই কার্ড বণ্টন করা হয়। দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী মানুষের কোনো তালিকা এখনও পাওয়া যায়নি। কাজেই কবে নাগাদ এটি সম্ভব হবে তা বলা যাচ্ছে না।

রাজ্যে রেশম চাষ

৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩) **শ্রী তজমুল হোসেন** : ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মোট কত পরিমাণ জমিতে রেশম চাষ করা হয় ; এবং

(খ) রেশম চাষের সঙ্গে যুক্ত মানুষের সংখ্যা কত ?

ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বর্তমানে রাজ্যে মোট ৩২,৬৪৪ একর জমিতে তুঁতজাত রেশম চাষ করা হয়। তসর চাষ করা হয় ১৫,৩২৫ একর জমিতে। এন্ডি চাষ হয় ১,৩৬৬ একর আর মুগা চাষ হয় ১,৩১০ একর জমিতে।

(খ) রেশম শিল্পের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে জড়িত মোট মানুষের সংখ্যা ২,৯৭,১৫৪।

কারিগরি শিক্ষার সার্বিক বিকাশ

৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪) **শ্রী তজমুল হোসেন** : কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে কারিগরি শিক্ষার সার্বিক বিকাশের জন্য সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে ?

কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (১) নতুন ১৫টি পলিটেকনিক ও ১৬টি আই.টি.আই. স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে।

(২) ২০১১-১২ শিক্ষাবর্ষ পর্যন্ত ৩৫১২টি ভি.টি.সি.-এর অনুমোদন দেওয়া হয়েছে।

(৩) সমস্ত ভি.টি.সি.গুলির একটি তথ্যভাণ্ডার তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে।

(৪) ১০০% নিযুক্তিনির্ভর স্কিল ডেভেলপমেন্ট সেন্টার স্থাপন করার উদ্যোগ নেওয়া হয়েছে।

(৫) বিভিন্ন খ্যাতিসম্পন্ন সংস্থা যথা ক্যাপসি, সিমেন্স, গ্লোবসিন, আই.এল.এফ.এস. ইত্যাদির সঙ্গে যৌথ উদ্যোগে বৃত্তিমূলক প্রশিক্ষণে প্রশিক্ষিত যুব সমাজের সুনিশ্চিত কর্মসংস্থানের ব্যবস্থা করার কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

(৬) কেন্দ্রীয় সরকারের বস্ত্র মন্ত্রকের উদ্যোগে উন্নত গবেষণাগারের সহায়তা নিয়ে ২০টি কেন্দ্রে উন্নতমানের পোশাক প্রস্তুতকরণ এবং যান্ত্রিক এমব্রয়ডারি কোর্সের প্রশিক্ষণ শুরু হয়েছে।

(৭) ২০টি নোডাল সেন্টারের মাধ্যমে ভি টি সি-গুলির পরিদর্শন, প্রয়োজনীয় তথ্য আদান-প্রদান, ইত্যাদি কর্মকাণ্ড পরিচালিত হচ্ছে।

(৮) গোষ্ঠী উন্নয়ন প্রকল্পের উপর গুরুত্ব আরোপ করে সি ডি টি পি পরিকল্পনা বাস্তবায়িত করার জন্য ঝাড়গ্রামের আই সি ভি পলিটেকনিক, বিষ্ণুপুরের কে জি ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট, পুরুলিয়া পলিটেকনিক প্রভৃতির মাধ্যমে এল ডব্লিউ ই উপদ্রুত এলাকার এবং শিলিগুড়ি পলিটেকনিক ও দার্জিলিং পলিটেকনিকের মাধ্যমে পার্বত্য এলাকার পিছিয়ে-পড়া মানুষদের দক্ষতা বৃদ্ধি করে চাকরির উপযুক্ত করার চেষ্টা চলছে।

(৯) ভারত সরকারের 'এল ডব্লিউ ই উপদ্রুত ৩৪টি জেলার যুবকদের দক্ষতা বৃদ্ধি' প্রকল্পের অধীনে পশ্চিম মেদিনীপুর জেলায় ভারত সরকারের অনুদানে ১টি আই টি আই ও ২টি এস ডি সি স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং আই টি আই মেদিনীপুর, হিজলি, ঝাড়গ্রাম, এ টি আই দাশনগর ও আই টি সি সেবায়তনে যুবকদের প্রশিক্ষণ শুরু হয়েছে।

(১০) কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায় ২০টি মহিলা হোস্টেল তৈরি হচ্ছে।

(১১) কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায় আই টি আই এবং পলিটেকনিকগুলির উন্নয়ন চলছে।

(১২) শিক্ষক / প্রশিক্ষক / অন্যান্য স্টাফদের নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা হয়েছে।

(১৩) ট্রেনিং ও প্লেসমেন্ট সেলকে আরো শক্তিশালী করা হচ্ছে।

(১৪) পি এস সি-এর মাধ্যমে শূন্যপদ পূরণের চেষ্টা চলছে।

(১৫) নিকটতম প্রতিষ্ঠানগুলির সম্পদ ও পরিকাঠামো আদান-প্রদানের মাধ্যমে প্রশিক্ষণের উৎকর্ষতা বৃদ্ধির চেষ্টা চলছে।

(১৬) 'স্কিল ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ' প্রকল্পে ২২১টি ভি টি পি-এর মাধ্যমে এখনও পর্যন্ত প্রায় ৫০,০০০ জনকে স্বল্পমেয়াদি প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

(১৭) আর আই ডি এফ-এর অধীনে ১৩টি আই টি আই-তে পরিকাঠামো উন্নয়ন চলছে। আরো ৬টি আই টি আই-তে এর কাজ শীঘ্রই শুরু হবে।

(১৮) এম এস ডি পি-এর আওতায় ৫টি আই টি আই স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে।

নতুন রেশন কার্ড

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮) **শ্রী তজমুল হোসেন** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নতুন রেশনকার্ড দেওয়ার পরিকল্পনাটি বর্তমানে কোন পর্যায়ে আছে ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : অদূর ভবিষ্যতে পশ্চিমবঙ্গ রাজ্যবাসীর প্রত্যেককে ফটো ও বারকোড সংবলিত রেশন কার্ড দেওয়ার পরিকল্পনা আছে। এ ব্যাপারে বিভিন্ন সংশ্লিষ্ট দপ্তর যথা—তথ্যপ্রযুক্তি, গ্রামোন্নয়ন, শহরোন্নয়ন প্রভৃতি দপ্তরের সঙ্গে আলোচনা চলছে। WIPRO-যে এ ব্যাপারে DPR জমা দিয়েছে তাতে PHOTO রেশন কার্ড দেওয়া এমনকি অর্থের সংস্থান যদি করা যায় তবে MULTI PURPOSE 'SMART CARD' দেওয়ার ব্যবস্থাও করা যাবে।

নতুন শিক্ষা পদ্ধতি

৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭) **শ্রী নর্মদা চন্দ্র রায়** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পঞ্চম শ্রেণি থেকে নবম শ্রেণি পর্যন্ত ইউনিট টেস্ট ও অষ্টম শ্রেণি পর্যন্ত পাশ-ফেল প্রথা তুলে দিয়ে নতুন শিক্ষা পদ্ধতি চালু করার বিষয়ে রাজ্য সরকার পরিকল্পনা গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, নতুন শিক্ষাপদ্ধতির রূপরেখা কীরূপ ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) শিশুদের শিক্ষার অধিকার আইন, ২০০৯ অনুসারে প্রথম শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত কোনো ছাত্রছাত্রীকে একই শ্রেণিতে এক বছরের বেশি রাখা যায় না। রাজ্য সরকার এই আইনটিকে অনুসরণ করছেন।

(খ) বর্তমানে উক্ত কেন্দ্রীয় আইন অষ্টম শ্রেণি পর্যন্ত বলবৎ করা হয়েছে। নবম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত এখনও পাশ-ফেল প্রথা চালু আছে। ইউনিট টেস্ট ব্যাপার নিয়ে রাজ্য সরকার বিশেষজ্ঞ কমিটির সুপারিশের অপেক্ষায় আছে।

ভুয়ো রেশন কার্ড

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৮) **শ্রী অসিত মিত্র** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জানুয়ারি, ২০১০ থেকে ৩০শে জুন, ২০১১ পর্যন্ত মোট কতগুলি ভুয়ো রেশনকার্ড বাজেয়াপ্ত করা হয়েছে (জেলাওয়ারি হিসাব সহ) ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ১লা জানুয়ারি, ২০১০ থেকে ৩০শে জুন, ২০১১ পর্যন্ত বাতিল করা হয়েছে যে সকল কার্ড সেগুলির মধ্যে সবগুলি ভুয়ো রেশনকার্ড নহে। এর মধ্যে আছে অপ্রাপ্ত থেকে প্রাপ্তে পরিবর্তন, স্থান পরিবর্তন, জীর্ণ কার্ড থেকে নতুন কার্ড, কার্ডধারীদের মৃত্যুজনিত কারণে বাতিল কিছু ভুয়ো কার্ড। সমগ্র বাতিল রেশন কার্ডের মধ্যে ভুয়ো রেশন কার্ডের সংখ্যা দশ শতাংশের কাছাকাছি।

(এই সম্পর্কিত তালিকা নীচে দেওয়া হল)

District-wise Ration Card cancelled in M.R. areas in West Bengal from January, 2010 to June, 2010

District	APL	BPL	AAY	Total
Malda	13122	556	41	13719
Uttar Dinajpur	70429	3048	2965	76442
Dakshin Dinajpur	56230	5207	2610	64047
Coochbehar	13703	1057	154	14914
Jalpaiguri	62856	8080	495	71431
Darjeeling	130694	4455	4539	139688
Burdwan	122414	14556	3452	140422
Birbhum	67762	693	300	68755
Bankura	73132	5532	4014	82678
Purulia	69595	8025	3352	80972
Purba Medinipur	141049	393	247	69721
Paschim Medinipur	68464	1010	247	69721
Hooghly	108982	10981	4972	124935
Howrah	62607	1322	378	182801
North 24-Parganas	150603	10566	2725	163894
South 24-Parganas	202590	12916	1534	217040
Nadia	61131	6614	7242	74987
Murshidabad	119929	3964	2196	126089
Kolkata	185196	8566	910	194672
Employees Co-operative Shops	5588	0	0	5588
Total	**17,86,076**	**1,13,546**	**42,373**	**20,54,484**

ডানলপ কারখানা

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৭) শ্রী অসিত মজুমদার : শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ডানলপ কারখানা পূর্ণাঙ্গভাবে চালু করবার জন্য কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে / হচ্ছে ?

শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ডানলপ কারখানাটি বর্তমানে চালু অবস্থায় আছে। কিন্তু আর্থিক দুর্বলতার কারণে উৎপাদন বন্ধ আছে।

প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির বার্ষিক হার

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৩) শ্রী মনোরঞ্জন পাত্র : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে সর্বশেষ তথ্য অনুযায়ী বিদ্যালয়ে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীর বার্ষিক হার কত ; এবং

(খ) সর্বশেষ তথ্য অনুযায়ী বিগত পাঁচ বছরে এ-রাজ্যে প্রাথমিক স্তরের ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়-ছুটের সংখ্যা কতটা হ্রাস পেয়েছে ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে সর্বশেষ তথ্য অনুযায়ী বিদ্যালয়ে ভর্তি হওয়া ছাত্রছাত্রীর বার্ষিক হার ৯৮.৯৬ শতাংশ।

(খ) সর্বশেষ তথ্য অনুযায়ী বিগত পাঁচ বছরে (২০০৬-২০১১ সাল পর্যন্ত) এ রাজ্যে প্রাথমিক স্তরের ছাত্রছাত্রীদের বিদ্যালয় ছুটের সংখ্যা ২,৫৭,৭১৫ জন (২০০৬ সালে ৬,৫৫,৯০১ জন—২০১০ সালে ৩,৯৮,১৮৬ জন) হ্রাস পেয়েছে অর্থাৎ ৩৯.২৯ শতাংশ হ্রাস পেয়েছে। (জেলাওয়ারি তথ্য নীচে দেওয়া হল)।

Dropout %age

District	Primary			Upper Primary			Elementary		
	2006	2010*	%age	2006	2010*	%age	2006	2010*	%age
Bankura	16609	13189	20.59	27475	19099	30.49	44084	32288	26.76
Bardhaman	35706	17743	50.31	50964	16834	66.97	86670	34577	60.10
Birbhum	26286	18182	30.83	15815	16714	-5.68	42101	34896	17.11
Dakshin Dinajpur	20050	13143	34.45	8895	6459	27.39	28945	19602	32.28
Darjiling	30296	82645	-172.79	7343	2519	65.70	37639	49043	-30.30
Howrah	15310	10556	31.05	23908	17367	27.36	39218	27923	28.80
Hooghly	51374	-295	100.57	79118	13706	82.68	130492	13411	89.72
Jalpaiguri	42495	9235	78.27	18821	6316	66.44	61316	15551	74.64
Cooch Behar	10649	-8075	175.83	24528	8349	65.96	35177	274	99.22
Kolkata	11627	4633	60.15	10604	3007	71.64	22231	7640	65.63

District	Primary			Upper Primary			Elementary		
	2006	2010*	%age	2006	2010*	%age	2006	2010*	%age
Malda	62569	32542	47.99	20069	19814	1.27	82638	52356	36.64
Murshidabad	43429	49620	-14.26	40122	37703	6.03	83551	87323	-4.51
Nadia	37898	12156	67.92	23322	15828	32.13	61220	27984	54.29
North 24-Parganas	26257	8049	69.35	31349	28607	8.75	57606	36656	36.37
Paschim Medinipur	27151	42966	-58.25	39317	28644	27.15	66468	71610	-7.74
Purba Medinipur	33022	20885	36.75	44329	22471	49.31	77351	43356	43.95
Purulia	28979	1208	95.83	18406	5576	69.71	47385	6784	85.60
Siliguri	8214	-46	100.56	9282	4047	56.40	17496	4001	77.13
South 24-Parganas	52065	21643	58.43	48280	39582	18.02	100345	61225	38.99
Uttar Dinajpur	75915	48207	36.50	11700	13586	-16.12	87615	61793	20.47
State average	655901	398186	39.29	553647	326228	41.08	1209548	688293	43.10

স্পোর্টস কমপ্লেক্স

৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯) **শ্রী আনিসুর রহমান** : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ক'টি মহকুমাতে স্পোর্টস কমপ্লেক্স বা স্টেডিয়াম আছে ;

(খ) অন্যান্য মহকুমাগুলিতে এই ধরনের পরিকাঠামো গঠনের পরিকল্পনা আছে কি না ; এবং

(গ) থাকলে, তার রূপরেখা কীরূপ ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যের ৩২টি মহকুমা ও কলকাতায় মোট ৪৯টি স্পোর্টস কমপ্লেক্স/স্টেডিয়াম/মিনি ইন্ডোর স্টেডিয়াম আছে বা নির্মীয়মাণ অবস্থায় আছে।

(খ) অবশ্যই, অন্যান্য বাকি মহকুমাগুলিতে এই ধরনের পরিকাঠামো গঠনের পরিকল্পনা আছে।

(গ) যে সকল মহকুমায় এই ধরনের পরিকাঠামো নেই তার মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলাতে স্পোর্টস কমপ্লেক্স/স্টেডিয়াম/মিনি ইন্ডোর স্টেডিয়াম প্রভৃতি নির্মাণের উদ্দেশ্যে উপযুক্ত জমি নির্ধারণের জন্য এবং স্কিম পাঠানোর জন্য সংশ্লিষ্ট জেলাশাসকদের অনুরোধ করা হয়েছে।

কিষাণ ভবন নির্মাণ

৫২। (অনুমোদিত প্রশ্ন নং ২০০) **শ্রী আনিসুর রহমান** : প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, প্রাণী সম্পদ বিকাশ বিভাগ ও পশ্চিমবঙ্গ মিল্ক ফেডারেশনের উদ্যোগে কিষাণ ভবন নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ এটি চালু হবে বলে আশা করা যায় ?

প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) আগামী নভেম্বর, ২০১১-এর প্রথম সপ্তাহ নাগাদ এটি চালু করা যাবে বলে আশা করা যায়।

ওভারব্রিজ নির্মাণ

৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭) **শ্রী আনিসুর রহমান :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুর শহরে রেল লাইনের উপর ওভারব্রিজ নির্মাণের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(খ) কবে নাগাদ উক্ত ব্রিজের নির্মাণকাজ সম্পূর্ণ হবে বলে আশা করা যায় ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) উক্ত প্রকল্পটি একেবারেই প্রাথমিক পর্যায়ে সরকারি অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

(খ) আপাতত এই প্রশ্ন ওঠে না।

শিক্ষক-শিক্ষিকাদের বেতন কাঠামো

৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ২১৬) **শ্রী আনিসুর রহমান :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের পঞ্চায়েত পরিচালিত শিশু শিক্ষাকেন্দ্র ও মাধ্যমিক শিক্ষাকেন্দ্রের শিক্ষক-শিক্ষিকাদের প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাদের সম মর্যাদা ও সমান বেতন দেওয়ার পরিকল্পনা সরকারের আছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বর্তমানে এমন কোনো পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

নতুন থানা

৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ২২২) **শ্রী এস. এম. সাদি :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি কলকাতা পুলিশ ও রাজ্য পুলিশের অধীনে কয়েকটি নতুন থানা গঠন করার সিদ্ধান্ত হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, (১) কতগুলি থানা গঠনের সিদ্ধান্ত হয়েছে (নাম-সহ), ও

(২) কবে নাগাদ ওই থানাগুলি হবে বলে আশা করা যায় ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া : (ক) হ্যাঁ।

(খ) ৮টি।

(১) (ক) পর্ণশ্রী থানা, (খ) হরিদেবপুর থানা, (গ) পাটুলি থানা, (ঘ) সার্ভে পার্ক থানা, (ঙ) গরফা থানা, (চ) প্রগতি ময়দান থানা, (ছ) বাঁশদ্রোণী থানা এবং (জ) রাজাবাগান থানা।

(২) ১লা সেপ্টেম্বর, ২০১১ থেকে কলকাতা পুলিশের অধীনে থানাগুলি কাজ শুরু করবে।

গণবণ্টন ব্যবস্থায় মাসিক বরাদ্দের পরিমাণ

৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৩২) **শ্রী এস. এম. সাদি :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ রাজ্যে গত ১লা জানুয়ারি, ২০১১ থেকে ৩০শে জুন, ২০১১ পর্যন্ত সরকারি গণবণ্টন ব্যবস্থায় চাল, গম, কেরোসিন তেলের মাসিক কেন্দ্রীয় বরাদ্দের পরিমাণ কত ;

(খ) বরাদ্দকৃত দ্রব্যের পরিমাণ বৃদ্ধির কোনো প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(গ) থাকলে, তা কীরূপ ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে বিলির জন্য কেন্দ্রীয় বরাদ্দের মাসিক পরিমাণ (১ জানুয়ারি, ২০১১ থেকে ৩০ জুন, ২০১১ পর্যন্ত) নিম্নরূপ :

চাল	গম
এ.পি.এল. — ১৯,৯৮১ মেট্রিক টন	এ.পি.এল. —১,০৭,২৬৩ মেট্রিক টন
বি.পি.এল. —১১,০০,০৮৩ মেট্রিক টন	বি.পি.এল. — ৬২,৪৭৮ মেট্রিক টন
এ.এ.ওয়াই. — ২৯,০৯১ মেট্রিক টন	এ.এ.ওয়াই.— ২২,৭১৬ মেট্রিক টন
মোট চাল — ১,৪৯,১৫৫ মেট্রিক টন প্রতি মাসে	মোট গম —১,৯২,৪৫৭ মেট্রিক টন প্রতি মাসে

কেরোসিন তেলের মাসিক বরাদ্দের পরিমাণ :

জানুয়ারি, ২০১১ থেকে মার্চ, ২০১১ — ৮০,৪৪৮ কিলোলিটার

এপ্রিল, ২০১১ থেকে জুন, ২০১১ — ৮০,৩৭৬ কিলোলিটার।

(খ) বর্তমানে বরাদ্দকৃত দ্রব্যের পরিমাণ বৃদ্ধির কোনো প্রস্তাব নেই।

(গ) মন্তব্য নিষ্প্রয়োজন।

রাজ্যে স্টেডিয়ামের সংখ্যা

৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৫) শ্রী এস. এম. সাদি : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে খেলাধুলার জন্য সরকারি ও বেসরকারি কতগুলি স্টেডিয়াম আছে (৩১শে মার্চ, ২০১১ পর্যন্ত) ;

(খ) স্টেডিয়ামগুলির আধুনিকীকরণের জন্য কী কী পরিকল্পনা নেওয়া হয়েছে ; এবং

(গ) নতুন স্টেডিয়াম গড়ার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) এই দপ্তরের সরাসরি অধীনে ৪ (চার)টি স্টেডিয়াম আছে। এছাড়া বিভিন্ন জেলায় ৪৫ (পঁয়তাল্লিশ)টি স্টেডিয়াম/ইন্ডোর স্টেডিয়াম/ স্পোর্টস কমপ্লেক্স আছে যেগুলি সরকারি অনুদানপ্রাপ্ত। এই স্টেডিয়ামগুলি ম্যানেজমেন্ট কমিটি দ্বারা পরিচালিত। বেসরকারি স্টেডিয়াম সংক্রান্ত কোনো তথ্য নেই।

(খ) যুবভারতী ক্রীড়াঙ্গনের আধুনিকীকরণের কাজ চলছে। ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রের আধুনিকীকরণের জন্য অর্থ বরাদ্দ হয়েছে ; অন্যান্য স্টেডিয়ামগুলির আধুনিকীকরণের প্রস্তাব এলে বিবেচনা করা হবে। কিশোর ভারতীর সংস্কার চলছে।

(গ) পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলাতে স্পোর্টস কমপ্লেক্স/ স্টেডিয়াম/ মিনি ইন্ডোর স্টেডিয়াম প্রভৃতি নির্মাণের উদ্দেশ্যে উপযুক্ত জমি নির্ধারণের জন্য এবং স্কীম পাঠানোর জন্য সংশ্লিষ্ট জেলাশাসকদের অনুরোধ করা হয়েছে।

ক্ষুদ্র ও ছোট শিল্প

৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৯) শ্রী এস. এম. সাদি : ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ক্ষুদ্র ও ছোট শিল্পে কত শ্রমিক কর্মরত আছেন ;

(খ) কোনো ক্ষুদ্র শিল্প 'হাব' স্থাপনের পরিকল্পনা আছে কি না ; এবং

(গ) থাকলে, তা কোন কোন জায়গায় স্থাপিত হবে বলে আশা করা যায় ?

ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) পশ্চিমবঙ্গে ক্ষুদ্র ও ছোট শিল্পে [নিবন্ধীকৃত ও ই. এম.—II (EM-II) প্রাপ্ত] কর্মরত শ্রমিকের সংখ্যা ১০,৩৭,৪১২ জন।

(খ) পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প উন্নয়ন নিগম লিমিটেড (WBSIDC Ltd.) ৭টি স্থানে ক্ষুদ্র শিল্প 'তালুক' স্থাপনের পরিকল্পনা করেছেন।

(গ) পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প উন্নয়ন নিগম লিমিটেড (WBSIDC Ltd.) নিম্নবর্ণিত ৭টি স্থানে ক্ষুদ্র শিল্প 'তালুক' স্থাপনের পরিকল্পনা করেছেন।

(১)	জলপাইগুড়ি	—	আমবাড়ী ফালাকাটা
(২)	উত্তর দিনাজপুর	—	আলুয়াবাড়ী
(৩)	বীরভূম	—	বোলপুর ২য় দফা
(৪)	বীরভূম	—	বক্রেশ্বর
(৫)	নদীয়া	—	কল্যাণী ৩য় দফা
(৬)	মুর্শিদাবাদ	—	রেজিনগর
(৭)	বর্ধমান	—	দুর্গাপুর ২য় দফা

নতুন পৌরসভা গঠন

৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৫১) শ্রী এস. এম. সাদি : পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে নতুন পৌরসভা গঠন করার কোনো পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, কোন কোন জায়গায় এবং কবে নাগাদ উক্ত পৌরসভাগুলি গঠিত হবে ?

পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যে নতুন পৌরসভা গঠনের জন্য কিছু প্রস্তাব বর্তমানে রাজ্য সরকারের পরীক্ষাধীন।

(খ) প্রস্তাবগুলি পরীক্ষাধীন থাকায় নির্দিষ্ট কোনো স্থান বা সময়সীমা নির্ধারণ করা সম্ভব হচ্ছে না।

নারী পাচারের ঘটনা

৬০। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৫) শ্রী **জ্যোতির্ময় কর** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সাম্প্রতিককালে রাজ্য থেকে অন্যত্র নারী পাচারের ঘটনা বৃদ্ধি পেয়েছে ; এবং

(খ) সত্যি হলে, (১) ১লা জানুয়ারি, ২০০৯ থেকে ৩১শে মার্চ, ২০১১ পর্যন্ত কতগুলি নারী পাচারের ঘটনা ঘটেছে ;

(২) তন্মধ্যে, কতগুলি ক্ষেত্রে পাচারকারী ধরা পড়েছে ; ও

(৩) উক্ত সময়ে যারা ধরা পড়েছে তাদের মধ্যে কতজন অপরাধীকে শাস্তি দেওয়া সম্ভব হয়েছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া : (ক) ও (খ) ১লা জানুয়ারি, ২০০৯ থেকে ৩১শে মার্চ, ২০১১ পর্যন্ত ২৭৬টি নারী পাচারের ঘটনা ঘটেছে। তন্মধ্যে ২৬৫ জন পাচারকারী ধরা পড়েছে এবং তাদের মধ্যে ৪ জনকে শাস্তি দেওয়া হয়েছে। নতুন সরকার এ বিষয়ে পুনঃসমীক্ষা করেছে এবং প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়েছে।

নিবন্ধীকৃত প্রাথমিক সমবায় সমিতি

৬১। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৯) শ্রী জ্যোতির্ময় কর : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে নিবন্ধীকৃত প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা কত ; এবং

(খ) তন্মধ্যে, লাভজনক ও অলাভজনক সমবায় সমিতির সংখ্যা কত ?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যে বর্তমানে নিবন্ধীকৃত প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা—২১,২২৪। প্রাথমিক কৃষি সমবায় সমিতির সংখ্যা—৬,৩০১। প্রাথমিক অকৃষি সমবায় সমিতির সংখ্যা—১৪,৯২৩।

(খ) লাভজনক সমবায় সমিতির সংখ্যা—১০,৪৮৬। অলাভজনক সমবায় সমিতির সংখ্যা—৮,০৬০। অবশিষ্ট ২,৬৭৮টি সমবায় সমিতি বর্তমানে অচল অবস্থায় আছে।

সমবায় সমিতির পুনরুজ্জীবন

৬২। (অনুমোদিত প্রশ্ন নং ২৬০) শ্রী জ্যোতির্ময় কর : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শহরাঞ্চলে নিবন্ধীকৃত সমবায় সমিতির সংখ্যা কত ;

(খ) রুগ্ন (নন্-ভায়াব্‌ল্) সমিতির সংখ্যা কত ; এবং

(গ) উক্ত রুগ্ন সমিতিগুলি পুনরুজ্জীবনের জন্য সরকার কী কী পরিকল্পনা গ্রহণ করেছে ?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) শহরাঞ্চলে নিবন্ধীকৃত সমবায় সমিতির সংখ্যা—৬৮৩৩।

(খ) রুগ্ন (নন্-ভায়াব্‌ল্) সমিতির সংখ্যা—২১৩২।

(গ) উক্ত রুগ্ন সমবায় সমিতিগুলির মধ্যে বিভিন্ন ধরনের সমবায় সমিতি রয়েছে। তন্মধ্যে রাজ্য সরকার এখন পর্যন্ত কেবল রুগ্ন প্রাইমারি আরবান কো-অপারেটিভ ব্যাঙ্কের পুনরুজ্জীবনের লক্ষ্যে বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছেন। এ জন্য ২০০৯-১০ ও ২০১০-১১ অর্থ বর্ষে মোট ৮টি ব্যাঙ্ককে পশ্চিমবঙ্গ সরকার এ যাবৎ ৫২.২৪ কোটি টাকা বরাদ্দ করেছেন।

পরিপোষক মূল্যে ধান সংগ্রহ

৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৪) শ্রী জ্যোতির্ময় কর : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায় পরিপোষক মূল্যে ধান সংগ্রহের ক্ষেত্রে দীর্ঘদিন ধরে ব্যাপক অনিয়ম চলছে ; এবং

(খ) সত্যি হলে, (১) ১লা এপ্রিল, ২০১০ থেকে ৩১শে মার্চ, ২০১১ তারিখ পর্যন্ত সংগৃহীত ধানের ক্ষেত্রে ঘাটতি কত ছিল ; ও

(২) সরাসরি বিক্রয়েচ্ছু গরিব চাষিদের কাছ থেকে ধান সংগ্রহকল্পে স্বচ্ছ ধান সংগ্রহ নীতির বিষয়ে সরকারের কোনো ভাবনা আছে কি না ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) এরূপ কোনো অভিযোগ দপ্তরে নেই।

এই প্রসঙ্গে উল্লেখ্য যে মুহূর্তে ভারত সরকার নির্ধারিত মানের কমদামে ধান বিক্রির অভিযোগ আসে সরকার তখনই যথাযথ পদক্ষেপ নিয়ে থাকে যাতে চাষিরা পরিপোষক মূল্য পেতে পারে।

(খ) ভারত সরকার নির্ধারিত মানের অভাবী বিক্রির কোনো ঘটনা বা পরিমাণের তথ্য এই দপ্তরে নেই।

(১) ১লা এপ্রিল ২০১০ থেকে ৩১শে মার্চ, ২০১১ এই সময়ের ধান ও চাল কেনার লক্ষ্যমাত্রা এবং সাফল্য নিম্নে বর্ণিত হল :

লক্ষ্যমাত্রা		সাফল্য		ঘাটতি
চাল	ধান	চাল	ধান	ধান
১২.৭৫	১৯	৬.৭৫	১৪.৮	৪.২
লক্ষ মে.টন		লক্ষ মে.টন		লক্ষ মে.টন

বি.দ্র.—উক্ত প্রশ্নে উল্লেখিত সময়/কাল-এর নির্দিষ্ট লক্ষ্যমাত্রা নির্ণয় করা সম্ভব নয় বলে পর পর দুটি খারিফ মরসুমের (২০০৯-২০১০ ও ২০১০-২০১১)-এর লক্ষ্যমাত্রা দেখানো হয়েছে।

(২) যাতে করে চাষি পরিপোষক মূল্যে ধান বিক্রি করতে পারেন সেই জন্য রাজ্য সরকার বিভিন্ন এজেন্সির যেমন—ই.সি.এস.সি., বেনফেড, নাফেড, কনফেড এবং এন.সি.সি.এফ.-এর মাধ্যমে ধান সংগ্রহ করার দায়িত্ব অর্পণ করে থাকে। এছাড়াও অনেক ক্ষেত্রে বিশেষ ক্যাম্প খুলে চাষিদের কাছ থেকে পরিপোষক মূল্যে ধান সংগ্রহ করে থাকে।

পরিস্রুত পানীয় জল সরবরাহ

৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৫) **শ্রী জ্যোতির্ময় কর :** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের সব মানুষকে পরিশুদ্ধ পানীয় জল সরবরাহ সুনিশ্চিত করতে রাজ্য সরকারের পরিকল্পনা কী ; এবং

(খ) কোন সময়কালের মধ্যে রাজ্যের সমস্ত মানুষকে পরিস্রুত পানীয় জল সরবরাহ করা সম্ভবপর হবে বলে আশা করা যায় ?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যের গ্রামীণ জল সরবরাহ প্রকল্প সম্পাদনের কাজ জনস্বাস্থ্য কারিগরি বিভাগের উপর ন্যস্ত। গ্রামীণ জল সরবরাহ প্রকল্পের আওতাভুক্ত নলবাহী জল সরবরাহ, হস্তচালিত নলকূপ এবং অন্যান্য উৎসের মাধ্যমে প্রায় শতকরা ৯৬.২৮ ভাগ গ্রামীণ অধিবাসীকে আওতাভুক্ত করা হয়েছে উল্লিখিত আওতাভুক্তের মধ্যে নলবাহিত জল সরবরাহের অন্তর্ভুক্ত শতকরা ৩৭.৯৫ ভাগ।

সম্প্রতি, রাজ্য সরকার "VISION PLAN–2020'-এর প্রস্তুতি নিয়েছে। যেটির মাধ্যমে পশ্চিমবঙ্গের সমস্ত গ্রামকে নলবাহিত জল সরবরাহের আওতাভুক্ত করা সম্ভব হবে।

(খ) VISION PLAN-এর মাধ্যমে সমস্ত গ্রামে ২০২০ নাগাদ নলবাহিত পানীয় জল সরবরাহ সম্ভবপর হবে বলে আশা করা যায়।

বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র

৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩০২) **শ্রী জ্যোতির্ময় কর** : কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্রের সংখ্যা কত ;

(খ) উক্ত কেন্দ্রগুলিতে কর্মরত শিক্ষক / প্রশিক্ষকদের সংখ্যা কত ; এবং

(গ) কেন্দ্রগুলির পরিকাঠামোগত উন্নয়ন বিষয়ে সরকারের কোনো পরিকল্পনা আছে কি না ?

কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বর্তমানে রাজ্যে বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ সংসদ অনুমোদিত মোট ৩৫১২টি বৃত্তিমূলক শিক্ষাকেন্দ্র আছে, যার মধ্যে প্রায় ২৯২৭টি কেন্দ্র এই প্রশিক্ষণ কার্যে নিযুক্ত রয়েছে।

(খ) উক্ত কেন্দ্রগুলিতে নিযুক্ত চুক্তিভিত্তিক শিক্ষকের সংখ্যা প্রায় ১৪০০০ জন এবং চুক্তিভিত্তিক প্রশিক্ষকের সংখ্যা প্রায় ৭২০০ জন। মোট সংখ্যা প্রায় ২১২০০ জন।

(গ) উক্ত কেন্দ্রগুলিতে বর্তমান পরিকাঠামো ব্যবস্থা সম্পর্কে সম্যক ধারণার জন্য একটি সার্ভে করার পরিকল্পনা হয়েছে। এই সার্ভের ফলাফল অনুযায়ী উক্ত কেন্দ্রগুলির পরিকাঠামোগত মান উন্নয়নের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

বি.এস.এফ-এর গুলিতে মৃত্যু

৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৫) **শ্রী ঈদ মহম্মদ** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ২০১০ ও ২০১১ সালে মালদা ও মুর্শিদাবাদ জেলায় বি এস এফ-এর গুলি চালনার ফলে মানুষ মারা গিয়েছেন ; এবং

(খ) সত্যি হলে, ৩১শে জুলাই, ২০১১ পর্যন্ত এইভাবে কতজন মানুষ মারা গেছেন ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া : (ক) এবং (খ) ২০১০ ও ২০১১ সালের জানুয়ারি পর্যন্ত মালদা ও মুর্শিদাবাদ জেলায় বি.এস.এফ-এর গুলি চালানোর ফলে ২৬ জন মানুষ মারা গিয়েছেন। ফেব্রুয়ারি থেকে ৩১শে জুলাই, ২০১১-তে আর কোনো মানুষ এই ব্যাপারে মারা যাননি।

বাদশাহী সড়ককে জাতীয় সড়কের স্বীকৃতি প্রদান

৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩১১) **শ্রী ঈদ মহম্মদ :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাদশাহী সড়ককে জাতীয় সড়কের স্বীকৃতি দেওয়া হয়েছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে, কারণ কী ?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বাদশাহী সড়ককে জাতীয় সড়কের স্বীকৃতি দেওয়া হয়নি।

(খ) এই মুহূর্তে এ রকম কোনো প্রস্তাব নেই।

সুন্দরবনে বাঘের আক্রমণে মৃত্যু

৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩২২) **শ্রী ঈদ মহম্মদ :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জুলাই, ২০১০ থেকে ৩০শে জুন, ২০১১ পর্যন্ত সুন্দরবনে মধু সংগ্রহ করতে ও মাছ ধরতে গিয়ে বাঘের আক্রমণে কতজন প্রাণ হারিয়েছেন ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ১লা জুলাই, ২০১০ থেকে ৩০শে জুন, ২০১১ পর্যন্ত সুন্দরবনে মধু সংগ্রহ করতে ও মাছ ধরতে গিয়ে বাঘের আক্রমণে নিহত মানুষের বিবরণ নিম্নরূপ :

মাছ ধরতে গিয়ে নিহতের সংখ্যা—৪ জন

মধু সংগ্রহ করতে গিয়ে কোনো প্রাণহানি হয়নি।

ট্রেনের ধাক্কায় হাতির মৃত্যু

৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৩) **শ্রী ঈদ মহম্মদ :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা এপ্রিল, ২০১০ থেকে ৩১শে মার্চ, ২০১১ তারিখ পর্যন্ত সময়কালে উত্তরবঙ্গে ট্রেনের ধাক্কায় কতগুলি হাতি মারা গিয়েছে ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ১লা এপ্রিল, ২০১০ থেকে ৩১শে মার্চ, ২০১১ তারিখ পর্যন্ত সময়কালে উত্তরবঙ্গে ট্রেনের ধাক্কায় ১৩টি হাতি মারা গিয়েছে।

ঐচ্ছিক পরীক্ষা

৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫৪) শ্রী খগেন মুর্মু : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিদ্যালয়গুলিতে অষ্টম শ্রেণি পর্যন্ত পরীক্ষাকে ঐচ্ছিক পরীক্ষা করার বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা কার্যকরী হবে বলে আশা করা যায় ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যের বিদ্যালয়গুলিতে অষ্টম শ্রেণি পর্যন্ত পরীক্ষাকে ঐচ্ছিক পরীক্ষা করার বিষয়ে এখনও পর্যন্ত কোনো সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

সেতু সংস্কার

৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫৫) শ্রী খগেন মুর্মু : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মালদা জেলার গাজোল-বামনগোলা রাস্তার উপর ভগ্নপ্রায় পাঁচটি সেতু সংস্কার করার পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) গাজোল-বামনগোলা রাস্তার ভগ্নপ্রায় পাঁচটি সেতু পুনর্নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং সেইমতো খসড়া (এস্টিমেট) প্রস্তুতি চলছে।

(খ) খসড়া চূড়ান্তকরণের পর ২০১১-১২ আর্থিক বছরের কাজ শুরু হওয়ার সম্ভাবনা পরিকল্পনা আছে।

এন.আর.ই.জি.পি.-তে সৃষ্ট শ্রমদিবস

৭২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫৯) শ্রী উপেন কিস্কু : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জুন, ২০১১ থেকে ৩১শে জুলাই, ২০১১ পর্যন্ত বাঁকুড়া জেলায় এন.আর.ই.জি.পি.-তে কত শ্রমদিবস সৃষ্টি হয়েছে (ব্লক ভিত্তিক তথ্য) ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ১০,৫৭,৩৯৮ (দশ লক্ষ সাতান্ন হাজার তিনশত আটানব্বই)টি শ্রমদিবস। (ব্লক ভিত্তিক তথ্য নীচে দেওয়া হল)

জুন, ২০১১ থেকে জুলাই, ২০১১ পর্যন্ত বাঁকুড়া জেলায়
এন.আর.ই.জি.পি.-তে ব্লক ভিত্তিক সৃষ্ট শ্রমদিবস

ক্রমিক নং	ব্লকের নাম	শ্রমদিবসের সংখ্যা		
		জুন, ২০১১	জুলাই, ২০১১	মোট
১	বাঁকুড়া-১	১৪১৭৭	৭২১৩	২১৩৯০
২	বাঁকুড়া-২	১৩১৬০	২১০৫	১৫২৬৫
৩	ছাতনা	৩২১২৩	২৭৩৪২	৫৯৪৬৫
৪	ওন্ডা	১৪৯৪৬৮	২১৮৭০	১৭১৩৩৮
৫	বড়জোড়া	৩১১৯১	২৪৮০৬	৫৫৯৯৭
৬	জি. ঘাটি	২১৭৮৮	১৬৬৪৩	৩৮৪৩১
৭	মেজিয়া	২৬৯৫০	১০৫২৭	৩৭৪৭৭
৮	শালতোড়া	৩১৮৫৬	২৮৩৯৭	৬০২৫৩
৯	বিষ্ণুপুর	১৮১২০	১০৯২৪	২৯০৪৪
১০	জয়পুর	২৯৯৫০	২৭০৮০	৫৭০৩০
১১	কোতুলপুর	৫৩৯১৬	৩৪০০৪	৮৭৯২০
১২	সোনামুখী	৬০১৪৮	২৪৬০৬	৮৪৭৫৪
১৩	পাত্রসায়র	২০৮৯৩	১৫৯৫২	৩৬৮৪৫
১৪	ইন্দাস	৮২৩২	৫০২৫	১৩২৫৭
১৫	তালডাংড়া	৩২৮৪	২৬১০৫	২৯৩৮৯
১৬	সিমলাপাল	২৩৬৭	৬৯১৪	৯২৮১
১৭	রায়পুর	৩৯২১০	১২১০২	৫১৩১২
১৮	সারেঙ্গা	১৯৪৯৪	৬৬২১	২৬১১৫
১৯	রানিবাঁধ	৪৯৭৭১	২১৪৮৫	৭১২৫৬
২০	খাতরা	৩৫০০	১৯১০	৫৪১০
২১	হীরাবাঁধ	১০৫৭৫	১২৩০১	২২৮৭৬
২২	ইন্দপুর	৩০৮৭১	৪২৪২২	৭৩২৯৩
	মোট	৬৭১০৪৪	৩৮৬৩৫৪	১০৫৭৩৯৮

বিশ্ববিদ্যালয়গুলির পঠন-পাঠনের মানোন্নয়ন

৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৪) শ্রী কাশীনাথ মিশ্র : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, কলকাতা বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয়, যাদবপুর বিশ্ববিদ্যালয় ও প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়-এর মান ও পঠন-পাঠনের উন্নতির জন্য সরকার কী কী পরিকল্পনা গ্রহণ করেছে / করছে ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : রাজ্য সরকার প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের শিক্ষাগত উৎকর্ষ পুনরুদ্ধারের এবং এই বিশ্ববিদ্যালয়কে ২০১৭-১৮-এর মধ্যে একটি বিশ্বমানের গবেষণা ও শিক্ষণ কেন্দ্র হিসাবে গড়ে তোলার লক্ষ্যে অধ্যাপক সুগত বোসের সভাপতিত্বে ৮(আট)জন সদস্যকে নিয়ে একটি 'মেন্টর গ্রুপ' গঠন করেছে। অধ্যাপক অমর্ত্য সেন উক্ত গ্রুপের উপদেষ্টা। বাকি সদস্যরা হলেন অধ্যাপক সুগত বোস, ডঃ ইশের জাজ আহ্লুওয়ালিয়া, অধ্যাপক অভিজিৎ ব্যানার্জী, অধ্যাপক স্বপন চক্রবর্তী, অধ্যাপক সুকান্ত চৌধুরী, অধ্যাপক হিমাদ্রী পাকড়াশী এবং অধ্যাপক অশোক সেন। ভবিষ্যতে আরও ২ (দুই) জন সদস্যকে এই গ্রুপে নেওয়া হবে। এই গ্রুপ পরবর্তী ২ (দুই) বছরের মধ্যে কয়েকটি স্বল্প, মাঝারি ও দীর্ঘমেয়াদি সুপারিশ জমা দেবার ও সেগুলি কার্যকরী করার দিকে লক্ষ্য রাখবে। পরবর্তীতে এই গ্রুপটি তাদের সুপারিশ এবং প্রয়োগ পদ্ধতি পুনর্বিবেচনা করে মাননীয়া মুখ্যমন্ত্রীর নিকট আগস্ট ২০১১, জানুয়ারি ২০১২, আগস্ট ২০১২, জানুয়ারি ২০১৩ এবং জুন ২০১৩-এর মধ্যে রিপোর্ট জমা দেবে। [আদেশনামা নং ৪৬০-ই.ডি.এন.(ইউ) তারিখ—১৯.০৭.২০১১]।

দ্বিতীয়ত, রাজ্য সরকার উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, কলকাতা বিশ্ববিদ্যালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয় ও যাদবপুর বিশ্ববিদ্যালয় সমেত অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলির সামগ্রিক মানোন্নয়নের জন্য একটি দশ সদস্য বিশিষ্ট 'এক্সপার্ট কমিটি' গঠন করেছে। কমিটির সদস্যরা হলেন শ্রী সুনন্দ সান্যাল (সভাপতি), শ্রী সুশান্ত কুমার দত্তগুপ্ত, শ্রী সুকান্ত চৌধুরী, শ্রী অনুপ সিন্‌হা, শ্রী অভিরূপ সরকার, শ্রী দেবব্রত ব্যানার্জী, শ্রী সুগত বসু, ডঃ পার্থপ্রতিম চক্রবর্তী, অধ্যাপক জেটা সংক্রাটায়ন ও শ্রী অশোকেন্দু সেনগুপ্ত। এই কমিটির সেক্রেটারি হিসাবে উচ্চশিক্ষা বিভাগের যুগ্মসচিব শ্রী মানবেন্দ্র চক্রবর্তী কাজ করছেন। কমিটি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কার্যাবলী উন্নয়নের সুপারিশ করবে। প্রয়োজন হলে বিশ্ববিদ্যালয়গুলির 'অ্যাক্ট' সংশোধন করার কথাও বলবে। [আদেশনামা নং ৩০৪-ই.ডি.এন.(ইউ) তারিখ-০৯.০৬.২০১১]। পরবর্তীকালে রাজ্য সরকার এক্সপার্ট কমিটিকে তিনমাসের মধ্যে সুপারিশগুলি উচ্চশিক্ষা বিভাগে জমা দেওয়ার নির্দেশ দিয়েছে। এবং অধ্যাপক সুকান্ত চৌধুরী, একজন সদস্য ব্যক্তিগত কারণে পদত্যাগ করায় আরও ৪ (চার) জন সদস্য নিয়ে সুনন্দ সান্যালের সভাপতিত্বে ১৩ জন সদস্য বিশিষ্ট এক্সপার্ট কমিটি গঠন করা হয়েছে। নতুন সদস্যরা হলেন শ্রী অনুপ ব্যানার্জী, শ্রী মানিক ভট্টাচার্য, সেখ মকবুল ইসলাম এবং শ্রীমতী জ্যোৎস্না জালান। [আদেশনামা নং ৪৬১-ই.ডি.এন.(ইউ) তারিখ-১৯.০৭.২০১১]।

তৃতীয়ত, গত ২৯শে জুলাই, ২০১১ শ্রী সুনন্দ সান্যাল এক্সপার্ট কমিটির সভাপতির পদ থেকে পদত্যাগ করায়, শ্রী অভিরূপ সরকারকে এক্সপার্ট কমিটির সভাপতি হিসাবে নিয়োগ করা হয়েছে। [আদেশনামা নং ৫৭৯-ই.ডি.এন.(ইউ) তারিখ-১৬.০৮.২০১১]।

পরিশেষে বলা যেতে পারে উপরোক্ত কমিটিগুলির সুপারিশ পাওয়ার পর রাজ্য সরকার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

নিয়ন্ত্রিত বাজার সমিতি

৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৫) শ্রী কাশীনাথ মিশ্র : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে নিয়ন্ত্রিত বাজার সমিতির সংখ্যা কত (জেলাওয়ারি বিভাজনসহ) ;

(খ) বাঁকুড়া জেলার জগদল্লা অঞ্চলের ধলডাঙা মোড়ে অবস্থিত নিয়ন্ত্রিত বাজার সমিতি কর্তৃক ৩১শে জুলাই, ২০১১ পর্যন্ত আদায়কৃত করের পরিমাণ কত (করের হার ও আদায়ের পদ্ধতি সম্পর্কিত তথ্য সম্বলিত) ; এবং

(গ) উক্ত সমিতিতে কী পদ্ধতিতে কতজন কর্মচারী নিযুক্ত করা হয়েছে ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যে বর্তমানে প্রজ্ঞাপিত নিয়ন্ত্রিত বাজার সমিতির সংখ্যা ৪৩ (তেতাল্লিশ)।

জেলাভিত্তিক তালিকা— কোচবিহার-০৬, জলপাইগুড়ি-০৩, দার্জিলিং-০২, উত্তর দিনাজপুর-০২, দক্ষিণ দিনাজপুর-০১, মালদহ-০২, মুর্শিদাবাদ-০৪, নদীয়া-০৩, উত্তর ২৪-পরগনা-০১, দক্ষিণ ২৪ পরগনা-০১, হাওড়া-০১, হুগলি-০৩, পুরুলিয়া-০২, বাঁকুড়া-০১, পশ্চিম মেদিনীপুর-০২, পূর্ব মেদিনীপুর-০২, বীরভূম-০৩, বর্ধমান-০৪, মোট ৪৩ (তেতাল্লিশ)।

(খ) বাঁকুড়া নিয়ন্ত্রিত বাজার সমিতির অধীনস্থ ধলডাঙা চেকিংপয়েন্টে ৩১.০৭.২০১১ পর্যন্ত বাজার শুল্ক বাবদ আদায়কৃত অর্থের পরিমাণ ১৬,৯৮,২৯৯.০০ টাকা।

করের হার—

(১) খাদ্যশস্যের ক্ষেত্রে মূল্যমানের ০.৫০%

(২) অন্যান্য তালিকাভুক্ত কৃষিজ পণ্যের ক্ষেত্রে মূল্যমানের ০.১%।

(গ) উক্ত নিয়ন্ত্রিত বাজার সমিতিতে বর্তমানে নিযুক্ত কর্মচারীর সংখ্যা ২৫ জন। নিয়োগের ক্ষেত্রে, পশ্চিমবঙ্গ রাজ্য বিপণন পর্ষদের নির্দেশিকা মেনে কর্মী নিয়োগ করা হয়।

পারাং নদীর ওপর সেতু নির্মাণ

৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৪) শ্রী রামেশ্বর দোলই : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কেশপুরের পঞ্চমীতে পারাং নদীর উপর সেতু নির্মাণের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে ;

(খ) উক্ত সেতু নির্মাণের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(গ) উক্ত সেতু নির্মাণের কাজ কবে নাগাদ সমাপ্ত হবে বলে আশা করা যায় ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) কাজ শুরু হয়েছে।

(খ) বরাদ্দকৃত অর্থের পরিমাণ টা: ৫৭৬.৯৯২ লক্ষ।

(গ) আর্থিক অনুমোদনসাপেক্ষে এই প্রকল্পের কাজ সমাপ্ত হবে।

রাজ্যে সাম্প্রতিক বন্যা

৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪২৭) **শ্রী রামেশ্বর দোলই** : বিপর্যয় ব্যবস্থাপন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ২০১১ সালের জুন মাসে রাজ্যের কয়েকটি এলাকায় প্রবল বন্যা হয় ;

(খ) সত্যি হলে, উক্ত বন্যায় কতজনের মৃত্যু হয়েছে ; এবং

(গ) উক্ত বন্যায় মৃত পরিবারগুলিকে কী পরিমাণ আর্থিক সাহায্য দেওয়া হয়েছে ?

বিপর্যয় ব্যবস্থাপন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, এটি সত্যি।

(খ) উক্ত বন্যায় মোট ৪৩ (তেতাল্লিশ) জনের মৃত্যু হয়েছে।

(গ) উক্ত বন্যায় মৃত ব্যক্তিদের নিকটাত্মীয়েরা ২ লক্ষ টাকা আর্থিক অনুদান পাবেন কিছু শর্তসাপেক্ষে। জেলাশাসকদের এ পর্যন্ত মোট ২০৮.৪০ লক্ষ টাকা অনুদান হিসাবে বরাদ্দ করা হয়েছে।

জেলাভিত্তিক রিপোর্টটি এরকম :

	জেলা		টাকা (লক্ষ)
১।	দার্জিলিং	—	৬.০০
২।	বাঁকুড়া	—	১৬.০০
৩।	দক্ষিণ দিনাজপুর	—	১০.০০
৪।	উত্তর দিনাজপুর	—	৪.০০
৫।	মালদা	—	৪.০০
৬।	বর্ধমান	—	৩৩.৪০
৭।	বীরভূম	—	১৩.৫০
৮।	হুগলি	—	৩০.৫০
৯।	হাওড়া	—	১২.০০
১০।	দক্ষিণ ২৪-পরগনা	—	২৪.০০
১১।	উত্তর ২৪-পরগনা	—	৮.০০
১২।	নদীয়া	—	২১.০০
১৩।	পূর্ব মেদিনীপুর	—	৪.০০
১৪।	পশ্চিম মেদিনীপুর	—	২২.০০
	মোট	—	২০৮.৪০ লক্ষ

গ্রামাঞ্চলে ক্রীড়াবিদ্‌দের সহায়তা

৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩৮) **শ্রী বাসুদেব খাঁ** : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, খেলার মানকে উন্নত করার জন্য গ্রামাঞ্চলের ভালো ক্রীড়াবিদ্‌দের এগিয়ে আনার পরিকল্পনা সরকার নিয়েছে ; এবং

(খ) সত্যি হলে, পরিকল্পনাটি কীরূপ ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, খেলার মানকে উন্নত করার জন্য গ্রামাঞ্চলের ভালো ক্রীড়াবিদ্‌দের এগিয়ে আনার জন্য সরকার পরিকল্পনা নিয়েছে।

(খ) পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া পর্ষদের মাধ্যমে ২৩টি বিভাগের স্বল্পকালীন ক্রীড়া প্রশিক্ষণ শিবির করা হয়েছে। প্রায় প্রতিটি জেলাতেই এই প্রশিক্ষণ শিবির আছে। এছাড়া, "পঞ্চায়েত যুব ক্রীড়া ও খেল অভিযান" (পাইকা)-র মাধ্যমে ১০টি ক্রীড়া বিভাগের উপর ব্লক স্তর থেকে জেলা ও রাজ্যস্তর পর্যন্ত ক্রীড়া প্রতিযোগিতা হয়েছে। ৩৩৫টা গ্রাম পঞ্চায়েতের প্রত্যেককে ১ (এক) লক্ষ টাকা দেওয়া হয়েছে পরিকাঠামো উন্নয়নের জন্য। ৩৩টি ব্লককে ৫ (পাঁচ) লক্ষ টাকা করে পরিকাঠামো উন্নয়নের জন্য দেওয়া হয়েছে। এছাড়া ৩৬৮ জন ক্রীড়াশ্রী নিযুক্ত হয়েছেন যাঁরা গ্রামীণ খেলোয়াড়দের উৎসাহ দেবেন।

সরকারি কৃষি বীজ খামার

৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪৩৯) **শ্রী বাসুদেব খাঁ** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে সরকারি কৃষি বীজ খামারের সংখ্যা কত ;

(খ) বীজ খামারগুলির বর্তমান অবস্থা কীরূপ ;

(গ) বীজ খামারগুলির মোট জমির পরিমাণ কত ; এবং

(ঘ) খামারগুলিতে বর্তমানে কৃষি শ্রমিকের সংখ্যা কত ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ১৯৬টি।

(খ) বীজ খামারগুলির বর্তমান অবস্থা সন্তোষজনক নয়।

(গ) বীজ খামারগুলির মোট জমির পরিমাণ ৩৭৫৩.২৭ হেক্টর।

(ঘ) ৩২৩৩ জন কৃষি শ্রমিক বর্তমানে কর্মরত আছেন।

খেলোয়াড়দের ভাতা প্রদান

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৬) **শ্রী উপেন কিস্কু** : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, খেলাধুলার মানোন্নয়নে ২০১০-১১ আর্থিক বছরে খেলোয়াড়দের মাসিক ভাতা দেওয়া হয়েছিল ;

(খ) সত্যি হলে, কতজনকে উক্ত ভাতা দেওয়া হয়েছিল ; এবং

(গ) তন্মধ্যে, তফশিলি জাতি ও আদিবাসীর সংখ্যা কত ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, এটা সত্যি যে খেলাধুলার মানোন্নয়নে ২০১০-১১ আর্থিক বর্ষে খেলোয়াড়দের নভেম্বর ২০১০ থেকে মার্চ ২০১১ পর্যন্ত পাঁচ মাসের জন্য ভাতা দেওয়া হয়েছে।

(খ) উক্ত ভাতা গত আর্থিক বর্ষে মোট ৩২৭৩ (তিন হাজার দুইশত তিয়াত্তর) জনকে দেওয়া হয়েছিল, এ বাবদ মোট খরচ হয়েছিল ৬৫,৪৬,০০০/- টাকা।

(গ) আলাদা করে তফশিলি জাতি ও আদিবাসীর জন্য কোনো সংস্থান ছিল না। কিন্তু ভাতাপ্রাপ্ত খেলোয়াড়দের মধ্যে বহু তফশিলি জাতি ও আদিবাসী রয়েছেন।

জয়েন্ট এন্ট্রান্সের প্রশিক্ষণ

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৯) **শ্রী উপেন কিস্কু** : অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আদিবাসী ও তফশিলিদের জয়েন্ট এন্ট্রান্সে উত্তীর্ণ হওয়ার যোগ্য করে গড়ে তোলার জন্য কয়েকটি প্রশিক্ষণ কেন্দ্র চালু করা হয়েছিল ;

(খ) সত্যি হলে, এর দ্বারা কতজন ছাত্রছাত্রী উপকৃত হয়েছে ; এবং

(গ) বর্তমানে এ ধরনের আর প্রশিক্ষণ কেন্দ্র চালু করার পরিকল্পনা আছে কি না ?

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, ২০০৯-২০১০ বর্ষে প্রথম প্রশিক্ষণ কেন্দ্র চালু করা হয়।

(খ)	সাল	তফশিলি জাতি	আদিবাসী	মোট
	২০০৯-১০	৩৫	১৬	৫১
	২০১০-১১	১২৮	৫২	১৮০

(গ) হ্যাঁ, বনগাঁতে আরও একটি প্রশিক্ষণ কেন্দ্র চালু করার প্রস্তাব বিবেচনাধীন।

মুকুটমণিপুরে পর্যটন কেন্দ্র

৮১। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫১) **শ্রী উপেন কিস্কু** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার মুকুটমণিপুরকে পর্যটনকেন্দ্র হিসাবে গড়ে তোলার পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, তার রূপরেখা কী ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) (১) ইতিমধ্যে কেন্দ্রীয় সহায়তা প্রকল্পে মুকুটমণিপুর গ্রামীণ পর্যটনকেন্দ্র গড়ে তোলা হয়েছে। সেটি সঠিকভাবে পরিচালনার ব্যবস্থা নেওয়া হচ্ছে। এই প্রকল্পে পর্যটকদের থাকার জন্য কিছু 'কটেজ' গড়ে উঠেছে।

(২) এ ছাড়া একটি ট্যুরিস্ট লজ পরিচালিত হচ্ছে ম্যানেজমেন্ট কন্ট্রাক্টে।

(৩) এই জেলার শুশুনিয়া, শালতোড়া, বিহারীনাথ পাহাড়, সাঁতনা, রানিবাঁধ ব্লককে নিয়ে একটি সার্কিট ট্যুরিজম্ প্রকল্প বাস্তবায়নের কাজ চলছে।

খাতড়া মহকুমায় স্টেডিয়াম নির্মাণ

৮২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৬) শ্রী **উপেন কিস্কু** : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বাঁকুড়া জেলার খাতড়া মহকুমায় স্টেডিয়াম নির্মাণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : বাঁকুড়া জেলার স্টেডিয়াম / মিনি ইন্ডোর স্টেডিয়াম প্রভৃতি নির্মাণের জন্য প্রাথমিক পর্যায়ে বাঁকুড়া জেলা পরিষদকে বিগত ২০০৮-০৯ আর্থিক বর্ষে ২০ (কুড়ি) লক্ষ টাকা দেওয়া হয়েছিল, তার মধ্যে জেলা পরিষদ থেকে খাতড়া স্টেডিয়ামের জন্য এই আর্থিক বর্ষে ৫ (পাঁচ) লক্ষ টাকা ধার্য করেছে।

বীরসা মুণ্ডার নামাঙ্কিত স্পোর্টস একাডেমি

৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৭) শ্রী **উপেন কিস্কু** : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিম মেদিনীপুর জেলার ঝাড়গ্রামে বীরসা মুণ্ডার নামে স্পোর্টস একাডেমি গড়ে তোলা হবে ;

(খ) সত্যি হলে, পরিকল্পনাটি কীরূপ ; এবং

(গ) উক্ত কাজের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) এ বিষয়ে কোনো নির্দিষ্ট প্রস্তাব ক্রীড়া দপ্তরে আসেনি এবং এইরূপ কোনো পরিকল্পনা আপাতত এই দপ্তরে নেই।

(খ) প্রশ্নই আসে না।

(গ) প্রশ্নই আসে না।

বিদ্যুতের চাহিদা ও উৎপাদন

৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৭৩) ডা: **সূর্য্যকান্ত মিশ্র** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১২ সালের ৩১শে ডিসেম্বর রাজ্যে অনুমিত বিদ্যুৎ চাহিদার পরিমাণ কত হবে ;

(খ) ওই সময়ে রাজ্যে মোট বিদ্যুৎ উৎপাদনের অনুমিত পরিমাণ কত হবে ; এবং

(গ) বাড়তি চাহিদা পূরণের লক্ষ্যে সরকার কোনো নতুন বিদ্যুৎ উৎপাদন প্রকল্প নির্মাণের উদ্যোগ গ্রহণ করেছে কি ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০১২ সালের ৩১শে ডিসেম্বর রাজ্যে অনুমিত বিদ্যুৎ চাহিদার সর্বমোট পরিমাণ হবে ৪৯৪৪ মেগাওয়াট (পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বণ্টন কোম্পানি লিমিটেড, দুর্গাপুর প্রোজেক্টস লিমিটেড ও পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বণ্টন কোম্পানি CESC-কে যে বিদ্যুৎ সরবরাহ করে সব মিলিয়ে)।

(খ) ওই সময়ে রাজ্যের মোট বিদ্যুৎ উৎপাদনের অনুমিত পরিমাণ হবে ৪৯৪৪ মেগাওয়াট।

(গ) পশ্চিমবঙ্গ সরকারের একটি উদ্যোগ, পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম লিমিটেডের সাঁওতালডি তাপবিদ্যুৎ প্রকল্পের ৬নং ইউনিট (২৫০ মেগাওয়াট) অতি শীঘ্র বিদ্যুৎ উৎপাদন শুরু করবে এবং এর সাগরদিঘি তাপবিদ্যুৎ প্রকল্পের ৩ ও ৪ নং নতুন ইউনিট (প্রতিটি ৫০০ মেগাওয়াটের) স্থাপনের জন্য উদ্যোগ নেওয়া হয়েছে যার ব্যয় হবে ৫৩৪০.৩৮ কোটি টাকা, এই প্রকল্পের নির্মাণকার্য শুরু হয়েছে।

এছাড়া দুর্গাপুর প্রোজেক্টস্ লিমিটেডের ২৫০ মেগাওয়াট ক্ষমতার নতুন ৮নং ইউনিটের কাজও শুরু হয়েছে।

বেআইনি চোলাই মদ

৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮৯) **শ্রী কাশীনাথ মিশ্র :** আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বেআইনি চোলাই মদের উৎপাদন ও বিক্রি বন্ধে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে / করছে ?

আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে বেআইনি চোলাই মদের উৎপাদন ও বিক্রি বন্ধ করতে প্রতিরোধমূলক পদক্ষেপ হিসাবে আবগারি দপ্তর নিয়মিত অভিযান ও খানা-তল্লাশি চালিয়ে যাচ্ছে। এছাড়া বিশেষ পদক্ষেপ হিসাবে রাজ্য ও কলকাতা পুলিশের সাথে নিয়মিত মিটিং-এর আয়োজন করা হচ্ছে এবং তাদের সহযোগিতায় বিভিন্ন প্রতিরোধমূলক কর্মসূচিও গ্রহণ করা হচ্ছে।

স্বনির্ভরতা সংক্রান্ত প্রশিক্ষণ কেন্দ্র

৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯০) **শ্রী কাশীনাথ মিশ্র :** স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের মফস্বল ও গ্রামীণ এলাকাগুলিতে স্বনির্ভরতা সংক্রান্ত প্রশিক্ষণ কেন্দ্র খোলার কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা ;

(খ) থাকলে, কোথায় কোথায় এই কেন্দ্রগুলি খোলা হবে ;

(গ) বাঁকুড়া জেলায় রামকৃষ্ণ মিশনের সঙ্গে যৌথ উদ্যোগে স্বনির্ভরতা সংক্রান্ত প্রশিক্ষণ কেন্দ্র খোলার কোনো পরিকল্পনা আছে কি না ; এবং

(ঘ) সেক্ষেত্রে, কোন কোন এলাকায় ওই কেন্দ্র খোলা হতে পারে ?

স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ। কয়েকটি জেলায় স্বনির্ভরতা সংক্রান্ত প্রশিক্ষণ কেন্দ্র তথা বিপণন কেন্দ্র তৈরির কাজ চলছে।

(খ) উত্তর ২৪ পরগনা জেলার বসিরহাট, গুমা, নীলগঞ্জ, ধামাখালি ও মীনাখাঁ-এ, বর্ধমান জেলার খণ্ডঘোষ ও মাধবডিহিতে, মুর্শিদাবাদ জেলার আমতলাতে উক্ত কেন্দ্র তৈরির কাজ চলছে। এছাড়া উত্তর ২৪ পরগনার বাদুড়িয়াতে এরূপ কেন্দ্র খোলার কাজ সরকারের বিবেচনাধীন আছে।

(গ) আপাতত নেই।

(ঘ) প্রশ্ন ওঠে না।

খাদ্য ও সরবরাহ দপ্তরে অনিয়ম

৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৫) **শ্রী নরেশ চন্দ্র চাকী :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নদীয়া জেলার কল্যাণী ও রানাঘাট মহকুমায় খাদ্য দপ্তরের কিছু সরকারি কর্মচারী, রেশন ডিলার ও হোলসেল ডিলারের যোগসাজশে ব্যাপক অনিয়ম চলছে ; এবং

(খ) যদি সত্যি হয়, উক্ত অনিয়ম অবিলম্বে বন্ধ করতে সরকার কী কী পদক্ষেপ নিচ্ছে ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) নদীয়া জেলায় একজন পরিদর্শকের বিরুদ্ধে এমন এক অসাধু যোগসাজশের অভিযোগ পাওয়া গিয়েছিল এবং থানায় ওই পরিদর্শকের বিরুদ্ধে অভিযোগ তদন্ত করে অভিযোগের সত্যতা প্রমাণিত হয়। কঠোর ও দৃষ্টান্তমূলক শাস্তি হিসাবে সেই পরিদর্শককে চাকরি থেকে বরখাস্তের প্রক্রিয়া চলছে।

রানাঘাট মহকুমায় খাদ্য দপ্তরের অফিসে উক্ত অসাধু যোগসাজশের কোনো ভিত্তিমূলক অভিযোগ পাওয়া যায়নি।

(খ) কল্যাণী মহকুমা খাদ্য ও সরবরাহ অফিসকে ঢেলে সাজানো হয়েছে। কিছু কর্মচারীকে অন্য অফিস থেকে কল্যাণী অফিসে আনা হয়েছে। তাছাড়া, একজন নিয়মিত মহকুমা নিয়ামক (খাদ্য ও সরবরাহ)-কে কল্যাণী অফিসে বহাল করা হয়েছে।

আদিবাসী বিদ্যালয়ের উন্নীতকরণ

৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫০১) শ্রী নরেশ চন্দ্র চাকী : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

চাকদহ ব্লকের অন্তর্গত ইছাপুর আদিবাসী বিদ্যালয়টিকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : চাকদহ ব্লকের অন্তর্গত ইছাপুর আদিবাসী বিদ্যালয়টিকে ইতিমধ্যেই মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে। ওই বিদ্যালয়টিকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করার জন্য প্রস্তাব পাওয়া গেছে। খুব শীঘ্রই এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

শিমুরালী-কল্যাণী রাস্তা সংস্কার

৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৩) শ্রী নরেশ চন্দ্র চাকী : পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নদীয়া জেলার চাকদহ থানার অন্তর্গত শিমুরালী থেকে কল্যাণী পর্যন্ত রাস্তাটি সংস্কারের কোনো পরিকল্পনা সরকারের আছে কি ?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : সংশ্লিষ্ট রাস্তাটির যে অংশ পূর্ত (সড়ক) দপ্তরের অধীন, তার কিয়দংশে আর.আই.ডি.এফ.-১৪ প্রকল্পে সংস্কারের কাজ সম্প্রতি সম্পন্ন হয়েছে এবং বাকি অংশের কাজ চলতি বর্ষার শেষে শুরু হবে।

উচ্চ বালিকা বিদ্যালয় স্থাপন

৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৫) শ্রী নরেশ চন্দ্র চাকী : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

চাকদহ ব্লকের ঘেটুগাছি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত কালীবাজার-মণ্ডলহাটে উচ্চ বালিকা বিদ্যালয় স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : চাকদহ ব্লকের ঘেটুগাছি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত কালীবাজার মণ্ডলহাটে বর্তমান বছরে নতুন একটি উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের (কো-এডুকেশন) অনুমোদন দেওয়া হয়েছে। আগামী শিক্ষাবর্ষ থেকে বিদ্যালয়টিতে ছাত্রভর্তির কাজ শুরু হবে। উক্ত স্থানে নতুন কোনো উচ্চ বালিকা বিদ্যালয় স্থাপনের প্রস্তাব সরকারের কাছে আসেনি।

চাকদহ কে.বি.এম.-এর আর.আই.সি. কারখানা

৯১। (অনুমোদিত প্রশ্ন নং ৫০৬) শ্রী নরেশ চন্দ্র চাকী : ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, চাকদহ কে.বি.এম.-এর আর.আই.সি.-র কারখানাটি বর্তমানে বন্ধ আছে ; এবং

(খ) সত্যি হলে, এই কারখানাটি চালু করার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ?

ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের অধীনে এমন কোনো কারখানা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

জনহিতকর নীতি রূপায়ণে প্রতিবন্ধকতা

৯২। (অনুমোদিত প্রশ্ন নং ৫১২) **শ্রী নরেশ চন্দ্র চাকী :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বহু জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েত বিরোধী দলের পরিচালনাধীন থাকার জন্য বর্তমান রাজ্য সরকারের জনহিতকর নীতিগুলি ঠিক ঠিক ভাবে রূপায়িত হচ্ছে না ; এবং

(খ) সত্যি হলে, এ বিষয়ে সরকার কী ধরনের পদক্ষেপ গ্রহণ করছে ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) এ রকম কোনো খবর এই-দপ্তরের গোচরে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

দুধ, মাংস ও ডিমের চাহিদা ও উৎপাদন

৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩১) **শ্রী জ্যোতির্ময় কর :** প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে মোট দুধ, মাংস ও ডিমের চাহিদা ও উৎপাদনের পরিমাণ কত ; এবং

(খ) দুধ, মাংস, ডিম ইত্যাদির উৎপাদন বৃদ্ধিতে সরকার কী উদ্যোগ নিয়েছে ?

প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০১০-১১ অর্থ বৎসরে রাজ্যে মোট দুধ, মাংস ও ডিমের চাহিদা ও উৎপাদনের পরিমাণ নিম্নরূপ :

	দুধ (লক্ষ মে. টন)	মাংস (লক্ষ মে. টন)	ডিম (মিলিয়ন)
চাহিদা	৬১.০৪	১০.২০	৯২৩৫
উৎপাদন	৪৪.৭২	৫.৭৭	৪০০১

(খ) এ রাজ্যে দুধ, মাংস ও ডিম উৎপাদনের জন্য ব্যাপক পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। হিমায়িত গো-বীজ দ্বারা কৃত্রিম প্রজননে সৃষ্ট উন্নত প্রজাতির বকনা বাছুর পালন প্রকল্প গ্রহণ করা হয়েছে। কৃত্রিম প্রজনন কর্মসূচিতে শুধু সরকারি ব্যবস্থার উপর নির্ভর না করে প্রতিটি গ্রাম পঞ্চায়েতে প্রাণীবন্ধুদের নিয়োগ—তৎসহ সুসংবদ্ধ প্রাণীস্বাস্থ্য সুরক্ষার মাধ্যমে উন্নত জাতের সংকর প্রাণীদের রক্ষা করার ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও ২০১০-১১ পর্যন্ত পরীক্ষামূলকভাবে রাজ্যের নির্বাচিত ৫টি জেলার ৭টি পঞ্চায়েত সমিতি, ব্লককে ১০০% কৃত্রিম প্রজননের লক্ষ্যে RKVY প্রকল্পের টাকায় নিবিড় গো-সম্পদ বিকাশ অভিযানের আওতায় আনা হয়েছে।

সুষম গো-খাদ্য উৎপাদন, বৃদ্ধি ও সুলভে দুগ্ধচাষিদের নিকটে পৌঁছে দেওয়ার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

উন্নয়ন, পুষ্টির সহজলভ্যতা বৃদ্ধির দ্বারা অসংখ্য দুগ্ধচাষি, মহিলা ও শিশুদের কল্যাণের জন্য কেন্দ্রীয় সরকারের কৃষি মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু কল্যাণ দপ্তরের অর্থানুকূল্যে প্রত্যন্ত গ্রামগুলিতে দুধের উৎপাদন বৃদ্ধিতে নানাবিধ প্রকল্প যেমন, মহিলা দোহ সমবায় প্রকল্প (WDCP), সুসংহত দোহ উন্নয়ন প্রকল্প (IDDP), পরিচ্ছন্ন দুগ্ধ উৎপাদন প্রকল্প (CMP), রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা (RKVY), গো-সম্পদের সংকরায়নের জাতীয় উৎপাদনশীলতা (NPCBB) ইত্যাদি রূপায়ণের কাজ চালু আছে।

ডিম ও মাংসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকারি খামারগুলির পরিকাঠামো উন্নয়নের কর্মসূচি নেওয়া হয়েছে। এছাড়াও বিভিন্ন প্রকল্পের মাধ্যমে স্বনির্ভর দলগুলিকে প্রশিক্ষণ দিয়ে হাঁস, মুরগি ও ছাগ পালনে উৎসাহ দেওয়া হচ্ছে। গ্রামের গরিব মহিলাদের স্বনির্ভর করে তোলার লক্ষ্যে প্রতি বছর ২০ লক্ষ মুরগির বাচ্চা বিতরণের কর্মসূচি এই বিভাগের একটি অতি জনপ্রিয় কর্মসূচি।

প্রাণীপালনের উপর সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতি বছর ১৩-১৯ নভেম্বর রাজ্যব্যাপী যে প্রাণীসম্পদ বিকাশ সপ্তাহ পালিত হয়, তাতে এ রাজ্যে প্রাণীপালনে উৎসাহ অনেকটাই বাড়ানো সম্ভব হয়েছে।

ক্রীড়া মেধা অন্বেষণ

৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩৪) **শ্রী জ্যোতির্ময় কর** : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার প্রত্যন্ত এলাকায় ক্রীড়া মেধা অন্বেষণ ও ক্রীড়ার অনুকূল পরিবেশ প্রদানে আগ্রহী ; এবং

(খ) সত্যি হলে, এক্ষেত্রে সরকার কী কী ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করেছেন ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) অবশ্যই সরকার প্রত্যন্ত এলাকার ক্রীড়া মেধা অন্বেষণ ও ক্রীড়ার অনুকূল পরিবেশ প্রদানে আগ্রহী।

(খ) এক্ষেত্রে সরকার বহুমুখী পদক্ষেপ গ্রহণ করেছে—

(১) সারা রাজ্যের ১০-১৮ বছর বয়স্ক ছাত্র-ছাত্রী এবং ১০-১৯ বছর বয়স্ক অছাত্রছাত্রীদের মধ্যে যারা আন্তঃজেলাস্তর, রাজ্যস্তর ও জাতীয় স্তরের বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে তাদের মাসিক ৪০০ টাকা হিসাবে পাঁচ মাসের জন্য (নভেম্বর ২০১০—মার্চ ২০১১) মোট ২০০০ টাকা করে ৩২৭৩ জনকে অনুদান দেওয়া হয়েছে। এ বাবদ মোট খরচ ৬৫,৪৬,০০০ টাকা।

(২) পঞ্চায়েত যুব ক্রীড়া ও খেল অভিযান (পাইকা)-র মাধ্যমে ১০টি ক্রীড়া বিভাগের উপর ব্লক, জেলা ও রাজ্যস্তরে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। ৩৩৫টা গ্রাম পঞ্চায়েতকে ১ লক্ষ টাকা করে পরিকাঠামো উন্নয়নের জন্য দেওয়া হয়েছে। ওই খাতে ৩৩টি ব্লককে ৫ লক্ষ টাকা করে দেওয়া হয়েছে। এছাড়া ৩৬৮ জন ক্রীড়াশ্রী নিযুক্ত হয়েছেন যারা গ্রামীণ খেলোয়াড়দের উৎসাহ দেবেন।

হস্তচালিত তাঁতশিল্পী শুমারি

৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৩৬) শ্রীমতী জাহানারা খান : ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হস্তচালিত তাঁতশিল্পী-শুমারির কাজ শেষ হয়েছে ;

(খ) সত্যি হলে, জেলাভিত্তিক তথ্য ; এবং

(গ) এই তাঁতশিল্পীদের কতজনকে সামাজিক সুরক্ষা প্রকল্পের অন্তর্ভুক্ত করা হয়েছে ?

ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, ভারত সরকারের বস্ত্রমন্ত্রক কর্তৃক তৃতীয় (২০০৯-১০) হস্তচালিত তাঁতশিল্পী-শুমারির কাজ শেষ হয়েছে।

(খ) তাঁতশিল্পী-শুমারির কাজ জেলাভিত্তিক হলেও এ বিষয়ে যে বই বস্ত্রমন্ত্রক প্রকাশ করেছেন তাতে কেবলমাত্র রাজ্যভিত্তিক তথ্য আছে। এ বিষয়ে বস্ত্রমন্ত্রক থেকে পরে যে জেলাভিত্তিক তথ্য পাওয়া গিয়েছে তা নীচে বর্ণিত হল :

ক্রমিক সংখ্যা	জেলা	তাঁতশিল্পীর সংখ্যা (১৮ বছর বা অধিক)	সহযোগী তাঁতশিল্পীর সংখ্যা (১৮ বছর বা অধিক)
১	বাঁকুড়া	৬১৪১	৫৬৫০
২	বর্ধমান	৪৮৮৫৪	৩৬০৪৫
৩	কোচবিহার	২৯৭৬	২৬০৭
৪	বীরভূম	৯৫৮১	৯৮৮৩
৫	দক্ষিণ দিনাজপুর	২০৫৩৪	১১২৯০
৬	দার্জিলিং	৫৮	৩১
৭	হাওড়া	৩৬৩৪	৩৩৮৬
৮	হুগলি	১৭৯৪৯	১৮৮৩০

ক্রমিক সংখ্যা	জেলা	তাঁতশিল্পীর সংখ্যা (১৮ বছর বা অধিক)	সহযোগী তাঁতশিল্পীর সংখ্যা (১৮ বছর বা অধিক)
৯	জলপাইগুড়ি	১৫৯	১৭
১০	মালদা	১১৫১৮	৩৯৩৭৯
১১	মেদিনীপুর (পূর্ব)	১৫৮১৬	১১৯২৮
১২	মেদিনীপুর (পশ্চিম)	২০৭৫	১২৮৮
১৩	মুর্শিদাবাদ	২০৫৫৬	৫৩৬৭২
১৪	নদিয়া	১৮১৩৮৪	১১৩৪৩১
১৫	উত্তর ২৪-পরগনা	৪৭৩৬	৪২২৮
১৬	পুরুলিয়া	৫৫	৪৭
১৭	দক্ষিণ ২৪-পরগনা	১৮৮৪	৪৬৫২
১৮	উত্তর দিনাজপুর	৬০৭	১২৫
	মোট	৩৪৮৫১৭	৩১৬৪৮৯
	সর্বমোট	৬৬৫০০৬	

(গ) সামাজিক সুরক্ষা প্রকল্পের অন্তর্ভুক্ত তিনটি প্রকল্পে নিম্নোক্ত সংখ্যক তাঁতশিল্পীকে অন্তর্ভুক্ত করা হয়েছে :

(i) স্বাস্থ্যবীমা প্রকল্প : এই প্রকল্পের অধীনে এ পর্যন্ত ২,৩১,২৭০ (দুই লক্ষ একত্রিশ হাজার দুইশত সত্তর) পরিবারকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

(ii) মহাত্মা গান্ধী বুনকর বীমা যোজনা : এই প্রকল্পের অধীনে এ পর্যন্ত মোট ৩৭,৬২৯ (সাঁইত্রিশ হাজার ছয়শত উনত্রিশ) জন তাঁতশিল্পী ও সহযোগী কর্মীদের অন্তর্ভুক্ত করা হয়েছে।

(iii) বার্ধক্য ভাতা প্রকল্প : এই প্রকল্পের অধীনেও এ পর্যন্ত ৩,৯৫৮ (তিন হাজার নয়শত আটান্ন) জন তাঁতশিল্পীদের অন্তর্ভুক্ত করা হয়েছে।

আদিবাসীদের আর্থ-সামাজিক উন্নয়ন

৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪২) **শ্রী নাজমুল হক** : পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পশ্চিমাঞ্চলের আদিবাসীদের আর্থিক ও সামাজিক উন্নয়নের জন্য কী কী প্রকল্প চালু আছে ?

পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : চালু প্রকল্পগুলি হল :

(১) মুরগি পালন
(২) লাক্ষা চাষ

(৩) জরির কাজ
(৪) পশুপালন (ছাগল, শূকর)
(৫) টেলারিং
(৬) শিক্ষা প্রসারের জন্য আদিবাসী হস্টেল ও ক্লাসরুম নির্মাণ
(৭) রেকসিন ব্যাগ তৈরিকরণ।

শিক্ষক-শিক্ষিকা নিয়োগ

৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৩) শ্রী নাজমুল হক : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১১-১২ ও ২০১২-১৩ আর্থিক বছরগুলিতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলিতে কতজন শিক্ষক-শিক্ষিকা নিযুক্ত করা হবে ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : জেলা বিদ্যালয় পরিদর্শকদের কাছ থেকে সম্ভাব্য শূন্যপদের সংখ্যা না পাওয়ার জন্য পরবর্তী আঞ্চলিকভিত্তিক নির্বাচনী পরীক্ষার মাধ্যমে কতজন শিক্ষক/প্রধান শিক্ষক নিয়োগের জন্য সুপারিশ করা হবে তা এখনই বলা সম্ভব হল না। কারণ বিধিবদ্ধ নিয়ম অনুযায়ী শূন্যপদের সংখ্যা ৩১ ডিসেম্বরের মধ্যে পাওয়া যাবে এবং তদনুসারে সম্ভাব্য শূন্যপদ সংখ্যা নিরূপণ করা যাবে।

প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা

৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫০) শ্রী অপূর্ব সরকার : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০ জুন, ২০১১ পর্যন্ত প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় মুর্শিদাবাদ জেলায় কত কিলোমিটার রাস্তা নির্মাণ করা হয়েছে ; এবং

(খ) কত টাকা খরচ করা হয়েছে ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৯৩৬.৩৮ কিলোমিটার।

(খ) ৩১৮২৮.৭৯ লক্ষ টাকা।

শিক্ষক-শিক্ষিকা নিয়োগে সরকারি সিদ্ধান্ত

৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৩) শ্রী বাসুদেব খাঁ : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বেশ কিছু শিক্ষক-শিক্ষিকা নিয়োগের বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, কবে থেকে উক্ত নিয়োগ প্রক্রিয়ার কাজ শুরু হবে আশা করা যায় ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্য সরকার শিশুর বিনা ব্যয়ে এবং বাধ্যতামূলক শিক্ষার আইন, ২০০৯ অনুসারে রাজ্যের বিভিন্ন জেলায় ৫৪৪৫টি

প্রাথমিক শিক্ষকের পদ ও ৩৯,৫১০টি উচ্চ প্রাথমিক শিক্ষক পদ সৃষ্টি করেছেন। উল্লিখিত পদগুলি পূরণ করা নিমিত্ত এন.সি.টি.ই রেগুলেশান, ২০১০ অনুসারে নিয়োগবিধি তৈরি করার প্রক্রিয়া চলছে।

(খ) উক্ত নিয়োগবিধি সম্পন্ন হলে নিয়োগ প্রক্রিয়া শুরু করা হবে।

জঙ্গলমহলে পানীয় জল সরবরাহ

১০০। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯৩) **শ্রী প্রবোধ চন্দ্র সিংহ** : জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জঙ্গলমহলে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের জন্য সরকার বিশেষ কোনো পরিকল্পনা গ্রহণ করেছে কিনা ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, (১) উক্ত প্রকল্প রূপায়ণের আনুমানিক ব্যয় কত ; ও (২) কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, জঙ্গলমহলের পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া এবং পুরুলিয়া জেলায় বিশুদ্ধ পানীয় জল সরবরাহের জন্য সরকার প্রথম ধাপে ২০০৯-১০ সালে ৯২টি ভূ-গর্ভস্থ নলবাহিত জল সরবরাহ প্রকল্প গ্রহণ করা হয়েছে। যার মধ্যে ২৬টি প্রকল্প চালু করা হয়েছে। ২২টি প্রকল্প ২০১১ সালের সেপ্টেম্বর মাসে চালু করা হবে এবং ২টি প্রকল্পের কাজ সম্প্রতি চালু করা হয়েছে। বাকি ৪২টি প্রকল্পের প্রস্তুতির কাজ চলছে, যা খুব শীঘ্রই চালু হবে।

দ্বিতীয় ধাপে, ১১টি বৃহৎ ভূপৃষ্ঠস্থ (large surface) এবং ৪২টি অন্তঃভূপৃষ্ঠস্থ (Sub surface water based) এবং ৪২টি ভূ-গর্ভস্থ নলবাহিত জল সরবরাহ প্রকল্পের প্রস্তুতি চলছে।

(খ) (১) উক্ত প্রকল্পের আনুমানিক ব্যয় :
প্রথম ধাপের জন্য সম্ভাব্য ৫১.৫০ কোটি টাকা এবং
দ্বিতীয় ধাপের জন্য সম্ভাব্য ১১২.১১ কোটি টাকা।

(২) জঙ্গলমহলের সমস্ত প্রকল্প পরবর্তী ৫ বছরের (২০১১-২০১৬) মধ্যে রূপায়িত হবে।

হাওড়া জেলায় রেশন ডিলারের সংখ্যা

১০১। (অনুমোদিত প্রশ্ন নং ৬০০) **শ্রী অসিত মিত্র** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০শে জুন, ২০১১ তারিখ সাপেক্ষে হাওড়া জেলায় অনুমোদিত রেশন ডিলারের সংখ্যা কত (ব্লকওয়ারি ডিলারের নাম-সহ) ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ৩০শে জুন, ২০১১ তারিখ সাপেক্ষে হাওড়া জেলায় অনুমোদিত রেশন ডিলারের সংখ্যা ৬২৭।

ব্লকওয়ারি ডিলারের নাম সংযোজিত করা হল। (প্রশ্নের উত্তরের সংযোজনীটি গ্রন্থাগারের টেবিলে রাখা থাকবে।)

রাস্তা সংস্কারের পরিকল্পনা

১০২। (অনুমোদিত প্রশ্ন নং ৬১০) শ্রী তোয়াব আলী : পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ধুলিয়ান পৌরসভা থেকে নতুন ডাকবাংলা পর্যন্ত রাস্তাটির সংস্কারের কোনো পরিকল্পনা সরকারের আছে কি ?

পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : সমস্ত বিষয়টি খতিয়ে দেখে এই রাস্তাটি সংস্কার করা সরকারের বিবেচনাধীন।

শিল্প-কারখানা স্থাপন

১০৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৪) শ্রী তোয়াব আলী : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০৬-০৭ থেকে ২০১০-১১ আর্থিক বছর পর্যন্ত রাজ্যে কতগুলি শিল্প-কারখানা স্থাপিত হয়েছে ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২০০৬-০৭ থেকে ২০১০-১১ আর্থিক বছর পর্যন্ত রাজ্যে মোট ১৩১৩টি শিল্প-কারখানা স্থাপিত হয়েছে।

নতুন কলেজ স্থাপন

১০৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৬) শ্রী তোয়াব আলী : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় নতুন মহাবিদ্যালয় স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কি ; এবং

(খ) থাকলে, উক্ত মহাবিদ্যালয়গুলি কোন কোন ব্লকে স্থাপিত হবে ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ। সরকার এ বিষয়ে চিন্তা-ভাবনা করছে।

(খ) আলোচনার পর্যায়ে রয়েছে।

বিদ্যালয়ে পঠনপাঠনের সময়সীমা

১০৫। (অনুমোদিত প্রশ্ন নং ৬২৬) শ্রী সুনীল কুমার মণ্ডল : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিদ্যালয়গুলির ক্ষেত্রে ক্লাস শুরু থেকে ছুটি হওয়া পর্যন্ত যে সময়সীমা বর্তমানে চালু আছে তা বৃদ্ধির কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : বিদ্যালয়গুলির ক্ষেত্রে ক্লাস শুরু থেকে ছুটি হওয়া পর্যন্ত যে সময়সীমা বর্তমানে চালু আছে তা বৃদ্ধি করার ব্যাপারে এখনও পর্যন্ত কোনো পরিকল্পনা নেই।

নতুন স্টেডিয়াম নির্মাণ

১০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮১) **শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১.১.২০১০ থেকে ৩১.৭.২০১১ পর্যন্ত রাজ্যে নতুন কয়টি খেলার স্টেডিয়াম নির্মাণ করা হয়েছে ;

(খ) উক্ত কার্যে ব্যয়িত অর্থের পরিমাণ কত ; এবং

(গ) স্টেডিয়ামগুলি কোন কোন জেলায় কী কী খেলার উপযোগী করে তৈরি করা হয়েছে ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ০১.০১.২০১০ থেকে ৩১.০৭.২০১১ পর্যন্ত রাজ্যে ৩ (তিন)টি স্টেডিয়াম/মিনি ইন্ডোর স্টেডিয়াম/স্পোর্টস কমপ্লেক্স তৈরি হয়েছে/হচ্ছে।

(খ) উক্ত কার্যে ব্যয়িত অর্থের পরিমাণ ১,২৫,০০,০০০/- (এক কোটি পঁচিশ লক্ষ) টাকা।

(গ) স্টেডিয়ামগুলি নিম্নরূপ :

(১) গয়েশপুর স্পোর্টস কমপ্লেক্স, নদিয়া। এখানে ফুটবল, ক্রিকেট, হকি প্রভৃতি বহির্বিভাগীয় ক্রীড়োপযোগী পরিকাঠামো হয়েছে।

(২) আলিপুরদুয়ার মিনি ইন্ডোর স্টেডিয়াম, জলপাইগুড়ি। এখানে টেবল টেনিস, ভলিবল, বাস্কেটবল, জিমন্যাস্টিক্স প্রভৃতি অন্তর্বিভাগীয় ক্রীড়োপযোগী পরিকাঠামো হয়েছে।

(৩) গোর্খা স্টেডিয়াম—দার্জিলিং জেলা—এটি মূলত ফুটবল খেলার জন্য নির্মিত হচ্ছে।

ভূগর্ভস্থ জলের অপচয় রোধ

১০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮২) **শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে ইদানিং ভূ-গর্ভস্থ জলের যথেচ্ছ ব্যবহার ও অপচয় বেড়ে চলেছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত সমস্যা সমাধানের জন্য সরকার কী ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে ?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) কৃষি, শিল্প, নগরায়নের বিকাশ ও উন্নতি এবং জনবৃদ্ধির সাথে সাথে ভূ-গর্ভস্থ জলের চাহিদা এবং ব্যবহার বেড়েছে। ভূ-গর্ভস্থ জলের চাহিদা বৃদ্ধির সাথে সাথে অপচয়ের সম্ভাবনাও থাকে।

(খ) পশ্চিমবঙ্গ সরকার উক্ত সমস্যা অবহিত হওয়ার পর সেপ্টেম্বর, ২০০৫ সালে ভূ-গর্ভস্থ জলের পরিকল্পিত ব্যবহারের ক্ষেত্রে "পশ্চিমবঙ্গ ভূ-গর্ভস্থ জলসম্পদ পরিচালন, নিয়ন্ত্রণ ও প্রনিয়ন্ত্রণ আইন-২০০৫" প্রণয়ন করেন। ১লা আগস্ট, ২০০৬ থেকে আইনটি বলবৎ হয়েছে। এই আইনের প্রধান উদ্দেশ্য হল ভূ-গর্ভস্থ জলের সুষম বণ্টন এবং সামগ্রিক সংরক্ষণ।

সুবর্ণরেখার উপর সেতু নির্মাণ

১০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৫) **শ্রী ধীরেন্দ্র নাথ মাহাত :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাঁচী-পুরুলিয়া জাতীয় সড়কে সুবর্ণরেখা নদীর উপর সেতু নির্মাণের কাজ কবে নাগাদ শুরু হবে ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : উক্ত কাজটির নকশা সবেমাত্র শুরু হয়েছে। নকশা পাওয়ার পর সেতুটির প্রাক্কলন তৈরির কাজ শুরু হবে। সবকিছু ঠিকঠাক থাকলে আগামী আর্থিক বর্ষে শুরু হবার সম্ভাবনা আছে।

পাণ্ডুয়াতে ক্রীড়া ময়দান

১০৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৮) **শ্রী শেখ আমজাদ হোসেন :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার পাণ্ডুয়া ব্লকের পাণ্ডুয়া ফুটবল মাঠে কোনো ক্রীড়া ময়দান নির্মাণের পরিকল্পনা আছে কিনা ;

(খ) থাকলে, কবে নাগাদ কাজ শুরু হবে বলে আশা করা যায় ; এবং

(গ) উক্ত কাজের জন্য আনুমানিক সময়সীমা কত ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) না, এই মুহূর্তে এরূপ কোনো পরিকল্পনা গৃহীত হয়নি। প্রস্তাব এলে বিবেচনা করা যেতে পারে।

(খ) প্রশ্নই আসে না।

(গ) প্রশ্নই আসে না।

জঙ্গলমহলে বি.পি.এল. তালিকা

১১০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৯৬) শ্রী খগেন মুর্মু : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, জঙ্গলমহল এলাকায় বসবাসকারী সকল আদিবাসী পরিবারকে বি.পি.এল. তালিকার আওতাভুক্ত করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, এ পর্যন্ত কত পরিবারকে উক্ত তালিকার আওতাভুক্ত করা হয়েছে ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) না। জঙ্গলমহল এলাকায় বসবাসকারী সকল আদিবাসী পরিবারকে বি.পি.এল. তালিকাভুক্ত করা হয়নি।

(খ) প্রযোজ্য নয়।

বর্ধমান জেলায় অনুমোদিত রেশন ডিলার

১১১। (অনুমোদিত প্রশ্ন নং ৭০১) শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০শে জুন, ২০১১ তারিখের সাপেক্ষে বর্ধমান জেলায় অনুমোদিত রেশন ডিলারের সংখ্যা কত (ব্লকওয়ারি নাম ও ঠিকানা সহ) ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ৩০শে জুন, ২০১১ তারিখের সাপেক্ষে বর্ধমান জেলায় অনুমোদিত রেশন ডিলারের সংখ্যা ১৯০৯। নাম ও ঠিকানাসহ ব্লকওয়ারি তথ্য সংযোজিত করা হল। (সংযোজনটি গ্রন্থাগারের টেবিলে রাখা থাকবে)

বর্ধমান জেলায় বি.পি.এল. গ্রাহক

১১২। (অনুমোদিত প্রশ্ন নং ৭০৬) শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০শে জুন, ২০১১ তারিখ সাপেক্ষে বর্ধমান জেলার বি.পি.এল. তালিকাভুক্ত গ্রাহকের সংখ্যা কত (ব্লকভিত্তিক তথ্যসহ) ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ৩০শে জুন, ২০১১ তারিখ সাপেক্ষে বর্ধমান জেলার বি.পি.এল. তালিকাভুক্ত গ্রাহকের সংখ্যা নিম্নরূপ :

বি.পি.এল. - ১৬,২৭,৩৯৭ জন

এ.এ.ওয়াই - ৬,২৬,৫৫৪ জন

ব্লকভিত্তিক তালিকা নীচে দেওয়া হল।

Name of Sub Division	Name of the Block / Municipality	B. P. L.				A. A. Y.			
		Adult	Minor	Total Head	Total Unit	Adult	Minor	Total Head	Total Unit
Burdwan Sadar	Ausgram - I	27511	9292	36803	32157.0	11568	1399	12967	12267.5
	Ausgram - II	35910	2608	38518	37214.0	15856	365	16221	16038.5
	Burdwan (S) - I	40855	9304	50159	45507.0	14479	258	14737	14608.0
	Burdwan (S) - II	23456	11114	34570	29013.0	13575	1559	15134	14354.5
	Bhatar	51728	10442	62168	56947.0	24062	3527	27589	25825.5
	Galsi - I	22965	4140	27105	25035.0	7120	784	7904	7512.0
	Galsi - II	34299	501	34800	34549.5	14793	1812	16605	15899.0
	Jamalpur	46907	10670	57577	52242.0	29775	6	29781	29778.0
	Khandoghosh	38836	6830	45665	42250.0	16655	788	17443	17049.0
	Memari - I	37886	11037	48923	43404.5	17256	1969	19225	18240.5
	Memari - II	25280	8893	34173	29726.5	14553	952	15505	15029.0
	Raina - I	36124	4853	40977	38550.5	13529	1096	14625	14077.0
	Raina - II	28895	6084	34979	31937.0	14905	743	15648	15276.5
	Burdwan Municipality	46904	12194	59098	53001.0	21071	2713	23784	22427.5
	Gushkara Municipality	2905	1498	4403	3654.0	8230	1268	9498	8864.0
	Memari Municipality	990	1806	2796	1893.0	8760	1332	10092	9426.0
Kalna	Kalna - I	37280	282	37562	37421.0	10807	2480	13287	12047.0
	Kalna - II	24722	5904	30626	27674.0	14902	4161	19063	16982.5
	Purbasthali - I	35902	6189	42091	38996.5	11033	1234	12267	11650.0
	Purbasthali - II	43273	1760	45033	44153.0	11503	1247	12750	12126.5
	Monteswar	51315	5694	57009	54162.0	20604	2007	22611	21607.5
	Kalna Municipality	4742	2373	7115	5928.5	9292	2183	11475	10383.5
Katwa	Katwa - I	29581	11420	41001	35291.0	5697	2719	8416	7056.5
	Katwa - II	24203	3782	27985	26094.0	2889	1926	4815	3852.0
	Ketugram - I	26678	3850	30528	28603.0	4109	1906	6015	5062.0
	Ketugram - II	17580	5468	23048	20314.0	11854	2199	14053	12953.5
	Mongalkote	46193	12863	59056	52624.5	21815	3126	24941	23378.0
	Katwa Municipality	7990	5264	13254	10622.0	6446	1785	8231	7338.5
	Dainhat Municipality	Nil	Nil	0	Nil	5377	1386	6763	6070.0
Asansol	Barabani	44528	1004	45532	45030.0	12891	1281	14172	13531.5
	Raniganj	22693	3113	25706	24149.5	15696	640	16336	16016.0
	Jamuria	48207	3911	52118	50162.5	10618	1261	11879	11248.5
	Salanpur	59368	14977	74345	66856.5	12753	1142	13895	13324.0
	Asansol Corp.	34601	693	35294	34947.5	13794	2129	15923	14858.5
	Raniganj Municipality	22100	1530	23630	22865.0	10809	2122	12931	11870.0
	Jamuria Municipality	27751	4921	32682	30221.5	10935	1650	12585	11760.0
	Kulti Municipality	90226	9678	99904	95065.0	8686	759	9425	9045.5
Durgapur	Galsi - I & Ausgram- II	23442	5196	28638	26040.0	6992	849	7841	7416.5
	Kanksa	38898	11666	50564	44731.0	11348	2112	13460	12404.0
	Durgapur Faridpur	18920	4382	23302	21111.0	8238	1421	9659	8948.5
	Andal	41312	7268	48580	44946.0	10937	1399	12336	11636.5
	Pandabeswar	31573	7605	39178	35376.5	10797	884	11681	11239.0
	Durgapur DMC Area	19701	6109	25810	22755.5	8222	1438	10660	9941.0

শিশু ও মাধ্যমিক শিক্ষা কেন্দ্র

১১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩১) শ্রী রামেশ্বর দোলই : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে (৩১শে মার্চ, ২০১১ পর্যন্ত) শিশু শিক্ষাকেন্দ্রের সংখ্যা কত ;

(খ) উক্ত শিশু শিক্ষাকেন্দ্রগুলিতে ছাত্র/ছাত্রীর সংখ্যা কত ;

(গ) রাজ্যের (৩১শে মার্চ ২০১১ পর্যন্ত) মাধ্যমিক শিক্ষাকেন্দ্রে পাঠরত ছাত্র/ছাত্রীর সংখ্যা কত ;

(ঘ) রাজ্যের শিশু শিক্ষাকেন্দ্র ও মাধ্যমিক শিক্ষাকেন্দ্রের শিক্ষকদের (সহায়িকা/সম্প্রসারক) নিয়োগপত্র প্রদান বন্ধ আছে কিনা ; এবং

(ঙ) বন্ধ থাকলে, কারণ কী ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) শিশু শিক্ষাকেন্দ্রের সংখ্যা : ১৬১০০

(খ) ছাত্র/ছাত্রীর সংখ্যা : ১৪২৪৬৮০
ছাত্র : ৭১৩৪২৭ (৫০.০৮%)
ছাত্রী : ৭১১২৫৩ (৪৯.৯২%)

(গ) ছাত্র/ছাত্রীর সংখ্যা : ৩৯৭৬৩২
ছাত্র : ১৮২০৪৩ (৪৫.৭৮%)
ছাত্রী : ২১৫৫৮৯ (৫৪.২২%)

(ঘ) না, বন্ধ নেই।

(ঙ) প্রযোজ্য নয়।

বন্ধ রাইস মিল

১১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪১) শ্রী অজিত ভুঞ্যা : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সমগ্র পশ্চিম মেদিনীপুর জেলায় এবং বিশেষত ডেবরা ব্লকে বন্ধ হয়ে যাওয়া রাইস মিলের সংখ্যা কত (৩১শে মার্চ, ২০১১ পর্যন্ত) ;

(খ) উক্ত মিলগুলিকে পুনরায় চালু করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(গ) থাকলে, পরিকল্পনাটি কীরূপ ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) মোট ১৬ (ষোল)টি রাইস মিল পশ্চিম মেদিনীপুর জেলায় বন্ধ আছে। তন্মধ্যে ডেবরাতে ৪ (চার)টি মিল বন্ধ আছে।

(খ) যেহেতু রাইস মিলগুলি মালিকানা-ভিত্তিক সেইজন্য রাজ্য সরকারের খাদ্য ও সরবরাহ দপ্তর ওই মিলগুলো খোলার ব্যাপারে সরাসরি কোনো উদ্যোগ নিতে পারে না। তবে মিলগুলো খোলার ব্যাপারে ব্যক্তিগত মালিকেরা কোনো সহযোগিতা পাবার জন্য যদি অনুরোধ করেন তবে সরকার সে ব্যাপারে যথাযথ সাহায্য দিতে আগ্রহী।

(গ) জেলা খাদ্য নিয়ামকদের দায়িত্ব দেওয়া হয়েছে প্রতিটি জেলায় যে যে রাইস মিল বন্ধ আছে এবং কী কারণে বন্ধ আছে তা অনুসন্ধান করে সত্বর রিপোর্ট দেবার জন্য যাতে করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া যায়।

প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা

১১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪৭) **শ্রীমতী প্রতিমা রজক** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বড়ঞা বিধানসভা কেন্দ্রে কতগুলি প্রাথমিক বিদ্যালয় আছে ; এবং

(খ) উক্ত বিদ্যালয়গুলিতে শিক্ষক-শিক্ষিকার সংখ্যা কত ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) মুর্শিদাবাদ জেলায় বড়েঞা বিধানসভা কেন্দ্রে ২৭৬টি প্রাথমিক বিদ্যালয় ও ১২১টি শিশু শিক্ষা কেন্দ্র আছে।

(খ) উক্ত প্রাথমিক বিদ্যালয়ে ১০১৫ জন শিক্ষক-শিক্ষিকা এবং উক্ত শিশু শিক্ষা কেন্দ্রে ৩২৫ জন সহায়িকা আছেন।

Fire Stations In Murshidabad

116. (Admitted Question Number 757) **Shri Humayun Kabir :** Will the Minister-in-Charge of the Fire and Emergency Services Department be pleased to state—

(a) number of Fire Stations functioning in Murshidabad district as on 30.06.2011 ; and

(b) the details thereof ?

Minister-In-Charge of the Fire and Emergency Services Department : (a) There are 3 (Three) Nos. Fire Stations functioning in the district of Murshidabad as on 30.06.2011 and

(b) the details are as follows :-

(i) Berhampore Fire Station

(ii) Dhuliyan Fire Station, and

(iii) Kandi Fire Station.

স্বনির্ভর গোষ্ঠী কর্তৃক উৎপাদিত সামগ্রীর বিপণন

১১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৮) **শ্রী হুমায়ুন কবীর** : স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে স্বনির্ভর গোষ্ঠীগুলির উৎপাদিত দ্রব্য বিক্রয়ের জন্য প্রতিটি জেলায় বিপণন কেন্দ্র চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, এই পরিকল্পনার রূপরেখা কীরূপ ?

স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, প্রতিটি জেলায় বিপণন কেন্দ্র চালু করার পরিকল্পনা আছে।

(খ) উত্তর ২৪ পরগনা জেলায় ছয় জায়গায়, বর্ধমান জেলায় দুই জায়গায় এবং মুর্শিদাবাদ জেলায় এক জায়গায় Training cum Marketing Complex - RIDF project-এর অধীনে কাজ চলছে। এর মধ্যে উত্তর ২৪ পরগনা জেলায় ধামাখালিতে এবং বর্ধমান জেলার খণ্ডঘোষ এবং মাধবডিহিতে প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের কাজ সমাপ্তির শেষ পর্যায়ে। State Budget provision থেকে রাজারহাট নিউটাউনে, দুর্গাপুর সিটি সেন্টারে এবং দুর্গাপুরের ফুলঝোড় মৌজায় সাকুল্যে তিনটি বিপণন কেন্দ্র স্থাপনের কাজ শুরু হচ্ছে। ইহা ছাড়া প্রতিটি জেলার প্রধান কার্যালয়ে একটি করে বিপণন কেন্দ্র স্থাপনের জন্য পরিকল্পনা আছে। এই বিষয়ে জেলাশাসক মহাশয়দের উপযুক্ত জমির সন্ধান করার জন্য বলা হয়েছে।

বহরমপুর কেন্দ্রীয় সংশোধনাগারে বিচারাধীন বন্দী

১১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬৫) **শ্রীমতী ফিরোজা বেগম** : সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০শে জুন ২০১১ সাপেক্ষে বহরমপুর কেন্দ্রীয় সংশোধনাগারে মোট বিচারাধীন বন্দীর সংখ্যা কত ; এবং

(খ) এই সংশোধনাগারে মোট কতজন ওয়ার্ডার নিযুক্ত আছে ?

সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩০.০৬.২০১১ তারিখে বহরমপুর কেন্দ্রীয় সংশোধনাগারে মোট বিচারাধীন বন্দীর সংখ্যা ৮৩০ জন।

(খ) বহরমপুর কেন্দ্রীয় সংশোধনাগারে ১৭৬ জন ওয়ার্ডার আছে।

রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুতায়ন প্রকল্পে বিদ্যুৎ সংযোগ

১১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬৮) **শ্রীমতী ফিরোজা বেগম** : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০শে জুন, ২০১১ সাপেক্ষে 'রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুতায়ন প্রকল্পে' রানিনগর বিধানসভা এলাকায় মোট কতগুলি মৌজায় নতুন বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ৩০শে জুন, ২০১১ সাপেক্ষে রানিনগর ১ নং ব্লকের অন্তর্গত ১৫টি গ্রামে এবং রানিনগর ২ নং ব্লকের অন্তর্গত ৯টি গ্রামে 'রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুতায়ন প্রকল্প' (একাদশ পরিকল্পনা)-এ বৈদ্যুতিকরণ করা হয়েছে।

পুরুলিয়া জেলায় বৈধ রেশন কার্ড

১২০। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮০) **শ্রী উমাপদ বাউড়ি :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পুরুলিয়া জেলায় বর্তমানে বৈধ রেশন কার্ডের সংখ্যা কত (এ.পি.এল. এবং বি.পি.এল. তালিকাসহ) ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ৩১.০৫.২০১১ তারিখ পর্যন্ত পুরুলিয়া জেলায় বৈধ রেশন কার্ড সংখ্যা নিম্নরূপ :

	প্রাপ্ত বয়স্ক	অপ্রাপ্ত বয়স্ক	মোট
এ.পি.এল. কার্ডের সংখ্যা	১০,৪৩,৪৬৬	৩,৮৭,১০৩	১৪,৩০,৫৬৯
বি.পি.এল. কার্ডের সংখ্যা	৭,৮১,১৪৮	৯২,৮২৮	৮,৭৩,৯৭৬

রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুতায়ন প্রকল্প

১২১। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮২) **শ্রী উমাপদ বাউড়ি :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০শে জুন, ২০১১ সাপেক্ষে 'রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুতায়ন যোজনায়' পুরুলিয়া জেলায় মোট কতগুলি মৌজায় বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩০শে জুন, ২০১১ সাপেক্ষে 'রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুতায়ন যোজনায় (দশম পরিকল্পনা) ও রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুতায়ন যোজনায় (একাদশ পরিকল্পনা)' পুরুলিয়া জেলায় যথাক্রমে ৪৫৫টি ও ১৬১৯টি গ্রামে বৈদ্যুতিকরণ হয়েছে।

খাদ্যদ্রব্যের মূল্যবৃদ্ধি রোধ

১২২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮৫) **শ্রী আব্দুর রহিম বক্সী :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) খাদ্যদ্রব্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি রোধে সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করেছে কিনা ;

(খ) করে থাকলে, পরিকল্পনাটি কীরূপ ; এবং

(গ) পরিকল্পনাটি কতদিনে বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, করেছেন।

(খ) দ্রব্যমূল্য রোধে সরকার খাদ্য দপ্তরের মাধ্যমে বিভিন্ন সময়, সংশ্লিষ্ট পণ্যের সরবরাহ সুনিশ্চিত করার ব্যবস্থা করে থাকে এবং করছে। এরই অঙ্গ হিসাবে রাজ্যের রেশন দোকানের মাধ্যমে বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় সামগ্রী যেমন, সরিষার তৈল, আস্ত মটরডাল, সাবান, ডিটারজেন্ট, এ.পি.এল. গ্রাহকদের জন্য চিনি সরবরাহ করে থাকে।

আলুর বাজারদর যাতে সুনিয়ন্ত্রিত থাকে তার জন্য চাষিদের কাছ থেকে আলু কিনে তা কম দামে বিক্রির ব্যবস্থা করা হয়।

এ ছাড়া আরও কিছু Non-PD-Item, যেমন বিস্কুট, খাতা, লবণ, হলুদ, দেশলাই ইত্যাদি পণ্য রাজ্যে রেশন দোকানের মাধ্যমে বিক্রির ব্যবস্থা করা হয়েছে।

এ ছাড়াও চাল ও চিনির মতো অতি অত্যাবশ্যকীয় ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির মূল্য বৃদ্ধি প্রশমনের জন্য নিম্নলিখিত কন্ট্রোল অর্ডারগুলি জারি আছে।

(১) W.B.Rice (Storage Control) Order, 2008
(২) W.B.Sugar (Storage Control) Order, 2009

(গ) কাজ চলছে।

কৃষিভিত্তিক কুটির শিল্প

১২৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮৬) **শ্রী আব্দুর রহিম বক্সী :** ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গ্রামাঞ্চলের প্রকট বেকার সমস্যা সমাধানকল্পে কৃষিভিত্তিক কুটির শিল্প প্রতিষ্ঠার কোনো পরিকল্পনা বর্তমান সরকারের আছে কি না ;

(খ) থাকলে, কোন জেলায় কী ধরনের কুটির শিল্প প্রতিষ্ঠিত হবে ; এবং

(গ) কতদিনে তা রূপায়িত হবে বলে আশা করা যায় ?

ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) আমাদের রাজ্যে কৃষিভিত্তিক কুটির শিল্পের সম্ভাবনা প্রায় প্রতিটি জেলায় আছে। কৃষিজাত শিল্পের কাঁচামাল পশ্চিমবঙ্গে প্রায় সব জেলাতেই পাওয়া যায়। ওই সংক্রান্ত নতুন শিল্প বিভিন্ন জেলায় গড়ে ওঠার সম্ভাবনা আছে। সরকার নতুন আরও কৃষিজাত শিল্প সারা রাজ্যে গড়ে তোলার জন্য বিভিন্ন প্রকল্প হাতে নিয়েছে। দক্ষিণ চব্বিশ পরগনা নারিকেলের উৎপাদনে প্রথম স্থান অধিকার করে। সুতরাং নারিকেলের ছোবড়া ওই জেলায় প্রচুর পরিমাণে

উৎপাদন হয়। ছোবড়াজাত শিল্প গড়ে ওঠার সম্ভাবনা আছে। বর্তমানে ওই জেলার ধনচেবেড়িয়াতে একটি গুচ্ছপ্রকল্প স্থাপন করা হয়েছে। ওই প্রকল্পে ছোবড়ার বিভিন্ন দ্রব্য যেমন পাপোষ, দড়ি, গদি ইত্যাদি তৈরি করার কুটির শিল্প আরও গড়ে ওঠার সম্ভাবনা আছে। তাদের সুবিধার জন্য দক্ষিণ ২৪ পরগনার ধনচেবেড়িয়ায় একটি গুচ্ছ প্রকল্প স্থাপন করা হয়েছে। ওই গুচ্ছ প্রকল্পের আওতায় কমন ফেসিলিটি সেন্টার এখন কার্যকরী অবস্থায় আছে। এর ওপর ভিত্তি করে আরো ছোবড়াকেন্দ্রিক শিল্প গড়ে ওঠার সম্ভাবনা আছে। আরও মানুষ যাতে এই শিল্পে অংশগ্রহণ করে এই শিল্পের লাভ নিতে পারে সেজন্য সরকারের পক্ষ থেকে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এই ধরনের প্রশিক্ষণ অন্যান্য জেলা যেমন হাওড়া, পূর্ব মেদিনীপুর, বর্ধমান এবং মুর্শিদাবাদ-এও আয়োজন করা হলে এই জেলাগুলিতেও আরো ছোবড়াকেন্দ্রিক শিল্প গড়ে উঠবে। এই শিল্পের কাঁচামালের উৎপাদনকল্পে কোকোনাট ডেভেলপমেন্ট বোর্ডকে সহায়তা করার জন্য অনুরোধ করা হয়েছে। এর মাধ্যমে আরো নতুন শিল্প হবে। দক্ষিণ ২৪ পরগনার গুচ্ছপ্রকল্পের উৎপাদিত সামগ্রী বিক্রি করার জন্য সরকারের তরফ থেকে দক্ষিণাপণে একটি শোরুমের ব্যবস্থা করা হয়েছে। এতে ছোবড়ার দ্রব্যের বিপণনে সুবিধা হবে।

পশ্চিম মেদিনীপুরের সবং এলাকায় মাদুর শিল্পের সম্ভাবনা প্রচুর। ওই জেলায় মাদুরশিল্পের উন্নতিকল্পে একটি গুচ্ছ প্রকল্প স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। মাদুরশিল্পের সম্ভাবনার কথা ভেবে এবং দেশে ও বিদেশের বাজারের উপযোগী করার লক্ষ্যে উন্নততর প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে যার দ্বারা আরো মাদুর শিল্প প্রতিষ্ঠা হওয়ার সম্ভাবনা আছে। কুচবিহার, মালদহ, উত্তর দিনাজপুর ও দক্ষিণ দিনাজপুরে বাঁশের শিল্পের প্রবল সম্ভাবনা আছে।

উন্নতমানের বাঁশের হস্তশিল্পজাত দ্রব্য উৎপাদনের জন্য সরকারের তরফ থেকে কার্যকরী ভূমিকা নেওয়া হয়েছে। উন্নততর প্রশিক্ষণের মাধ্যমে উচ্চমানের দ্রব্য উৎপাদন শুরু হয়েছে এবং এই দ্রব্যের চাহিদা বাজারে আরও বাড়াতে ওই প্রশিক্ষণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই শিল্পে বেকার যুবকদের আগ্রহ বাড়াতে আরও শিল্প প্রতিষ্ঠার মাধ্যমে কর্মসংস্থানের বৃদ্ধির করার উদ্যোগ নেওয়া হয়েছে।

পশ্চিমবঙ্গের অধিকাংশ জেলাগুলিতে পাটের প্রচুর উৎপাদন হয়ে থাকে। উক্ত পাটজাত দ্রব্যের সম্ভাবনার কথা ভেবে রাজ্য সরকারের তরফ থেকে কিছু প্রকল্প রূপায়ণের উদ্যোগ নেওয়া হয়েছে। জুট ডাইভার্সিফাইড প্রকল্পের উন্নতিকল্পে বিভিন্ন সংস্থার সাহায্য নেওয়ার সিদ্ধান্ত হয়েছে। বিভিন্ন রকমের প্রশিক্ষণের মাধ্যমে বিভিন্ন শিল্পীদের এই প্রক্রিয়ায় সামিল করা হবে। পাট শিল্পের উন্নতির জন্য কোচবিহার জেলার চকচকায় একটি জুট পার্ক স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রতিটি জেলায় এই শিল্পের প্রতিষ্ঠার মাধ্যমে কর্মসংস্থানের সম্ভাবনা আছে।

জলপাইগুড়ি, শিলিগুড়ি এবং কুচবিহার জেলায় বেতজাত শিল্পের সম্ভাবনা প্রবল। এইসব এলাকায় বেত শিল্পে আগ্রহ বাড়ানোর জন্য প্রশিক্ষণের ব্যবস্থা নেওয়া হয়েছে। আসাম এবং ত্রিপুরা থেকে কাঁচামাল আমদানি করার ব্যবস্থা হয়েছে, যাতে আরো নতুন শিল্প গড়ে উঠতে পারে।

বর্ধমানে একটি চালকলের গুচ্ছ, উত্তর দিনাজপুরে একটি সরষের তেলের গুচ্ছপ্রকল্প স্থাপনের জন্য উদ্যোগ শুরু হয়েছে।

মৌমাছি পালনের জন্য বিভিন্ন জেলা থেকে প্রস্তাব গ্রহণ করে এই শিল্পের বৃদ্ধি করার আয়োজন করা হচ্ছে। জেলাগুলিতে প্রশিক্ষণ ও মৌমাছি পালনের বাক্স (Bee Keeping Box) সরবরাহ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে, যাতে নতুন উদ্যোগী এই শিল্প প্রতিষ্ঠায় এগিয়ে আসেন।

পুরুলিয়া জেলায় লাক্ষা উৎপাদন শিল্পে কাজে লাগার জন্য সরকার লাক্ষাজাত দ্রব্যের তৈরির ওপর প্রশিক্ষণের আয়োজন করে থাকে এবং আগামীদিনেও এমন প্রশিক্ষণের ব্যবস্থা নেওয়া হয়েছে। লাক্ষা দ্রব্যের চাহিদা মাথায় রেখে উপরোক্ত কার্যকরী ব্যবস্থার দ্বারা আরো প্রচুর উদ্যোগী এগিয়ে আসবে।

উপরোক্ত প্রকল্পগুলির মাধ্যমে রাজ্যের প্রতিটি জেলায় কৃষিভিত্তিক কুটিরশিল্প ও হস্তশিল্পের প্রতিষ্ঠা ও প্রসারের জন্য রাজ্য সরকার উদ্যোগ নিয়েছেন।

(গ) উপরোক্ত সমস্ত কার্যাবলী এবং প্রকল্পগুলি সত্বর রূপায়ণের জন্য উদ্যোগ নেওয়া হয়েছে।

Supply of Drinking Water In Tea Garden Areas

124. (Admitted Question Number 802) **Shri Joseph Munda :** Will the Minister-in-Charge of the Public Health Engineering Department be pleased to state—

> what are the steps taken by the Government to supply drinking water at Tea Garden areas of the Jalpaiguri district (as on 30.06.2011) ?

Minister-In-Charge of the Public Health Engineering Department : PHE Department, Govt. of West Bengal has already taken adequate measures to supply drinking water in various Tea Garden areas under Jalpaiguri District. A total of 22 nos. of Tea Gardens have been provided with drinking water supply through piped water supply schemes (PWSS), till date. The name of the Tea Gardens (TG), where supply of drinking water has been affected by PHE Department till date in different blocks under Jalpaiguri District is given below.

Sl. No.	Name of Tea Garden	Name of Block	Remarks
1	Kathalguri T.G.	Dhupguri	Scheme handed over to TG Authority
2	Chamurchi T.G.	Dhupguri	Scheme handed over to TG Authority
3	Red Bank & Surendranagar	Dhupguri	Scheme handed over to TG Authoriry
4	Samsing T.G.	Matiali	Scheme handed over to TG Authoriry
5	Kalchini T.G.	Kalchini	Scheme handed over to TG Authoriry
6	Raimatang T.G.	Kalchini	Scheme handed over to TG Authoriry
7	Chinchula T.G.	Kalchini	Scheme handed over to TG Authoriry
8	Bharnobari T.G.	Kalchini	Scheme handed over to TG Authoriry
9	Ramjhora T.G.	Madarihat-Birpara	Scheme handed over to TG Authoriry
10	Dheklapara T.G.	Madarihat-Birpara	Scheme handed over to TG Authoriry
11	Shikarpur & Bhandarpur TG	Rajganj	Scheme handed over to TG Authoriry
12	Bamandanga & Tandoo TG	Nagrakata	Scheme handed over to TG Authoriry

The list of other **Tea Gardens** which have been partially covered by supply of drinking water through different existing commissioned/ ongoing Piped Water Supply Schemes (PWSS) of PHE Department is also given below :

Sl. No	Name of Tea Garden Partially Covered	Name of PWSS from where water supply effected to the Tea Gardens	Present Status of Scheme
1	Lankapara T.G.	Lankapara W/S Scheme	Ongoing
2	Tulsipara T.G.		
3	Makarapara T.G.	Makrapara W/S Scheme	Ongoing
4	Dalmore T.G.	Dalmore Ramjhora W/S Scheme	Commissioned
5	Ramjhora T.G.		
6	Chamurchi T.G.	Chamurchi Bazar W/S Scheme	Commissioned
7	Chamurchi T.G.	Chamurchi Forest Village Busty W/S Scheme	Ongoing
8	Malangi T.G.	Hansimara W/S Scheme	Commissioned
9	Luksan T.G.	Luksan Bazar W/S Scheme	Partially Commissioned
10	Kalchini T.G.	Kalchini W/S Scheme	Commissioned

Further, work of supply of drinking water to the following Tea Gardens under Jalpaiguri District is expected to be undertaken by PHE Department very shortly :

Sl. No.	Name of Tea Garden	Name of Block
1	Kathalguri T.G.	Dhupguri
2	Chamurchi T.G.	Dhupguri
3	Ramjhora T.G.	Madarihat-Birpara
4	Jogesh Ch. T.G.	Mal

Moreover, about 407 nos. of Rig Bored tubewells have also been sunk in 122 nos. of Tea Gardens under 13 different blocks of Jalpaiguri District, which cater to the drinking water needs of those areas.

সুন্দরবন এলাকায় বিদ্যালয়ের সংখ্যা

১২৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮১৫) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনা জেলার সুন্দরবন এলাকায় প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা কত ; এবং

(খ) বিদ্যালয়গুলিতে ছাত্রপিছু শিক্ষকের সংখ্যা কত (প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় পৃথক পৃথক ভাবে) ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) দক্ষিণ ২৪-পরগনা জেলার সুন্দরবন এলাকায় ১৩৫৭টি প্রাথমিক বিদ্যালয়, ৬৭৪টি শিশু শিক্ষা কেন্দ্র ও ৯৭টি উচ্চ প্রাথমিক বিদ্যালয় এবং ৩০টি মাধ্যমিক শিক্ষাকেন্দ্র রয়েছে।

(খ) বিদ্যালয়গুলিতে ছাত্র-ছাত্রী পিছু শিক্ষকের সংখ্যা প্রাথমিকে ৩৯.৪০:১, শিশু শিক্ষাকেন্দ্রে ৩২.৬০:১, উচ্চ প্রাথমিকে—৬৬.৩০:১ ও মাধ্যমিক শিক্ষা কেন্দ্রে - ৪৪.৮০:১।

Fire Licence

126. (Admitted Question Number 830) **Shri Manturam Pakhira :** Will the Minister-in-Charge of the Fire and Emergency Services Department be pleased to state—

(a) number of Fire Licences issued during the period from 01.01.2011 to 30.06.2011 ; and

(b) the details thereof (month wise) ?

Minister-In-Charge of the Fire and Emergency Services Department: (a) During the said period Fire Licences issued :

(i) General - 7635 nos.

(ii) Fire Works - 668 nos.

(b) The details are as follows :-

Month	Genl. (Nos.)	Fire works (Nos.)
Jan. '11	950	23
Feb. '11	1118	37
Mar. '11	1520	280
Apr. '11	1007	74
May '11	1985	134
June '11	1055	120

গৌড় বিশ্ববিদ্যালয়

১২৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৮) **শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী** : উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গৌড় বিশ্ববিদ্যালয়ে, পঠন-পাঠন চালু করার জন্য সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে/করছে ?

উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : স্নাতকোত্তরে পঠন-পাঠন শুরু হয়েছে ৭(সাত)টি বিষয়ে। সেগুলি হল—(১) বাংলা, (২) ইংরেজি, (৩) আরবি, (৪) সংস্কৃত, (৫) ইতিহাস, (৬) গণিত, (৭) শিক্ষাবিজ্ঞান (Education)।

পরিকল্পনা খাতে বরাদ্দ : প্রাচীর নির্মাণের জন্য—৫৫,০০,০০০/-(পঞ্চান্ন লক্ষ টাকা)।

গৃহ নির্মাণের জন্য—১৯,৯২,৩৬,২৬৪ (উনিশ কোটি বিরানব্বই লক্ষ ছত্রিশ হাজার দুইশত চৌষট্টি টাকা)।

পুস্তকক্রয় বাবদ—১০,০০,০০০/- (দশ লক্ষ টাকা)।

বৈদ্যুতিন খুঁটি স্থানান্তর খাতে—৬,৬৬,৭৭৮/- (ছয় লক্ষ ছেষট্টি হাজার সাতশত আটাত্তর টাকা)।

সর্বমোট : ২০,৬৪,০৩,০২৪/- (কুড়ি কোটি চৌষট্টি লক্ষ তিন হাজার চব্বিশ টাকা) খরচ করা হয়েছে।

পরিকাঠামো : বিশ্ববিদ্যালয়ের প্রধান আধিকারিক ভবনের কাজ শেষ হয়েছে এবং সেখানে অফিস এবং ক্লাস বর্তমানে চলছে। বিশ্ববিদ্যালয় বিজ্ঞান বিভাগের প্রথম বাড়ির কাজের শেষ পর্যায়ে পৌঁছেছে। বিদ্যুৎ সরবরাহ-কারক বাড়ির কাজ খুব দ্রুত চলছে।

শিক্ষক নিয়োগ : স্নাতকোত্তর স্তরে পঠন-পাঠনের জন্য ২০০৮ এবং ২০০৯ সালে ২৭(সাতাশ) জন শিক্ষক নিয়োগ করা হয়েছে।

আই.সি.ডি.এস.-এ বেআইনি নিয়োগ

১২৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪২) **শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী :** নারী ও শিশুবিকাশ এবং সমাজকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

আই.সি.ডি.এস.-এ বে-আইনি নিয়োগের বিষয়ে সরকার কী কী পদক্ষেপ নিয়েছে ?

নারী ও শিশুবিকাশ এবং সমাজকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া : নিয়োগ সংক্রান্ত বিষয়ে কোনো অ-নিয়মের অভিযোগ পেলে তা সঙ্গে সঙ্গে গুরুত্বসহকারে তদন্ত করা হয় এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়। এখনও পর্যন্ত যতগুলি অভিযোগ পাওয়া গেছে সেগুলির তদন্ত করার নির্দেশ দেওয়া হয়েছে। রিপোর্ট পাওয়ার পর অভিযোগের সত্যতা প্রমাণিত হলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

মাননীয় বিধায়ক কোনো সুনির্দিষ্ট অভিযোগ জানালে সেই অভিযোগ তদন্ত করা হবে এবং অভিযোগের সত্যতা প্রমাণিত হলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

পানীয় জলের পাইপ লাইন রক্ষণাবেক্ষণ

১২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪৬) **শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী :** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মালদা জেলায় পি.এইচ.ই.-এর পাইপ লাইনগুলি মেরামত তথা রক্ষণাবেক্ষণের ব্যাপারে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে / করছে ?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : জনস্বাস্থ্য কারিগরি অধিকারের অধীনে মালদা জেলার সমস্ত চালু নলবাহিত জল সরবরাহ প্রকল্পের চালনা ও রক্ষণাবেক্ষণ নিয়মিত করা হয়। চালনা ও রক্ষণাবেক্ষণ সম্পাদনের কাজ জনস্বাস্থ্য কারিগরি অধিকার বাৎসরিক চুক্তিতে বিশ্বস্ত ঠিকাদার মারফত করছে। বিভিন্ন নলবাহিত জল সরবরাহ প্রকল্প পানীয় জলের সরবরাহ নিশ্চিত হতে নিয়মিত পাইপের রক্ষণাবেক্ষণের জন্য দক্ষ শ্রমিক, রাজমিস্ত্রি নিযুক্ত করা হয়েছে।

মালদা জেলার গ্রামীণ এলাকার নলবাহিত জলসরবরাহ প্রকল্প নিয়মিত চালনা ও রক্ষণাবেক্ষণের জন্য বিগত ৩ বছরের আর্থিক বরাদ্দ নিম্নে দেওয়া হল :

(Rs. in lakh)

2008-09				2009-10				2010-11			
Plan		Non	Total	Plan		Non	Total	Plan		Non	Total
SS	CS	Plan (SS)		SS	CS	Plan (SS)		SS	CS	Plan (SS)	
109.69	137.21	676.39	923.29	191.57	218.04	720.66	1130.27	79.64	155.59	725.02	960.25

মালদা জেলার অন্তর্গত সকল চালু নলবাহিত জলসরবরাহ প্রকল্প যথা সময়ে NRDWP এর নির্দেশিকা অনুসারে পঞ্চায়েত সমিতির হাতে হস্তান্তর করার প্রচেষ্টা চলছে।

প্রয়োজনীয় চালনা ও রক্ষণাবেক্ষণের জন্য স্থানীয় অধিবাসীদের মধ্যে প্রয়োজনীয় সচেতনতা বাড়াতে জনস্বাস্থ্য কারিগরি বিভাগ CCDU এর মাধ্যমে একটি কর্মসূচি গ্রহণ করেছে। প্রথম ধাপে CCDU এর মাধ্যমে পঞ্চায়েত সদস্য এবং অন্যান্য আধিকারিক এবং স্থানীয় অধিবাসীকে নিয়ে মালদা জেলার কালিয়াচক - ১, ২ এবং ৩ নং ব্লকে একটি সভা আয়োজন করা হয়েছে।

ভবিষ্যতে অন্যান্য পঞ্চায়েত এলাকায় স্থানীয় অধিবাসীদের মধ্যে সচেতনতা বাড়াতে আরও এরূপ সভার প্রস্তাব করা হয়েছে।

মাধ্যমিক বিদ্যালয়ের উন্নীতকরণ

১৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫০) **শ্রী সুশীল চন্দ্র রায়** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মালদা জেলায় কতগুলি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক বিদ্যালয় স্তরে উন্নীত করা হয়েছে (৩০শে জুন, ২০১১ পর্যন্ত) ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ৩০শে জুন, ২০১১ পর্যন্ত মালদা জেলায় ১১১টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক বিদ্যালয় স্তরে উন্নীত করা হয়েছে।

অগ্নি নির্বাপণ কেন্দ্রের সংখ্যা

১৩১। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৭) **শ্রী ভূপেন্দ্রনাথ হালদার** : অগ্নি নির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মালদা জেলায় চালু অগ্নি নির্বাপণ কেন্দ্রের সংখ্যা কত (থানাওয়ারি হিসাবসহ) ?

অগ্নি নির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : উক্ত জেলায় চালু অগ্নি নির্বাপণ কেন্দ্রের সংখ্যা ২ (দুই)টি।

থানা—ইংলিশ বাজার ও চাঁচল।

বিচারাধীন বন্দীর সংখ্যা

১৩২। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬২) শ্রী সফিউজ্জামান : সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০.০৬.২০১১ পর্যন্ত রাজ্যে বিচারাধীন বন্দীর সংখ্যা কত (জেলাভিত্তিক তথ্য সহ) ?

সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ৩০.০৬.২০১১ তারিখ পর্যন্ত রাজ্যে বিচারাধীন বন্দীর সংখ্যা ১৩,৯০৮ জন। জেলাভিত্তিক তথ্য—

জেলা		বিচারাধীন বন্দীর সংখ্যা
বর্ধমান	—	৭০২ জন
বীরভূম	—	৫২৪ জন
বাঁকুড়া	—	৩৭১ জন
হাওড়া	—	৬০২ জন
কলকাতা (প্রেসিডেন্সি, আলিপুর ও আলিপুর মহিলা সংশোধনাগার সহ)	—	২৩৮২ জন
উত্তর চব্বিশ পরগনা (দমদম সহ)	—	১৭৮২ জন
দক্ষিণ চব্বিশ পরগনা	—	২২৩ জন
নদিয়া	—	১১১২ জন
হুগলি	—	৬৭৫ জন
পূর্ব মেদিনীপুর	—	৪৩৮ জন
পশ্চিম মেদিনীপুর	—	৫৪০ জন
পুরুলিয়া	—	২৩১ জন
মুর্শিদাবাদ	—	১৪৫২ জন
মালদা	—	৩১৪ জন
দক্ষিণ দিনাজপুর	—	৪২৬ জন
উত্তর দিনাজপুর	—	৩৪১ জন
কোচবিহার	—	৪৭০ জন
জলপাইগুড়ি	—	৯৮৫ জন
দার্জিলিং	—	৩৩৮ জন
		মোট : ১৩৯০৮ জন

তিস্তা ব্যারেজ প্রকল্প

১৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৬৮) **শ্রী নর্মদাচন্দ্র রায়** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, তিস্তা ব্যারেজ প্রকল্পটি জাতীয় প্রকল্প হিসাবে চিহ্নিত হয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত প্রকল্পে ২০১০-২০১১ আর্থিক বছরে বরাদ্দকৃত ও ব্যয়িত অর্থের পরিমাণ কত ছিল ; এবং

(গ) বর্তমান আর্থিক বছরে (২০১১-২০১২) বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) এটা সত্যি যে তিস্তা ব্যারেজ প্রকল্পটি জাতীয় প্রকল্প হিসাবে চিহ্নিত হয়েছে। ২০০৮ সালের ৭ই ফেব্রুয়ারি লোকসভা, জাতীয় প্রকল্প কার্যকরণের জন্য কতকগুলি প্রকল্পকে চিহ্নিত করে প্রয়োজনীয় অনুমোদন প্রদান করে। চিহ্নিত প্রকল্পগুলির মধ্যে তিস্তা ব্যারেজ প্রকল্পটি অন্যতম। জাতীয় প্রকল্পের আওতায় প্রয়োজনীয় কেন্দ্রীয় অনুদান পাওয়ার জন্য রাজ্য সরকারের আবেদনের ভিত্তিতে অনুদানের প্রথম কিস্তি ২০১০-১১ আর্থিক বর্ষে, মার্চ মাসে কেন্দ্রীয় সরকার রাজ্যকে দিয়েছেন।

(খ) জাতীয় প্রকল্পের নিয়ম অনুসারে পরিকল্পিত অর্থের ৯০ শতাংশ কেন্দ্রীয় সরকার ও ১০ শতাংশ রাজ্য সরকার বহন করবেন। ২০১০-২০১১ আর্থিক বর্ষে, মার্চ ২০১১-র শেষ সপ্তাহে ৮১ কোটি টাকা কেন্দ্রীয় অনুদান রাজ্যকে দেওয়া হয়। কিন্তু ২০১০-২০১১ সালে কোনো অর্থ সেচ দপ্তর পায়নি।

(গ) বর্তমান আর্থিক বছরে (২০১১-২০১২) নতুন সরকার আসার পর ২০১০-২০১১ সালের বরাদ্দকৃত ৮১ কোটি টাকা ও রাজ্যের দেয় অংশ ৯ কোটি টাকার মধ্যে ৬৩ কোটি টাকা রাজ্য অর্থ দপ্তর ২০১১-২০১২ সালে প্রদান করেছে।

পানীয় জলে আর্সেনিক দূষণ

১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭১) **শ্রী নর্মদাচন্দ্র রায়** : জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কোন কোন জেলায় নলকূপের জলে আর্সেনিক দূষণের সমস্যা দেখা দিয়েছে ; এবং

(খ) উক্ত সমস্যার প্রতিকারে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে/হচ্ছে ?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যের যে সমস্ত জেলায় নলকূপের জলে আর্সেনিক পাওয়া গেছে সেগুলি হল (হাওড়া, হুগলি, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা, বর্ধমান, মালদা, মুর্শিদাবাদ এবং নদিয়া)।

(খ) উল্লিখিত আর্সেনিক আক্রান্ত ৮টি জেলায় নলবাহিত জল সরবরাহ প্রকল্পের মাধ্যমে আর্সেনিকমুক্ত পরিস্রুত পানীয় জল সরবরাহের জন্য জনস্বাস্থ্য কারিগরি বিভাগ ইতিমধ্যে একটি ব্যাপক মহাপরিকল্পনা গ্রহণ করেছে। যার অনুমিত ব্যয় ২৫৬৮.৮৯ কোটি টাকা এবং এর মাধ্যমে ২০০১ সালের আদমশুমারি অনুযায়ী ১৫৮.৫২৬ লক্ষ অধিবাসী উপকৃত হবেন।

১২টি বৃহৎ ভূতল জলভিত্তিক পরিকল্পনা এবং ৩৩৮টি আর্সেনিকমুক্ত গভীরতর ভূগর্ভস্থ জলস্তর হইতে জল উত্তোলন ও সরবরাহ পরিকল্পনা (আর্সেনিক রিমুভ্যাল প্ল্যান্টসহ এবং প্ল্যান্টছাড়া) মহা পরিকল্পনায় প্রকাশ করা হয়েছে।

উল্লিখিত মহাপরিকল্পনাগুলি ছাড়াও নদিয়া, মালদা এবং বর্ধমান জেলাগুলিতে ৪টি ভূপৃষ্ঠস্থ জল সরবরাহ প্রকল্প চালু করা হয়েছে। যার মাধ্যমে ওই প্রকল্পগুলির অন্তর্গত অধিবাসীদের আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ করা হয়। কার্যত বিভিন্ন জেলার অন্তর্গত মহাপরিকল্পনার মাধ্যমে ২১টি ভূগর্ভস্থ জল সরবরাহ প্রকল্পগুলিও চালু করা হয়েছে।

যদি বিদ্যুৎ ও জমির সমস্যা না হয় তবে মহাপরিকল্পনার অন্তর্গত সমস্ত প্রকল্পগুলি ২০১২ সালের জুন মাস নাগাদ সম্পন্ন হবে বলে আশা করা যায়। মহাপরিকল্পনার অন্তর্গত সমস্ত প্রকল্পগুলি সম্পন্ন হওয়ার পর রাজ্যের সমস্ত আর্সেনিক আক্রান্ত অঞ্চলে আর্সেনিকমুক্ত পরিস্রুত পানীয় জল সরবরাহ করা যাবে।

ইতিপূর্বে ভাগীরথী, হুগলি এবং ফুলাহার নদীর উৎসের উপর ভিত্তি করে ৬টি বৃহৎ ভূপৃষ্ঠস্থ নলবাহিত জল সরবরাহ প্রকল্প জনস্বাস্থ্য কারিগরি দপ্তর রূপায়ণ করেছে, যার মাধ্যমে আর্সেনিক আক্রান্ত অঞ্চলের ২০০১ সালের আদমশুমারি অনুযায়ী ৩১৩৪৬৬২ জন অধিবাসীকে দীর্ঘমেয়াদি প্রকল্প অনুসারে আর্সেনিকমুক্ত পানীয় জল সরবরাহ করা হচ্ছে (ইহা বিভিন্ন স্বল্পমেয়াদি ও মধ্যমেয়াদি প্রকল্পের বাইরে)।

স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি ব্যবস্থার মাধ্যমে ১১০.৮৩ লক্ষ গ্রামীণ অধিবাসী সুবিধা পাচ্ছে, যা Risk Population-এর শতকরা ৬৬.৫৫ ভাগ।

অব্যবহৃত বরাদ্দ

১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭২) **শ্রী নেপাল মাহাত** : পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০৯-২০১০ ও ২০১০-২০১১ আর্থিক বছরগুলিতে পশ্চিমাঞ্চল উন্নয়নের জন্য ব্যয়-বরাদ্দের কত পরিমাণ অর্থ খরচ হয়নি ; এবং

(খ) খরচ না হওয়ার কারণ কী ?

পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক)

আর্থিক বছর	খরচ না হওয়ার অর্থ (লক্ষ টাকায়)
২০০৯-২০১০	২৬৩৮.২৪
২০১০-২০১১	২৮৮০.৯৯

(খ) (১) পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের অধীনে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের মাধ্যমে প্রধানত টাকা ব্যয় হয়। পর্ষদটি একেবারে নতুন এবং পরিকাঠামো দুর্বল ও কর্মচারী সংখ্যা খুবই সীমিত এবং চুক্তিভিত্তিক। অধিকাংশ কর্মচারী চাকরি ছেড়ে চলে যাওয়ায় সমস্যা আরও বেড়েছে।

(২) এই ফান্ড থেকে বরাদ্দ টাকা আনটাইড ফান্ড বলে বিবেচিত হওয়ায় যে সব টাকা ডি.এম/এ.ডি.এম.-এর মাধ্যমে ব্যয় হওয়ার কথা সেগুলির কাজ ধীর গতিতে সম্পন্ন হওয়ায় খরচের পরিমাণ কমে।

(৩) যেসব স্কিম জমা পড়ে তা পরীক্ষা-নিরীক্ষা করাতে বেশ সময় লাগে এবং তা বছরের শেষের দিকে রিলিজ হয়।

(৪) ২০১০-২০১১ আর্থিক বছরের ক্ষেত্রে নির্বাচন বিধি চালু হওয়ায় শেষের দিকের কাজ বন্ধ থাকে এবং অর্থ খরচ করা অসম্ভব হয়ে পড়ে।

পুরুলিয়া জেলায় জলাধার সংস্কার

১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৫) **শ্রী নেপাল মাহাত** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বড় জলাধারগুলির মধ্যে যেগুলির জলধারণ ক্ষমতা কমে গেছে সেগুলির সংস্কারকল্পে সরকারের কোনো পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কীরূপ ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) কিছু বড় জলাধারের সংস্কারের পরিকল্পনা নেওয়া হয়েছে।

(খ) বড় জলাধারগুলির মধ্যে ফকিডি, শঙ্ক, কুলবেরা, কুমারী এবং সাহারোজোর জলাধারের সংস্কারের কাজ মহাত্মা গান্ধী ন্যাশনাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারেন্টি অ্যাক্ট-এর মাধ্যমে করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

পুরুলিয়া জেলার সেচসেবিত কৃষি জমি

১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৬) **শ্রী নেপাল মাহাত** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কৃষিজমির কত শতাংশ সেচসেবিত ; এবং

(খ) উক্ত সেচসেবিত কৃষিজমির কত শতাংশ দোফসলি ?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) পুরুলিয়া জেলায় কৃষিজমির ১১ (এগারো) শতাংশ জমি সেচ ও জলপথ দপ্তর দ্বারা সেবিত হয়।

(খ) উক্ত সেচসেবিত কৃষিজমির ১২ (বারো) শতাংশ দোফসলি যাহা সেচ ও জলপথ দপ্তর দ্বারা সেচসেবিত হয়।

বাঘমুণ্ডিতে বিদ্যুৎ সরবরাহ প্রকল্প

১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৯) **শ্রী নেপাল মাহাত :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া পাম্প স্টোরেজ প্রজেক্টের মাধ্যমে অযোধ্যা পাহাড় সংলগ্ন বাঘমুণ্ডিতে পাঁচ কিলোমিটার ব্যাসার্ধে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা হয়েছে কিনা ; এবং

(খ) হলে, প্রকল্পটি বর্তমানে কোন পর্যায়ে আছে ?

বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) পুরুলিয়া পাম্পড স্টোরেজ প্রজেক্টের মাধ্যমে অযোধ্যা পাহাড় সংলগ্ন পাঁচ কিলোমিটার ব্যাসার্ধে বিদ্যুৎ সরবরাহের কোনো প্রকল্পের পরিকল্পনা করা হয়নি।

(খ) প্রযোজ্য নয়।

অঙ্গনওয়াড়ী কেন্দ্র

১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮০) **শ্রী অশোক ঘোষ :** নারী ও শিশুবিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর হাওড়া বিধানসভা কেন্দ্রে কতগুলি অঙ্গনওয়াড়ী কেন্দ্র আছে ;

(খ) উক্ত কেন্দ্রগুলিতে কতজন অঙ্গনওয়াড়ী কর্মী ও সহায়িকা কর্মরত আছেন ;

(গ) উক্ত কেন্দ্রগুলিতে মোট শূন্যপদের সংখ্যা কত ; এবং

(ঘ) শূন্য পদ পূরণের জন্য সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে ?

নারী ও শিশুবিকাশ এবং সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া : (ক) উত্তর হাওড়া বিধানসভা কেন্দ্রে অনুমোদিত অঙ্গনওয়াড়ী কেন্দ্রের সংখ্যা ৫২। চালু কেন্দ্রের সংখ্যা ৪৯।

(খ) অঙ্গনওয়াড়ী কর্মীর সংখ্যা ৪৫টি এবং অঙ্গনওয়াড়ী সহায়িকার সংখ্যা ৪৯টি।

(গ) অঙ্গনওয়াড়ী কর্মীর শূন্য পদের সংখ্যা ০৭। অঙ্গনওয়াড়ী সহায়িকার শূন্য পদের সংখ্যা ০৩ (তফশিলি উপজাতি-০২, অন্যান্য অনগ্রসর শ্রেণি-০১)।

(ঘ) অঙ্গনওয়াড়ী কর্মী নিয়োগের জন্য লিখিত পরীক্ষা নেওয়া হয়ে গেছে। পরবর্তী পদক্ষেপ নেওয়া হচ্ছে।

অঙ্গনওয়াড়ী সহায়িকার ০৩টি শূন্য পদই সংরক্ষিত। এই পদগুলি পূরণের জন্য চারবার বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল কিন্তু কোনো আবেদনপত্র জমা পড়েনি।

কৃষি বিপণন কেন্দ্র

১৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮৪) শ্রী শাহাজাহান চৌধুরী : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কৃষি বিপণন কেন্দ্রের সংখ্যা কত ;

(খ) নতুন কেন্দ্র গড়ার কোনো পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিনা ; এবং

(গ) ধানমাণ্ডি করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি ?

কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যে বিভিন্ন জেলায় নিয়ন্ত্রিত বাজার সমিতির পরিচালনাধীন ১৬১টি মুখ্য ও উপবাজার চত্বর আছে।

(খ) নতুন কেন্দ্র গঠনের বিষয়টি রাজ্য সরকারের প্রাথমিক পরিকল্পনা রচনা স্তরে আছে।

(গ) রাজ্যে প্রধান ধান উৎপাদক জেলাগুলিতে নিয়ন্ত্রিত বাজার সমিতির পরিচালনাধীন বাজার চত্বরে ধানের পাইকারি কেনা-বেচা হয়ে থাকে।

ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ হ্যান্ডলুম টেকনোলজি স্থাপন

১৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৮৮৭) শ্রী অজয় দে : ক্ষুদ্র ও ছোটো উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) তাঁত শিল্পের উন্নয়নের জন্য রাজ্যে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব হ্যান্ডলুম টেকনোলজি স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকলে, তা কোন পর্যায়ে রয়েছে ?

ক্ষুদ্র ও ছোটো উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) ইতিমধ্যে হস্ততাঁত ও বস্ত্রশিল্প অধিকারের কাছ থেকে একটি প্রস্তাব ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র দপ্তরে এসে পৌঁছেছে। এই প্রস্তাবটি বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন।

NOTICE OF CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received one Notice of Calling Attention from Shri Kashinath Mishra, Shri Kallol Khan, Shri Manturam Pakhira and Shri Asutosh Mukherjee on the subject of un-certainty over the payment of salary to teaching and non-teaching staff of Government-aided Colleges.

The Minister-in-Charge may please make a statement doday, if possible or send the reply direct to the members concerned.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয় কাশীনাথ মিশ্র, কল্লোল খান, মন্টুরাম পাখিরা, আশুতোষ মুখার্জী কর্তৃক আনিত দৃষ্টি আকর্ষণী প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রীর উত্তর সমস্ত বিধায়ক যারা এই দৃষ্টি আকর্ষণী প্রস্তাব এনেছেন তাঁদেরকে পাঠিয়ে দেওয়া হবে।

LAYING OF REPORT

The Annual Report containing Annual Accounts and audit Report thereon, of the West Bengal Housing Infrastructure Development Corporation Limited for the year 2009-2010

Shri Partha Chatterjee : Mr. Speaker, Sir, with your permission I beg to lay The Annual Report containing Annual Accounts and audit Report thereon, of the West Bengal Housing Infrastructure Development Corporation Limited for the year 2009-2010.

LEGISLATION

The West Bengal Appropriation (No. 2) Bill, 2011

Dr. Amit Mitra : Hon'ble Speaker, Sir, I beg to introduce The West Bengal Appropriation (No. 2) Bill, 2011

(Secretary then read the Title of the Bill)

Dr. Amit Mitra : Hon'ble Speaker, Sir I beg to move that The West Bengal Appropriation (No.2) Bill, 2011 be taken into consideration.

শ্রী উদয়ন গুহ : মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী ডঃ মিশ্র তিনি Appropriation (No.2) Bill, 2011 এখানে পেশ করেছেন, সেখানে তিনি "to the sum of rupees ninety-nine thousand four hundred twenty-three crore forty-eight lakh and eighty-nine thousand towards defraying the several charges which will come in course of payment during the year ending on the thirty-first day of March, 2012, in respect of

the services and purpose specified in column 2 of the Schedule" এই বলে হাউসের কাছে সেটার অনুমোদন চেয়েছেন। অনুমোদন তিনি পাবেন। এর আগে জুন মাসে তিনি ভোট অন অ্যাকাউন্ট পেশ করেছেন। আগস্ট মাসে উনি বলেছেন পূর্ণাঙ্গ বাজেট, আমরা বলি বিকলাঙ্গ বাজেট তিনি পেশ করেছেন। আমরা বিরোধিতা করিনি। আজকেও বিরোধিতার প্রশ্ন নেই।

(গোলমাল)

ডঃ মিত্র বেনিফিট অফ ডাউট পাচ্ছেন। উনি সাড়ে তিন মাসের অর্থমন্ত্রী। তিনি কাজ করবেন, আমরা চাই উনি কাজ করুন। এই অ্যাডভানটেজটা উনি পাবেন। পরবর্তীকালে বিচার হবে যে উনি কতটা কাজ করতে পারলেন, কি করতে পারলেন না। আমি ডঃ মিত্রকে বলব যে আপনারা কাজ করুন। মানুষ তো আশীর্বাদ করেছেন। পরিবর্তন চেয়েছেন, পরিবর্তন হোক, তবে সেই পরিবর্তন যেন ভালো হয়। আমি যদি আপনাকে এনে দেখাতে পারতাম তাহলে ভালো হত। ঈদে এবং দুর্গাপুজোয় দেওয়ার জন্য কাপড় দিয়েছেন। সেই কাপড়ের দুটো স্যাম্পেল আমার গাড়িতে রয়েছে।

(গোলমাল)

আমার কাছে যে দুটো কাপড় আছে একটা ২০১১, সরকার আমার মাধ্যমে ঈদে এবং দুর্গাপুজোয় দিতে বলেছেন। আর একটা কাপড় আছে যেটা ২০০৫ সালের, আমার বাবার মাধ্যমে সরকার ঈদে এবং দুর্গাপুজোয় দিতে বলেছিলেন। দুটোর মধ্যে কোনো পার্থক্য নেই। দুটোই আমরা যারা হাউসে আছি, আমাদের পরিবারের কেউ পরবেন না। আমাদের পরিবারে যে মাসিরা কাজ করেন তাদের যদি সেই কাপড় আমরা দিই তাহলে তারা পরের দিন কাজ ছেড়ে দিয়ে চলে যাবেন। এটা বামফ্রন্টের আমলেও হয়েছে এবং আজকেও হচ্ছে। পরিবর্তন কিছু হয়নি। এই পরিবর্তনটা কিন্তু আপনাকে করতে হবে। ডঃ মিত্র আপনি হয়তো সব সংবাদপত্র পড়বার সুযোগ পান না, সময় পান না, ব্যস্ত মানুষ। কিছুদিন আগে, আজ থেকে পাঁচ-ছয় দিন আগে একটি বাংলা সংবাদপত্রে একটা প্রতিবেদন বেরিয়েছে। সেই প্রতিবেদনে লিখেছেন রবীন্দ্রনাথ ঠাকুরের সার্ধশতবর্ষে রবীন্দ্রনাথ ঠাকুর যদি বেঁচে থাকতেন তাহলে তাঁর বিখ্যাত 'হাট' কবিতার তিনি পরিবর্তন করতেন। আজকে সেই 'হাট' কবিতাটি যেভাবে তিনি লিখতেন সেটা তিনি বলেছেন—

উচ্ছে বেগুন পটল মুলো
আশি থেকে একশো ছুঁল।
তেল ডাল ময়দা আটা
বাজারে গেলে পকেট কাটা।

রবীন্দ্রনাথ ঠাকুর এটাই লিখতেন। তিনি বেঁচে নেই। বাজারের এই অবস্থা। আপনারা চেষ্টা করছেন, মাননীয়া মুখ্যমন্ত্রী বাজারে যাচ্ছেন। গতকাল মাননীয় কৃষি বিপণন মন্ত্রী কলিং অ্যাটেনশনের জবাবে তিনি দাম বাড়ার একটি কারণ বলেছেন অতি বর্ষণ, তার ফলে সব্জি

নষ্ট হয়ে যাচ্ছে। এটা একটা নিশ্চয়ই কারণ। কিন্তু আর একটা কারণ বলেননি। কারণ বললে আপনাদের শরীকদের আঘাত করা হবে। সেটা হচ্ছে গত তিন মাস আগে পটাশ-এর এক প্যাকেটের দাম ছিল ২৬২ টাকা, এখন হয়েছে ৪১২ টাকা।

[11.10 – 11.20 a.m.]

ডি.এ.পি.—৩ বছর আগে দাম ছিল ৫১৭ টাকা প্যাকেট, এখন হয়েছে ৭২৪ টাকা প্যাকেট। এম.পি.কে. ১,২৬,২৬—দাম ছিল ৪৬৩ টাকা প্যাকেট, এখন তার দাম হয়েছে ৬২৮ টাকা প্যাকেট এবং এস.এস.পি. দাম ছিল ১৬৬ টাকা প্যাকেট, এখন তার দাম হয়েছে ২০০ টাকা প্যাকেট। আপনি চেষ্টা করছেন তো, আপনি ৩৩ কোটি টাকা বলেছেন যে, সেটা ভর্তুকি দেবেন। কিন্তু ডঃ মিত্র, আপনি এটা আরও বেশি দিতে পারতেন। কি করে ? পেট্রোল, ডিজেল, কেরোসিন ও গ্যাসের দাম বাড়লো। আপনি ঘোষণা করলেন যে, সিলিন্ডারের দাম ১৬ টাকা করে কমিয়ে ৪০০ টাকা হবে। আজকে ২রা সেপ্টেম্বর, আজ পর্যন্ত কিন্তু ১৬ টাকা গ্যাসের দাম কমেনি, ৪১৬ টাকাই দাম আছে। কেউ অভিযোগ করেননি, কেউ অভিযোগ করছেন না। এই অভিযোগটা কেন করবেন না ? কারণ আমার স্ত্রী তাঁর কাছে ৪১৬ টাকা এবং ৪০০ টাকা সমান। তাঁর কিছু যায় আসে না। আপনার বাড়িতেও ওই একই অবস্থা—৪১৬ টাকা আর ৪০০ টাকা—আপনার বাড়িতেও কোনো পার্থক্য নেই। আমাদের দেশের মাত্র ৯ শতাংশ মানুষ তাঁরা এল.পি.জি. ব্যবহার করেন। আপনি তাঁদের কথা চিন্তা করে ১৬ টাকা সিলিন্ডারের দাম কমালেন। তার জন্য ৭৫ কোটি টাকা আপনাকে বাড়তি বোঝা নিতে হল। তাহলে আপনি যদি এই ৭৫ কোটি টাকা, তার সাথে ৩৩ কোটি টাকা এই ১০৮ কোটি টাকা যদি সারের উপর ভর্তুকি দিতেন, তাহলে কিন্তু জিনিসপত্রের দাম খানিকটা কমানো যেত—এটা আমাদের বিশ্বাস, কিন্তু আপনি সেটা করেননি। আমি ডঃ মিত্রকে বলবো, একটু উত্তরবঙ্গের কথা ভাবুন। আজকে জি.টি.এ. বিল এখানে পাশ হবে। আমার কোনো এ নিয়ে বক্তব্য নেই। যাঁরা বলবেন, তাঁরা তখন বলবেন। শুধু দার্জিলিং নিয়ে ভাবলে হবে না। উত্তরবঙ্গের ৬টি জেলা—আপনি অর্থনীতিবিদ, আপনি জানেন, পশ্চিমবাংলা জি.ডি.পি.-র ২২ শতাংশ আসে টি ইন্ডাসট্রি সেক্টর থেকে। সারা পশ্চিমবাংলায় ১০০ জন শিল্প কারখানায় কাজ করেন, আর মাত্র ৪ জন কাজ করেন উত্তরবঙ্গে। তার মানে উত্তরবঙ্গে শিল্প নেই। উত্তরবঙ্গের মানুষের গড়-পড়তা আয় পশ্চিমবঙ্গের মানুষের গড়-পড়তা আয়ের চেয়ে কম। হিউম্যান ডেভেলপমেন্ট ইনডেক্স—দার্জিলিং বাদে ৫টা জেলা সারা রাজ্যের মধ্যে সবার নিচে। মালদার এইচ.আই.বি., বাঁকুড়ার এইচ.আই.বি.-র চেয়েও কম। এই অবস্থায় যদি পশ্চিমবাংলার আর্থিক উন্নয়ন করতে হয়, তাহলে আপনি ব্যয়-বরাদ্দ বাড়ান, আপনি আমাদের কাছ থেকে অনুমোদন নিন, কিন্তু ডিপ্‌লি সারা রাজ্যের কথা ভেবে, উত্তরবঙ্গের উন্নয়নের ব্যাপারে আপনি বিশেষভাবে নজর দিন, শুধু দার্জিলিংকে দেখলে হবে না, সারা উত্তরবঙ্গের ৬টি জেলার কথা ভাবুন, উত্তরবঙ্গকে এগিয়ে আনুন। (এখানে মাইক অফ হয়ে যায়)

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহোদয় যে, দি ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশন (নাম্বার ২) বিল, ২০১১ পেশ করেছেন,

আমি তার প্রতি পূর্ণ সমর্থন জ্ঞাপন করছি। স্যার, একটু আগে শুনছিলাম যে, আমাদের বামফ্রন্টের এক বক্তা উদয়নবাবু, উনি বিকলাঙ্গ বাজেট বলে উল্লেখ করছিলেন। স্যার, আমার একটা কথা মনে পড়ে গেল যে, এক মহাপুরুষ একজনকে বাঁদর বলে উল্লেখ করছিলেন, সেই মহাপুরুষ উত্তর দিয়ে বললেন, 'আই অ্যাম দি মিরার।' 'আমি আয়না'। উদয়নবাবু বুঝতে পারছেন যে, আমরা আয়না, আর উনি কি, সেটা বুঝে নিন। আরেকটা স্যার বলি যে, উদয়নবাবুকে দেখে একটু দুঃখও হয়। কারণ উনি তো রবীন্দ্রনাথের একটা কবিতা বলছিলেন। স্যার, আমার একটা কবিতা মনে পড়ছিল যে—

গুলি খেয়েছে দিনহাটায়
ভুল বকছে বিধানসভায়
সি.পি.এমের করেছে পাই
তাদের কোনো মূল্য নাই।

ছাগলের তৃতীয় বাচ্চা হিসেবেই আছে—দুটো বাচ্চা দুধ খায় আর তৃতীয় বাচ্চাটি লাফিয়েই মরে। সে রকম ফরোয়ার্ড ব্লক বাইরে লাফিয়েই মরছে। কোনো মূল্য নাই। এই বিল ভারতীয় সংবিধানের আর্টিকেল অনুসারেই পেশ হয়—উদয়নবাবু জেনে নেবেন। সংবিধান বলছে, 'As soon as may be after the grants under Article 203 have been made by the Assembly there shall be intoduced a Bill to provide for the appropriation out of Consolidated Fund of the State of all moneys required to meet (a) the grants etc. (b) the expenditure charged etc.' অর্থাৎ সংবিধান অনুসারেই এই বিল পেশ করতে হবে। উনি গুলিয়ে ফেলছেন, বাজেট বক্তৃতা করছেন। মূল কথা হল, এই বিলের মধ্যে দিয়ে খরচ করার অধিকার দেওয়া হয়। আমরা জানি মূলত দুটো দিক, যার একটা হল ফিনান্স বিল, যার মাধ্যমে আমার আয়-ব্যয় দেখানো হয়। সার বুঝুন আর না বুঝুন, সোর্স বুঝুন আর না বুঝুন, পড়ুন আর না পড়ুন যেটা নিয়ে অনেকক্ষণ এই বিষয়ে আলোচনা করেছেন, আর দ্বিতীয়টা হল—যে ব্যয় অনুমোদিত হল সেই ব্যয়টা করার অধিকার দেওয়া, যা অ্যাপ্রোপ্রিয়েশন বিলের মাধ্যমে করতে হয়। এই বিলে এক্সপেন্ডিচার সম্বন্ধে বলা হয়নি, এটা একটা প্রথার ব্যাপার, নিয়মের ব্যাপার। স্যার, আমরা বারবার আলোচনায় বলেছি বামফ্রন্ট যে ভাবে ভাঁড়ার শূন্য করে চলে গেছে তাতে রাজ্যের আর্থিক সমস্যা আছে। সেই জন্য আমাদের যেটা দরকার সেটা দেখে খরচ করতে হবে এবং দেখতে হবে যে খরচটা করা হবে সেটা যেন বেশি কাজে লাগে। ডঃ মিত্র সেটাই করেছেন। যেটা এই বিলে ডঃ মিত্র দেখিয়েছেন সেটা হল—নন প্ল্যান এক্সপেন্ডিচার কমবে এবং প্ল্যান এক্সপেন্ডিচার বাড়বে। এখানে যে যে খাতে টাকা ধরা হয়েছে, দেখা যাচ্ছে তা পরিপূর্ণভাবে ন্যায়সঙ্গত। আমি আপনাদের অনুরোধ করব অ্যানেক্সার 'এ' পড়ুন, তাহলেই সোর্সটা জানতে পারবেন যে, ২৭৬৯০ কোটি টাকা রয়েছে এবং ৩০ শতাংশ বাড়ানোর একটা চ্যালেঞ্জ এই মা-মাটি-মানুষের সরকারের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিয়েছেন, যা প্রতিবিম্বিত হয়েছে ডঃ মিত্রের বাজেটে। উৎস সেলস ট্যাক্স—১৭০২৪ কোটি টাকা, যার মধ্যে ভ্যাটও আছে। অ্যাডিশনাল এটাই যে, ইনক্লুসিভ ৩,৭৪৮ কোটি টাকা। ২০১০-১১তে ছিল, ১৩,২৭৫ কোটি

টাকা। স্ট্যাম্প ডিউটি অ্যান্ড রেজিস্ট্রেশন ফর্ম ২২৬৫ কোটি টাকা ছিল, এবারে হচ্ছে ৩২০০ কোটি টাকা। স্টেট এক্সাইজ ডিউটস ছিল ১১১২ কোটি টাকা, এবারে হচ্ছে ২৪১৮ কোটি টাকা। এক্সাইজ ডিউটি বাড়ানো হয়েছে। তার মানে আমাদের মাননীয় বিরোধী দলনেতার এতে কোনো ক্ষতি-বৃদ্ধি হবে না, আমরা যতটা জানি, কেন না তিনি সিগারেট খান না, অন্য কিছু খান। ট্যাক্স অন ভেহিক্যালস ১০০৬ কোটি টাকা থেকে ১৩৫৯ কোটি টাকা হচ্ছে। ইলেকট্রিসিটি ডিউটি যেটা ৭০৭৪ কোটি টাকা ছিল, ১০৪০ কোটি টাকা, টোটাল ৬৩৯০ কোটি টাকা উঠছে। সুতরাং আপনার যে বারবার চিৎকার করছিলেন 'সোর্স কোথায়, সোর্স কোথায়', সেই সোর্সের বিষয়টা এখানে দেখিয়েছেন।

[11.20—11.30 a.m.]

একটা কর আদায়ের জন্য যেটা করেছেন সেটা সাসটেনেবল পার্মানেন্টলি ফর্ম করেছেন। প্রথমত সিমপ্লিফিকেশন করেছেন। এই সরলীকরণের ফলে কর আদায় বৃদ্ধি পাবে, অথচ এই কর দিয়ে মানুষের কোনো গায়ে লাগবে না। দ্বিতীয়ত যারা কর দেবে, তারা পুরস্কৃত হবেন, আর যারা দেবেন না তারা তিরস্কৃত হবেন। ফলে রেভিনিউ এক্সপেন্ডিচার যাতে কমে তার প্রতি এই সরকারের লক্ষ্য রয়েছে, আর যাতে সম্পদ সৃষ্টি হয়, অর্থাৎ ক্যাপিটাল এক্সপেন্ডিচার যাতে বাড়ে, সেদিকে লক্ষ্য রাখায় হয়েছে। ক্যাপিটাল এক্সপেন্ডিচার যদি বাড়ে, তাহলে অনেক ভাল হবে। কিন্তু এটা আপনারা করেননি। যেটা আপনারা এতকাল ধরে রয়েছেন, কিন্তু চিন্তাভাবনার মধ্যেই আনেননি যে সম্পদটা সৃষ্টি কোথা থেকে হবে। এই সম্পদ যদি সৃষ্টি হয়, ক্যাপিটাল এক্সপেন্ডিচার যদি বাড়ে তাহলে কর্মসংস্থান বাড়বে। মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের লক্ষ্য তো এটাই যে, ক্যাপিটাল এক্সপেন্ডিচার যেন বাড়ে এবং সম্পদ সৃষ্টি হয়। বাংলার লক্ষ লক্ষ যুবক যাদের মনে শান্তি নেই, সান্ত্বনা নেই, সারা দেহে ক্লান্তি, উদরে ক্ষুধা, কণ্ঠে তৃষ্ণা, জীবনে বিচিত্র অস্বস্তি যেন এক জ্বালা, যে জ্বালা নিয়ে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের দরজায় ঘুরে ঘুরে তার জুতোর শুকতলা ক্ষয়ে গেল, অথচ ৩৪ বছর খাতায় খাতায় এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের খাতায় খাতায় চলে গেল, বাড়ল না। সেটা নিশ্চয় এই সরকার দেখছেন। ডঃ মিত্রের এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলে এটা দিশা পাবেই। আমরা বলব যে বাজেটে পাবেন, সেটাই তিনি খরচ করতে চাইছেন। আবার সম্পদ সৃষ্টিতে সেন্ট্রাল স্কিমগুলিকে কাজে লাগাতে হবে। এই সরকার সেই বিষয়ে অত্যন্ত সচেতন। সেন্ট্রাল স্কিমকে পূর্বতন সরকার কাজে লাগাতে পারেন নি। পারেন নি বলেই মাননীয় অর্থমন্ত্রী এর আগে একটা হিসাব দিয়েছেন। প্রায় ৬০০০ কোটি টাকা ফেরত গেছে। কারণ রাজ্য সরকার ম্যাচিং গ্র্যান্ট দিতে পারেনি। পারেনি তো। ডঃ মিত্র কিন্তু তীক্ষ্ণ দৃষ্টি রেখেছিলেন। তাই ২২০০ কোটি টাকার ম্যাচিং গ্র্যান্টের প্রভিশন রাখতে এই ব্যয় করবার অধিকারটাই বিলে চাইছেন। তাই অত্যন্ত সঙ্গত কারণেই এই বিলের সমর্থন করছি এবং আশা করব ছিদ্রান্বেষীরাও এই বিল দেখে হতাশ হয়ে পড়বেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রীর পেশ করা দ্য ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশন বিল নাম্বার টু ২০১১ আমি সম্পূর্ণরূপে সমর্থন করে

কয়েকটি কথা বলছি স্যার। স্যার, একটি দীর্ঘ অধিবেশনের মধ্য দিয়ে বিভিন্ন বিভাগের ব্যয়বরাদ্দের দাবির বিষয়ে এই পবিত্র সদনে আলোচনা হয়েছে। এবং দাবিগুলি যে ন্যায্য তা বিবেচিত হয়েছে। দাবিগুলির মোট বরাদ্দের ভিতরেই অন্তর্গত মার্চ এবং জুনের ভোটে প্রদত্ত অংক। সেই অংকের বেশি যে বরাদ্দ দাবি তা কনসলিডেটেড ফান্ডের উপরে চার্জড হয় আপনি জানেন স্যার। আর তার জন্যই এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল। মাননীয় সদস্য আশীষ ব্যানার্জী তিনি বলেছেন ২০৩ আর্টিকেল, এই ২০৩-র ম্যানডেট মেনে টু হান্ড্রেড ফোরের এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল আনা হয়েছে এই সদনে। এবং বরাদ্দ যখন মেনে নেওয়া হয়েছে, অর্থাৎ ডিম্যান্ড যখন ন্যায়সঙ্গত বলে এই সদন মেনে নিয়েছে, তখন আর অ্যাপ্রোপ্রিয়েশন বিলের বিরোধিতা করার কোনো জায়গা নেই। তাই সম্পূর্ণভাবে সমর্থনযোগ্য এই বিল। স্যার, বিভিন্ন বিভাগের বাজেট পেশ হয়েছে এই সদনে। বিভিন্ন বিভাগের বাজেটের মধ্য দিয়ে এই রাজ্যের মমতা ব্যানার্জীর নেতৃত্বে মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এই রাজ্যের সরকার যে উন্নয়নের পথে হাঁটছেন, তা স্পষ্ট হয়ে গিয়েছে। এখানে গ্রামের মানুষের কথা ভাবা হয়েছে। শহরের মানুষের কথাও ভাবা হয়েছে। পাহাড়ের কথা ভাবা হয়েছে। সমতলের জঙ্গল মহলের কথা ভাবা হয়েছে। জাতি সম্প্রদায় নির্বিশেষে মানুষের উন্নতিসাধনে গুরুত্ব দেওয়া হয়েছে। শিক্ষার মানের উন্নতির কথা ভাবা হয়েছে।

১০ লক্ষ বেকারের কর্মসংস্থানের রাস্তা তৈরি করার পদক্ষেপ নেওয়া হয়েছে, শুধু ভাবা নয়। পদক্ষেপ তৈরি হয়েছে, দেওয়া হয়েছে। এটা মাননীয়া মুখ্যমন্ত্রী স্পষ্ট করে দিয়ে গেছেন। আপনারা শুনেছেন, কোনো বিভাগের কোনো বাজেটে কাটমোশন আনেননি। বলার তাই কোনো অধিকার, বিরোধিতা করার কোনো অধিকার আপনাদের নেই, মানায়ও না। স্যার মহিলাদের অর্থনৈতিকভাবে সাবলম্বি করার জন্য জায়গা তৈরি করে দেওয়া হয়েছে। এই রাজ্যের যে বাজেটগুলো—তা পরিষ্কার উন্নয়নের সুরে বাধা। কোথাও ছন্দ পতন হয়নি, কোথাও তাল কাটেনি, কোথাও লয়ের বিঘ্ন ঘটানো হয়নি। এক সুরে বাঁধা বিভাগীয় বাজেটের বরাদ্দ তাই আজকে অ্যাপ্রোপ্রিয়েশন বিলের মাধ্যমে খরচ করবার অধিকার সরকারকে দিতে বাধ্য এই সদন। কারণ, বিরোধিতার জায়গা নেই। স্যার বিরোধীরা দ্রব্য-মূল্য বৃদ্ধির কথা বলছেন। কিছুক্ষণ আগে মাননীয় সদস্য উদয়ন গুহ বললেন, গ্যাসের দাম নাকি কমেনি। আসলে রান্নাটা তো করেন না, স্ত্রী করেন, আর ওই পকেট কাটার যাঁতা, ওটা এখনো রয়েছে। ৪০০ টাকায় আসে, আপনাদের ৪১৬ টাকা বলছে। রান্না আমরা করি, জানি গ্যাসের দামটা কত। গ্যাসের দাম সিলিন্ডার পিছু যে কমেছে, আমিও স্লিপ নিয়ে এসে দেখিয়ে দেবো গ্যাসের সিলিন্ডারের দাম কমেছে কি কমেনি। স্যার ফিন্যান্স বিল নিয়ে এসেছেন আমাদের মাননীয় অর্থমন্ত্রী এবং অদ্ভুতভাবে লক্ষ্য করেছে এই সদন যে, গত সরকারের অনেকগুলো ফিন্যান্স বিল এই সদনে পেশ হয়েছে। কর শুধু চাপানো হয়েছে মানুষের ওপর। যে কর রাজ্য সরকারের অধিকার চাপানো, সেই কর কিন্তু পাসেবেল লাইবিলিটি। যে পাসেবেল লাইবিলিটি আপনাকেও দেখাবো আল্টিমেটলি কনজিউমারের কাছে যায়। অর্থাৎ সাধারণ মানুষের কাছে। শুধু কর চাপিয়ে উৎস পাওয়া যায় না। কর চাপানো মানেই উৎস নয়। স্যার, আপনি অইনজ্ঞ, আপনি জানেন যে, একটা কর সংক্রান্ত

আইন তিনটে উদ্দেশ্যের ওপর তৈরি হয়। একটা লেভি, একটা অ্যাসেসমেন্ট এবং আরেকটা রিকভারি। বছরের পর বছর লেভি করেছেন। অ্যাসেসমন্টে টাইমবার্ড হয়ে গেছে। প্রশাসনিক গাফিলতি এবং ইচ্ছাকৃত গাফিলতির জন্য আপনারা সেই অ্যাসেসমেন্ট টাইমবার্ড করে আসল দেয় টাকা অ্যাসেস করে তুলতে পারেননি। রিকভারি করেননি। রিকভারি না করে করে, আদায় না করে করে এমন জায়গায় নিয়ে গেছেন রাজ্যকে, আজকে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার দেনা এই রাজ্যের কাঁধে চাপিয়ে দিয়েছেন। স্যার এটা মা-মাটি-মানুষের সরকার। আমরা যথাসাধ্য ভাল করছি স্যার। আর ওরা বলছেন, ওরা নাকি অনেক ভাল করেছেন। আমি শুধু রবীন্দ্রনাথের একটি কবিতা বলব "যথাসাধ্য ভাল বলে, ওগো আরও ভালো। কোন স্বপ্নপুরী.... (নির্ধারিত সময় শেষ হয়ে যাওয়ার কারণে মাননীয় স্পীকার মহোদয় এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন করে দেন।)

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের রাজ্যের মাননীয় মন্ত্রী ডঃ অমিত মিত্র মহোদয় দি ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশন নাম্বার—২ বিল, ২০১১ উত্থাপন করেছেন। এই বিলে তিনি অনুমোদন চেয়েছেন ৯৯ হাজার ৪২৩ কোটি ৪৮ লক্ষ ৫৯ হাজার।

[11.30—11.40 a.m.]

দু'বার vote on accounts এর মধ্যে যুক্ত আছে। তিনি জুন মাসে একটা vote on accounts পাশ করেছিলেন, তিনি বলেছিলেন দু'মাসের জন্য। তারপরে আবার তিনি এই বিধানসভায় বাজেট পাশ করতে গিয়ে বললেন vote on accounts পাশ করার কথা যে বলা হয়েছিল সেটাই পূর্ণাঙ্গ বাজেট, সেই মাঝেরটাই মূল বাজেট। আমরা মনে করি আমরা সমর্থন না দিলেও আপনার Appropriation Bill পাশ হবে। আর Appropriation Bill পাশ না হলে সাংবিধানিক সংকট দেখা দেবে। সহজেই আপনি সেই বিল পাশ করাতে পারবেন, কারণ সেই সদস্য সংখ্যা আপনার আছে। এর আগে আপনি প্রথমেই একটা Financial statement place করেছিলেন, তাতে বিভিন্ন দপ্তরের কিছু কিছু টাকা বাড়ানোর কথা আপনি বলেছেন। অনেক দপ্তর আছে, খুব গুরুত্বপূর্ণ দপ্তর, যে দপ্তরগুলিতে আপনি বাজেটে কোন ব্যয় বরাদ্দ বৃদ্ধি করেননি। যেমন পি.ডব্লু.ডি. (রোডস), ইরিগেশন ইত্যাদি দপ্তর। সেই দপ্তরের আপনি বাজেট বাড়াননি। কিছুদিন আগে আপনি এই সভায় Finance Bill পেশ করেছেন। আপনার বাজেটে যা রাজস্ব ঘাটতি, সেই ঘাটতি পূরণ করার জন্য আপনার সেই Finance Bill statement-এ সেভাবে কিছু ট্যাক্স বৃদ্ধি বা কমানো কয়েকটি জায়গায় থাকলেও বিশদভাবে কিছু বলা নেই। অর্থনৈতিক বাজেট ঘাটতি, সে ঘাটতিও আপনি কিভাবে পূরণ করবেন তার কোনো দিশা আপনি আপনার বাজেটে বলেননি। আপনি কিছু ট্যাক্স হয়তো কিছু জায়গায় বাড়িয়েছেন যেমন মদ, বিড়ি, সিগারেট বা কসমেটিক্স, এই জাতীয় জিনিসের উপরে কিছুটা বৃদ্ধি করেছেন। আবার আপনি পারিবারিক জমির যে গিফট ডিড তার উপরে আপনি .৫ থেকে বাড়িয়ে ২% করেছেন এতেও কি আপনার এই বিশাল যে ঘাটতি, সেই ঘাটতি কি পূরণ হবে ? তার কোনো দিশা আপনি এর মধ্যে দেননি। একদিকে জিনিসপত্রের দাম বাড়ছে, মানুষের ক্রয় ক্ষমতার বাইরে

চলে যাচ্ছে, প্রতিদিনই ক্ষোভ-বিক্ষোভ সৃষ্টি হচ্ছে। সেই জিনিসপত্রের দাম কমানোর কোনো দিশা আপনার নেই। ডিজেল, পেট্রোল, কেরোসিনের দাম বৃদ্ধি হলো। আপনি গ্যাসের দাম ১৬ টাকা ছাড় দিলেন, কিন্তু ডিজেল, পেট্রোল, কেরোসিনে ছাড় দেওয়ার উল্লেখ কিছু নেই। কেন্দ্রীয় সরকারের কাছে আপনি কি পেলেন, কি পেলেন না, সেইসব উল্লেখ এতে নেই। এই সরকার রেভিনিউ কালেকশন বাড়িয়ে বলছেন আপনার ঘাটতি পূরণ করবেন। এই ৩ মাসে revenue collection আপনার কি হয়েছে, কি হয়নি, কি বৃদ্ধি পেল, কি কম হলো, সেটা আপনার Financial statement বা Financial Bill বা Appropriation Bill-এ আপনি উল্লেখ করেননি। তাহলে কিসের ভিত্তিতে আপনি এই যে বিশাল খরচ, এই যে বিশাল ঘাটতি, সেই ঘাটতি পূরণ করবেন ? কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের রাজ্য সরকারের যেসব পাওনা—এখন আপনাদের বন্ধু সরকার দিল্লিতে আছে, আমাদের দাবি তাঁরা কোনোদিন মানেনি, আমরা বহু আন্দোলন সংগ্রাম করেছি, বহু দাবি করেছি, রাজ্যের হাতে অধিক ক্ষমতা দিতে হবে, আমাদের ন্যায্য পাওনা দিতে হবে, আমাদের এখান থেকে বিভিন্ন দপ্তর থেকে যেসব ট্যাক্স যেমন কয়লার রয়্যালটি চার্জ থেকে আরম্ভ করে চা, পাট থেকে আরম্ভ করে যে সেস্ আপনার দিল্লিতে জমা হয় তার অর্ধেক আমরা রাজ্যের হাতে দাবি করেছি, তারা মানেনি, দেয়নি। আমাদের রাজ্য সরকারের এখনও ৫ হাজার কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছে পাওনা রয়্যালিটি চার্জ হিসাবে। আপনারা কি সেগুলিকে আদায় করার জন্য উদ্যোগ গ্রহণ করবেন ? রাজ্যের হাতে অধিক ক্ষমতা দেওয়ার জন্য কি আপনি কেন্দ্রীয় সরকারের কাছে দাবি তুলবেন ? কিন্তু এইসব গুলি আপনার স্টেটমেন্টে বলা নেই। যেমন আপনার এই যে ঘাটতিগুলি, সেই ঘাটতিগুলি কিভাবে পূরণ করবেন ? শুধু ট্যাক্স বাড়িয়ে যে রেভেনিউ কালেকশনের কথা বলছেন, সেই কালেকশন করে পূরণ করতে চাইছেন। কিন্তু সেটা কি সম্ভব হবে ? আপনি তিন মাসের কালেকশনে কি সেই জায়গায় রিচ করতে পেরেছেন ? আশাতীতভাবে যে রেভেনিউ কালেকশন হওয়া দরকার সেই কালেকশন কি আপনার হয়েছে ? সেই সবগুলি কিন্তু আপনার এই বাজেটের মধ্যে উল্লেখ নেই। যার ফলে আপনার এই বাজেট পূর্ণাঙ্গ নয়, অসমাপ্ত বাজেট। এই অসমাপ্ত বাজেট নিয়ে রাজ্য সরকারের যে অর্থনৈতিক সংকট, সেই সংকটকে আরও তীব্র থেকে তীব্রতর করার পথ অবলম্বন করা হচ্ছে। যার ফলে দিনের পর দিন জিনিসপত্রের দাম আরও বাড়বে। ক্রয় ক্ষমতার বাইরে চলে যাবে। আরও ক্ষোভ-বিক্ষোভ বাড়বে। মাননীয় প্রধানমন্ত্রী কিছু দিন আগে আমাদের রাজ্যে এসেছিলেন। আমরা তখন আমাদের বিরোধী দলের নেতা ডাঃ সূর্য্যকান্ত মিশ্রের নেতৃত্বে তাঁকে বলেছি, আমাদের রাজ্যের হাতে অধিক ক্ষমতা দেওয়া হোক রাজ্যকে আরও স্বয়ংভরভাবে দাঁড় করাবার জন্য, নিজের পায়ে দাঁড়াবার জন্য। আমাদের যে আর্থিক পাওনা, সেই পাওনা আমরা ডিমান্ড করেছি। কিছুদিন আগেও লোকসভাতে আমাদের আইন-শৃঙ্খলা ও সন্ত্রাসের বিরুদ্ধে অবস্থান ছিল। তার মধ্যেও আমরা কেন্দ্রী সরকারের প্রধানমন্ত্রী যখন এখানে এসেছিলেন ২১শে আগস্ট তারিখে, সেই দিনেও তাঁকে স্মরণ করিয়ে দিয়ে বলা হয়েছে—রাজ্য সরকারকে আর্থিকভাবে দাঁড় করবার জন্য যা যা পাওনা আছে, যা যা আমাদের দরকার আছে সেগুলি আপনাকে মেকআপ করতে হবে। কিন্তু আপনি সেই পথে উদ্যোগ গ্রহণ করবেন ? করবেন বলে

আমার মনে হয়নি বা আপনার আলোচনায় বেরিয়ে আসেনি। যার ফলে আপনার এই পূর্ণাঙ্গ বাজেটের জন্য আমাদের রাজ্যের অর্থ সংকট বাড়বে ছাড়া কমবে না। এই কথা বলেই আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী অসিত মিত্র : ম্যাডাম, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র কর্তৃক 'The West Bengal Appropriation (No.2) Bill, 2011'-এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। ম্যাডাম, গতকাল এখান থেকে বাড়ি যাওয়ার সময় আমার সঙ্গে ক্লাস টেন-এর একটি ছেলের দেখা হয়েছিল। আমাকে দেখে সে বলল, আপনি কোথা থেকে আসছেন ? আমি বললাম বিধানসভা থেকে। সে বলল, আপনি একটা প্রশ্নের উত্তর দিতে পারবেন ? আমি বললাম, বল। সে বলল—লায়োনেন মেশি আমাদের এখানে খেলতে এসেছে। এর সঙ্গে আপনাদের ওখানে আগে যারা শাসন করত তাদের সংখ্যাটা কমে যেন কত হয়েছে ? তো তাদের সঙ্গে মেশির কি মিল আছে আপনি বলতে পারবেন ? আমি বললাম এতো অদ্ভুত ব্যাপার। কিন্তু লায়োনেন মেশি দেশকে ডুবিয়েছে কিন্তু দলকে (বার্সাকে) বাঁচিয়েছে। আর এরা দেশকে ডুবিয়েছে, রাজ্যকে ডুবিয়েছে, কঙ্কাল বার করেছে আর নিজেদের দলকে পরিপুষ্ট করার জন্য এগিয়ে চলেছে। .....(গোলমাল)..... গায়ে লাগবে, গায়ে লাগবে। গায়ে লাগবে, একটু বলতে দিন। আমি আপনাদের কাছে বলছি ম্যাডাম। ম্যাডাম শুনুন লায়োনেন মেশিকে তার কোচ বলেছে, দেশের হয়ে খেলতে গেলে তোমাকে ক্যাপ্টেন হতে হবে আর এইভাবে চলতে হবে। তার জন্যই লায়োনেন মেশি প্র্যাক্টিস করে তার প্রথম পরীক্ষা দিতে যুবভারতীতে উপস্থিত। রাজ্য সরকার যা ভূমিকা নিয়েছেন তার জন্য আনন্দিত। কিন্তু তাকে বলেছে মাথা নিচু করে তুমি এই কাজটা কর।

[11.40—11.50 a.m.]

আর ওই ছেলেটি বলল, আপনাদের বামফ্রন্টকেও আগামী দশটা বছর মমতা ব্যানার্জীর সরকারের কাছে আর আপনাদের কংগ্রেসের কাছে মাথা নিচু করে বলতে হবে আমরা এটা শিখতে চাই তোমাদের কাছে। তা না হলে পশ্চিমবাংলাকে বাঁচাতে পারবো না। ম্যাডাম, আমি আপনাদের কাছে বলছি, আর একটা ম্যাডাম মিল আছে, আর একটা মিল আছে, আমার এক বন্ধু কৃষ্ণেন্দু চৌধুরী আমার পাশে বললেন, এইতো—আমি জানি, জানি অনেক কষ্ট হবে। (গোলমাল) আমি আপনাদের কাছে বলছি, আর একটা মিল আছে ম্যাডাম, পশ্চিমবাংলায় তিনজন অর্থমন্ত্রী, তাঁর একজন তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেস জোটের মন্ত্রী অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র। তার আগেও ছিলেন ডঃ অশোক মিত্র, আর ছিলেন ডঃ অসীম দাশগুপ্ত। একটা ক্লাস ফোরের ছেলেকে জিজ্ঞাসা করুন এদের তিনজনের মধ্যে মিল কোথায় ? না, তিনজনের নামেই 'অ'। তবে তাঁদের আগের দু'জন দেশটাকে ধ্বংস করে গেছে। আর পরের যিনি এসেছেন তিনি আগামীদিনে রামচন্দ্রের দায়িত্ব নিয়ে এই দেশটাকে বাঁচাবার চেষ্টা করবেন। আজকে আমি আপনাদের কাছে বলছি, আজকে বিধানসভার শেষ দিন। ম্যাডাম, আজকে বিধানসভার শেষ দিন এই পর্যায়ে আমি আপনার কাছে বলছি, একটু অন্যভাবে আমার বক্তব্য শুরু করলাম। ম্যাডাম, মাননীয় অর্থমন্ত্রী ৯৯ হাজার ৪ শত ২৩

কোটি ৪৮ লক্ষ ৪৯ হাজার টাকার Appropriation Bill এনেছেন সমর্থন করছি তাকে। এর মধ্যে ৬৭ হাজার ১৩৩ কোটি ৪৮ লক্ষ ৪৯ হাজার টাকা আগেই Vote of Account-এ পাশ করানো হয়েছে। ম্যাডাম, বাকি ৩২ হাজার ২৩১ কোটি ৩ হাজার টাকা consolidated fund থেকে উনি মঞ্জুরী চেয়েছেন। আমি আপনার কাছে বলতে চাইছি অদ্ভুত কথা, এরা চিৎকার করছেন, অদ্ভুত কথা ম্যাডাম, আমার সময় কম, আমি বলছি মাননীয় অর্থমন্ত্রীকে আমি তার কাছে অনুরোধ করে বলতে চাই, আপনি এই রাজত্বটা চালাবেন কি করে ? আপনি যে টাকাটা মঞ্জুরী চেয়েছেন হিসাবমতো সেই টাকার ৯৯ দশমিক—এরা তো ভালো কাজ করে গিয়েছিলেন, আবার চিৎকার করছেন। শুনবেন ? তাহলে বলেই ফেলি। ৯৯.৬ শতাংশ টাকা এর আগের সরকারের ঋণ শোধ করতে যাবে। আমার হিসাব ভুল কিনা মাননীয় অর্থমন্ত্রী যখন আপনি বলবেন যে অসিতবাবু আপনার ভুল হয়েছে, আমি মেনে নেব। ৯৯.৬ শতাংশ টাকা ঋণ শোধ করতে যাবে। তার কারণটা কি ? ২ লক্ষ ৬ হাজার কোটি টাকা আপনারা ঋণ করে গেছেন। আমি আপনাদের কাছে বলছি, ২ লক্ষ ৬ হাজার কোটি টাকা আপনারা ঋণ করেছেন। আর একটা কথা বলি, পশ্চিমবাংলায় অধিকাংশ কর্মসূচি হচ্ছে কেন্দ্রীয় সরকারের কর্মসূচি। যার ৭৫% টাকা কেন্দ্র দিতেন, ২৫% টাকা এদের দিতে হত। ম্যাডাম, আমি আপনার কাছে বলছি, সেই টাকা শোধ করতে পারত না, ওরা matching grant দিতে পারেনি। তার জন্য অনেক টাকা ফেরত গেছে এবং ৫০% অর্ধেক টাকা নিয়ে তারা কাজ করেছে। মাননীয় অর্থমন্ত্রী আমি আপনার কাছে বলব, আপনি কি leakageটা বন্ধ করবেন। আপনি অনেক জায়গায় Tax যদি বসান, যদি Taxই থাকে তাহলে আপনার কাছে আমি একটা অনুরোধ করবো যে জায়গার থেকে fund গুলো আসতো সে Tax বা অন্য কোনো Tax থেকে আসুক আপনি তাকে রক্ষা করার চেষ্টা করুন। আর একটি কথা বলে ম্যাডাম আমি আমার কথা শেষ করব, সেটা হল এই যে, আপনি সেচ বাবদ যে টাকা দিয়েছেন বা অন্যান্য দপ্তরে যে সমস্ত টাকা দিয়েছেন তার প্রত্যেকটি খরচকে অন্য জায়গায় কোনো contractor অথবা অন্য PWD, contractorরা যে PWD চালায়, এক সময় এখানে দাঁড়িয়ে একজন বিদগ্ধ মন্ত্রী বলেছিলেন, বিদগ্ধ কমিউনিস্ট নেতা বলেছিলেন, Left Front Government is of the contractor, by the contractor and for the contractor। আমরা চাই না, তাই অর্থমন্ত্রীকে বলছি, Left Front Government নয়, এটা তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেসের সরকার, তাই আপনি এমনভাবে কাজ করুন যাতে করে প্রত্যেকটা কাজ সময় মতো হয়। মাননীয় অর্থমন্ত্রী বোধহয় বলেছেন, আমরা প্রধানমন্ত্রীর কাছে গিয়েছিলাম, প্রধানমন্ত্রীর কাছে কংগ্রেসের পক্ষ থেকেও আমরাও বলেছিলাম মমতা ব্যানার্জীর নেতৃত্বাধীন সরকার আমাদের সরকার এই সরকারকে সমস্তভাবেই সাহায্য করতে হবে। সাহায্য নয়, এরা চুরি করেছে, ডাকাতি করেছে, বদমাইশি করেছে, যারা লুঠ করেছে তাদের এইসব বন্ধ করে দিয়ে, কাজ করতে হবে। তাই ম্যাডাম, আমি আজকে আর আপনার সময় নেব না, আমি আপনাকে ধন্যবাদ জানিয়ে শুধু এইটুকু বলি, হয়ে যাওয়া ঈদ আর আগাম শাদদোৎসবের শুভেচ্ছা জানিয়ে আমি আমার কথায় বলি, রইলো যারা পিছুর টানে কাঁদবে

তারা কাঁদবে গো। কালকে নজরুলকে নিয়ে বলেছিলেন, আজকে আমি বলে যাই নজরুলের শেষ কথা, আমার কৈফিয়ত-এ নজরুল যেটা বলেছিলেন, সেটাই জোট সরকারের কথা। পরোয়া করি না, বাঁচি আর না বাঁচি, যুগের হুজুক পেতে গেলে মাথার উপর জ্বলিছেন রবি, রয়েছে সোনার শত ছেলে, প্রার্থনা করো যারা কেড়ে খায় তেত্রিশ কোটির মুখের গ্রাস, যেন লেখা হয়, আমার রক্ত লেখায় এই জোট সরকারের লেখায় তাদের সর্বনাশ। ধন্যবাদ স্যার।

[11.50—12.00 noon]

শ্রী তাপস রায় : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমাদের রাজ্যের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র দি ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশনে (নম্বর ২) বিল, ২০১১ ; আমাদের সামনে যেটা রেখেছেন, আমি সেই বিলের সমর্থনে দু-চারটি কথা বলতে চাই। সময় খুবই অল্প। আমাদের অনেক বক্তাই বক্তব্য রেখেছেন। ডঃ ব্যানার্জী বলেছেন, চন্দ্রিমা ভট্টাচার্য বলেছেন, উদয়ন গুহ বলেছেন এবং আমার পরে ২৫ মিনিট আনিসুর রহমান বলবেন। আমি আনিসুর রহমানকে বলব, যে অ্যাপ্রোপ্রিয়েশনের উপর যেন বলেন। অ্যাপ্রোপ্রিয়েশন না দেওয়া, এটা তো সাংবিধানিক নির্দেশ, সেই সাংবিধানিক নির্দেশ মেনে আপনারা দয়া করে, আপনাদের ব্যর্থতাটা একটু তুলে ধরবেন। অপদার্থতাটা একটু তুলে ধরবেন, এই যে আমাদের শ্রদ্ধেয় কমলদার ছেলে, আমাদের বিধায়ক উদয়ন গুহ বিকলাঙ্গ বললেন, এই বাংলার অর্থনীতিকে আমি কিন্তু ২৫ মিনিট বলতে দেবো না আনিসুরকে। ৩৪ বছর ধরে প্ল্যানে খরচা না বাড়িয়ে, নন-প্ল্যানে বাড়িয়ে, রেভিনিউ আর্নিং না বাড়িয়ে, খরচা বাড়িয়ে, অর্থনীতির যে প্রথম এবং শেষ কথা সেইগুলো ম্যাচাচুসেস্ট-এর ডক্টরেটকে একবার জিজ্ঞাসা করে এসে বলুন না, যে ম্যাচিং গ্রান্টের জন্য টাকা ফেরত গেল, পড়ে রইল, আর আমাদের সরকার ব্যাঙ্গ করেন যেটা মা-মাটি-মানুষের সরকার, এই সরকার হচ্ছে ওয়েলফেয়ার স্টেট। এই ওয়েলফেয়ার স্টেট ম্যাডাম আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই, যে ১৬ টাকা করে তিনি সরকারে আসার সঙ্গে সঙ্গে সিলিন্ডারে সাধারণ মানুষ, মধ্যবিত্তের জন্য তিনি মুকুব করেছেন। ম্যাডাম আমি আপনার মাধ্যমে অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাই যে অর্থমন্ত্রী ৩৩ কোটি টাকা ফার্মারদের জন্য সাবসিডি দিয়েছেন, ফার্টিলাইজারে। এর জন্য আপনাকে ধন্যবাদ জানাই ডঃ মিত্র। এরপরেও আনিসুর রহমানরা ২৫ মিনিট কিসের উপর বলবেন ? কি নিয়ে বলবেন ? রাজ্যটাকে পঙ্গু করে দিয়েছেন অর্থনৈতিক দিক থেকে, ধুঁকছে রাজ্যটা। রাজ্যে, আমাদের ১০০ দিনের সরকার এসে, শিল্পের জন্য, আইন-শৃঙ্খলার জন্যে হাওড়ায় কমিশনারেট করতে পারে। ৩৪ বছরে কেন হয়নি ? বরাদ্দ গেল সেখানে, আমাদের দুর্গাপুর, আসানসোল কমিশনারেট হল। কলকাতা পুলিশের এরিয়া বাড়ল। ট্রাফিক গার্ড ১৭টা থানা বাড়ল। ৪৮টার জায়গায় ৬৫টা হল। ওটা করা যেত না ? এই নির্লজ্জ মুখগুলো এখানে বসে এখনও তাকিয়ে থাকবে ? এখনও বলবে ? এখনও অংশগ্রহণ করবে ডিবেটে ? এখনও বলবে ? আমি জানি বলার জন্য আপনাদের বলতেই হবে। তা না হলে দলের কাছে মুখ দেখানো যাবে না যে। আজকে প্রশ্ন তাই, যে এইখানে আমাদের অর্থমন্ত্রী যে ভোটেড ৬৭ হাজার ১৯১ কোটি ৬৬ লক্ষ ৮৬ হাজার টাকা, এটা হচ্ছে ভোটেড। চার্জড হচ্ছে, ৩২ হাজার ২৩১ কোটি ৮২ লক্ষ ৩ হাজার

কোটি টাকা। তাহলে সর্বসাকুল্যে উনি খরচের জন্য যে অ্যাপ্রোপ্রিয়েশন চেয়েছেন, অনুমতি চেয়েছেন আমাদের সকলের বা হাউসের কাছে, সেটা হল ৯৯ হাজার ৪২৩ কোটি ৪৮ লক্ষ ৮৯ হাজার টাকা। এবং এখানে অনেকে বলবেন আমি জানি, আনিসুর রহমান বলবেন, কোত্থেকে আসবে টাকা ? সে বন্দোবস্তও করেছেন ডঃ মিত্র। ভাবতে হবে না আপনাদের। আপনারা শুধু সমর্থন করুন। আপনারা দয়া করে সমর্থন করুন। রাজ্যটাকে যেখানে এনে আপনারা দাঁড় করিয়েছেন, আপনারা শুধু সেটা ভাবুন যে আপনারা কোথায় নিয়ে এসে দাঁড় করিয়েছেন এবং এটা উনি চাইছেন ২০১২-র মার্চের ৩১ তারিখ পর্যন্ত। পাহাড়ে ২০০ কোটি কেন্দ্র দিচ্ছে। আমরা টাকা দিচ্ছি। পাহাড়ের শান্তি ফিরে এসেছে। মানুষ হাসছে এবং মানুষ সেখানে যাচ্ছে। এখানে রয়েছেন আমার পাহাড়ের বন্ধুরা। আপনারা কি করেছিলেন ? জঙ্গল মহল সেখানে টাকা দেওয়া হয়েছে। দশ হাজার শুধু পুলিশ জঙ্গল মহলের জন্য রিক্রুট হয়েছে। আপনারা কি করলেন ? জঙ্গল মহলের মানুষদের ভোট নিলেন, জঙ্গল মহলের মানুষদের ব্যবহার করলেন। পরবর্তীকালে তারা যখন খেতে পাচ্ছিল না তখন তাদের গুলি করে হত্যা করেছেন আপনাদের বাহিনী দিয়ে এবং পুলিশ দিয়ে। আজকে প্রশ্ন সেই জায়গাটায়। আজকে উদয়নবাবুর কাছে আমার প্রশ্ন, আনিসুর রহমান এবং সূর্য্যবাবু তাদের কাছেও আমার প্রশ্ন, এই অ্যাপ্রোপ্রিয়েশনের বিরোধিতা আপনারা করবেন ? যে দেনা আপনারা করে গেছেন, আমি জানি না ডঃ মিত্র সেই দেনা শোধ করবেন কিভাবে ? সেই দেনা মাথায় নিয়ে চিন্তা ভাবনায় তার রাতে ঘুম হচ্ছে না। সেই দেনার জন্য, ঋণের জন্য প্রতি বছর ১৮ হাজার কোটি টাকা করে যে সুদ আমাদের শোধ করতে হচ্ছে সেটার জন্য তো অ্যাপ্রোপ্রিয়েশন না দিলে আপনাদের দেনা, আপনাদের ঋণের সুদটা শোধ করবেন কি করে ডঃ মিত্র। সেটা বলুন আপনারা। সেটা কে শোধ করবে ? এই চার্জে আপনারাও যে অর্থ পান, এই অ্যাসেম্বলি থেকে যে টাকা পান, সেটাও চার্জ, সেটাও যে কন্সোলিডেটেড থেকে নিয়ে দেবে তার জন্য তো আপনাকে অনুমোদন নিতে হবে। কি রেজ্জাক সাহেব ? সুতরাং সেই টাকাটাও তো আপনাকে শোধ করতে হবে। আজকে ইন্ডাস্ট্রির জন্য যে ইনফ্রাস্ট্রাকচার, রাস্তাঘাট, শিল্প তালুক, বিদ্যুৎ, জল আজকে আমরা তিন বছরের মধ্যে বলেছি প্রতিটি গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেব। বিদ্যুতের জন্য ২০০ কোটি টাকা বরাদ্দ হয়েছে, তাই তো ডঃ মিত্র। আজকে তিন বছরের মধ্যে বলছি প্রতিটি বাড়িতে আমরা জল পৌঁছে দেব। ৩৪ বছরে যা আপনারা পারেননি বিদ্যুৎ এবং জল, তিন বছরের মধ্যে বাংলার প্রতিটি—ঘরে এবং প্রতিটি মৌজায় আমরা বিদ্যুৎ পৌঁছে দেব। এর পাশাপাশি আজকে অর্থমন্ত্রীর কাছে অনুরোধ করব, মুখ্যমন্ত্রীর যে আকাঙ্ক্ষা এবং ইচ্ছে, আপনারা মুখ্যমন্ত্রীর সেই ইচ্ছা এবং আকাঙ্ক্ষাকে পরিপূর্ণতা দিতে লড়াই করে, যুদ্ধ করে মুখ্যমন্ত্রীর নেতৃত্বে যে টাকা আদায় করে নিয়ে এসেছেন সেটা ঐতিহাসিক ৫ হাজার ২১৪ কোটি টাকা। আজকে এফ.আর.বি.এম.—সূর্য্যবাবুরা যদি এখানে এফ.আর.বি.এম. চালু করতেন, ফিসক্যাল রেসপন্সিবিলিটি বাজেট ম্যাজেমেন্ট অ্যাক্ট, তাহলে আমাদের আজকে এই অবস্থায় পড়তে হত না। আজকে এই ভয়ঙ্কর অবস্থা হত না। আজকে ৮৫০০ কোটি টাকা বি.আর.জি.এফ. দেওয়া হয়েছে, ব্যাকওয়ার্ড রিজিয়ান গ্রান্ট ফান্ড সেখানে দেওয়া হয়েছে। ২২ হাজার ২১৪ কোটি টাকা আজকে আমাদের মুখ্যমন্ত্রী এবং যেটা ঐতিহাসিক এবং প্রথম

কেন্দ্রের কাছ থেকে অনুদান নিয়ে এসেছেন, তার কথা আপনারা বলবেন না ? যেটা আপনারা কখনো আনতে পারেননি। আজকে সেন্ট্রাল অ্যাসিস্টেন্ট এফ.আর.বি.এম., হলে কত বেশি পাওয়া যেত। ম্যাচিং গ্রান্ট পাওয়া যেত, ৩৪ বছরে বাংলার কত উন্নয়ন হত। আমি জানি এই ৩৪ বছরের ব্যর্থতা, অপদার্থতা বাংলার বুকে প্রতি মুহূর্তে যে কতগুলো জেনারেশনকে ধ্বংস করে দিয়ে গেলেন, বাংলাকে ধ্বংস করে দিয়ে গেলেন, উন্নয়নকে ধ্বংস করে দিয়ে গেলেন, প্রগতি, অগ্রগতির ক্ষেত্রে আপনারা যে বাধা হয়ে দাঁড়ালেন এই ৩৪টা বছর—একটা, দুটো বছর নয়—সেই ৩৪ বছরে আপনাদের ব্যর্থতা, অপদার্থতা আপনাদের পিছুও ছাড়বে না। বাংলার পিছুও ছাড়বে না। বাংলার মানুষকে প্রতি মুহূর্তে স্মরণ করতে হবে। আপনাদেরও প্রতি মুহূর্তে, আড়ালে স্মরণ করতে হচ্ছে, আপনাদের নেতৃত্ব, আপনাদের মন্ত্রী, আপনাদের পলিসি, আপনাদের নীতি, আপনাদের ভ্রান্ত, অর্থ, শিল্প, শিক্ষা সমস্ত নীতি আজকে বাংলাকে কোন্ জায়গায় এনে দাঁড় করিয়েছে। আজকে তাই আমি এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল (২), ২০১১কে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম, নমস্কার, ধন্যবাদ ম্যাডাম।

শ্রী আনিসুর রহমান : সম্মানীয়া উপাধ্যক্ষা মহোদয়, তাপসবাবুর ভয় নেই, আমি অ্যাপ্রোপ্রিয়েশন বিলের অন্ধ বিরোধিতা করতে আসিনি। আমরা প্রথমে যেটা বলতে চাই, আমরা শুধু মনে করি বাজেট মানে একটা আয়-ব্যয় দেখিয়ে দেওয়া। বৃহত্তর অর্থে বাজেটের একটা মানে আছে। আমরা আজকে যেটা করছি সেটা হচ্ছে বাজেটের একটা অঙ্গ। বাজেটের প্রধান বিষয় হচ্ছে তিনটি—প্রথম অংশে আমরা যেটাকে বলি annual financial statement। তার আরেকটা মানে হচ্ছে estimated income and expenditure, এটা হচ্ছে বাজেটের প্রধান অংশ। দ্বিতীয় অংশে এই বাজেটে কাজ করার জন্য টাকা পাবে কোথায় ? তার জন্য আছে ফিনান্স বিল। কোথা থেকে টাকা আসবে সেটা সেখানে বলা হয়। আর এই টাকা খরচ করার জন্য যে অনুমতি নিতে হয় তাকে অ্যাপ্রোপ্রিয়েশন বিল বলে। এটা হচ্ছে বাজেটের তৃতীয় অংশ। এই সবটা মিলিয়ে একটা পূর্ণাঙ্গ বাজেট হয় এটা আমরা জানি। মাননীয় সদস্য ব্যানার্জী এবং অসিত মিত্র বলেছেন, আমরা কিছু জানি না। ভালো কথা। আমি তো নিজেই স্বীকার করছি, আমি লেখাপড়া কম জানি। আর এই অর্থনীতিতো জীবনে পড়িইনি। তারপরে এই রাজ্যের এতবড় একজন ডিগ্রিওয়ালা অর্থমন্ত্রী রয়েছেন সেখানে আমাদের কথা বলা মানাই না। কিন্তু তা সত্বেও একটা সাধারণ ধারণা, সাধারণ বিদ্যা আমাদের আছে, সেই প্রসঙ্গে কয়েকটা কথা আমি এখানে বলতে চাই।

প্রথম যে কথাটা বলতে চাই, এটা সবারই কাজে লাগবে, শুধু অর্থমন্ত্রীর জন্য আমি বলছি না। এবারে আমাদের সামগ্রিক বাজেট প্রক্রিয়া যেটা হলো বুকে হাত দিয়ে আপনারা বলুন তো সেটা ঠিক হয়েছে ? আমাদের মাননীয় অর্থমন্ত্রী বললেন অতীতের সমস্ত নিয়ম-কানুন রেকর্ড ভেঙে আমি একটা নতুন ইতিহাস তৈরি করলাম। এটা ঐতিহাসিক কেন ? না, এটা ছয় পাতার বাজেট। কেন ? না, এটা স্ট্যান্ডিং কমিটিতে যায়নি। কেন ঐতিহাসিক ? না, মুখ্যমন্ত্রীর নয়টি দপ্তরের মধ্যে একটি বাদে বাকিগুলি এখানে আলোচনাই হয়নি। এটাও ঐতিহাসিক। আপনারা কি মনে করেন এটা ঐতিহাসিক ? যদি মনে করেন, তাহলে আগামী

দিনে বলবে এটা ঐতিহাসিক কিনা। আমি শুধু বিনীতভাবে দুটো প্রশ্ন করতে চাই। আমরা জানি আমরা হেরে গেছি, আমাদেরকে বারে বারে ৩৪ বছরের ব্যর্থতা শুনতে হবে সেটাও আমরা জেনে এসেছি এবং এই ব্যাপারে মনকে শক্ত করেই এসেছি। অনেক সমালোচনা আমাদের শুনতে হবে সেই ব্যাপারে আমাদের কোনো আপত্তি নেই। কিন্তু এই বিধানসভায় অলিখিত কতগুলো নিয়ম আছে, যাকে কনভেনশন বলে। সেটা ভেঙে দেওয়া হবে সেটাও আমরা জানি। তাতে আমাদের কোনো আপত্তি নেই। কিন্তু আমাদের প্রশ্ন হচ্ছে আমাদের দেশটা চলে যে বইয়ের উপরে ভর করে তার নাম হচ্ছে 'সংবিধান'। সেটাকে আমরা মানব না মানব না ? আবার এই বিধানসভা চালাবার জন্য একটা বই আছে তাকে বলা হয় 'Rules of Procedure'। সেটা আমরা তৈরি করিনি, সেটা সবাই মিলে তৈরি করা হয়েছে। আপনারা কি চান সেটা ভেঙে দেওয়া হোক ? কি লেখা আছে তাতে ? তাতে লেখা আছে—The Annual Financial Statement or the Statement of the Estimated Receipts and Expenditure of the State Government in respect of each financial year এটা হচ্ছে বাজেট। সেখানে পরিষ্কার বলা আছে shall be presented to the House on such day as the Governor may direct. আমরা একটা প্রশ্ন তুলেছিলাম ২৪শে জুন যেটা পেশ করা হয়েছে সেটা জেনারেল বাজেট না বাজেট ? আমরা তার কোনো উত্তর পাইনি। পরে আমরা আবার কতগুলো স্টেটমেন্ট পেলাম। আমরা যেটা জানতে চেয়েছিলাম আজও সেই ব্যাপারে আমরা কোনো লিখিত পেলাম না। আমাদের বিরোধী দলনেতা বারেবারে বলেছিলেন লিখিত দিন, আজও সেটা আমরা পাইনি। এই ব্যাপারটা জানাবেন। তবে যা মানে দাঁড়ায় তাতে বোঝা যা ওটাই ছিল কিন্তু বাজেট। There shall be no discussion of the Budget on the day on which it is presented to the House কি বলেছে—দশ তারিখে হাজির করা হল, আর এগারো তারিখে আলোচনা করা হল। তাহলে নিশ্চয় এটা বাজেট নয়। তাহলে ২৪ তারিখেরটাই হচ্ছে বাজেট। আমরা সেটাও মেনে নিলাম। এটা যদি বাজেট হয় তাহলে কি হতে পারতো, এই যে আজকে ২৪শে জুনের পরে ১০ই আগস্ট, এই দেড় মাসে আমরা কি করতে পারতাম সেটা এই বইতে লেখা আছে। At the conclusion of the general discussion on the Budget under rule 208, the Demands for Grants of all the Departments falling under the purview of the Standing Committees shall stand referred to the appropriate Standing Committees for scrutiny and report.

[12.00—12.10 p.m.]

এইটা যদি বলতেন যে এটা জেনারেল বাজেট, তাহলে দেড় মাসে প্রত্যেকটা স্ট্যান্ডিং কমিটি অটোমেটিক্যালি এই সমস্ত আলোচনা করতে পারতো, স্ক্রুটিনি করতে পারতো। একটা ভালো কাজ হয়ে যেতে পারতো, হলো না। দ্বিতীয় যেটা হলো না, এই প্রথম আমার এই ২০ বছরের ইতিহাসে, ৩৪ বছর আমি এখানে ছিলাম না, ২০ বছর আছি। যা কোনোদিন

দেখতে হয়নি, তা দেখতে হলো শুধু স্ট্যান্ডিং কমিটি আলোচনা করলো না তাই না। সব থেকে গুরুত্বপূর্ণ দপ্তরগুলো নিয়ে এখানে আলোচনা হলো না। মানুষ জানতে পারলো না। কার লাভ হতো ? এই যে কালকে এখানে আমাদের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ছিলেন, মাইনরিটি বাজেট হলো। আমরা যে যাই বলি না কেন কাগজ তো তার কথাই বলবে। বাজেট যদি সব বিষয়ে হতো আমরা কি বলতাম ? বেশি সমালোচনা করার সুযোগ তো আমাদের নেই তিন মাসে কি বলবো ? এটা করেনি, ওটা করেনি কি বলবো ? বলবো না। আপনারা বলতে পারতেন। আপনাদের ভালো ভালো বিষয়গুলো হাজির করতে পারতেন। সমস্ত কাগজ যদি আপনার কথা বলতো মানুষ জানতো। কিন্তু সেই জানার সুযোগটা করে দিলেন না। তার জন্যে কে দায়ী ? দায়িত্ব নিতে হবে কাউকে। হয় স্পীকারকে নিতে হবে, নাহলে মন্ত্রীকে নিতে হবে, নাহলে আপনাদের সবাইকে নিতে হবে যে কেন এটা ঘটলো, সুযোগ তো সব ছিল। এই দেড় মাস সময় ফালতু নষ্ট হলো। আবার যেটা হল, আগেরটা যদি জেনারেল বাজেট হয়ে থাকে তাহলে ২২ তারিখ কি বলা হল ? ১১, ১২ দুদিন যে ১৬ ঘণ্টা আলোচনা হলো এই আলোচনার কি দরকার ছিল ? কোনো দরকারই ছিল না। অথচ আমাদের আলোচনা করতে হল। তাহলে এই যে কাজটা করা হল, আমি ওই জন্যে বারে বারে বলতে চাই এটা আপনাদের ভালো করে দেখতে হবে। দ্বিতীয় যেটা বলতে চাই তিনি ঐতিহাসিক বলার যে কারণ দেখিয়েছেন, ঐতিহাসিক, ছোট বই হলে নাকি ঐতিহাসিক হয়। স্ট্যান্ডিং কমিটিতে আলোচনা না হলে নাকি ঐতিহাসিক হয়। আর এই ডিমান্ড ওয়াইজ যে আলোচনাগুলো হয়, সেগুলো না হলে নাকি ঐতিহাসিক হয়। এই যদি ঐতিহাসিক হয়, তাহলে এত ভালো পরামর্শ আগে পেলে তো দিল্লির সরকার তাই করত। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী আগে রেলমন্ত্রী ছিলেন, ঘণ্টার পর ঘণ্টা রেল বাজেট পড়তেন কেন ? কেন বলতেন যে এখান থেকে এখান থেকে রেল লাইন হবে, এখান থেকে ডবল হবে কি দরকার ছিল ? ৬ পাতায় পড়ে দিতে পারতেন এইটা যদি নিয়ম হয়। বাস্তব কি ? মানুষ বাজেট থেকে কি জানতে চায় ? একটা সরকারের দিশা একটা দৃষ্টিভঙ্গি, তার প্রায়রিটি সবটা এখান থেকে পাওয়া যায়। আগামীদিনে আমি কি কি করতে চাই। কোন কোন ক্ষেত্রে আমি অগ্রাধিকার দেবো। সেইটা নির্ভর করে এই বাজেটের ওপর। সেই জিনিস থেকে আমরা বঞ্চিত হলাম। এটা ভালো হল কিনা ভাববেন ভবিষ্যতে। আমি জানতে চাই, যে আগামীদিনে যদি এই পদ্ধতিতে চলে তাহলে এই বইটার কোনো দরকার নেই। কিংবা এই বইটা রিরাইট করে এমনভাবে করা হোক যাতে যেভাবে চলছে সেভাবেই চলবে। তাতে আমার আপত্তি নেই। কিন্তু বইয়ে লেখা থাকবে এক কথা, আর চলবে আর এক পথে এটা কখনোই কাম্য না, কারো কাছে কাম্য নয়। শুধু বামফ্রন্ট বলে না। আমি মনে করি কারো কাছে কাম্য না। অনেকে আমাদের সঙ্গে আলাদা করে কথা বলেছেন, তাঁরা বলেছেন এটা ঠিক হচ্ছে না। আমি ওই জন্য বিনীতভাবে বলবো এইটা একটু ভালো করে আপনারা দেখে নেবেন। দ্বিতীয় একটা বিষয় হচ্ছে যে এর আগে কয়েকবার আলোচনা করেছিলাম, আমাদের মাননীয় অর্থমন্ত্রী পণ্ডিত বটে, কিন্তু একটা জিনিস বারেবারে অন্যায় করে যাচ্ছেন। উনি মন্ত্রী, আমরা হাজার প্রশ্ন করব, হাজার অভিযোগ করব। কিন্তু ঠাণ্ডা মাথায় বিষয়গুলোর উত্তর দেওয়াটা উনার একটা দায়িত্বের মধ্যে পড়ে। তা আমরা অবাক হয়ে

যাচ্ছি উনি কতগুলো বিষয়ে লিখে আনছেন আগে থেকে, আমরা কি বললাম না বললাম তার সঙ্গে কোনো সম্পর্ক নেই। তার মনের মতো কতগুলো উত্তর তৈরি করে আসছেন, সেগুলো পড়ে দিচ্ছেন। কখনো লিখে পড়ছেন, কখনো এমনি পড়ছেন। ....(২ গোলমাল).... আমার যেটা প্রশ্ন, আমরা কয়েকটা সুনির্দিষ্ট প্রশ্ন করেছিলাম এক নম্বর বলেছিলাম কোল নিয়ে, কয়লার সেস এবং রয়্যালটির ব্যাপারে আমরা বলেছিলাম আমাদের বক্তব্য কি। সে ব্যাপারে আজও আমরা কিছু শুনতে পাইনি। আমরা প্রশ্ন করেছিলাম। .....(গোলমাল)..... বারেবারে বলব, আমরা প্রশ্ন করেছিলাম যে, এই ব্যাপারে আমাদের মতামত জানার দরকার আছে যে কি করা হতে পারে। আমরা বলেছি, জিজ্ঞেস করেছিলাম এই যে আপনি বললেন যে ১ কোটি বেকার তার সূত্র কি ? রেফারেন্স কি ? আপনাকে বলতে হবে ১ কোটি বেকার। সত্যিকারের রেফারেন্সটা কি ? তিন নম্বর আপনি বলেছিলেম যে ৫৫ হাজার কারখানা বন্ধ। 'কারখানা' কাকে বলে ? এবং কোন রেফারেন্সে পেলেন যে ৫৫ হাজার কারখানা বন্ধ। বলতে হবে। কিন্তু এতবার আলাচনা হয়েছে, একবারও কেউ আমরা উত্তর পাইনি। কাজেই সেই উত্তর আমরা জানতে চাই। সেই নিয়ে, যদি আপনি আলোচনা করতে পারেন ভালো হয়। এটা করা উচিত। তিন নম্বর বিষয় হচ্ছে এই যে প্রায়রিটি নিয়ে, আপনার দেওয়া বই। এর আগে আমরা বলেছিলাম, আজকেও একটু বলার দরকার একান্ত এই কারণে যে, দিশাটা কি আমরা জানতে চাইছি। সরকারের নাম হচ্ছে মা-মাটি-মানুষ। আমি যেটুকু বুঝেছি তাতে সব থেকে বেশি গুরুত্ব পাবে কৃষি। কৃষি এবং কৃষি সংশ্লিষ্ট বিষয়, এগ্রিকালচার অ্যান্ড অ্যালায়েড সেক্টরে সব থেকে বেশি গুরুত্ব পাবে, এটা হচ্ছে নিয়ম। এটা আমাদের ভাবনা। বাস্তবটা কি হলো ? আমাদের গতবারের যা বাজেট ছিল তাতে যা প্ল্যান ছিল, প্ল্যান পোর্সান ছিল ১৬ হাজার ৩৪১ কোটি টাকা। এটা উনি বাড়িয়ে করেছেন, ২০ হাজার ৯৪৯.৬৭ কোটি টাকা। বেড়েছে কত ? না প্রায় ২৯ পার্সেন্ট বেড়েছে। আর যেটা আমাদের Revised estimate, সেটা ছিল ১৩৯৯৫.৮৫ কোটি টাকা, সেটা বেড়ে হল ২০,৯৪৯.৬৭ কোটি টাকা। বাড়ল কত ? 49% প্রায় ৫০ শতাংশ। এটা খুব সাধারণ ব্যাপার হচ্ছে, আমাদের যেগুলো গুরুত্বপূর্ণ sector, সেখানে plan budget-এ প্রায় ৫০ ভাগের বেশি বাড়ল। এটাই হওয়া উচিত। কিন্তু বাস্তবটা কি হল ? বইটা খুলুন, এক নম্বর থেকে ধরুন, আমি বেশি বেশি বলব না। প্রথমেই লেখা আছে—Agriculture Marketing Department-এ বাজেটে ছিল—সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যাপার হচ্ছে জিনিসপত্রের দাম পাচ্ছে না, বিক্রি হচ্ছে না, সমস্যা হচ্ছে। তাতে কি ছিল ? গতবারের বাজেট ছিল ২৬.৯১ কোটি টাকা, revised estimate ছিল ৫৩.৭০ কোটি টাকা, বেড়ে হল কত—৩৫ কোটি টাকা। ছিল ৫৩ কোটি, হল ৩৫ কোটি। বাড়ল কত ? মাইনাস ৩৫% ভাল-না মন্দ সেটা আপনারা বিচার করুন। আমাকে গাল দিয়ে কি হবে, আপনারা ভালো করে ভাবুন। দুই নম্বর দেখুন Agriculture Department-এ ছিল ২৫৭.৯৮ কোটি টাকা, হল কত—২৬৭.৫১ কোটি টাকা। বাড়ল মাত্র ৩.৮% Agriculture-এ। আর Agriculture Marketing-এ ৩৫ ভাগ কমেছে। তারপর Animal Resource Development Department-এ ছিল কত—১০০ কোটি টাকা, হয়েছে কত—১২২ কোটি টাকা, বাড়ল কত—২২%। তারপর আছে Backward Class Welfare ছিল

কত—৩৭৯ কোটি টাকা, হয়েছে কত—৩৮১, বাড়ল কত—only ৩.৭ শতাংশ। Agriculture-এর সঙ্গে যুক্ত আছে Consumar Affairs ছিল ১১ কোটি, হল ১২ কোটি, বাড়ল কত ১০%। Cooperation মানে Cooperative Sector, Agriculture-এর সঙ্গে যুক্ত আছে প্রায়। ছিল কত ১২০ কোটি, হল কত ১২৬ কোটি, বাড়ল কত—2.6%। Agriculture allied-এ যতগুলো বিষয় আছে, তিন, চার, পাঁচের বেশি বাড়েনি। আর যেখানে গড় বেড়েছে ৫০, সেখানে সবচেয়ে important বিষয় মা-মাটি-মানুষের, সেখানে বাড় 3% 4%। এটা ভালো না মন্দ আপনারা বিচার করবেন। তারপর Food and Supply চাল দেওয়া হবে বিনা পয়সায় Food and Supply-এর মাধ্যমে Distribution হতে থু Public Distribution হবে—তার অবস্থা কি ? Food and Supply Department-এ ছিল ৩০ কোটি, হয়েছে ৩৩ কোটি, বাড়ল কত—১০%। Food Processing-এ ছিল কত—৬১, হল কত—৬৮, বাড়ল কত—১১%। Health and Family Welfare, যেটা খুব বেশি করে বলা হচ্ছে। কি অবস্থা, ছিল ৬৬২ কোটি, হয়েছে ৮৭১ কোটি, বেড়েছে 27% ....(গোলমাল).... না, আমি খারাপ বেড়েছে বলিনি। average 50%, সেখানে বেড়েছে ২৭, গড়েরও কম। তারপর আছে Housing-এ ছিল ৫৭৫ কোটি, হয়েছে ৬০০ কোটি, বাড়ল 4.3%। Irrigation চাষের একটা বড় গুরুত্বপূর্ণ factor হচ্ছে Irrigation, এর অবস্থা কি—৭৬৬ ছিল, হয়েছে ১৪০৮। তারপর আপনারা দেখুন land and land reforms, সেটা নিয়ে আপনারা সব থেকে বেশি কথা বলেন, land reforms নিয়ে। এখন land reforms মানে শুধু জমি বিলি নয়, জমির development ও এর মধ্যে পড়ে। আমাদের চাষ-বাসের জন্য জমি দেওয়ার জন্য যে স্কীম ছিল এই দপ্তরের তার বাজেট ছিল ১২০ কোটি, এবারে হয়েছে ১৩২ কোটি টাকা, বাড়িয়েছেন মাত্র 10%। এই রকম প্রত্যেকটাই হয়েছে, এই যে small scale industries, যেটা মানসবাবু দেখেন, সেটায় ছিল ২৫১, হয়েছে ২৭৬, বেড়েছে মাত্র ৯%, আমি আগের দিন বলেছিলাম। Panchayat and Rural Development, যেটা মা-মাটি-মানুষের সব থেকে গুরুত্বপূর্ণ, সেটার অবস্থাটা কি—ছিল ২৩৫৬ কোটি, হয়েছে ২৫৯২ কোটি, বেড়েছে মাত্র 10%, এই হচ্ছে হাল ! আমি বেশি বলতে চাই না, আপনারা যা মুখে বলেছেন, তার সঙ্গে বাস্তবের কি সমস্যা আছে, এটা আমাদেরকে বলতে হবে, বলাও দরকার। তৃতীয় বিষয় যেটা বলতে চাই, সেটা হচ্ছে ঋণের প্রশ্ন ওঠে, আপনার পশ্চিমবাংলার সরকারের বাজেট নিয়ে প্রশ্ন ওঠে। আমি এর আগেও বলেছিলাম, আবারও বলতে চাই, আজকে পৃথিবীতে এমন কোনো ঘটনা ঘটেনি যে, একটা সরকার পরিবর্তন হয়েছে, নতুন সরকার আগের সরকারকে ভালো বলেছে। পৃথিবীর একটাও উদাহরণ দিন, একটা সরকারের নাম বলুন, ভারতবর্ষের কথাই বলুন। BJP সরকার এসে বলবে UPA ভালো সরকার ছিল ? UPA গিয়ে বলবে BJP ভালো সরকার ছিল ? কখনও বলবে না। এটাই হচ্ছে নিয়ম। এটা আমরা বলি বারেবারে, পশ্চিমবাংলা যদি বিচার করতে হয়।

[12.10—12.20 p.m.]

তুলনা ছাড়া বিচার হয় না। ভারতবর্ষ স্বাধীন হবার পর বামফ্রন্ট সরকার তৈরি হয়নি, তার আগে ২৪/২৫ বছর আর জোড়াতালি দিয়ে যোগ করলে ৩০ বছর কংগ্রেস ক্ষমতায় ছিল। আপনারা অনেকেই ছিলেন। আজকে ওই চেয়ারে বসতে পারেন, এই দিকেও কংগ্রেস দলের সিট আছে, এখানে অনেকে বসতেন। আজকে ওখানে যাঁরা বসছেন কালকে নাও বসতে পারেন। আজকে দিল্লির সরকারের পরিবর্তন হয়ে গেলে এখানেও চেয়ারের পরিবর্তন হয়ে যেতে পারে। এই তো ২০ মাসে অনেকেই দেখছি একবার এই চেয়ারে আর একবার ওই চেয়ারে। এই মাননীয় মুখ্যমন্ত্রীকেই দেখেছি আমরা, আমি যখন ১৯৯১ সালে মন্ত্রী হয়েছিলাম, এখানে রাষ্ট্রমন্ত্রী হয়েছিলাম শিক্ষার, তখন মাননীয় মমতা ব্যানার্জী উনিও দিল্লির রাষ্ট্রমন্ত্রী হয়েছিলেন শিক্ষা দপ্তরের। একই সঙ্গে ১৯৯১ সালে। অনেক পথ ঘুরেছেন। কখনও বি.জে.পি.-র মন্ত্রী কখনও অমুক মন্ত্রী কখনও তমুক মন্ত্রী।

(ভয়েজ : উনি শিক্ষামন্ত্রী হননি)

শিক্ষা বলিনি আমি। আমি বলেছি কখনও বি.জে.পি.-র সঙ্গে মন্ত্রী হয়েছেন, কখনও কংগ্রেসের সঙ্গে মন্ত্রী হয়েছেন, তারপর ঘুরতে ঘুরতে এখন মুখ্যমন্ত্রী হয়েছেন। এর মধ্যে অনেকেই আছে আমি জানি যাঁরা অনেক পথ ঘুরেছেন। কেউ বি.জে.পি.-র সঙ্গে লাইন দিয়েছেন, কংগ্রেসের সঙ্গে হাত মিলিয়েছেন, আবার এখানে এসেছেন। গল্প করলে হবে না।

.....(গোলমাল).....

আপনারা ঢাকবেন কি করে ? আমার গ্রামের লোকেরা বলত.....

মিঃ স্পীকার : মাননীয় সদস্যকে বলতে দিন, আপনরা বসুন।

শ্রী আনিসুর রহমান : আমি সাতটা নাম করেছিলাম। লোকে আমাকে বলেছিল আরেকটা নাম লিখে রাখুন যে, আপনাদের বিধানসভায় এমন লোকও আছে, এক দলের মেয়র হয় আর এক দলের এম.এল.এ. হয়। এমন লোকও এখানে আছে। আমি সেই জন্য বলছি বিতর্ক করে লাভ নেই। আমি বলতে চাই যে আজকে পশ্চিমবাংলার প্রায়োরিটি যদি কৃষি হয় তাহলে বাড়বে না কেন ? এই অবস্থায় রাখবে কেন ? আমরা এখানে আজকে এই প্রশ্ন করতে চাই। আমি যে কথা বলতে চাই যে বাজেট এখানে রাখা হয়েছে, প্রথম দিন থেকেই বলে আসছি আমরা বাজেটে কতটা বাড়ল না বাড়ল সেটা বড় কথা নয়। আমরা বলেছি আমাদের দিশা বলতে হবে এবং দিশার মধ্যে প্রথম কাজ হচ্ছে এইসবের মাধ্যমে কৃষির ক্ষেত্রের কি উৎপাদন বাড়াব, সেচের আমি কি ব্যবস্থা করব, কত জমিকে সেচের আওতায় আনব, কত ছেলের চাকরির ব্যবস্থা করব, কত ছেলের আমি স্কুলের ব্যবস্থা করব, শিক্ষার কি ব্যবস্থা করব। মানেটা হচ্ছে কি, পকেটে পয়সা নাই, বাজারে গিয়ে বলছে এটা কিনব, ওটা কিনব, ওটা কিনব। আজকে আমি দেখলাম ডাক্তারবাবু বলছেন টি.ভি.-তে

যত কথা আমরা বলেছি এই কাজ করতে গেলে কমপক্ষে দশ বছর লাগবে। ব্রাত্যবাবুর কথা আমি নিজের কানে শুনলাম, বলে গেলে তো শুধু হবে না ? বলেই যাচ্ছি এটা করব, সেটা করব, ওটা করব। কাজের বেলায় কিছুই নেই। এই যে আজকে এখানে বই ছাপানো হয়েছে, একশো টাকা দামের একটা বই ছাপালেন, সেই বইটা প্রকাশ হয়ে গেল, সেই বইয়ে কি দেখবেন—আপনি স্যার বইটা পড়ে দেখুন, বইটাতে কি লেখা আছে। যতগুলো কাজের কথা লেখা আছে তার আশি ভাগ কাজ সম্বন্ধে বলা হয়েছে ভাবা হচ্ছে, চিন্তা হচ্ছে, বিবেচনা হচ্ছে, কমিটি হচ্ছে, রূপায়িত হবে। এছাড়া আর কোনো কথা নয়। আমি চ্যালেঞ্জ করে বলছি এই বইটা পড়ে দেখবেন। এবারের বাজেটের মধ্যে বলা আছে কি ? যে কাজগুলো বলা আছে, তার পনের ভাগ হয়ে আছে।

মিঃ স্পীকার : মাননীয় সদস্য একটু সংক্ষেপ করুন। কারণ আজকে তো শুক্রবার। মাননীয় মন্ত্রী উত্তর দেবেন।

শ্রী আনিসুর রহমান : হলদিয়া থেকে কলকাতা বিমান চালু হবে। কবে প্রোগ্রেস শুরু হয়েছে, আর স্টেট গভর্নমেন্ট মালিক নয়। এটার মালিক যদি স্টেট গভর্নমেন্ট হত কবে সর্বনাশ হয়ে যেত। এখানে রেল চলেছে, এখানে ডবল হয়েছে, এখানে দুরন্ত হয়েছে, লিখে দিতে পারতেন। এসব তো আলোচনা হয় না ? এই বলে দিলেন আমি এটা করে দিলাম। একটা ভালো ঘটনা—এই যে দশ হাজার মাদ্রাসার অনুমোদন দেওয়া হবে। আপনারা পড়ে দেখুন বিজ্ঞাপন কবে হয়েছে। যখন ভোট ঘোষণা হয়নি, বামফ্রন্ট সরকার ছিল তখন বিজ্ঞাপন হয়েছিল। কেউ দরখাস্তই করেনি। এর কারণ সবাই জানে। আমাদের পশ্চিমবাংলার মাদ্রাসার সমস্ত বেতন ভাতা সব সরকার দেয়। আর এই যে বিনা পয়সায় দশ হাজার মাদ্রাসা, ওই দশ হাজার মাদ্রাসাও নাই, কেউ দরখাস্তও করবে না। আমি আপনাদের এই জন্য বলতে চাই, মাননীয় মুখ্যমন্ত্রীকে বলতে চাই, মাননীয় অর্থমন্ত্রীকে বলতে চাই যে বিভ্রান্ত করে দেবেন না। আমরা বারবার বলি নতুন ব্যবস্থাকে গ্রহণ করতে হবে, পুরাতনকে ভাঙতে হবে। আমাদের অনেক পুরনো ব্যবস্থা আছে, যেগুলো ভাঙা দরকার। এই যে বারেবারে মাননীয় অধ্যক্ষ মহাশয়কে আইজ হ্যাবিট, আইজ হ্যাবিট, আইজ হ্যাবিট পড়ে যেতে হয়, এটা তো আমাদেরও বিরক্ত লাগে। এগুলো পরিবর্তন করতে পারি। ঘণ্টার পর ঘণ্টা ধরে ভোট হচ্ছে, এর পরিবর্তন করতে পারি। কিন্তু সেগুলো পরিবর্তন না করে যেগুলো আমাদের সব থেকে গুরুত্বপূর্ণ সেগুলো পরিবর্তন করে দিলাম গায়ের জোরে। বইয়ে লেখা আছে এক কথা। বই মানলাম না, রুলস অফ্ বিজনেস মানলাম না, রুলস অফ্ প্রসিডিও-র মানলাম না। তাকে ভেঙে দিলাম। আজকে লাফাচ্ছেন লাফান। এটা শাশ্বত হবে না। চিরকাল এখানে থাকবেন না। ইতিহাস এ কথা বলে। চিরকাল এখানে কেউ থাকে না। চিরকাল যেমন আমরাও থাকতে পারি না, আপনারাও পারেন না। ইতিহাসের জয় আছে, পরাজয় আছে। এইটাই তো ইতিহাস। কিন্তু নিয়ম ভাঙবেন কেন ? যেখানেই বসেন না কেন বিধানসভার নিয়ম মানতে হবে। আমি তাই অমিতবাবুকে বারেবারে বলেছি যে—আপনি একটা পার্টির লোক, আপনি পার্টির কথা ভাববেন, তার জন্য কাজ করবেন, কোনো বাধা

নেই। এই নিয়ম তো সকলের জন্য। এই নিয়ম স্পীকারের জন্য প্রযোজ্য, এই নিয়ম মন্ত্রীর জন্য প্রযোজ্য, এই নিয়ম আমাদের জন্য প্রযোজ্য। আর এটা ভেঙে যদি আমরা বাহাদুরি দেখাই তাহলে ভবিষ্যতে নিজের পায়ে কুড়ুল মারব। ইতিহাস একদিন বলবে, এই রেকর্ড একদিন বাজবে। এই রেকর্ড রাখা থাকবে। এই রেকর্ড একদিন বাজবে। সেদিন দেখা যাবে যে আমরা কি অন্যায় করেছি। তাই আমি এই জন্য বলছি, এখনও বলছি যে এই পশ্চিমবাংলায় নতুন সরকার হয়েছে। আমি তো বলেছি প্রথম দিন থেকে যে কোনো সমালোচনা করব না। চোখ বন্ধ করে কাজ করুন। যত সাহায্য, সহযোগিতা লাগে সব করব, কোন আপত্তি নেই। কোনোদিন কোনো গন্ডগোল করব না। এমনকি এই যে প্রধানমন্ত্রী এসেছিলেন, আমরাই প্রথম বলেছি দিল্লির সরকারকে টাকা দিতে হবে। আমরা চাই, এখনও বলছি, নির্দ্বিধায় একথা বলে যাচ্ছি। আমরা বারেবারে বলছি আমরা সব রকম সাহায্য করব। কিন্তু সাহায্য নেওয়ার মানে কি ? সাহায্য নেওয়ার মানে এই নয় যে আমাদের যা কিছু বলে দেবেন ? সাহায্যের মানে এই নয় যা খুশি বলে সমালোচনা করবেন ? এর নাম সাহায্য নেওয়া ? আজকে মিটিং ডাকলেন সর্বদলীয়র। কোন মিটিংয়ে ? যেখানে রাজ্যের নাম নিয়ে আলোচনা হবে সেখানে, যখন আবার দার্জিলিঙে গণ্ডগোল হবে ওটা বসা যাবে না, যখন মাওবাদী নিয়ে সমস্যা হবে তখন বসা যাবে না, যখন কাউন্সিল তৈরি হবে তা নিয়ে বসা যাবে না, এইসব আলোচনাগুলো করা যাবে না। কেন ? আমরা কি খারাপ নাকি ? আমরা কি ভাল-মন্দ চাই না ? আমরা কি ভাল-মন্দ বুঝি না ? আমরা তো বারেবারে বলেছি আপনারা একটা জিনিস তাকিয়ে দেখুন।

.....(গোলমাল).....

আমাদেরকে উপেক্ষা করে যা কিছু করতে গিয়েছেন সেখানেই জড়িয়ে গিয়েছেন। যা করতে গিয়েছেন। যেখানে যা কিছু করতে গিয়েছেন সব জড়িয়ে গিয়েছেন। দার্জিলিং করতে গেলেন জড়িয়ে গিয়েছেন, সিঙ্গুর করতে গেলেন জড়িয়ে গিয়েছেন, কাউন্সিল করতে গেলেন জড়িয়ে গিয়েছেন, মাওবাদ ঠেকাতে গেলেন জড়িয়ে গিয়েছেন। সব জড়িয়ে গিয়েছেন। আমরা এখনও বলছি আপনারা ঠাণ্ডা মাথায় কাজ করুন। পাঁচ বছর অনেক টাইম। পাঁচ বছর থাকতে পারেন, দশ বছর থাকতে পারেন, পঁয়ত্রিশ বছর থাকতে পারেন, একশো বছর থাকুন তাতে আমাদের আপত্তি নেই। আমরা তাই আবার আপনাদের বলছি যা করুন ঠান্ডা মাথায় করুন। আমরা সমর্থন করছি। উল্টো পথে হাঁটিনি আমরাও ঠাণ্ডা মাথায় করুন, তাতে দেশের কাজ হবে, পশ্চিমবঙ্গের ভালো হবে, মানুষের কাছে আপনারা খেলো হবেন না। আর আজকে যা খুশি বলে গেলেন, আর কাজ হল না, তাতে আপনাদের ক্ষতি হবে, আমাদেরও ক্ষতি হবে। সেই জন্য আমরা বারেবারে বলছি এইসব কাজে আমরা সাহায্য করব, সহযোগিতা করব। কিন্তু আপনাদের এগোতে হবে। আপনারা যদি অন্ধ হয়ে আমাদের যা খুশি বলেন, আমাদের যা খুশি করবেন, আর আমরা মাথা নিচু করে চলব, কখনওই নয়। আমরা সংখ্যায় কম হতে পারি। কিন্তু মানুষ আমাদের দায়িত্ব দিয়ে পাঠিয়েছে, আপনাদের বক্তব্য শোনাবার জন্য পাঠিয়েছে, আমাদের বক্তব্য বলার জন্য পাঠিয়েছে। আমাদের বলতে

হবে। যেটা ভালো কাজ, সমর্থন করব। মাথায় হাত তুলে সমর্থন জানাব। আর যেটা অন্যায় করবেন, তার বিরোধিতা আমরা করব। এটাই আমাদের কাজ। এই জন্য আমি বলতে চাই এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সমর্থন করা না করা বড় কথা নয়। এটা সামগ্রিকভাবে এই বাজেটের একটা অঙ্গ। সেই অঙ্গ হিসাবে নিশ্চয়ই এটা অনুমোদন হবে। কিন্তু যা আনুমোদন হবে সেটা যেন ঠিকমত কাজ হয়। অনেক সময় ঠিকমত কাজ হয় না। কোথায় এক্সেস পেমেন্ট হয়ে যায়। কোথায় পেমেন্ট হয় না, কোথায় ঠিকমত ব্যয় হয় না, ব্যয় নিয়ে দুর্নীতি হয়। যাতে এগুলো স্বচ্ছভাবে হয়, ঠিকমত হয়, সেটা আমরা চাই। আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলব যে প্রশ্নগুলো আমি রাখলাম সেগুলোর উত্তর যেন আমি পাই। এই যে ব্যবস্থা আছে, মাননীয় অধ্যক্ষ মহাশয় বারেবরে বলেছি, আবারও বলছি আপনি আর যাই করুন you are the custodian of the House. আজকে অন্যরা যে যা বলুক না কেন, আপনার দায়িত্ব। এই বই ছাপা বই। এই বইয়ের যদি কোনো পরিবর্তন হয়, এই বইয়ের লেখাকে যদি নগণ্য করা হয় তাহলে আপনার দায়িত্ব। আপনার কাছ থেকে আমরা বুঝে নেব। আমরা আবেদন জানাব এই নিয়ম-কানুন মেনেই যেন আগামী দিয়ে বিধানসভা চলে। এই কথা বলে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমায় বলেছেন আজ সংক্ষিপ্তভাবে বলতে। তার কারণ আরও অনেক কিছু আছে। সেই জন্য সংক্ষিপ্তভাবে এবং পয়েন্টেগুলি আজকে আমি বলতে চাই, খুব ব্রিফলি। প্রথম হচ্ছে কোথা থেকে পয়সা আসছে ? এই কথা বারবার বলা হয়েছে। তাই তার একটা স্বচ্ছ জবাব আমি দিতে চাই, স্পষ্ট জবাব দিতে চাই। তিনটে ধাপে টাকাটা আসছে। প্রথম হচ্ছে যে বইটা আপনারা পেয়েছেন, যেটা বাজেট অ্যাট-এ গ্ল্যান্স বলে আপনারা বারবার আলোচনা করেছেন। আগে বলেছিলেন কিছুই পায়নি। তারপর হয়তো যাঁরা এখানে অত্যন্ত এক্সপেরিয়েন্স, তাঁরা খুঁজে পেলেন নয় নম্বর বইতে বাজেটে অ্যাট-এ গ্ল্যান্স। বাজেট অ্যাট-এ গ্ল্যান্সের চারটি বিগ রেভিন্যুউ রিসিপ্ট সোর্সেস আছে। আপনারা সেই কথা বললেন না। ক্যাপিটাল রিসিপ্টসে চারটি বড় রিসিপ্টস সোর্সেস আছে। আমি তার কথা শুনতে পেলাম না।

[12.20—12.30 p.m.]

সেই হেতু, প্রথমে আসুন বিগ পিকচার। বড় চিন্তার বিষয় যে 'বাজেট অ্যাট-এ গ্ল্যান্স'টাকে যাঁরা দেখতে চান, যাঁরা পড়তে চান তাঁরা বড় পিকচারটা পাচ্ছেন, বড় লেভেলে ছবিটা পরিষ্কার হয়ে আসছে। তারপরে আসুন নেকস্ট লেভেলে, সেটা কি ? একটা special abbreviated abstract strains growth—বলে একটি বই আপনাদের প্রেজেন্ট করেছিলাম, অনারেবল স্পীকার স্যার। কেন করেছিলাম ? তার কারণ যাতে আরও ইলাবোরেটভাবে আরও বাড়িয়ে বলা যায়। আরও স্বচ্ছভাবে, আরও ডিটেলস-এ যাওয়া যায়। তাতে দেখবেন ১১টি সোর্স আছে। তার প্রত্যেকটির টার্গেট আছে। সেই হেতু ২৫টি বই ছেড়ে দিন, ২৫টি বই পড়ার সময় কত লোকের আছে। তাই তাকে সিমপ্লীফাই করে—যেটা কোনো বইতে পাবেন না, আমি একটা বই দিয়েছিলাম, তাতে ১১টি sources

দেওয়া আছে একটা একটা করে। যে কোথা থেকে তাতে অ্যানেক্সচার-Aটা পড়ে দেখুন। এই একটা পাতা পড়লেই—আমি অবাক হয়ে যাই, আমি যে বিভিন্ন খবরেও দেখছি সেইটা হয়তো তাঁরা পড়ছেন বা পড়ছেন না, এমন অন্তত এখানে যাঁরা আছেন অনারেবল এম.এল.এ.-রা তাঁরা অন্তত অ্যানেক্সচার-A নিশ্চয়ই পড়েছেন। ১১টি sources আছে যার প্রত্যেকটা টার্গেট কোথায় আমাদের সরকার রেখেছে তা স্পষ্টভাবে বলা আছে যে এগুলো sources থেকে আসবে। তারপরে আপনারা বলেছেন যে এর দিশা কি ? যেটা এক্ষুণি মাননীয় এম.এল.এ. পুরণ অত্যন্ত অভিজ্ঞ এবং সিনিয়র কলিগ—আমার থেকে অনেক সিনিয়ার কলিগ বললেন দিশাটা কি ? ট্যাক্স তো ডিটেল, দিশাটা কোথায় ? তিনটে ভাগ আছে। একটা হচ্ছে সরলীকরণ। আমি চ্যালেঞ্জ করে বলছি আজকে পশ্চিমবঙ্গ শুধু একটি স্টেটের সঙ্গে ব্যাকেটে নাম্বার ওয়ান সিমপ্লীফিকেশনে, that is Karnataka. এই বাজেটের পরে ঐতিহাসিক কেন ? সরলীকরণে now we are number one. আপনি ট্যাক্স দেবেন, ব্যবসা করবেন, দৌড়ে বেড়াবেন না। ছোট ব্যবসা, ক্ষুদ্র ব্যবসাদাররা আজকে নিজেদের বুক ফুলিয়ে রাস্তায় হাঁটবে যে হ্যাঁ, আমরা ট্যাক্স দিয়েছি—তাতে ই-গভর্নেন্স থেকে শুরু করে সাতটা বড় স্টেপ আছে on simplification. আপনারা হয়তো সেটা দেখতে পেলেন না। দ্বিতীয় নাম্বার—লুপহোল প্লাগ করা। আপনারা সকলে আমার সঙ্গে সহমত প্রকট করবেন যে, লুপহোলগুলো বন্ধ করা দরকার, ট্যাক্স ইভেশন কি করে বন্ধ করা হবে। এই প্রথমবার সেগুলো ইন্ট্রোডিউসড় হল। আমার মনে হয় যে ভারতবর্ষে এটা রেকর্ড হবে যে কোনো রাজ্যে—আমাকে বিভিন্ন ফিনান্স মিনিস্টররা ফোন করে বলেছেন যাঁরা দেখেছেন যে আমাদের কাগজগুলো পাঠান, কারণ আমরাও চেষ্টা করবো আমাদের স্টেটে পশ্চিমবঙ্গ যে মডেল শুরু করেছে আমরা সেটা কায়েম করব। তৃতীয়টা হচ্ছে ইউনিফিকেশন। ট্যাক্স, পাবলিক ফিনান্স-এর নামই হচ্ছে যদি নানা ধরনের ট্যাক্স আপনি করেন অ্যাডমিনিস্ট্রেটিভ কমপ্লিকেশন হয়, ইউনিফিকেশন করুন। আমরা করেছি স্ট্যাম্প অ্যান্ড রেজিস্ট্রেশন-এ ইউনিফিকেশন করেছি, বিভিন্ন জায়গায় ইউনিফিকেশন করেছি। এটা পাবলিক ফিনান্স-এর একটা বড় নিয়ম, যেটা কখনও মানেনি। এখন প্রশ্ন আসছে যে বাজেটের কথা। লাস্ট ইয়ারের বাজেটের কথা মাননীয় আনিসুর রহমান সাহেব বললেন। আমি এই সম্বন্ধে একটুখানি বলব—ভুল বুঝবেন না, বাজেটে ছিল ৪০ শতাংশ ইনক্রিস ইন ট্যাক্সেস। আপনারা দেখেছেন সেটা একটা জাগলারি ব্যতীত কিছু নয়, সবাই বলবে এটা অসম্ভব। কিন্তু, আরও বড় কথা, নভেম্বর মাস থেকে আপনারা এমবারগো লাগিয়ে দিলেন—বাজেট রয়ে গেল কাগজে কিন্তু ইন রিয়েলিটি এক পয়সা খরচ করতে দেওয়া হল না। সেহেতু বাজেট একটা জিনিস, আর এমবারগো আর একটা জিনিস। সেই এই মা-মাটি-মানুষের সরকার এসেছে মাননীয় মমতা ব্যানার্জীর নেতৃত্বে প্রথম যে আমরা করেছি, আমরা এমবারগো হটিয়ে নিয়েছি—We must get the money for the people. সাধারণ মানুষের জন্য এমবারগো উঠিয়ে দেওয়া হয়েছে। এই মুদ্রস্ফীতির মাঝখানে আপনারা কি বলবেন যে আমরা সাধারণ মানুষের ঘাড়ে আরও ভ্যাট চাপাই, আরও ট্যাক্স চাপাই, না ! আমরা সরলীকরণ, আমরা লুপহোল প্লাগিং, আমরা ইউনিফিকেশন, আর তার সঙ্গে

সবচেয়ে বড় কথা হচ্ছে চারটে বড় রেভিনিউ source, চারটে ক্যাপিটাল রিসিপ্ট source, আর ১১টা স্পেসিফিক টার্গেট আপনাদের সামনে রেখেছি। আপনারা শুনে খুশি হবেন যে তিনজন ফিনান্স মিনিস্টার আমাকে ফোন করেছেন, বলেছেন যে ডিটেল দেখে, আসুন আমরা একটু আলোচনা করি। আপনারা নাম্বার ওয়ান হতে যাচ্ছেন, আমরা নিশ্চয় সেটা একসঙ্গে বসে বিভিন্ন স্টেটে আলোচনা করব। আপনাকে বলি ভারতবর্ষের কোথাও "Dematerialization of VAT Registration" নেই। I challenge you, কোথাও নেই। এই State-এ Introduce করেছি। আপনাকে কোনো অফিসারের সামনে বসতে হবে না, কারও কাছে হাতজোড় করতে হবে না, শুধু যাবেন নিজের কম্পিউটারে তুলবেন, রেজিস্ট্রি করবেন, print out নিয়ে নেবেন। আপনার পকেটে থাকবে tax registration-no state in the country সঙ্গে hearing। ভারতবর্ষে এমন কোনো state নেই মাননীয় স্পীকার মহাশয় যেখানে "Hearing" নেই। কিন্তু এখানে "No Hearing", যাতে exploitation, harassment and corruption না হয়। এই প্রথম পশ্চিমবঙ্গে hearing has been removed. আপনারা এটাকে নিশ্চয় সাধুবাদ দেবেন। আপনারা মুখে যাই বলুন আমি জানি, মনে নিশ্চয় একটু লাগছে যে, এটা ভালো কাজ হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয় এবারে আমি আসি, এটা ফুটবলের সময়। তাই ফুটবলের ভাষায় বলি, আমরা ৬টা kick করলাম আর ৬টা গোল পেলাম। আজ বিকেলে দেখা যাবে 'কটা গোল হয়'। এক নম্বর, Excise Duty আমরা বাড়ালাম দু'ভাবে। এটাও ওই প্রশ্নে চলে যাচ্ছে—'কোথা থেকে আসছে ?' আমরা ২০ পারসেন্ট Excise Duty, বিলিতি মদ, যা ভারতবর্ষে তৈরি হয় বা বিদেশ থেকে আসে, ২০ পারসেন্ট আমরা বাড়িয়ে নিয়ে গেছি। করেছিলেন আপনারা ? করেননি। কেন করেননি আমি জানি না। আমরা sales tax বাড়িয়ে নিয়ে গেছি, ৩৭ থেকে ৫০ এবং এমন calculation-ও আছে যে ২৩ থেকে ২৭ এক রকম দরে চলে যাবে। চারদিকে sale tax মদে আমরা বাড়িয়েছি। কেন আপনারা করেননি তা আমি আজও বুঝতে পারছি না।

দ্বিতীয়ত, এটা খুব মজার ব্যাপার। Lottery. মাননীয় অধ্যক্ষ মহোদয়, lottery চলছিল। ৬২টা draw হত প্রত্যেক দিনে। ফাইনাল দেখছি বারবার লেখা আছে 'Please discus'। কিন্তু ডিসকাশনের এন্ডে কী হচ্ছে ? Tax বসানো হচ্ছে না। কেন ট্যাক্স বসানো হচ্ছে না লটারিতে তার empirical evidence-টা আপনাকে দিয়ে দিই। যেদিন এই সরকার Tax বসিয়েছে কী হল জানেন ? ৬২টা ড্র-র জায়গায় নামিয়ে ২২টা ড্র-তে নিয়ে এল। তাতেও এই ৮/৯ সপ্তাহে, জেনে রাখুন, ২০ কোটি টাকা আমরা পেয়েছি, 20 crores. তার মানে ? কত কোটি টাকা তারা রোজগার করেছে, tax ফাঁকি দিয়েছে ! আপনারা বসালেন না তার কারণটা কী আমি তার বিশ্লেষণে যাব না। দু'নম্বর, tobaco. (এই সময় আলো জ্বলে ওঠে।) Sir just two minutes more. তার পরে আমি আসছি

টোবাকোতে। কেন আপনারা সাড়ে ১৩ পারসেন্টে রেখে দিয়েছিলেন ? টোবাকোতে বসতে পারত। সবাই জানেন সিগারেটে কী হয় মানুষের ! কেন আপনারা সাড়ে ১৩-তে রেখেছিলেন ? আজকে রাজস্থান স্টেটে ৪০ শতাংশ, ২৫ শতাংশ গুজরাট স্টেটে। সবাই ২০, ২৫, ৪০-এ চলে গেছে কিন্তু আমরা বলেছি না, মানুষের শরীর, Hon'ble Leader of the Opposition নিজেই ডাক্তার, আমি জানি না উনি সিগারেট খান কী না কিন্তু উনি নিশ্চয় আমার সঙ্গে একমত হবেন যে, health cost বাঁচবে, health cost কম হবে। তার জন্য আমরা সাড়ে তেরোকে demerit good, আপনারা জানেন অর্থশাস্ত্রে টোবাকোকে 'demerit good' বলা হয়, আমরা ২০ পারসেন্টে নিয়ে গেছি। কেন আপনারা করেননি ২০ পারসেন্টে ? প্রথমে আপনাদের কাছ থেকে বিলে power নিয়েছি, এখন notification বেরিয়েছে, ২০ পারসেন্টে গেছে। এই হল দু'নম্বর গোল।

তিন নম্বর গোলে আসছি। Unification. Another goal.

চার নম্বর, Massive compliance and simplification of VAT. সেটার উদাহরণ আমি দিয়েছি।

তারপর আসছি ৫ নম্বর গোলে। GSDP. স্টেটের GDP যে বাড়বে, আমরা প্র.. ১৪ শতাংশ বাড়ানোর কথা বলেছি, তাতে আমরা টার্গেট করেছি 5.28% tax. ওই GSOP বাড়ার সঙ্গে সঙ্গে মানুষ এগিয়ে এসে tax দেবে।

এবারে last, very very last গোল আসছি। এই last গোলটা সবচেয়ে বড় penalty. মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা কিন্তু সকলের কাছ থেকে, আমার অনারেবল মেম্বাররাও আজকে হাসি মুখে যাবেন। আজ এটা announce করব। Final penalty. আমি জানি আমাদের Hon'ble Members তাঁদের ৭৫০ টাকা daily allowance আছে। ২৪টা Standing Committee আছে। যার দশ দশজন করে মেম্বার হলে আপনারা ২৪০ জন বিধায়করা আছেন, মেম্বার। ১৫টা আদার কমিটি আছে। তাতে প্রায় ৩০০ জন মেম্বার।

[12.30—12.37 p.m.]

বিভিন্ন কমিটিতে রয়েছে ৫৪০ জন মেম্বার। এই কমিটিগুলোতে গেলে আগে ছিল ৭৫০ টাকা, হাউসে এলেও ছিল ৭৫০ টাকা। আমি অ্যানাউন্স করছি সবাইকার জন্যে, যত এম.এল.এ. আছেন ৭৫০ টাকাটা ১ হাজার টাকা হয়ে যাবে। অনারেবল স্পীকার স্যার, এক সেকেন্ড সময় আরেকটু দেবেন। প্রত্যেক সপ্তাহে কমিটি মিটিং হয়। সেই কমিটি মিটিং ৫ দিন বলে ধরা হয়। তার মানে প্র্যাকটিক্যালি থ্রু আউট দ্য ইয়ার—প্রত্যেকে সদস্যরা এভারেজ দুটো করে কমিটির মেম্বার। সেহেতু অন অ্যান এভারেজ আমাকে অ্যাসেম্বলিতে থেকে বলা হয় I stand to কারেকশান, তার মানে শুধু অ্যাসেম্বলিতে আসা নয়, আমি যদি বিধায়কই থাকতাম—শুধু আমি অ্যাসেম্বলি আসা নয়, কমিটি অ্যাটেন্ড করলে ১ দিনের মিটিংয়ে আমরা ৫ দিনের পাই—আসা আছে, যাওয়া আছে, ৭৫০ টাকাটা সব ১ হাজার হয়ে গেল। এবারে প্রশ্ন আসছে মন্ত্রীরা কিন্তু কমিটিতে যান না। সেহেতু মন্ত্রীদেরও বিধায়কদের মতোই ১ হাজার

টাকা সিটিং অ্যালাউন্স হয়ে গেল। যাতে সবাই সমান। দিজ ইজ ইউনিফিকেশন, ১ হাজার টাকা সিটিং অ্যালাউন্স। অনারেবল স্পীকার স্যার, এই বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

The motion of Dr. Amit Mitra that the West Bengal Appropriation (No. 2) Bill, 2011 be taken into consideration, was then put and agreed to.

Clauses 2 and 3

The question that clauses 2 and 3 do stand part of the Bill, was then put and agreed to.

Schedule

The question that the Schedule do stand part of the Bill, was then put and agreed to.

Clause I, Enaeting Formula, the Preamble and Title of the Bill

The question that clause I, enacting formula, the Preambe and Title of the Bill, do stand part of the Bill, was then put and agreed to.

Dr. Amit Mitra : Sir, I beg to move that the West Bengal Appropriation (No. 2) Bill, 2011, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

Mr. Speaker : Now, before adjourning the House, there was a ruling pending.

বিরোধী দলের নেতা ডাঃ সূর্য্যকান্ত মিশ্র এই অধিবেশন চলাকালীন মাননীয় মন্ত্রী শ্রীরবীন্দ্রনাথ ভট্টাচার্যের উত্তর দেওয়ার সময়ে প্রশ্ন কর্তা শ্রী ঈদ মহম্মদের উদ্দেশে বলেন—'প্রশ্নকর্তার সম্ভবত স্মৃতিভ্রংশ হয়েছে'—এই কথাটি অসংসদীয় বলে expunge করতে বলেন। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী শ্রী সুব্রত মুখোপাধ্যায় উল্লিখিত মন্তব্যকে কোনো মতে অসংসদীয় বলে বিবেচিত হতে পারে না বলে অভিমত প্রকাশ করেন এবং এই ব্যাপারে মাননীয় অধ্যক্ষকে রুলিং দিতে বলেন। মাননীয় প্রশ্নকর্তা শ্রী ঈদ মহম্মদের উদ্দেশে মাননীয় মন্ত্রীর উচ্চারিত মন্তব্য অসংসদীয় না হলেও অনভিপ্রেত। মাননীয় মন্ত্রী এবং সদস্যদের ভবিষ্যতে এই ধরনের শব্দ ব্যবহার না করাই বাঞ্ছনীয়। কিন্তু মাননীয় মন্ত্রীর বক্তব্য অনুধাবন করে বোঝা যায় তিনি উদ্দেশ্য প্রণোদিত হয়ে এই শব্দ ব্যবহার করেননি। এই উল্লেখিত শব্দটিকে expunge করার প্রয়োজন নেই।

The Kolkata Municipal Corporation (Amendment) Bill, ২০১১ এটাকে প্রথমে নেওয়া হবে আমাদের সেকেন্ড সেশানে The House stands adjourned till 1.15 p.m. today.

(After Recess)

[1.15—1.30 p.m.]

The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2011

Shri Firhad Hakim : Mr. Speaker, Sir, I beg to introduce the Kolkata Municipal Corporation (amendment) Bill, 2011.

Secretary then read the title of the Bill

Shri Firhad Hakim : Mr. Speaker, Sir, I beg to move that the Kolkata Municipal Corporation (amendment) Bill 2011 be taken into consideration.

Shri Rabindra Nath Chatterjee : Not present

শ্রী শোভন চ্যাটার্জী : মাননীয় স্পীকার স্যার, পৌরসভার সঙ্গে যুক্ত থাকতে থাকতে, গত বিধানসভায় নির্বাচনে নির্বাচিত হওয়ার পর প্রথম আজকে বিধানসভার অভ্যন্তরে পৌরসভা বিষয়ক তিনটি অ্যামেন্ডমেন্ট এসেছে। সেই বিষয়ে বলতে সুযোগ করে দেওয়ার জন্য আপনাকে কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জানাই। বিশেষত আজকে তিনটি অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। কোলকাতা পৌরসভার আইন ১৯৮০ সালে আসবার পর, পৌরসভার কাজকর্ম পরিচালনা করতে করতে বিভিন্ন সময়, বিভিন্ন বিষয়ে পৌর পরিষেবা দিতে গিয়ে এবং সাধারণ মানুষের সঙ্গে বিভিন্ন বিষয়ে কথা বলতে গিয়ে বিভিন্ন প্রয়োজনীয়তার কথা অনুভব করে বিভিন্ন সময় পৌরসভা পশ্চিমবাংলার সরকারের কাছে বা এই বিধানসভার কাছে কিছু কিছু বিষয়ে অ্যামেন্ডমেন্টের জন্য নিয়ে আসে। আজকে সেই বিষয়ে তিনটি প্রস্তাব বা অনুমোদনের জন্য আমরা প্রস্তাব নিয়ে এসেছি। সেই বিষয়ে বলতে গেলেই বলতে হয় যে, আজকে মূলত তিনটি বিষয় নিয়ে আসা হয়েছে। তার প্রথম হল কোলকাতা এলাকায় কোলকাতা পৌরসভা বিভিন্ন সময় বিভিন্ন বিষয়ে খেলাধূলো প্রসারে যে কাজ করেছে, সেই খেলাধূলা প্রসারের কাজ করতে গিয়ে আমরা অনুভব করেছি যে, বিভিন্ন জায়গায় বিভিন্ন ক্লাব, প্রতিষ্ঠান বা তাদের কাছে গিয়ে দেখেছি যে, পৌর আইন অনুযায়ী ফাঁকা মাঠে যে annual valuation বা বার্ষিক মূল্যায়ন করা হয়। যে পরিমাণ Property ধার্য হয় তা সেই ক্লাবের পক্ষে বা সেই প্রতিষ্ঠানের পক্ষে অনেক সময় বহন করা সম্ভব হয় না। যার ফলে Tax evasion-এর প্রসেস আসে। কিন্তু এটা সত্য সেই বিষয় আমরা অনুধাবন করবার পর, কলকাতা পৌরসভার মেয়রের হাতে অধিকার ছিল যে এই ট্যাক্স অনুধাবন করবার পর একটা পারসিয়াল প্রসেস করবার জন্য। তাই মহামান্য এই হাউসের কাছে আমি আবেদন করেছি কলকাতা পৌরসভার প্রেক্ষাপট থেকে Sports activity যেখানে চলবে, সেখানে মেম্বার, মেয়র ইন কাউন্সিল যে প্রথা কলকাতা পৌরসভায় রয়েছে, সেই বিষয়ের উপর নির্ভর করে সেখানে কেস টু কেস বিচার করে

পারসিয়ালি বা ফুললি তাকে ওয়েব করবার জন্য বা সেই ধার্য করবার জন্য অধিকার দেওয়া হোক। সেই বিষয়ে আজকে একটি অ্যামেন্ডমেন্ট নিয়ে আসা হয়েছে, এক নম্বর। দুই নম্বর বিষয়টি হচ্ছে জনসাধারণের পৌরসভা, সেই পৌরসভার প্রায় ২৬০০ কোটি টাকার মতন পৌর কর যা ধার্য হয়ে থাকে এবং যে পদ্ধতিতে ধার্য হয়ে থাকে, সেই পরিপ্রেক্ষিতে বহু মানুষজন কলকাতায় আছেন, কিছু কিছু মানুষ আছেন পৌরকর ধার্য হওয়া সত্ত্বেও ঠিক মতন সেই পৌরকর পৌরসভায় জমা দেন না। আবার কিছু মানুষের আর্থিক সঙ্গতি সেইভাবে নেই এবং সেই আর্থিক সঙ্গতি না থাকার ফলে তারা পৌরকর না দেওয়ার জন্য বিভিন্ন সময় তাদের উপর সুদ ধার্য হচ্ছে ও সুদ ধার্য হওয়ার পর পরবর্তী ক্ষেত্রে পেনাল্টি ধার্য হচ্ছে। এই কথা অনুধাবন করে ২০০১ সালে কলকাতা পৌরসভায় যখন আমাদের বোর্ড ছিল, মাননীয় সুব্রত মুখোপাধ্যায় মেয়র ছিলেন, এই সদনের কাছে, সরকারের কাছে আমরা আবেদন পেশ করেছিলাম, সেই পেশ করা তারও আগে আমি সদস্যদের অবগতির জন্য জানাই কলকাতা পৌরসভায় ১৯৮৫-১৯৯০-এর মধ্যে কোন এক সময় হঠাৎ করে পৌরসভা ঠিক করে নিল আমরা পৌর করের সুদও নেব না, পেনাল্টি ওয়েব করে দেব। কিন্তু তার যে নিয়ম নীতি ছিল, সেই নিয়ম নীতি সেদিন ধার্য হয়নি। সেদিন পৌরসভায় মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতৃত্বে বামপন্থী পৌরসভা ছিল। কমল বোস ছিলেন তখন মেয়র। মানুষের কাছ থেকে কোটি কোটি টাকা নেওয়া হল। পেনাল্টি মুকুব হওয়ার পর মানুষ গিয়ে জমা দিল পৌরকর। কিন্তু তাদের যে সুরাহা হওয়ার কথা, তাদের যে মুকুবের তালিকায় চলে আসার কথা, আইনগত পদ্ধতিতে করা হয়নি বলেই সেদিন কিন্তু মানুষগুলো—প্রায় ১২/১৩ বছর সেই টাকা Suspense account ছিল। সেই পৌরকরের পেনাল্টি এবং ইন্টারেস্ট বাড়তেই থেকেছিল। তাই স্যার আমি নির্দিষ্টভাবে আপনাকে বলতে চাই ২০০১ সালে সরকারের পারমিশন নিয়েছিলাম, এবারও আমরা সরকারের পারমিশন নিয়ে প্রায় ৩ লক্ষ ৩৪ হাজার মানুষ, যারা ৫ হাজার টাকা, ২ হাজার টাকা থেকে শুরু করে ৯৯ হাজার ৯৯৯ টাকা পর্যন্ত আছে, তাদের সুদ এবং জরিমানা মুকুব করে তাদের যাতে পৌরকর মুক্ত করতে পারি তার ব্যবস্থা গ্রহণ করছি। আজকে এই প্রস্তাব আনার জন্য সরকারকে আমি ধন্যবাদ জানাচ্ছি। তৃতীয় যেটি রয়েছে ইউনিট এরিয়া অ্যাসেসমেন্টের প্রসেস, ইউনিট এরিয়া অ্যাসেসমেন্ট-এর বিষয়ে যে ধরনের আইনটি প্রণয়ন করা হয়েছে, ২০০৭ সালের বোর্ড, আমার উল্টোদিকে যারা রয়েছেন তারা পাশ করেছিলেন। কিন্তু তিন বছর তারা কোন এফেক্ট দেননি। আমরা পৌরসভাতে আসার পরে, মমতা বন্দ্যোপাধ্যায় মানুষের কাছে গিয়ে বলেছিলেন আমরা পৌর ব্যবস্থার সরলিকরণ করব। আমাদের ২০০৩-২০০৪ সালের প্রপোজাল ২০০৭ সালে পাস হল। কোন এফেক্ট পৌরসভা দেননি। আমরা তার এফেক্ট দিতে মানুষের কাছে হেয়ারিং নিয়েছি। কতগুলো বিষয় যদি একটু সংশোধন করে নেই তাহলে সেটা আগামী দিনে আমরা ইউনিট এরিয়া অ্যাসেসমেন্ট করে এলাকাভিত্তিক কর ব্যবস্থা আরও সুষ্ঠুভাবে আনতে চাই। সেই ব্যবস্থাটাকে আমরা গ্রহণ করতে চাইছি। তাই আমি আজ এই হাউসের কাছে এই রকম ধরনের তিনটি প্রস্তাব গ্রহণ করবার জন্য অনুরোধ করব। পৌর পরিষেবার ক্ষেত্রে যেমন পৌর ট্রেজারিতে যে সমস্ত মানুষ ট্যাক্স দেননি, ট্যাক্স ইভেশন প্রসেসে ওয়েভ করা যাবে এবং তারা দিতে পারবে।

শ্রী শোভন চট্টোপাধ্যায় : সাধারণ মানুষ নিজের কর—পার্ক স্ট্রীট বা আলিপুরে কি কর হবে, আর বেহালার অভ্যন্তরে একটি, যে জায়গাটি কিছুদিন আগে এর ভিতরে এসেছে, তার কাছে কখনই একই হারে কর ধার্য হয় না, সেই বিষয়টারও নিরসন হবে। বহুদিন ধরে এটি পেন্ডিং এবং স্পোর্টস অ্যাকটিভিটিও প্রপারলি প্রসেস করতে পারবে তারা খেলা-ধূলার সম্প্রসারণে সরকার বা কোলকাতা পৌরসভা, যেটা প্রয়োজনীয় সেটা করতে পারবে। আমি এটাকে গ্রহণ করবার জন্য অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য সংক্ষিপ্ত করলাম। নমস্কার।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন অ্যামেন্ডমেন্ট বিল যেটা এখানে হাজির করা হয়েছে, তাতে ৩টি বিষয় এখানে আছে। তার মধ্যে তিন নম্বরের বিষয় নিয়ে আমার কিছু বলার নেই। দুটো বিষয় নিয়ে আমি বলতে চাই। আমরা এই বিলের পুরোপুরি বিরোধীও নই, আবার যা আছে সেটাকে হুবহু সমর্থনও করতে পারবো না। এই জন্য এই দুটো বিষয়ে আমাদের স্পেসিফিক কিছু বক্তব্য আছে। এর মধ্যেখানে একটা কথা আছে—প্লাস আর মাইনাসের মধ্যে একটা পয়েন্ট আছে, তাকে জিরো বলে। প্রথম যেটা আমার হয়েছে, স্পিরিটটার সঙ্গে একমত। কোলকাতায় খেলা-ধূলার বিকাশ করতে হবে, রাজ্যে করতে হবে, দেশে করতে হবে। কেন না, আমরা খেলা-ধূলার পিছিয়ে আছি। এই জন্য খেলা-ধূলার ব্যাপারে যারা উদ্যোগী, তাদের সঙ্গে সহযোগিতা করা একান্ত দরকার। এ ব্যাপারে আপত্তি নেই। কিন্তু প্রশ্ন হচ্ছে যে, এই সুযোগটা যদি কোনো ব্যবসায়ী নেয়, যদি এই সুযোগটা কোনো কমারশিয়াল পারপাসে ব্যবহৃত হয়, তাহলে সেটা হবে ক্ষতিকারক। আমরা এই জন্য অ্যামেন্ডমেন্ট এনেছিলাম। এটা ব্যবহার হোক, যারা সত্যিকারের এই কাজ করতে চায়, যারা এই কাজ করে, তারাই সুযোগ পাক, সেটা আমরা চাই। কিন্তু এই সুযোগে ব্যাকডোর দিয়ে ঢুকে পড়লো কোনো ব্যবসায়ী, সে সুযোগ নিয়ে চলে গেল, এটা যেন না হয়, সে ব্যাপারে আমাদের স্পষ্ট বক্তব্য এটা পরিবর্তন করতে হবে। তারপর হয়তো কারোর বাড়িতে সুইমিং পুল হচ্ছে, খেলার নামে চালিয়ে দিল। এই নানা রকমের হতে পারে। সেগুলো আমি দেখতে বলছি। এখানে একটা কথা লেখা আছে, দি মেয়র-ইন-কাউন্সিল যে এগজ্যামট—আমার বক্তব্য হচ্ছে, একজন ব্যক্তি এভাবে না করে, কোলকাতা কর্পোরেশন যে এগজ্যামট—তাহলে একটা বাইনডিং থাকে, সেখানে আলোচনা হতে পারে, দরখাস্ত করলে আলোচনা করে ঠিক হতে পারে। একজন ব্যক্তি ঠিক করে দেবে, এটা আমার মনে হয় ঠিক হয়নি। এটা পরিবর্তন দরকার। দ্বিতীয় বিষয় যেটা আছে, সেটা খুবই গুরুত্বপূর্ণ। এ ব্যাপারে মূল অবজেকটিভের সঙ্গে আমাদের আপত্তি নেই। কিন্তু একটু আমি হিসেব করতে বলবো, এই যে এত টাকা আদায় হচ্ছে না, আমি বলবো আমাদের মাননীয় মন্ত্রী আছেন, এ ব্যাপারে কোনো স্টাডি হয়েছে কি না । টাকা পড়ে আছে প্রায়, আমি যে দেখলাম প্রায় বোধহয় আড়াই হাজার কোটি টাকা, ২৬০০ কোটি টাকা। এই টাকা পড়ে আছে দিচ্ছে না কেন ? যদি দেখা যায়, টাকা আছে কিন্তু দিচ্ছে না, তাহলে আলাদা ব্যবস্থা হবে। আর যদি নেই, তাই দিচ্ছে না, তাহলে আলাদা ব্যবস্থা হবে। দিচ্ছে না কারা ? তার কোনো স্টাডি আপনার হয়েছে কি না ? আমি আপনাকে বলছি, একাধিকবার ওয়েভার স্কীম চালু হয়েছিল। এই একটা জায়গা, যেখানে কেউ ৩৪ বছর, ৩৫ বছর বলতে পারবে না। কারণ ওখানে আপনারাও ছিলেন, আমরাও ছিলাম। যার জন্য কোনো স্টাডি হয়েছে কি না আমি জানতে

চাই। আমার কাছে যেটুকু হিসাব আছে, তা হচ্ছে এইরকম যে, আমাদের এখানে নাম্বার অফ অ্যাসেসি ইন কোলকাতা কর্পোরেশন ১৪.৫ লাখ। সাড়ে চোদ্দ লাখ অ্যাসেসি আছে। এখানে নাম্বার অফ ডিফল্টার কত ? এটা ৩.৩৫, মানে ৩ লক্ষ ৩৫ হাজার হচ্ছে যারা ডিফল্টার। এদের কাছে টাকা পড়ে আছে কত ? এদের কাছে টাকা পড়ে আছে ২৬০০ কোটি টাকা। আর আমাদের কোলকাতা কর্পোরেশনের বাজেট ছিল ২০১০-২০১১-তে ৩৫০০ কোটি টাকা, আর ঘাটতি ছিল ৭০০ কোটি টাকা, আর ২০১১-২০১২-তে সেটা বাজেট হচ্ছে ৩২০০ কোটি টাকা, ঘাটতি হয়েছে ২৫১ কোটি টাকা। অথচ আড়াই হাজার কোটি টাকা লোকের কাছে পড়ে আছে। এই নিয়ে নানা আলোচনা দেখছিলাম। ওখানকার দু'জন সদস্যের বক্তৃতা আমি পড়লাম—একজন হচ্ছেন কংগ্রেস দলের মালা রায়, আরেকজন হচ্ছেন বামফ্রন্টের দীপঙ্করবাবু। তাঁর বক্তৃতা আমি পড়লাম। তাঁরা স্পষ্ট ভাষায় বলেছেন যে এই ব্যাপারে কোনো অ্যাসেসমেন্টই হল না। হচ্ছেটা কি ? একটা করে ওয়েভার স্কীম হচ্ছে, আর যারা সুবিধা নেওয়ার তারা সুবিধা নিচ্ছে। এমন ঘটনা ঘটেছে, আমি শুনলাম যে ২৮ কোটি টাকা পাওনা, ওয়েভার স্কীম মাল পেল ২০ কোটি টাকা, তাকে দিতে হল ৮ কোটি টাকা। বারেবারে তাকিয়ে আছে, অনেক লোক তাকিয়ে আছে যে, মাঝে মাঝে এ রকম স্কীম হবে, আর তখন আমরা সুযোগটা পাবো।

[1.30–1.40 p.m.]

আমার কথা হচ্ছে এই, আমি আপত্তি করছি না, আমি চাই আপনারা টাকা আদায় করুন, আমি চাই কলকাতা শহর আরও ভালো হোক। মালা রায় বারেবারে বলেছেন—যারা গরিব মানুষ তারা ঠিক টাইমে ট্যাক্স দিচ্ছে, নিম্নবিত্ত, মধ্যবিত্ত তারা ঠিক সময়ে ট্যাক্স দিচ্ছে, দিচ্ছে না উচ্চবিত্তরা। এক কোটি টাকারও বেশি পাওয়া যাবে যাদের কাছে তাদের সংখ্যা কম না। এই মোর দ্যান ওয়ান ক্রোর, আমি দেখলাম সেটা একটা বিশাল পরিমাণ। এ রকম টাকা পড়ে আছে। এদের কি বারেবারে মাফ দিয়ে যাবেন, না এদের টাকা আদায়ের ব্যবস্থা করবেন। আইনে তো সুযোগ আছে। আইনে তো প্রভিশন আছে কি করে টাকা আদায় করতে পারেন। কিন্তু এ রকম ধারণা হয়ে গেছে যে, টাকা না দিলেও হবে—এই টাকা দিয়ে ব্যবসা করব, এই টাকা ব্যাঙ্কে রাখব, সুদে খাটাব, তারপর যখন ওয়েভার স্কীম আসবে, তখন আমি কিছু টাকা দিয়ে দেব, মাফ পেয়ে যাব। এই যদি চলে পদ্ধতি তাহলে তো ক্ষতি হয়ে যাবে। আপনাদের ভালোর জন্যই বলছি, সবার ভালোর জন্যই বলছি। সবাই এটা জানেন, এসব বলে আর সময় নষ্ট করতে চাই না। একটা রিপোর্ট আমি দেখলাম, তাতে বারেবারে বলেছে যে এই টাকা আদায় করা যেতে পারে। এর আগে যতগুলো স্কিম হয়েছে সেই স্কিমে যে পরিমাণ টাকা আদায় হবে আশা করা হয়েছিল সেই পরিমাণ টাকা আদায় হয়নি। একবার হয়েছিল ২০০১-০২ সালে, তখন ১৫৭ কোটি টাকা কালেকশন হয়েছিল। তারপর হয়েছিল ২০০৪-০৫ সালে, তখন ১৮০ কোটি টাকা আদায় হয়েছিল। এবং দেখা গেল যারা নীচের তলার তারা দিল, যারা উপর তলার তারা দিল না। এই জন্য আমার সুনির্দিষ্ট প্রস্তাব আছে, অ্যামেন্ডমেন্ডও এনেছি আমরা, আমরা বলতে চাইছি যে, এবার থেকে

করতে হলে এটা করতে হবে একবারের জন্য, বারেবারে যেন না হয়। এটা ওয়ান টাইম হবে এবং টাকা মাপের একটা সুনির্দিষ্ট পরিমাণ থাকবে। ইন্টারেস্ট, ট্যাক্স সব মিলিয়ে বলা আছে। এটা যদি বলেন ৬০ ভাগ, ৭০ ভাগ, ৮০ ভাগ করে বাড়িয়ে দিই তাহলে বিরাট মাপ পেতে পারে। সেই জন্য আমাদের সুনির্দিষ্ট প্রস্তাব—এটা করতে হবে একবারের জন্য, একবারের বেশি যেন সুযোগ না পায় এবং টাকার পরিমাণ আমরা বলেছি মোট পরিমাণটা নট এক্সিডিং ২০ পার্সেন্ট। এটা আমরা বলেছি করা উচিত। এই পরিবর্তন করতে চাইলে আমাদের আপত্তি নেই। আমরা চাই বারেবারে, কলকাতাকে ভালো করতে হলে টাকা আদায় করতে হবে। ট্যাক্স আদায় করতে গেলে কোনো কম্প্রোমাইজ চলবে না। কিন্তু আমি যদি দেখি গরিব মানুষের টাকা আমি ঠিক আদায় করেছি, আর সঙ্গতি সম্পন্ন বড়লোকেদের থেকে টাকা আদায় করছি না, তাহলে অপরাধ হবে। সেই জন্য আমার এই সুনির্দিষ্ট প্রস্তাব। আর একটা কথা—কলকাতা নিয়ে আমাদের অনেক ভাবনা, লন্ডন করব, ইত্যাদি করব—যাই ভাবি না কেন বেসিক কতগুলো কাজ আমাদের করতে হবে। ভালো কথাই তো বলছি, লন্ডন তো আমিও চাই। কিন্তু লন্ডন চাইলেই লন্ডন হবে না। ইংরেজরা দুশো বছর শাসন করেছে এই পৃথিবী, আমরা কোন দেশ শাসন করব ? কোথা থেকে কোহিনুর হীরে নিয়ে এসে রাখব কলকাতায় ? কলকাতা কলকাতা হবে, এবং আরও বড় কলকাতা হবে, উন্নততর কলকাতা হবে, আরও দামি কলকাতা হবে। সেই প্রশ্ন নয়, আমার কথা হচ্ছে, যত দিন যাচ্ছে কলকাতায় মানুষ বেড়ে যাচ্ছে, কলকাতায় কাজ বাড়ছে, গাড়ি বাড়ছে, জ্যাম বাড়ছে এবং সেই পরিবর্তন আমাদের করতে হবে। আজকে নানা রকমের সমস্যা। শুধু বৃষ্টি হলেই জল জমে তা নয়। আমি থাকি একটা জায়গায় একটা ঘর নিয়ে—কড়েয়া হাউজিংয়ের ওখানে, ১০৪ জন বোধহয় ওখানে থাকে, আমি শুনলাম যেখানে সবাই বলছে যে, জল খাওয়া দূরে থাক, ওই জল আপনি মুখেও দিতে পারবেন না। মেয়েরা সব চুল দেখাচ্ছে—সব চুল উঠে গেছে আমাদের। যদি একদিন উনি ওখানে যান ভালো হবে। শোভনবাবু খুব কাজের লোক, এই ব্যাপারে আমার খুব আপত্তি নাই, তিনি ছোটেন, জলের মধ্যে ভেজেন, তারপর একদিন দেখলাম কাগজে যে, তিনি গাড়িতে একস্ট্রা কাপড় রাখেন, মাঝে মাঝে পাল্টাতে হয়। খুব ভালো আপত্তি নাই। কিন্তু একটা সমালোচনাও লোকে করে—ওনাকে বেশিরভাগ সময় দেখা যায় রাইটার্সে, আর যেখানে মুখ্যমন্ত্রী তাঁর পাশে উনি থাকেন। ওখানে থাকলে তো কাজ ভালো হবে না। আমি এই জন্য বলব, যে সমস্ত প্রস্তাব এনেছেন আমি সমর্থন করছি আমরা সব সহযোগিতা করব, আমাদের এখানে বিরোধী দলের পক্ষে যারা আছি সবাইকে বলব সহযোগিতা করতে। কিন্তু আপনাদের কাছে আবেদন জানাব যে, এইগুলো ভালো করে অ্যাসেসমেন্ট করুন, পরীক্ষা করুন, আপনাদের লাভ হবে। বিচার যদি ঠিকমত না হয়, ফাঁকিবাজদের মাফ করে দিলাম, তাহলে আপনাদেরও ক্ষতি হবে, আমাদেরও হবে। সেই জন্য সবাই মিলে বলছি যে, পুরো অ্যাসেসমেন্ট করুন, করে যাতে ঠিকমত কাজগুলো হয় সেটা দেখুন। আর এই কাজের গতি যাতে বাড়তে পারে তার জন্য আমার আবেদন হচ্ছে যে, কলকাতা কর্পোরেশনের সমস্ত এলাকায়, নতুন নতুন এলাকা বাড়ছে, আর সত্যিকারের সমস্যা ভীষণ বাড়ছে। আমি তো অন্যান্য শহরও দেখেছি, লন্ডন দেখেছি, ওয়াশিংটন দেখেছি, নিউইয়র্ক দেখেছি, সেখানকার সঙ্গে আমাদের কতগুলো মৌলিক পার্থক্য আছে। বললে তো হবে না, আমাদের আচার,

কানুন, অভ্যাস, পদ্ধতি, ব্যবস্থা এসবের পার্থক্য আছে। এসব মিলিয়ে যদি আমরা না করতে পারি আর দায়িত্ব দিয়ে এর ঘাড়ে দোষ চাপালাম, ওর ঘাড়ে দোষ চাপালাম, এই দোষ চাপিয়ে নিজেরা ভালো সাজতে পারি, কিন্তু তাতে কলকাতার ভালো হবে না। যদি কলকাতার ভালো করতে হয় তাহলে গুছিয়ে এই কাজগুলো করতে হবে। এর জন্য এই স্টাডিটা একান্ত দরকার। এই জন্য আপনি যেটা বলেছেন, সেই জন্য আমি বলতে চাইছি যে, যথাযথ বিচার না হয়, যদি সত্যিকারের যে পরিমাণ ট্যাক্স হওয়ার দরকার, সেই পরিমাণ ট্যাক্স আদায় না হয় তাহলে মানুষ মনে করে যে আমার প্রতি অবিচার হল। এ অবিচার বোধ যদি কারো হয়, সে চেষ্টা করে ফাঁকি দেওয়ার। আর সে যদি বুঝতে পারে আমার প্রতি বিচার হয়েছে, তাহলে সে এটা আগ বাড়িয়ে দেবে। এটা আমরা ছোটবেলা থেকে করছি। আজ থেকে নয়, ৩৪-৩৫ বছর আগে, আমরা পঞ্চায়েতে প্রধান হয়ে অ্যাসেসমেন্ট করতাম। আমরা গ্রামে গ্রামে গিয়ে ঘুরে কার কত বিঘা জমি বাড়ি, কত তলা বাড়ি এগুলি অ্যাসেসমেন্ট করতাম। যেখানে বিচার ভালো হত, লোকে আগ বাড়িয়ে দিত। আর যেখানে বিচার ভালো হত না, হয়তো ফাঁকিবাজি করতাম, কি অন্যায় করতাম, কি ত্রুটি করতাম, আমি হই আর যে হই, অন্যায় হলে ক্ষতি হয়। এই জন্য আমার প্রস্তাব হচ্ছে আমাদের এই ব্যাপারে যে সংশোধনী প্রস্তাব আছে, বিশেষ করে এক নাম্বারে যেটা বললাম, খেলাধূলার ব্যাপারে আমরা সব সহযোগিতা করব। পশ্চিমবাংলার খেলাধূলার বিকাশের জন্য যত রকমের উদ্যোগ নেবেন, যত রকমের কাজ করবেন, আমরা সে ক্ষেত্রে সব রকম সহযোগিতা করতে রাজি আছি। কিন্তু একটা কথা মনে রাখতে হবে, বিভিন্ন জায়গায় দেখতে পাচ্ছি এই যে কারখানার নাম করে কোথাও কোথাও গিয়ে অ্যাপার্টমেন্ট তৈরি করছে, ব্যবসা করছে, বাড়ি করছে, কারখানা থাকল পড়ে, এবারে একটা ক্লাবের নাম করে এমন একজন করল যে বাড়ির মধ্যে একটা সুইমিং পুল লাগিয়ে দিয়ে ব্যবসা করছে, তাতে ক্ষতি হবে। এই জন্য আমরা বলছি যে, সত্যিকারের খেলার জন্য যদি এগুলি করা যায়, আমরা সমর্থন জানাব, সেগুলি যেন ঠিকমত হয়, সেগুলি দেখা। আর দ্বিতীয় ব্যাপার আমি বলেছি, আবারও বলছি যে আপনারা একটু স্টাডি করুন। একটা ইন ডেপ্‌থ স্টাডি করুন যে কাদের কাছে টাকা পড়ে আছে, তারা বড়লোক না গরিব। ইচ্ছা করে দিচ্ছে, না অনিচ্ছায় দিতে পারছে না, কি অবস্থা ভালো করে জেনে নিন। যদি দেখা যায় যে সত্যি পারছে না, তাহলে অনেক পথ খোলা আছে, সেই ব্যবস্থা নেবেন। আর যদি দেখা যায় যে ইচ্ছা করে করছে, তাহলে আলাদা পথ নিতে হবে। সে আইনের সুযোগ আছে। সেই ব্যবস্থাও নিতে পারবেন। আমি আশা করব যে এগুলি বিচার বিবেচনা করে নিয়ে তিনি যদি এই পরিবর্তন করতে পারেন, তাহলে ভালো হবে সেটা করবেন, এই আশা নিয়ে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সিডিউলড বক্তা নই। আপনার অনুমতি নিয়ে আমি শুধু একটা ইনফরমেশান আনিসুর সাহেবকে দিতে চাই। উনি একটা নাম বারবার মেনশন করলেন 'মালা রায়'—যিনি বক্তৃতা করেছেন কর্পোরেশনের মাসিক অধিবেশনে এবং তিনি এই প্রস্তাবের বিরোধিতা করেছেন বলে। আমি ওঁনাকে শুধু স্মরণ

করিয়ে দিচ্ছি একটা তথ্য দিয়ে যে, যখন আমি মেয়র ছিলাম, তখন উনি এম.আই.সি.-র সদস্যা ছিলেন এবং একবার নয়, আমি দুবার ওয়েভার স্কিমের, তখন আপনারা আইনটার পরিবর্তন করেননি। আমরা সরকারের, আপনাদের সরকারেই অনুমতি নিয়ে এটা জনগণের কাছে আমরা ইমপ্লিমেন্ট করি। তখন কিন্তু মালা রায় দু-বারই হাউসের মধ্যে এবং এম.আই.সি.-র সদস্যা হিসাবে সমর্থন করেছিলেন। এখন এটা আপ টু ইউ আমার দু-বারেরটা গ্রহণ করবেন, না এবারের বিরোধিতাটা গ্রহণ করবেন।

শ্রী আনিসুর রহমান : আমি একবারও বলিনি যে মালা রায় আপত্তি করেছেন। আমি বললাম যে ওঁনার লেখা আমি পড়েছি। উনি কতগুলি ভালো যুক্তির কথা বলেছেন। যেমন ধরুন (গোলমাল), আপনি যদি বলেন, আমি পড়ে দিচ্ছি। উনি বলেছেন যে, ওয়েভার স্কিম দেওয়ার ফলে (গোলমাল), (এই সময় মাইক অফ হয়ে যায়)।

শ্রী ফিরহাদ হাকিম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে বিলটা নিয়ে এতক্ষণ আলোচনা হল এবং নিশ্চিতভাবে আজকে স্পোর্টস অ্যাকটিভিটিজের উপরে আমাদের যে কর ছাড়ার কথা বলা হয়েছে যে আমরা এর আগে অনেকগুলি বিষয়ে আমরা অনেকগুলি কর ছাড়ি। সেটা হল—lands and buildings or portions exclusively used for the public worship; lands or buildings exclusively used for the purpose of public burial ground, burning ground and other places used for the disposal of the dead body; parade grounds which are properties of the government; social welfare homes run by the state government. আমরা এগুলির উপরে অলরেডি কর ছাড়ি। এবার আমাদের আজকের বিষয়ে আমরা মেয়র ইন কাউন্সিলকে একা মেয়রকে বা কোনো ব্যক্তিকে আমরা এমপাওয়ার করছি না। যে তার এই ক্ষমতা থাকবে যে কর ছাড়ার।

[1.40—1.50 p.m.]

উই হ্যাভ টু ডিপেন্ড। আমরা বিকেন্দ্রীকরণের কথা বলি। কিন্তু আপনি ডাউন দ্যা স্ট্রিম জনপ্রতিনিধির ওপরে সন্দেহ প্রকাশ করছেন, এটা আমার মনে হয় ঠিক নয়, তাই অ্যাজ ইট ইজ যে প্রোপোজালটা রয়েছে, এই প্রোপোজালটা অ্যাকসেপ্ট করার জন্য হাউসকে অনুরোধ জানাচ্ছি। এরপর হল ওয়েভারের কথা যেটা বলছি স্যার, এই ওয়েভার—যেভাবে আমাদের মাননীয় সদস্য শোভন চ্যাটার্জী বললেন, যে ওয়েভার আনার আগ্রহী করে কালেকশন করা হয়েছিল, পরে লেবার দেওয়া হল না। প্রথম লেফ্‌ট ফ্রন্টের যে সদস্যার নাম বললেন এই স্কিমের বিরোধিতা করেছেন, তিনিও সেখানে মেম্বার ছিলেন এবং পরবর্তীকালে মাননীয় মেম্বার সুব্রত মুখার্জী যেটা বললেন, সেটা ঠিক যে, আরেকজন যার নাম করলেন, তিনিও সেই মেয়র-ইন-কাউন্সিলের মেম্বার ছিলেন, যারা রেকমেন্ড করে স্টেট গভর্নমেন্টের কাছে পাঠিয়েছিলেন, আপনাদের গভর্নমেন্ট ছিল, সেই সময় আপনারা করেছিলেন। এখানে একটা কথা সব সময় বলা হচ্ছে, বড় লোকের সুবিধা, গরিব লোকের অসুবিধা। তার আগে কমল ঘোষ করেছিলেন, সেটা গভর্নমেন্টের পারমিশন না নিয়ে। এখানে আরেকটা জিনিস স্যার

আপনাকে বলি যে, ১ লক্ষ টাকার কমে ট্যাক্স ৩ লক্ষ ৩৪ হাজার ২৯৮ জন যারা রয়েছে অ্যাসেসি, তাদের বেনিফিট হবে। যে বড় লোকের কথা বলা হচ্ছে, বড়লোক মাত্র ক'জন আছে ? ৬,১৭৯ জন। মিডিল আছে ১ লক্ষ থেকে ৫ লক্ষ, কতজনের হবে ? ১৯,২৭৭। এরপরে যখন আমরা নিশ্চিতভাবে অর্ডার দেবো, আমরা নজর রাখবো যাতে গরিব মানুষের উপরেই এটাকে ম্যাক্সিমাম ধার্য করা যায় এবং যাতে তাদের রিলিফটা হয়। তার কারণ একটাই, আপনি জানবেন যে, আপনি আরেকটা কথা বললেন যে ২,৬০০ কোটি টাকা রয়েছে। ২,৬০০ কোটি টাকাই ওয়েভারে চলে আসবে তা নয়। যেহেতু আপনি কলকাতার বাসিন্দা নন, ন্যাচেরালি কলকাতা কর্পোরেশনের ভেতরের ব্যাপারটা জানবেন না, কলকাতায় অনেক পুরনো বাড়ি আছে, যেটা পুরোটা ভাড়ায় দেওয়া। সেই বাড়ির মালিক যে আছে, সেই মালিকানার সেখান থেকে কিছু পায় না। তাদের প্রচুর ট্যাক্স ডিফল্ট হয়ে থাকে। যেটা ওয়েভ করতে হয় কখনো। সেই বাড়িটা যদি কোনো দিন সেই বাড়িটার নতুন মালিকানা হয়, সেই বাড়িটা আবার যদি হস্তান্তরিত হয়, তখন সেখান থেকে ট্যাক্স পাওয়া যায়। সেটা ওয়েভারের মধ্যে দিয়ে পাওয়া যায় না। অনেকগুলো রয়েছে, যেটা মালিকানার ডিসপিউটের জন্য কোর্টে কেস রয়েছে। কে ট্যাক্স দেবে ? এই ভাই দেবে, না ঐ ভাই দেবে ? এইভাবে কলকাতা কর্পোরেশনের প্রচুর ট্যাক্স আদায় করা যায় না। কিন্তু যারা ধরুন কোনো কারণে একটা সময় ছিল যে, বাবা মারা গেছেন, আর্থিক স্বচ্ছলতা ছিল না, তারা সেই সময় ট্যাক্সটাকে ক্লিয়ার করতে পারেনি, আজকেও কি তারা বঞ্চিত থাকবে ? এক লক্ষ টাকা কমে যারা, তাদের কথা বলছি। অনেকে রয়েছে সেই সময় ট্যাক্সটা দিতে পারেনি। এখন তাদের আর্থিক অবস্থা একটু ভালো হয়েছে, তারা চাইছে ট্যাক্স দিয়ে আমি সাধারণ নাগরিকের মতো মাথা তুলে বাঁচি। আমার প্রপার্টিটাকে আমি দেনা মুক্ত করি। সেক্ষেত্রে কি আমাদের দেওয়া উচিত হবে না ? সেটা আমি আনিসুর রহমানকে জিজ্ঞাসা করছি। তাই উনি যে আরেকটা অ্যামেন্ডমেন্ট-এর উপরে দিয়েছেন, সেটাও আমি অ্যাক্সেপ্ট করতে পারছি না। কারণ, অ্যাজ ইট ইজ যে বিলটা রয়েছে, সেটা যদি আপনি ভালো করে পড়েন, বিলটার মধ্যেই আমাদের পুরোটাই দেওয়া আছে যে, কিভাবে এটা হবে এবং বিলটার মধ্যেই স্যার রয়েছে, পেনাল্টি অন এরিয়ার অফ প্রপার্টি অন ল্যান্ডস অ্যান্ড বিল্ডিংস অন সাচ টার্মস অ্যান্ড কন্ডিশনস অ্যাজ মে বি নোটিফায়েড বাই দ্যা স্টেট গভর্নমেন্ট। আমাদের পুরো ব্যাপারটাই টাইম টু টাইম যেটা আপনি বলেছেন, "ফ্রম টাইম টু টাইম" এবার আইদার পেনাল্টি অর ফুল পেমেন্ট অফ দি ট্যাক্স। কিন্তু আমরা যখন অর্ডার দেবো, তখন দেখে নেবো যাতে গরিব মানুষের ম্যাক্সিমাম সুবিধা হয়, সেই বেসিসেই আমরা এটা করবো। তাই এই অ্যামেন্ডমেন্টটাকে আমরা অ্যাক্সেপ্ট করতে পারছি না। আরেকটা ব্যাপার হচ্ছে, সেটা তো আপনাদের ডিলের জন্য—হঠাৎ ২০০৬ সালে একটা ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট অ্যামেন্ডমেন্ট করে দিলেন। আমাদের যখন ইউনিট এরিয়া হচ্ছে—আমি এখানে আসার আগে মেয়র-ইন-কাউন্সিল ছিলাম কলকাতা কর্পোরেশনে। এটাকে কিভাবে আমরা মেয়রের নেতৃত্বে বসে—এটা এত সুন্দরভাবে হচ্ছে যে, এটা একটা দৃষ্টান্ত হবে সারা দেশের জন্য এই ইউনিট এরিয়াটা। কিন্তু পাবলিক অপিনিয়ন নিয়ে এটা শুরু হবে, এটা আমি হাওড়া কর্পোরেশনকেও বলেছি যে তোমরা কলকাতা কর্পোরেশনকে ফলো

করো কিভাবে ইউনিট এরিয়া ট্যাক্স হবে। অন্য অন্য এজেন্সীদেরও বলেছি ইউনিট এরিয়া ট্যাক্সটা করার জন্য কলকাতা কর্পোরেশনের মডেলটাকে আমাদের সামনে তুলে ধরতে হবে, যাতে আমাদের ট্যাক্স কালেকশনটাতে ইউনিফর্মিটি আসে, যাতে স্বচ্ছতা আসে। এই স্বচ্ছতার জন্য আমাদের আর কিছুটা সময় লাগবে ইউনিট এরিয়া ট্যাক্সের জন্য। তাই এই অ্যামেন্ডমেন্টটাকে আমরা এনেছি। আমি আশা করি আপনারা এই অ্যামেন্ডমেন্টটাকে অ্যাকসেপ্ট করবেন, এই অ্যামেন্ডমেন্টটা অ্যালাও করুন। দুটো অ্যামেন্ডমেন্টের কোনো অর্থ হচ্ছে না বলে আমরা মানছি না। এই বিলটার মধ্যেই এটা রয়েছে, আমি মেয়র-ইন-কাউন্সিলকে অবিশ্বাস করতে পারবো না। মেয়র-ইন-কাউন্সিল একটা গভর্নমেন্ট যেমন আমরা একটা গভর্নমেন্ট, একটা ক্যাবিনেট আছে, মেয়র-ইন-কাউন্সিল ইজ এ ক্যাবিনেট ইন দি কর্পোরেশন। সুতরাং তাদের হাতে কোনো পাওয়ার দেব না, সবটাই আমি বিচার করবো। কেন ?

Clause-2

Mr. Speaker : There is Amendment No. 1 to clause 2 by Shri Anisur Rahaman. Now, I call upon Shri Anisur Rahaman to move his motion.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that in clause 2, in proposed sub-section (1C) of section 172 of the principal Act, in line 3, after the words "sporting activities", the words "but not used for any commercial purposes" be added.

The motion was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put agreed to.

Clause-3

Mr. Speaker : There is Amendment No. 2 to clause 3 by Shri Anisur Rahaman. Now, I call upon Shri Anisur Rahaman to move his motion.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that in clause 3, in proposed sub-section (6) of section 217 of the principal Act, in line 2, for the words "from time to time waive, either partially or fully", the words "for one time only, waive, not more than twenty per cent of the total amount of" be substituted.

The motion was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put agreed to.

Clause-4

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause-1, Enacting Formula, the Preamble and the Title of the Bill

The question that clause-1, enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill was then put and agree to.

Shri Firhad Hakim : Sir, I beg to move that the Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2011, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

[1.50—2.00 p.m.]

The East Kolkata Wetlands (Conservation and Management)(Amendment) Bill, 2011

Dr. Sudarshan Ghosh Dastidar : Mr. Speaker, Sir, I beg to introduce the East Kolkata Wetlands (conservation and Management)(amendment) Bill, 2011. Secretary then read the title of the Bill.

Dr. Sudarshan Ghosh Dastidar : Mr. Speaker, Sir, I beg to move that the East Kolkata Wetlands (conservation and Management)(amendment) Bill, 2011 be taken into consideration.

শ্রী শোভন চ্যাটার্জী : মাননীয় স্পীকার মহাশয়, আজকে নিশ্চয়ই কলকাতা শুধু নয় সারা পৃথিবীতে জলাভূমি সংরক্ষণের যে আন্দোলন, সেই আন্দোলনের শরিক কলকাতাও। এবং আজকে পশ্চিমবাংলার বিধানসভার ক্যাগের রিপোর্টে প্রসেস করার জন্য যে সার্টিফিকেশন প্রয়োজন, তার ভিত্তিতে একটি শব্দ বা বিষয়টিকে যদি ইনসারসান হয়, তাহলে আর্থিক বিষয়ের ব্যাপারটি রেগুলারাইজ হয়। আমি এর সঙ্গে একমত। মাননীয় পরিবেশ মন্ত্রী যে বিল বা অ্যামেন্ডমেন্টটি এনেছেন তার সঙ্গে আমি নিশ্চয়ই একমত এবং তাঁকে ধন্যবাদ জানাই। কিন্তু মাননীয় সদস্যদের অবগতির জন্য বলি, যে কলকাতা পৌরসভা পরিচালনার

জন্য কলকাতার মানুষ আমাকে যে দায়িত্ব দিয়েছেন, পরিচালনা করতে গিয়ে এক অবস্থার সম্মুখীন হয়েছি। এই ওয়েট ল্যান্ড—১৯৩০ সাল নাগাদ যে কোনো প্রতিষ্ঠান প্রায় ৬০০ একর জমি সেই সময় কিনেছিল ভবিষ্যতে ডেভলপমেন্ট ওয়ার্ক থেকে শুরু করে এবং এই শহরকে পরিকল্পনা হিসাবে চালানোর জন্য এবং বিভিন্ন কাজে চালানোর জন্য, বিশেষ করে মহিষতলা, ধলঙ্গা এই সমস্ত মৌজায়। আমি প্রসঙ্গান্তরে যেতে চাই না। কিন্তু গত ১৯৯৯ সাল থেকে হঠাৎ করে আমাদের কাছে পরিবেশ সংরক্ষণের জন্য ওয়েট ল্যান্ড প্রসেস এসেছে জলাভূমি সংরক্ষণের কথা। আর্ন্তজাতিকভাবে রামসর কনভেনশনে এই জমিকে নির্ধারিত করা হল। কেন্দ্রীয় সরকারের পরিবেশ উন্নয়ন মন্ত্রক এবং রাজ্য সরকারের পরিবেশ উন্নয়ন মন্ত্রক মিলে এই জায়গাতে কোনো ধরনের অ্যাক্টিভিটি, এই জমির অ্যাডিশন-অল্টারেশন করতে দেবে না। আমরা এক মত। কিন্তু এই জমিটি কি বিষয়ে ব্যবহার হত। কি কারণে এই জমি—এখান থেকে মাছ চাষের জন্য যে ক্যানেলে যায় বা বিদেশে যায় মাছ চাষ হয়, কিছু জায়গায় ধান চাষ হয়, কিছু জায়গায় অন্যান্য বিষয় আছে। সবচেয়ে যেটা গুরুত্বপূর্ণ, এই শহরে প্রত্যেক দিন ৩৪০০ টন বর্জ্য উৎপাদন হয়। যা আমাদের পরিষ্কার করে একটি জায়গায় রাখতে হয়। গত ৭০ বছর ধরে এই নিয়ে কোনো বিতর্ক ওঠেনি। কিন্তু এই বিতর্ক যখন পরিবেশের, যে কোনো একটি সংস্থা, কলকাতা পৌরসভা পরিচালনা করি, আপনাদের এই হাউসের একজন সদস্য হিসাবে, কলকাতারই একটি জায়গা থেকে আমি এসেছি। তাই আমি হাউসের কাছে মাননীয় স্পীকারের মাধ্যমে সমাধান সূত্র চাইব, যে আমার খরিদ করা জমি কিন্তু আমি সেখানে আজকে পরবাসী হয়ে গেছি।

আমার বর্জ্য ফেলবার জায়গায় যদি পরিবেশের নির্দিষ্ট বিজ্ঞানসম্মত কারণে সেখানে বর্জ্য ফেলা না যায়, তাহলে সেই তদানীন্তন সরকার যারা করলেন বামফ্রন্টের সরকারই বা কেন্দ্রীয় সরকার যারা নির্দিষ্টভাবে এই জায়গাকে identify করলেন যে এই পরিবেশ সংরক্ষণের জায়গায় যে এই wetland-কে সংরক্ষণ করতে হবে তাহলে তার সমপরিমাণ জায়গা যে জায়গা wetland-এর মধ্যে পড়ে না এবং কলকাতার বর্জ্য ব্যবস্থাকে কিভাবে সেখানে transfer করা যায় সেটাও করা কিন্তু সেই সরকারের কর্তব্য ছিল বলে আমি মনে করি। তাই Comptroller of Accounts General-এর কাছে ratification-এর certificate করতে গেলে, পরে আমার মনে হয় ratification যেমন গ্রহণ করা হবে, মাননীয় অর্থমন্ত্রী রয়েছেন মাননীয় পরিবেশ মন্ত্রী রয়েছেন, এই হাউসের কাছে বলব যে এই ৬০০ একর জমি যা একটি সংস্থার মালিকানাধীন তার সম্বন্ধে সিদ্ধান্ত নিতে গেলে সেই সংস্থার সুবিধা-অসুবিধাগুলোকেও কিন্তু বিচার্য বিষয় হিসাবে রাখা উচিত ছিল এবং সেই বিচার্য বিষয় হিসাবে তার পার্শ্ববর্তী জায়গা বা কোনো একটি নির্দিষ্ট জায়গাকেও তেমনি যারা আমার জায়গাকে নিয়েও যখন সিদ্ধান্ত হচ্ছে পুরসভার জায়গা নিয়ে সিদ্ধান্ত হয় সেই সিদ্ধান্তের alternative হিসাবে আমি যাদের দ্বারা নির্বাচিত হই, আপনারা তাদের দ্বারা নির্বাচিত হয়েছেন, ভারতবর্ষের সরকার তাদের দ্বারা নির্বাচিত হয়েছেন, দুটি নির্বাচিত সরকার যদি নির্দিষ্ট বিষয়ে সিদ্ধান্ত নেন আর একটি নির্বাচিত যে local self government যে অসুবিধার মধ্যে পড়ল, এতবড় কলকাতার যে জঞ্জাল উৎপাদন হয় তাকে আমি কোথায় নিয়ে ফেলব ? মাননীয় স্পীকার আজকে এই amendment পাশ করাবার প্রেক্ষাপটেও আমার মনে হয় এই হাউসের মধ্যে elaborate আলোচনা করে

কেন্দ্রীয় সরকার বা যেভাবেই হোক যে পদ্ধতিতে কলকাতার বর্জ্য ফেলার জায়গার সমস্যা নিরসনে আমি আশা করবো যে নির্দিষ্ট পদক্ষেপ নিশ্চয় গ্রহণ করা হবে, নইলে এক সংকটময় মুহূর্তের মধ্য দিয়ে কলকাতা পৌরসভার যেখানে dumping করছে, আমাকে প্রতি মুহূর্তে মাননীয় মন্ত্রীর কাছে যেতে হয়েছে, মাননীয় মন্ত্রী দেখেছেন, আমরা কিছু শর্তের বিষয়ে আমাদের কাছে তাদের Permission নিয়েছে। কারণ এই কলকাতা শহরে Solid waste management-এ, কঠিন বর্জকে জঞ্জাল পরিষ্কার করার জন্য আমি Asian Development Bank-এর কাছে টাকা পেতে গিয়েছিলাম, সবকিছু DPR তৈরি হয়ে গেল সব approve হয়ে গেল, গিয়ে আমায় জিজ্ঞাসা করলো, তুমি এই জঞ্জালটা ফেলবে কোথায় ? Where is your land filling site ? Asian Development Bank-এর ১২২ কোটি টাকা বেঁচে গেল। আমি কিন্তু drainage সংস্কারের জন্য কিছু jetting cum suction machine কিনতে গেলাম, বললেন তুমি এটা—সবই আমরা দিলাম, আপনি কিনুন, কিন্তু আপনি ফেলবেন কোথায় ? আমার কাছে জায়গা নেই। জায়গার permission পরিবেশের জন্য নেই। এবং পরবর্তী ক্ষেত্রে যদি আমি জওহরলাল নেহরু আর্বান রিনিউয়াল মিশনে যাচ্ছি, তারা সব পরিকল্পনা দেখছে, দেখে বলছে যে, আমরা এত কোটি টাকা দেব, ২০০, ৩০০ কোটি টাকা দেব, ফেলবেন কোথায় ? না, পুরো chainটা নষ্ট হচ্ছে। তাই আজকে যেহেতু bill এসেছে তার জন্য এই bill-কে বা amendment-কে definitely accounts process-এর জন্য এটা প্রয়োজন certification হোক, কিন্তু আমার বিষয়টাকেও অনুধাবন করবার জন্যে এটা আমার নয়, এটা কলকাতা পৌরসভা, কলকাতাবাসী কয়েক লক্ষ মানুষের প্রসঙ্গ এরও সমাধান সূত্র যুক্তিগত কারণে সমাধান করবার জন্য আবেদন জানিয়ে আমার বক্তব্য সংক্ষিপ্ত করলাম। নমস্কার।

শ্রী কেশবচন্দ্র রায় : মাননীয় স্পীকার স্যার, পরিবেশ দপ্তরের মন্ত্রী যে amendment-এর জন্য এখানে বিল উত্থাপন করেছেন আমি তা সমর্থন করছি। সেই সঙ্গে আমার দুই চারটি কথাও আছে। আমি শিক্ষকতাও করি একই হাইস্কুলের, পরিবেশ সম্পর্কে যতটুকু জেনেছি, আমাদের আশপাশের নদীনালা, গাছপালা, বাড়িঘর, জীবজন্তু সবাইকে নিয়ে এই পরিবেশ। আজকে আমি একটা দেখছি, পরিবেশ দূষিত হচ্ছে, পরিবেশকে নষ্ট করা হচ্ছে। এখানে মেয়র উপস্থিত আছেন তাঁর কথা তিনি বললেন, ঠিকই, বর্জ্য কোথায় ফেলা হবে ? তার জন্যে নির্দিষ্ট ভূমি ঠিক করে সেই বর্জ্যটিকে ফেলার জন্য আর বেশি জমি যেন না নেওয়া হয়, অনেক জলাভূমি বন্ধ করে বড় বড় অট্টালিকা হয়েছে। একটু আগে প্রসঙ্গক্রমে একজন বলেছিলেন, আমাদের মাননীয় বিধায়ক যে, গত ৩৪ বছরে বামফ্রন্ট সরকারটা গিয়েছে তাতে তারই এক মন্ত্রী বলেছিলেন, Government is of the contractor, by the contractor and for the contractor। তো আমি অনুধাবন করেছি যে ওই government-এ আরো কি ছিল ? আমি অনুধাবন করেছি, ওই গভর্নমেন্টটা আরো ছিল কি, অফ দি প্রমোটার, বাই দি প্রমোটার, ফর দি প্রমোটার। এই প্রমোটারি করে তারা কি করেছে, জলাভূমিগুলিকে বন্ধ করে দিয়ে বড় বড় অট্টালিকা করেছে। বড়লোকদের একটা করে খাওয়ার কারবার করেছে। সেটা বন্ধ রাখতে হবে।

পরিবেশকে রক্ষা করে সেটা বন্ধ রাখতে হবে। এটাই আমার এখানে মূল বক্তব্য। পরিবেশ যেন কোনোক্রমেই নষ্ট না হয়, এবং তার জন্য বিল করে যতটুকু জমি নেওয়ার দরকার হয় অবশ্যই আমি একমত এবং সেই সঙ্গে সঙ্গে বলছি, ভবিষ্যতে আর যেন ওই প্রমোটাররা আর যেন ওই কন্ট্রাক্টাররা এ কাজে হাত না দিতে পারে, তার জন্য যারা এই কাজটি করেছে পরিবেশটাকে নষ্ট করেছে তাদের ব্যাপারে তদন্ত করে—তাদের এই কৃতকর্মের তদন্ত করে—উপযুক্তি শাস্তির ব্যবস্থা করা হোক, যাতে আর কোনোদিন কোনো প্রমোটার, কোনো কন্ট্রাকটার এই পরিবেশ নষ্ট করতে না এগিয়ে আসে, ধন্যবাদ স্যার।

[2.00—2.10 p.m.]

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় পরিবেশমন্ত্রী যে অ্যামেন্ডমেন্ট এনেছেন সেটা আমি সমর্থন করি। যে ব্যবস্থা উনি নিচ্ছেন তাতে ট্রান্সপারেন্সি বাড়বে, স্বচ্ছতা বাড়বে, কাজেই এটা সমর্থনযোগ্য। কিন্তু আমি কয়েকটি কথা বলি, প্রকৃতির সবচেয়ে বড় দান জমি, জলা, জঙ্গল। আর এই তিনটের উপর ব্যবসায়ীদের প্রমোটারদের কিছু লোভী মানুষের একেবারে শকুনের মতো দৃষ্টি পড়েছে। কি করে এটাকে সর্বনাশ করে, আরো আরো বেশি মুনাফা করা যায়, লুঠ করা যায়, তার জন্য তারা ঝাঁপিয়ে পড়েছে। তারা একবারও ভাবছে না যে মানুষ জাতির কি সর্বনাশ করছে ওরা। এ চিন্তা-ভাবনা তাদের নেই। আমাদের পরিবেশ দপ্তরের হাতে যে আইন আছে এখন, সেই আইন দিয়ে তাদের মোকাবিলা করা যাচ্ছে না। আইনে বলা আছে, কগনিজেবেল অফেন্স। আইনে বলা আছে নন-বেলেবেল। কিন্তু ঢুকে যায় আর এদিক থেকে বেরিয়ে আসে, এই সিস্টেমও আছে। সেই জন্য আমি বলি, এমন একটা কড়া আইন করুন যে যারা এই জলাভূমির ক্যারেক্টার পরিবর্তন করে, কোনো নির্মাণ করবে বা অন্য কিছু করবে, সরকারের ক্ষমতা থাকবে সেটাকে ডিমোলিশ করবার। সেটাকে ভেঙে দেওয়া। পূর্ব জায়গায় তাকে ফিরিয়ে আনা এবং এর জন্য যে কস্ট লাগবে, সেই কস্ট, যে এটা করেছে, তাকে দিতে হবে, সে যদি না দেয়, তাহলে জেলে ভরে ৫ বছর আটকে রাখার অন্তত এই ব্যবস্থাটা করুন। তা নাহলে এই জায়গায় সর্বনাশ হয়ে যাচ্ছে। এ আর অফেন্ডারদের কিছু করা যাচ্ছে না। আপনাদের এই কলকাতা, আর আমাদের এ কলকাতা বেঁচে আছে এই পূর্ব কলকাতার জলাভূমির জন্য। কারণ এটা হচ্ছে কলকাতার ফুসফুস। এই ফুসফুস যদি ফুটো হয়ে যায়, তাহলে আমাদের অনেক কিছু ফুটো হয়ে যাবে। পৃথিবীর মধ্যে একমাত্র জলাভূমি এই কলকাতা, পূর্ব কলকাতার ওয়েটল্যান্ড। যেখানে প্রাকৃতিক উপায়ে সংশোধন হয়ে যাচ্ছে, শোধন হয়ে যাচ্ছে জলটা। এই যে শোধন হচ্ছে প্রাকৃতিক উপায়ে, এখানে অনেকগুলি মাছের ভেড়ি আছে, এই জলাগুলো ইনলেট দিয়ে ঢোকে, তারপরে ঐটা সেটেল হয়, সূর্যের কিরণ পড়ে ঐটা পিউরিফাই হয়। তারপরে অলমোস্ট পিওর ওয়াটার এটা কেষ্টপুর ক্যানেল দিয়ে ড্রেনেজ হয়ে বেরিয়ে যায়। এইটাকে যদি আপনার অ্যাফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট করে করতে হত তাহলে কয়েক শত কোটি টাকা বছরে লাগত। তাহলে এই প্রাকৃতিক জলাভূমি তার এমনই ব্যবস্থা, প্রকৃতির পরিবেশ যে কলকাতাকে বাঁচাচ্ছে, তার জলকে শোধন করে দিচ্ছে আর এত টাকা প্রতি বছর যেটা খরচ হত সেটাকে বাঁচাচ্ছে। তাহলে এটাকে না বাঁচাতে পারলে আমাদের ভয়ঙ্কর ক্ষতি হয়ে যাবে। এবং এগুলোকে আমাদের বাঁচাবার চেষ্টা

করতে হবে। (হট্টগোল) যাক উনি কি বললেন আমি শুনলাম না। আর দরকারও নেই। মানে জলাভূমি ভরাট করার মধ্যে কেউ কেউ আছে, সেটা যেন সেই আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন, ঠাকুর ঘরে কে ? বলে, আমি কলা খাইনি। এটাও যেন সেই রকম একটা কলা খাইনি। যাইহোক আপনারা ভেবে দেখবেন। সে আমি আর ঐসব বলব না। আমি যেটা বলি, এখানকার জীব বৈচিত্র্য, প্রাণী বৈচিত্র্য, সেটাও একটা বিচিত্র। এখানে কচুরিপানা জলকে শোধন করে নেয়। এখানে ভেড়ির মধ্যে যে মাছগুলো হয় সেই মাছের ওপর নির্ভর করে দশ হাজার পরিবার তারা ওই ফিশারি এলাকা থেকে জীবিকা নির্বাহ করেন। এই ভেড়িগুলিতে জিওল মাছ, ল্যাটা মাছ, উলকো মাছ, মাগুর মাছ, শিঙি মাছ, বান মাছ, পাঙ্গাস মাছ এই সমস্ত অজস্র মাছ আছে যেগুলো এখানে তৈরি হয়। যেটা সব জায়গায় আপনারা পাবেন না। এটা এই জায়গায় তৈরি হয়। পূর্ব কলকাতার যে জলাভূমি, এর চারপাশে সাপ, খোপ, ব্যাঙ, ব্যাঙাচি এবং আরো বিচিত্র সব প্রাণীগুলো আছে, ভোঁদড় আছে, উদ্বিড়াল আছে, নানান কিছু সব আছে। এ একটা বিচিত্র প্রাণী জগৎ, এই অল্প এলাকার মধ্যে। সেটাকে বাঁচাবার জন্য আমাদের সবাইকে দেখতে হবে। পূর্ব কলকাতার জমি, জলাভূমি, যেটা রামসার ল্যান্ড, মাননীয় মেয়র তথা আমাদের মাননীয় সদস্য তিনি বলেছেন এটা রামসার ল্যান্ড। বলেই উনি বলছেন যে আমার ৫০০ বিঘা জমির ওখান থেকে নাও। রামসার ল্যান্ডের আইনে বলা আছে ওই এলাকা টাচ করা যাবে না, ছোঁয়া যাবে না। উনি বলেছেন জঞ্জাল কোথায় ফেলবেন ? জঞ্জাল কোথায় ফেলবেন সেটা উনি ঠিক করুক। রামসার ল্যান্ডে হাত দেওয়া যাবে না। উনি যদি রামসার ল্যান্ড মানেন তাহলে এটা টাচ করা যাবে না। কি করতে হবে না করতে হবে সেটা অন্য জায়গায় ভাবতে হবে। অলটারনেট ভাবতে হবে। অনেক দূরে ভাবতে হবে। অতএব ওই বর্জ্যগুলো থেকে ইলেকট্রিক তৈরি করে গ্রামে গ্রামে সাপ্লাই দিতে হবে। এই জলাভূমির এরিয়া প্রায় ১২০০০ হেক্টর, এর মধ্যে কেবলমাত্র জলার পরিমাণ হচ্ছে ৫০০ হেক্টর। পূর্ব কলকাতার জলাভূমিতে তিন রকমের জমি আছে। একটা হচ্ছে শুধু জলভূমি, সাবস্ট্যান্সিয়াল ওয়াটার বডি, যাকে বলি কোর এরিয়া, আর একটা আছে কৃষিকাজ হয় যেখানে, এগ্রিকালচার হয় যেখানে, আর একটা হচ্ছে রুরাল সেটেলমেন্ট যেখানে বসতবাটি করা যায়। এই জলাভূমি এলাকা থেকে ২৭,৫০০ পরিবার বসবাস করে। এরা সব গ্রামের লোক। মাছের ভেড়িগুলিতে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ১ লক্ষ ৫ হাজার লোকের জীবিকা নির্বাহ হয়। সমস্যা। পলি জমে জমে ভেড়ির বেডগুলো উঁচু হয়ে গেছে। এইগুলো যদি আপনারা কেটে দিতে পারেন, ডিসিল্ট করে দিতে পারেন, এর জন্য টাকা খরচ হবে না। কারণ এখন মাটি টাকা, টাকা মাটি। গ্রামের জমি থেকে মাটি তুলে নিয়ে কলকাতায় চলে আসছে।

(ভয়েস : সেটাতো রামকৃষ্ণদেব বলে গিয়েছিলেন।)

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : আরে রামকৃষ্ণের ভায়রাভাই তো আমি। আমি তার শিষ্য। গুরুদেবের শিষ্য আমি। রামকৃষ্ণ, বিবেকানন্দকে আমি অনেক ভালোবাসি আপনার চেয়েও। সে আপনি বুঝবেন না। দেখাদেখি হলে বুঝিয়ে দেব। এই জলাভূমিতে যদি করে নেওয়া যায় তাহলে বিনা পয়সায় মাটির দাম পেয়ে যাবেন। জলাভূমি ভালো হবে। এলাকা ভালো হবে। এখানে যদি একটি ইলেকট্রিসিটি পৌঁছে দিতে পারেন, মাননীয় পরিবেশ মন্ত্রী

একটু শুনবেন, এলাকটায় আমার বাড়ি, সেই জন্য এলাকটা আমি ভালোভাবে জানি। যদি এখানে ইলেকট্রিসিটি পৌঁছে দিতে পারেন, ওখানে যদি প্রোপেলারের ব্যবস্থা করা যায়, জলটাকে যদি ঘেঁটে দেওয়া যায়, তাহলে অনেক অক্সিজেন হবে। মাছের চাষ বাড়বে। জল পিউরিফাই হবে। এলাকার পরিবেশও অনেকটা পিউরিফাই হবে। এটা আপনি পারবেন কিনা সেটা একটু ভেবে দেখবেন।

[2.10—2.20 p.m.]

(ভয়েস : জল ঘেঁটে দেওয়াটা কি ?)

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : ঘেঁটে দেওয়া মানে, যাকে জল ঘাপানো বলে। মাছ চাষ করতে হলে জল ঘাপাতে হয়। এটাকে ঘাপানো বলে। ঘাপানোটা তো জানেন না, কি করে হবে। যাক, এই জল ঘাপানোর ব্যবস্থা করতে পারলে অক্সিজেন হবে, সবকিছু সুবিধা হবে। এই জলাভূমিতে—এর জন্য অনেক লড়াই করতে হয়েছে। এই যে সল্টলেক-এর গায়ে ৫০০ একর জমি, মোল্লার ভেড়ি তার নাম, সেখানে বড় একটা পরিকল্পনা করা হয়েছিল, টাউনশিপ করা হচ্ছিল। পাবলিক বলে একটা এন.জি.ও. আছে, বনানী কাতকার হচ্ছে তার লীডার, তারা হাইকোর্টের গ্রীণ বেঞ্চে কেস করে জেতেন। তাই মোল্লার ভেড়িটা আছে, তা নাহলে ওটা সল্টলেকের পার্ট হয়ে যেত। আবার কাপাশহাটি মৌজায় নলবন বলে একটা ফিশারী আছে। সেখানে আমাদের ওই পূর্ণেন্দু চ্যাটার্জী লেক ল্যান্ড করবেন বলে ঠিক করেছিলেন। লেকের ধারে হাউজিং করবেন এবং সুন্দর করে বাস করবেন। আমরা ভাঙড়ের লোকেরা মিছিল করে লাঠিসোটা নিয়ে তেড়ে গিয়েছি। তারপরে আবার একটা এন.জি.ও. করে আমি তার পেছনে টাকা দিয়ে হাইকোর্টে কেস করি। সেই কেসে আমরা জিতেছি, তাই ওটা আছে। এসব নিয়ে লড়াই করতে হয় এবং সেই লড়াই আমি করে যাচ্ছি। এই ইস্ট কলকাতা ওয়েটল্যান্ডের একটা পৃথক মানচিত্র আছে। এই আলাদা মানচিত্রটা দেখে নেবেন, ২০০৬ সালে যে অ্যামেন্ডমেন্ট হয়েছিল সেখানে আছে। এখানে যে ফ্লোরা-ফোনা-এর বায়ো ডাইভারসিটি আছে। এটা ইউনিক ইন দি ওয়ার্ল্ড। Flora fona, bio-diversity total taking together, it is a unique work. এটাকে কনজার্ভ করতেই হবে আমাদের। ল্যান্ডকে তিনটে ভাগে ইউজ করার কথা বলা হয়েছে। একটা হচ্ছে ওয়াটার বডি—ওখানে কোনো চাষ করা যাবে না, যা আছে তাই থাকবে। আরেকটা বলা আছে কৃষি জমি—সেখানে কৃষি করা যাবে, কিন্তু অন্য কিছু করা যাবে না। আরেকটা বলা আছে আরবান অ্যান্ড রুরাল সেটেলমেন্ট—যেখানে ঘরবাড়ি করা যেতে পারে। কিন্তু এই টোটাল জমিটা এখন ছয়টি থানার আন্ডারে আছে। তিলজলা, সোনারপুর, কলকাতা লেদার কমপ্লেক্স, পূর্ব যাদবপুর, পূর্ব বিধাননগর, রাজারহাট, এই ছয়টি থানার মধ্যে এই এলাকাটা বিস্তৃত আছে। ২০০৬ সালে যে অ্যামেন্ডমেন্ট করা হয়েছিল, তাতে একেবারে মৌজা, জে.এল. নম্বর, খতিয়ান নম্বর, দাগ নম্বর দিয়ে তিনটে আলাদা টেবিল করা আছে। একটা হচ্ছে ওয়াটার বডি, একটা হচ্ছে এগ্রিকালচার, একটা হচ্ছে রুরাল অ্যান্ড আরবান সেটেলমেন্ট। এর ধারে কাছে অন্য কিছু করা যাবে না। কিন্তু বাস্তবে আমরা দেখছি, যেহেতু এই এলাকাটি ই.এম. বাইপাশ থেকে তিন কিলোমিটার থেকে পাঁচ কিলোমিটার রেডিয়াসের মধ্যে, একেবারে করিমপুর

মৌজা ই.এম. বাইপাশের গা থেকে, সেখানে যা সর্বনাশ হবার হয়েছে। আপনি যদি গিয়ে দেখেন, তাহলে এই পরিবেশ দপ্তরটাকে আপনার ছেড়ে দিতে ইচ্ছে হবে। কি সর্বনাশ হয়েছে এখানে। সমস্ত জলাজমি ভরাট করে ঘরবাড়ি তৈরি করা হয়েছে।

(নয়েজ)

হ্যাঁ চোরের খেয়েছে সে চোর তো। ওই নিয়ে কোনো কথা নেই। আপনার আর আমার বলে কিছু নেই, দুটোই চোর। হোক না সে আমাদের, আপনারাও শুরু করবেন। এই মাছের ভেড়ি ভরাট করে যে হাউজিংগুলো হচ্ছে সেগুলোকে অবিলম্বে ডিমোলিশ করতে হবে। আর হাই রাইজ বিল্ডিং যেসব আছে, আমি বলি ভগবানপুর মৌজায়, বয়নালা খাল আছে তার উপরে কংক্রিটের ব্রিজ করে দিয়েছে প্রোমোটাররা। আর এই এগ্রিকালচার ল্যান্ড যেটা সেটাকে পাঁচিল দিয়ে ঘিরে রেখেছে, আর তার চারপাশে একটা করে নারকেল গাছ লাগিয়ে রেখেছে। দেখাচ্ছে এগ্রিকালচার, কিন্তু ভেতরটা ফাঁকা রেখেছে। চান্স পেলেই ঢুকে পড়বে। আপনি অবিলম্বে ওই পাঁচিলগুলো ভেঙে দিন, আর কংক্রিটের ব্রিজটা ভেঙে দিন। ওই খালগুলো আপনার। আর একটা কথা বলি, যাতে আপনি বিনা খরচে এই জলাভূমি রক্ষা করতে পারবেন। যে ক্যানেলগুলো আছে সেগুলো ডি সিল্ট করে দিন। জল সব জায়গায় যাক। ছোটো ক্যানেল, যেটা ফিডার ক্যানেল, সেগুলো দিন, জমিতে জল উঠে যাক। এখন ধানের চেয়ে মাছের ল্যান্ড বেশি। জল যদি জমিতে তুলে দিতে পারেন, তাহলে সেখানে এমনিতেই মাছ চাষ হবে। আপনার জলাভূমি রক্ষা হবে, চাষিদের ভালো হবে। এই কথা বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার অনুমতি নিয়ে এই বিলের ওপর যে আলোচনা হলো সেই আলোচনার ভিত্তিতে আমি দু-একটি কথা বলতে চাই। আমরা এতক্ষণ শুনছিলাম, আমাদের বিরোধী পক্ষের অত্যন্ত সম্মানীয় সদস্য মাননীয় রেজ্জাক মোল্লা যে কথাগুলো বললেন, কথাগুলোর মধ্যে যথেষ্ট পদার্থ আছে এবং এটা শুনে ভালো লাগছে যে আপনি বামফ্রন্টের একজন গুরুত্বপূর্ণ নেতা, অত্যন্ত সম্মানীয় মন্ত্রী ছিলেন। আপনি যে আজকে এই ভুলগুলোকে তুলে ধরছেন দীর্ঘ বামফ্রন্টের ৩৪ বছরের রাজত্বে আমাদের ইস্ট ক্যালকাটা ওয়েটল্যান্ড বলুন, আমাদের জলাভূমি বলুন এই সমস্তগুলো যে প্রোমোটার রাজদের হাতে পড়েছে এবং অনেকটা দখল হয়েছে, অনেকটা দখল হচ্ছে। খালি ইস্ট ক্যালকাটা ওয়েটল্যান্ড নয়, আরো অনেক জায়গায়, বহু জায়গায়। এমনকি ভি.আই.পি. রোডের পাশে যে নয়নজুলি তাও ভর্তি হয়ে গেছে। এই যে প্রোমোটার রাজ চলছিলো, সেই প্রোমোটার রাজের বিরুদ্ধে আপনি আগে কখনো কখনো বলেছেন। কিন্তু গণতন্ত্রের পুণ্য এই মন্দিরে আপনি যে আবার সে কথা মনে করিয়ে দিলেন, এবং নিজেদের ভুলের কথা স্বীকার করে আমাদের মনে করিয়ে দিচ্ছেন তো বটেই সেই অন্যায়ের বিরুদ্ধে যে প্রতিবাদ রাখলেন এ জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আমরা আমাদের পক্ষ থেকে, আমাদের এই সরকার আসার পরে আমাদের মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে আমরা যখন কাজ করতে শুরু করেছি, তার একটাই নির্দেশ ছিলো কলকাতা তথা পশ্চিমবঙ্গের

কোথাও কোনো জলাভূমি দখল করা যাবে না, আমি আগেই বলেছি, অন্য ব্যাপার সেটা। আমাদের যে জলাগুলো আছে, আপনি ঠিকই বলেছেন এই শহরকে বাঁচাতে গেলে, পরিবেশকে বাঁচাতে গেলে, আমাদের পরিবেশের উন্নয়নকে রুখতে গেলে এবং বায়ো-ডাইভারসিটি যে কথা আপনি বলছিলেন। এইগুলো যদি রাখতে হয়, আজকে অনেক জায়গায় অনেক মাছ পাওয়া যাচ্ছে না। অনেক মাছের চিহ্ন দেখা যায় না। মৌরলা মাছ দেখা যায় না, খোলসে মাছ দেখা যায় না। এগুলো বহুদিন ধরে নষ্ট হয়েছে। এটা একদিনে কিন্তু ঠিক হবে না। কিন্তু আমরা প্রতিশ্রুতিবদ্ধ, মানুষের কাছে বলে এসেছি, মা-মাটি-মানুষের সরকার আমরা বলছি পশ্চিমবঙ্গের কোনো জলা কোনো প্রোমোটার কোথাও দখল করতে পারবে না। এটা আমাদের দপ্তরের ঘোষিত নীতি। আমরা এটা বলছি। আপনি একটা প্রস্তাব বলেছেন, আমরা সকলকে নিয়ে একটা আলোচনা চালাচ্ছি। বিরোধী পক্ষ, আমাদের বিভিন্ন পরিবেশবিদ, এবং আইনজ্ঞদের সঙ্গে, আমরা আইন দপ্তরের সঙ্গে কথাবর্তা বলছি যে সমস্ত জলাগুলো বেআইনিভাবে ভরাট হয়ে গেছে সেই ব্যাপারে। অনেক জলা ভরাট হয়েছে, অনেক নয়নজুলি ভরাট হয়েছে। সেগুলোকে আমরা রেসটোর করতে পারি কিনা, রেসটোর তো করতে হবে। কিন্তু রেসটোরটা কিভাবে হবে ? আইনকে তো বাঁচিয়ে করতে হবে। আমরা সংবিধান মেনে চলবো, কারণ আমরা সংবিধান মানি। আমরা গায়ের জোরে কিছু করতে পারবো না। সেইটার জন্যে আমাদের দপ্তর অত্যন্ত গুরুত্বসহকারে আলোচনা করছে, বিবেচনা করছে। যখন এটা হবে তখন সেই অ্যামেন্ডমেন্ট আসবে এবং আশা করবো তাতে আপনারা সমর্থন করবেন। যদিও তাতে যে ভুলগুলো হয়েছিল, সেই ভুলগুলো কিন্তু আপনাদের রাজত্বের সময়ই হয়েছিল, আপনাদের শাসনকালে হয়েছিল। তবে ভুলটা তো ভুলই। পরে হলেও স্বীকার করাটা ভালো। আজকে আমাদের অত্যন্ত ভালোবাসার এই শহর কলকাতা। ইস্ট ক্যালকাটা ওয়েটল্যান্ডের যে বায়ো-ডাইভারসিটি তার যে পরিবেশ তাকে রক্ষা করতে হবে, এবং এই রক্ষা করার জন্য আমাদের যা করার থাকবে আমাদের সরকার সেটা অবশ্যই করবে একথা, এই প্রতিশ্রুতি আমি আপনাকে দিতে পারি। এবং এ ব্যাপারে অলরেডি আমরা ভাবছি, আর আমাদের যে খালগুলোর কথা আপনি বলছেন, সেই খালগুলোর মধ্যে ১০০ কিলোমিটার মতো সেটা খনন করার কাজ হবে এবং এই বছরের মধ্যে আরো ৩৫ কিলোমিটার খাল খনন করা সেটা শেষ হবে। আমরা অ্যাওয়ারনেস জেনারেশনের ক্যাম্প করছি, আমরা এগুলো করার চেষ্টা করছি। আমরা সমস্ত স্কুলে ছাত্রছাত্রীদের নিয়ে একটা ইকো ক্লাব তৈরি করেছি। এটা কয়েকদিনের মধ্যে আপনি শুনতে পাবেন, হয়তো পুজোর পরেই। তাদের নিয়ে, এই সমস্ত জায়গায় নিয়ে গিয়ে বলতে হবে যে এই জলাভূমিগুলো আমাদের কি করে বাঁচিয়ে রাখছে। বায়ো-ডাইভারসিটি কথাটা শুনতে খুব ভালো। কিন্তু এটা কি ? আমাদের পাশে পরিবেশে জল কেন দরকার আছে। এই সমস্ত আমাদের বাচ্চা ছেলেদের, যেসব শিশুরা পরবর্তীকালে আমাদের দেশের ভবিষ্যৎ হবে তাদের শেখানোর জন্য আমরা পরিকল্পনা নিচ্ছি। আমাদের এই যে অভূতপূর্ব একটা ব্যাপার, যে ন্যাচারাল রিসাইকেলিং অফ্ ওয়েস্ট, এবার বলি, যে কথা মেয়র বলছিলেন তাহলে কোথায় ফেলা হবে ? এর জন্য অলটারিনেটিভ তো বটেই, আমাদের দপ্তর থেকে খড়গপুর আই.আই.টি., বম্বে আই.আই.টি. এবং পরিবেশবিদদের নিয়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটা আলোচনা যেটা চলছে গত দেড় মাস ধরে। আশা করছি এক মাসের মধ্যে তার রিপোর্ট

তৈরি হবে। আমাদের যে ওয়েস্টটা আছে, ওয়েস্টটা খালে ফেললে হবে না, ওয়েস্টটাকে রিসাইকেল করতে হবে, ওয়েস্টটাকে ট্রিটমেন্ট করতে হবে। ওয়েস্টটাকে ট্রিটমেন্ট করে যদি সেগ্রিগেট করতে পারি। আমরা যদি ওয়েস্ট সেগ্রিগেট করতে পারি। ওই ওয়েস্ট থেকে কিন্তু আমরা বায়ো ফুয়েল তৈরি করতে পারবো, ইলেকট্রিসিটি তৈরি করতে পারবো এবং ওয়েস্টটাকে ম্যানেজমেন্টও করতে পারবো। এর জন্যে আমরা ইন্টিগ্রেটেড একটা প্ল্যান আনতে যাচ্ছি, এবং আপনাদের সকলের সমর্থন নিয়ে আমি আশা করবো মা-মাটি-মানুষের সরকার সেগুলোর ব্যবস্থা করবে এবং অবশ্যই আমরা আগামীদিনে কলকাতাকে বাঁচিয়ে রাখার জন্য এই জলাভূমিকে রক্ষা করার জন্য এই সরকার যা করার সবই করবে, আমার দপ্তর সবই করবে।

The motion of Dr. Sudarshan Ghosh Dastidar that the East Kolkata Wetlands (Conservation and Management) (Amendment) Bill, 2011 be taken into consideration, was then put and agreed to.

[2.20—2.30 p.m.]

Clause-2

The question that clause 2 do stand part of the Bill was then put agreed to.

Clause-1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

The question that clause-1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill was then put and agree to.

Dr. Sudarshan Ghosh Dastidar : Sir, I beg to move that the East Kolkata Wetlands (Conservation and Management) (Amendment) Bill, 2011, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

RESOLUTION UNDER RULE 169

Mr. Speaker : Hon'ble Members, now I want to take Resolution under Rule 169 by Shri Partha Chatterjee. I call upon Shri Partha Chatterjee to move his motion.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় স্পীকার মহাশয়, নিয়ম ১৬৯ অনুযায়ী সরকারি সংকল্পে প্রস্তাব আনছি যে—যেহেতু, বর্তমানে এই রাজ্য বাংলায় 'পশ্চিমবঙ্গ' ও ইংরাজিতে ওয়েস্ট বেঙ্গল নামে অভিহিত হয়ে আসছে ;

যেহেতু, শুধুমাত্র ঐতিহাসিক কারণে নয়, সমস্ত রকম প্রশাসনিক কাজে অসুবিধে পরিলক্ষিত হয়েছে ;

যেহেতু, বর্তমানে রাজ্যের নামের সঙ্গে সামঞ্জস্যতা বজায় রেখে ইংরেজি ভাষায় তার লিখিত ও উচ্চারণ বাঞ্ছনীয় ;

যেহেতু, রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীর পৌরোহিত্যে বিধানসভার প্রতিনিধিত্বকারী সবকটি দলের উপস্থিতিতে সর্বদলীয় বৈঠকে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়েছে, বাংলার সঙ্গে সংগতি রেখে ইংরেজিতেও এ রাজ্যের নাম করা হোক ;

সেইহেতু, এই সভা সিদ্ধান্ত গ্রহণ করছে যে, এই রাজ্যের নাম ইংরেজিতে "PASCHIMBANGA" প্রচলন করবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, আজকের এই মহতি সভায়, একটা মহৎ বিষয় রুল ১৬৯-এ আমাদের রাজ্যের নামকরণ বিষয়ে যে প্রস্তাব মাননীয় পার্থ চ্যাটার্জী মহাশয় এনেছেন, আমি তাকে সহমত পোষণ করে সমর্থন করছি। একই সঙ্গে অভিনন্দন এবং ধন্যবাদ জানাচ্ছি। আমাদের রাজ্যে মাননীয়া মুখ্যমন্ত্রী মহোদয়, এই বিষয়ে স্বতঃপ্রোণোদিতভাবে একটি সভা আমাদের রাজ্যের সমস্ত রাজনৈতিক দল এবং বিধানসভার পরিষদীয় দলের নেতৃবৃন্দকে নিয়ে তিনি মহাকরণে সভাও করেছিলেন। এবং আমরা খুব খুশি তিনি সরকারের পক্ষ থেকে নামকরণের প্রস্তাব এনেছেন। সরকারের নিজস্ব একটা নামকরণের প্রস্তাব বরাবরই থাকে। আমাদের জানার কথা আমরা তাই ভেবেছিলাম। একটা প্রস্তাব রাখবেন বা একাধিক নাম—তার উপরেই আলোচনা চলবে। কিন্তু সে দিনে আমাদের বিরোধী পক্ষের নেতা সূর্য্যকান্ত মিশ্র মহাশয় একথা বলার পরেও, মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন যে, না, সবাই মিলে ভেবে ঐকমত্যে পৌঁছাব, সেটাই হওয়া বাঞ্ছনীয়। খুব ভালো এবং আমরা সবাই একমত হয়েছিলাম যে প্রত্যেকটা রাজনৈতিক দলের পক্ষ থেকে নিজস্ব মতামত, নিজস্ব ভাবনা-চিন্তা এবং একটা ভালো প্রস্তাবের উপরে আলোচনা করে আরেকটা দিন বসা যাবে, সেই মতো ভাবে তিনিও ব্যবস্থা করেছিলেন। আমি অভিনন্দন জানাচ্ছি। প্রায় সকলের একই মত বলা যেতে পারে, "PASCHIMBANGA" কথাটা শেষ পর্যন্ত গৃহীত হয়েছে এবং তার আগেও কিছু বিষয় আলোচিত হয়েছিল যে, এই মহতি সভায় ইতিপূর্বে রাজ্য সরকারের পক্ষ থেকে একটা প্রস্তাব গিয়েছিল। যদিও প্রস্তাবের প্রস্তাবনা ছিল নামকরণটা পশ্চিমবঙ্গ হক। কিন্তু সভায় সব পক্ষের, বিরোধী পক্ষ সরকার পক্ষের আলোচনাক্রমেই নামটা হয়েছিল যে বাংলাই থাক। এই রাজ্যের নামকরণটা বাংলা হোক এবং সেই প্রস্তাবটা কেন্দ্রীয় সরকারের কাছে লোকসভায় প্রেরিত হয়েছিল। কালক্রমে সেটা নানা কারণে ফলপ্রসূ হয়নি মুখ্যমন্ত্রী সেই বিষয়ে নিঃসন্দেহে সভাকে আলোকিত করবেন। আমরা কোনো দ্বিমত নই, ঐকমত্য। ইতিমধ্যে আমাদের রাজ্যের বিভিন্ন মহলে নানা আলোচনা আন্দোলন শুরু হয়েছে, আন্দোলন বলবো না, আলোচনা বিনিময় হয়েছে। কেউ কেউ বলছিলেন বাংলা তো বাংলাই। বাংলা ভাষা, বাংলা সব, বাংলা আমাদের গর্ব অনেক কথা। অনেক কবি, অনেক উচ্চ মানসিকতার মানুষজন বাংলা বাংলা বাংলা বাংলা,

এই ব্যবহারিতটা বাংলায় থাকলে খারাপ কি, এটা যেমন আসছে, কেউ বলছে পরিবর্তনের আবার দরকার কি, যেমন ছিল ওয়েস্ট বেঙ্গল, শুনতে খারাপ কি ? থাক না, ওয়েস্ট বেঙ্গল থাকলেই বা কি। ক্যালকাটা কলকাতা হয়েছে, ওয়েস্ট বেঙ্গলটা ওয়েস্ট বেঙ্গল থাক। এইসব নানা কথা আছে। সেই জন্য আমাদের কোনোটাতেই আপত্তি নেই। যদি বাংলাই হয় তো হবে, কি আছে। আমি জানি না মাননীয়া মুখ্যমন্ত্রী মহোদয়া তাঁর কাছে যদি এইভাবে রাজ্যবাসীর বিভিন্ন স্তর থেকে কোনো সুনির্দিষ্ট প্রস্তাব বা বিভিন্ন জনগণের সঙ্গে উনি কথা বলছেন। আমাদের পক্ষ থেকে মাননীয় পার্থ চ্যাটার্জী এবং সূর্য্যকান্তবাবু উপর একটা দায়িত্ব ছিল, তাঁরাও কিন্তু বিভিন্ন মতামত সংগ্রহ করেছেন। সুতরাং এটা খুব সাধু প্রস্তাব। প্রসঙ্গ এইভাবে আসছে যে আমাদের দেশের জায়গায় আমাদের রাজ্যের নামটা সবচেয়ে পিছিয়ে পড়ে। সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যগুলো নামের যেভাবে ক্রমানুসারে সাজানো আছে তাতে ওয়েস্ট, মানে একদম ওয়েস্ট-এর দিকেই চলে যায়, শেষের দিকেই চলে যায়। এই জন্য তাকে উপরের দিকে চলে যেতে গেলে পশ্চিমবঙ্গ, বাংলাতে কি দিতে পারলে অনেকটাই উপরের দিকে চলে যেতে পারত। সেটা যদি হয় সেও ভালো। আর না হলে পশ্চিমবঙ্গের পি দিয়ে অর্থাৎ আমরা পশ্চিমবঙ্গ ব্যবহার করতে অভ্যস্ত, বাংলা ভাষায় কথা বলি, আমরা পশ্চিমবঙ্গ কথাটা ব্যবহার করি। শুধু পরিবর্তন ওইটুকু হবে যে বাংলায় যা লেখা ইংরেজিতে তা লেখা। কিছু প্রশ্ন ওঠে তাহলে পশ্চিমবঙ্গটা পাঞ্জাবের উপরে, পাঁচটা কি ছটা রাজ্যের উপরে উঠে যাবে। তাহলে আমাদের গাড়িগুলোর নামকরণ কি হবে। পাঞ্জাব, পি.বি. দিয়ে পঞ্জাব হবে, আমরা তাহলে পি.বি. দিতে পারব না তাহলে কি দেব। নিঃসন্দেহে রাজ্য সরকার এই বিষয়ে ভাববেন। আমি শুধু এইটুকু বলবো যে আমরা সর্বসম্মতিক্রমে সমস্ত রাজনৈতিক দলের মতামতে গৃহীত এই উত্তম প্রস্তাবটা এই হাউসে মাননীয় পার্থ চ্যাটার্জী মহাশয় তুলেছেন, মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি খুব শতপ্রণোদিতভাবে উৎসাহ নিয়ে এই অল্প দিনের হাউস, অনেক আলোচনা হল না বটে কিন্তু এই বিষয়টা তিনি এখানে সরকারিভাবে পাশ করাচ্ছেন আমি এটাকে অভিনন্দন জানিয়ে সমর্থন জানিয়ে আমি সকলের কাছে আবার একবার বলব নতুন কিছু ভাবনা থেকে থাকে এই বাংলা শব্দটা আমাদের দিক থেকে কোনো আপত্তি নেই। পশ্চিমবঙ্গ যদি হয় তাও আমরা সকলে সমর্থন জানিয়েছি। আপনাকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করলাম।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আজকে পশ্চিমবঙ্গের ইতিহাসে একটা গৌরবজনক দিন। স্বাধীনতার প্রায় ৬৫ বছর পর আমরা পশ্চিমবঙ্গের নামকরণ নিয়ে বাংলায় যেটা আছে সেটা থাকবে, ইংরেজিতে ওয়েস্ট বেঙ্গলের নাম পরিবর্তন হয়ে পশ্চিমবঙ্গ হয়ে যাবে, এই সিদ্ধান্ত আমরা নিয়েছি। এর আগে ১৯৯৯ সালের ২০শে জুলাই এই সভায় এই প্রস্তাব এসেছিল। কিন্তু যে কোনো কারণেই হোক সেই দিন আমি এই সভায় সদস্য হিসাবে বলেছিলাম যে সমস্ত মানুষের মতামত নিয়ে, বুদ্ধিজীবী, সাহিত্যিক, শিল্পী এদের মতামত নিয়ে এটা করা হোক। সেই দিনের প্রসিডিংসে আমার এই কথা লেখা আছে। আজকে সবচেয়ে আগে ধন্যবাদ জানাই বাংলার মুখ্যমন্ত্রীকে, যিনি এই সভারও নেত্রী, তাঁকে ধন্যবাদ জানাই যে ১০৫ দিনের মধ্যে তিনি তাঁর সিদ্ধান্তকে কার্যকরী করার আগে সমস্ত দলের সঙ্গে আলোচনা করেছেন। বিস্তারিত আলোচনার পরে বিরোধী

দলের নেতা এবং পরিষদীয় মন্ত্রী, তাঁদের মাধ্যমে একটা কমিটি করেছেন এবং এটা খুব জোরের সঙ্গে বলছি আমি জানি এই বাংলার শিল্পী সাহিত্যিক থেকে শুরু করে অধ্যাপক, ল-ইয়ার, ব্যারিস্টার অনেকের সঙ্গে তিনি নিজে ব্যক্তিগতভাবে কথা বলেছেন। কথা বলার পরে এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন যে আজকে পশ্চিমবঙ্গ নাম বাংলায় যেমন আছে থাক। শুধু 'ওয়েস্ট বেঙ্গল' নামটা পরিবর্তন করে সেখানে 'পশ্চিমবঙ্গ' করা হোক। শুধুমাত্র দিল্লিতে আলোচনা পিছন দিকে চলে যাচ্ছি, এটা কখনও একটা বিষয় হতে পারে না। এটাই হল বিষয়—যে অল ক্রসসেকশন অফ দি পিপলের ওপিনিয়নটা নেওয়া এবং বিধানসভার মধ্যে ঐক্যমত হওয়া যেটা তিনি অত্যন্ত তৎপরতার সঙ্গে, দ্রুততার সঙ্গে করতে সক্ষম হয়েছেন। সমস্ত দলের সঙ্গে যুক্তভাবে এই কাজটা করতে পেরেছেন বলে আজকের এই সভায় এই প্রস্তাব সর্বসম্মতভাবে পাশ হবে। এটা গৌরবের। আমি তাই আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী, এই সভার যিনি নেত্রী—মমতা বন্দ্যোপাধ্যায়, তাঁকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

[2.30 – 2.40 p.m.]

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে পশ্চিমবঙ্গের নতুন করে নামকরণ করার বিষয় যে আলোচনা চলছে, 'পশ্চিমবঙ্গ' থেকে 'পশ্চিমবঙ্গ', কেবলমাত্র ইংরেজিতে পশ্চিমবঙ্গ লেখা হবে। রাজ্যের দশটি রাজনৈতিক দল সম্বলিত বামফ্রন্ট সহ যে নামকরণের সিদ্ধান্ত নিয়েছে সেই সিদ্ধান্তের বিরোধিতা না করেই আমি এইটুকু বলতে চাই যে এই নামকরণের সঙ্গে জড়িয়ে আছে সাধারণ মানুষের অভিব্যক্তি। তাকে মর্যাদা দেওয়া উচিত। সেই জন্য আমি বলব যে গণতান্ত্রিক পদ্ধতির মাধ্যমে এস.এম.এস. করে.....

ম্যাডাম ডেপুটি স্পীকার : অনারেবল মেম্বার প্লিজ, কারোর মোবাইল বাজছে। মোবাইলগুলোর সুইচ অফ করুন। বারবার বলা হচ্ছে। শাসক দল কি বিরোধী দল সেটা আপনাদের দেখার কর্তব্য নয়। যারই মোবাইল বাজুক, আমরা মোবাইল সিজ করে নেব।

শ্রী বিশ্বনাথ কারক : সাধারণ মানুষের অভিব্যক্তিকে মর্যাদা দেওয়ার জন্য এবং তা দেওয়া উচিত বলে মনে করি। তা এস.এম.এস.-এর মাধ্যমে, গণতান্ত্রিক পদ্ধতিতে মতামত নেওয়া উচিত বলে আমি মনে করছি। বামফ্রন্ট থাকাকালীন একবার চেষ্টা করেছিলেন এই নাম পরিবর্তনের জন্য। স্বাধীনতার পরে পরবর্তীকালে বেশ কিছু রাজ্যের নাম পাল্টেছে। সেই জন্য জাতির স্বত্ত্বা ভাষা ও সংস্কৃতি ভেবেই ইতিহাসে এবং ঐতিহ্যের ধারাবাহিকতায় 'পি' এবং 'ভি' সংস্কৃতিতে এই দুই নামের শব্দ পরস্পর জায়গা দখল করে আজকে 'বঙ্গ'। তাই 'বঙ্গ' মানেই হচ্ছে আমাদের কাছে পূর্বকথা কথিত ভাবে 'বঙ্গ' মানেই হচ্ছে উর্বর জমি। তাই 'থাংকন নায়ার' জানাচ্ছেন—'বঙ্গ' নামের উল্লেখ 'বেদ' এবং 'পুরাণ'-এও আছে। অর্জুন বঙ্গদেশে এসেছিলেন এবং ভীমও এই 'বঙ্গ' নামের প্রাচীনতম নির্দশন হল কুতুবমিনারের কাছে মেহরৌলিতে লৌহস্তম্ভের উপর খোদিত আছে। পরপর বাংলার রাজা লক্ষ্মণের সময় যে কয়েকটি জায়গা তার সঙ্গে ছিল, যেমন হচ্ছে—গৌড়, পৌন্ড্র, রাঢ়, তাম্রলিপ্ত, কর্ণসুবর্ণ ত্রয়োদশ শতকে সব মিলিয়ে 'বাংলা'। তাই আবুল ফজল তার 'আইন-ই-আকবরী' গ্রন্থে লিখেছেন যে অঞ্চলের মূল নাম 'বেঙ্গল'। তাই এ থেকেই যেটা আমি মূল কথা বলতে চাই

'উত্তরপ্রদেশ'কে আমরা 'নর্থপ্রদেশ' লিখি না। তাই যেখানে 'উত্তরপ্রদেশ' আছে বা 'মধ্যপ্রদেশ' আছে, সেখানেও আমার ব্যক্তিগত মত যে 'বঙ্গপ্রদেশ' হলে খারাপ কিছু হত না। এটা আমার ব্যক্তিগত মত। কিংবা 'বঙ্গভূমি' আমরা হরফের কথার যদি এগিয়ে যেতে চাই এটা আমরা পিছিয়ে পড়ছি পশ্চিমবাংলায় এই কথা তাহলে কেন্দ্রে আমাদের নামটা আরেকটু এগিয়ে থাকত। তাহলে কি আসত ? যেহেতু সর্বদলীয়ভাবে এই নামকরণ একটা করেছেন, তারা বিরোধিতা না করে যেহেতু ভেবেছেন সর্বদলীয়ভাবে, সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়েছে এবং তার বিরোধিতা না করেই ব্যক্তিগত আমার মত হিসাবে আমি বঙ্গপ্রদেশ নাম রাখার জন্য আমার মতটা প্রকাশ করছি। সেই জন্যেই এটা আমি বলব যে দশ গজ উচ্চতা কুড়ি গজ চওড়া টিবিকে বলা হত 'আল'। বেঙ্গ এবং আল—এই দুই মিলিয়ে বাঙ্গালা। মুসলিম আমলে বলা হত সুবে বাংলা। ইরেজ আমলে শুধু বাংলা। দেশভাগের পর পূর্ব পাকিস্তান ও পশ্চিম পাকিস্তান তখন থেকে পূর্ববঙ্গ স্বতন্ত্র রাজ্যের রাষ্ট্র হয়ে পরে বাংলাদেশ এবং পূর্বহীন সত্ত্বেও রয়ে গেল পশ্চিমবঙ্গ। সেই জন্যেই এই পশ্চিমবঙ্গের যে নামকরণ বিষয়ে হরফে আমাদেরকে যদি উপরে উঠতে হয়, তা আমি প্রস্তাব সংক্ষিপ্তভাবে রাখলাম। এই কয়েকটি কথা বলে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, এটা একটা ভালো মুহূর্ত। কারণ, সর্বদলীয় সভায়, সর্বসম্মতিক্রমে আমাদের রাজ্যের নামকরণ হয়েছে। এই জন্যে আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আরও কয়েকটি নাম ছিল। পশ্চিমবঙ্গ নামটা বাংলায় অপরিবর্তিত থাকবে। আরও কয়েকটা নাম আলোচনান্তরে ছিল। কিন্তু ঐকমত্যে সিদ্ধান্ত পশ্চিমবঙ্গ নামটা থাকবে। ইংরেজিতে ওয়েস্ট বেঙ্গল থাকবে না, পশ্চিমবঙ্গ লিখতে হবে। ১৯৯৯ সালে ২০শে জুলাই রাজ্যের নতুন নামকরণের ব্যাপারে এ রকম একটা উদ্যোগ নেওয়া হয়েছিল, মূলত তার পরিসমাপ্তি ঘটল। সর্বদলীয় সভা, সর্বসম্মতিক্রমে যে সিদ্ধান্ত, আমি তাকে সমর্থন করছি। আমি আশা করব এই সভা তা অনুমোদন করবে। এই কথা বলে, ধন্যবাদ জানিয়ে আমার কথা শেষ করছি।

মহঃ সোহরাব : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আজকে বিধানসভা কক্ষে মাননীয় মন্ত্রী পার্থবাবু যে প্রস্তাব নিয়ে এসেছেন সেটা ঐতিহাসিক প্রস্তাব। এর আগে বহু মানুষ, বহু চিন্তাশীল মানুষ, শিক্ষাবিদ মানুষ মত দিয়েছেন যে পশ্চিমবঙ্গে ঐতিহাসিক কারণে নাম হয়েছে পশ্চিমবঙ্গ, ইংরেজিতে যেটা লেখা হত ওয়েস্ট বেঙ্গল। সেই নামটা কি করা যায়, কিভাবে পরিবর্তন করা যায় নানা রকমভাবে চিন্তা হয়েছে। যে কোনো কারণেই হোক সেটা রূপায়িত হয়নি। আমরা জানি এক্সপার্ট অলওয়েস ডিফার। সুতরাং বিভিন্ন এক্সপার্ট এটাতে বিভিন্ন মতামত দিয়েছেন। আমি ধন্যবাদ জানাচ্ছি, অভিনন্দন জানাচ্ছি যে এতদিন পর্যন্ত যে কাজটা করতে পারা যায়নি, করা হয়নি, মাননীয়া মুখ্যমন্ত্রী অল্পদিনের মধ্যেই সেই বাতাবরণটা সৃষ্টি করেছেন। আমি এই জন্য ধন্যবাদ জানাচ্ছি যে এই বাতাবরণটা সৃষ্টি করেছেন। বিধানসভায় যে সমস্ত দলের প্রতিনিধিরা আছেন সেই দলের সমস্ত লোককে নিয়ে তিনি বৈঠক করেছেন এবং প্রথম বৈঠকেই বিরোধী দলের নেতাকে নিয়ে একটা কমিটি করে দিয়েছেন যে বিভিন্ন স্তরের মানুষের মতামত নিয়ে একটা রিপোর্ট দেওয়ার জন্য। দ্বিতীয় সভাতে বিভিন্ন আলোচনা হয়েছে কিন্তু যে, নামটা শেষ পর্যন্ত সিদ্ধান্ত হয়েছে, সেভাবে সমস্ত

বিচার-বিবেচনা করে সিদ্ধান্ত হল, নাম পশ্চিমবঙ্গ হবে। ইংরেজিতেও 'পশ্চিমবঙ্গ' হবে, West Bengal থাকবে না। আমাদের মধ্যে বিভিন্ন মত থাকতে পারে কিন্তু সেটা সর্বসম্মতভাবে গৃহীত হল এবং তার নেতৃত্ব দিলেন মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আমি সে জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কোন একটা দেশ কোন রাজ্য এগিয়ে যায় যদি একটা সহমতের বাতাবরণ তৈরি করা যায় এবং সেই সহমতের বাতাবরণ তৈরি করে কে ? প্রশাসনে যারা থাকে মেন দায়িত্ব তাদেরই, যারা শাসন ক্ষমতায় থাকে, তাদের ওপর বেশি দায়িত্ব থাকে। সারা রাজ্যের, সারা দেশের, মানুষকে নিয়ে, দলমত নির্বিশেষে যদি সহমতের ভিত্তিতে এগিয়ে যাওয়া যায় তখন কিন্তু প্রশাসক, সেই নেতা, সেই নেত্রী সাকসেসফুল হন। আমি এই 'পশ্চিমবঙ্গ' নামকে নিশ্চয় সমর্থন করছি, এই প্রস্তাবকে সমর্থন করছি, সর্বতোভাবে সমর্থন করছি আমাদের দলের তরফ থেকে। কিন্তু আমি সঙ্গে সঙ্গে অনুরোধ করব মাননীয় মুখ্যমন্ত্রীকে, তিনি যেভাবে এই একটা বিষয়ে অতি অল্প সময়ের মধ্যে একটা সিদ্ধান্তে এসে পৌঁছেছেন সমস্ত দলের মানুষকে নিয়ে, সমস্ত দলের নেতাকে নিয়ে, আগামীদিনের যে কঠিন কঠিন সমস্যা আসবে আমার রাজ্যকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে তখনও তিনি সেই ভাবেই এগিয়ে নিয়ে যাবেন এইটা আমি আশা রাখি। নাম পরিবর্তন অনেক জায়গারই হয়েছে। আমাদের দেশের বাইরে যে ব্রিটিশ কলোনিগুলো ছিল—ব্রহ্মদেশ, শিলং, এদেরও নাম পরিবর্তন হয়েছে। আমাদের দেশেরও বিভিন্ন রাজ্যের নাম পরিবর্তন হয়েছে। কিন্তু এইভাবে সহমত করে, সকল দলকে নিয়ে যেভাবে তিনি করেছেন তাতে তিনি আমাদের সকলের অভিনন্দনের পাত্র। আমি তাঁকে আবার অভিনন্দন জানাচ্ছি এবং আগামীদিনে এই পথে তিনি এগোবেন এই আশা রেখে আমি বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী আনিসুর রহমান : সম্মানীয় উপাধ্যক্ষা মহোদয়া আজকে আমাদের এই প্রিয় রাজ্য পশ্চিমবঙ্গ, তার নাম পরিবর্তনের এই প্রস্তাবকে আমি সর্বতোভাবে সমর্থন জানাচ্ছি এবং এর জন্য যাঁরা উদ্যোগ নিয়েছেন তাঁদেরকেও আমি ধন্যবাদ জানাচ্ছি। এ ব্যাপারে আমাদের যা বলার ছিল সর্বদলীয় সভায় আমাদের দলের পক্ষে, বামফ্রন্টের পক্ষে বলা হয়েছে, নতুন করে বলার কিছু নেই। আমি দু'-একটা কথা শুধু যোগ করতে চাই।

প্রথমত, এখন থেকে ২০ বছর আগে আমি রাষ্ট্রমন্ত্রী হয়েছিলাম এবং দিল্লি গিয়েছিলাম একটা মিটিং-এ। সেদিন আমার খুব খারাপ লেগেছিল এই কারণে যে, বসেই আছি কখন বলব, কখন বলব কিন্তু যখন আমার ডাক পড়ল তখন হলে আর কেউ নেই। এক মন্ত্রী বসে আছেন উপরে আর দু'-একজন লোক নিচে বসে আছেন। খুবই খারাপ লাগল এই পদ্ধতি। বলল, A থেকে শুরু হবে Z-এ গিয়ে শেষ হবে। এই জন্য আমার খুব খারাপ লেগেছিল। ওখান থেকে এসেই মাননীয় মুখ্যমন্ত্রীকে বলেছিলাম এর পরিবর্তন দরকার। হয় পপুলেশনের হারে, রাজ্যের সাইজে, কিছু একটা পরিবর্তন হওয়া দরকার। তারপরে একটা চেষ্টা হয়েছিল এবং একটা বে-সরকারি প্রস্তাবও গিয়েছিল। তার নাম ছিল 'বাঙলা'। আমরা এখনও মনে করি যে, 'বাঙলা' একটা গুরুত্বপূর্ণ নাম। কারণ বাঙলার সঙ্গে অনেকগুলো বিষয় জড়িয়ে আছে। বাঙলা আমাদের কাছে অতি প্রিয়, শুধু ভাষা বলে নয়, কাজে-কর্মে সর্বত্র এখনও বাঙলার ব্যবহার হয়ে থাকে। সেই জন্য 'বাঙলা'কে আমরা

বেশি সমর্থন করেছিলাম। কিন্তু আমরা যেহেতু ঐক্যবদ্ধভাবে, সহমতে আসতে চাই তাই যে প্রস্তাব এসেছে তাকে আমরা সমর্থন করছি, আমাদের আপত্তি নেই। কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার একটাই অনুরোধ, একটা আবেদন, আমরা একটা ব্ল্যাঙ্ক চেক দিয়ে যাচ্ছি, মমতা ব্যানার্জী যদি মনে করেন এবং এই নাম বাদে অন্য কোনো নাম করতে চান, আমি শুনেছিলাম তিনি নাকি একটা নাম দিয়েছিলেন 'বঙ্গভূমি', তাঁর দল থেকে দিক না দিক তিনি একটা দিয়েছিলেন শুনেছিলাম, সত্যি কী না জানি না। তা আমরা এটা বলে রাখতে চাই এর বাইরেও, যদি এটা থাকে ভালো আপত্তি নেই, কিন্তু এর বাইরেও যদি কোনো নামের কথা ভেবে থাকেন, উনি যা ভাববেন তাকে আমরা সমর্থন করব এই কারণে, এই নামের একটা Problem হচ্ছে, আমি সেদিন একটা কলেজে গিয়েছিলাম একটা ক্লাস নিতে। আমি গিয়ে জিজ্ঞাস করলাম 'তোমরা তো শুনেছ আমাদের রাজ্যের নতুন নাম হয়েছে তো 'পশ্চিমবঙ্গ' এটা বাংলায় লেখ তো একটু এবং ইংরেজিতেও লেখ। যতগুলো মেয়ে ছিল দেখলাম বিচিত্র লিখেছে। তাই মনে হচ্ছিল একটা সমস্যা আছে। তাই বাংলা সহজ হয় কি না এটা একটু দেখে নিলে ভালো হবে। তবে আমি শুনেছিলাম, একটা কারণে, কোথাও আলোচনা হয়েছিল যে, আমাদের পাশে এখানে যেহেতু বাংলাদেশ আছে তাই আবার 'বাঙলা' রাখা সমস্যা হতে পারে। এই রকম নাকি আলোচনা হয়েছিল। কিন্তু পাকিস্তানেও তো পাঞ্জাব আছে। এপারেও আছে পাঞ্জাব। ওপারে পাঞ্জাব, এপারে পাঞ্জাব। তা যদি চলে তাহলে এখানে বাংলাদেশ এবং 'বাঙলা' চলার কোনো অসুবিধা হওয়ার কথা না। সেটা ভেবে দেখবেন এ ব্যাপারে। এর বাইরে আমার একটা কথা বলার আছে। আমরা বাংলার নাম পাল্টাচ্ছি, কলকাতার নাম পাল্টেছি, অনেক রাজ্যের নাম পাল্টেছে। আমাদের দেশের নাম কেন পাল্টাবে না ? এখনও ইন্ডিয়া কেন থাকবে ? তাই আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলবো, আমাদের রাজ্যের অনেক মন্ত্রী পার্লামেনেট আছেন। তাদের কাছে প্রস্তাব, আমাদের দেশের নাম ইন্ডিয়া কেন থাকবে ? 'ভারত' হোক বা 'ভারতবর্ষ' হোক— whatever may be, সেখানেও নাম পরিবর্তন হওয়া দরকার। দেশের নাম পরিবর্তন হলে আরো ভালো হবে। এই জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমার এই প্রস্তাব দেওয়া থাকল। আমি আবার এটাকে সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রীমতী মমতা ব্যানার্জী : আমি এই হাউসের সকলকেই ধন্যবাদ, অভিনন্দন, কৃতজ্ঞতা এবং স্যালামো ওয়ালেকুম জানাচ্ছি। আপনারা সকলে, সব রাজনৈতিক দল মিলে এই সিদ্ধান্ত নিয়েছেন। সিদ্ধান্ত যখন একটা গ্রহণ হয়ে যায়, তখন সেই সিদ্ধান্তকে যদি আবার পরিবর্তন বা সংশোধন করতে যাই, তাহলে আমাদের আবার নতুন করে ওপিনিয়ন নিতে হয়—এটাই হচ্ছে সিস্টেম। একটা All Poitical Party Meeting থেকে ঠিক হওয়া জিনিসকে আমি একা একা পরিবর্তন করতে পারি না। সবার ওপিনিয়ন নিয়ে করতে হয়। অনেক চিন্তা-ভাবনা করেই, All Political Meeting-য়েরই সাজেশন নিয়ে, সব রাজনৈতিক দলের সাজেশন নেওয়ার পর, পরিষদীয় দলের মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় এবং বিরোধী দলনেতা সূর্য্যকান্ত মিশ্রের নেতৃত্বে দু'জনের একটি কমিটি করে দেওয়া হয়। যাদের

বলা হয়, আপনারা যাঁরা কথা বলতে চান তাঁদের সঙ্গে কথা বলে, আপনারা একটু সময় নিন, তারপরে আমাদের সিদ্ধান্ত জানাবেন। তারপরে আমরা আলোচনা করবো। সেইভাবে next যখন মিটিং হয়, তাঁরা তাঁদের সিদ্ধান্ত জানান। সেখানেও তাঁরা তিনটে নাম পুট আপ করেন। কিন্তু সেখানে যাঁরা উপস্থিত ছিলেন, সব Political Party সকলেই, তাঁরাও সর্বসম্মতভাবে যে নামটা গ্রহণ করেন, সেটা হচ্ছে 'পশ্চিমবঙ্গ'। আমাকে যদি আপনারা আমার ইনডিভিজুয়েল ওপিনিয়ন জিজ্ঞেস করেন, আমি বলতে পারি আমার ওপিনিয়ন। কিন্তু আমার ওপিনিয়ন গ্রহণ হয়নি। হয়নি, তা কি করতে পারি। আমার একটা ওপিনিয়ন থাকতেই পারে। আমি তো খুব খুশি হতাম যদি এটা বাংলা করা হত বা বঙ্গভূমি করা হত, নানারকম নাম আছে। কিন্তু কথা হচ্ছে সব সময় যে আমার ওপিনিয়নটা গ্রাহ্য হবে তার তো কোনো মানে নেই। আমাদের এটা গণতান্ত্রিক রাষ্ট্র। গণতান্ত্রিক রাষ্ট্রে সকলের ওপিনিয়ন থাকবে, সব ভাবে এটাই স্বাভাবিক। আমি এ ব্যাপারে ৫ জন লোকের সঙ্গে কথা বললে, অনেক সময় দুটো ওপিনিয়ন আলাদাও পাই। কেউ আমাকে বলছে—বাংলা হলে ভালো হত, কেউ বলছে—বঙ্গ হলে ভালো হত, কেউ বলছে—ওয়েস্ট বেঙ্গল ইংরেজি কেন থাকবে না, ইংরেজিটা বাংলায় লিখতে হবে—অনেক ওপিনিয়ন আছে। গণতান্ত্রিক কাঠামোয় ওপিনিয়ন থাকাটা খুব স্বাভাবিক। কিন্তু সিদ্ধান্ত যখন একটা নিতে হয়, তখন একটাই সিদ্ধান্ত নিতে হয়। যেটার মেজরিটি এবং মেজরিটিও যদি না হয়, সবাই সর্বসম্মতভাবে যে সিদ্ধান্তটা গ্রহণ করে, সেই সিদ্ধান্ত আমার ভালো লাগতেও পারে, না লাগতেও পারে, কিন্তু সকলের দিকে তাকিয়ে, বাংলার স্বার্থের দিকে তাকিয়ে, মানুষের দিকে তাকিয়ে, বৃহত্তর ঐক্যের দিকে তাকিয়ে, বৃহত্তর সংহতির দিকে তাকিয়ে এটা আমাদের মানতে হয়। যখন কলকাতা নামকরণ হয়েছিল, আমি তো আগেও বলেছি, আবার বলছি—আমার একটাই খারাপ লাগে যখন প্লেনে চড়ি। প্লেনে শুনতে হয় আমরা এখন কলকাতায় যাচ্ছি। কলকাতাটা এমন 'ক' টাকে 'ও' বলে, কেউ 'ক' বলে একটা উচ্চারণের ব্যাপার আছে। আমি কিন্তু অনেক সময় ক্যালকাটাও লিখে ফেলি। কিন্তু কলকাতা লিখতে হয়, গভর্নমেন্ট এটাকে সরকারিভাবে অ্যানাউন্স করেছে। আমি সেটাকে বিরোধিতা করে আর তো রাস্তায় নামতে পারবো না, করিওনি আগে। যখন করেছে করেছে, হয়ে গেছে। তর্ক, বিতর্ক সব কিছু থাকে একটা টাইম পর্যন্ত। যখন ফাইনাল হয়ে যায়, তখন আর তর্ক বিতর্ক নয়, তখন সরকারি আদেশনামার নিয়মটাকেই আমরা মেনে চলি। অনেকে এখনও তো কলকাতাকে ক্যালকাটাও লেখেন। সরকারি যেটা সিদ্ধান্ত সেটা সরকার use করে। ইনডিভিজুয়েল কে কি use করবে, না করবে, সেটা অ্যাবসোলিউটলি দেয়ার চয়েস, আই ক্যান নট ইন্টারফেয়ার ইন দিস বিজনেস। কিন্তু সরকার যেটা নামকরণ করে, সেটাই আইনত সিদ্ধ হয়, সংবিধানিকভাবে সিদ্ধ হয় এবং সিদ্ধান্তকরণভাবে সিদ্ধ হয়। কারণ এখানে রিজোলিউশন পাশ করার পর আমাদের পার্লামেন্টে পাশ করতে হবে, ক্যাবিনেটে পাশ করতে হবে, এবং সেটা রাষ্ট্রপতির কাছে যাবে। তারপরে এটা ফিরেও আসবে। সুতরাং কতগুলো সিদ্ধান্ত নেওয়ার ব্যাপার আছে। তাই আমি মনে করি, আমরা এটা যে খুব ইচ্ছে করে করছি, তা নয়। আমরা এটা খুব ভালোবেসে করছি, তাও নয়, আমরা যে এটা খুব জেদ করে করছি, তাও নয়। আমরা যে এটা change করতে হবে বলে করছি, তাও নয়। কখনো, কখনো কোনো কাজ আসে যেখানে অ্যাডমিনিস্ট্রেশনের ব্যাপারটা একটু

[2.50—3.00 p.m.]

একটু নজর রাখতে হয়। আমি আনিসুর সাহেবের সঙ্গে একমত। আমি দেখি লক্ষ্য করে কোনো একটা সাবজেক্ট এল আলোচনায়, সবচেয়ে লাস্ট ওয়েস্ট বেঙ্গল। যখন ওয়েস্ট বেঙ্গলের সাবজেক্টটা এল, তখন সবাই চলে গেল কেউ নেই। আমরা ওয়েস্ট থেকে কোথায় চলে গেলাম জানি না। একটা ওয়ার্ড আমি বলতে পারতাম কিন্তু আনপার্লামেন্টারি বলে বলবো না। সুতরাং এই রকম হয়ে যায় অনেক সময়। আমরা সেই জন্য বলছি, নামকরণ—এটা বলতে পারেন বঙ্গ যারা লিখছে তারা এখনও জানে না। লিখবে, যখন লিখবে তখন অভ্যাস হয়ে যাবে। একটা বাচ্চার যখন বাবা-মা নামকরণ করে—অনেক শক্ত শক্ত নামকরণও আছে—কিংকর্তব্যবিমূঢ়, কুজ্ঝটিকা—এই নামগুলো বড্ড শক্ত। আমাদের এখানে নন্দ, ওর ডাক নাম নন্দ, নন্দ যখন নবদ্বীপে দাঁড়িয়ে ছিল আমি নামের বিউটি বলছি একটা ওয়ার্ডে, নন্দ যখন নবদ্বীপে দাঁড়িয়ে ছিল প্রথম বিধানসভা ইলেকশনে আমি কিন্তু নন্দর হয়ে প্রচার করতে গিয়েছিলাম নবদ্বীপে। আমি বলছি পুণ্ডরীকাক্ষ সাহাকে ভোট দিন। কে আবার কোথা থেকে পুণ্ডরীকাক্ষ, লোকে আমায় মারে আর কি। আমায় বলছেন, আপনি কাকে বলছেন, নন্দদা এখানে দাঁড়াবে পুণ্ডরীকাক্ষ বলে এখানে কেউ দাঁড়াবে না। আমি বললাম, আমি কি করবো ওর নামটাই যে পুণ্ডরীকাক্ষ সুতরাং নামটা এত শক্ত কিন্তু কি করবো বাবা-মা দিয়েছেন এবং সেটাকে আমাদের উচ্চারণ করতে হবে। আমি বলছি, এই রকম অনেকগুলো নাম থাকে যেগুলো শক্ত। এটা বাবা-মা-রা দিয়ে দেন। এখন তো অনেক ইজি হয়ে যাচ্ছে, অপশান হয়ে যাচ্ছে বলে করা হয় কিন্তু এই রকম অনেকগুলো আছে যেগুলো আমরা নিজেরাও উচ্চারণ করতে পারি না কিন্তু আমরা কি করবো। এই যে ধরুন উত্তরাখণ্ড—পশ্চিমবঙ্গ ইংরাজিতে লিখতে তার অসুবিধা হবে কিন্তু পশ্চিমবঙ্গ খুব সিম্পল। Bongo হয়ে যাবে বা Bongo। গভর্নমেন্ট যেটা বলছে, Bongo বলেছে বোধহয় কিন্তু উত্তরাখণ্ড তাদেরও তো কষ্ট করে লিখতে হয়। অনেক বলছে ইংরেজি কেন লিখবে না। আরে ইংরেজি লিখবে, ইংরেজি তো লিখতেই পারেন। পশ্চিমবঙ্গ, বাংলা—এটা তো আমরা করিনি পশ্চিমবঙ্গ সরকার তো চিরকাল আছে। পশ্চিমবঙ্গ রাজ্যটা তো আজকে তৈরি হয়নি। এর একটা ঐতিহাসিক দিক আছে। এর একটা ভৌগোলিক দিক আছে। এর একটা সামাজিক দিক আছে। স্বাধীনতা আন্দোলনের একটা ব্যাপার আছে। শুনুন, এখানে দুই একজন বলবে কেন এটা হল না, ওটা হল না। আমি ফেসবুকে দেখতে পারি ১০০-২০০ লোককে দিয়ে কেউ কেউ একটা ওপেনিয়ন বিল্ড আপ করতে পারে। তাদের কাছে আপনি উত্তর দিতে পারেন সেটা আপনার চোখে পড়বে। কিন্তু গ্রাম বাংলার হাজার হাজার, লক্ষ লক্ষ লোক যারা ফেসবুক লিখতে পারে না, যারা ই-মেল করতে পারে না, যারা এস.এম.এস. করতে পারে না, যারা কাগজে ওপেনিয়ন দিতে পারে না তারাও কিন্তু ম্যাটার করে এটা যেন আমাদের মাথায় রাখতে হয়। আমি যখন এটা নিয়ে চিন্তা-ভাবনা করছিলাম আমার কাছে বর্ধমান থেকে একটা গ্রুপ এল, বাঁকুড়া থেকে একটা গ্রুপ এল। একবার মুর্শিদাবাদ থেকে একটা গ্রুপ এল, মেদিনীপুর থেকে এল—আমি তাদের জিজ্ঞাসা করলাম এই নামকরণ নিয়ে আপনাদের কি ওপেনিয়ন। স্ট্রেট বলছে, পশ্চিমবঙ্গ চেঞ্জ করা যাবে না। তাহলে এবার বলুন, আমরা ইচ্ছা করলেও অনেক কিছু করতে পারি না সকলের দিকে তাকিয়ে। যে লোকগুলোর বলার কেউ নেই, যে লোকগুলোর শোনার কেউ নেই, যে লোকগুলোর রিচিং এতটা নেই—তারা

কোথায় গিয়ে পৌঁছবে, কার সঙ্গে যোগাযোগ করবে, কি করে কমিউনিকেশন করবে। যখন আমরা একটা সিদ্ধান্ত নিই তখন আমাদের মনে রাখতে হয় আমার সামনে কেউ আছে যে তার হয়ে প্লিড করবে যে তাদের সিদ্ধান্তটা বোঝার চেষ্টা করবে, তাদেরটা বোঝবার চেষ্টা করবে। আমি আপনাদের একটা ছোট্ট ঘটনা বলি, আমি তখন রেল মিনিস্টার ছিলাম। আমার কাছে একটি কেস এল, একটি ছেলে ডায়বেটিস পেশেন্ট। আমার ডিপার্টমেন্ট বলল, ওকে চাকরিতে নেওয়া যাবে না। আমি বললাম বয়স কত ? বলল, ২২ বছর। আমি বললাম, কেন ওর চাকরিতে নেওয়া যাবে না। বলল, আমাদের সিস্টেম আছে ডায়বেটিক পেশেন্ট হলে নেওয়া যাবে না। তার চাকরিটা আমার হাত দিয়ে ক্যানসেল করবে আর কি। ডিসিশনটা নিয়েছে, ক্যানসেল করবে আমাদের হাত দিয়ে যেহেতু পলিসি ডিসিশনটা আমরা করি। আমি বললাম যে আমি ক্যানসেল করতে পারব না। তোমরা বলছো ডায়বেটিক হলে একটা ২২ বছরের ছেলে তাকে সরকারি চাকরি দেওয়া যাবে না। ডায়বেটিক সে জন্ম থেকে নিয়ে আসেনি, আর ডায়বেটিকস্ অ্যাজ এ ডিজিস্ অ্যাট অল আমি মনে করি না। চিন্তায়, চিন্তায়, অনেক সময় কারো জিনে হয়ে যায়, অনেক সময় অসুবিধে হয়ে যায়—তাতে কি আছে। রোগটা তো ফেস করতে হবে। রোগটাকে ফাইট করতে হবে। এভস্‌কে যদি আমরা ভয় পেয়ে বলি ট্রিটমেন্টই করবো না ঘরের কোণে বসে থাকবো ভালো হবে ? ক্যানসার হয়ে গেলে ক্যানসারের অ্যানসার, ট্রিটমেন্ট করতে হবে। ভয় পেয়ে ঘরে বসে থাকলে তো হবে না। শক্তও হতে পারে, শক্ত রোগটাকে ফেস করে। ভালো করে এগিয়ে নিয়ে যাওয়ার সুস্থতাটা তো লক্ষণ। শুধু আমি তখন ভাবলাম এই যে ছেলেটির ফাইলটা আমার কাছে এল ওতো আমার কাছে প্লীড করতে পারছে না। কেউ আমার কাছে নিয়ে এসেছে ওর বিরুদ্ধে ওকে বরখাস্ত করবার জন্য। কিন্তু ওর প্লীডটা তখন আমাকেই করতে হবে কারণ আমি ডিসিশনটা নেব। আমার কাছে একটা তরফের প্লীড এসেছে আরেকটা তরফের আসেনি। সুতরাং আমি কিন্তু আমার হাত দিয়ে করিনি, করিনি এই কারণে এটা মানবিকতার ব্যাপার, এটা আমার মন সায় দেয়নি। সেই জন্য আমার একটা ওপিনিয়ন থাকতেই পারে। আমি তো বাংলা, বাংলা নামটা আমি নিজে খুব ভালোবাসি। এটা ভাববেন না বাংলাটাকে অন্য কেউ ভালোবাসে, আমরা যথেষ্ট ভালোবাসি। কিন্তু আমি কি করব, সবাই মিলে যদি একটা সিদ্ধান্ত নেয় এবং সেক্ষেত্রে সবাই মিলে সেই সিদ্ধান্তকে সম্মান জানানোই আমাদের সবার কাজ। এবং আমি মনে করি পশ্চিমবঙ্গ একটা important রাজ্য। আমরা যদি ভেবে দেখি পশ্চিমবাংলার স্থান, আজকে আমাদের রাজ্যের বর্ডার হচ্ছে বাংলাদেশ। বাংলাদেশ, ওদিকে নেপাল, ওদিকে ভূটান, north eastern is a gateway of West Bengal. ওদিকে আবার আপনার আছে, আপনি যদি একটু দূরে চলে যান, ওদিকে পাকিস্তান বাংলাদেশের গেটওয়ে। এই রকম অনেকগুলো কান্ট্রি আমাদের আশপাশে আছে। সুতরাং আমাদের বাংলার গুরুত্ব ভৌগোলিক, ঐতিহাসিক সবদিক দিয়েই খুব বেশি। এবং স্বাধীনতার আন্দোলনে বাংলার একটা ইতিহাস আছে। স্বাধীনতা আন্দোলনের পরে একদিকে রাজা রামমোহন রায়, একদিকে আশুতোষ মুখার্জী, একদিকে শ্যামাপ্রসাদ মুখার্জী, একদিকে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর, একদিকে বিদ্রোহী কবি নজরুল ইসলাম, একদিকে জীবনানন্দ, একদিকে বিনয়-বাদল-দীনেশ, কখনো দেশবন্ধু চিত্তরঞ্জন দাস, কখনো মাতঙ্গিনী হাজরা, কখনো ক্ষুদিরাম, কখনো প্রফুল্ল চাকী, আমাদের হচ্ছে একটা good combination এবং

এডুকেশন থেকে শুরু করে জাগরণ থেকে শুরু করে সাংস্কৃতিক বিপ্লব থেকে শুরু করে অতুল প্রসাদী গান থেকে শুরু করে দ্বিজেন্দ্র প্রসাদী গান থেকে শুরু করে কি নেই, লোকসঙ্গীত থেকে শুরু করে সব কিছু আছে, এর মধ্যে একটা unity in diversity কাজ করে। সেই জন্য আমি মনে করি বাংলার পূর্বতন যে ঐতিহাসিক ব্যাপারটা আছে সেটাকে exact রেখে অনেক ভাবনা চিন্তা করে all political party এই সিদ্ধান্ত নিয়েছেন। এই সিদ্ধান্তকে আমরা সকলে মিলে সম্মান জানাই। এবং সম্মান জানিয়ে বলি 'প্রাণ ভরিয়ে তৃষা হরিয়ে মোরে আরো আরো আরো দাও প্রাণ, তব ভুবনে তব ভবনে মোরে আরো আরো আরো দাও স্থান'। আমাদের সকলকে নতুন করে প্রাণ দাও, যে প্রাণ নিয়ে আমরা যেন বলতে পারি 'বর্ণে বর্ণে পুষ্পে পর্ণে বনে বনে ফুলে ফুলে ঘাসে ঘাসে ধুলায় ধুলায়, আকাশে পর্বতে জঙ্গলে বাংলার নাম চিরস্মরণীয় হয়ে থাকুক, চির বরণীয় হয়ে থাকুক। বাংলার মনীষীদের প্রণাম জানিয়ে, বাংলার সংস্কৃতিকে প্রণাম জানিয়ে, বাংলার নব জাগরণকে প্রণাম জানিয়ে, বাংলার সমস্ত হৃদয়ের মণি কোঠায় যাঁরা আছেন বঙ্গভূমির এই পাদপীঠ তলে তাদের সকলকে সম্মান জানিয়ে বলি আমরা সবাই মিলেই যে 'পশ্চিমবঙ্গ নামটা পশ্চিমবঙ্গই থাকুক'। পশ্চিমবঙ্গ সরকার নামটা আগেও লিখেছি, এখনও লিখছি, ভবিষ্যতেও লিখবো। শুধু ইংরেজি অক্ষরটা পশ্চিমবঙ্গ করছে একটু কাজের সুবিধার জন্য। অ্যাডমিনিস্ট্রেটিভ ওয়েতেও আমরা দেখব, আমরা ৭টা ৮টা স্টেটের আগে চলে যাবো। at least যখন আমাদের পালা আসবে আমরা সবাই ঘুমিয়ে পড়ব না আমরা জেগে থাকবো। জাগ্রত হয়ে পাহারা দেব আমরা আমাদের অধিকার নিয়ে আসতে পারব। মহারাষ্ট্র যদি তার নাম change করতে পারে, বোম্বে যদি মুম্বাই হতে পারে, উড়িষ্যা যদি ওড়িষা হতে পারে, ব্যাঙ্গালোর যদি ব্যাঙ্গালুরু হতে পারে। সবাই change করছে পণ্ডিচেরী যদি পডুচেরী হতে পারে আমি মনে করি পশ্চিমবঙ্গ পশ্চিমবঙ্গ হওয়াটা খুব একটা মহাভারত অসুদ্ধ হওয়ার মত কিছু নয়। সুতরাং আমি সকলকে সম্মান জানিয়ে সকলকে কৃতজ্ঞতা জানিয়ে আমি আবার মনে করি রবীন্দ্র, নজরুল বাংলায় এই পশ্চিবঙ্গই থাকুক। পশ্চিমবঙ্গ সোনার বাংলা হিসাবে সারা ভারতবর্ষের মধ্যে, সারা পৃথিবীতে আবার সম্মান অর্জন করে বলুক। 'বল বল সবে শত বীণা বেণু রবে, বাংলা আবার বিশ্ব সভায় শ্রেষ্ঠ আসন লবে'। What Bengal tihinks today India thinks tomorrow. আসুন, আমাদের যাত্রা শুরু হক।

মিঃ স্পীকার : ধন্যবাদ মাননীয়া মুখ্যমন্ত্রীকে। আসলে সার্ক কনফারেন্সে যখন আমি গেছিলাম, সার্ক কনফারেন্সে যাওয়ার পরে আমি West Bengal থেকে রিপ্রেজেন্ট করছিলাম। আমি West Bengal-এর বলে একদম শেষের দিকে, একেবারে কর্ণারে আমাদের বসতে বলা হয়েছিল। আমি আমার জায়গাই খুঁজে পাচ্ছিলাম না। ঠিক অনুরূপভাবে যকন কমনওয়েলথ কনফারেন্সে আমরা গেছিলাম তখনও West Bengal-এর সিট খুঁজতে আমার অনেক কষ্ট হয়েছে।

[3.00—3.10 p.m.]

মিঃ স্পীকার : Now the mover may exercise the right of reply.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় সদস্যকে জানাই যখন সর্বদলীয় বৈঠক হয় তখন সবাই মিলেই এটা আপনার দলের এবং আরো দুজন সদস্য

আপনার সঙ্গে ছিলেন। সর্বদলীয় বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী এখানে আলোচনা হয়েছে এবং আমি সকলকে ধন্যবাদ জানাই। এই হাউসের সকলকে অনুরোধ করি নিয়ম 169 অনুযায়ী article-এ পশ্চিমবঙ্গের নাম ইংরেজিতেও পশ্চিমবঙ্গ প্রচলন করবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক। আমরা সবাই মিলেই এই হাউসে এটা সমর্থন করার জন্য আবেদন জানাচ্ছি।

(At this stage Dr. Tarun Naskar rose to speak)

Mr. Speaker : Dr. Tarun Naskar, Please, Please, do not disturb. You have no point. You once again agitate this point here. Take your seat.

.....Noise.....

The motion of Shri Partha Chatterjee that (Here take printed copy of the Resolution marked "A" attached herewith) was then put and agreed to.

.....Noise.....

(At this stage Hon'ble member Dr. Tarun Naskar walked out to the Chamber.)

LEGISLATION

The Gorkhaland Territorial Administration Bill, 2011

Mr. Speaker : Now I would request Hon'ble Shri Partha Chatterjee, the Minister in charge of Parliamentary Affairs on behalf of the Hon'ble Chief Minister and the Minister in Charge of Hill Affairs, Smt. Mamata Banerjee to introduce the Bill.

Shri Partha Chatterjee : Mr. Speaker, Sir, I beg to introduce the Gorkhaland Territorial Administration Bill, 2011

Secretary then read the title of the Bill

Shri Partha Chatterjee : Mr. Speaker, Sir I beg to move that the Gorskhland Territorial Administration Bill, 2011 be taken into consideration.

Mr. Speaker : There is motion for reference of the Bill to the Select Committee by Dr. Surjya Kanta Mishra. Now, Dr. Surjya Kanta Mishra, please move your motion.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমার দুটো মোশান আছে অ্যাকচুয়ালি, যাই হোক যেটা আপনি বলেছেন সেটাই আমি রাখছি। Mr. Speaker, Sir, I beg to move that the Gorkhaland Teritorial Administration Bill, 2011 be referred to a Select Committee consisting of the following Members.

মিঃ স্পীকার : There is another motion for circulation of the Bill for the purpose of eliciting opinion there on by the 15th December, 2011. Now I call upon Dr. Surjya Kanta Mishra to move his motion.

Mr. Speaker : Now, I call upon Dr. Surjya kanta Mishra to move that the Gorkhaland Territorial Administration Bill, 2011 be circulated for the purpose of elicting opinion thereon by the 15th December.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি প্রথম মোশানটা পড়েছিলাম সিলেক্ট কমিটির জন্যে। আমি মাননীয় সংসদীয় বিষয়ক মন্ত্রী তথা লিডার অফ দি হাউসকে অনুরোধ করেছিলাম এটা সিলেক্ট কমিটি হলে ভালো হয়। তাড়াহুড়ো করলে একটু অসুবিধা হয়। আপনি দেখেছেন ৬৮টা অ্যামেন্ডমেন্ট সারকুলেট হয়েছে। ৫৪টা সরকার পক্ষের অ্যামেন্ডমেন্ট, আর আমাদের বিরোধী পক্ষের ১৪টা অ্যামেন্ডমেন্ট আছে। সেই জন্যে সিলেক্ট কমিটি করলে, পরে যখন আলোচনা হবে আমি বলব। তারপরেও আমি দেখছি আরো গোলমাল থেকে যাবে। যাই হোক আমি আপনার নির্দেশ মত Sir, I beg to move that the Gorkhaland Territorial Administration Bill, 2011 be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th December, 2011.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বিষয়ে আমরা নিজেরাও আলোচনা করেছি। যেহেতু একটি চুক্তি ইতিমধ্যেই কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের উপস্থিতিতে সই হয়ে গেছে, যেহেতু সেটা বিল আকারে এই বিধানসভায় দিয়ে দেওয়া হয়েছে, সেই বিলকে সামনে রেখে, সেই চুক্তিকে সম্মান জানানোর জন্যই আমরা আজকে এখানে এনেছি। মাননীয় বিরোধী দলনেতার আনীত যে প্রস্তাব, সেই প্রস্তাব গ্রহণ করা সম্ভব হচ্ছে না।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : প্রস্তাবটা খরিজ করুন।

মিঃ স্পীকার : After discussion it will be put to vote.

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, The Gorkhaland Territorial Administration (Amendment) Bill, 2011 যেটার উপরে আজকে আলোচনা, আমি বলতে চাই এই বিলের উপরে এই মুহূর্তে অনেকগুলি অ্যামেন্ডমেন্ট এসেছে। সুতরাং সেগুলোর চিন্তা-ভাবনা বিবেচনার জন্যে সিলেক্ট কমিটিতে পাঠানো হোক। আর একটা বিষয় বলতে চাই যে, প্রথমত পাহাড়ে আমরা অবশ্যই শান্তি চাই, পাহাড়ের উন্নয়ন চাই।

আমরা চাই দার্জিলিং আমাদের রাজ্যের অবিচ্ছেদ্য, অবিভাজ্য অংশ হিসেবে থাক। কিন্তু এটা যেভাবে আনা হয়েছে তাতে করে সমস্যা আরো বাড়বে। সুতরাং আমি একথা বলতে চাই অতীতে অর্থাৎ ১৯৮৬ সালের ১১ জুলাই সর্বদলীয় সভা হয়েছিল। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী সর্বদলীয় সভার মাধ্যমে রাজ্যের নামকরণের বিষয়টি করেছেন। আমার আক্ষেপ এখানেই যে তিনি এই বিষয়টা নিয়ে সর্বদলীয় সভা আহ্বান করতে পারতেন এবং যে সমস্যা ও জটিলতাগুলো আছে সেগুলো নিয়ে আমরা কথা বলতে পারতাম। আমরা জানি ১৯৮৮ সালের ২১শে জুলাই রাজভবনে যে চুক্তি হয়েছিল, সেখানে জি.এন.এল.এফ. নেতা সুবাস ঘিষিং সই করেছিলেন এবং বিমল গুরুং সেই দলেই ছিলেন। কিন্তু সেখানে পৃথক রাজ্যের যে দাবি তার থেকে তিনি সরে এসেছিলেন। তখন বিমল গুরুং ওইদিকেই ছিলেন। কিন্তু এবারের যে চুক্তি তাতে গোর্খাল্যান্ডের দাবির স্বীকৃতি দেওয়া হয়েছে। সব থেকে বড় কথা দার্জিলিং, কালিম্পং, কার্শিয়াং ছাড়া তরাই ডুয়ার্সের বেশ কিছু অঞ্চলকে সেখানে যোগ করার চেষ্টা হয়েছে। তার জন্য একটা কমিটি হয়েছে। সেখানকার সাধারণ মানুষজন তারা তিনদিন ধর্মঘট করেছেন। তাদের বক্তব্য যে, আমরা সহজে এক ইঞ্চি জমি ছাড়ব না।

(গোলমাল)

আর এই চুক্তির সুযোগে বিমল গুরুং তিনিও বলছেন আমরা পৃথক রাজ্যের দাবি থেকে সরব না। রোশন গিরিও বলছেন পৃথক রাজ্য গঠন যখন হবে তখন বিমল গুরুং সই করবে।

[3.10—3.20 p.m.]

তিনি আরও একটা কথা বলেছেন, যা পত্র-পত্রিকায় প্রকাশিত যে, ডুয়ার্স ও তরাইয়ের অঞ্চলগুলো যোগ না হলে সেখানে নির্বাচন তিনি করবেন না। সুতরাং আমি মনে করি পাহাড়ে শান্তি যেমন প্রয়োজন, কিন্তু নিচের অংশে অশান্তির সৃষ্টি হবে এবং পৃথক রাজ্যের দাবি আবার উঠবে এবং সেটা যদি ওঠে তাহলে গ্রেট কোচবিহার সেখানে যে আন্দোলন সেটা আরও সোচ্চারিত হবে। তাই আমি বলতে চাই যে, এই বিল থেকে দার্জিলিং-এর ডুয়ার্স এবং তরাইয়ের অন্যান্য অঞ্চলকে যোগ করার কথা হয়েছে, বাড়তি অঞ্চল, সেটা বাদ দেওয়া হোক চুক্তি থেকে। এই কথা বলে এবং আমি আশা করবো যে, বিষয়টা নিয়ে চিন্তা-ভাবনা করে একটা সুষ্ঠু সমাধানের লক্ষ্যে আমরা পৌঁছাতে পারবো, সেই জন্য আমার আবেদন যে, বিষয়টা সিলেক্ট কমিটিতে পাঠানো হোক, চিন্তা-ভাবনা হোক, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী গৌতম দেব : মাননীয় স্পীকার মহোদয়, যে ঐতিহাসিক বিল গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন বিল, ২০১১, উইথ সাম অ্যামেন্ডমেন্টস, আজকে এখানে পেশ করা হয়েছে, তার জন্য আমি সর্বপ্রথম ধন্যবাদ জানাই এই সরকারকে, যাঁরা অতি দ্রুততার সঙ্গে যেভাবে মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, সরকারের আসার ১০০ দিনের মধ্যে এই সমস্যার তিনি সমাধান করবেন, তার বহু আগেই, খুব সম্ভবত ৬৭ দিনের মাথায় তিনি এই চুক্তি সম্পাদন করতে পেরেছেন, ট্রাই-পার-ট্রাই এগ্রিমেন্ট হয়েছে

পিস্থাল ভিলেজের এবং আজকে বিল আকারে সেটা বিধানসভায় প্লেস করা হয়েছে। সিলেক্ট কমিটিতে পাঠানোর নামে যাঁরা শুধু শুধু এটাকে ঢিলে করতে চাইছেন, তাঁদের বলি যে, ১৯৮৮ সাল থেকে ২০০৪ সাল—এই সময় পর্যন্ত ইলেকটেড ছিলেন ডি.জি.এইচ.সি.-র তৎকালীন চেয়ারম্যান সুবাস ঘিসিং। তারপর তাঁকে ছয়বার এক্সটেনশন দেওয়া হয়েছে। কোনো নির্বাচন করা হয়নি। ২০০৬ সালের নভেম্বর মাসে এখান থেকে সিক্স সিডিউলের নামে একটা বিল করে পাঠানো হয়েছিল, যেটা আজকে আলো দেখেনি, যেখানে ৩৯.৪ পারসেন্ট সিডিউল ট্রাইব। তা সত্ত্বেও সেই বিল নিয়ে আসা হয়েছিল এবং সেখানে পঞ্চায়েতি ব্যবস্থাকে সম্পূর্ণ পাশ কাটিয়ে সেই বিল পাশ করা হয়েছিল, যেটা আমাদের সবাইকে বিস্ময়ে হতবাক করেছে। আজকে এই গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন বিল, ২০১১, এটা যথোপযুক্ত বিল। এই বিলের মাধ্যমে পাহাড় ও সমতলের ঐক্য ও মৈত্রী, সংহতি আরও দৃঢ় হবে। পাহাড়ের মানুষের যে যন্ত্রণা, যে ব্যথা, যে বেদনা, তাঁদের যে অনুন্নয়ন, তাঁদের যে জলের সমস্যা, তাঁদের যে রাস্তাঘাটের সমস্যা, দীর্ঘদিন ডি.জি.এইচ.সি.র পরিচালনার মাধ্যমে যে কোটি কোটি টাকা নয়-ছয় হয়েছে, উচ্চশিক্ষায় যে টাকা নয়-ছয় হয়েছে, যে অর্থের কোনোদিন অডিট হয়নি, আমাদের দৃঢ় বিশ্বাস যে, এই নতুন যে বিল আসছে এবং তার মাধ্যমে যে নির্বাচিত প্রতিনিধি ৪৫ জন নির্বাচিত হবেন, নমিনেটেড পার্সনের সংখ্যা আগে অনেক বেশি ছিল, এবার মাত্র ৬ জন থাকবেন এবং যে নির্বাচিত প্রতিনিধি যাঁরা স্বায়ত্ত-শাসনের ভার নেবেন, তার মাধ্যমে পাহাড়ে যে ব্যাপক উন্নয়ন এবং বিকাশ ঘটবে, তাতে আমাদের বাংলার সর্বত্র এবং আমাদের বাংলার গর্ব, আমাদের ঐতিহ্য, আমাদের স্বপ্নের দার্জিলিং এবং কাঞ্চনজঙ্ঘা আবার খুশিতে ঝলমল করে উঠবে। মানুষ এবং ট্যুরিস্ট যেখানে যাবে। আজকে শুনে আপনারা খুশি হবেন যে, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যে পদক্ষেপগুলো গ্রহণ করেছেন তার ফলে এবারে নভেম্বর পর্যন্ত ডুয়ার্স এবং পাহাড়ে কোনো জায়গা নেই, ট্যুরিস্টরা ইতিমধ্যেই সমস্ত জায়গাই বুক করে নিয়েছে, আমাদের অতিরিক্ত জায়গার সন্ধান করতে হচ্ছে। ট্যুরিজম ডিপার্টমেন্ট, ফরেস্ট ডিপার্টমেন্ট এবং আমাদের ডিপার্টমেন্টের পক্ষ থেকে আমরা বিভিন্ন জায়গায় টেন্টের ব্যবস্থা করছি যাতে আরও ট্যুরিস্ট সেখানে যেতে পারে। সুতরাং আমরা বিশ্বাস করি যে, দীর্ঘদিন যেভাবে নানান টালবাহানার মাধ্যমে রাজনৈতিক কারণে পাহাড়ে অশান্তির বীজ বপন করা হয়েছিল, এই বিল পাশের মাধ্যমে পাহাড়ে এক নতুন দিগন্ত আসছে, পাহাড় এক নতুন পথে এগিয়ে যাবে, পাহাড়ের বিকাশ ও উন্নয়ন আরও ব্যাপকভাবে হবে। এই কথা বলে, এই বিল সভায় সর্বসম্মতভাবে পাশ হবে এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

[3.20—3.30 p.m.]

दशरथ तिरकी : माननीय स्पीकर सर, अज इस हाउस में सरकार पक्ष से 2011 बिल नम्बर 11 पेश किया गया ह इस पर हाउस में जो आलोचना हो रही है। तो मै बी ये कहना चाहता हू ये बिल देखने के बाद हमको एसा लग रहा है। हमलोग अपने-अपने क्षेत्र से निर्वाचित होकर यहौ पर आए है। शपथग्रहण कराया जाता है कि राज्य की एकता और अखण्डता को बरकरार रखने के लिए, लेकिन आज एसा महसुस हो रहा है कि क्या कुछ

अगर एसी परिस्थति आती है, तो देश की अखण्डता बरकरार रख पाएगे। कभी नही हो सकता है। यह एक साजिश है। हमको एसा लगता है कि एक साजिश चल रहा है। इस हमारे छाटे से राज्य को छोटे-छोटे टुकडे मे बाठ देना चाहते है। मै नही छाहता हूँ कि हमारा ये पश्चिम बंगाल राज्य की उतर बंगाल क्षेत्र में तराई डुआर्स एरिया है। आपलोग जनते है, हम सभी जानते है कि इसे मिनी इण्डिया कहा जाता है। क्योकि यहाँ विभिन्न समाज के विभिन्न भाषा के विभिन्न वर्ण के लोग यहाँ सहते है। तो ये एक गर्व की बात है कि इतना विविधता रहते भी, इतमे इतना परस्पर मेल-जोल है इतना सुन्दर एतिहासिक उदाहरण है कि हमलोग के बीच में अनेकता में भी एकता है। आज जो ये जुक्ति से, ये शिक्षा मिलती है कि जो आन्दोलन हुआ इस आन्दोलन के फ्लस्वरूप आज तराई डुआर्स क्षेत्र में भी अलगाववादी संगठन तैयार हो गए है। आदिवासी विकाश परिषद, आमरा बंगाली, कामतापुरी ग्रेटर कुच विहार भी आन्दोलन कर रहे है। आदिवासी विकाश परिषद को 6 सिडुल चाहिए कामतापुरी को कामतापुर एवे ग्रेटर कुच विहार के लिए आन्दोलन कर रहे हल उन्हे ग्रेटर कुच विहार चाहिए तो आप कितना संभालिएगा। आज दार्जिलिंग जिला का ही कहता हू, लेप्चा अनुसूचित जन जाति के लोग आन्दोलन कर रहे है इन लोग भी अपने मॉग के लिए बेलिंगटन अवस्थान को लेकर बैठे हुए है। उन लोगों का आन्दालन अहिंसात्मक है ! इस लिए सुनवाई नदी हो रहा है। ये लोग अहिंसात्मक तरीके से अपना आन्दोलन चला रहे है, इसलिए किसी का ध्यान उस ओर नही जा रहा है। अभी भी ये लोग अकनी मॉग को लेकर बैठे हुए है। लेकिन ये दुर्भाग्य है कि आज सरकार भी एसे लोगों को मदद कर रही है जो लोग हथियार उठाकर हिंसात्मक तरीके से अपना आन्दोलन करते है। जो अहिंसात्मक तरीके से आन्दोलन करते है उसे देखने बाला कोई नहीं होता है। इसका नतीजा यह होगा कि अलगाववादी संगठन तैयार होगे। तो मै यह कहना चाहता हू इस परिस्थिति को मददेनजर रखते हुए आज जैसे ये आपका ठीक हुआ है बटिया बात है। लेकिन मै यह नही चाहता हूँ कि गोर्खालैण्ड के साथ में कुछ मौजा शिलिगुडी का 18 मौजा और डुआर्स तराई के कुछ मौजे को शामिल करने की बात हो रही है इसका मै विरोधिता करता हू। ये यदि संलग्न किया गया तो एसी परिस्थिति तैयार होगा जो वल्पना नही किया जा सकता है। इसलिए मै कहता हूँ इस बिल को दोबारा संशोधन के लिए सलेक्ट कमिटि मे भेजा आए। यही कहते हुए मै अपना वक्तव्य समाप्त करता हूँ।

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker Sir, while listening to Hon'ble Member, Shri Dasarath Tirkey-ji, since he spoke in Hindi, it reminded me that it would be befitting to answer in Hindi. It reminded me of a poem by a very famous poet, ...(In Hindi)..... We have with much difficulty come out of that. We are thankful to the Hon'ble Chief Minister who showed vision, who showed boldness to take a decision. This is a historical day for the people of Darjeeling and Dooars. This is not just a piece of legislation, Hon'ble Sir. But the entire region under consideration are looking up to us today that what this House is going to decide about them. Is the region going to move forward or will it again plunge into

turmoil. This House has to decide. We are thankful to the Hon'ble Chief Minister. This is the fruit of eleven round of tri-partite where in the previous government - it was not the present government - it was the previous government which was a party to eleven round of tripartite. They agreed to all these points which are during the memorandum.....

.....(Noise).....

After all that now, today they are raising this point "of objection. This is the party which in 1945 had demanded a separate country, not a separate state also. This was the party. Later on in 1985 they toned down their movement, their demand and they talked about regional autonomy. What is autonomy - we do not know? Shri Ananda Pathak, former Hon'ble Member, who is still alive, had brought the Bill in 1985. Now, the same party's Hon'ble Members are raising this without giving a little regard to the history of their own party. Please read the history of your own party, Sir. When you talk about 'Lepcha', if you are so interested in history let me make this point very loud and clear to the House. This is an august House. Everyone should know this that history is 'then and there' whereas politics is 'now and here'. You are talking about 'Lepchas'– that is our internal matter. They constitute 10%. We will handle them. So এত দরদ দেখানোর কোনো দরকার নেই। আমরা আছি ওখানে। We salute the Hon'ble Chief Minister. Hon'ble Speaker Sir, ...(Noise)..... the Hon'ble Member of the Opposition had raised the issue of an all party meeting back in 1988. That was an all party meeting where the actual contenders were absent except the people who are concerned, the people of the Hill are absent, they took the decision on their own. And this is an all party meeting. All party meeting was called by Madam, Smt. Mamata Banerjee. We all were present and we all gave our opinion. This is a clear example of flourishing democracy, when you had thwarted every genuine boy.

Now we support this Bill, though number of omissions are there. I am coming to the original issue now. I would like to request the Hon'ble Speaker, Sir, also because this concerns us, if I may take a couple of minutes more I should be given that opportunity.

I would take some of the points which– we have already given 24 points– which were there in the agreement but are omitted here somehow– it could be a technical mistake also–but have been omitted. The one point which I would like to make clear here is after the first proviso of section 6(3) of the Act, there shall be a second proviso.

We want this to be added–provided further that the Government in consideration of the recommendations of the Committee–there is a committee Hon'ble Speaker, Sir–to identify the mouza, transfer additional area of Siliguri, Tarai and Dooars to the region. And here Hon'ble Members were raising the question that this will create problems in Terai and Dooars. How come the unity and integrity has to be maintained at the cost of the people? If the people become strong do the country or state becomes weak? What kind of unity you are talking about? Let the unity and integrity of the country not be deployed as a weapon to silence the voice - the just voice– of the minorities.

The second point Hon'ble Chairman, Sir that I would like to stress is that in the Bill after section 54(2), there is reference to the post that GTA would be empowered to create posts and appointments to B, C and D category of employees. This was agreed in the tripartite. Somehow it has been omitted in the Bill. Only Group D finds mention in the amendment. My fervent request to this august House is that let that agreement be honoured because whatever is there in the Bill should be a clear-cut reflection of what is there in the agreement.

Secondly, which I find is very important is the provision of the Memorandum of Understanding of clauses 22, 24, 25 & 26. I would just hurriedly read them. No.22 clause of the me memorandum says that GTA will have the power of creating Group B, C & D posts which I have already covered. No.22 says - the State Government will set up a separate School Service Commission. Well, this can be done by executive power. I would flip over to no. 24. The Governor of West Bengal will initiate action to reorganize/ reconstitute the territorial jurisdiction of sub-divisions and blocks. This concerns administrative reforms and I would like to request that this should find a mention in the Bill also. No. 25 clause of the agreement– that GTA, once established, will separately take up issues relating to grants of incentives, subsidies, waiver of taxes, tariffs and other benefits as appropriate to the region, its backwardness with the Central and the State Governments and clause 26 says, a three-tier Panchayat will be constituted. I think this finds mention in the amendment. So whatever amendments Government has brought, Hon'ble Members have already received a copy of that; we support the amendments being moved by Hon'ble Government and at the same time I would like to request to the Hon'ble member who finds cessation here that this movement is one of the oldest movements in the country which began in 1907 and it was 104 years

old. Please bear this in mind that never, never even before Independence, Hon'ble Speaker, sir, that Darjeeling and its adjoining region was under straightway a district. It was always under a separate kind of administration. It was backward tract, it was scheduled district, it was Chief Commissioner's province, it was excluded area, and it was partially excluded area. Now why this categorization? Why so much change in the career of the district was there? Because the rulers - even the colonial rulers realized - they realized - that this is a unique place, with a unique history, unique geography, unique ethnicity; everything is different. So it deserves different treatment. And very correctly, the present Government has brought back the different treatment in the form of Gorkhaland Territorial Administration.

[3.30—3.40 p.m.]

The main demand that you are worried about that the country will be divided, that the state will be divided, this is the fear of my friends in the Opposition. This becomes all the more stronger when our people go to frontier and shed the blood to save the boundary of this country. You never doubt us. In fact ours is a single community probably which has given maximum martyrs to this country and if there is any who are doubting our royalty, I don't know, what this House is going to pass judgment on us. So, I request, please.. I will not utter such words. You told about Bimal Gurung being a part and parcel of Subhas Ghising. I have a feeling that you don't treat Ramayana now. You have no right, you have confiscated your right to read Ramayana because in that case you have to trace back to history and say that Balmiki who wrote Ramayana was Ratnakar Daku , as such he is Daku I will not read Ramayana. Will you do that? So, my only request to Hon'ble friends in the Opposition, our friends in the Ruling, they have at least made us feel for the first time that we are a part and parcel of this House, that it can be heard here, judgement can be delivered here.That we don't have to go back , we don't have to remain unjustified, this House has made us feel like that. Why, why are you hell bent upon that atmosphere? How does it benefit you? When we come together, we say that yes, we demand a separate state, that is on the record, that is still there. But when the Hon'ble Chief Minister said that ,O.K, whatever problem you have I am ready to address that. When she says that and the G.T.A came we are firmly believing that we will explore each and every provision that is there in the G.T.A. First, we will create infrastructure. Hon'ble Sir, when the British

left , there were 112 tea gardens and can you imagine now after 34 years of rule it has come down to 74 out of which 14 are ailing tea gardens. There were 156 schools where there were no schools run by private agencies whereas in the British period of 1935 it was precisely meant for educating the children of the British and it was a lovely wonderful atmosphere there . What moved them ? What you have done? Government has to create infrastructure. But the basic duty you have not even been able to provide drinking water. It is a shame. In every election, we hear about drinking water. We hear about schemes and schemes and legislation and further legislation. It is like Twinkle Twinkle little star, how I wonder what you are. Now, we will request even to the members of the opposition because you have your chance. At every issue how much Surya Kanta Babu has participated in the tripartite? He is a marvelous, wonderful gentleman. I have nothing to tell against him. But this House, I again repeat, this House has seen people, this House has seen party, this House has seen many leaders before and is going to see much more leaders in future. So, do something, do something. (Noise and interruptions) I am talking about the place where I live, where I suffer because of your misrule, because of your government's misrule. You have no right. So, Sir, I am talking about the place where I live. I am not talking about the place where I will just go for tourism. My friend was passing comments. I live there. He does have to. I suffer there. He does not have to. I am a victim of the system that you control. That is why I am telling you if we go unjustified from here I wonder where we will get justice because we are hopeful in the leadership of Hon'ble Chief Minister Smt. Mamata Banerjee. For her I have a poem to conclude because she is fond of poem, I am also fond of poem, (noise and interruptions) I have nothing to answer you. You have spoken for 34 years. I don't take much time Hon'ble Speaker, Sir. Whatever we do here may be for political reason; we just make peace out of injustice, something out of nothing. We do that. It is our political obligation that being in the opposition you have to say something, you have to refute somebody even if his arguments are biased in facts, even then you have to. (Noise and interruptions) I will just conclude. I will read a poem because today we have seen this opposition's attack. We are a minority just three or four of us are he but the entire House is with us. So, I know ...(noise and interruptions) We have waited for this day, we have waited for this day because of you, your misrule for the last 34 years, whole state has suffered, who will be held responsible for this state of affairs in the state ? I see the other day,

the Hon'ble Finance Minister being attacked by them, the people who have been responsible for two lakh crores of credit are attacking the Finance Minister. If they will attack me, it will only be rationale. I don't mind, but this House will remain minus us. Whether we are here or not, this House one day will justify us the way American poet W. Wheatman was not recognized in his lifetime, so poet at the fag end of his life was recognized what he had written as a poet, philosopher and statesman of the future generation. Rise, rise, you have to justify me, I know, but this House will rise to justify the Demand of the Gorkhas. Thank you.

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় পরিষদীয় মন্ত্রী, The Gorkhaland Territorial Administration Bill, 2011 যে বিল এই সভায় উত্থাপন করেছেন, সেই বিলের উপরে আমি এবং আমার বিরোধী দলের নেতা মাননীয় সূর্য্যবাবু তিনি একটি অ্যামেন্ডমেন্ট এনেছিলেন। সম্প্রতি তিনি এনেছিলেন। একটা সিলেক্ট কমিটির ব্যাপারে একটি প্রস্তাব ওদিন দিয়েছিলেন। আমাদের মাননীয় পরিষদীয় মন্ত্রী সেই প্রস্তাব গ্রহণ করা যাচ্ছে না বলে এই সভায় তিনি জানিয়েছেন। আমার আগে যিনি বক্তব্য রাখলেন মাননীয় হরকা বাহাদুর ছেত্রী, তাঁকে এ কথা বলতে চাই, যে আমরা কেউ উন্নয়নের বিরোধী নই। আপনি যে কথাগুলি বললেন, সেই কথাগুলির মধ্যে আমরা বারেবারে একটি কথা বলি, যে দার্জিলিং পাহাড়ের উন্নয়ন স্তব্ধ হোক এটা আমরা কেউই চাই না। এই হাউসেও কেউ চায় না। দার্জিলিং-এর পাহাড় এবং পাহাড়বাসীর সার্বিক উন্নয়নই আমাদের একমাত্র লক্ষ হওয়া উচিত বলে আমরা মনে করি। পাহাড়ের ভাই-বোনদের আশা-আকাঙ্খার মান্যতা আমরাও চাই। কিন্তু এই বিল আনার আগে, এই চুক্তি করার আগে, এত তাড়াহুড়ো করে, রাজ্যের রাজনৈতিক দলগুলির সঙ্গে আলোচনাও না করে, এমনকি দার্জিলিং-এরই পার্বত্য এলাকার রাজনৈতিক দল সামাজিক উন্নয়নে

[3.40—3.50 p.m.]

সাংগঠনিক যে দলগুলি তাদেরকেও একেবারে অন্ধকারে রেখে শুধুমাত্র দার্জিলিং পার্বত্য এলাকার একটি দলের সঙ্গে চুক্তি করে রাজ্য সরকার গোর্খাল্যান্ড territorial administration গড়ার যে সিদ্ধান্ত নিয়েছেন যা বৈধ করবার জন্যে আজকে যে বিল পেশ করা হয়েছে, এই বিলের আমরা বিরোধিতা করছি। কারণ এই বিল হওয়ার আগে চুক্তি হওয়ার আগে শুধু একবার, দু'বার নয়, আট-আটবার ত্রিপাক্ষিক বৈঠক হয়েছিল। হ্যাঁ, এগারোবার এবং আমরা জানি আটবার, তারপরে আরো তিনবার। কিন্তু এই ত্রিপাক্ষিক চুক্তির যে আলোচ্য বিষয় ছিল, সেটা কিন্তু এই চুক্তি করবার সময় সেই জায়গার থেকে সরে এসেছে। কি রকম ? কেন্দ্র-রাজ্য এটা প্রস্তাবই ছিল, দার্জিলিং হিল কাউন্সিলের যে এলাকাটা ছিল নতুন সংস্থা যারাই আসুক এই এলাকাটার মধ্যেই তারা সীমাবদ্ধ থাকবে। আলোচনা চলছিল। কিন্তু এই চুক্তি হওয়ার সময় আমরা দেখলাম, এবং এই বিলেও আছে, ৬ নম্বরে, ক্লজ নাম্বার ৬-এর ৩-এ, আমরা কি দেখছি ? যে একটা কমিটি ফর্ম করা হবে। High Power Committee যে কমিটি তারা নতুন কতগুলি এলাকা শিলিগুড়ির তলায় এবং

ডুয়ার্স-এর যে রিজিয়ান তারা সেগুলির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ নেবেন। আমরা দেখছি যে, আমাদের উত্তরবঙ্গের মাননীয় মন্ত্রী তিনি বক্তব্য রাখলেন, তিনি যেসব কথাগুলো বললেন যে, এই চুক্তির ফলে গোটা এলাকাই শান্ত। উনি যদি অসত্য কথা না বলে থাকেন, যে গোটা অবস্থাটা কোন জায়গায় ? আজকে এই চুক্তির বিষয় নিয়ে আমাদের কোচবিহার থেকে আরম্ভ করে গোটা ডুয়ার্স-তরাই এলাকা আজ কি অশান্তির বাতাবরণ সেখানে চলছে। আমরা করছি ? (গোলমাল) সেখানে আজ গ্রেটার কোচবিহার, এই চুক্তি সম্পাদন হওয়ার পরে লাগাতার অবস্থান অনশন, তারা লাগাতার, গোটা কোচবিহার জেলাটা শুধু নয়, গোটা উত্তর-পূর্ব ভারতের আসাম স্তব্ধ হয়ে যাওয়ার মতো অবস্থা হয়ে গেল। আর আপনারাতো ছুটে গেলেন। আজ ডুয়ার্স-তরাই-এ কি অবস্থা ? গোটা এলাকার শুধু আমাদের বন্ধু এখানে তিনি কিছু বলার চেষ্টা করলেন, আপনারা চিৎকার করলেন। আদিবাসী বিকাশ পরিষদসহ সমস্ত এলাকার ডুয়ার্স-তরাই আদিবাসী মঞ্চ এবং ন'টি দল মিলে ডুয়ার্স-তরাই ইউনাইটেড মুভমেন্ট কমিটি তাঁরা তৈরি করেছেন। তাঁরা প্রতি মুহূর্তে, তাঁরা মুহূর্তে বলছেন যে, ডুয়ার্স-তরাই-এর এক ইঞ্চিজমি আমরা এই আজ চুক্তির মধ্যে যদি আসে সেই জমি ছেড়ে দেব না। কি অবস্থা ? নিজেদের মধ্যে বিভেদের বাতাবরণ তৈরি হয়ে গেছে। আর আপনি বলছেন যে গোটা এলাকা শান্ত। আজ গোটা এলাকার অবস্থাটা কোন জায়গায় ? (গোলমাল) আপনি যদি অসত্য কথা না বলে থাকেন তাহলে আপনি বলবেন যে আজ কি অবস্থা দাঁড়ালো। দার্জিলিং-এ যে ধারাবাহিক বন্ধ, অবরোধ, জাতিগত উস্কানি দিয়ে যারা এলাকাটাকে অশান্ত করল তাদরে চাপা দেওয়ার জন্য এই যে একটা প্রয়াস এটা বিচ্ছিন্নতাবাদীকে উস্কে দেওয়া হবে। (গোলমাল) বিচ্ছিন্নতাবাদীকে উস্কে দেওয়া হবে। আমরা মনে করি যে এর মধ্য দিয়ে গোটা পশ্চিমবঙ্গে অচিরে একরকম গোষ্ঠীভিত্তিক শাসন ক্ষমতা পাওয়ার দাবি আরো উঠে আসবে। কামতাপুরিরা বলবে, যে আমরা কামতাপুরি চাই। আজকে গ্রেটার কোচবিহার তারা বলছে, আমরা গ্রেটার কোচবিহার চাই। আজ (গোলমাল) আমরা দেখছি, সমস্ত আমাদের যারা বিচ্ছিন্নতাবাদী শক্তি তারা আবার নতুন করে উৎসাহ পাবে। আমরা একথা বারেবারে বলি আমরা উন্নয়নে, উন্নয়নের বিষয়ে আমরা কখনও বিরোধী নই। আমরা চাই যে উন্নয়ন হোক। কিন্তু এই উন্নয়ন আমাদের গোটা উত্তরবঙ্গে ওই পাহাড় থেকে আরম্ভ করে যত রকম ছোট বড় জনজাতি আছে সেই সমস্ত গোষ্ঠীর আমরা বিকাশ চাই। কিন্তু বিচ্ছিন্ন হয়ে নয়, আমরা চাই সকলের মধ্যে থেকে এই উন্নয়ন হোক। আমরা এই কথা বারেবারে বলেছি, এই বিল যুক্তিহীন, এই বিলের মধ্যে কোনো প্রাসঙ্গিকতা নেই। এখানে জেলা পরিষদের কথা উল্লেখ করা হয়েছে ক্লজ নম্বর টুতে, এই জেলা পরিষদ দার্জিলিং জেলায় থাকার কোনো ব্যবস্থাই নেই। ১৪০ নম্বর ধারায় দেখবেন, সেখানে জেলা পরিষদের কথা উল্লেখ করা নেই। কিন্তু আপনারা এই বিষয়টি বিলে নিয়ে এসেছেন। টার্মস অ্যান্ড কন্ডিশনারের ব্যাপারে হরকা বাহাদুর ছেত্রীর এক সময় আন্দোলন করেছিলেন। এক বছর মেয়াদ বৃদ্ধি করা হবে এবং ছয় মাস অন্তর অন্তর বৃদ্ধি করার যে সুযোগ দেওয়া হয়েছে সেই ব্যাপারে ওনারা আন্দোলন করেছিলেন গোর্খা হিল কাউন্সিলের বিরুদ্ধে। সুবাস ঘিসিংকে যখন এক্সটেনশন দেওয়া হচ্ছিল, ওনারা তখন অনশন চালিয়ে গিয়েছিলেন। আজকে কি স্বার্থে এই বিলে আবার এক্সটেনশন দেওয়ার প্রবণতা আনা হয়েছে আমরা সেটা জানতে চাই। আমি এই কথা বলি, পঞ্চায়েত ও পৌরসভার ক্ষমতা হস্তান্তরিত হচ্ছে জি.টি.এ.-র হাতে। এই জি.টি.এ.-র হাতে

সুপারভিশন, ডাইরেকশন দেওয়ার ক্ষমতা কিভাবে আসবে ? কারণ রাজ্যের আইনি সংস্থা কোনো সাংগঠনিক সংস্থাকে নিয়ন্ত্রণ করার কোনো অধিকারই তাদের থাকতে পারে না। কিভাবে জি.টি.এ. এই সুপারভিশন, ডাইরেকশন করবে। আমি তাই এই বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, 'The Gorkhaland Territorial Administration Bill, 2011' যা এখানে উপস্থাপিত হয়েছে তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। স্যার, এই বিল যখন আলোচনা হচ্ছে তখন একজন মানুষের কথা আমার বারবার মনে পড়ছে। সে তার মাকে হারিয়েছে, তার পরিবারকে হারিয়েছে, কিন্তু ভারতবর্ষ যখন অশান্ত তাকে শান্ত করার মন্ত্র নিয়ে তিনি দিল্লির বুক থেকে ছুটে এসেছিলেন এখানে এবং তৎকালীন মুখ্যমন্ত্রীকে নিয়ে দার্জিলিং-এ বসে শান্তির বাতাবরণ তৈরি করেছিলেন, তার নাম হচ্ছে রাজীব গান্ধী। আর তেরো বছর পর আরেকজন তার যোগ্য শিষ্যা, যিনি বাংলায় স্ট্রাগল করে, বাংলার মানুষের কথা চিন্তা করে, অনেক অত্যাচার সহ্য করে বাংলায় শান্তির বাতাবরণ তৈরি করে এই জি.টি.এ. বিল নিয়ে এসেছেন। স্যার আগে দার্জিলিং একটা গর্বের জায়গা ছিল, কাশ্মীর একটা গর্বের জায়গা ছিল। কিন্তু কিছু মানুষের ভুল সিদ্ধান্তে কাশ্মীর আজকে অশান্ত। সারা পৃথিবীর মানুষ দার্জিলিং-এর কথা চিন্তা করে, দার্জিলিং-এ গিয়ে সেই সৌন্দর্যকে তারা উপভোগ করবে। আমার মনে আছে, বুটা সিং, সুবাস ঘিসিং এবং জ্যোতিবাবু মিলে চুক্তিতে স্বাক্ষর করেছিলেন সেই দিনটা হচ্ছে ২২শে আগস্ট। সেই চুক্তির পর কিছু কায়েমী স্বার্থের মানুষ হিল কাউন্সিলটাকে নিজেদের কাজে লাগিয়েছিল। বিদ্রোহ সেখানে আস্তে আস্তে দানা বেঁধেছিল। তখন মূক-বধির সরকার রাজ্যে ক্ষমতায় বসেছিল, তারা তা শুনতে পায়নি। শান্তির জন্য নয়, শুধু নিজেদের স্বার্থের জন্য দার্জিলিং উত্তাল হয়ে উঠেছিল। সেখানে তখন তারা শান্তি আনতে পারেননি। দার্জিলিং-এর মানুষ নির্বাচনের মাধ্যমে বারবার বুঝিয়ে দিয়েছেন এই স্বৈরতন্ত্র সরকার আমরা চাই না।

[3.50—4.00 p.m.]

হিলের মানুষ বারবার বুঝিয়ে দিয়েছে যে ওই সরকার স্বৈরতন্ত্রের সরকার, আমরা চাই না। মিস্টার ছেত্রী বলছিলেন, কত ব্লাড শেড হয়েছে, কত অত্যাচার হয়েছে, সেই অত্যাচারের পরেও গোর্খাদের কিন্তু আমরা স্মরণ করেছি। স্বাধীনতার প্রাক্কালে, স্বাধীনতার পরে যে ডেডিকেশন গোর্খাদের, সেই গোর্খাদের কথা আমাদের মনে আছে। সেই গোর্খাদের নিয়ে আমাদের চিন্তা আছে। আমরা বারবার বলি, তাদেরকে স্যালুট করি, এখনও রয়েল গভর্নমেন্ট তার বিশ্বস্ত সৈনিক গোর্খা রেজিমেন্ট আছে। আমাদের রাজ্যে, আমাদের দেশে গোর্খা রেজিমেন্ট রেখেছে। তারা দায়িত্ব নিয়ে বিভিন্ন জায়গায় আছে। আমি বিলের উপর কয়েকটি কথা বলব, বিগত হিল কাউন্সিলে যে ভুল করেছিল, নির্বাচন না করে, এক্সটেনশন অ্যান্ড এক্সটেনশন যে কথা মাননীয় উত্তরবঙ্গ মন্ত্রী, পর্যদের মন্ত্রী গৌতমবাবু বললেন, যে অরাজকতা চলছিল, দুর্নীতির একটা জায়গা ছিল, অডিট হত না, ভিজিলেন্স হত না, ওখানকার মানুষ না খেতে পেয়ে বিদ্রোহ হয়েছে। মাননীয় স্পীকার স্যার, আমরা একটা কথা বলতে পারি, রাজীবজী মিজোরাম চুক্তি করেছিলেন, আসাম চুক্তি করেছিলেন, দলের কথা চিন্তা করেনি। দলের কথা চিন্তা করলে, প্রফুল্ল মোহন্ত ক্ষমতায় আসত না। মিজোরামকে ক্ষমতায় আনতেন না। কিন্তু ভারতবর্ষকে অখণ্ড রাখবার চেষ্টা করেছিলেন। আমাদের ২৮টি স্টেট আছে,

আমাদের ২৯টি মেজর রিজিওন আছে, বিভিন্ন ধর্মের মানুষ আছে, তাদের কথা আমরা চিন্তা করি। মাননীয়া মুখ্যমন্ত্রীকে শ্রদ্ধা জানাই, এই কারণে, তিনি বাংলায় থেকে বাংলায় সমস্ত ধর্মের মানুষকে স্বীকৃতি দিচ্ছেন। সমস্ত মানুষের সেন্টিমেন্ট চিন্তা করছেন, কি করে বাংলাকে অখণ্ড রাখতে পারেন। কি করে বাংলায় শান্তির বাতাবরণ করতে হবে। আমরা সুন্দর দার্জিলিং চাই। আমরা চাই, রবীন্দ্রনাথ ঠাকুর যেখানে দার্জিলিং-এ বসে চিন্তা করতেন, সেই দার্জিলিং চাই। আমরা সেই দার্জিলিং চাই, যে দার্জিলিং-এ লক্ষ লক্ষ মানুষ যায়, সেই দার্জিলিং চাই। যেখানে শিক্ষার উন্নতি হয়েছে। তিনি বলেছেন, আমি ছোটবেলা থেকে দার্জিলিং-এ যাই। আমার ছোটো ছোটো ভাইরা পড়াশুনা করত, সেন্টপলস এবং মাউন্ট হার্বান-এ পড়ত, সেখানকার এনভায়রনমেন্টে সমস্ত মানুষকে আকৃষ্ট করত। সেখানকার পড়াশুনা নিয়ে, সেখানকার মানুষ, শুধু আমাদের দেশের নয়, বিদেশের মানুষেরা গর্ববোধ করত, সেই গর্ব কিন্তু নষ্ট করে দিয়েছে। আমরা চাই, আমরা চাই, এই বিলের মাধ্যমে হৃত গৌরব ফিরে আসুক। আমরা চাই, বাংলায় সেই হৃত গৌরব ফিরে আসুক। আমরা চাই—যে কালচারাল সিস্টেমগুলো আছে আমাদের, প্রত্যেকটা দার্জিলিং গোর্খা টেরিটোরিয়াল যে অ্যাডমিনিস্ট্রেশন হচ্ছে, আমি ছেত্রী সাহেবদের অনুরোধ করব, দার্জিলিং মানে গোর্খা নয়, দার্জিলিং মানে আমাদের গর্ব, দার্জিলিং মানে ভারতের গর্ব, দার্জিলিং মানে বাংলার গর্ব, প্রত্যেকটা মানুষ যাতে সম্মানে থাকতে পারে, প্রত্যেকটা ধর্মের মানুষ যাতে থাকতে পারে, প্রত্যেকটা ব্যবসায়ী যাতে সেখানে থাকতে পারে, অবাধে বিচরণ করতে পারে। মাননীয় স্পীকার স্যার, আমি একটা কথা আপনাদের বলতে পারি, দার্জিলিং এর অতীত ইতিহাস আছে। ইংরেজদের আমলের ইতিহাস আছে, তার আগের ইতিহাসও আছে। সেগুলো আছে, সেগুলোকে পর্যালোচনা করা দরকার। দার্জিলিং-এ যে কৃষ্টি, সংস্কৃতি আছে, সেই সংস্কৃতি, কৃষ্টি, যাতে ওখানে রক্ষিত হয়, যে বিল এসেছে, সেই বিলের যাতে টাইম টু টাইম তার একটা যেন অবজারভেশন হয়, সেইটা মনিটরিং করা দরকার। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে এটুকু বলব, আপনি বাংলায় শান্তি গড়েছেন, আপনি বাংলাকে তৈরি করছেন, এই অর্থনৈতিক কাঠামোর মধ্যে একটা কালচারের মধ্যে, বাংলাকে তুলে ধরছেন। বাংলার একটা সুন্দর জায়গা দার্জিলিং, সেই দার্জিলিংকে অখণ্ড রাখবার জন্য, সেই দার্জিলিংকে সুন্দরভাবে সাজানো দরকার। হ্যাঁ, আমি জানি দার্জিলিং-এ জলের সমস্যা আছে। দার্জিলিং-এ অনেক কিছুর সমস্যা আছে। সেই রকম, আপনারা কঙ্কালের পাহাড় তৈরি করে দিয়েছেন, শুধু একটা দিকে তাকালে হবে না, কঙ্কালের পাহাড়, যেখানেই খুঁড়ছি, সেখানেই কঙ্কাল। আমরা কঙ্কালের পাহাড় চাই না। আমরা সুন্দর পাহাড় চাই। সুন্দর পরিবেশ চাই। এইটুকু কথা বলে আবার এই বিলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে আমাদের এই হাউসের মাননীয় মুখ্যমন্ত্রী ও ট্রেজারি বেঞ্চের সদস্য সহ সব দলের সদস্যদের আবেদন জানাতে চাই যে আমরা সবাই এই সমস্যাটা নিয়ে কোনোরকম উত্তেজিত না হয়ে শান্তিপূর্ণভাবে আলোচনা করি। শান্তি আমাদের সবচেয়ে বড় প্রয়োজন এই মুহূর্তে। শান্তি থেকে উন্নয়ন আলাদা করা যায় না এবং সেই শান্তির একটা ভিত্তি হচ্ছে যে আমরা কতটা ঐক্যমত হতে পারি। আমাদের পার্থক্যের ক্ষেত্র অনেক আছে। কিন্তু সেই ক্ষেত্রগুলো আমরা কী করে চিহ্নিত করতে পারি যেখানে আমরা সবাই একটা ঐক্যমত সিদ্ধান্তে পৌঁছতে পারি।

আমি একটা প্রস্তাব দিয়েছিলাম, সিলেক্ট কমিটি করা হোক। তার উদ্দেশ্য আর কিছু নয়, কাজটা বিলম্বিত করে দেওয়া নয়। আমিও মনে করি যে এখন পাহাড়ে শান্তি বিরাজ করছে। যদিও আপনারা শুনলেন ডুয়ার্সে, তরাইতে, সমতলে সেখানে কিছু উত্তেজনা আছে। আমরা চাই না যে কোথাও উত্তেজনা থাকুক। সেই জন্য যেহেতু শান্তি বিরাজ করছে আমরা তাকে সংহত করার জন্য আমরা এমন একটা কাজ করি, যেটা কালকে এখানে কেউ কেউ—একজন মাননীয় মন্ত্রী বলেছিলেন—কাজ করার পরে আবার যাতে আমাদের ভাবতে না হয়। ভেবে আমরা যাতে কাজটা করি। কি করে সহমত হতে পারি। আজ পর্যন্ত যা করেছি আমরা এই রাজ্যে, দার্জিলিং পাহাড়ের সমস্যা নিয়ে, সব ঐক্যমত্য হয়েই করেছি। ডঃ হরকা বাহাদুর ছেত্রী একটা কথা বলেছেন, আমি সেই ব্যাপারে তাকে বলতে চাই, It is not right to blame that we have ever asked or wanted for a separate country in Darjeeling, যা আমরা করেছি সেটা হচ্ছে একটা স্বায়ত্তশাসন রাজ্যের মধ্যে এবং এটা শুধু আমাদের একমাত্র মত নয়। আমি এই অগাস্ট হাউসকে স্মরণ করিয়ে দিতে চাই যে এই হাউসে আমরা '৬৭ সালে সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করেছিলাম, সব দল মিলে। এখানে পশ্চিমবাংলার মধ্যে দার্জিলিং-এ যাতে স্বায়ত্তশাসন দেওয়া যায়। আমরা '৬৭ সালের পরে '৮১ সালেও সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করেছিলাম। কোনো দ্বিমত হয়নি যে পশ্চিমবাংলার মধ্যে এই দার্জিলিংকে স্বায়ত্তশাসন দেওয়া হক। যেটা শ্রী আনন্দ পাঠক মুভ করেছিলেন বলে ডঃ ছেত্রী বলেছেন। সেটাও ওই একই কথা, Autonomy within the State, এটা আমরা বলেছি। এইটা যখন তিন, তিনবার—ডঃ ছেত্রী এখানে বলেছেন যে আমাদের tripartite meeting হয়েছে। আমরা এটাই বলেছি We want maximum possible of autonomy within the State। আমরা এই ব্যাপারে প্রায় সবাই সবসময় সর্বসম্মত হয়েছি। আমি খেয়াল করিয়ে দিচ্ছি যখন গোর্খাল্যান্ড আন্দোলন আরম্ভ হয়, আগস্ট মাসের ২২ তারিখে ১৯৮৮ সালে, এখানে accord হয়েছিল, এখানে চুক্তি হয়েছিল এবং তখন জি.এন.এল.এফ. প্রধান সুবাস ঘিসিং তিনি স্বাক্ষর করেছিলেন বুটা সিং ছিলেন। আমি সেই সবের মধ্যে যাচ্ছি না। সেটা সর্বসম্মতক্রমেই হয়েছিল। অনেক কষ্টে আমরা সেই সর্বসম্মত সিদ্ধান্তে পৌঁছেছিলাম। কিন্তু ২২শে আগস্ট যে সর্বসম্মত সিদ্ধান্তটা হয়েছিল তার ভিত্তি কি ছিল ? ওই আগস্ট মাসের ১৮ তারিখে চারদিন আগে সর্বদলীয় আমাদের হাউসে হয়েছে, বাইরে হয়েছে।

[4.00—4.10 p.m.]

আমি তারও আগে যেতে পারি, ১৯৮৬ সালের ১৮ই আগস্ট আমাদের সর্বদলীয় সভার সিদ্ধান্ত আছে। সর্বদলীয়—সরকার থেকে সর্বদলীয়—সব পার্টি ডেকেছিলেন। এখানে শ্রী সুব্রত মুখার্জী এখন নেই। তিনি উপস্থিত ছিলেন কংগ্রেসের পক্ষে, প্রিয়রঞ্জন দাশমুন্সী উপস্থিত ছিলেন। সব নামের তালিকা আছে এখানে যাঁরা যাঁরা উপস্থিত ছিলেন। সব পার্টি মিলে, আমরা সর্বসম্মত সিদ্ধান্ত নিয়েছিলাম সেই সবের ভিত্তিতে দফায় দফায় আমরা ওই দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল অ্যাক্ট এই হাউসে ১৯৮৮ সালে ৫ই সেপ্টেম্বর গ্রহণ করেছিলাম। সর্বসম্মতভাবে গ্রহণ করেছিলাম। এতগুলো রেকর্ড আছে আমাদের যে আমরা সর্বসম্মতভাবে, ঐক্যবদ্ধভাবে সবাই এই প্রস্তাব গ্রহণ করতে পারি। এই ঐক্যটা হচ্ছে খুব জরুরি। আমাদের বোঝাপড়ার

ঐক্য, যাতে করে ঐক্য নীচে সম্প্রসারিত হতে পারে। আইন করে খালি ঐক্য হয় না। খালি সংখ্যা গরিষ্ঠতার জোরে ঐক্য হয় না। ইতিহাস আমাদের বারবার এ শিক্ষা দিয়েছে। ....(গোলমাল).... সেই জন্যে, আমরা যখন সরকারে ছিলাম, বিরোধী পক্ষে ছিলাম, সব সময়ে ঐক্যর ভিত্তিতে এই জায়গায় আমরা এসে পৌঁছেছি। আজকে আপনি দেখুন যে একটা বিল এসেছে সেই বিলে এখানে ৬৮টা সংশোধনী সার্কুলেশন হয়েছে। ৬৮টা সংশোধনীর মধ্যে ১৪টা আমরা বিরোধী পক্ষ থেকে দিয়েছি। আর সরকার পক্ষ থেকে চিফ হুইপ, গভর্নমেন্ট চিফ হুইপ তিনি দিয়েছেন ৫৪টা। তার মানে কি ? তার মানে শেষ মুহূর্তে এই যে ৫৪টা এনেছেন, ভালো। নিশ্চয় গোর্খা জনমুক্তির যাঁরা আছেন তাঁরা, সরকার আলোচনা করে এনেছেন। আন্তরিকভাবে আমি আপনাদের যে ঐক্যমত তার প্রতি শুভেচ্ছা জানাচ্ছি। I sincerely want, from the core of my heart that let there be no discord between you and the government or anybody including the Opposition. We want it, there must not be any doubt about it. সরকার পক্ষ থেকে যে ৫৪টা সংশোধনী দেওয়া হয়েছে, সেই সংশোধনী, বিল যা পেশ করা হয়েছে তার সঙ্গে যুক্ত করেই আমি বলতে পারি যে এই ৫৪টা সংশোধনীর মধ্যে গোটা তিনেক বাদ দিলে আমি বাকি সব সংশোধনীর পক্ষে হাত তুলবো। আমি সমর্থন করব। সেটা কিছু অসুবিধা নেই। তো আটকাবে কোথায় আমি আপনাকে বলে দিচ্ছি। এই সংশোধনী আপনারা যে সংশোধনী দিয়েছেন, আমার সংশোধনীতে আমি পরে আসছি। আপনারা যে সংশোধনী দিয়েছেন। সেই সংশোধনী ধরুন এই ক্লজ ৩৬-এ, আপনারা একটা সংশোধনী দিয়েছেন যেখানে after the words Panchayat Samity, the words Zilla Parishad be inserted., এই যে একটা সংশোধনী দিয়েছেন, এটা আইন বা সংবিধান সম্মত হচ্ছে না। আপনারা যে বিল দিয়েছেন, সেই বিলের ডেফিনেশনের চ্যাপ্টারে দেখবেন, জেলা পরিষদ তার ডেফিনেশন কি দিয়েছেন ? Zilla Parishad as defined in West Bengal Panchayat Act, 1973. 1973 West Bengal Panchayat Act, as amended from time to time, তাতে দার্জিলিং-এ সেখানে পাহাড়ে জেলা পরিষদের এখন কোনো ব্যবস্থা নেই। ব্যবস্থা নেই কেন ? না সংবিধান, সংবিধান যখন সংশোধিত হয়েছে, স্যার হাউসে আপনার সামনে আমি এই সংবিধানের কপি থেকে আপনাকে শুনিয়ে দিচ্ছি যে ডিস্ট্রিক্ট মানে কি ? ওই পার্ট ৯-এ যেখানে পঞ্চায়েত এবং পুরসভা ইত্যাদি নিয়ে যখন পরপর সংবিধান সংশোধিত হল, তখন ডিস্ট্রিক্টের ডেফিনেশন কি ? বলে দেওয়া আছে। ২৪৩-এ তে বলে দেওয়া আছে। আচ্ছা, ২৪৩বি-তে বলে দেওয়া হয়েছে যে ডিস্ট্রিক্টের পঞ্চায়েত, ডিস্ট্রিক্টের পঞ্চায়েত এটা ....(গোলমাল).... ২৪৩বি-তে সেখানে বলে দেওয়া আছে ডিস্ট্রিক্ট পঞ্চায়েত মানে জেলা পরিষদ হবে। এটা ২৪৩বি পড়লেই বুঝতে পারবেন। Article 243M 3(a) and 3(b) সেখানে দেখবেন, লেখা আছে— Constitution says nothing in this part relating to Panchayat at the district level shall apply to the hill areas of district of Darjeeling in State of West Bengal etc. Constitution বলছে এটা। আপনি একটা আইন পাশ করছেন, সেটা constitution-এর বিরুদ্ধে যাচ্ছে, আইনের বিরুদ্ধে যাচ্ছে, আপনি আইনের মধ্যেই স্ববিরোধিতা রেখে দিচ্ছেন এইসব জেলা পরিষদ ইত্যাদি বলে। এটা একটা গুরুতর ভ্রান্তি হবে এই হাউসে। সরকার যদি এইসব কথা গুরুত্ব দিয়ে না দেখে। আর বাকি যেটা

বলেছেন, এতগুলো amendment সবগুলোয় যাচ্ছি না, কিন্তু দুটো কথা সরকারি amendment-এর আমি বলতে চাইছি, একটা হচ্ছে তার মধ্যে, এটা ছোট ব্যাপার টেকনিক্যাল পার্থবাবু আপনি শুনলে ভালো হবে। আপনাকে হয়তো জবাব দিতে হবে, কে দেবেন জানি না যে, Clause 51 Amendment No. 50 (wherever taken in sense in Sub Clause—(4), in item (b), the word 'Sabha' be omitted এটা word 'Sabha' be omit দুটো সভা আছে কিন্তু কোন্ word আপনি omit করতে চাইছেন ? আপনার amendment-এর clear নেই, আপনি এটাকে নিলে পরে মহামুশকিলে পড়বেন। আর লাস্ট কথা, তারপর আমার amendment নিয়ে বলব, সেটা হচ্ছে একদম শেষে আপনি Clause 61 যেটা amendment মুভ করেছেন। যেখানে আপনারা লিখেছিলেন, 'likely to endanger safety or security of this State'., আমরা একটা amendment দিয়েছি integrity of this state, Integrity of this state—এইটা যাতে অর্থাৎ রাজ্যের অক্ষুণ্নতা যাতে বিঘ্নিত না হয়, এই ছোটো কথাটা চাইছি। আপনার কাছে চাইছি, আপনাদের কাছেও চাইছি, বিনীতভাবে চাই, নম্রভাবে চাইছি যে অনুগ্রহ করে এই বিষয়ে একমত হতে পারি ? আমরা এক সঙ্গে হাত তুলে বিলটা আজকে পাশ করবার জন্য। অবশ্যই এগুলো যথেষ্ট নয়, এর জন্য যা দরকার তা হচ্ছে এই—আমাদের আর্জি কিছু সংশোধনী আছে, সেগুলো আপনারা বিবেচনা করে দেখেন। যা নাম দিয়েছেন ঠিক আছে। নাম নিয়ে তখনও বলেছিলাম আমরা ব্রেকিং পয়েন্ট করব না। কিন্তু এই নামটা দার্জিলিং থাকবে না। আমি একটা amendment দিয়েছি যে, দার্জিলিং, Gorkhaland Territorial Asministration Act, Darjeeling একটা ইতিহাস, আমাদের কাছে একটা সেন্টিমেন্ট এই নামটা থাকবে না, কেমন লাগছে, বিবেচনা করার জন্য amendment দিয়েছি। যেটা amendment দিয়েছি আমি তার মধ্যে এটা আছে যে, গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন সভা আপনারা এদিক ওদিক করেছেন ঠিক আছে। যেটা নির্বাচন হবে, সেই নির্বাচনে আসন সংরক্ষণ কথা বলছি, প্রস্তাব দিয়েছি। কন্সটিটিউশন আছে, পঞ্চায়েতে আছে, মিউনিসিপ্যালিটিতে আছে এখানে কেন থাকবে না। তফসিলি জাতি, উপজাতি অন্যান্য অনগ্রসর শ্রেণি, মহিলা এবং এটা বলা কি অন্যায় যে ওখানে আদিম বাসিন্দা যারা ছিলেন লেপচা, ভুটিয়া, মেছ ইত্যাদি ইত্যাদি তারা তফসিলি জাতি, উপজাতি ইত্যাদি অন্তর্ভুক্ত যারা, তাদের জন্য আসন সংরক্ষণের ব্যবস্থা থাকবে। মহিলাদের আসন সংরক্ষণের জন্য পার্লামেন্টে লড়াই হচ্ছে আর পঞ্চায়েত ও মিউনিসিপ্যালিটিতে এখন 50% হয়েছে। কি অপরাধ করেছি ? আমরা যখন এই আইন করছি, কেন আমরা একমত হতে পারি না। যেটাই আমরা কখনই একমত হতে পারি না যে, amendment দিয়েছি সেটা হচ্ছে এই যে Clause-6 সাব clause থ্রিতে যেটা বলা হয়েছে সেটা হচ্ছে এই যে, কমিটি একটা হবে ডুয়ার্স, তরাই এবং শিলিগুড়ি অন্তর্ভুক্তির জন্য। আমরা প্রথম থেকেই যখন আমাদের ত্রিপাক্ষিক আলোচনা হয়েছিল দুটো বিষয়ে আমরা ডেট করেছিলাম একটা আলাদা গোর্খাল্যান্ডের দাবি। আমরা যখন ১৯৮৮ সালে চুক্তি করেছিলাম ঘিসিং দাবিটা প্রত্যাহার করে নিয়েছিলেন। আমরা বলেছিলাম এই দাবিটা উল্লেখ থাকবে না। আপনারা যে চুক্তি করেছেন সেটা কার্যত হ্যাভিং টেকেন নোট অফ ইট ইত্যাদি কথা বলা আছে। আমরা ডেট করেছিল নতুন করে একটা অন্তর্ভুক্তি। এই পাশাপাশি এলাকা থেকে তরাই ডুয়ার্স অর্থাৎ সমতল অন্তর্ভুক্তি ইনক্লুশন অফ নিউ এরিয়াস।

[4.10—4.20 p.m.]

আর বাকি কোনোটাই আমরা অটোনমিক প্রশ্নে, আপনাদের অধিকারের প্রশ্নে কোনো বিষয়ে বিরোধ করিনি কখনও। আমি তার মধ্যে যাচ্ছি না। ঠিক আছে আপনারা চুক্তি করেছেন। সেই জন্য আমরা সেটার তীব্র বিরোধী, যেটা ওপেন করবেন এটা প্যানডোরাস বক্স আমরা বলেছি। মাননীয়া মুখ্যমন্ত্রী, মাননীয় পরিষদীয় মন্ত্রী যদি আমার কথা শোনেন, যদি কান দেন, ঠিক আছে আপনারা চুক্তি করেছেন, চুক্তির প্রতি আপনাদের দায়বদ্ধতা আছে। ত্রিপাক্ষিক চুক্তি হয়ে গেছে, কমিটি একটা হয়েছে তারা বিচার করছেন। তাহলে আইন করার কি দরকার আছে ? আপনি কেন সেই কমিটিকে আইনগত বৈধতা দিচ্ছেন ? আমরা ওইটা ডিলিট করতে চেয়েছি। আপনি কমিটি করুন, তাদের রিপোর্ট শুনুন, গভর্নমেন্ট যা বিবেচনা করার করুক। কিন্তু যদি আপনার আইডেনটিফিকেশনের বাইরে মনে হয় যে অন্তর্ভুক্তি করতে হবে সেটা কেবলমাত্র হাউস করতে পারে। এই যে ১৮টি তালিকা আপনি দিয়েছেন এই ১৮টা ডি.জি.এইচ.সি. অ্যাক্টেই হাউসে পাশ হয়েছে। তারপরে ১৮টির মধ্যে ১৪টির পাশ হয়েছিল তখন। আর ১৪টার মধ্যে একটা অ্যামেন্ডমেন্ট করে হাউসে পাশ হয়েছে। আর তারপরের তিনটি একইভাবে মহকুমার মধ্যে অন্তর্ভুক্ত হয়ে গেছে। কোন ব্লকে কোন থানায় কোন মহকুমায় তার নোটিফিকেশন আছে, আমার কাছে এখানে আছে। ১৮টি নাম লেখার কোনো দরকার নেই। এখানে আমরা সর্বসম্মতভাবে পাশ করেছি সেইসব। এই নিয়ে কখনও দ্বিমত হয়নি। সুতরাং এটা লেখার কোনো দরকার নেই। আপনি যদি এটা ডিলিট করে দেন আমার অ্যামেন্ডমেন্টটা অ্যাকসেপ্ট করে তাহলে আমার মনে হয় না যে কিছু অসুবিধা হবে। আমরা সহমত হয়ে এখনও করতে পারি। কিন্তু ওইসব কথাগুলো আছে যেগুলো সাংবিধানিক বিষয় সেইগুলো কি করবেন আমি জানিনা। আপনি ক্লজ নাইনে ২১ বছর লিখেছেন। কেন ২১ বছর ? আমরা ২১ বছর বলেছি, ১৮ বছর হলেই আপনি বলেছেন ক্যানডিডেট হওয়া যায়। কোথাও নেই, ২১ বছর সাধারণত হয়। সে পঞ্চায়েতে হোক ইত্যাদি। সেই জন্য যাই হোক সেটাও বড় ব্যাপার নয়। সে আমরা বলেছি রাজ্য সরকার নির্বাচন না করে স্টেট ইলেকশন কমিশন করবে। রাজ্য সরকার করতে চায় করতে পারে, সেখানে আমরা অ্যামেন্ডমেন্ট দিয়েছি, আমরা মনে করেছি। এটাই প্রথা ছিল। এটা একটা স্বাধীন সংস্থা এবং সংবিধানসম্মত সংস্থা, তাদের নিজস্ব আইন আছে, সেই জন্য স্টেট ইলেকশন কমিশন নির্বাচন করবে। আপনি না মানতে পারেন, আমি সব ব্রেকিং পয়েন্ট করতে চাইছি না কোনটা ব্রেকিং পয়েন্ট সেটা আমি স্পষ্ট করে দিয়েছি। কোন কোনটা মানা যাবে না সেটা আমি খুব সুস্পষ্ট করে দিয়েছি। এই যে ৬ মাস, আপনি ১ বছর দিতে চাইছেন এটা তো ঠিকই যে আমরা এতো এক্সটেনশন দিলাম পাহাড়ে ওরা ক্ষুব্ধ হল এবং হইচই হয়েছে। তার অভিজ্ঞতা আছে আমাদের যে এতো এক্সটেনশন দিলে বারবার, বাধ্য হয়ে আমরা দিতে বাধ্য হয়েছিলাম, পরিস্থিতি তাই সেই রকম হয়েছিল। কিন্তু কোনো বিতর্ক ছিল না তখন। আমরা আলোচনা চালাচ্ছিলাম। কিন্তু এক্সটেনশন অনেকবার দিলে যে ভালো হয় না এতো অভিজ্ঞতা আপনাদের আছে। আবার কেন ওই এক্সটেনশনটা একসঙ্গে ৬ মাসের বেশি দিতে চাইছেন ? সেই জন্য দফায় দফায় ৬ মাস করে আমরা দেওয়ার কথা বলছি। আর এটাতে নিশ্চয়ই দ্বিমত হবে না, আমরা ভেবে-চিন্তেই বলেছি যে আপনাদের কোরাম ওয়ান থার্ড-এর বেশি হওয়া উচিত নয়। বেশি

বাড়িয়ে রেখেছিলেন আপনারা। আপনাদের সুবিধা হবে যাতে এই যখন সভা করবেন আপনাদের তখন আমরা ইত্যাদি আমরা কয়েকটা এখানে বলেছি যেগুলো প্রস্তাব সেইগুলো ভালোর জন্যই বলেছি। আর ইনট্রিগ্রিটি ইত্যাদি আমি যেটা বললাম ইনট্রিগ্রিটি অফ দি স্টেট, রাজ্যের অখণ্ডটা এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। এটা নিয়ে আমরা চিন্তিত। আমি বিশ্বাস করি এখনও যে আমাদের পক্ষে কোনো রকম উত্তেজনা ছড়াই না। আপনি ট্রেজারি বেঞ্চে বসে এই রকম কমেণ্ড করেন কেন, আমরা কখনও করিনি, ৩৪ বছরে করিনি।

(গোলমাল)

আমি বলছি যে আমি বিশ্বাস করি যে এই হাউসে পশ্চিমবাংলার বর্তমান সুনির্দিষ্ট পরিস্থিতিতে এই হাউসে সর্বসম্মতভাবে, ঐক্যবদ্ধভাবে আমরা সিদ্ধান্ত নিতে পারি যদি সরকারের সুদিচ্ছা থাকে এবং তার ভিত্তিতে এই রাজ্যের অখণ্ডতা শান্তি এবং তার সঙ্গে দার্জিলিং-এর মানুষের পাহাড়ের মানুষের তাদের স্বায়ত্ত শাসনের যে অধিকার তাকে আরো শক্তিশালী ভিত্তির উপর প্রতিষ্ঠিত করতে পারি যা আমাদের ঐক্যকে সুদৃঢ় করবে। তার জন্য আমি সরকারকে আবেদন করতে চাই যে এমন কিছু করবেন না যেটা আবার আলট্রা ভাইরাস হয় কন্সটিটিউশনে, এই রকম কাজ করবেন না। আর এমন কিছু করবেন না যেটা আমাদের এই শান্তিকে এই ঐক্যমত্যের ভিত্তিতে আজ পর্যন্ত যতগুলি সিদ্ধান্ত নিয়েছি সেই ইতিহাসে একটা ছেদ টানে। আপনারা আসুন, অতীতের মতো আর একবার ঐক্যবদ্ধভাবে চেষ্টা করি।

[4.20—4.30 p.m.]

শ্রীমতী মমতা ব্যানার্জী : আমি এই হাউসের সকল মেম্বারদের, যাঁরা বলেছেন কেউ পক্ষে কেউ বিপক্ষে, কেউ বা কৌশলগত কারণে সদিচ্ছার কথা বলে আগে থেকে প্ল্যান করে দায়িত্ব এড়াতে চেষ্টা করেছেন, তাদেরও অনেককেই ধন্যবাদ এবং সকলকে ধন্যবাদ। আমি আজকে সর্বপ্রথম দার্জিলিং পাহাড়ের মানুষ, ভাই-বোনেদের এবং সমতলের ভাই-বোনেদের সকলকে ধন্যবাদ এবং অভিনন্দিত করতে চাই। আমরা অনেক কিছু মুখে বলি, কিন্তু কাজে আমরা ইমপ্লিমেন্ট করি না। ভাষণ দিলেই কিন্তু রেশন দেওয়া যায় না। ভাষণ দিয়ে সেই ভাষণটাকে ইমপ্লিমেন্টের এক্সজিকিউট করাটা গণতন্ত্রের সবচেয়ে বড় দায়বদ্ধতা। ৩৪ বছর কোনো চেঞ্জ বাংলা হয়নি। কংগ্রেসে ছিল না, অবশ্যই আসবে। বারবার আসবে। কংগ্রেসে ছিল না, তৃণমূল কংগ্রেসও ছিল না, এস.ইউ.সি. ছিল না পাহাড়ে, গোর্খাল্যান্ডও ছিল না, অন্য কোনো রাজনৈতিক দলও ছিল না। আপনারা যদি সদিচ্ছার সাথে কাজটা করতেন আমরা খুশি হতাম। আগে জ্যোতিবাবুর আমলেও রাজীবজি যখন এসেছিলেন, গোর্খাল্যান্ড নিয়ে আপনারা যখন চুক্তি করেছিলেন, আমরা কেউই কিন্তু অপোজ করতে রাস্তায় নামিনি। কেন নামিনি ? তার কারণ কখনো কখনো কোনো কোনো ইস্যু যা আমাদের সমস্ত ইস্যুকে ছাড়িয়ে যায়, সমস্ত গন্ডির বাইরে। যা মনে হয় কখনো কখনো 'দণ্ডিতের সঙ্গে দণ্ডদাতা, কাঁদে যাবে সমান আঘাতে, সর্বশ্রেষ্ঠ সে বিচার'। তাই এইসব ইস্যুগুলোতে নিয়ে আমরা কখনো দ্বিমত পোষণ করিনি। আজও তাই বলতে চাই—বন্ধু, কয়েকটি ব্যাপারে আমি একমত। কতকগুলো অ্যামেন্ডমেন্ট সরকার নিজেই আনছেন। আমাদের হরকা বাহাদুরও একটা ব্যাপারে বলেছিলেন গ্রুপ 'সি' এবং 'ডি' পোস্টের ব্যাপারে—

সেটাও অ্যাকোর্ডিং দি এগ্রিমেন্টই হবে, নো প্রবলেম। যেটা আমাদের বিরোধী দলনেতা এক্ষুনি বললেন—ক্লজ ৩৬-এর ব্যাপারে ওটা কনস্টিটিউশন, কনস্টিউশনের মতোই। কনস্টিটিউশনের প্রভিশন আনবে এবং কাজ করবে। আমি কিন্তু মেনে নিয়েছি জেনে রাখবেন। এটা কিন্তু আমরা মনে করি যে কনস্টিটিউশনের প্রভিশনের মধ্যেই করতে হবে। এটা আমরা বিশ্বাস করি। In the matter it is accepted. No problem. যেখানে আমরা মনে করব কথা বলে কিছু ওয়ে আউট হতে পারে, সেখানে 'আমরা তোমরা' করার প্রয়োজন নেই। যেটা সবার ভালো, সেটা আমাদের সকলের ভালো। কাজেই ক্লজ-৩৬-এ আপনি যে যুক্তি দিয়েছেন, এটা কনস্টিটিউশন ইটসেল্‌ফ। ক্লজ ৩৬ জেলা পরিষদ ম্যাটার। This will be brought by Constitutional amendment and Government of India has agreed for that also। আমরা এটা অলরেডি কথা বলছি। মনে রাখবেন এই এগ্রিমেন্টটা আমরা তিনটি পার্টি, একটা ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট, একটা গভর্নমেন্ট অফ ইন্ডিয়া, আর একটা জি.টি.এ.। সুতরাং সবাইকে নিয়ে আমাদের এটা করতে হচ্ছে। জি.টি.এ. যেটা আমরা করছি জি.জি.এম.-কে নিয়ে, সবাইকে মিলেই করতে হচ্ছে। আমি একতরফাভাবে কিছু করতে পারি না। যেহেতু তিনটি পার্টি কথামতোই এটা আমাদের করতে হচ্ছে। এছাড়াও আপনি যে আমাদের অ্যামেন্ডমেন্ট দিয়েছিলেন ১,৫,১৪, ওটাও কিন্তু আমরা এগ্রিড করেছি। এটা আপনি চারটে বলছিলেন, আমি আপনাকে চারটে বলে দিলাম। ১,৫,১৪-এই অ্যামেন্ডমেন্ট আমরা এগ্রিড করেছি। ক্লজ ৫৪-ও আমরা এগ্রিড করেছি, ক্লজ-৩৬ ওটাও আমরা এগ্রিড করেছি। শুধু আমি একটা কথাই বলব এটা একটা ঐতিহাসিক এগ্রিমেন্ট। অনেক কষ্ট করে, অনেক দিন বাদে যে দার্জিলিং-এ রক্ত ঝরছিল, যে দার্জিলিং-এর কাঞ্চনকন্যা দেখবার জন্য আমাদের ভারতবর্ষের সব মানুষরা, এমনকি সারা পৃথিবী থেকে আগত মানুষরা তীর্থযাত্রীর মত দার্জিলিং-এ কবে যাব, কবে কাঞ্চনজঙ্ঘার হাসি দেখব, কবে কাঞ্চনকন্যার কোলে প্রকৃতির আঁচল ছড়িয়ে একটু বসে থাকব এই ভাবনা করছিলেন। আমরা সুযোগ পাচ্ছিলাম না। ২০০৫ সালের পর থেকে তো নির্বাচন হওয়ার কথা ছিল। হয়নি বলেই তো এই প্রবলেম। করতে পারিনি আমরা। ধরুন তখন আপনারাও ছিলেন। আমরা সরকারে ছিলাম না। কিন্তু আমি বলছি আমরা করতে পারিনি এবং পারিনি বলেই ছ'টা বছর পেরিয়ে গেল। কিন্তু পারিনি বলে তো চিরকাল ফেলে রাখা যাবে না। দার্জিলিং-এর ভাই-বোনেরাও আমাদের ভাই-বোন, এটা আমাদের মাথায় রাখতে হবে। আদিবাসী ভাই-বোনেরাও আমার ভাই-বোন। এখানে আদিবাসী আর পাহাড়ের মধ্যে ভাঙিয়ে দিয়ে কোনো লাভ নেই। বিভেদ করিয়ে দিয়েও কোনো লাভ নেই। বিভেদের মধ্যেই মনে রাখবেন 'বিভেদের মাঝে মেলাবে মিলিবে যাবে না ফিরে, এই ভারতের মহামানবের সাগরতীরে। 'বিভেদ নয় ঐক্য চাই। 'নানা ভাষা, নানা মত, নানা পরিধান। বিবিধের মাঝে দেখ মিলন'। এটা আমাদের ঐতিহ্য। আমরা বাংলার মানুষেরা গর্ব করে বলি ভারতবর্ষের ঐক্য, সংহতির পথ আমরা বাংলা থেকে তৈরি করি।

ভারতবর্ষ ঐক্য-সংহতির পথ, আমরা বাংলা থেকে তৈরি করি। এটা আমাদের গর্ব। বাংলায় আমরা এগুলি মেনে চলি। কাজেই হিস্টোরিক্যাল ট্রাইপার্টাইট এগ্রিমেন্ট যেটা ১৮ই জুলাই ২০১১-তে হয়েছে। আমি আপনাদের আমন্ত্রণ জানিয়েছিলাম সকলকে আসতে। কেউ আসতে পেরেছেন, কেউ আসতে পারেননি। ঠিক আছে, পলিটিক্যালি তার ওপিনিয়ন

থাকতেই পারে সেটাতে আমার কোনো মন্তব্য নেই। আমরা বলি জি.টি.এ. বিল ইন্ট্রোডিউস করেছে কুইক পসিবল টাইমে এবং এটা অ্যাসেমব্লি সেশানে আজকে পাস হওয়ার পর এটা আমাদের আইনে পরিণত করতে হবে, তার নিয়ম-কানুন মেনেই করতে হবে, আপনারা জানেন। আমি ধন্যবাদ জানাচ্ছি আমার দার্জিলিং, কালিম্পং, কার্সিয়াং-সহ আমরা সকল জন-প্রতিনিধিদের ; এমনকি আমাদের তরাই, ডুয়ার্স থেকে শুরু করে, আমার শিলিগুড়ি থেকে শুরু করে দক্ষিণবঙ্গ, উত্তরবঙ্গ—সকলকেই যাঁরা অংশগ্রহণ করেছেন। আপনারা দু-তিনটি কথা বলেছেন। একটা হচ্ছে হিল-কাউন্সিল করলে—এই গোর্খার নামটা নিয়ে আপনাদের অনেকের আপত্তি আছে, কেন দার্জিলিংটা লেখা হল না ? আমি আপনাদের কাছে একটা আইটেম দেখাই : Item-wise decision of third official level tripartite discussion among the representatives of the GOI (Government of India), Government of West Begnal and GTA held on 17.08.2010. কিন্তু আমরা আসেনি, এই গভর্নমেন্ট ছিল আপনাদের। সেখানেও অলরেডি এটা ডিসিশন হয়েছিল। Dicision in third official level meeting 17.08.2010, the name Gorkhaland Reginoal Authority is acceptable took both, পড়ে দেব তো, acceptable তো বলে দিয়েছেন। Government to Government বলেছে, এটা জেনে রাখবেন। অফিসাররা বললেও গভর্নমেন্ট কখনও without the policy decision of the Government officer-রা এতবড় ডিসিশন নিতে পারে না। Don't blame the officers. .....(Noise)..... বলছি তো, Let me finish first. Why you are so. .....(Noise)..... I don't konw, Please have some patience. ধৈর্য রাখুন, ধৈর্য রাখুন—অনেক দিন ধৈর্য রাখতে হবে। আমরা ৩৫ বছর ধৈর্য রেখেছি, আপনরা তিন মাসে ধৈর্য হারিয়ে ফেলেছন। The name Gorkhaland Regional Authority is acceptable to both the GJM and the Government of West Bengal. However, it was requested that the name may be formerly finalized at the political level talks. Political level and the Government কোন পার্টি ছিল government-এ ? Who is the ruling party ? Political level-এ ঠিক করবে, finalise করবে ; কিন্তু government level-এ government is there. .....(Noise)..... No, please realise. আমার গভর্নমেন্ট যদি কোনো একটা ডিসিশন নেয়, আপনি বলবেন তৃণমূল কংগ্রেস এই ডিসিশনটা নেয়নি। যেখানে I am leading the government, you don't say this. If there is a problem for the central government, Congress Party can not say that I am not party to the decision, I can not say that. Your government is taking some decision and you have said, no. You said your views; please allow me to say my views. Your government, in official level meeting said their particular views. Now you are saying that it will be finalized in the poltical party. Its a different question. .....(Noise)..... When my Opposition Leader raised the issue, let me clarify whatever you

can say from his point of view and I have every right to say from my point of view. you have said—is there any difference between your party decision and government's decision? I don't know. I don't want to say that. It won't look nice if you say like this. I think, it is not proper also. So, I can not say all these. It is your party and the government will decide. I just quoted the lines from the government's decision. I just quoted some lines from the government's decision. I have not said anything about your party matter. I am not going to distort any matter not I am going to mislead the House. This is the document and I am quoting the document whatever from my point of view. আমি এটা বলতাম না, আপনারা Question-টা তুলেছেন বলে। আমি প্রথমে—আপনারা যেহেতু Question-টা তুলেছেন, আপনারা যদি raise না করতেন আমি এর মধ্যে যেতাম না ; সুতরাং আপনারা এটা তৈরি করেছেন, আমরা সেটাকে স্যার, চেঞ্জ করিনি। কেন করিনি ? মনে রাখবেন একটা পলিটিক্যাল পার্টি আসে চলে যায় কিন্তু গভর্নমেন্ট কন্টিনিউ করে। This is the beauty of Democracy. System continue করে। Your political party may come and may go but the Governement will continue forever. This is called Democracy, this is the beauty of the Democracy to maintan a system. সুতরাং যেহেতু আমি এগুলো দেখেছিলাম, দেখে ভাবলাম, যখন একটা গভর্নমেন্ট করেছে তখন আমি এর মধ্যে, ছোটো-খাটো ব্যাপারে কেন যাব ; এটা ভালো লাগবে না। তাই আমরা আমাদের অফিসারদের আর বলিনি যে তুমি এটা থেকে deviate কর। আমরা বলিনি। অফিসারদের প্রতি আমাদের full faith আছে বলেই আমরা এই জায়গাটাই নিয়ে এসেছিলাম।

আমি আপনাদের আবার বলি, কেউ কেউ বলেছেন যে, 'আদিবাসী বিকাশ পরিষদ' খুব hostile হ্যাঁ, এটা ফ্যাক্ট। কেউ কেউ তাঁদের ভুল বুঝিয়েছিলেন। প্রথমদিন থেকে বলা হচ্ছে 'তরাই-ডুয়ার্স' দিয়ে দেওয়া হল। বলা হয়েছে 'কমিটি হয়ে গেল'। কমিটি টেকআপ, কমিটি সবার কথা শুনবে, কমিটি অলরেডি হয়ে গেছে। আপনারা শুনলে খুশি হবেন এগ্রিমেন্টে যে কমিটির কথা বলা হয়েছিল, আমাদের শ্যামল সেন মহাশয়, যিনি অ্যাক্টিং গভর্নরও ছিলেন, অনেকদিন গভর্নরের কাজও সামলেছেন, তাঁর থেকে এফিসিয়েন্ট লোক কেউ হতে পারে বলে আমি মনে করি না, তাঁর নেতৃত্বে কমিটি করে দেওয়া হয়েছে এবং তারা অলরেডি কাজ করছে। তরাই-ডুয়ার্স—মনে রাখবেন, যে চুক্তি করা হয়েছে। এবং যেখানে ইলেকশন হতে যাচ্ছে, ডি-লিমিটেশন করে তাদের নিজেদের মধ্যে, কনস্টিটিউয়েন্সির মধ্যে যেটা আমরা অনেক সময় ওয়ার্ডের মধ্যে, কোনটা এস.সি., ওয়ার্ড, কোনটা এস.টি. ওয়ার্ড, কোনটা মহিলা ওয়ার্ড—আমরা অলওয়েস করি। According to the constitutional obligation. সেটার মধ্যে করতে গিয়ে আমরা বলছি, দার্জিলিং, কালিম্পং এবং কার্শিয়াংকে কেন্দ্র করে তো ইলেকশনটা হবে। তরাই-ডুয়ার্সের তো কোনো

ডিসিশনই নেওয়া হয়নি। আগের থেকে চিৎকার করে কী লাভ ? কান নিয়ে গেছে শুনে কাকের পেছনে দৌড়তে শুরু করেছি ! Let the committee take care of that. তারা সবার কথা শুনবে। কমিটি ডিসিশন নেবে। প্রথম দিন থেকে, আমি যেদিন চুক্তি করতে গেলাম, আমি দেখলাম লিখে দেওয়া হয়েছে, এটা আপনার পার্টি থেকে লিখে দেওয়া হয়েছিল, আমি দেখেছি বলে বলছি, তার ডকুমেন্ট আছে, এভিডেন্স আছে, সবাই ছবি ছেপেছিল যে, আমি নাকি গোর্খা-বাংলা ভাগ করতে যাচ্ছি দার্জিলিং-এ এবং আমি নাকি তরাই-ডুয়ার্স পুরো দিয়ে দিচ্ছি। নানারকমভাবে, খুব প্ররোচনা দিয়ে এসব করা হয়েছিল। তবুও আমরা প্ররোচিত হয়নি। হয়নি একটাই কারণে। কারণ সঠিক কথা, সত্য, সময় বলবে। আমি এখনও মনে করি তরাই-ডুয়ার্সও আমাদের প্রাণ। দার্জিলিং-ও আমাদের গান। তরাই-ডুয়ার্সকেও আমরা ভালোবাসি। তরাই-ডুয়ার্সকে ঘিরে আমি স্বপ্ন দেখিনি ? নর্থবেঙ্গল, তরাই-ডুয়ার্সে। দার্জিলিং, একদম পুরো আলিপুরদুয়ার থেকে শুরু করে কেন সুইজারল্যান্ডের মতো হবে না ? এটা আমাদের স্বপ্নের জায়গা। আপনারা জেনে রাখুন আদিবাসী বিকাশ পরিষদের টোট্যাল ডেলিগেশন আমাকে মিট করে গেছে। আমি নিজে ডেকে পাঠিয়েছিলাম। আমি তাঁদের সাথে কথা বলেছি। পাহাড় এবং তরাই-ডুয়ার্স অঞ্চলের মধ্যে শান্তি রক্ষা করে চলেছি আমরা। দু'জনই আমার, যেমন আমরা বলি নজরুলের ভাষায় 'একই বৃন্তে দুটি কুসুম হিন্দু-মুসলমান, একজন তার নয়নমণি আরেকজন তার প্রাণ।' সেই রকমই মনে রাখবেন পাহাড় যদি আমার ভাই হয়, তরাই-ডুয়ার্স আমার বোন। দুই ভাই-বোন মিলে আমরা এই বাংলাকে সুন্দর রাখব। কারও সাথে কারও ঝগড়া করার উদ্দেশ্য আমাদের নেই। সুতরাং 'বাংলা ভেঙে দিচ্ছেন' বলা খুব সহজ। ভাঙাতো খুব সহজ রে ভাই, গড়া খুব শক্ত। কে ভাঙবে ? কেন ভাঙব ? কোনোদিনও আপনারা দার্জিলিং-এর মাটিতে দাঁড়িয়ে বলতে পেরেছেন 'বাংলার মাটি বাঙলার জল বাংলার বায়ু বাংলার ফল পুণ্য হউক হে ভগবান ?' আমি কিন্তু বলেছি আজ নয় বারবার, এই চুক্তি করতে যাওয়ার আগেও বলেছি। কই দার্জিলিং-এর ভাই-বোনেরা তো আমাকে বলেনি, 'আপনি কেন একথা বললেন ?' আমাকে কেউ বলেনি। না বলেছে বিমল গুরুং, না বলেছে রোশন গিরি, না বলেছে হর্কা বাহাদুর, আদার এম.এল.এ.-রা। কেউ তো আমাকে বলেনি। কখনও বলেনি। They never chased me. কখনও বলেনি। Even আমি ওদের বলেছি 'শোন, সবাইকে নিয়ে চলতে হবে।' ওঁরা আমাকে greet করেছে। যেটা ওরা করতে চায় ওদের করতে দিন। শুধু hostile করে রেখে কী লাভ ? আমি এখনও আপনাদের বলি যে দার্জিলিং-এ এস.সি./এস.টি., মাইনরিটিস যেটা আপনারা বলছেন এটা নিয়ে চিন্তা করার কোনো কারণ নেই, ৪৫ জন ইলেকটেড বডি হলেও ৫ জন গভর্নরের, পাওয়ার আছে, এস.সি./এস.টি., মাইনরিটিদের এখানে নমিনেট করাবার।

লেপচাদের ডেভেলপমেন্ট যেটা আপনারা বলেছেন, I appreciate your point, যেখানে প্রয়োজন আছে, যেখানে আমি মনে করি করা দরকার। আমি আপনাদের বলছি, লেপচাদের ব্যাপারে আমি অলরেডি ডিসিশন নিয়েছি। ওদের জন্য একটা ডেভেলপমেন্ট বোর্ড করব। এবং সেখান থেকে তাদের ডেভেলপমেন্টটাও এরা দেখবে। কেন দেখবে না ? দার্জিলিং-এ যদি কোনো বাঙালি ভাইবোন থাকে তাহলে কি হরকাবাহাদুর

তোমরা দায়িত্ব নেবে না তাদের ? যদি কোনো নেপালি ভাইবোন থাকে দায়িত্ব নেবে না তাদের ? যদি কোনো হিন্দিভাষী থাকে দায়িত্ব নেবে না ? যদি কোনো উর্দুভাষী থাকে দায়িত্ব নেবে না ? All they are brothers and sisters. We take care for them and they will take for us এবং তাঁদের জন্য আমরা ডেভেলপমেন্ট বোর্ডও করব। এছাড়াও আমি মনে করি তাদের সমস্ত socio-economic, infrastructural, educational, cultural, linguistic, সবকিছু ব্যাপারে আমারা টোট্যাল দায়িত্ব নিয়ে দেখব। আমরা যেটা টেরিটোরিয়াল অ্যাডজাস্টমেন্ট হ্যাজ অলরেডি স্টার্টেড ইট্স ওয়ার্ক, কমিটিও কাজ করতে শুরু করেছে। G.T.A.-ও কাজ করতে শুরু করেছে। আমি আবার বলি যে, এখানে যেটা D.G.H.C. তাদের যে ক্যাজুয়াল ওয়ার্কাররা ছিল, অনেক দিন ধরে তাদের ডিমান্ড ছিল। পুজোর আগে আমরা তাদের পুজোর বোনাসও বাড়াচ্ছি। তাদের ডিমান্ড অনুযায়ী, এগ্রিমেন্ট অনুযায়ী, সেটাও আমরা করে দিচ্ছি। পুজোর আগেই আমার ওখানকার ক্যাজুয়াল ভাইবোনেরা, যারা দার্জিলিং গোর্খা কাউন্সিলের, তারা বাড়তি বোনাস পাবে এবং বাড়তি পে-বেনিফিট পাবে। এনহ্যান্সড পে-বেনিফিট বিফোর দ্য পুজো—তারা পাবে। বাদবাকি যে সমস্ত কথা আপনারা বলেছেন, আমি আবার বলি, গোর্খাদেরও আমাদের যেমন হিন্দু বলুন, মুসলিম বলুন, শিখ বলুন, খ্রিস্টান বলুন, সবার একটা নিজস্বতা আছে। সবাই এদেশের জন্য কাজ করেছে। আমি লতা মঙ্গেশকরের গানটা যখন শুনি 'অ্যাই মেরে ওয়াতন কে লোগো' তার এক জায়গায় দু-তিনটে লাইন আছে। 'কোই শিখ, কোই জাঠ ও মারাঠা, কোই গুজরাট, কোই গোর্খা, কোই মাডরাসী, হার শরপর রাহিনেওয়ালো, আজ হাম তো সফর করতে হুঁ, জো খুন গিরা পর্বত পর, ও খুন থা হিন্দুস্থানী। জো শহিদ হুঁয়ে হ্যায়, উনকি জারা ইয়াদ করো কুরবানী।' আমরা যেন ভুলে না যাই, আমাদের দেশে যারা 'অ্যায় মেরে ওয়াতন কে লোগো, ইসি লিয়ে বাতাই ইয়ে কাহানি। জো শহিদ হুয়ে উনকে, জারা ইয়াদ করো কুরবানী।' ওই কুরবানী আমাদের দেশের গোর্খারা অনেক দিয়েছেন। আমার বাংলার ভাইবোনেরা দিয়েছেন, জাঠরা দিয়েছেন, মাডরাসী দিয়েছেন, গোর্খা দিয়েছেন, নেপালি দিয়েছেন, হিন্দু দিয়েছেন, মুসলমান দিয়েছেন, শিখ দিয়েছেন, ...(গোলমাল)..... কিছু জানেন না ইতিহাস। সবাই দিয়েছেন। তাদের সকলকেই আমরা সম্মান জানাই। এবং সম্মান জানিয়ে বলি, আরো আলো, আরো আলো, এই নয়নে প্রভু ঢালো। আজকের এই বিলটি—সূর্য্যবাবু, আমি আপনার সঙ্গে একমত। আপনাদের ৪-৫টা আমি মেনে নিয়েছি। হরকাবাহাদুরদেরও আগে কিছু amendment ছিল সেটাও আমরা মেনে নিয়েছি। অফিসিয়ালি amendment গভর্নমেন্ট থেকে মুভ করা হচ্ছে। আমি এই কথা বলে বলব, মনে রাখবেন আজকে একটা ঐতিহাসিক দিন। যেদিন আমরা বাংলার নামকরণ নিয়ে সবাই মিলে সিদ্ধান্ত নিয়েছি। আপনারা যে পয়েন্টগুলি বলেছেন, আমি আশা করি চেষ্টা করেছি হাইলাইট করবার—এত অল্প সময়ের মধ্যে। আপনাদেরও অনেকের কাজ আছে, সারাদিন হাউস চলছে। আমাদের বন উৎসব হবে মাননীয় স্পীকারের উদ্যোগে। সেখানেও আমাদের যেতে হবে। আমি শেষ করার আগে বলি, কবিগুরুর কথায়, 'যখন বেলা শেষের ছায়ায়, পাখিরা যায় আপন কুলার মাঝে, সন্ধ্যাপূজার ঘণ্টা যখন বাজে, তখন আপন শেষ শিখাটি মিলবে এ জীবন, আমার সকল দুঃখের প্রদীপ জেলে করবো নিবেদন।' আসুন সবারে করি আহ্বান, এসে উৎসুক চিত্ত, এসে আনন্দিত প্রাণ, সুন্দরেরই

পাদপীঠতলে যেখানে কল্যাণ দীপ জ্বালে, সেটা হোক স্থান, বাংলা মা আবার হোক মহান। দার্জিলিং-এর এই এগ্রিমেন্ট বিল, আসুন আমরা সবাই মিলে একসাথে করি।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা দ্য গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন বিল নিয়ে বিধানসভায় বিভিন্ন বিধায়ক তাদের বক্তব্য পেশ করেছেন। আমি সকলকেই অভিনন্দন জানাই। সরকারের আনা যে সমস্ত সংশোধনী এবং বিরোধী দলনেতা যে একটু আগে বললেন, যার উত্তরে মুখ্যমন্ত্রী যেগুলোর সম্মতি জানিয়েছেন, সেই ক'টি এবং সরকারি ছাড়া বাদবাকি বেসরকারি, বিরোধী পক্ষের আনা সমস্ত সংশোধনীগুলি—যে চারটিকে মুখ্যমন্ত্রী মহোদয়া ইতিমধ্যেই জানিয়ে দিয়েছেন যে ক'টি ছাড়া বর্জন করে, সরকারি সংশোধনীগুলি বিলের সঙ্গে গ্রহণ করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker : The question before the House is the motion for reference of the Bill to the Select Committee. As many as are of that opinion, will please say "Aye." As many as are of the contrary opinion, will please say "No."

Noes have it, noes have it.

Mr. Speaker : The question before the House is that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th December, 2011. As many as are of that opinion, will please say "Aye." As many as are of the contrary opinion, will please say "No."

Noes have it, noes have it.

Mr. Speaker : Now the question before the House is the motion of Shri Partha Chatterjee that the Gorkhaland Territorial Administration Bill, 2011 be taken into consideration. As many as are of that opinion, will please say "Aye." As many as are of the contrary opinion, will please say "No."

Ayes have it, Ayes have it.

Clause-2

Mr. Speaker : there are amendments to clause 2 by **Shri Shovandeb Chattopadhyay** being amendment Nos. 17, 18, 19 & 20. The amendments are in order. Shri Chattopadhyay may now move his amendments.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিষদীয় মন্ত্রী শ্রী পার্থ চট্টোপাধ্যায় আগেই বলে দিয়েছেন যে আমার আনা যতগুলি অ্যামেন্ডমেন্ট আছে সবকটি গ্রহণ করার জন্য আবেদন করছি।

Sir, I beg to move that in Clause 2, sub-clause (a), line 2, the word "Sabha" be omitted.

Sir, I also beg to move that Clause 2, for sub-clause (e), the following sub-clause be substituted :

'(e) "Executive Sabha" means the Sabha constituted under section 41;'

Sir, I also beg to move that in Clause 2, in sub-clause (f)—

(i) in lines 1 & 2, the words, brackets and letters "clause (a) or clause (b) of be omitted.

(ii) In line 4, the word "Sabha" be omitted

And,

Sir, I also beg to move that in Clause 2, sub-clause (q), the word "Sabha" be omitted.

Shri Partha Chatterjee : Sir, we accept the amendments.

Mr. Speaker : The question before the House is the amendment nos. 17, 18, 19 & 20 moved by Shri Shovandeb Chattopadhyay. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Mr. Speaker : The question before the House is that Clause 2 as amended, do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Mr. Speaker : Now we will take up clause no. 3. There are amendments to clause no. 3, being **amendment no. 4 by Dr. Surjya Kanta Mishra and no. 21 by Shri Shovandeb Chattopadhyay.** Both the amendments are in order. .....(noise)..... সার্কুলেশন হয়নি সবগুলো ক্লজ, দেখুন তো ? আপনি বলে দিন।

Dr. Surjya Kanta Mishra : Sir, I beg to move that in Clause 3, in sub-clause (i), in line 1, for the words "The Gorkhaland Territorial Administration Sabha" the words "Darjeeling Territorial Administration Sabha" be substituted.

.....(noise).....

মিঃ স্পীকার : আমাদের অফিস থেকে বলা হচ্ছে সার্কুলেশন হয়েছে। একটা এক্সট্রা কপি সরকার পক্ষকে দিন।

শ্রী পার্থ চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, it is now clear যে ওনারা পেয়েছেন, ওনারা দেখাচ্ছেন। আমাদের এদিকে কেউ পেল না। আবার বলছি ৪টি মাননীয়া মুখ্যমন্ত্রী রাজি হয়েছেন সেই ৪টিকে আপনি প্লেস করুন।

মিঃ স্পীকার : অফিসকে দায়িত্ব দেওয়া, আমি দেখছি। আপনি ওনাদের দিয়ে দিন। আপনার কাছে যদি অ্যামেন্ডমেন্টের এক্সট্রা কপি থাকে তাহলে দিয়ে দেন। আপনাদের একটা কপি থাকলে ডাঃ মিশ্রকে দিয়ে দিন। .....(noise)..... Dr. Mishra, please move that once again. অনেকে হয়তো মিস করে গেছেন।

[4.40—4.50 p.m.]

Dr. Surjya Kanta Mishra : Sir, I beg to move that in Clause 3, in Sub-clause (1), in line 1 for the words "The Gorkhaland Territorial Administration Sabha", the words "The Darjeeling Gorkhaland Territorial Administration Sabha "be substituted (Amendment No. 4).

Mr. Speaker : The Question before the House is that the Amendment No. 4 moved by Dr. Surjya Kanta Mishra.

Shri Partha Chatterjee : স্যার, আমরা এটা তো গ্রহণ করতে পারছি না তো এটা বলাই হল। আমরা গ্রহণ করতে পারছি না।

Mr. Speaker : As many as are of that opinion will please say 'Ayes', as many as are of the contrary opinion will please say 'Noes'. Noes have it. Noes have it.

Mr. Speaker : Shri Sobhandeb Chattopadhyay.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 3, the word "Sabha" occurring in sub-clauses (1) and (2), be omitted.

Mr. Speaker : As many as are of that opinion will please say 'Ayes' as many as are of contrary opinion will please say 'noes'. Ayes have it. Ayes have it. I put Clause 3, as amended to stand part of the Bill. As many as are of that opinion will please say 'Ayes', as many as are of the contrary opinion will please say 'Noes', Ayes have it. Ayes have it. There is amendment to Clause 4. There is Amendment No. 22 to Clause 4 by Shri Sobhandeb Chattopadhyay. Now I call upon Shri Sobhandeb Chattopadhyay to move his amendment

Clause 4

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 4, the word "Sabha" be omitted.

Mr. Speaker : The question before the House is the Amendment No. 22 moved by Shri Sobhandeb Chattopadhyay— as many as are of that opinion will please say 'Ayes', as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have its.

Now I put Clause 4, as amended to stand part of the Bill, as many as are of that opinion will please say 'Ayes', as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it.

Clause 5

Mr. Speaker : There are amendments to Clause 5 (Amendment No. 5 and 23) by Dr. Surjya Kanta Mishra and Shri Sobhandeb Chattopadhyay respectively. Dr. Surjya Kanta Mishra and Shri Sobhandeb Chattopadhyay to move their amendments respectively.

Dr. Surjya Kanta Mishra : Sir, I beg to move that in Clause 5, the following provisos to the sub-clause (1) be added : "provided that seats shall be reserved for the Scheduled Castes, Scheduled tribes and Other Backward Classes in the Gorkhaland Territorial Administration Sabha and that the number of seats so reserved shall bear, as nearly as may be, the same proportion to the total number of seats to be filed by direct election in the Sabha as the population of the S.C. or S.T. or O.B.C. in the region bears to the total population of that region and such seats shall be allotted by rotation to different constituencies in such manner as may be prescribed; Provided also that as nearly as may be 50% of total number of seats in Gorkhaland Territorial Administration Sabha shall be reserved for women, and that such seats shall be allotted by rotation to different constituencies in such manner as may be prescribed"

Mr. Speaker : Shri Partha Chatterjee, do you agree to this amendment ?

Shri Partha Chatterjee : Sir, Madam has already-The Hon'ble Chief Minister has already agreed on this.

Mr. Speaker : O.K. Agreed, Shri Sobhandeb Chattopadhyay to move the amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 5, in Sub-clause (1), for the words "Sabha shall consist" the words "shall have a Sabha to be called to Gorkhaland Territorial Administration Sabha consisting" be substituted.

Mr. Speaker : The question before the House is that the amendment moved by Shri Sobhandeb Chattopadhyay. (Amendment No. 23) and the amendment No. 5 moved by Dr. Mishra as many as are of that opinion will please say 'Ayes', as many as are of the contrary opinion will please say 'Noes'. Ayes have it. Ayes have it. The question before the House is that amendment No. 23 moved Shri Chattopadhyay—as many as are of that opinion will please say 'Ayes', as many as are of the contrary opinion will please say 'Noes'. Ayes have it. Ayes have it.

Shri Partha Chatterjee : There is a clause in the agreement. The section 5 shall be read with the agreement provisions. Agreement-এর যে provisions আছে, সেই A provisions অনুযায়ী Section-5 deal হবে।

Mr. Speaker : O.K. So, accordingly, I put clause 5. As many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it.

Clause 6

Mr. Speaker : There are Amendment numbers 6 and 7 to clause 6 by Dr. Surjya Kanta Mishra. Now I call upon Dr. Surjya Kanta Mishra to move the amendments.

Dr. Surjya Kanta Mishra : Mr. Speaker, Sir, I beg to move that in Clause 6, sub-clause (3) be omitted (Amendment No. 6).

And I also beg to move that in Clause 6, Sub-clause 4 be omitted. (Amendment No. 7).

Shri Partha Chatterjee : We are not in line with the proposal made by the Leader of the Opposition in Clause 6. Therefore, we are not agreeing.

[4.50–5.00 p.m.]

Mr. Speaker : The question is, the Amendment No. 6 & 7 moved by Dr. Surjya Kanta Mishra-As many as are of that opinion will please say AYE, as many as are of the contrary opinion will please say No. Noes have it, Noes have it.

Hon'ble Members please take your seat. The question is that Amendment No. 6 & 7 of Dr. Surjya Kanta Mishra—Those who are in favour of these Amendments please raise their hands. Officers to count. 45. As many as are of that contrary opinion will please raise their hands. The officers are requested to count. 159. Dr. Mishra, you have asked for a Division. I have put it to division. So the result is that those who are in favour of these amendments—total number is 45 and against the amendment is 159. Noes have it. Noes have it.

Now I put Clause 6 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Clause 7 & 8

Mr. Speaker : There is no amendment to Clause 7 & 8. So I put Clause 7 & 8 do stand part of the Bill. As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes havt it.

Clause No. 9

Mr. Speaker : There is Amendment No. 8 to Clause 9 by Dr. Surjya Kanta Mishra. Now I call upon Dr. Surjya Kanta Mishra to move his amendment.

Dr. Surjya Kanta Mishra : Sir, I beg to move that in Clause 9, in sub-clause (1) (b) for the words and figures "less than 18 years", the words and figures "less than 21 year's be substituted. (Amendment No. 8) ভোটে দাঁড়াতে গিয়ে ২১ বছর সময় লাগে।

Mr. Speaker : Hon'be Minister to reply.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবিধানের নিয়ম অনুযায়ী যা হওয়ার তা হবে।

Mr. Speaker : Now the question before the House is that the Amendment No. 8 moved by Dr. Surjya Kanta Mishra-As many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say No. Noes have it. Noes have it.

Mr. Speaker : Now I put Clause No. 9 do satand part of the Bill. As many as are of the opinion will please say Aye, as many as are of the contrary opinion will please No. Ayes have it. Ayes have it.

Clause No. 10 & 11

Mr. Speaker : There is no amendment to Clause 10 & 11. So I put Clause 10 & 11 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Clause No. 12

Mr. Speaker : There is amendment no. 9 to clause 12 by Dr. Surjya Kanta Mishra. Now I call upon Dr. Mishra to move the amendment.

Dr. Surjya Kanta Mishra : Mr. Speaker, Sir, I beg to move that in Clause 12, in sub-clause (2) for the words "conducted by the Government", the words "conducted by the State Election Commission" be substituted. নির্বাচনটা স্টেট ইলেকশন কমিশন করবে। এটা বলেছে। এগুলো সবই মেনে নেওয়া যায়, সহমত হলে।

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এগ্রিমেন্ট অনুযায়ী যা লিপিবদ্ধ আছে, সরকার সেই ভাবেই এগোবে। ...(noise)...

Mr. Speaker : Aleady replied by Hon'ble Minister.

The question before the House is that the amendment no. 9 moved by Dr. Surjya Kanta Mishra, as many as are of that opinion will please say, Aye, as many as are of that contrary opinion will please say, No.

Noes have it, Noes have it,

Now I put Clause 12 do stand part of the bill, as many as are of that opinion will please say, Aye, as many as are of that contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

Clauses 13 to 16

Mr. Speaker : There is no amendment to Clauses 13 to 16. So, I put the Clauses 13 to 16 do stand part of the bill, as many as are of that opinion will please say, Aye, as many as are of that contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

Clause 17

Mr. Speaker : There is amendment no. 10 to Clause 17 by Shri Anisur Rahaman. I call upon Shri Anisur Rahaman to move his amendment.

Shri Anisur Rahaman : Mr. Speaker, Sir, I beg to move that in Clause 17(1), in the first proviso, line 3, for the words "for a period not exceeding one year", the words "for a period of six months at a time not exceeding one year" be substituted. এটা আগেও ছিল, ৬ মাস করে এক্সটেনশন দেওয়া। এখানে বলা আছে একসঙ্গে ৬ মাসের বেশি দিতে পারবে না। মোট ১ বছর পর্যন্ত দিতে পারবে। এটা আগেও ছিল, নতুন কিছু নয়। আপনার ছাপার ভুল ছিল, তাই জন্য করে দেওয়া হয়েছে।

Mr.Speaker : Hon'ble Minister to reply.

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা গ্রহণ করা যাবে না।

Mr. Speaker : The question before the House is the amendment no. 10 moved by Shri Anisur Rahaman, as many as are of that opinion will please say, Aye, as many as are of that contrary opinion will please say, No.

Noes have it, Noes have it.

...(noise)...

Don't try to confuse the House. Hon'ble Members please don't try to confuse the House. Let me go on with the business of the House. No, no, the shouts raised in the House that is just intervening the discharge of my work.

Now I put Clause 17 do stand part of the bill, as many as are of that opinion will please say, Aye, as many as are of that contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

Clauses 18 to 24

Mr. Speaker : There is no amendment to Clauses 18 to 24.

So, I put the Clauses 18 to 24 do stand part of the bill, as many as are of that opinion will please say, Aye, as many as are of that contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

CHAPTER - II

Mr. Speaker : There is amendment no. 24 to Chapter-II by Shri Sobhandeb Chattopadhyay. Now I call upon Shri Chattopadhyay to move the amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Mr. Speaker, Sir, I beg to move that in the heading of Chapter II the word "Sabha" be omitted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সংশোধনী গ্রহণ করছি।

[5.00—5.10 p.m.]

Mr Speaker : The question before the House is that the amendment no.24 moved by Shri Sovandeb Chattopadhyay. As many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Now I put that Chapter II as amended do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say no.

Ayes have it, Ayes have it.

Clause 25

Mr. Speaker : There are amendments No.11 and 25 to Clause 25 by Shri Anisur Rahaman and Shri Sovandeb Chattopadhyay. As

both the amendments are same, I now request Shri Anisur Rahaman to move his amendment.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that in clause 25(2), in line 2, for the words "twenty-six Members", the words "not less than one -third of its total number of members" be substituted মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা আপনারা এটা ভালো করে জেনে নিন, ঐটা যে লেখা আছে '২৬-এ কোরাম হবে', এতে প্রচণ্ড বিপদ তৈরি হবে। ঐজন্য সব জায়গায় যা আছে, গোটা ভারতবর্ষে আছে ওয়ান থার্ড, ওয়ান থার্ডে সবাই রাজি হবে। এটা হওয়া উচিত।

Mr. Speaker : Hon'ble Minister.

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা আমি গ্রহণ করছি।

Mr. Speaker : The question before the House is that the amendment no. 11 moved by Shri Anisur Rahman. As many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say no.

Ayes have it, Ayes have it.

Now I put to Clause 25 as amended do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Clause 26

Mr. Speaker : There is amendment No. 26 to Clause 26 by Shri Sovandeb Chattopadhyay Now I request Shri Chattopadhyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 26—

(i) The word "Sabha" wherever it occurs, be omitted;

(ii) In line 3, after the words "shall have" the words "administrative, financial and" be inserted;

(iii) In item (xii) the words "including sericulture" be omitted.

Mr. Speaker : Hon'ble Minister.

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা আমি গ্রহণ করছি।

Mr. Speaker : The question before the House is that the amendment no. 26 moved by Shri Sovandeb Chattopadhyay. As many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Now I put to Clause 26 as amended do stand part of the Bill, as many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Clause 27

Mr. Speaker : There is amendment (No. 27) to Clause 27 by Shri Sovandeb Chattopadhyay. Now I call upon Shri Sovandeb Chattopadhyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 27, in the marginal note, the word "Sabha" be omitted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা আমি গ্রহণ করছি।

Mr. Speaker : The question before the House is that the amendment no. 27 moved by Shri Sovandeb Chattopadhyay. As many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Now I put to Clause 27 as amended do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Clause 28

Mr. Speaker : There is amendment (No. 28) to Clause 28 by Shri Sovandeb Chattopadhyay. Now I request Shri Chattopadhyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 28, the word "Sabha" be omitted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shrr Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা আমি গ্রহণ করছি।

Mr. Speaker : The question before the House is that the amendment No.28 moved by Shri Sovandeb Chattopadhyay. As many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Now I put to Clause 28 as amended do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Clause 29

Mr. Speaker : There is Amendment (Amendment No.29) to Clause-29 by Shri Sobhandeb Chattopadhyay. Now, I call upon Shri Chattopadhyay to move the Amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 29, the word "Sabha" occurring in two places, be omitted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Partha Chatterjee : I accept the Amendment.

Mr. Speaker : The question before the House is that the Amendment No.29 moved by Shri Chattopadhyay. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Now I put Clause-29, as amended, do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of that contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 30

Mr. Speaker : There is Amendment (Amendment No.30) to Clause-30 by Shri Sobhandeb Chattopadhyay. Now, I call upon Shri Chattopadhyay to move the Amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, 1 beg to move that in Clause 30, sub-clause (1) - (i) in line 1, the word "Sabha" be omitted; (ii) in line 3, the words "with the previous approval of the Government", be omitted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Partha Chatterjee : I accept the Amendment.

Mr. Speaker : The question before the House is that the Amendment No.30 moved by Shri Chattopadhyay, As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Now I put Clause-30, as amended, do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary will opinion please say No. Ayes have it, Ayes have it.

Clause 31

Mr. Speaker : There is Amendment (Amendment No.31) to Clause-31 by Shri Sobhandeb Chattopadhyay. Now I call upon Shri Chattopadhyay to move the Amendment.

Shri Sobhandeb Chattopadhyav : Sir, I beg to move that in Clause 31 - (i) the word "Sabha" occurring in two places, be omitted; (ii) the words "or to its officers", be omitted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Partha Chatterjee : I accept the Amendment.

Mr. Speaker : The question before the House is that the Amendment No.31 moved by Shri Chattopadhyay. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No, Ayes have it, Ayes have it.

Now I put Clause-31, as amended, do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 32

Mr. Speaker : There is Amendment (Amendment No.32) to Clause-32 by Shri Sobhandeb Chattopadhyay. Now, I call upon Shri Chattopadhyay to move the Amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause-32, the word "Sabha" wherever it occurs, be omitted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Partha Chatterjee : I accept the Amendment.

Mr. Speaker : The question before the House is that the Amendment No.32 moved by Shri Chattopadhyay. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Now I put Clause-32, as amended, do stand part of the Bill. As many as are of the opinion will please say Aye and as many as are of that contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 33

Mr. Speaker : There is Amendment (Amendment No.33) to Clause-33 by Shri Sobhandeb Chattopadhyay. Now, I call upon Shri Chattopadhyay to move the Amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 33, the word "Sabha" wherever it occurs, be omitted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Parthat Chatterjee : I accept the Amendment.

Mr. Speaker: The question before the House is that the Amendment No.33 moved by Shri Chattopadhyay. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Now I put Clause-33, as amended, do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 34

Mr. Speaker : There is Amendment (Amendment No.34) to Clause-34 by Shri Sobhandeb Chattopadhyay. Now, I call upon Shri Chattopadhyay to move the Amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 34, the word "Sabha" wherever it occurs, be omitted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Partha Chatterjejs : I accept the Amendment.

Mr. Speaker : The question before the House is that the Amendment No.34 moved by Shri Chattopadhyay. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Now I put Clause-34, as amended, do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 35

Mr. Speaker : There is Amendment (Amendment No.35) to Clause-35 by Shri Sobhandeb Chattopadhyay. Now, I call upon Shri Chattopadhyay to move the Amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 35, the word "Sabha" wherever it occurs, be omitted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Partha Chatterjee : I accept the Amendment.

Mr. Speaker : The question before the House is that the Amendment No.35 moved by Shri Chattopadhyay. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Now I put Clause-35, as amended, do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

[5.10—5.20 p.m.]

Clause 36

Mr. Speaker : There is an amendment No.36 to clause 36 by Shri Shovandeb Chattopadhyay. The amendment is in order. Shri Chattopadhyay may now move his amendment.

Shri Shobandeb Chattopadhyay : Sir, I beg to move that in clause 36—

(i) After the words "a Panchayat Samity or" the words "a Zilla Parishad or" be inserted;

(ii) The word "Sabha" occurring in two places, be omitted.

Shri Partha Chatterjee : Sir, we accept the amendment.

Mr. Speaker : The question before the House is the amendment no. 36 moved by Shri Shovandeb Chattopadhyay. . As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Mr. Speaker : The question before the House is that Clause 36, as amended, do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as arc of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

CHAPTER III

Mr. Speaker: There is an amendment no. 37 to Chapter III by Shri Shovandeb Chattopadhyay. The amendment is in order. Shri Chattopadhyay may now move his amendment.

Shri Shobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in the heading of Chapter III, the words "Chief Executive of the" be omitted.

Shri Partha Chatterjee : Sir, we accept the amendment.

Mr. Speaker : The question before the House is the amendment no. 37 moved by Shri Shovandeb Chattopadhyay. . As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Mr. Speaker : The question before the House is that Chapter III, as amended, do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Clause 37

Mr. Speaker : There are amendments to Clause no.37 by Shri Anisur Rahaman (no.12) and Shri Shovandeb Chattopadhyay (no.38). The amendments are in order. I call upon Shri Anisur Rahaman to move his amendment.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that in Clause 37, after sub-clause (4), the following sub-clause be inserted : "(4A) There shall be a Leader of Opposition of the Gorkhaland Territorial Administration Sabha who shall be for the time being the Leader ofthe party in Opposition to the Gorkhaland Territorial Administration Sabha having the highest number of the elected members in the said Sabha. The powers and functions of the Leader of the Opposition shall be such as may be prescribed."

Shri Partha Chatterjee : sir, we don't accept the amendment.

Shri Shobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in the Clause 37—

(i) In item (b) of sub-clause (3), the word "Sabha" be omitted;

(ii) In item (b) and item (c) of sub-clause (4), the word "Sabha" be omitted;

(iii) In sub-clause (6), the word "Sabha" be omitted;

(iv) In sub-clause (7), line 2, the word "Sabha" be omitted,

(v) In the first proviso to sub-clause (7), line 2, the word "Sabha" be omitted.

Shri Partha Chatterjee : Sir, we accept the amendment.

Mr. Speaker : The question before the House is amendment No. 12 by Shri Anisur Rahaman. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "No."

Noes have it, noes have it.

Mr. Speaker : The question before the House is the amendment no.38 moved by Shri Shovandeb Chattopadhyay. . As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Mr. Speaker : The question before the House is that clause 37, as amended, do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Clause 38

Mr. Speaker : There is amendment No.39 to clause 38 by Shri Shovandeb Chattopadhyay. Shri Chattopadhyay may move his amendment now.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in clause 38, sub-clause (1), item (b) for the words "Chief Minister" occurring in two places, the word "Governor" be substituted.

Shri Partha Chatterjee : Sir, we accept the amendment.

Mr. Speaker : The question before the House is the amendment no.39 moved by Shri Shovandeb Chattopadhyay. . As many as are of that opinion, will please say "Aye" As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Mr. Speaker : The question before the House is that clause 38, as amended, do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Clause 39

Mr. Speaker : There is Amendment No. 40 to Clause 39 by Shri Sobhandeb Chattopadhyay. Shri Sobhandeb Chattopadhyay to move the amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 39, line 2, the word "Sabha" be omitted.

Mr. Speaker : Hon'ble Minister, Shri Partha Chatterjee?

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় আনীত সংশোধনীটি গ্রহণ করছি।

The question before the House is the Amendment No, 40 of Shri Chattopadhyay - as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it. Now I put Clause 39, as amended, do stand part of the Bill–as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it.

Clause 40

Mr. Speaker : There is an amendment Amendment No. 41 to Clause 40 by Shri Sobhandeb Chattopadhyay. Shri Chattopadhyay to move.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 40, the word "Sabha" be omitted.

Mr. Speaker : Hon'ble Minister Shri Partha Chatterjee ?

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় আনীত সংশোধনীটি গ্রহণ করছি।

The question before the House is the Amendment No. 41 moved by Shri Chattopadhyay–as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it. Now I put Clause 40, as amended, do stand part of the Bill–as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it.

Clause 41

Mr. Speaker : There is an amendment, (Amendment No. 42 to Clause 41) by Shri Sobhandeb Chattopadhyay. Shri Sobhandeb Chattopadhyay to move.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 41,–(i) for sub-clause (1), the following sub-clause be substituted :- "(1) There shall be an Executive Sabha consisting of the Chief Executive and fourteen other Executive members including the Deputy Chief Executive, who shall be nominated by the Chief Executive from the elected or nominated member."; (ii) in sub-clause (2), line 2, the word "Sabha" be omitted.

Mr. Speaker : Hon'ble Minister Shri Partha Chatterjee ?

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় আনীত সংশোধনীটি গ্রহণ করছি।

Mr. Speaker : The question before the House is the Amendment No. 42 moved by Shri Chattopadhyay–as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it. Now I put Clause 41, as amended, do stand part of the Bill–as many as are of that opinion

will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it.

Clause 42

Mr. Speaker : There is Amendment No. 43 to Clause 42 by Shri Sobhandeb Chattopadhyay. Shri Sobhandeb Chattopadhyay to move.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 42,-(i) for item (b), the following item be substituted:- "(b) he resigns his office in writing under his hand addressed to the Chief Executive and the resignation shall take effect from the date of its acceptance by the Chief Executive, or"; be omitted. (ii) in item (C), the words "If he is nominated by the Chief Executive or the Governor if he is nominated by the Governor, as the case may be" omitted. (iii) in item (d), the words "or the Governor, as the case may be" be omitted.

Mr. Speaker : Hon'ble Minister Shri Partha Chatterjee?

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় আনীত সংশোধনীটি গ্রহণ করছি।

Mr. Speaker : The question before the House is the Amendment No. 43 of Shri Sobhandeb Chattopadhyay-as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it. Now I put Clause 42, as amended, do stand part of the Bill- as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it.

Clause 43

Mr. Speaker : There is Amendment No. 44 to Clause 43 by Shri Sobhandeb Chattopadhyay. Shri Chattopadhyay to move.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 43,-(i) for sub-clause (1), the following sub-clause be substituted :- "(1) The administrative, financial and the executive functions of the Gorkhaland Territorial Administration shall vest in the Executive Sabha ;"

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় আনীত এটা আর একটা, এটা আমি গ্রহণ করছি।

Mr. Speaker : The question before the House is...

Shri Sobhandeb Chattopadhyay : Sir, এর সঙ্গে আর একটা amendment আছে, এটা আমি পড়ে দিচ্ছি—(ii) in sub-clause (2), for the words "Gorkhaland Territorial Administration Sabha" occurring in two places, the words "Gorkhaland Territorial Administration" be substituted. Same clause.

Mr. Speaker : Hon'ble Minister Shri Partha Chatterjee ?

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় আনীত এটা আর একটা, এটা আমি গ্রহণ করছি।

Mr. Speaten Now the question before the House is the Amendment No. 44 of Shri Sobhandeb Chattopadhyay - as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it. Now I put Clause 43 , as amended, do stand part of the Bill - as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it.

Clause 44

Mr. Speaker : There is amendment No. 45 to Clause 44 by Shri Chattopadhyay. Shri Sobhandeb Chattopadhyay to move.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 44, item (b), the word "Sabha" be omitted.

Mr. Speaker : Hon'ble Minister Shri Partha Chatterjee ?

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় আনীত সংশোধনীটি গ্রহণ করলাম।

Mr. Speaker : The question before the House is the Amendment No. 45 of Shri Sobhandeb Chattopadhyay-as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it. Now t put Clause 44 , as amended, do stand part of the Bill- as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it.

[5.20—5.30 p.m.]

Clauses 45 and 46

Mr. Speaker : There is no amendment to Clauses 45 and 46. So I put clauses 45 and 46 do stand part of the Bill - as many as are of that opinion will please say Ayes. As many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it.

Clause 47

Mr. Speaker : There is Amendment No. 46 to Clause 47 by Shri Sobhandeb Chattopadhyay. Shri Chattopadhyay to move.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 47, for the words "nine Members", the words "one-third of the total number of members of the Executive Sabha" be substituted.

Mr. Speaker : Hon'ble Minister Shri Partha Chatterjee ?

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এটা গ্রহণ করছি।

Mr. Speaker : The question before the House is the Amendment No. 46 of Shri Sobhandeb Chattopadhyay-as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it. Now I put Clause 47, as amended, do stand part of the Bill- as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it.

Clause 48

Mr. Speaker : There is no amendment to Clause 48. So I put clause 48 do stand part of the Bill-as many as are of that opinion will please say Ayes. As many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it.

Clause 49

Mr. Speaker : There is an Amendment No. 47 to Clause 49 by Shri Sobhandeb Chattopadhyay. Shri Sobhandeb Chattopadhyay to move.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 49, in line 6 and 7, the word "Sabha" be omitted.

Mr. Speaker : Hon'ble Minister Shri Partha Chatterjee ?

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এটা গ্রহণ করছি।

Mr. Speaker : The question before the House is the Amendment No. 47 moved by Shri Sobhandeb Chattopadhyay– as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it. Now I put Clause 49 , as amended, do stand part of the Bill–as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it.

Clause 50

Mr. Speaker : There is Amendment No. 48 to Clause 50 by Shri Sobhandeb Chattopadhyay. Shri Sobhandeb Chattopadhyay to move.

Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 50, line 4, the word "Sabha" be omitted.

Mr. Speaker : Hon'ble Minister Shri Partha Chatterjee ?

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এটা গ্রহণ করছি।

Mr. Speaker : The question before the House is the Amendment No. 48 moved by Shri Chattopadhyay -as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it. Now I put Clause 50 , as amended, do stand part of the Bill– as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it.

CHAPTER IV

Mr. Speaker : There is Amendment No, 49 to Chapter IV by Shri Sobhandeb Chattopadhyay. Shri Sobhandeb Chattopadhyay to move the amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Chapter IV,-(i) for the word "Establishment", the words "Officers and Staff" be substituted; (ii) the word "Sabha" be omitted.

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এটা গ্রহণ করছি।

Mr. Speaker : The question before the House is the Amendment No. 49 moved by Shri Sobhandeb Chattopadhyay–

as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it. Now I put Chapter IV-as amended, do stand part of the Bill-as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it.

Clause 51

Mr. Speaker : There is Amendment No. 50 to Clause 51 by Shri Sobhandeb Chattopadhyay. Now I call upon Shri Sobhandeb Chattopadhyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 51, (1) in sub-clause (1), the word "Sabha" be omitted; (ii) in sub-clause (2) the "Sabha" be omitted; (iii) in sub-clause (3), in line 2 and in line 3, the word "Sabha be omitted; (iv) in sub-clause (4), in item (b), the word "Sabha" be omitted; (v) for sub-clause (5), the following sub-clause be substituted:- "(5) The Principal Secretary appointed under sub-section (1) shall not be transferred within a period of two years of the assumption of office, without the consent of the Gorkhaland Territorial Administration".

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এটা গ্রহণ করছি।

Mr. Speaker : The question before the House is the Amendment No. 50 moved by Shri Sobhandeb Chattopadhyay- as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it. Now I put Clause 51 - as amended, do stand part of the Bill-as many as are of that opinion will please say Ayes, as many as are of the contrary opinion will please say Noes. Ayes have it. Ayes have it.

Clause No. 52

Mr. Speaker : There is amendment No. 51 to Clause 52 by Shri Sobhandeb Chattopadhyay. Now I call upon Shri Sobhandeb Chattopahdyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that for Clause 52 the following clause be substituted:-

"Appointment of Secretary. 52. The government may, in consultation with the Chief Executive, place at the disposal of Gorkhaland Territorial Administration the service of an officer of the Government for appointment as Secretary to the Gorkhaland Territorial Administration."

Mr. Speaker : Hon'blc Minister to reply

Shri Partha Chatterjee : Sir, I accept it.

Mr. Speaker : The Question before the House is that the Amendment No. 51 of Shri Sobhandeb Chattopadhyay—

As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes hnve it. Ayes have it.

Now I put Clause 52, as amended, do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye, As many as are of the contrary opinion will please say No,

Ayes have it. Ayes have it.

Clause 53

Mr. Speaker : There is amendment No. 52 to clause 53 by Shri Sobhandeb Chattopadhyay. Now I call upon Shri Sobhandeb Chattopahdyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 53, line 3, the word "Sabha" be omitted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Partha Chatterjee : Sir, I accept it.

Mr. Speaker : The Question before the House is that the Amendment No. 52 of Shri Sobhandeb Chattopadhyay . As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Now I put Clause 53, as amended, do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye, As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clause 54

Mr. Speaker : There is amendment No. 53 to clause 54 by Shri Sobhandeb Chattopadhyay. Now I call upon Shri Sobhandeb Chattopadhyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move in Clause 54.

(i) for sub-clause (1), the following sub-clause be substituted:-

"(i) The Gorkhaland Territorial Administration may, with the approval of the Government create such posts as are equivalent to the Group-D post under the Government and make regulations relating to the condition of service;

Provided that where any disciplinary or other action is required to be taken against any such employee, the Gorkhaland Territorial Administration shall have the power to initiate such disciplinary action against such employee whereupon the Gorkhaland Territorial Administration shall report the same forthwith to the Government for such further action as the Government may think fit.";

(ii) In sub-clause (2), for the words "Notwithstanding anything contained in the sub-section (1) the Gorkhaland Territorial Administration Sabha may, without the approval of the Government", the words 'The Gorkhaland Territorial Administration may" be substituted.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, শোভনদেব চট্টোপাধ্যায় আনীত সংশোধনীর সঙ্গে পড়তে হবে to create such post as are equivalent to B, C and Group D post under the government and make regulations relating to the conditions of service. এটা মুখ্যমন্ত্রী যখন তাঁর জবাবী ভাষণ দিচ্ছিলেন তখন তিনিই এই সংশোধনীটি আনতে অনুরোধ করেন।

শ্রী আনিসুর রহমান : এটা কিভাবে হবে ?

মিঃ স্পীকার : সংশোধনী উনি এনেছেন, there is an amendment. Hon'ble Minister has already spoken

(.....গোলমাল.....)

[5.30—5.40 p.m.]

শ্রী পার্থ চ্যাটার্জী : আনিসুরবাবু, আনিসুরবাবু, আনিসুরবাবু, আমি বলি আনিসুরবাবু, এটাতো মুখ্যমন্ত্রী যখন বলেছিলনে, এটা this is also in proceedings, এখানে থাকবে।

আমি বলে নিই, আপনি তো আপনার কথা ঠিকই বলেছেন, আপনি তো কোনো কথা ভুল বলছেন না। আমি বলি, তারপরে শুনুন। যেহেতু মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর ভাষণে এটা দৃষ্টিতে এনেছিলেন, এই Group D আছে, agreement-এ লেখা আছে, B, C and D, এটা agreement-এ আছে। সেটাতেই আমি বলেছি যে এখানে B, C and D.....

(.....গোলমাল.....)

Mr. Speaker : Hon'ble Minister to reply

Shri Partha Chatterjee : Sir, I accept it.

Mr. Speaker : The question that the amendment no. 53 moved by Shri Chattopadhyay, as many as are of that opinion will please say, Aye, as many as are of that contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

Now I put to Clause 54 as amended do stand part of the bill, as many as are of that opinion will please say, Aye, as many as are of that contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

With the consent of the House, I permit Shri Mishra to leave the House because he has to catch the train.

Clause 55

Mr. Speaker : There is amendment no. 54 to Clause 55 by Shri Sobhandeb Chattopadhyay. Now I call upon Shri Chattopadhyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 55, the word "Sabha" wherever it occurs, be omitted.

Mr. Speaker : Hon'ble Minister.....

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এটা গ্রহণ করলাম।

Mr. Speaker : The question before the House is the amendment no. 54 moved by Shri Sobhandeb Chattopadhyay, as many as are of that opinion will please say, Aye, as many as are of that contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

Now I put to Clause 55 as amended do stand part of the bill, as many as are of that opinion will please say, Aye, as many as are of that contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

Clause 56

Mr. Speaker : There is amendment no. 55 to Clause 56 by Shri Sobhandeb Chattopadhyay. Now I call upon Shri Chattopadhyay to move the amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 56, the word "Sabha" occurring in two places, be omitted.

Mr. Speaker : Hon'ble Minister

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এটা গ্রহণ করলাম।

Mr. Speaker : The question before the House is the amendment no. 55 moved by Shri Sobhandeb Chattopadhyay, as many as are of that opinion will please say, Aye, as many as are of that contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

Now I put to Clause 56 as amended do stand part of the bill, as many as are of that opinion will please say, Aye, as many as are of that contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

Clause 57

Mr. Speaker : There are amendments no. 13 and 56 to Clause 57 by Shri Anisur Rahaman and Shri Sobhandeb Chattopadhyay respectively. Now I call upon Shri Anisur Rahaman and Shri Chattopadhyay to move their amendments.

শ্রী আনিসুর রহমান : স্যার, এটা একটা ঐতিহাসিক ঘটনা হয়ে থাকল স্যার, এটা। স্বাধীনতার পরে এই ঘটনা ঘটেনি। এই সরকার পক্ষ থেকে একটা বিলে এত অ্যামেন্ডমেন্ট।

মিঃ স্পীকার : আপনি মুভ করুন, অ্যামেন্ডমেন্টটা মুভ করুন, প্লীজ।

Shri Anisur Rahaman : Sir, I beg to move that in Clause 57, to sub-clause (5), the following proviso be added :

"Provided that in case of non-approval of budget in time the State Government may, on a request in writing from the Gorkhaland Territorial Administration Sabha, grant permission to incur expenditure for a period not more than three months pending approval of the budget".

Mr. Speaker : Hon'ble Minister

শ্রী পার্থ চ্যাটার্জী : না, মাননীয় অধ্যক্ষ মহোদয়, আনিসুরবাবু সব ঐতিহাসিক ঘটনা ঘটানোর কথা বলছেন, কিন্তু দুঃখের বিষয়, আমরা এটা গ্রহণ করতে পারছি না।

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 57, the word "Sabha" wherever it occurs, be omitted.

Mr. Speaker : Hon'ble Minister

শ্রী পার্থ চ্যাটার্জী : আমরা এটা গ্রহণ করছি, মাননীয় অধ্যক্ষ মহোদয়।

Mr. Speaker : The question before the House is the amendment no. 13 moved by Shri Anisur Rahaman, as many as are of that opinion will please say, Aye, as many as are of that contrary opinion will please say, No.

Noes have it, Noes have it.

The question before the House is the amendment no. 56 moved by Shri Sobhandeb Chattopadhyay, as many as are of that opinion will please say, Aye, as many as are of that contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

Now I put to Clause 57 as amended do stand part of the bill, as many as are of that opinion will please say, Aye, as many as are of that contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

Clause 58

Mr. Speaker : There is amendment no. 57 to Clause 58 by Shri Sobhandeb Chottopadhyay. Shri Chattopadhyay to move.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 58, the word "Sabha" be omitted.

Mr. Speaker : Hon'ble Minister, Shri Partha Chatterjee

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, শোভনদেব চট্টোপাধ্যায় আনীত সংশোধনী গ্রহণ করলাম।

Mr. Speaker : The question before the House is the amendment no. 57 moved by Shri Sobhandeb Chattopadhyay, as many as are of that opinion will please say, Aye, as many as are of that contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

Mr. Speaker : Now I put Clause 58 as amended do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion please say No.

Ayes have it, Ayes have it.

Clause 59

Mr. Speaker : There is amendment (No. 58) to Clause 59 by Shri Sobhandeb Chattopadhyay . Now I call upon Shri Chattopadhyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 59, the word "Sabha" wherever it occurs, be omitted.

Mr. Speaker : Hon'ble Minister.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা গ্রহণ করছি।

Mr. Speaker : The question before the House is that the amendment No. 58 moved by Shri Sobhandeb Chattopadhyay. As many as are of that opinion will please say Aye, as many as are the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Now I put to Clause 59 as amended do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Clause 60

Mr. Speaker : There is amendment (No. 59) to Clause 60 by Shri Sobhandeb Chattopadhyay.. Now I call upon Shri Sobhandeb Chattopadhyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 60, the word "Sabha" wherever it occurs, be omitted.

Mr. Speaker : Hon'ble Minister.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এটা গ্রহণ করছি।

Mr. Speaker : The question before the House is amendment No.59 moved by Shri Sobhandeb Chattopadhyay. As many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Now I put to Clause 60 as amended do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Clause 61

Mr. Speaker : There are amendments (No. 14 and No. 60) to Clause 61 by Shri Anisur Rahman and Shri Sobhandeb Chattopadhyay.. Now I call upon Shri Anisur Rahaman to move his amendment.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that in Clause 61, in line 3, for the words "safety or security of the State", the words "safety or security or integrity of the State" be substituted (Amendment No.14). এটা একটু দেখে বলবেন। এটা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী রেইজ করেছেন। আপনি দেখে না বলবেন, কিন্তু না দেখে যেন না বলেন না। এখানে বলা আছে ছোট্ট একটা কথা, সেফটি অর সিকিউরিটি অফ দ্য স্টেট, এর বদলে হবে সেফটি অর সিকিউরিটি অর ইন্টিগ্রিটি অফ দ্য স্টেট। এটা মমতা ব্যানার্জী অ্যাক্সেপ্ট করেছেন। আপনি আশা করি করবেন।

Mr. Speaker : Hon'ble Minister.

Shri Partha Chatterjee : আবার সেই একই রকম আসবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, লিখিতভাবে আসবে। লিখিতভাবে যখন আনা হয়নি, তখন এই মুহূর্তে সংবিধানে যা আছে সংবিধানের সেই গণ্ডিকে ছাড়িয়ে রেখে কিছু—আপনি হতাশ হতে পারেন। কিন্তু সংবিধানের যে ঐক্য, অখণ্ডতা, যে সমস্ত নিরাপত্তার কথা বলা আছে, আমরা তা মেনেই চলব।

Mr. Speaker : The question before the House is that the amendment no. 14 moved by Shri Anisur Rahaman, as many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say, No.

Noes have it, Noes have it.

Mr. Speaker : Now I call upon Shri Sobhandeb Chattopadhyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 61, line 3,for the words "likely to endanger the safety or security of the State", the words "contrary to any provision of the Constitution of India or any law for the time being in force" be substituted.

Mr. Speaker : Hon'ble Minister.

Shri Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় আনীত সংশোধনীটি গ্রহণ করা হল।

Mr. Speaker : The question before the House is that the amendment No. 60 moved by Shri Sobhandeb Chattopadhyay. As many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Now I put to Clause 61 as amended do stand part of the Bill. pas many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Clause 62

Mr. Speaker : There is one amendment (No.61) to Clause 62 by Shri Sobhandeb Chattopadhyay. Now I call upon Shri Sobhandeb Chattopadhyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 62, line 2, the word "Sabha" be omitted.

Mr. Speaker : Hon'ble Minister.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা এটা গ্রহণ করলাম।

Mr. Speaker : The question before the House is that the amendment no.61 moved by Shri Sobhandeb Chattopadhyay. As many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Now I put to Clause 62 as amended do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Clause 63

Mr. Speaker : There is amendment (No. 62) to Clause 63 by Shri Sobhandeb Chattopadhyay. Now I call upon Shri Sobhandeb Chattopadhyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 63, line 2, the word "Sabha" be omitted.

Mr. Speaker : Hon'ble Minister.

Mr. Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা এটা গ্রহণ করলাম।

Mr. Speaker : The question before the House is that the amendment No.62 moved by Shri Sobhandeb Chattopadhyay. As many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Now I put to Clause 63 as amended do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye, as many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

[5.40—5.50 p.m.]

Clause 64

Mr. Speaker : There is Amendment (Amendment No. 63) to Clause—64 by Shri Sobhandeb Chattopadhyay. Now I call upon Shri Chattopadhyay to move the Amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 64—(i) in sub-clause(1), line 2, the word "Sabha", be omitted; (ii) in sub-clause (2), the words "Sabha a notice containing the charges and", be omitted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Partha Chatterjee : I accept the Amendment.

Mr. Speaker : The question before the House is that the Amendment No.63 moved by Shri Chattopadhyay. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Now I put Clause—64, as amended, do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 65

Mr. Speaker : There is no amendment to Clause—65. So, I put Clause—65 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 66

Mr. Speaker : There is Amendment (Amendment No. 64) to Clause-66 by Shri Sobhandeb Chattopadhyay. Now, I call upon Shri Chattopadhyay to move the Amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 66, the word "Sabha", be omitted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Partha Chatterjee : I accept the Amendment.

Mr. Speaker : The question before the House is that the Amendment No.64 moved by Shri Chattopadhyay. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Now I put Clause-66, as amended, do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 67

Mr. Speaker : There is no amendment to Clause-67. So, I put Clause-67 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 68

Mr. Speaker : There is Amendment (Amendment No.65) to Clause-68 by Shri Sobhandeb Chattopadhyay. Now, I call upon Shri Chattopadhyay to move the Amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 68, the word "Sabha", be omitted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Partha Chatterjee : I accept the Amendment.

Mr. Speaker : The question before the House is that the Amendment No. 65 moved by Shri Chattopadhyay. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Now I put Clause-68, as amended, do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 69

Mr. Speaker : There is Amendment (Amendment No. 66) to Clause—69 by Shri Sobhandeb Chattopadhyay. Now, call upon Shri Chattopadhyay to the move the Amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 69, the word "Sabha" occurring in two places, be omitted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Partha Chatterjee : I accept the Amendment.

Mr. Speaker : The question before the House is that the Amendment No.66 moved by Shri Chattopadhyay. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Now I put Clause-69, as amended, do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 70

Mr. Speaker : There is Amendment (Amendment No.67) to Clause-70 by Shri Sobhandeb Chattopadhyay. Now, I call upon Shri Chattopadhyay to move the Amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 70, the word "Sabha" occurring in two places, be omitted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Partha Chatterjee : I accept the Amendment.

Mr. Speaker : The question before the House is that the Amendment No. 67 moved by Shri Chattopadhyay. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Now I put Clause-70, as amended, do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clauses 71 to 74

Mr. Speaker : There is no amendment to Clauses 71 to 74. So, I put Clauses-71 to 74 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

First Schedule

Mr. Speaker : There is no amendment to First Schedule. So, I put First Schedule do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Second Schedule

Mr. Speaker : There is Amendment (Amendment No. 68) to Second Schedule by Shri Sobhandeb Chattopadhyay. Now, I call upon Shri Chattopadhyay to move the Amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in the Second Schedule, for the figure "37(9)", the figure "37 (10)" be substituted.

Mr. Speaker : Hon'ble Minister to reply.

Shri Partha Chatterjee : I accept the Amendment.

Mr. Speaker : The question before the House is that the Amendment No.68 moved by Shri Chattopadhyay. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Now I put Second Schedule, as amended, do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 1

Mr. Speaker : There is one amendment No.3 to clause 1 no.3) by **Dr. Surjya Kanta Mishra.** The amendment is in order. I call upon Dr. Mishra to move his amendment. .....(pause)..... Dr. Mishra is not here now; the amendment is not moved.

The question that Clause 1 do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Enacting Formula

Mr. Speaker : There is no amendment to the enacting formula. The question before the House is that the enacting formula do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Preamble

Mr. Speaker : There is one amendment No. 16 to the Preamble (no. 16) by Shri Shovandeb Chattopadhyay. The amendment is in order. Shri Chattopadhyay may now move his amendment.

Shri Shovandeb Chattopadhyay : Sir, I beg to move that in Preamble, line 3 after the words 'development is expedited" the words "and the ethnic identity of Gorkhas established" be inserted.

Shri Partha Chatterjee : Sir, we accept the amendment.

Mr. Speaker : The question before the House is the amendment no.16 moved by Shri Shobhandeb Chattopadhyay. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Mr. Speaker : The question that the Preamble, as amended, do stand part of the Bill. As many as are of that opinion, please say "Aye." As many as are of contrary opinion, please say "No."

Ayes have it, ayes have it.

Long Title

Mr. Speaker : There is one amendment to the Long Title being amendment No. 15 by Shri Shobhandeb Chattopadhyay. The amendment is in order. I now call upon Shri Chattopadhyay to move his amendment.

Shri Shobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in the Long Title, the word "Sabha" be omitted.

Shri Partha Chatterjee : Sir, we accept the amendment

Mr. Speaker : The question before the House is the amendment no.15 moved by Shri Shobhandeb Chattopadhyay. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Mr. Speaker : The question before the House is that the Long Title, as amended, do stand part of the Bill. As many as are of that opinion, please say "Aye." As many as are of contrary opinion, please say "No."

Ayes have it, ayes have it.

Shri Partha Chatterjee : Sir, I beg to move that the Gorkhaland Territorial Administration Bill, 2011, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that Bill, as amended and settled in the Assembly be passed. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will pleased say "No."

Ayes have it, ayes have it.

[5.50–6.00 p.m.]

Mr. Speaker : Today the 2nd September, 2011 is the last day of the Second Session of the Fifteenth Assembly. Before I adjourn the House sine-die, I would like to narrate in brief the business transacted during this Session.

(B) Business transacted during the Second Session of the Fifteenth Legislative Assembly from 10th August to 2nd September, 2011

1. **Questions**

(A) Total Number of Notices of Questions received	920
(B) Number of Questions allocated	626
(i) Starred	334
(ii) Unstarred	292
(C) Total Number of Questions admitted	475
(i) Starred	252
(ii) Unstarred	223
(D) Total Number of of Questions disallowed	24
(E) Total Number of Questions replied	170
(i) Starred	136
(ii) Unstarred	34
(F) (i) Total Number of replies to Questions received from the Department but not yet placed on the Order Paper (Starred and Unstarred)	67
(ii) Number of Questions pending with Departments	238
(iii) Number of Questions under Process	127

2. **Government Bills**

(A) Number of Bills introduced	5
(B) Number of Bills passed	5

3. **Government Resolution under Rule 169**

(A) Notice received	1
(B) Admitted, Discussed and Adopted	1

4. **Adjournment Motion**

(A) Notice received	1
(B) Consent withheld	1

5.	**Calling Attention Notices**	
	(A) Notices received	68
	(B) Notices Admitted	13
	(C) Statement made	9
	(D) Statement to be sent directly to the Member concerned	1
6.	**Statement made by the Ministers under Rule 346**	3
7.	**Laying of Rules**	
	(A) Notice received	1
	(B) Rules laid	1
8.	**Re-Laying of Rules**	
	(A) Notice received	1
	(B) Rules re-laid	1
9.	**Laying of Annual Reports and Accounts etc. on Government Companies and Undertakings**	
	Reports and Accounts etc. laid	17
10.	**Mention Cases**	195
11.	**Zero Hour**	25
12.	**Number of Sittings**	13
13.	**Total Hour of Sittings**	67 hours and 46 minutes

Vote of Thanks

Mr. Speaker : Now I call upon Smt. Mamata Banerjee, Hon'ble Chief Minister to make her speech.

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসের পক্ষ থেকে আমরা সবাই মিলে আপনাকে, ডেপুটি স্পীকারকে, বিধানসভার যত কর্মচারীবৃন্দ আছেন, সচিবালয় থেকে শুরু করে, প্রশাসন থেকে শুরু করে সকলকেই, যারা বিধানসভায় প্রতিদিন আমাদের স্বাস্থ্য সুরক্ষা করে এবং গণতন্ত্রের এই পীঠস্থানকে সমৃদ্ধ বিভিন্নভাবে করে, তাদের সকলকেই আমাদের ধন্যবাদ, অভিনন্দন জানাচ্ছি। এবং বিশেষ করে আপনার নেতৃত্বে গত এক মাস ধরে কতকগুলো বিশেষ দিক এবারের বিধানসভায় আমরা পরিলক্ষিত করেছি। এই বিধানসভায় যদি আমরা লক্ষ্য করি, আপনি স্যার, বললেন, কত কোশ্চেন আলোচনা হয়েছে, কত অনস্টার কোশ্চেন আলোচনা হয়েছে, কত স্টার বা কত কলিং অ্যাটেনশন নিয়ে আলোচনা হয়েছে, কত ডিবেট। তাছাড়াও এটা বাজেট সেশন ছিল, বাজেটগুলো আলোচনা হয়েছে, ধৈর্য্য ধরে সবাই মিলে বলেছেন। এখানে এই বিধানসভার অধিবেশনে,

বিশেষ করে কতগুলি গুরুত্বপূর্ণ বিল—আজকে যেমন দার্জিলিং-এ জি.টি.এ. বিল, পশ্চিমবঙ্গ সরকারের নামকরণের ব্যাপারটা, তারপর ৯০ দিনের গভর্নমেন্টের কাজের গোটা পারফরমেন্স আমরা লে করেছিলাম। এগুলি নিয়ে যদি আমরা দেখি তাহলে দেখব এই অধিবেশনটা খুবই গুরুত্বপূর্ণ। খুবই গুরুত্বপূর্ণ আপনি যে ভাবে, আপনার ডেপুটি স্পীকার এবং অন্যান্যরা সহ যেভাবে পরিচালনা করেছেন তাতে আমাদের মনে হয়েছে গণতন্ত্রটাকেই আপনারা উজ্জীবিত করেছেন। গণতন্ত্রের কাঠামো অনেক বেশি পুঞ্জিভূত, সঞ্জিভূত, উজ্জীবিত হয়েছে। কোন গণতন্ত্রের উচ্ছ্বাস, অভিলাষ, গণতন্ত্রের উদার্থ শিখা—আমরা সকলেই দেখতে পেয়েছি, আপনাদের সকলকেই কৃতজ্ঞতা জানাই। এরই মধ্যে আমরা সকলেই দেখতে পেয়েছি, আপনাদের সকলকেই কৃতজ্ঞতা জানাই। এরই মধ্যে আমরা ঈদ উৎসব অতিক্রম করেছি। আমাদের সংখ্যালঘু ভাই-বোনেরা রোজা পালন করেও তারা রমজান মাসে এসেছেন, তাদের এই দায়িত্ব পালন করবার জন্য ধন্যবাদ, অভিনন্দন, নমস্কার এবং অসসেলাম ও আলিকুম জানাচ্ছি। সাথে সাথে আজকে বিধানসভার অধিবেশন আপাতত এবারের মতো শেষ হল। আজকে বনমহোৎসবের প্রোগ্রাম আছে, সেই প্রোগ্রামে আমরা যাব। এর মধ্যে আবার দুর্গাপূজা পড়বে, কালিপূজা পড়বে, আগাম সকলকে দুর্গাপূজা, কালিপূজার শুভেচ্ছা এবং কালিপূজা, দেওয়ালি থেকে শুরু করে আরও যেসব গণপতির উৎসব এখন চলছে, বিভিন্ন ধর্মাবলম্বীকে নিয়ে আমরা এখানে বাস করি, সকলকে আমার শুভেচ্ছা জানাচ্ছি এবং সাথে সাথে আগামী দিনে যখন বিধানসভা বসবে আশা করি আজকে যাঁরা উপস্থিত আছেন, হয়ত অনেকে নেই—সুস্থ থাকবেন, ভালো থাকবেন, সুন্দরভাবে আবার আসবেন, বিধাসভায় অংশগ্রহণ করবেন। আলোচনা করুন, সমালোচনা করুন, কিন্তু একটা কথা মনে রাখবেন এই বিধানসভা শান্তি, শৃঙ্খলা, সংহতি, স্থস্তি এবং সবার মধ্যে একটা সুন্দর ভালোবাসা, আদান-প্রদান এটা যেন আমাদের মধ্যে থাকে। মনে রাখবেন, কেউ আমরা আজ আছি ; কাল নেই, কিন্তু এই আদান-প্রদান সৌন্দর্যবোধটা যেন আমাদের মধ্যে অক্ষুণ্ণ থাকে। আমি আজকে প্রেস মিডিয়াকেও ধন্যবাদ জানাচ্ছি, অভিনন্দন জানাচ্ছি। তারা কন্টিনিউয়াস আমাদের সঙ্গে বসে থাকেন, কাজ করেন, সুতরাং তাদেরও এবং দর্শকরা যাঁরা আসেন ভিজিটাররা আসেন বিধায়কদের পারফরমেন্স দেখার জন্য তাদের অভিনন্দন জানাচ্ছি।

আরও বেশি করে সবাই আসুন, সকলে সুন্দর থাকুন। সর্বোপরি অধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানিয়ে ছোটো করব না, তিনি দীর্ঘদিন ভালো ল-ইয়ার হিসাবে খুব পপুলার আমরা জানি অনেকদিন থেকেই। কিন্তু তিনি এত তাড়াতাড়ি বিধানসভার কাজটাকে যেভাবে কন্ট্রোল করেছেন, করায়ত্ত করেছেন এটা একটা বড় শিক্ষার দিক। এইভাবে তিনি আমাদের গাইড করবেন। তিনিই বিধানসভার আমাদের মেন ফ্রেন্ড ফিলোজফার অ্যান্ড গাইড। তাঁর দীর্ঘ সুস্থ জীবন, তাঁর পারিবারিক জীবন সুন্দর কামনা করি। এইটুকু বলে ছোট্ট করে কৃতজ্ঞতা জানিয়ে ছোটো করব না, শুধু বলি আরও ভালো করে গণতন্ত্রের এই মন্দির, মসজিদ, গুরদুয়ার, গীর্জা সুন্দর করে মানুষের অভিপ্রায় নিয়ে, মানুষের ইচ্ছা নিয়ে যেন আমরা আলোকপাত করতে পারি, এইটুকু আমাদের সকলের কামনা। আপনাকে আবার ধন্যবাদ, ডেপুটি স্পীকার সহ সকলকে অনেক অনেক ধন্যবাদ।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি পরিষদীয় মন্ত্রী হিসাবে বলি, আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি নিজেও এখানে উপস্থিত, আমার মনে হয়, মুখ্যমন্ত্রীর বক্তব্যই আমাদের এই সরকারের পক্ষের বক্তব্য হিসাবে গণ্য করা হোক।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ। আমার খুব ভালো লাগছে যে, আমরা পুরনো নতুন সবাই মিলে এই সুন্দর ব্যবস্থার মধ্যে নিজেদের মধ্যে অনেক মত বিনিময়, মতপার্থক্য সত্ত্বেও এই হাউসটা চলে যাচ্ছে, চলে আসছে। এটা ঠিক আমরা বিরোধী পক্ষে আছি, আপনারা সরকার পক্ষে আছেন, সংখ্যাগরিষ্ঠ, সংখ্যালঘিষ্ঠ। তবুও মাননীয়া মুখ্যমন্ত্রীকে অভিনন্দন। তিনি শুরুতেই এই কথা বলেছিলেন যে, বিরোধীপক্ষরা যেন সময় পান। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয় এবং মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, উভয়কেই ধন্যবাদ জানাচ্ছি। আমরা কিছু বললেও আপনারা রাখার চেষ্টা করেছেন, সেই সুযোগটা দিয়েছেন। আমাদের এই গুরুত্বপূর্ণ হাউসে অনেকগুলো গুরুত্বপূর্ণ বিষয়—হয়তো সময়ের অভাবে, সরকারের সময়ের অভাবে আলোচনা হয়নি। ভবিষ্যতে এইগুলো যেন পুনরাবৃত্তি না ঘটে। আমি মাননীয়া মুখ্যমন্ত্রী, আমাদের পরিষদীয় মন্ত্রী পার্থবাবু এবং স্পীকার মহোদয় আপনাকে অনুরোধ করব। আর আমরা অনেকেই আমাদের সদস্যরা আছেন, বন্ধুবর তারা—সবাই। এটা কোনো দোষের নয়, আপনি শুরুতে বলেছিলেন বা সুযোগ হয়েছিল ট্রেনিং নেওয়ার ব্যাপারে, নিয়ম-কানুনগুলো একটু জানা। সেটা হয়তো রাজনৈতিকগতভাবে দল থেকে নেওয়া হয়েছে কিন্তু আপনার মাধ্যমে, আপনি সরকারিভাবে করবেন বলেছিলেন। আবার আমাদের তো পাঁচটা বছর চলতে হবে, সুতরাং, সেটাও করুন। আমরা যেন নিজেদের মধ্যে—হাউসের একটা ঐতিহ্য আছে, সেটা যেন বজায় রাখতে পারি। আপনাকে আবার ধন্যবাদ, আমাদের সরকারি পক্ষের সকল সদস্য, বিধানসভার সকল সদস্য, সাংবাদিক বন্ধুরা। আর যেটা আমাদের গর্ব, রাজ্যের একটা সরকারের প্রশাসনের অনেক জায়গা আছে। কিন্তু যে কথা বলা যায়, 'ডু ইট নাও' সেটা একমাত্রই বোধহয় আমাদের বিধানসভার কর্মচারী বন্ধুরা করেন। এটা চাই, ওটা চাই, এক্ষুনি এনে দাও—সঙ্গে সঙ্গে তারাই করেন। সুতরাং, তাদেরও ধন্যবাদ জানিয়ে এবং আমি আপনাকে আরও একবার ধন্যবাদ জানিয়ে শেষ করছি নমস্কার।

শ্রী মহঃ সোহরাব : মাননীয় স্পীকার স্যার, আজকে এই অধিবেশন শেষ হচ্ছে। প্রথমে আপনি যখন একজন ভালো ল-ইয়ার হিসাবে সুনাম করেছিলেন, কিন্তু এই স্পীকার পদে নতুন এবং ডেপুটি স্পীকার তিনিও নতুন। আমাদের যাঁরা ২৯৪ জন সদস্য এসেছেন, তাদের মধ্যে বেশির ভাগই নতুন। তথাপি এই হাউসে যে পারফরমেন্স, নতুন যাঁরা বিধায়ক এসেছেন তাঁদের যে পারফরমেন্স, বিশেষ করে আপনি যেভাবে হাউসকে নিয়ন্ত্রণ করেছেন, যেভাবে আমাদের একজন কাস্টিডিয়ান হিসাবে, ফিলোজাফার এবং গাইড হিসাবে পরিচালনা করেছেন তার জন্য আমি আপনাকে আন্তরিকভাবে কৃতজ্ঞতা জানাচ্ছি, ধন্যবাদ জানাচ্ছি। এই সঙ্গে ডেপুটি স্পীকারকেও জানাচ্ছি এবং আমাদের মন্ত্রিসভার যিনি নেত্রী তিনি যেভাবে প্রতিটি সরকারের কাজ, যেভাবে পরিচালনা করছেন, মা-মাটি-মানুষের সরকারের নেত্রী হিসাব, জনগণের কাছে তিনি আরও গ্রহণযোগ্য হিসাবে প্রমাণিত করছেন,

বিধানসভার বিভিন্ন ক্ষেত্রেও তিনি যেভাবে তাঁর বক্তব্য রেখেছেন, সেই জন্য তাঁকে এবং সেই সঙ্গে আমাদের বিধানসভার যে সমস্ত কর্মী, সেক্রেটারি থেকে আরম্ভ করে সমস্ত কর্মী এবং প্রেসে যাঁরা এখানে আছেন সকলকেই আমার কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জানিয়ে, আবার আপনাকে আমার শ্রদ্ধা এবং কৃতজ্ঞতা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6.00 – 6.08 p.m.]

শ্রী পরেশচন্দ্র অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া এবং রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী, সংসদীয় মন্ত্রী, মুখ্য সচেতক, বিরোধী দলের দলনেতা এবং ডেপুটি লিডার যিনি আমাদের এখানে কিছুক্ষণ আগেই বক্তব্য রাখলেন এবং বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি এবং সদস্য, যাঁরা এই মহতি সভায় উপস্থিত আছেন, আমি আমার দলের পক্ষ থেকে প্রথমেই মাননীয় অধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি যে এবার পঞ্চদশ এই বিধানসভায় অনেকেই নতুন মুখ সদস্য আছেন। যিনি অধ্যক্ষের পদে বসেছেন, তিনিও নতুন। উপাধ্যক্ষা মহাশয়া তিনি এর আগে সদস্য ছিলেন। এবারে নতুন উপাধ্যক্ষা হিসাবে যোগদান করেছেন। আমরা এই সভায় নতুন পুরানো সব হারিয়ে ফেলেছিলাম। আমরা কয়েকদিনের মধ্যেই এই সভাকে যাতে সমস্ত দিক দিয়ে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যিনি প্রথম দিনেই ওনার ভাষণে যে কথা বলেছিলেন যে 'আমরা ওরা নয়', এই মহতি সভায় আমরা সকলেই এই সংসদীয় রাজনীতিতে আমাদের বিরোধী দলকে যাতে প্রাধান্য দিই, সকলেই যাতে সমস্ত কথা বলতে পারি, মাননীয় অধ্যক্ষ মহাশয় সর্বসময় সেই কথা মনে রেখেছেন। কিন্তু সময়ের অভাবে হয়তো উনি সব সময় কথা রাখতে পারেন নি, কিন্তু উনি চেষ্টা করেছেন, আমরা ওনাকে ধন্যবাদ জানাচ্ছি। এই বিধানসভার কর্মচারী, যাঁরা নিরলসভাবে আমাদের সমস্ত কাজে এগিয়ে এসেছেন, তাদেরকে আমি ধন্যবাদ জানাচ্ছি। প্রথাগতভাবে শুধু ধন্যবাদই নয়, যে ঈদ উৎসব শান্তিপূর্ণভাবে আমাদের এই পশ্চিমবঙ্গে আমরা যেভাবে পালন করেছি, আগামী কয়েকদিন ছুটি থাকবে, শারদোৎসব এবং বিভিন্ন উৎসব আসবে, সকলকে আগাম শুভেচ্ছা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Dr. Harka Bahadur Chhetri : Thank you very much, Hon'ble Speaker, Sir. I must thank the Hon'ble Chief Minister, Hon'ble Deputy Leader of the House, Parth-da, and Hon'ble Deputy Speaker, Madam.

Four of us are new people. This is a new experience and wonderful experience at that. Though we fight where the issues are concerned because we represent different places, we have different issues and at times it so happens that the other members won't understand the problem of my constituency. That is quite natural because I have different problem like rest of the Hon'ble Members have their problems. But at the end of the day this is a House which is supreme. This is a House which decides in which direction the State moves. This is a House if we can practise the harmony that we so much talk about, at the end of all arguments, all debates,

we have the same market to buy our food grains from. We have the same cafe to go and have coffee. We have to face same problem. So if we keep that in mind, having discussed at length when we go out smiling that is probably one of the beautiful example of the Parliamentary democracy has to offer to us. And, Hon'ble Sir, you might be irritated at times when some of the members do not listen to you and keep on shouting. Even I have shouted today. We all are human beings. No matter how much we try to control our temper it goes out of hand at times. Nevertheless, we are learning and in that process this is probably the best place to learn. This is best place where an average immature person goes out and faces the world and faces like immature man. So I have my lesson. I am sure that other Hon'ble members have their lesson. Thank you very much. Next time when we come back we return back more greener. Next time when we meet we will be better human beings.

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত মাসের ১০ তারিখ থেকে আজ পর্যন্ত অশেষ ধৈর্যসহকারে আপনি সভার কাজ পরিচালনা করেছেন। আপনাকে সেই জন্য অভিনন্দন জানাচ্ছি, শুভেচ্ছা জানাচ্ছি। অভিনন্দন জানাচ্ছি আমাদের উপাধ্যক্ষা মহাশয়াকে, তিনিও আপনাকে সাহায্য করেছেন। আমাদের মুখ্যমন্ত্রী থেকে শুরু করে অন্যান্য মন্ত্রিসভার সদস্য-সদস্যাদের এবং উপস্থিত যাঁরা বিধায়ক রয়েছেন তাঁদের সকলকে আমি শুভেচ্ছা জানাচ্ছি। বিধানসভায় যাঁরা সরকারি আধিকারিক আছেন এবং অন্যান্য কর্মচারী রয়েছেন, যাঁরা নিরলসভাবে বিধানসভার কাজকর্মে সহযোগিতা করেছেন, তাঁদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি। আশা করি, আমরা সকলেই ভালো থাকব। আবার আগামী সেসানে আমরা সকলে একসঙ্গে এখানে মিলিত হব। সকলকে আবার ধন্যবাদ জানিয়ে আমার কথা শেষ করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভার নেত্রী মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর শুরুর বক্তব্যে সমস্ত দিককে সুন্দরভাবে তিনি প্রকাশ করেছেন, সকলকে ধন্যবাদ জানিয়েছেন, আমাদের দলের পক্ষেও তিনি সকলকে ধন্যবাদ জানিয়েছেন। তাই নতুন করে আর আমার কিছু বলার নেই। শুধু আপনার সুদীর্ঘ, সুস্থ জীবন কামনা করছি। উপাধ্যক্ষ পদে যিনি ডেপুটি স্পীকার আছেন, তাঁরও সুস্থ এবং সুদীর্ঘ জীবন কামনা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডেপুটি স্পীকার ম্যাডাম : মাননীয় স্পীকার স্যার, আমার তো এমনিতেই বলার সুযোগ নেই, ডেপুটি স্পীকারের আর বলার সুযোগ কোথায়। তবুও আপনি অত্যন্ত দক্ষতার সঙ্গে প্রথম বাজেট সেশান থেকে আজ পর্যন্ত যেভাবে চালিয়েছেন তার জন্য আপনাকে অসংখ্য ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছি। অনেক দুর্যোগ, অনেক বেসামাল পরিস্থিতির মধ্যেও মাননীয়া মুখ্যমন্ত্রী যেভাবে আমাদের বিধানসভায় সময় দিয়েছেন তার জন্য তাঁকে এবং পরিষদীয় মন্ত্রীকে—আমি লক্ষ্য করেছি অনেকে গুরুত্বপূর্ণ মন্ত্রীও সময়

দিয়েছেন বিধানসভাকে। তার জন্য তাদের সবাইকে শ্রদ্ধা, নমস্কার এবং ধন্যবাদ জানাচ্ছি। বিরোধী দলনেতা নেই, তিনি চলে গেলেন। আর অনারেবল মেম্বারস যাঁরা আছেন, মহঃ সোহরাব থেকে শুরু করে, সাজিদা থেকে শুরু করে সকলকেই আমার পক্ষ থেকে ধন্যবাদ জানাচ্ছি। আগামী দিন সকলেরই সুন্দর হয়ে উঠুক। আমাদের একজন মাননীয় সদস্যা অসুস্থ আছেন। আমরা সভার কক্ষ থেকে আজকে শেষ দিনে তাঁর দ্রুত আরোগ্য কামনা করি। সবাইকে আন্তরিক নমস্কার, শ্রদ্ধা, ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার। ধন্যবাদ।

মিঃ স্পীকার : সবাইকে আমি ধন্যবাদ জানাই ব্যক্তিগতভাবে। মাননীয়া মুখ্যমন্ত্রী, মন্ত্রিসভার সমস্ত সদস্য, মাননীয়া সদস্যা যাঁরা রয়েছেন এবং বিশেষ করে আমাদের ডেপুটি স্পীকার, তিনি যেভাবে আমাকে সহযোগিতা করেছেন এবং একই সঙ্গে আমাদের যে সেক্রেটারিয়েট স্টাফ তারা নিরলসভাবে যেভাবে কাজ করেছেন এবং প্রেস মিডিয়া যাঁরা রয়েছেন এবং বিরোধী দলের সমস্ত সদস্যদের কাছ থেকে যে সহযোগিতা পেয়েছি হাউস পরিচালনা করার জন্য তার জন্য আমি সকলকে ধন্যবাদ জানাই। এটা আমার একার ব্যাপার নয়, সকলকে নিয়ে আমায় চলতে হয় এবং আপনারা যেভাবে সহযোগিতা করেছেন তার জন্য সবাইকে আমি ধন্যবাদ জানাই। সবাই ভালো থাকুন। The House stands adjourn till sine die. আমাদের পাশেই একটা অনুষ্ঠান আছে আপনারা জানেন—বন মহোৎসব। আমি সবাইকে অনুরোধ করব আপনারা ওখানে সকলে উপস্থিত থাকবেন। ধন্যবাদ।

Adjournment

Accordingly, the House was them adjourned sine die at 6.08 p.m.

INDEX TO THE

West Bengal Legislative Assembly Proceedings

Vol. No. : 138, No. : II,

(August to September Session 2011)

(The 24th , 25th, 26th, 29th August and 1st and 2nd September, 2011)

Date : 24th Autust, 2011

STARRED QUESTIONS

(to which oral answers were given)

—শ্রী তজমুল হোসেন (Q) / PP-1-2

—শ্রী জ্যোতির্ময় কর (Q) / PP-5-9

—শ্রী কাশীনাথ মিশ্র (Q) / PP-13-14

—শ্রী আনিসুর রহমান (Q) / PP-17-18

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

—শ্রী মনোরঞ্জন পাত্র (Q) / P-19

—শ্রী অশোক ঘোষ (Q) / P-19

—শ্রী এস. এম. সাদি (Q) / P-20

—Md. Ghulam Rabbani (Q) / P-20

—শ্রী উপেন কিস্কু (Q) / PP-20-21

—Shri Joseph Munda (Q) / PP-21-22

—শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা (Q) / PP-23-25

—শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী (Q) / PP-25-26

—শ্রী নেপাল মাহাত (Q) / P-26

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

—শ্রী অসিত কুমার মাল (Q) / P-27

—শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো (Q) / PP-27-28

—শ্রী ইনসার আলি বিশ্বাস (Q) / P-28, 29

—শ্রী রামেশ্বর দোলই (Q) / P-29

—শ্রী বাসুদেব খাঁ (Q) / PP-29-30

—শ্রী অপূর্ব সরকার (Q) / PP-30-31

—শ্রী কাশীনাথ মিশ্র (Q) / P-32

—শ্রী সুনীলকুমার মণ্ডল (Q) / P-32

—শ্রী অপূর্ব সরকার (Q) / P-33, 34

CALLING ATTENTION (NOTICE)

—raised by Shri Tajmul Hossain

—raised by Shri Satyendra Nath Roy

—raised by Shri Nepal Mahato

—raised by Shri Abu Taher Khan

—raised by Apurba Sarkar and Shri Umapada Bauri / P-34

—raised by Shri Ajoy Dey

—raised by Shri Kashinath Mishra

—raised by Shri Kallol Khan and Shri Manturam Pakhira / P-35

GOVERNMENT BUSINESS

RE-LAYING OF RULES

The West Bengal Fiscal Responsibility and Budget Management Rules, 2011

—Laid by **Dr. Amit Mitra** / P-35

MENTION CASES

—শ্রী শীতল কুমার সর্দার / P-35

—Dr. Harka Bahadur Chhetri / P-36

—শ্রী তজমুল হোসেন / P-36

— Dr. Rohit Sharma / PP-36-37

—শ্রী সত্যেন্দ্রনাথ রায় / P-37

—শ্রী তোয়াব আলি / P-37

—শ্রী শেখ সফিউজ্জামান / P-38

—শ্রী ইমানী বিশ্বাস / P-38

—ডঃ তরুণকান্তি নস্কর / P-38-39

—শ্রী আবু তাহের খান / P-39

—শ্রী অপূর্ব সরকার / PP-39-40

—শ্রী যোসেফ মুণ্ডা / P-40

—শ্রী আনিসুর রহমান / P-40

—শ্রীমতী প্রতিমা রজক / P-41

—শ্রী নেপাল মাহাত / P-41

—শ্রী মহম্মদ গুলাম রব্বানী / P-41

—শ্রী ইনসার আলি বিশ্বাস / P-42

—শ্রী নির্মলচন্দ্র মণ্ডল / P-42

—শ্রী কল্লোল খাঁ / PP-42-43

—শ্রী স্বপন দেবনাথ / P-43

—শ্রী কাশীনাথ মিশ্র / P-43

—Smt. Mamtaj Begum / P-44

—ডঃ আশীষ ব্যানার্জী / PP-44-45

ZERO HOUR

—শ্রী তজমুল হোসেন / P-45

—ডঃ আশীষ ব্যানার্জী / P-45

—শ্রী অভিজিৎ মুখার্জী / P-46

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-46-47

—শ্রী মহম্মদ সোহরাব / P-47

—শ্রী সুশীল বিশ্বাস / PP-47-48

—ডঃ তরুণকান্তি নস্কর / P-48

—শ্রী কাশীনাথ মিশ্র / P-48

Point of Information

—শ্রী কাশীনাথ মিশ্র / P-49

—শ্রী মহঃ গুলাম রব্বানী / P-49

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

Demand No. 40

—শ্রী তোয়াব আলি / PP-49-54

—শ্রী বিপ্লব রায়চৌধুরী / PP-54-57

—শ্রী নর্মদাচন্দ্র রায় / PP-57-60

—শ্রী কালীপদ মণ্ডল / PP-60-64

—শ্রী দেবপ্রসাদ রায় / PP-64-67

—শ্রী বিজয় বাগদী / PP-67-69

—শ্রী সমরেশ দাস / PP-69-72

—শ্রী নারায়ণ মুখার্জী / PP-72-75

—শ্রী চন্দ্রনাথ সিংহ / PP-75-78

Demand No. 7

—শ্রী সুনীল কুমার মণ্ডল / PP-78-81

—শ্রী নির্মলচন্দ্র মণ্ডল / PP-81-82

—শ্রী কেশবচন্দ্র রায় / PP-82-84

—শ্রী নর্মদাচন্দ্র রায় / PP-84-86

—শ্রী স্বপন বাউরী / PP-86-87

—শ্রী শীতলকুমার সর্দার / PP-87-88

—শ্রী খগেন্দ্রনাথ সিন্‌হা / PP-88-90

—ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস / PP-90-94

Date : 25th Autust, 2011

OBITUARY REFERENCES

—by Mr. Speaker / PP-95-96

STARRED QUESTIONS
(to which oral answers were given)

—শ্রী তজমুল হোসেন / PP-96-100

—শ্রী জ্যোতির্ময় কর / PP-100-108

—শ্রী নর্মদাচন্দ্র রায় / PP-108-111

—শ্রী অজিত ভুঞ্যা / PP-111-112

STARRED QUESTIONS
(to which answers were laid on the Table)

—শ্রী মন্টুরাম পাখিরা / PP-112/113

—শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী / P-113

CALLING ATTENTION (Notice)

—raised by Shri Tajmul Hossain

—raised by Shri Kashinath Mishra

—raised by Shri Kallol Khan, Shri Manturam Pakhira, Shri Ashutosh Mukherjee, Shri Sunil Kumar Mondal, Shri Nepal Mahata, Dr. Asish Banerjee, Shri Ajoy Dey / PP-113-114

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Audit Report on the Accounts of the Panchayat Raj Institutions in West Bengal for the year 2008-2009

—শ্রী ইন্দ্রনাথ সিন্‌হা / P-115

The 35th Annual Report Containing Annual Accounts and Audit Report there on, of the West Bengal State Minor Irrigation Corporation Limited for the year 2008-2009

—ডঃ সৌমেন কুমার মহাপাত্র / P-115

MENTION CASES

—শ্রী উমাপদ বাউড়ি / P-115

—শ্রী সৌমিত্র খাঁ / P-115

—শ্রী নেপাল মাহাত / P-116

—শ্রী তজমুল হোসেন / P-116

—শ্রী অভিজিৎ মুখার্জী / PP-116-117

—শ্রী শেখ সফিউজ্জামান / P-117

—শ্রী আবু তাহের খান / P-117

—শ্রী ইনসার আলি বিশ্বাস / PP-117-118

—শ্রীমতী বীণা মণ্ডল / P-118

—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা / P-118

—ডঃ তরুণকান্তি নস্কর / P-118

—শ্রী অশোক ঘোষ / P-119

—Dr. Rohit Sharma / PP-119-120

—Dr. Harka Bahadur Chhetri / PP-120-121

—শ্রী নর্মদাচন্দ্র রায় / P-121

—শ্রীমতী সায়নী সিংহ রায় / PP-121-122

—শ্রী কাশীনাথ মিশ্র / P-122

—শ্রী আব্দুর রহিম বক্সি / P-122

—ডঃ আশীষ ব্যানার্জী / PP-122-123

—শ্রী অসিত মজুমদার / P-123

—শ্রী অজয় দে / P-123

—শ্রী সুনীলকুমার মণ্ডল / P-124

—ডঃ এম. নুরুজ্জামান / P-124

—শ্রীমতী শিউলি সাহা / P-124

ZERO HOUR

—শ্রী তজমুল হোসেন / PP-124-125

—শ্রী কাশীনাথ মিশ্র / P-125

—ডঃ আশীষ ব্যানার্জী / P-125

—শ্রী অশোক ঘোষ / PP-125-126

—শ্রী অজয় দে / P-126

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-126-127

—শ্রী পূর্ণেন্দু বসু / P-127

DISCUSSION ON VOTING ON DEMAND FOR GRANTS

Demand Nos. 9, 44 and 29

Discussed by—শ্রী নারায়ণ মুখার্জী / PP-127-130

Discussed by—শ্রী নির্মল ঘোষ / PP-130-133

Discussed by—শ্রী চিরঞ্জিৎ চক্রবর্তী / PP-133-135

Discussed by—শ্রী নর্মদাচন্দ্র রায় / PP-136-140

Discussed by—শ্রী বেচারাম মান্না / PP-140-142

Discussed by— Shri Ali Imran Ramz / PP-143-147

Discussed by—শ্রী রাজীব ব্যানার্জী / PP-147-150

Discussed by—শ্রী ইনসার আলি বিশ্বাস / PP-150-152

Discussed by—শ্রী পার্থ চ্যাটার্জী / PP-152-159

MOTION

—by Dr. Amit Mitra / PP-159-160, P-174

Demand No. 31

Discussed by—শ্রী আব্দুর রহিম বক্সি / PP-160-165

Discussed by—শ্রী সুনীলকুমার মণ্ডল / PP-165-167

Discussed by—শ্রী সুখবিলাস বর্মা / PP-168-169

Discussed by—শ্রী খগেন্দ্রনাথ সিন্‌হা / P--169-170

Discussed by—শ্রী পার্থ চ্যাটার্জী / PP-171-174

Date : 26th Autust, 2011

STARRED QUESTIONS

(to which oral answers were given)

—শ্রী কাশীনাথ মিশ্র / PP-175-178

—শ্রী পার্থ চ্যাটার্জী / PP-176-182

—শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী / PP-182-185

—শ্রী পার্থ চ্যাটার্জী / PP-183-189

STARRED QUESTIONS

(to which answers were laid on the Table)

—শ্রী প্রবোধচন্দ্র সিংহ / P-190

—শ্রী কাশীনাথ মিশ্র / PP-190-191

CALLING ATTENTION

raised by—Shri Tajmul Hossain

raised by— Shri Kashinath Mishra

raised by—Shri Kallol Khan & Shri Manturam Pakhira

raised by— Shri Abhijit Mukherjee

raised by—Shri Apurba Sarkar

raised by—Shri Abu Taher Khan & Shri Emani Biswas / P-191

raised by—Shri Nepal Mahata

raised by—Shri Umapada Bauri

raised by—Smt. Debasree Roy / P-191

POINT OF INFORMATION (Announcement)

—ডঃ অমিত মিত্র / PP-192-195

VOTING ON DEMAND FOR GRANTS

Demand No. 5

Discussed by—শ্রী নগেন্দ্রনাথ রায় / PP-196-197

Discussed by—শ্রী নির্মলচন্দ্র মণ্ডল / PP-197-198

Discussed by—শ্রী নাসিরুদ্দি আহমেদ / PP-198-199

Discussed by—শ্রী রঞ্জিত মণ্ডল / PP-199-201

Discussed by—শ্রী আসিফ মেহবুব / PP-201-202

Discussed by—শ্রী শুভাশীষ বটব্যাল / PP-202-204

Discussed by—শ্রী সুভাষ নস্কর / PP-204-207

Discussed by—শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য / PP-207-209

Demand No. 32

Discussed by—আব্দুর রহিম বক্সি / PP-210-212

Discussed by—শ্রী দুলাল মুর্মু / PP-212-214

Discussed by—শ্রী তজমুল হোসেন / PP-214-215

Discussed by—শ্রী দেবপ্রসাদ রায় / PP-215-218

Discussed by—শ্রী গোকুল রায় / PP-218-220

Discussed by—শ্রী অরূপ খাঁ / PP-220-222

—ডাঃ সূর্য্যকান্ত মিশ্র / PP-222-228

Discussed by—শ্রী শ্যামল মণ্ডল / PP-228-229

Discussed by—ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা / PP-229-235

Demand No. 11

Discussed by—নর্মদাচন্দ্র রায় / PP-236-237

Discussed by—শ্রী জ্যোতির্ময় কর / PP-237-239

Discussed by—Shri Ali Imran Ramz / PP-239-240

Discussed by—শ্রী অজয় দে / PP-241-242

Discussed by—শ্রী স্বপন দেবনাথ / PP-242-244

Discussed by—শ্রী আনিসুর রহমান / PP-245-250

Discussed by—ডাঃ মানসরঞ্জন ভূঞ্যা / PP-250-253

Date : 29th Autust, 2011

STARRED QUESTIONS
(to which oral answers were given)

—শ্রী তজমুল হোসেন / PP-255-260

—শ্রী নর্মদাচন্দ্র রায় / PP-261-266

—শ্রী কাশীনাথ মিশ্র / PP-266-271

STARRED QUESTIONS
(to which answers were laid on the Table)

—শ্রী মনোরঞ্জন পাত্র / P-272

—শ্রী নরেশচন্দ্র চাকি / PP-272-273

—শ্রী আনিসুর রহমান / P-273

—শ্রী অশোক ঘোষ / P-273

—শ্রী এস. এম. সাদি / PP-273-274

—শ্রী অজিত ভূঞ্যা / PP-274-275

—শ্রী ঈদ মহম্মদ / P-275

—Shri Joseph Munda / P-276

—শ্রী বাসুদেব খাঁ / P-276

—শ্রী উপেন কিস্কু / P-276

—ShriManturam Pakhira / P-277

—শ্রী ইনসার আলি বিশ্বাস / P-277

—শ্রী কৃষ্ণেন্দুনারায়ণ চৌধুরী / PP-277-278

—শ্রী চৌধুরী মহম্মদ হেদায়েতুল্লা / P-278

—শ্রী প্রবোধচন্দ্র সিংহ / PP-278-279

—Shri Ali Imran Ramz / P-279

UNSTARRED QUESTIONS

(to which written answers were given)

—শ্রী তজমুল হোসেন / P-280

—শ্রী তজমুল হোসেন / PP-280-281

—শ্রী অসিত মজুমদার / P-281

—শ্রী ঈদ মহম্মদ / P-281

—শ্রী অপূর্ব সরকার / P-282

—শ্রী তোয়াব আলি / P-283

—শ্রী সুনীলকুমার মণ্ডল / PP-283-284

—শ্রী অপূর্ব সরকার / P-284

—শ্রী অপূর্ব সরকার / PP-284-285

—শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ / PP-285-286

—শ্রীমতী প্রতিমা রজক / P-286

—শ্রী হুমায়ুন কবীর / PP-286-287

—শ্রী হুমায়ুন কবীর / P-287

—Shri Md. Ghulam Rabbani / PP-287-288

—শ্রী উমাপদ বাউড়ি /PP-288-289

—শ্রী আব্দুর রহিম বক্সী / PP-289-290

—শ্রীমতী শাওনী সিংহরায় / P-291

—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা / PP-291-292

—Shri Manturam Pakhira / P-292

—শ্রী মন্টুরাম পাখিরা / PP-292-293

—শ্রী সফিউজ্জামান / P-293

CALLING ATTENTION (Notice)

—Shri Tajmul Hossain / P-293

—Shri Subhas Naskar / P-293

—Shri Kashinath Mishra / P-293

—Shri Manturam Pakhira / P-293

—Shri Sunil Kumar Mondal / P-293

—Shri Nepal Mahata / P-293

MENTION CASES

—শ্রী জটু লাহিড়ী / P-294

—ডঃ আশীষ ব্যানার্জী / P-295

—শ্রী তজমুল হোসেন / P-295

—শ্রী অশোক ঘোষ / PP-295-296

—ডঃ তরুণকান্তি নস্কর / P-296

—শ্রী কাশীনাথ মিশ্র / PP-296-297

—শ্রী নর্মদাচন্দ্র রায় / P-297

—শ্রী নির্মলচন্দ্র মণ্ডল / PP-297-298

—শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী / P-298

—শ্রী নেপাল মাহাত / P-299

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-299-300

—শ্রী তপন চ্যাটার্জী / P-300

—শ্রী আনিসুর রহমান / PP-300-301

—শ্রী অসিত মিত্র / P-301

—শ্রী সুনীলকুমার মণ্ডল / PP-301-302

—শ্রীমতী দেবশ্রী রায় / P-302

—শ্রী চৌধুরী মহঃ হেদায়েতুল্লা / P-302

—শ্রীমতী কস্তুরী দাস / P-303

—শ্রী সমীরকুমার পোদ্দার / P-303

—শ্রী ইনসার আলি বিশ্বাস / PP-303-304

—শ্রী বিপ্লব রায়চৌধুরী / P-304

ZERO HOUR

—শ্রী তজমুল হোসেন / P-305

—ডঃ তরুণকান্তি নস্কর / PP-305-306

—শ্রী নেপাল মাহাত / P-306

—শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী / PP-306-307

—শ্রী অসিত মিত্র / P-307

—শ্রী আনিসুর রহমান / PP-307-308

LEGISLATION

The West Bengal Finance Bill, 2011

—Dr. Amit Mitra / P-308

—শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা / PP-309-315

—শ্রী পরেশচন্দ্র অধিকারী / PP-315-317

—শ্রী কাশীনাথ মিশ্র / PP-317-319

—শ্রী সুভাষ নস্কর / PP-320-321

—ডঃ সুখবিলাস বর্মা / PP-321-324

—শ্রী পরশ দত্ত / PP-324-326

—ডাঃ সূর্য্যকান্ত মিশ্র / PP-326-332

—ডঃ অমিত মিত্র / PP-332-339

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

—Mr. Speaker / P-339

—শ্রী পার্থ চ্যাটার্জী / P-339

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

—**Discussion on Demand No. 45**

—শ্রী আব্দুর রেজ্জাক / PP-340-341

—শ্রী সুশীল বিশ্বাস / PP-341-343
—শ্রী নর্মদাচন্দ্র রায় / PP-343-344
—শ্রী যোগরঞ্জন হালদার / PP-344-346
—শ্রী অসিতকুমার মাল / PP-346-348
—শ্রী সুনীলকুমার মণ্ডল / PP-348-350
—শ্রী কল্লোল খাঁ / PP-350-351
—শ্রী খগেন মুর্মু / PP-352-353
—শ্রী সুব্রত মুখার্জী / PP-354-360

Date : 1st September, 2011

OBITUARY REFERENCE

—by Mr. Speaker / P-361

STARRED QUESTIONS

(The Held Over questions answers to which were laid on the Table)

—শ্রী এস. এস. সাদি / P-362
—শ্রী ঈদ মহম্মদ / P-363

STARRED QUESTIONS

(to which oral answers were given)

—শ্রী তজমুল হোসেন / PP-363-368
—শ্রী জ্যোতির্ময় কর / PP-368-372
—শ্রী নর্মদাচন্দ্র রায় / PP-373-375
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-376-382

STARRED QUESTIONS

(to which answers were laid on the Table)

—শ্রী আনিসুর রহমান / PP-382-383
—শ্রী নরেশচন্দ্র চাকী / P-383
—শ্রী এস. এম. সাদি / P-384
—শ্রী অসিত মিত্র / PP-384-386
—শ্রী উপেন কিস্কু / P-387
—Shri Joseph Munda / PP-387-388

CALLING ATTENTION (Notice)

—Shri Tajmul Hossain / P-388

—Shri Asit Mazumdar / P-388

—Shri Abdur Rahim Boxi & Shri Narmada Chandra Roy / P-388

—Shri Kashinath Mishra & Shri Asutosh Mukherjee / P-389

—Shri Sunil Kumar Mandal / P-389

—Shri Asit Mitra / P-389

—Shri Nepal Mahata & Shri Umapada Bauri / P-389

CALLING ATTENTION (Statement)

—raised by Shri Nepal Mahata on the 23rd August, 2011 / PP-390-392

—raised by Dr. Asish Banerjee on the 25th August, 2011 / PP-392-394

—raised by Debasree Roy on the 26th August, 2011 / PP-394-396

—raised by Shri Ajoy Dey on the 24th August, 2011 / PP-397-398

PRESENTATION OF COMMITTEE REPORT

— Shri Khagendra Nath Sinha / P-396

LAYING OF REPORTS AND ACCOUNTS

—Dr. Amit Mitra / PP-396-397

MENTION CASES

—শ্রী খগেন মুর্মু / PP-398-399

—শ্রী অসিত মজুমদার / P-399

—ডঃ তরুণকান্তি নস্কর / PP-399-400

—শ্রী নর্মদাচন্দ্র রায় / P-400

—শ্রী শীতলকুমার সর্দার / PP-400-401

—শ্রী চৌধুরী মহঃ হেদায়েতুল্লাহ / P-401

—শ্রী কাশীনাথ মিশ্র / PP-401-402

—শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী / P-402

—শ্রী গোকুল রায় / PP-402-403
—শ্রী সুনীলকুমার মণ্ডল / P-403
—শ্রী অসিত মিত্র / P-403
—শ্রী আব্দুর রাজ্জাক / PP-403-404
—শ্রী নেপাল মাহাত / P-404
—শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ / PP-404-405

VOTING ON DEMANDS FOR GRANTS

Demand No. 39 and Demand No. 54

—শ্রী উদয়ন গুহ /PP-405-407
—শ্রী অর্জুন সিং / PP-408-410
—শ্রীমতী অপর্ণা সাহা / PP-410-411
—শ্রী ঈদ মহম্মদ / PP-412-414
—শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী / PP-414-416
—শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী / PP-416-417
—শ্রী অশোক ঘোষ / PP-417-419
—শ্রী সুনীলকুমার মণ্ডল / P-420
—শ্রী উজ্জ্বল চ্যাটার্জী / PP-420-422
—শ্রী এস. এম. সাদি / PP-423-425
—শ্রী ফিরহাদ হাকিম / PP-426-429

MOTION

Demand No. 39

—Mr. Speaker / PP-429-430

Discussion on Demand No. 38

—শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা / PP-430-433
—ডঃ আবুল কাশেম মোল্লা / PP-433-434
—Shri Michael Shane Calvert / PP-434-437
—শ্রী আব্দুর রহিম বক্সী / PP-437-438
—শ্রী সুব্রত মুখার্জী / P-438
—শ্রী আবু তাহের খান / PP-439-440

—শ্রী শেখ আমজাদ হোসেন / PP-440-442
—ডাঃ এম. নুরুজ্জামান / PP-442-444
—শ্রী এস. এম. সাদী / PP-444-445
—শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-445-453

DEMANDS WERE PUT TO GUILLOTINE

Demand No. 1 / P-454
Demand No. 3 / P-454
Demand No. 4 / P-454
Demand No. 8 / P-455
Demand No. 10 / P-455
Demand No. 12 / P-455
Demand No. 14 / PP-455-456
Demand No. 17 / P-456
Demand No. 18 / P-456
Demand No. 19 / P-457
Demand No. 20 / P-457
Demand No. 22 / P-457
Demand No. 23 / PP-457-458
Demand No. 24 / P-458
Demand No. 26 / P-458
Demand No. 27 / PP-458-459
Demand No. 28 / P-459
Demand No. 30 / P-459
Demand No. 33 / PP-459-460
Demand No. 34 / P-460
Demand No. 36 / P-460
Demand No. 37 / P-460
Demand No. 41 / P-461
Demand No. 42 / P-461
Demand No. 46 / P-461

Demand No. 47 / P-461
Demand No. 48 / P-462
Demand No. 49 / P-462
Demand No. 51 / P-462
Demand No. 52 / P-462
Demand No. 53 / P-463
Demand No. 57 / P-463
Demand No. 58 / P-463
Demand No. 59 / P-464
Demand No. 60 / P-464
Demand No. 61 / P-464

Date : 2nd September, 2011

UNSTARRED QUESTIONS

(to which answers were laid on the Table)

—শ্রী তজমুল হোসেন / PP-465-466
—শ্রী তজমুল হোসেন / P-466
—শ্রী তজমুল হোসেন / PP-466-467
—শ্রী তজমুল হোসেন / PP-467-468
—শ্রী তজমুল হোসেন / P-468
—শ্রী তজমুল হোসেন / PP-469-470
—শ্রী তজমুল হোসেন / PP-470-471
—শ্রী তজমুল হোসেন / P-471
—শ্রী তজমুল হোসেন / P-471
—শ্রী তজমুল হোসেন / PP-471-473
—শ্রী তজমুল হোসেন / P-473
—শ্রী নর্মদাচন্দ্র রায় / P-473
—শ্রী অসিত মিত্র / PP-473-474
—শ্রী অসিত মজুমদার / P-475

—শ্রী মনোরঞ্জন পাত্র / PP-475-476
—শ্রী আনিসুর রহমান / PP-476-477
—শ্রী আনিসুর রহমান / P-477
—শ্রী আনিসুর রহমান / P-477
—শ্রী আনিসুর রহমান / PP-477-478
—শ্রী আনিসুর রহমান / P-478
—শ্রী এস. এম. সাদি / P-479
—শ্রী এস. এম. সাদি / P-479-480
—শ্রী এস. এম. সাদি / P-480
—শ্রী জ্যোতির্ময় কর / P-480
—শ্রী জ্যোতির্ময় কর / PP-481
—শ্রী জ্যোতির্ময় কর / PP-481
—শ্রী জ্যোতির্ময় কর / PP-481-482
—শ্রী জ্যোতির্ময় কর / PP-482-484
—শ্রী ঈদ মহম্মদ / P-484
—শ্রী ঈদ মহম্মদ / P-484
—শ্রী ঈদ মহম্মদ / P-484
—শ্রী খগেন মুর্মু / P-485
—শ্রী খগেন মুর্মু / P-485
—শ্রী উপেন কিস্কু / PP-485-486
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-486-487
—শ্রী কাশীনাথ মিশ্র / P-488
—শ্রী রামেশ্বর দোলই / PP-488-489
—শ্রী রামেশ্বর দোলই / P-489
—শ্রী বাসুদেব খাঁ / P-490
—শ্রী বাসুদেব খাঁ / P-490
—শ্রী উপেন কিস্কু / PP-490-491
—শ্রী উপেন কিস্কু / P-491
—শ্রী উপেন কিস্কু / PP-491-492

—শ্রী উপেন বিশ্বু / P-492
—শ্রী উপেন বিশ্বু / P-492
—ডাঃ সূর্য্যকান্ত মিশ্র / PP-492-493
—শ্রী কাশীনাথ মিশ্র / P-493
—শ্রী কাশীনাথ মিশ্র / PP-493-494
—শ্রী নরেশচন্দ্র চাকী / P-494
—শ্রী নরেশচন্দ্র চাকী / P-495
—শ্রী নরেশচন্দ্র চাকী / P-495
—শ্রী নরেশচন্দ্র চাকী / P-495
—শ্রী নরেশচন্দ্র চাকী / PP-495-496
—শ্রী নরেশচন্দ্র চাকী / P-496
—শ্রী জ্যোতির্ময় কর / PP-496-497
—শ্রী জ্যোতির্ময় কর / PP-497-498
—শ্রীমতী জাহানারা খান / PP-498-499
—শ্রী নাজমুল হক / PP-499-500
—শ্রী নাজমুল হক / P-500
—শ্রী অপূর্ব সরকার / P-500
—শ্রী বাসুদেব খাঁ / PP-500-501
—শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা / P-501
—শ্রী অসিত মিত্র / P-501
—শ্রী তোয়াব আলী / P-502
—শ্রী তোয়াব আলী / P-502
—শ্রী তোয়াব আলী / P-502
—শ্রী সুনীলকুমার মণ্ডল / PP-502-503
—শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী / P-503
—শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী / PP-503-504
—শ্রী হীরেন্দ্রনাথ মাহাত / P-504

—শ্রী শেখ আমজাদ হোসেন / P-504
—শ্রী খগেন মুর্মু / P-505
—শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী / PP-505-506
—শ্রী রামেশ্বর দোলই / P-507
—শ্রী অজিত ভূঞ্যা / PP-507-508
—শ্রীমতী প্রতিমা রজক / P-508
—Shri Humayun Kabir / P-508
—শ্রী হুমায়ুন কবীর / P-509
—শ্রীমতী ফিরোজা বেগম / P-509
—শ্রীমতী ফিরোজা বেগম / PP-509-510
—শ্রী উমাপদ বাউড়ি / P-510
—শ্রী উমাপদ বাউড়ি / P-510
—শ্রী আব্দুর রহিম বক্সী / PP-510-511
—শ্রী আব্দুর রহিম বক্সী / PP-511-513
—Shri Joseph Munda / PP-513-515
—শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা / P-515
—Shri Manturam Pakhira / PP-515-516
—শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী / PP-516-517
—শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী / P-517
—শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী / PP-517-518
—শ্রী সুশীলচন্দ্র রায় / P-518
—শ্রী ভূপেন্দ্রনাথ হালদার / P-518
—শ্রী সফিউজ্জামান / P-519
—শ্রী নর্মদাচন্দ্র রায় / P-520
—শ্রী নর্মদাচন্দ্র রায় / PP-520-521
—শ্রী নেপাল মাহাত / PP-521-522
—শ্রী নেপাল মাহাত / P-522

—শ্রী নেপাল মাহাত / PP-522-523

—শ্রী নেপাল মাহাত / P-523

—শ্রী অশোক ঘোষ / PP-523-524

—শ্রী শাহাজাহান চৌধুরী / P-524

—শ্রী অজয় দে / P-524

NOTICE OF CALLING ATTENTION

—by Mr. Speaker / P-525

LAYING OF REPORT

The Annual Report Containing Annual Accounts and Audit Report thereon, of the West Bengal Housing Infrastructure Development Corporation Limited for the year 2009-2010

—by Shri Partha Chatterjee / P-525

LEGISLATION

The West Bengal Appropriation (No.2) Bill, 2011

—by Dr. Amit Mitra / P-525, PP-545-549

—শ্রী উদয়ন গুহ / PP-525-527

—ডঃ অশীষ ব্যানার্জী / PP-527-529

—শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য / PP-529-531

—শ্রী ঈদ মহম্মদ / PP-531-533

—শ্রী অসিত মিত্র / PP-533-535

—শ্রী তাপস রায় / PP-535-537

—শ্রী আনিসুর রহমান / PP-537-545

The Kolkata Municipal Corporation (Amendment) Bill, 2011

—by Shri Firhad Hakim / P-550, PP-556-558, P-559

—শ্রী শোভন চ্যাটার্জী / PP-550-552

—শ্রী আনিসুর রহমান / PP-552-555, P-558

—শ্রী সুব্রত মুখার্জী / PP-555-556

The East Kolkata Wetlands (Conservation and Management) (Amendment) Bill, 2011

—Dr. Sudarshan Ghosh Dastidar / P-559, PP-565-567

—শ্রী শোভন চ্যাটার্জী / PP-559-561

—শ্রী কেশবচন্দ্র রায় / PP-561-562

—শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা / PP-562-565

Resolution Under Rule 169

—by শ্রী পার্থ চ্যাটার্জী / PP-565-568, PP-577-578

—শ্রী সুভাষ নস্কর / PP-568-569

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-569-570

—শ্রী বিশ্বনাথ কারক / PP-570-571

—শ্রী আনন্দময় মণ্ডল / P-571

—মহঃ সোহরাব / PP-571-572

—শ্রী আনিসুর রহমান / PP-572-573

—শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-573-577

LEGISLATION

The Gorkhaland Territorial Administration Bill, 2011

—by Partha Chatterejee / P-578, P-601

—ডাঃ সূর্য্যকান্ত মিশ্র / P-579, PP-590-595, PP-602-607

—শ্রী আনন্দময় মণ্ডল / PP-579-580

—শ্রী গৌতম দেব / PP-580-581

—শ্রী দশরথ তিরকী / PP-581-582

—Dr. Harka Bahadur Chhetri / PP-582-587

—শ্রী পরেশচন্দ্র অধিকারী / PP-587-589

—শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী / PP-589-590

—শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-5595-601

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-601-602, PP-603-605, PP-609-638
—শ্রী আনিসুর রহমান / P-608, P-617, P-628, P-631

Vote of Thanks

—by শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-640-641
—শ্রী পার্থ চ্যাটার্জী / P-642
—শ্রী মহম্মদ সোহরাব / PP-642-643
—শ্রী পরেশচন্দ্র অধিকারী / P-643
—Dr. Harka Bahadur Chhetri / PP-643-644
—শ্রী আনন্দময় মণ্ডল / P-644
—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / P-644
—ডেপুটি স্পীকার / PP-644-645
—মিঃ স্পীকার / P-645